বাংলাদেশের

আঞ্চলিক ভাষার অভিধান

স্বরবর্ণ অংশ

ও

ব্যঞ্জনবর্ণ অংশ

[ক—জৈ]

প্রসঙ্গ-কথা ও ভূমিকাসহ

প্রধান সম্পাদক

ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্

বাংলা একাডেমী : বর্ধমান হাউস : ঢাকা

বাংলাদেশের আদর্শ অভিধান
[প্রথম খণ্ড]

আঞ্চলিক ভাষার অভিধান
উপদেষ্টা উপসংঘ

সৈয়দ আলী আহসান	সভাপতি
ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্	সদস্য
ডক্টর মুহম্মদ এনামুল হক	,,
অধ্যাপক মুহম্মদ আবদুল হাই	,,
অধ্যাপক মুনীর চৌধুরী	,,
ডক্টর কাজী দীন মুহম্মদ	,,

মূল্য : 250.00 । টাকা মাত্র ।

বাংলা একাডেমীর প্রকাশন-মুদ্রণ-বিক্রয় পরিদপ্তরের পরিচালক ফজলে রাব্বি কর্তৃক প্রকাশিত
এবং ইনসটিটিউট অব গ্রাফিক আর্টস, সাতমসজিদ রোড,
ঢাকা (বাংলাদেশ) থেকে অফসেট মেশিনে মুদ্রিত ।

বাএ. ৪৫৬

দ্বিতীয় মুদ্রণ

পৌষ | ১৩৮০, ডিসেম্বর | ১৯৭৩

প্রথম প্রকাশ : ১৩৭২ : ১৯৬৫

BANGLADESHER ANCHALIK BHASHAR ABHIDHAN
(A Lexicon of Bangladeshi Dialects)

Published by Bangla Academy, Dacca, Bangladesh. Ta.. 250
First Print : 1965. Second Print : 1973.

প্রসঙ্গ-কথা

বাংলা একাডেমী থেকে বিগত একটি দশকে যতগুলো গ্রন্থ প্রকাশ করা হয়েছে তার মধ্যে তিনখণ্ডে সমাপ্ত আঞ্চলিক ভাষার অভিধান বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রাচ্যজগতের একজন বিশিষ্ট পণ্ডিত ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ সম্পাদিত এই গ্রন্থ দেশে ও বিদেশে বাংলা একাডেমীর গৌরব বৃদ্ধি করেছে। এই গ্রন্থে বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে সংগৃহীত আঞ্চলিক শব্দের সংযোজন ও সেই সব শব্দের যথাসম্ভব ব্যুৎপত্তি নির্ণয় করা হয়েছে। কাজটি যে সহজসাধ্য নয় তা বিশ্লেষণের অপেক্ষা রাখে না। ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র ন্যায় পণ্ডিত ও ভাষাবিজ্ঞানী এবং সংশ্লিষ্ট আরো কয়েকজন পণ্ডিতব্যক্তির সমবেত প্রচেষ্টায় ও নিষ্ঠায় এই বৃহৎ কলেবর গ্রন্থ সম্পাদন সম্ভব হয়েছে। ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ এবং উপদেষ্টা হিসেবে অপর বিশেষজ্ঞদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যক্ষদ্বয় মুহম্মদ আবদুল হাই এবং মুনীর চৌধুরী আজ আর আমাদের মধ্যে নেই। আঞ্চলিক ভাষার অভিধান গ্রন্থে সম্পাদক ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ ও অপর পণ্ডিতদের স্মৃতি অমর হয়ে থাকবে।

এই গ্রন্থে যে ত্রুটি-বিচ্যুতি নেই একথা বলা যাবে না। এরূপ একটি বিশাল কাজ সম্পূর্ণ নির্ভুলভাবে সম্পন্ন করা এক দুরূহ কর্ম। পরবর্তী পদক্ষেপে বাংলাদেশের সমগ্র অঞ্চল থেকে আরো ব্যাপকভাবে শব্দ সংগ্রহের এবং সংগৃহীত শব্দের সম্পাদনার পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। বস্তুতঃ তেমন একটি পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। দেশ স্বাধীন হবার পর এই জাতীয় একটি পরিকল্পনার বাস্তবায়ন শুধু কাম্য নয়, অপরিহার্য হয়ে উঠেছে। কিন্তু বিগত বৎসরাধিককাল থেকে গ্রন্থটির চাহিদা এত বৃদ্ধি পেয়েছে যে, এর দ্বিতীয় সংস্করণের জন্য অপেক্ষা না করে দ্বিতীয় মুদ্রণ প্রকাশ করা ছাড়া কোন গত্যন্তর ছিল না। প্রথম সংস্করণ বেশ স্বল্প সময়ের মধ্যেই নিঃশেষ হয়েছে। দ্বিতীয় মুদ্রণে কোনরূপ পরিবর্তন বা ভ্রম-সংশোধন করা সম্ভব হ'ল না, কেননা সময় ও চাহিদার দিকে লক্ষ্য রেখে অফসেট মেসিনে ছাপতে হয়েছে।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশিষ্ট ভাষাবিদ ডক্টর সুনীতি কুমার চট্টোপাধ্যায় এই গ্রন্থের আদ্যন্ত পাঠ করে যে মন্তব্য প্রদান করেছেন তা নানাদিক থেকে প্রণিধানযোগ্য। বর্তমান বছরের গোড়ার দিকে তাঁর সাথে আমার দেখা হলে তিনি আলাপ প্রসঙ্গে এই গ্রন্থের ভূয়সী প্রশংসা করেছিলেন এবং এই গ্রন্থের একটি ইংরেজী সংস্করণ প্রকাশের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছিলেন। আমি তাঁকে জানিয়েছিলাম যে, এই কাজ আমরা যথাসময়েই আরম্ভ করেছি এবং কাজটি সন্তোষজনকভাবে এগিয়ে যাচ্ছে। আমাদের বৃহত্তর পরিকল্পনার এ একটি অংশ। আমাদের এই পরিকল্পনার বাস্তবায়নে দেশের সবার এবং বাংলা ভাষাভাষী সকল পণ্ডিতব্যক্তির সাহায্য ও সহানুভূতি আমাদের একান্ত কাম্য।

মযহারুল ইসলাম
মহাপরিচালক
বাংলা একাডেমী : ঢাকা

প্রথম সংস্করণের

প্রসঙ্গ-কথা

যে কোনও জীবন্ত ভাষা পরিবর্তনশীল। অনবরত গ্রহণবর্জনের মাধ্যমে ইহা অগ্রসর হয়। ইহার ফলে শুধু ভাষার শব্দরূপেরই পরিবর্তন ঘটে না, বরং শব্দার্থ ও প্রয়োগের ক্ষেত্রেও যথেষ্ট ব্যতিক্রম দেখা দেয়। এই সর্বাঙ্গীন পরিবর্তন কোন বিশেষ ভাষারীতিতে সীমাবদ্ধ নহে। সাহিত্য-রীতিতে যে পরিবর্তন দেখা দেয়, তাহা যে কোনও সাহিত্যের সৃষ্টি-সম্ভার পর্যায়ক্রমে বিশ্লেষণ করিলেই বুঝিতে পারা যায়। চির প্রবহমান আঞ্চলিক রীতিতে এই পরিবর্তন আরও ব্যাপক। এই কারণে বিভিন্ন সময়ে এই পরিবর্তনের প্রকৃতি বিচার করিয়া ভাষার বৈশিষ্ট্য নিরূপণের প্রয়োজন রহিয়াছে। অভিধান সংকলনের দ্বারা এই প্রয়োজন আংশিক ভাবে পূরণ হইয়া থাকে।

বাংলা ভাষায় অভিধান সংকলনের ইতিহাস খুব বেশী দিনের নহে। ১৭৪৩ খৃষ্টাব্দে ম্যানুয়েল-দা-আস্‌সুম্পসাঁও সংকলিত পোর্তুগীজ-বাংলা অভিধান রোমান হরফে মুদ্রিত হয়। বাংলা হরফে সর্বপ্রথম মুদ্রিত হয় ফর্স্টার সাহেবের ইংরেজী-বাংলা অভিধান ১৭৯৯ খৃষ্টাব্দে। পরবর্তী কালে বিভিন্ন প্রকৃতির এবং পরিসরের বহু অভিধান সংকলিত হইয়াছে। কিন্তু প্রথম দিকের বিদেশী পণ্ডিতদের দ্বারা সংকলিত অভিধানে এবং তাঁহাদের অন্যান্য রচনায় আঞ্চলিক শব্দ ও বাক্‌রীতি ব্যবহারের যে আদর্শ বিদ্যমান, পরবর্তী কালে তাহা রক্ষিত হয় নাই। অভিধান সংকলনের সময় আঞ্চলিক শব্দসম্পদকে অসাধু বলিয়া পরিত্যাগ করা হইয়াছে। এই জন্যই দেখা যায়, অভিধান সংকলয়িতাগণ একদিকে যেমন নির্বিকার চিত্তে অপ্রচলিত সংস্কৃত শব্দ গ্রহণ করিয়াছেন, অন্যদিকে তেমনি সাহিত্যে অনুপ্রবিষ্ট বহু আঞ্চলিক শব্দকে নির্বিচারে বাদ দিয়াছেন। একই কারণে সর্বজনবোধ্য আরবী-ফারসী শব্দও পরিত্যক্ত হইয়াছে। ইহার কারণ প্রথমতঃ ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে সাহিত্য সৃষ্টিতে পণ্ডিতী-বাংলা ব্যবহারের ব্যাপক প্রচেষ্টা এবং দ্বিতীয়তঃ বাংলা অভিধানকে সংস্কৃতের জন্যও ব্যবহার করিবার প্রয়াস। কলিকাতার ফোর্ট উইলিয়ম কলেজ হইতেই ইহার সূত্রপাত।

সম্ভবতঃ এই কারণেই বাংলা ভাষায় সাহিত্য-রীতির সহস্রাধিক বৎসরের নিদর্শন বিদ্যমান থাকিলেও সেই তুলনায় আঞ্চলিক রীতির লিখিতরূপ অতি নগণ্য। ভাষাতাত্ত্বিক প্রয়োজনে সংগৃহীত শব্দ এবং সাহিত্যে ব্যবহৃত সামান্য বাক্‌রীতি ব্যতীত অন্য কোন ব্যাপক নিয়মে আঞ্চলিক ভাষারূপ সংরক্ষণের ব্যবস্থা হয় নাই।

তদুপরি বাংলা ভাষার সাহিত্য-রীতিতে একটি বিশেষ অঞ্চলের প্রভাব থাকায় অন্যান্য অঞ্চলের ভাষা দীর্ঘ কাল উপেক্ষিত হইয়া আসিয়াছে। পুথিসাহিত্য, পল্লীগীতিকা এবং নাটকাদিতে ইহার আত্ম প্রকাশ ঘটিলেও এবং কোনও কোনও সহৃদয় ব্যক্তি ইহার শব্দসংগ্রহ প্রকাশের চেষ্টা করিলেও আঞ্চলিক ভাষা-রীতি—বিশেষ করিয়া পূর্ববাংলা তথা পূর্ব পাকিস্তানের আঞ্চলিক রীতি সাহিত্যিক সমাজের দৃষ্টি আকর্ষণ করিতে পারে নাই।

পূর্ব পাকিস্তান ও পশ্চিম বঙ্গের মধ্যে আঞ্চলিক ভাষাগত ব্যবধান সুস্পষ্ট। তদুপরি পূর্ব পাকিস্তানে আঞ্চলিক ভাষারূপের বিভিন্নতা যেরূপ প্রত্যক্ষ, পশ্চিম বঙ্গে তদ্রূপ নহে। সেখানে শিক্ষিত সমাজে প্রধানতঃ কলিকাতা ও তৎসন্নিহিত অঞ্চলের ভাষাই প্রাধান্য লাভ করিয়াছে। অথচ পূর্বপাকিস্তানে বিশেষ কোন অঞ্চলের ভাষা সর্বত্র গৃহীত না হওয়ায় শ্রীহট্ট, চট্টগ্রাম, নোয়াখালী, ঢাকা প্রভৃতি অঞ্চলের ভাষা শিক্ষিতসমাজেও কথ্য হিসাবে প্রচলিত রহিয়াছে। সেইজন্য এই সকল আপাতবিভিন্ন ভাষারূপের প্রকৃতি নিরূপণ ও প্রগতি বিশ্লেষণ করা আবশ্যক।

অন্যদিকে একান্ত স্বাভাবিক কারণে আজ পূর্ব পাকিস্তানের সাহিত্য সৃষ্টিতে স্থানীয় ভাষাসম্পদ ব্যবহারের প্রয়োজন তীব্র ভাবে অনুভূত হইতেছে। এই অনিবার্য চাহিদা পূরণের সহায়ক হিসাবেও বিভিন্ন অঞ্চলের শব্দ-সংগ্রহ প্রকাশ করিবার প্রয়োজনীয়তা অস্বীকার করা যায়না; যাহাতে অতি সহজেই এক অঞ্চলের সাহিত্যিক অন্য অঞ্চলের শব্দ সম্পর্কে অবহিত হইতে পারেন এবং প্রয়োজন বোধে উহা ব্যবহার করিতে সক্ষম হন। সময়সাপেক্ষ হইলেও পরস্পরের এইরূপ ব্যবহারের ফলে সর্বাঞ্চলবোধ্য একটি ভাষারীতি গড়িয়া উঠা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

ভাষাতাত্ত্বিক প্রয়োজনেও আঞ্চলিক শব্দ-সংগ্রহ তথা অভিধান প্রকাশের যৌক্তিকতা অস্বীকার করা যায় না। পূর্ব পাকিস্তানের বিভিন্ন অঞ্চলের শব্দসম্পদ বিশ্লেষণ করিলে দেখা যায়, বহু বিদেশী শব্দ ইহাতে বিদ্যমান। সাহিত্যে ব্যবহৃত আরবী-ফারসী তথা অন্যান্য বিদেশী শব্দ অপেক্ষা আঞ্চলিক ভাষায় ব্যবহৃত বিদেশী শব্দগুলি নানা কারণে ভাষাতাত্ত্বিক ও নৃতাত্ত্বিক গবেষণার ক্ষেত্রে অধিকতর মনোযোগ আকর্ষণের দাবী করিতে পারে।

এই সকল প্রয়োজনের প্রতি লক্ষ্য রাখিয়াই বাঙলা একাডেমী আঞ্চলিক ভাষার অভিধান সংকলনে ব্রতী হয়। একাডেমীর এই প্রচেষ্টা 'পূর্বপাকিস্তানী বাংলার আদর্শ অভিধান' পরিকল্পনার অংশ বিশেষ। আযাদী লাভের পর হইতেই পূর্ব পাকিস্তানের বাংলা ভাষাভাষীদের মধ্যে একটি আদর্শ বাংলা অভিধানের যে চাহিদা পরিলক্ষিত হয়, তদনুসারেই বাঙলা একাডেমী এই পরিকল্পনা গ্রহণ করে। এই সুবৃহৎ পরিকল্পনা অনুযায়ী অভিধানটি তিন খণ্ডে সমাপ্ত হইবে।

প্রথম খণ্ড: আঞ্চলিক ভাষার অভিধান। ইহাতে পূর্ব পাকিস্তানের বিভিন্ন অঞ্চলে ব্যবহৃত শব্দ সংগৃহীত হইবে।

দ্বিতীয় খণ্ড: ব্যবহারিক বাংলা অভিধান। ইহাতে বাংলা সাহিত্যে বিশেষ করিয়া পূর্ব পাকিস্তানী সাহিত্যে ব্যবহৃত শব্দাবলী সংকলিত হইবে।

তৃতীয় খণ্ড: বাংলা সাহিত্যেকোষ। ইহাতে বাংলা সাহিত্যে ব্যবহৃত বিশেষার্থক শব্দ, প্রবাদ-প্রবচন, উপমা, রূপক, উল্লেখ ও উদ্ধৃতি এবং মুসলমান সাহিত্য-সাধকদের সংক্ষিপ্ত জীবনী স্থান পাইবে।

॥ শব্দ সংগ্রহ ॥

আঞ্চলিক ভাষার অভিধানের কাজ ১৯৫৮ সনের প্রথম দিকে আরম্ভ হয়। শব্দ সংগ্রহের জন্য ইংরেজী ফরম সহ একটি আবেদন পত্র সাইক্লোষ্টাইলে মুদ্রিত করা হয়। ফরমটি নিম্নরূপ:

Sl. No.	Word	Meaning of the word.	Locality of the Dist. where it is used.	Use with local implication i.e. examples, showing the uses of the word in the locality	Different phonetic representations with name and locality i. e. different pronunciation of the word according to spelling.	Derivation if possible	Special remarks if any, about the word.
1	2	3	4	5	6	7	8

এই সকল আবেদনপত্র বিভিন্ন সংগ্রাহকের নিকট বিলি করিবার জন্য নিম্নলিখিত প্রতিষ্ঠান গুলিতে প্রেরণ করা হয়:—

(ক) ঢাকা, রাজশাহী ও করাচী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার এবং বাংলা বিভাগের অধ্যক্ষ।
(খ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগীয় অধ্যক্ষ।
(গ) প্রদেশের বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও অধ্যাপক।
(ঘ) বিভিন্ন হাই স্কুলের প্রধান শিক্ষক বা শিক্ষয়িত্রী।
(ঙ) বিভিন্ন সাময়িক পত্রিকার সম্পাদক।
(চ) বিভিন্ন ক্লাব ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান।

আবেদনপত্রগুলি বিলি করিবার পর মোট ছিয়ানব্বই জন সংগ্রাহক প্রায় একুশ হাজার শব্দ পাঠান। সংগ্রাহকদের নিকট হইতে আশানুরূপ সাড়া না পাওয়ায় বিভিন্ন ইংরেজী ও বাংলা সংবাদপত্র মারফত সর্ব সাধারণের নিকট আঞ্চলিক শব্দ পাঠাইবার আবেদন জানানো হয়। বিভিন্ন ব্যক্তির অনুরোধক্রমে তাহাদের নিকট স্বতন্ত্র আবেদনপত্রও প্রেরণ করা হয়।

সংবাদ পত্র মারফত আবেদন জানাইবার পর সংগ্রাহকদের নিকট হইতে বিপুল সাড়া পাওয়া যায়। ৪৫৩ জন সংগ্রাহক তিন বৎসরে ৭৫১ কিস্তিতে মোট ১,৬৬,২৪৬টি আঞ্চলিক শব্দ পাঠান। সংগ্রহের

পারিশ্রমিক বাবদ মোট ২২, ৬৮৬ টাকা বিভিন্ন সংগ্রাহককে দেওয়া হয়। জীবিকা অনুসারে সংগ্রাহকদের কে এই ভাবে সাজানো যাইতে পারে :—

(ক) মোট সংগ্রাহক সংখ্যার অর্ধাংশ : অধ্যাপক ওশিক্ষক।
(খ) ,, ,, ,, এক চতুর্থাংশ : ছাত্র।
(গ) ,, ,, ,, ,, : বিভিন্ন কর্মজীবী।

বাসস্থান অনুসারে সংগ্রাহকদের সংখ্যা নিম্নরূপ —

ঢাকা	১১৪	জন	রংপুর	১৭	জন
রাজশাহী	৪২	,,	যশোহর	১৩	,,
ময়মনসিংহ	৪১	,,	বাখেরগঞ্জ	১২	,,
কুমিল্লা	৪০	,,	বগুড়া	৯	,,
খুলনা	৩৯	,,	কুষ্টিয়া	৮	,,
পাবনা	৩১	,,	দিনাজপুর	৬	,,
সিলেট	৩০	,,	নোয়াখালী	৫	,,
চট্টগ্রাম	২৪	,,	পার্বত্য চট্টগ্রাম	১	,,
ফরিদপুর	২০	,,	করাচী	১	,,
			মোট	৪৫৩	জন

পূর্ব পাকিস্তানের সকল জেলা হইতেই আঞ্চলিক শব্দ সংগৃহীত হইয়াছে। অবশ্য সংগ্রাহকদের ঠিকানা ও পেশা বিচার করিলে দেখা যায় যে, ঢাকা শহরে অবস্থানকারী সংগ্রাহকরা বিভিন্ন জেলার শব্দ সংগ্রহ করিয়া পাঠাইয়াছেন। ঢাকা শহরেব বাহির হইতে আগত শব্দাবলীর সংগ্রাহক কোন কোন জেলায় তিন-চাবিজন মাত্র। শব্দ সংগ্রহের ক্ষেত্রে বিধিনিষেধের সুস্পষ্ট উল্লেখ না থাকায় ঢাকা শহর হইতে একই সংগ্রাহক বিভিন্ন জেলার শব্দও পাঠাইয়াছেন। ইহার ফলে সংগ্রাহকদের অজ্ঞাতসারে শব্দের যথাযথ অর্থ ও বানানের ত্রুটি ঘটিয়াছে। তদুপরি অধিকাংশ সংগ্রাহকই ধ্বনিতত্ত্ব সম্পর্কে অনভিজ্ঞ এবং শব্দের যথাযথ উচ্চারণ লিপিবদ্ধ করিবার ক্ষেত্রে ধ্বনিবৈশিষ্ট্য রক্ষা করিতে সক্ষম হন নাই। এই কারণে বিভিন্ন অঞ্চলের ধ্বনিবৈশিষ্ট্য সংগৃহীত শব্দাবলীর মধ্যে ধরা পড়ে নাই।

ইহার ফলে সংগৃহীত শব্দ সমূহের যথাযথ উচ্চারণ ও বানান নির্ধারণের জন্য বিভিন্ন জেলার অধিবাসীদের নিকট হইতে সাহায্য গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দেয়। উক্ত উদ্দেশ্যে ঢাকা প্রবাসী প্রতিজেলার কয়েকজন লোক নিয়া ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ সাহেবের সভাপতিত্বে সতেরোটি আলোচনা সভার ব্যবস্থা করা হয়। এই প্রকার আলোচনার মাধ্যমে বিভিন্ন জেলার ধ্বনিবৈশিষ্ট্য তথা ধ্বনিমূল এবং উহার ব্যতিক্রম সমূহ নিরূপিত হওয়ায় সংগৃহীত আঞ্চলিক শব্দাবলীর সঠিক সংশোধন কার্য ত্বরান্বিত হয়। সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বিত না হইলেও ইহার সাহায্যে শব্দের ধ্বনিলিপিও নির্ধারিত হইয়াছে।

তথাপি নিম্নলিখিত কারণে বহু সংগৃহীত শব্দ বাদ দিতে হইয়াছে :—

(ক) সাহিত্যে বহুল ব্যবহৃত এবং প্রচলিত বাংলা অভিধানের অন্তর্ভুক্ত অনেক শব্দ সংগ্রাহকগণ পাঠাইয়াছেন।

(খ) অনেকে আঞ্চলিক শব্দের অর্থ যথাযথ লিখিতে পারেন নাই। প্রয়োগের সঙ্গে সংগ্রাহক প্রদত্ত অর্থের বৈষম্যও অনেক ক্ষেত্রে দেখা গিয়াছে।

(গ) বহুল প্রচলিত অনেক আঞ্চলিক শব্দই সংগ্রাহকগণ প্রচুর পরিমানে পাঠাইয়াছেন। কোন কোন ক্ষেত্রে একই অর্থে ব্যবহৃত একটি বিশেষ শব্দ পঞ্চাশ জন সংগ্রাহকের দ্বারাও প্রেরিত হইয়াছে।

(ঘ) দুই একজন সংগ্রাহক হয়ত নিজেরাই শব্দ তৈরী করিয়া আঞ্চলিক শব্দ বলিয়া চালাইয়া দিতে চেষ্টা করিয়াছেন।

(ঙ) একই শব্দসমষ্টি বিভিন্ন নামেও প্রেরিত হইয়াছে।

(চ) কোন কোন সংগ্রাহকের হস্তাক্ষর খুবই অস্পষ্ট ও দুর্বোধ্য ছিল।

এইভাবে সংগৃহীত শব্দাবলীর সংশোধন ও বিচার বিবেচনার পর অভিধানে গ্রহণযোগ্য শব্দের সংখ্যা দাঁড়ায় প্রায় পঁচাত্তর হাজার।

॥ সংকলন ॥

আঞ্চলিক শব্দসমূহ সংগ্রহ ও সংশোধনের পর ১৯৬০ সনের ডিসেম্বর হইতে সংকলনের কার্য আরম্ভ হয়। উক্ত কার্য যাহাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায় তজ্জন্য প্রয়োজনীয় বিধিনিষেধ স্থির করিবার উদ্দেশ্যে নিম্নলিখিত বিশেষজ্ঞদিগকে উপদেষ্টা হিসাবে গ্রহণ করা হয় :

(ক) ডক্টর মুহম্মদ এনামুল হক, এম-এ, পি-এইচ-ডি, অধ্যক্ষ, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় রাজশাহী।

(খ) জনাব মুহম্মদ আবদুল হাই, এম-এ (লণ্ডন) অধ্যক্ষ, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(গ) জনাব মুনীর চৌধুরী, এম-এ (হার্ভার্ড), অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা।

(ঘ) ডক্টর কাজী দীন মুহম্মদ, এম-এ, পি-এইচ-ডি, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

উক্ত উপদেষ্টা উপসঙ্ঘ ইংরেজী ১৯৬০ ও ১৯৬১ সনের বিভিন্ন তারিখে অনুষ্ঠিত উপসঙ্ঘের অধিবেশনে প্রাসঙ্গিক বিষয়াদি সম্পর্কে সুচিন্তিত মতামত প্রদান করেন। তাঁহাদের নির্দেশানুসারেই অভিধানটির সংকলন ও সম্পাদনা কার্য শেষ করা হয়।

ধ্বনি :

ধ্বনিবৈশিষ্ট্য নিরূপণের জন্য অনুষ্ঠিত সতেরোটি আলোচনা সভায় নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হয় :

(ক) ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, ফরিদপুর, বাখেরগঞ্জ, রংপুর, পাবনা ও সিলেট ছাড়া সর্বত্র চন্দ্রবিন্দু রক্ষিত।

(খ) চট্টগ্রামে শুধু শব্দের আদিতে ঘোষমহাপ্রাণ ধ্বনি রক্ষিত। রাজশাহী, যশোহর, খুলনা, বগুড়া ও দিনাজপুরে শব্দের অন্ত ব্যতীত সর্বত্র মহাপ্রাণ ধ্বনি রক্ষিত।

(গ) ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, সিলেট ও বাখেরগঞ্জে 'ড়' ধ্বনি 'র' রূপে উচ্চারিত হয়। অন্যান্য অঞ্চলে 'ড়' ধ্বনি রক্ষিত।

(ঘ) রাজশাহী, রংপুর ও দিনাজপুরে 'চ' বর্গের মূল ধ্বনি রক্ষিত।

(ঙ) অন্যান্য জেলায় 'চ' বর্গের ধ্বনি পরিবর্তিত। এই পরিবর্তিত ধ্বনির জন্য 'চ' এর স্থলে 'চ'', 'ছ' এর স্থলে 'স', 'জ' এর স্থলে 'য' এবং 'ঝ' এর স্থলে 'ঝ'' ব্যবহার করা হইয়াছে।

(চ) 'ঈ', 'ঊ', 'ঋ', 'ৎ', 'ঃ', 'ণ', 'ষ', প্রভৃতি বর্ণ বাদ দেওয়া হইয়াছে। 'ষ' ও, 'স' এর স্থলে সর্বত্র 'শ' ব্যবহৃত হইয়াছে। শুধু 'ত' বর্গের পূর্বে ব্যবহৃত 'স' ধ্বনি রক্ষিত এবং 'ৎ' এর স্থলে 'ত' ব্যবহার করা হইয়াছে।

(ছ) ইংরেজী 'a' ধ্বনির সমতুল্য একটি 'এ্যা' ধ্বনি-প্রতীক গ্রহণ করা হইয়াছে।

বর্ণানুক্রম :

(ক) শব্দের ক্রমবিন্যাসের ক্ষেত্রে প্রচলিত অভিধানসমূহে বিধৃত নীতি অনুসরণ না করিয়া আঞ্চলিক শব্দের উচ্চারণ অনুযায়ী প্রথমে আকারাদি এবং পরে হসন্ত বা ব্যঞ্জনাদি বিন্যস্ত করা হইয়াছে। ইহাতে এই অভিধানে অনুসৃত বর্ণানুক্রম নিম্নরূপ দাঁড়াইয়াছে।

অ, আ, ই, উ, এ, এ্যা, ঐ, ও, ঔ, ং, ঁ, ক, খ, গ, ঘ, চ, চ' ছ, জ, য, ঝ, ঝ' ট, ঠ, ড, ড়, ঢ, ঢ়, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, র, ল, শ, স, হ।

শব্দের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ পর্যন্ত এই বর্ণানুক্রম অনুসৃত হইয়াছে।

(খ) শব্দের আদি, মধ্য এবং অন্তে কোথাও কোথাও 'অ-কার ধ্বনি ও-কার রূপে উচ্চারিত হইয়া থাকে, তাহা চিহ্নিত হইয়াছে।

(গ) ইহা ছাড়া সর্বত্র ব্যঞ্জন বর্ণের জন্য হসচিহ্ন ব্যবহার করা হইয়াছে।

বানান :

(ক) আঞ্চলিক শব্দ ও প্রয়োগে ধ্বনিভিত্তিক বানান দেওয়া হইয়াছে। ইহা ছাড়া সর্বত্র প্রচলিত বানান সহ সাধুভাষা ব্যবহার করা হইয়াছে।

(খ) শব্দ ও প্রয়োগের বানানে যুক্তাক্ষর ভাঙিয়া দিয়া প্রয়োজনীয় ক্ষেত্রে হস্ চিহ্ন ব্যবহার করা হইয়াছে।

(গ) 'অই' এবং 'অউ' দ্বৈতস্বরদ্বয়ের স্থলে যথাক্রমে ঐ এবং ঔ লিখা হইয়াছে ; যথা কই=কৈ, বউ=বৌ ইত্যাদি।

শব্দ :

(ক) প্রতিটি শব্দের সঙ্গেই সংশ্লিষ্ট অঞ্চল বা জেলা-সংকেত দেওয়া হইয়াছে।

(খ) বিভিন্ন জেলার ব্যবহৃত সমার্থক শব্দের সঙ্গে সংশ্লিষ্ট জেলা-সংকেত ব্যবহার করা হইয়াছে।

(গ) অন্যদিকে একাধিক অর্থবিশিষ্ট শব্দকে অর্থানুক্রমে ১, ২, ৩ ইত্যাদি সংখ্যা দ্বারা সংশ্লিষ্ট জেলা-সংকেত সহ পৃথকভাবে সন্নিবেশিত করা হইয়াছে।

(ঘ) ব্যুৎপত্তিভেদেও সমুচ্চারিত শব্দকে ১, ২ ইত্যাদি সংখ্যা দ্বারা পৃথক করা হইয়াছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষা-অঞ্চল চিহ্নিতকরণ নানা কারণে সম্ভব হয় নাই বলিয়া প্রচলিত জেলাভিত্তিক অঞ্চলকেই Unit বা একক হিসাবে মানিয়া লওয়া হইয়াছে এবং তদনুসারে সংগৃহীত শব্দাবলী বিন্যস্ত করা হইয়াছে।

অর্থ :

সর্বত্র সংগ্রাহক প্রদত্ত অর্থই দেওয়া হইয়াছে। অর্থকে সুবোধ্য করিবার জন্য প্রয়োজনীয় প্রয়োগ ও টীকাটিপ্পনী ব্যবহার করা হইয়াছে।

আঞ্চলিক ভাষার অভিধান সংকলন এবং প্রকাশন সময় ও শ্রমসাপেক্ষ। তদুপরি একাডেমীর নিজস্ব মুদ্রণালয় না থাকায় প্রকাশনার ক্ষেত্রে দীর্ঘ সময় লাগিয়াছে। একই কারণে প্রয়োজনীয় সতর্কতা সত্বেও অভিধানটিতে কিছু ভুলভ্রান্তি রহিয়া গিয়াছে। অনিবার্য কারণ বশতঃ সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে সংকলিত না হইলেও প্রাথমিক প্রচেষ্টা হিসাবে অভিধানটি সুধী সমাজের নিকট সমাদৃত হইবে বলিয়া আশা করি।

ঢাকা
২০শে মে, ১৯৬৪।

সৈয়দ আলী আহসান
পরিচালক : বাঙলা একাডেমী

(২)

কিছুকাল পূর্বে আঞ্চলিক ভাষার অভিধানের স্বরবর্ণের অংশ-বিশেষ নমুনা হিসাবে প্রকাশ করা হইয়াছিল। প্রকাশিত অংশটি দেশ ও বিদেশের অনেক ভাষাবিদ্ ও পণ্ডিত ব্যক্তির নিকট প্রেরিত হয়। তাঁহাদের সকলেই আমাদের পরিকল্পনাটির গুরুত্ব এবং প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক প্রকাশিত অংশটির অকুণ্ঠ প্রশংসা করিয়া পত্রাদি পাঠাইয়াছেন। বর্তমানে পূর্ব প্রকাশিত অংশটিসহ স্বরবর্ণের সংকলনকে আঞ্চলিক ভাষার অভিধানের স্বরবর্ণ অংশ হিসাবে প্রকাশ করা হইল।

আঞ্চলিক ভাষার অভিধানখানি নির্মাণ ও পরিকল্পনার পশ্চাতে অনেকেরই দান আছে। উপদেষ্টা উপসংঘের সদস্যগণের মূল্যবান পরামর্শ আমরা সর্বদাই লাভ করিয়াছি।

বিভাগীয় দায়িত্ব হিসাবে একাডেমীর যে সমস্ত কর্মচারী আঞ্চলিক ভাষার এই অভিধানের শব্দ সংগ্রহ হইতে উহার নির্বাচন, সংশোধন ও সম্পাদনা এবং মুদ্রণের যাবতীয় কাজের দায়িত্ব পালন করিয়াছেন তাঁহাদের সকলের নামের উল্লেখ সম্ভব না হইলেও তাঁহাদের একনিষ্ঠ দায়িত্ববোধ এবং নিরলস পরিশ্রমই যে একাডেমীর এই অভিনব এবং বিরাট পরিকল্পনাকে বাস্তব করিয়া তুলিয়াছে, এ কথা আমাদের স্মরণ

রাখিতে হইবে। অশীতিবর্ষ যখন অতিক্রান্তপ্রায় তখনও শ্রদ্ধেয় ভাষাবিদ্ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ প্রধান সম্পাদক হিসাবে উহার সম্পাদনার গুরুদায়িত্ব গ্রহণে কোন দ্বিধা দেখান নাই। মুদ্রণের পর্যায়ে সহকারী সম্পাদক গোলাম সামদানী কোরায়শীর প্রায় এককভাবে প্রুফ সংশোধন অভিধানের মুদ্রণপ্রমাদের পরিমাণকে যথাসম্ভব হ্রাস করিয়াছে। সংকলন অধ্যক্ষ এ. কে. এম. হাবীবুল্লাহ্ খোন্দকার অভিধানের পরিকল্পনা ও শব্দ সংগ্রহের পর্যায় হইতে উহার বিভিন্ন কার্যের তদারক করিয়াছেন। প্রাক্তন সহকারী সম্পাদিকা রওশন আরা বেগম, গবেষণাধ্যক্ষ মোহাম্মদ আবদুল কাইয়ুম, সাংস্কৃতিক অধ্যক্ষ লুৎফুল হায়দার চৌধুরী ও সংকলন বিভাগের সহকারী অধ্যক্ষ মুহ: আবদুর রজ্জাক—ইঁহাদের সকলেই অভিধানের কোন না কোন পর্যায়ের সঙ্গে যুক্ত থাকিয়া উহার অগ্রগতিতে সাহায্য করিয়াছেন। স্বরবর্ণের 'অ হইতে আনদুর' পর্যন্ত অংশটি নমুনা হিসাবে প্রকাশিত হইয়াছিল পূর্ববর্তী প্রকাশনাধ্যক্ষ হাসান জামালের তত্ত্বাবধানে। তৎপরবর্তী অংশসহ বর্তমান অংশ প্রকাশের দায়িত্ব পালন করিয়াছেন একাডেমীর বর্তমান প্রকাশনাধ্যক্ষ ফজলে রাব্বি। আমাদের সমগ্র পরিকল্পনাটি যেমন একটা যৌথ প্রচেষ্টা, উহার বর্তমান অংশের প্রকাশটিও তেমনি একাধিক সাহিত্যসেবকের যৌথ পরিশ্রম এবং একনিষ্ঠতারই ফল। বিদ্বজ্জনের মধ্যে উহার ব্যবহার এবং সমাদরকেই আমরা আমাদের পরিশ্রমের সার্থকতা বলিয়া জানিব।

ঢাকা
৩০ শে নবেম্বর, ১৯৬৫

সৈয়দ আলী আহসান
পরিচালক : বাঙলা একাডেমী

প্রথম সংস্করণের

ভূমিকা

॥ এক ॥

বর্তমান পূর্ব পাকিস্তান প্রাচীন গৌড় বা বরেন্দ্র এবং বঙ্গ বা বঙ্গাল দেশ লইয়া গঠিত। প্রাচীন বাংলা ভাষার আদিলেখক মৎস্যেন্দ্রনাথ চন্দ্রদ্বীপের (বাখরগঞ্জ জেলার) অধিবাসী ছিলেন। তিনি ৬৫৭ খ্রীষ্টাব্দে নেপালের রাজা নরেন্দ্রদেবের সভায় উপস্থিত হন। মৎস্যেন্দ্রনাথের শিষ্য জালন্ধরি-পা, তাঁহার শিষ্য কাহ্নপা বা কানুপা সোমপুরী বিহারে (বর্তমান পাহাড়পুরে) থাকিয়া তাঁহার গ্রন্থ রচনা করেন (খ্রীষ্টীয় ৭০০ হইতে ৭৫০-এর মধ্যে)। মৎস্যেন্দ্রনাথের রচিত চারি চরণযুক্ত একটি শ্লোক 'আশ্চর্যচর্যাচয়'-এর টীকায় উদ্ধৃত হইয়াছে এবং কাহ্নপার রচিত তেরটি চর্যাপদ আশ্চর্যচর্যাচয়ে উদ্ধৃত হইয়াছে। পরলোকগত মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক সম্পাদিত 'বৌদ্ধ গান ও দোঁহা'য় এই আশ্চর্যচর্যাচয় ছাপা হইয়াছে। খণ্ডিত পুস্তকে কাহ্নপার একটি পদ পাওয়া যায় নাই। চর্যাপদগুলির অধিকাংশ রচয়িতা আমাদের পূর্ব পাকিস্তানের অধিবাসী ছিলেন। সুতরাং আমরা বলিতে পারি যে বাংলা সাহিত্যের উৎপত্তি পূর্ব পাকিস্তানে।

এই প্রদেশ বৌদ্ধ ধর্মের লীলাভূমি ছিল। ময়নামতী, মহাস্থান ও পাহাড়পুরের ধ্বংসাবশেষ তাহার পরিচয় বহন করিতেছে। বৌদ্ধ রাজগণ দেশী ভাষার পৃষ্ঠপোষক ছিলেন, যদিও তাঁহারা সংস্কৃতের বিরোধী ছিলেন না। বর্তমান পশ্চিম বঙ্গ বা রাঢ় দেশে প্রথমে শূর রাজবংশ এবং পরে সেন রাজবংশ ব্রাহ্মণ্য ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। এইজন্য তাঁহারা দেশী ভাষাকে অবজ্ঞা করিতেন এবং সংস্কৃতের উৎসাহদাতা ছিলেন। এই কারণে রাঢ় বা বর্তমান পশ্চিম বঙ্গে প্রাচীনকালে বাংলা সাহিত্যের উদ্ভব সম্ভব হয় নাই; কিন্তু প্রাচীন গৌড় এবং বঙ্গে বা বর্তমান পূর্ব পাকিস্তানে মুসলিম রাজত্বের পূর্বেই বাংলা সাহিত্যের উৎপত্তি ও শ্রীবৃদ্ধি হইয়াছিল। গৌড় হইতে গৌড়ী প্রাকৃত (দণ্ডী, কাব্যাদর্শ ১/৩৫) এবং গৌড় অপভ্রংশের (মার্কেণ্ডেয়, প্রাকৃতসর্বস্ব) নামকরণ হইয়াছিল। আমীর খুসরও (১৩১৭ খ্রীষ্টাব্দ) দেশীয় ভাষাগুলির মধ্যে গৌড় ও বঙ্গালের নাম উল্লেখ করিয়াছেন। রাজা রামমোহন রায়ের বাংলা ব্যাকরণের নাম ছিল গৌড়ীয় ভাষার ব্যাকরণ। প্রাকৃত পিঙ্গলের (১/৪) 'এও জে' বাক্যকে টীকাকার রবিকর বারেন্দ্রী ভাষা বলিয়াছেন। পুরা শ্লোকটি এই :

মাণিণি মাণহিঁ কাঁইঁ ফল এও জে চরণ পড়ু কন্ত।
সহজে ভুঅঁগম জই ণমই কিং করিএ মণি মন্ত॥
[অর্থাৎ মানিনি, মানে কি ফল? এই যে কান্ত চরণে পতিত।
সহজে ভুজঙ্গম যদি নত হয়, মণিমন্ত্রে কি করে?]

কতিপয় প্রাকৃত বৈয়াকরণ ঢক্কী অপভ্রংশের নাম উল্লেখ করিয়াছেন। R. Pischel ঢক্কীকে পূর্ব বাঙ্গালার ঢক্ক নগর হইতে ব্যুৎপন্ন মনে করিয়াছেন (Grammatik der Prakrit Sprachen, প্যারা ২৫)। ইহাতে আমরা পূর্ব পাকিস্তানের প্রাচীন দেশী ভাষার নাম পাইয়াছি; কিন্তু কোনও স্থানে রাঢ়ী প্রাকৃতের বা রাঢ় অপভ্রংশের নাম আমরা পাই না। আধুনিক বাংলা নামও পূর্ব পাকিস্তানের অন্তর্গত প্রাচীন বঙ্গাল দেশের নাম হইতে ব্যুৎপন্ন। 'বঙ্গাল' শব্দটি রাজেন্দ্র চোলের একাদশ শতকের শিলালিপিতে ব্যবহৃত হইয়াছে। এই বঙ্গাল দেশের রাজার নাম গোবিন্দচন্দ্র বলা হইয়াছে। ইনি চন্দ্রবংশীয় রাজা ছিলেন এবং নাথগীতিকার গোপীচাঁদ হইতে ভিন্ন।

বৌদ্ধ গানে ভুসুকুর পদে বঙ্গাল শব্দের প্রয়োগ আছে :

'বাজ নাউ পাড়ি পঁউআখালে বাহিউ,
অদয় বঙ্গাল দেশ লুড়িউ।
[অর্থাৎ বজ্রযান রূপ নৌকায় পাড়ি দিয়া পদ্মার খালে বাহিলাম।
অদ্বয়রূপ বঙ্গাল দেশ লুট করিলাম।]

বৌদ্ধ গানের রাগ-রাগিণীর মধ্যে গৌড় ও বঙ্গাল রাগের উল্লেখ আছে। সুতরাং দেখা যাইতেছে যে, বর্তমান পূর্ব পাকিস্তান প্রাচীনকালেও সংস্কৃতিসম্পন্ন দেশ ছিল।

সেন রাজাদের সময় হইতে বাংলা ভাষা অনাদৃত হইতে থাকে। মুসলমান রাজত্বের প্রথমে প্রায় দেড়শত বৎসর কাল দেশ যুদ্ধ বিগ্রহের জন্য অশান্তিময় থাকায় কোনও উল্লেখযোগ্য সাহিত্য সৃষ্টি হয় নাই। এই সময়ে বাংলা ভাষার প্রতি উচ্চ সমাজের মনোভাব পরলোকগত শ্রদ্ধেয় ডক্টর দীনেশ চন্দ্র সেন কর্তৃক উদ্ধৃত নিম্নের সংস্কৃত শ্লোক হইতে বুঝা যায়:

অষ্টাদশ পুরাণানি রামস্য চরিতানি চ।
ভাষায়াং মানবঃ শ্রুত্বা রৌরবং নরকং ব্রজেৎ ॥
[অর্থাৎ অষ্টাদশ পুরাণ এবং রামের চরিত
দেশী ভাষায় শ্রবণ করিলে মানব রৌরব নরকে যায়।]

গৌড়ের সুলতানগণ রাজনৈতিক কারণে জনগণের ভাষা বাংলার পৃষ্ঠপোষক হইলেন। বঙ্গের কাব্য কুঞ্জের আদিপিক বড়ু চণ্ডীদাস সুলতান সিকান্দর শাহের (১৩৫৭-৮৯ খ্রীষ্টাব্দ) সভায় সমাদৃত ছিলেন। তাহার পুত্র গিয়াসুদ্দীন আযম শাহ (১৩৮৯-১৪০৯ খ্রীষ্টাব্দ) শাহ মুহম্মদ সগীরের পৃষ্ঠপোষক ছিলেন। এই সময়ে পীর নূর কুতুবে 'আলম ফারসী ও বাংলা মিশ্রিত গযল রচনা করেন। কৃত্তিবাস গৌড়ের জলালুদ্দীন মুহম্মদ শাহের (১৪১৮-১৪৩১ খ্রীষ্টাব্দ) আদেশে বাংলা ভাষায় রামায়ণ রচনা করেন। পশ্চিম বঙ্গের কুলীন গ্রাম নিবাসী মালাধর বসু শ্রীকৃষ্ণ বিজয় রচনা করিয়া (১৪৮০ খ্রীষ্টাব্দ) গৌড়ের সুলতান শমসুদ্দীন যুসুফ শাহ (১৪৭৪-৮২ খ্রীষ্টাব্দ) কর্তৃক গুণরাজখান খেতাব পান। আরও অনেক কবি গৌড়ের সুলতানগণের বিশেষতঃ হুসয়ন শাহ, নসরত শাহ ও ফীরোয শাহের সভায় সমাদর লাভ করেন। সুলতানগণের দেখাদেখি অনেক আমীর ওমরা বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষক হন। এইরূপে গৌড়ের সুলতান ও প্রধানগণ গৌড়ের বৌদ্ধ পালরাজগণের ঐতিহ্য অক্ষুণ্ণ রাখেন।

সেন রাজাদের সময়ে রাজধানী নবদ্বীপ সংস্কৃত চর্চার কেন্দ্রস্থল ছিল। নবদ্বীপ-নিবাসী শ্রীচৈতন্য দেবের প্রভাবে তাহা বাংলা সাহিত্যের কেন্দ্র হইয়া উঠে। ষোড়শ শতকের চৈতন্যভাগবতে বৃন্দাবনদাস নবদ্বীপ সম্বন্ধে বলিয়াছেন:

নানা দেশ হইতে লোক নবদ্বীপে যায়।
নবদ্বীপে পড়িলে সে বিদ্যারস পায় ॥
অতএব পড়ুয়ার নাহি সমুচ্চয়।
লক্ষ কোটি অধ্যাপক নাহিক নির্ণয় ॥

এই সময় হইতে নদীয়ার ভাষা বাঙ্গালার সাহিত্যিক ভাষা হইয়া উঠে। এই ভাষা গৌড়ের বাংলা ভাষারই এক নূতন সংস্করণ। এখন পূর্ববঙ্গের উপভাষা সাহিত্যিকদের নিকট নিন্দনীয় হয়। চৈতন্যভাগবতে তাহার প্রমাণ আছে:

সভার সহিত প্রভু হাস্য কথা রঙ্গে।
কহিলেন যেন মত আছিলেন বঙ্গে ॥
বঙ্গ দেশি বাক্য অনুকরণ করিয়া।
বাঙ্গালেরে কদর্থেন হাসিয়া হাসিয়া ॥
বিশেষ চালেন প্রভু দেখি শ্রীহট্টিয়া।
কদর্থেন সেই মত বচন বলিয়া ॥

বলা কর্তব্য প্রাচীন ও মধ্য যুগে বঙ্গদেশ বলিতে পূর্ববঙ্গ বুঝাইত। পূর্ববঙ্গের ভাষার প্রতি নিন্দা নিম্নলিখিত সংস্কৃত শ্লোকেও পাওয়া যায়:

আশীর্বাদং ন গৃহ্নীয়াৎ বঙ্গদেশনিবাসিনঃ।
শতায়ুরিতি বক্তব্যে হতায়ুর্বদতি যতঃ ॥

[অর্থাৎ বঙ্গদেশবাসীর আশীর্বাদ গ্রহণ করিবে না, কারণ বঙ্গবাসী শতায়ু বলিতে গিয়া হতায়ু বলিয়া ফেলে।]

গৌড় ও নবদ্বীপের প্রভাব বিশেষতঃ চণ্ডীদাস, কৃত্তিবাস, বিপ্রদাস, বৃন্দাবনদাস প্রমুখ পশ্চিম বঙ্গের সাহিত্যাচার্যগণের অনুসরণে পাঠান রাজত্বের শেষে একটি সাহিত্যিক বাংলা সাধুভাষা প্রতিষ্ঠিত হয়। তখন বীরভূম হইতে চট্টগ্রাম পর্যন্ত দেশে এমন কি বাঙ্গালার বাহিরে আরাকানেও এই ভাষা সাহিত্যে ব্যবহৃত হইতে থাকে। মুসলমানী পুথি সাহিত্যের ভাষায় আরবী ফারসী ও হিন্দীর মিশ্রণ থাকিলেও তাহা মূলতঃ ব্যাকরণে এই সাহিত্যিক ভাষারই আদর্শে রচিত। তবে ইহা অনস্বীকার্য যে সাহিত্যিক ভাষা বিরাট জনগণের মুখের ভাষাকে কাড়িয়া লইতে পারে নাই। এইজন্য লোক সাহিত্যে আঞ্চলিক ভাষা অনেকটা রক্ষিত হইয়াছে, যদিও তাহা সাহিত্যিক ভাষার প্রভাব হইতে সম্পূর্ণ মুক্ত হইতে পারে নাই।

মুসলমান রাজত্বের শেষে বাংলা দেশে নবদ্বীপের সাহিত্যিক গৌরব কৃষ্ণনগরে মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাদ্বারা রক্ষিত হয়। ইহার পরে যখন কলিকাতা রাজধানী হইয়া শিক্ষাকেন্দ্র হইয়া উঠে, তখন পশ্চিম বঙ্গের সাহিত্য-রথীদের প্রভাবে সাহিত্যিক সাধু ভাষার আসন সুপ্রতিষ্ঠিত হয়। পরে সাহিত্যিক সাধু ভাষার সহচর একটি সাহিত্যিক চলিত ভাষাও গঠিত হইয়াছে। ইহার বিশেষত্ব ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপে,—যেমন 'করছি' 'করিতেছি' হইতে, 'করছিলাম' 'করিতেছিলাম' হইতে।

॥ দুই ॥

ম্যাকস্‌মুলার বলিয়াছেন, "The real and natural life of language is in its dialects" অর্থাৎ ভাষার প্রকৃত এবং স্বাভাবিক জীবন তাহার উপভাষাগুলিতে। এইজন্য ব্যক্তিগত ভাবে বহুদিন হইতে অনেকে এই কাজে হস্তক্ষেপ করিয়াছেন। তাঁহাদের প্রবন্ধগুলি প্রধানতঃ কলিকাতার বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকায় প্রকাশিত হয়। এ সম্বন্ধে আমি ১৩২৭ সালে বঙ্গীয় সাহিত্য পরিষৎ কর্তৃক আহূত ছাত্র সম্মিলনীতে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রীর সভাপতিত্বে যে ভাষণ প্রদান করি, তাহাতে বলিয়াছিলাম, "ভাষাতত্ত্বের অনেক জটিল সমস্যার সমাধান প্রাদেশিক বিভাষার (উপভাষার) সাহায্যে হইতে পারে। একটি দৃষ্টান্ত দিতেছি। হিন্দী, মারাঠী, গুজরাটী প্রভৃতি ভাষার সহিত তুলনা করিলে দেখিবে মূলে ছিল 'মুই' একবচন এবং 'আমি' বহুবচন। এমন কি আসামীতে 'ময়' একবচন এবং 'আমি' বহুবচন। প্রাচীন বাঙ্গালায় যে এইরূপ প্রয়োগ ছিল, তাহা চট্টগ্রামের 'চাকমা' বুলি দ্বারা প্রমাণিত হয়। চাকমায় 'মুই' একবচন এবং 'আমি' বহুবচন। বাঙ্গালায় 'আমি যাই', চাকমায় 'মুই যাং', বাঙ্গালায় 'আমরা যাই', চাকমায় 'আমি যেই'। The English Dialect Dictionary প্রায় তিন শত স্বেচ্ছা-সাহিত্য-সেবকের যোগে সুসম্পন্ন হইয়াছে। আমাদের প্রাদেশিক বিভাষা সংগ্রহের জন্য আমরা কি বাঙ্গালার প্রত্যেক জেলার অন্ততঃ একটি করিয়া উদ্যোগী ছাত্র সাহিত্য-সেবক পাইব না?" (ভাষা ও সাহিত্য)।

বিগত ব্রিটিশ সরকারের উদ্যোগে ভাষাবিদ্ পণ্ডিত Sir G. A. Grierson-এর সম্পাদনায় পাকভারত উপমহাদেশের ভাষাগুলির বিবরণী The Linguistic Survey of India নামক গ্রন্থাবলীতে ১৯০৩ হইতে ১৯২৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রকাশিত হয়। ঐ সময়ে দেশে ভাষাবিজ্ঞান বা ধ্বনিবিজ্ঞানের আলোচনা মুষ্টিমেয় লোকের মধ্যে সীমাবদ্ধ ছিল। সুতরাং বিবরণী সম্পূর্ণরূপে বিজ্ঞানসম্মত হয় নাই। যাহা হউক ব্রিটিশ সরকারের কীর্তি এই ভাষাবিবরণীই আমাদের উপভাষা সম্বন্ধে জ্ঞান লাভের একমাত্র সোপান না হইলেও আমাদের প্রধান অবলম্বন। নানা অবশ্যম্ভাবী ত্রুটি বিচ্যুতি সত্ত্বেও গ্রিয়ার্সন সাহেবের অবদান আমাদের চির-স্মরণীয়। তিনি বাংলা ভাষার উপভাষাগুলিকে প্রাচ্য ও পাশ্চাত্য ভেদে প্রধান দুই ভাগে বিভক্ত করিয়াছেন। পাশ্চাত্য বিভাগের উদীচ্য শাখার বিরাজভূমি হিসাবে তিনি দিনাজপুর, পূর্ব মালদহ, রাজশাহী, বগুড়া এবং পাবনা জেলাগুলিকে গণনা করিয়াছেন। এগুলি এখন পূর্ব পাকিস্তানের অন্তর্ভুক্ত। রাজবংশী বা রংপুরী শাখা রংপুর, জলপাইগুড়ি (পশ্চিম বঙ্গ), গোয়াল পাড়া (আসাম) ও কোচবিহারে (পশ্চিমবঙ্গ) প্রচলিত। পূর্ব পাকিস্তানের কুষ্টিয়া জেলার কথ্য ভাষা পাশ্চাত্য বিভাগের কেন্দ্রীয় শাখার অন্তর্গত। তাঁহার প্রাচ্য বিভাগ প্রধানতঃ পূর্ব পাকিস্তানের এবং আংশিকভাবে তাহার সংলগ্ন ভারত ও বর্মা রাষ্ট্রের অন্তর্ভুক্ত। প্রাচ্য বিভাগের শাখাগুলি এই;

১। পূর্বদেশী—ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, বাখরগঞ্জ, দক্ষিণ-পূর্ব ফরিদপুর, সিলেট, কাচাড় (আসাম)।
(ক) ইহার একটি প্রশাখা—পূর্বকেন্দ্রিক (East-central)—যশোহর, খুলনা, ফরিদপুর (দক্ষিণ পূর্বাংশ ব্যতীত)।
(খ) আর একটি প্রশাখা—হাজং (ময়মনসিংহ জেলা)।
২। দক্ষিণ-পূর্ব—নোয়াখালী, চট্টগ্রাম, আকিয়াব জেলার উত্তরাংশ (বর্মা)।
(ক) ইহার একটি প্রশাখা—চাকমা (পার্বত্য চট্টগ্রাম)।

গ্রিয়ার্সন সাহেব এই সমস্ত বিভাগ, শাখা ও প্রশাখার বিশিষ্ট লক্ষণগুলি বিস্তৃতরূপে প্রদর্শন করেন নাই; কিন্তু ইহার প্রয়োজন আছে। আমার মনে হয় পাকিস্তান সরকার কর্তৃক Linguistic survey of Pakistan অনতিবিলম্বে সম্পাদিত হওয়া একান্ত আবশ্যক। আমি গ্রিয়ার্সন সাহেবের শ্রেণী বিভাগ আপাততঃ স্বীকার করিয়া লইয়া পূর্ব পাকিস্থানে প্রচলিত এই সমস্ত শ্রেণীর বিশিষ্ট লক্ষণগুলি তাঁহার মতানুযায়ী নিম্নে প্রদান করিতেছি।

১। **পাশ্চাত্য বিভাগ:**

ধ্বনিতত্ত্ব। মহাপ্রাণ ঘোষবর্ণ, চ বর্গ, ড়, ঢ়, আদি হ এই সকলের প্রকৃত উচ্চারণ রক্ষিত। শ, ষ, স স্থানে (কয়েকটি যুক্ত ব্যঞ্জন ভিন্ন) শ উচ্চারণ।

রূপতত্ত্ব। কর্মকারকের একবচনে ক, কে। অতীত কালের প্রথম পুরুষের সকর্মক ক্রিয়ায় 'এ' বিভক্তি 'সে দিলে' ইত্যাদি (আসামী ভাষাতেও এই রূপতত্ত্ব আছে)। ভবিষ্যৎ কালের প্রথম পুরুষে 'বে'।

(ক) কেন্দ্রীয় শাখা—কলিকাতা, হাওড়া, তমলুক ও ঘাটাল (মেদিনীপুর জেলা), নদীয়া, মুর্শিদাবাদ কাটোয়া মহকুমা (বর্ধমান জেলা)। পূর্ব পাকিস্তানের কুষ্টিয়া জেলার কথ্যভাষা (যাহা পূর্বে নদীয়া জেলার অন্তর্গত ছিল) এই শাখাভুক্ত। এখানকার কথ্য ভাষায় পাশ্চাত্য বিভাগের বিশিষ্ট লক্ষণগুলি বিদ্যমান।

(খ) উদীচ্য শাখা—ইহার উপভাষা পূর্ব পাকিস্তানের রাজশাহী, দিনাজপুর, বগুড়া এবং পাবনা জেলায় প্রচলিত। ইহাতে পাশ্চাত্য বিভাগের বিশিষ্ট লক্ষণগুলি রক্ষিত। এই শাখার বৈশিষ্ট্য আদি 'র' লোপ, যেমন আস্তা (রাস্তা), অস (রস) ইত্যাদি। আদি স্বরে 'র' আগম, যথা রামশা (আমাশয়), র‍্যানদুরা (ইন্দুর) ইত্যাদি। বিভক্তির কে স্থানে ক্ এবং তে স্থানে ত্। চলিত ভাষায় ঢ় আছে, যথা—আঢ়ি, আঢ়েয়া।

(গ) রাজবংশী বা রংপুরী শাখা।

দ্রষ্টব্য। আমাদের মতে রংপুরী শাখাকে উদীচ্য শাখার একটি প্রশাখা গণ্য করা উচিত। ইহার 'রাজবংশী' এইরূপ জাতিগত নামকরণ সমীচীন নয়। জ স্থানে Z ধ্বনি এবং ছ স্থানে S ধ্বনি ইহার বিশেষত্ব। উদীচ্য শাখার ন্যায় ইহাতেও আদি 'র' লোপ, আদি স্বরে 'র' আগম, বিভক্তিতে 'ক্', 'ত্' ইত্যাদি দেখা যায়।

২। **প্রাচ্য বিভাগঃ**

ধ্বনিতত্ত্ব। চ বর্গের দন্ত-তালব্য উচ্চারণ। শ, ষ, স স্থানে (যুক্ত ব্যঞ্জন ব্যতীত) হ। মূল হ লোপ।

রূপতত্ত্ব। কর্মকারকের এক বচনে 'রে' বিভক্তি। ভবিষ্যৎ কালের প্রথম পুরুষে 'ব'। অতীত কালের সকর্মক ক্রিয়ার প্রথম পুরুষের রূপ সাধুভাষায় ন্যায় (কোনও কোনও স্থানে হসন্ত উচ্চারণ)।

(ক) পূর্বদেশী শাখা।

ধ্বনিতত্ত্ব। প্রাচ্য বিভাগের সাধারণ ধ্বনিতত্ত্ব; চ বর্গের দন্ত-তালব্য উচ্চারণ, শ, ষ, স স্থানে (যুক্ত বর্ণ ব্যতীত) হ উচ্চারণ, মূল হ-কারের লোপ। মহাপ্রাণ ঘোষ বর্ণের মহাপ্রাণতা লোপ এবং ড়, ঢ় স্থানে র।

রূপতত্ত্ব। প্রাচ্যবিভাগের সাধারণ লক্ষণ রক্ষিত।

(অ) পূর্ব-কেন্দ্রিক প্রশাখা। গ্রিয়ার্সন সাহেব যশোর, খুলনা, ফরিদপুরের (দক্ষিণ-পূর্বাংশ ব্যতীত) কথ্য ভাষাকে পূর্বদেশী শাখার একটি প্রশাখারূপে নির্দেশ করিয়াছেন; কিন্তু ধ্বনিতত্ত্বে একমাত্র ছ স্থানে S এবং জ স্থানে Z উচ্চারণ ভিন্ন এবং রূপতত্ত্বে কর্মকারকের একবচনের বিভক্তি 'রে' এবং সকর্মক

ক্রিয়ার অতীতকালে প্রথম পুরুষে 'ল' ভিন্ন ইহা বহু বিষয়ে পাশ্চাত্য বিভাগের বিশিষ্ট ধ্বনি ও রূপতত্ত্বের সহিত অভিন্ন। এই জন্য ইহাকে পাশ্চাত্য বিভাগের পূর্বশাখা রূপে গ্রহণ করা কর্তব্য। ইহার একটি বিশেষত্ব—যেতে খেতে ইত্যাদি তুমর্থক ক্রিয়া বিভক্তির 'তে' স্থানে 'তি' যথা—করতি, খাতি, অধিকরণে ইকার উকারের পরস্থিত একার স্থানে ইকার (যথা—পিঠি, গুড়ি, চুলি) এবং সম্বন্ধের এর স্থানে 'ইর' (যথা—পিঠির, গুড়ির, চুলির।)

(আ) হাজং প্রশাখা। ইহা জাতিগত একটি প্রশাখা। সর্বত্র শাখার মধ্যে জাতিগত বা সামাজিক প্রশাখা আছে, যেমন হিন্দু ও মুসলমান, শিক্ষিত ও অশিক্ষিত, উচ্চশ্রেণী হিন্দু ও নিম্নশ্রেণী হিন্দু; কিন্তু তাহা বিচার করা হয় নাই। এই জন্য হাজং প্রশাখা বর্জনীয়।

(খ) দক্ষিণ-পূর্ব শাখা। নোয়াখালী এবং চট্টগ্রামের উপভাষার মধ্যে মাত্র 'প' স্থানে F এবং প্রথম পুরুষের সর্বনামের স্ত্রীলিঙ্গের রূপ (নোয়াখালীতে হেতি; চট্টগ্রামে তেই, তাই, হিতি) ভিন্ন আর কোনও সাধারণ লক্ষণ নাই। এজন্য আমরা গ্রিয়ার্সন সাহেবের দক্ষিণ-পূর্ব শাখা হইতে নোয়াখালীর উপভাষা বর্জন করা সঙ্গত মনে করি। নোয়াখালীকে পূর্বদেশী শাখার এলাকাধীন করা যাইতে পারে। ইহার স্থানীয় বৈশিষ্ট্য এই যে, ইহাতে ড় ধ্বনি রক্ষিত আছে। আমাদের মনে রাখা প্রয়োজন যে একটা শাখা ও প্রশাখার মধ্যে স্থান ভেদে কিছু না কিছু বৈশিষ্ট্য আছে। আমরা কেবল চট্টগ্রামের উপভাষাকে এই দক্ষিণ পূর্ব শাখাভুক্ত মনে করি। আকিয়াবের উত্তরাংশের ভাষা আমাদের আলোচনার বহির্ভূত।

চট্টগ্রামী উপভাষার ধ্বনিতত্ত্ব এই যে (ক) ঘোষ মহাপ্রাণ বর্ণ রক্ষিত আছে, যেমন ঘর, ঝর (ঝড়), ধান, ভাত ইত্যাদি। (খ) ইহার আদি হ রক্ষিত আছে, যেমন হাত, হাতী ইত্যাদি। (গ) পদমধ্যবর্তী ম অনুনাসিক হয়, যথা—আঁই (আমি), আঁর (আমার), তুঁই (তুমি), কুঁআর (কুমার) ছুঁই (ছিম), হুঁউক (শামুক) ইত্যাদি। (ঘ) পদমধ্যবর্তী ব্যঞ্জনবর্ণ প্রায়ই লোপ বা বিকৃত হয়, যথা—তঅন (তখন), ডাই, (ডাকিয়া), খুই (খুলিয়া), মিডা (মিঠা), খন্দা (খন্তা), টুবি (টুপী), নারিশ (নালিশ), মূর (মূল), বোগা (বক), বুগ (বুক) ইত্যাদি। (ঙ) ডঃ মুহম্মদ এনামুল হক্ সাহেবের মতে ইহাতে চ, ছ, ধ্বনি রক্ষিত, যথা—ছাঅল (ছাগল), ছাতি (ছাতা), চাঅর (চাকর) ইত্যাদি।

রূপতত্ত্বে ইহাতে সর্বনামের প্রথম পুরুষের স্ত্রীলিঙ্গে তেই, তাই, হিতি আছে এবং নিষেধার্থক অব্যয় 'ন' ক্রিয়ার পূর্বে বসে, যথা ন যাই, ন আসিল, (ছিল না)।

(গ) চাকমা প্রশাখা। ইহা চাকমা জাতিগত একটি উপশাখা হইলেও ইহাতে চট্টগ্রামী উপভাষার সাদৃশ্য আছে।

এক্ষণে আমরা গ্রিয়ার্সন সাহেবের বিবরণী Linguistic Survey of India Vol. V. pt. 1 হইতে পূর্ব পাকিস্তানের বিভিন্ন উপভাষার উদাহরণ উদ্ধৃত করিব। ইহাদের উচ্চারণ প্রদর্শনের জন্য আমরা বিকৃত 'এ' এবং একার (man-এর a-এর ন্যায়) এ্যা এবং ্যা রূপে নির্দিষ্ট করিব। এই ্যা দ্বারা ব্যঞ্জনের দ্বিত্ব বুঝাইবে না। ব্যঞ্জনের দ্বিত্ব দুইটি ব্যঞ্জন দ্বারা সূচিত হইবে। z ধ্বনির জন্য য এবং s ধ্বনির স এবং sh ধ্বনির জন্য শ বানানে ব্যবহার করিব। হসন্ত দ্বারা সর্বত্র হসন্ত উচ্চারণ সূচিত হইবে। অন্ত্য অকারের 'ও' ধ্বনির জন্য ওকার ব্যবহৃত হইবে।

(সাধুভাষা পৃঃ ৪১, প্রচলিত বানানে)

কোন এক ব্যক্তির দুটি পুত্র ছিল। তন্মধ্যে কনিষ্টটি পিতাকে কহিল, পিতঃ, বিষয়ের যে অংশ আমার প্রাপ্য তাহা আমাকে দিন। তিনিও উহাদের মধ্যে তাঁহার সম্পত্তি বিভাগ করিয়া দিলেন।

(সাধু কথ্য ভাষা পৃঃ ৪৭)

এ্যাক্ জোনের্ দুই ছেলে ছিলো। তাদের্ জে ছোটো, সে তার্ বাপ্‌কে বোল্লে, বাবা, আমার ভাগে জা পড়ে তা আমাকে দাও। বাপ্ তার্ বিশয়্ আশয়্ তাদের্ মধ্যে বেঁটে দিলেন্।

(দিনাজপুর জেলা পৃঃ ১২২)

এ্যাক্ মানুশের্ দুই ছাওয়া ছিল। তারেদের্ মধ্যে ছোট ছাওয়া আপন্ বাপ্‌কে কহিল্, বাপ্, শম্পত্তের জে ভাগ্ হামি পাব্ তা হামাক্ দ্যান্। তাহাতে শে তারেদের্ মধ্যে বিশয়্ ভাগ্ কর্যা দিল্যান্।

(পূর্ব মালদহ জেলা পৃ: ১৩০)

এ্যাক্ ঝোন্ মানুষের্ দু'টা ব্যাটা আছ্‌লো। তার্‌ঘোর্ বিচে ছোট্‌কা আপ্‌মার বাবাক্ কহ্‌লে, বাবা, ধন্ কবির্ জে হিস্‌সা হামি পামু সে হামাক্ দে। তাৎ তাঁই তার্‌ঘোর্-কে মাল্‌মাত্তা সব্ ব্যাঁটা দিলে।

(বগুড়া জেলা পৃ: ১৫৩)

এ্যাক্ ঝনের্ দুই ব্যাটা ছৈল্ আছিল। তার্‌কেরে মদ্‌ধে ছোট ঝন্ কৈল, বা, হামি যা পামু তা হামাক্ বাঁট্যা দে। তাই শুনে বাপে বাঁট্যা দিল।

(পাবনার স্ত্রীলোক পৃ: ১৫৯)

কোনো মানুশের দুই ছাওয়াল্ ছিল। তার্ মদ্‌ধি ছোডোটা বাপেক্ কোলো, বাবা জিনিশ্ পত্তরের্ পাওয়ানা ভাগ্ আমাক্‌শুনে দ্যাও। ইনেই শুনে, তার্ বাপ্ তার্ নিজির্ জিনিশ্ পত্তোর্ বাঁট্যা দিলো।

(রংপুর জেলা পৃ: ১৭৪)

এ্যাক্ যোন্ মানুশের দুইক্‌না ব্যাটা আসিল্। তার্ সোটো কোনা উয়ার্ বাপক্ কইলা, বা, মোর্ পইশা কোড়ির্ ভাগ্ মোক্ দেও। ওই কতাতে তাঁয় উমার্-ঘরক্ শগ্ বাঁটিয়া দিলে।

(ঢাকা জেলা : মানিকগঞ্জ মহকুমা পৃ: ২০৬)

এ্যাক্ যনের্ দুইডি সাওযাল্ আসিলো। তাগো মৈদ্‌দে সোটোডি তার্ বাপেরে কৈলো, বাবা, আমার্ বাগে যে বিত্তি ব্যাশাদ্ পরে তা আমারে দ্যাও। তাতে তিনি তান্ বিশয়্ শোম্পত্তি তাগো মৈদ্‌দে বাইটা দিল্যান্।

(ময়মনসিংহ জেলা : পূর্ব অঞ্চল পৃ: ২১১)

এ্যাক্ যনের্ দুই পুৎ আসিল্। তার্ স্বুডু পুতে বাপেরে কৈলো; বাযি, মাল্ ব্যাশাতের্ যে বখ্‌রা আমি পাইবাম্, তা আমারে দেউখাইন্। হে তারারে মাল্ পাতি বাট্ কৈরা দিল্।

(ময়মনসিংহ জেলা : হাজং উপভাষা পৃ: ২১৬)

এক্ যন্ মানলগ্ দুইদা পলা থাকিবার্। তানি অলাক্ ছটু পলায়া বাপ্‌রাগে কয়্, যে বাবা, মর্ বক্‌রা ভাগ্‌রা যে ময়্ পাব; ওদা মগে দি। তানি অয়্ উমাগে ভাগ্ করিয়া দিলে।

(সিলেট জেলা পৃ: ২২৯)

কোন মানুশর্ দুই পুয়া আসিল্। তাহাদের্ মদ্‌ধে সোটটি বাপ্‌রে কৈল্, বাবা, বিশয়ের্ জে অংশ আমার্ বাটে পড়ে, আমারে দ্যাও। তাহাতে শে তাহাদের্ মদ্‌ধে বিশয়্ বাটিয়া দিল।

(কুমিল্লা জেলা পৃ: ২৪১)

এ্যাক্ ব্যাডার্ দুই পুৎ আসিল্। তারার্ মাইযে ছরুলা তার্ বাপ্‌রে কৈল্ বাবুও, মালামাল্ যেতান্ আমি পায়াম্ হেতান্ আমারে দ্যাও। তাতে তে তারার্ মাইযে যত্‌তান্ আসিল্ হগল্‌তান্ বাইট্টা দিল্।

(নোয়াখালী জেলা : সনদ্বীপ পৃ: ২৪৯)

এ্যাক্ শক্‌শের্ দুই বেটা আসিলো। তাদের্ মৈদ্‌দে সোট বেটা বাপরে কৈল, বায়াযি, মাল্‌মাত্তা যা আমার্ হিশ্‌শায়্ পরে তা আমারে দেন্। তাতে বাপ্ তার্ মালমাত্তা তার্‌গরে বাগ্ কোরি দিলো।

(বাকেরগঞ্জ জেলা পৃ: ২৬১)

এ্যাক্‌যন্ মান্‌শের দুগ্‌গা পোলা আসিল্। তার্‌গো মৈদ্‌দে সোটুগ্‌গা হের্ বাপ্‌রে কইল্, বাবা, বিত্তের্ যে বাগ্ মুই পামু তা মোরে দ্যাও। হেতে হে হের্‌গো মদ্‌দে বিত্ত বাগ্ হরিয়া দিল।

(ফরিদপুর জেলা : দক্ষিণ পুর্ব পৃ: ২৭৮)

কেরো মানশের্ দুগা পোলা আসিল্ । হের্ মদ্দে যে সোড়া আসিল্, হে হের্ বাএরে কইলো, বাযি, বিত্তার যে বাগ্ আমার্ বাগে পাইমু, আমারে দে । এই কতা হুইন্না হে তাগর্ মৈদ্দে বাগ্ কইরা দিল।

(খুলনা জেলা : বাগেরহাট মহকুমা পৃ: ২৮০)

এ্যাক্ যোন্ মান্শির্ দুই সওয়াল্ সিলো। তার্ মদ্ধে সোটো যোন্ তার্ বাপ্রে কোলো, বাপ্, আমার্ ভাগে যে যিনিশ পড়ে তা আমারে দ্যাও। তার্পর্ তিনি তাঁর্ বিশয় তার্গো দুই যোন্রে ভাগ্ কোর‍্যা দ্যাল্যান্।

(যশোর জেলা পৃ: ২৮৫)

এ্যাক্ যোনের্ দুট সল্ স্যাল। তার্গে মোদ্দি ছোট যোন্ তার্ বাপেরে কলে, বাবা, যমা যুমির যে ভাগ্ আমি পাব, তা আমারে দ্যাও। তাতে শে তার্গে বিশই ভাগ্ কোর‍্যা দ্যালে।

(চট্টগ্রাম জেলা পৃ: ২৯৫)

এগুআ মান্শের্ দুয়া পোয়া আসিল্। চোডুয়া তার্ বায়্রে কইল, বায়াযি, আঁর্ ইসার্ হম্পত্তি আঁরে দেও। তান্ যা আসিল্ তারারে ভাগ্ গরি দিল্। (ডক্টর মুহম্মদ এনামুল হকের মতে—উগুয়া মাইন্শর্ দুয়া পোয়া আছিল্ । ছোডোয়া তার্ বায়্রে কইল্, বাযি, আঁর্ হিস্সার্ সম্বত্তি আঁরে দ্যাও। তান্ যা আছিল্ তারারে ভাগ্ গরি দিল্)।

(নোয়াখালী জেলা : হাতিয়া পৃ: ৩০২)

এক্ যন্ মাইনশের্ দুগা হোলা আসিল্। হিয়ার্ মৈদ্ধে ছুডুগায় হেইতার্ বাফেরে কোইল্, বায়াযি, আঁর বাগে মাল্ যিগিন্ হড়ে হিগিন্ আঁরে দ্যাও। আর্ হেইতেও হেইতার্ ব্যাক্ বিত্ত হোলাইনেরে বাগ্ করি দিল্।

(নোয়াখালী জেলা : ছাগলনাইয়া পৃ: ৩০৯)

এক্ যনের্ দুই হোলা আসিল্। সুডুগায় হেতার্ বাফেরে কৈলো, বায়াযি, আঁর বাগে যেগাইন্ হোস্সে হেগাইন্ আঁরে দ্যাও। হেইমতে হ্যাতার্ যা আসিল্ ব্যায়াগ্ হ্যাতার হোলার্গরে বাগ্ কোরি দিল্।

(রামগঞ্জ : নোয়াখালী জেলা পৃ: ৩১৩)

এক্ যনের্ দুই হুত্ আসিল্। সুডগায়্ বাফেরে কৈল্, বাউ, আঁর্ বাগের্ যিনিশ্ হাতি যে অয়্, আঁরে দ্যান্। বাফে তাগরে হক্কল্ বাগ্ কোরি দিল্।

(চাকমা উপভাষা পৃ: ৩২৭)

এক্ জনতুন্ দিবা পোয়া এল্। চিকন্ পোয়াই তা বাবরে কল, বাবা, শম্পত্তি মর্ ভাগে জে পরে মরে দে। তার্ বাবে তার্ জে এল্ ভাগ্ দিল।

॥ তিন ॥

কেহ কেহ মনে করেন যে সিলহেট এবং চট্টগ্রামের উপভাষায় 'ক' অক্ষরের আরবী 'খে' হরফের ন্যায় উচ্চারণ এবং ঢাকা, ময়মনসিংহ, নোয়াখালী, চট্টগ্রাম প্রভৃতি স্থানের উপভাষায় জকার স্থানে আরবী 'যে' উচ্চারণ আরব বণিকগণের সংস্রবের ফলে সংঘটিত হইয়াছে। প্রথমত: এইরূপ বিকৃত উচ্চারণ হিন্দু, মুসলমান ও বৌদ্ধ নির্বিশেষে স্থানীয় সকল অধিবাসীর মধ্যে দেখা যায়; দ্বিতীয়ত: আরবী ভাষায় যখন 'কাফ' (ক) এবং খে, জীম (জ) এবং 'যে' দুই ধ্বনিই সমানভাবে আছে, তখন কেবল এই 'খে' এবং 'যে' উচ্চারণের জন্য আরবী প্রভাব স্বীকার করা যায় না। পূর্ব পাকিস্থানের বহু স্থানে যে শ ষ স স্থানে হকার উচ্চারণ

হয়, তাহা অবশ্য পারসী প্রভাবের ফলে নয়। মোট কথা ধ্বনি পরিবর্তনের কারণ সম্বন্ধে আমাদের ভাষাতত্ত্বানুযায়ী গবেষণা করা প্রয়োজন। পূর্ব পাকিস্থানের প্রান্ত ভাগে অনেক অনার্য জাতি বাস করে। তাহাদের ভাষার প্রভাব উপভাষার উপর থাকা অসম্ভব নহে। এবিষয়েও গবেষণার যথেষ্ট অবকাশ আছে।

ভাষাতাত্ত্বিকগণের নিকট উপভাষাগুলির বিশেষ গুরুত্ব আছে। কোনও একটি উপভাষাকে ভিত্তি করিয়া রাজনৈতিক, ধর্মীয় বা সাহিত্যিক প্রভাবে সাহিত্যিক ভাষা গড়িয়া উঠে; কিন্তু সাহিত্যিক ভাষার ইতিহাস উপভাষাগুলির মধ্যে বজায় থাকে। প্রাচীন বাংলায় একবচনে 'মই মারম,' বহুবচনে 'আহ্মে মারিঅই', মধ্য বাংলায় যথাক্রমে 'মোঞে মারোঁ', 'আহ্মে (আহ্মি) মারীএ (মারি)' রূপ ছিল। আধুনিক বাংলায় 'মুই' অসাধু বলিয়া পরিত্যক্ত হইয়াছে। 'আমি' একবচনে ব্যবহৃত হইতেছে এবং ইহার নূতন বহুবচন করা হইয়াছে 'আমরা'; কিন্তু কোনও কোনও উপভাষায় এই প্রাচীন রূপ রক্ষিত, যথা পূর্ব সিলহেটীতে 'মুই মারো', 'আমরা মারি', চাকমায় 'মুই মাবঙু', 'আমি মারি', দিনাজপুরে 'মুই মারঁ,' 'হামরা মারি', বাংলার সহোদরা আসামী ভাষাতেও 'মই মারোঁ', 'আমি মারোঁ'। দেখা যাইতেছে বাংলা সাধু ভাষার ক্রিয়ার একবচনের রূপ এবং আসামী ভাষার বহুবচনের রূপ লোপ পাইয়াছে। চাকমা ও আসামী ভাষায় 'আমি' বহুবচন। 'আমি' শব্দের পূর্ববর্তী রূপ পালি ও প্রাকৃতে 'অম্হে' বহুবচন। ইহার মূলে বৈদিক এবং আদিম প্রাকৃতে 'অস্মে' বহুবচন। সাধু বাংলা ভিন্ন সমস্ত পাক-ভারতীয় আর্য ভাষায় নিষেধাত্মক অব্যয় ক্রিয়ার পূর্বে বসে। এইরূপ প্রাচীন বাংলায় এবং মধ্যযুগের আদি পুস্তক শ্রীকৃষ্ণকীর্তনে দৃষ্ট হয়। উপভাষাগুলির মধ্যে চট্টগ্রামের উপভাষায় ও চাকমায় এইরূপ প্রয়োগই আছে এবং আসামী ভাষাতেও এইরূপ আছে। সর্বনামে প্রথম পুরুষের স্ত্রীলিঙ্গ সিলহেটী (তাই), চট্টগ্রামী (তেই, তাই, হিতি), ঢাকায় (হাতাই), ও নোয়াখালীর উপভাষায় (হেতি) আছে। আসামী ভাষায় 'তাই' এবং মারাঠী ভাষায় 'তী' রূপ আছে। আসামী ভাষার সহিত চট্টগ্রামী উপভাষার ধ্বনি ও রূপতত্ত্বে কিছু ঐক্য দেখা যায়। ধ্বনিতত্ত্বে ঘোষ মহাপ্রাণ বর্ণ ঘ ধ ভ প্রভৃতি এবং আদি হ রক্ষিত আছে। রূপতত্ত্বে আমরা দেখি (ক) সম্বন্ধে একবচনে 'র্', যেমন হাতর্, ঘরর্ ইত্যাদি। (খ) অধিকরণের একবচনে 'ত্' বিভক্তি যথা বারিত্ (বাড়ীতে), ঘরত্। (গ) সর্বনামের প্রথম পুরুষের স্ত্রীলিঙ্গ আসামী 'তাই', চট্টগ্রামী 'তাই', 'তেই' 'হিতি'। পদক্রমে আমরা দেখি নিষেধার্থক অব্যয় 'ন' ক্রিয়ার পূর্বে বসে, যথা ন গেল, ন আছিল্ (ছিল না) ইত্যাদি। এই সাদৃশ্যের কারণ কি? উত্তর বঙ্গের ভাষার সহিতও আসামী ভাষার সাদৃশ্য আছে, যেমন ধ্বনিতত্ত্বে ঘোষ মহাপ্রাণ বর্ণ ও আদি হকার রক্ষিত এবং রূপতত্ত্বে কর্মকারকে 'ক্', অধিকরণে 'ত্' বিভক্তি এবং সকর্মক ক্রিয়ার অতীত কালের প্রথম পুরুষে 'লে', যথা দিলে। পদক্রমে উত্তর বঙ্গের কোনও কোনও উপভাষায় ক্রিয়ার পূর্বে ন বসে। হইতে পারে প্রাচীন বাংলা ভাষার একটি স্রোত উত্তর বঙ্গ হইতে পূর্ব অভিমুখে আসামে প্রবেশ করে। পরে সেই স্রোত আসাম হইতে দক্ষিণ অভিমুখে চট্টগ্রাম পর্যন্ত বিস্তৃত হয়। এককালে বাংলা দেশের এই পূর্ব প্রান্তের ভাষা বোধ হয় আসামীর সহিত একরূপ ছিল; কিন্তু পূর্ব বঙ্গের উপভাষার প্রভাবে তাহার বৈশিষ্ট্য লোপ হইয়া পূর্ব বঙ্গের উপভাষা গোষ্ঠির শামিল হইয়াছে। সিলহেটী উপভাষায় এবং ময়মনসিংহের পূর্বাঞ্চলে 'তাই' (she) শব্দ তাহার প্রাচীনত্ব রক্ষা করিয়াছে।

॥ চার ॥

শব্দাবলীর (Vocabulary) দিক্ হইতে পূর্ব পাকিস্তানের উপভাষার কয়েকটি বৈশিষ্ট্য লক্ষণীয়।

১। প্রাচীন বা মধ্য বাংলা হইতে ব্যুৎপন্ন শব্দ

উপভাষা	প্রাচীন বা মধ্যবাংলা	আধুনিক
আইয়ে (কুম, বা, ব, রং)	আইহ (ম. বাং)	এয়ো
আইয়ো (নো, বা, ব, রং)	ঐ	ঐ
আওর্ (পা, বা, ম, কুম, রা, ফ, খু)	আওর (ম. বাং)	আর
আঁচাভুঁয়া (রং)	আচাভুয়া (ম. বাং)	অত্যদ্ভুত
আছাভুয়া (রং)	ঐ	ঐ

উপভাষা	প্রাচীন বা মধ্যবাংলা	আধুনিক
আছিল, আসিল (পূর্ব ও উত্তর বঙ্গ প্রভৃতি)	আছিল	ছিল
আছিন্, 'আসিল্' (ম)	ঐ	ঐ
আপনে (কুম, সি, পা)	আপনে	আপনি
আমি (কুম, নো)	হাম্বী, হাম্ভী (ম. বাং)	হাই
ইওল্ (বা)	শিয়ল (ম. বাং)	শীতল, ঠাণ্ডা
ওট্ (ফ, পা)	ওঠ (ম. বাং)	ঠোঁট
ওঁট্ (ব, বা) ওঠ (বঃ)	ঐ	ঐ
দুরা (রা, পা)	দুলি (স্ত্রীলিং, প্রা. বাং)	কচ্ছপী
দুড্যা (রং)	ঐ	ঐ
মুসা (খু)	মুসা (প্রা. বাং)	মূষিক
হামি (উত্তর বঙ্গ)	আহ্মি (আহ্মে প্রা. বাং)	আমি
হিয়াল (পা)	শিয়ল (ম. বাং)	শীতল

২। সংস্কৃত হইতে প্রাকৃতের মাধ্যমে উৎপন্ন

উপভাষা	প্রাকৃত	সংস্কৃত
অত্তো (ব, রা)	অত্তা	আত্মা (দেহ অর্থে)
অর্তো (রা)	ঐ	ঐ
আক্লান্ (রা, দি)	অক্খালণ	আস্ফালন
আঁখ্লানো (রা)	ঐ	ঐ
আচ্'না (কুম)	অচ্চণা	অর্চনা
আবক্খন্ (য)	আবেক্খণ্	আবেক্ষণ (তত্ত্বাবধান)
আহাংখা (বা)	আকংখা	আকাঙক্ষা
উন্দর্ (খু)	উন্দুর	উন্দুর, উন্দর
উন্দুর্ (চট্ট, ম)	ঐ	ঐ
উঁদুর্ (নো)	ঐ	ঐ
উর্ (ম)	উরো	উরঃ
থলা (ঢা)	থল	স্থল
থাত্রৈ (ম)	থবই	স্থপতি
থুনি (রা, সি)	থূণা	স্থূণা
পওন্ (ম)	পবন	পবন
মৈ (কুম, ম, ঢা, চট্ট, সি)	মাউসিআ	মাতৃস্বসৃকা
শুশা (কুম)	সসঅ	শশক
শোরং (রং)	সুরণ	শূরণ, সূরণ (ওল, হিন্দী সরন)

৩। হিন্দী হইতে আগত বা হিন্দীর তুল্য

উপভাষা	হিন্দী	অর্থ
অদুয়ান্ (রা)	অদ্‌বায়ন	খাটিয়ার পায়ের দিকের রশি
আঁদা (কুম, পা)	আঁওধা	উপুড়
অনুদশা (দি)	অন্দরসা	পিষ্টক বিশেষ
অলুতা (রা, দি)	ওলতী	চালের প্রান্তদেশ, ছাঁচ

উপভাষা	হিন্দী	অর্থ
আউট্ (ঢা)	আহট	পদশব্দ
আওট্ (ম)	ঐ	ঐ
আকাবাকা (রা)	হক্কা বক্কা	হতভম্ব
আংগায (সি)	আংগেয্না	সহ্য করা
উক্ড়ো (খু)	উঁক্ড়ঁু	হাঁটু উঁচু করিয়া বসা
উজ্ঝাট্ (রং)	উজ্ঝড়	হঠকারী
উদা (কু, পা)	অঁওধা	উপুড়
উদ্দার্ (বা, ফ)	উধার	ধার
উদ্ধোর্ (খু)	ঐ	ঐ
উধোর্ (খু)	ঐ	ঐ
উন্দা (ঢা)	অঁওধা	উপুড়
উয্যর্ (ঢা, নো)	উজড	বোকা
উল্টি (ম)	ওলতী	চালের প্রান্তদেশ, ছাঁচ
উল্তি (ঢা, কুম)	ঐ	ঐ
উলশ্ (ঢা)	উড়ুশ	ছারপোকা
উলুশ্ (ঢা, ম)	ঐ	ঐ
উল্লুশ্ (সি)	ঐ	ঐ
উরুইশ্ (ঢা)	ঐ	ঐ
উরুশ্ (ক)	ঐ	ঐ
উড়কো (খু)	উঁকড়ঁু	হাঁটু উঁচু করিয়া বসা
ধাদশ (রা)	ঢারস	সাহস
শিপি (রং)	সীপী	শুক্তি

৪। কতকগুলি আরবী, ফারসী, হিন্দী, ইংরেজী শব্দের অদ্ভুত বিকৃতি

উপভাষা	মূলশব্দ	অর্থ
অক্কে নক্কে (ফ, বা)	حق হক্কে না হক্কে (আঃ)	ন্যায়ে অন্যায়ে
আউটা (ব), আবুট্ (নো)	out (ইং)	আউট
আউতা ফাউতা (ঢা)	وقتا فوقتا রক্তান্ ফ-রক্তান্ (আঃ)	সময় সময়
আন্মুনি (চট্ট), আর্মুনি (সি)	harmonium (ইং)	হারমনিয়ম
আহাশ্ পাতাল্ (ঢা, কুম)	hospital (ইং)	হাসপাতাল
উইয্যাতি (চট্ট)	حجتی হুজ্জতী (আঃ)	তার্কিক
উইশার্ (ঢা)	هوشیار হোসিয়ার (ফা.)	সাবধান
এ্যাপট্ (ম)	Report (ইং)	রিপোর্ট
এ্যাপারি (রা)	Referee (ইং)	রেফারী
এ্যাপিডোবি (ঢা)	Affidavit (ইং)	এফিডেভিট
এ্যাল্ (দি)	Rail (ইং)	রেল
ওরগত্ত (চট্ট)	همه وقت হমহ্বক্ত (ফা. আঃ)	সকল সময়

উপভাষা	মূলশব্দ	অর্থ
ওল্‌কম্‌ (সি)	حلقوم হুল্‌কুম্‌ (আঃ)	কণ্ঠদেশ
টিগশ্‌ (রা) টিয়শ্‌ (নো) টিহাশ্‌ (সি) টেইশ্‌ (পা)	Ticket (ইং)	টিকেট
পুট্‌মেন্‌ (সি) পোট্‌ পান্‌ (ফ) পোট্‌ ম্যান্‌ (ফ) পোট্‌ মেন্‌ (কুম) পোট্‌ মেল্‌ (নো) পোট্‌বান্‌ (ঢা) ফোট্‌ মেন্‌ (কুম) হোট্‌ পান্‌ (নো)	Portmanteau (ইং)	পোর্টম্যানটো

৫। অনেক প্রাদেশিক উপভাষা সাধুভাষা হইতে উচ্চারণ বিকৃতির ফলে উৎপন্ন। কতক-গুলি এরূপ বিকৃত যে তাহাদের মূল শব্দ নির্ণয় করা কষ্টকর :

উপভাষা	সাধুভাষা
অক্‌কুন্‌ (চট্ট)	শকুন
আইট্যা (ম)	হাঁটু
আঠাই (চট্ট, নো)	অথই
আড়ু (ম), আঁড়ু (নো)	হাঁটু
আতুরা (ম)	হাতীশুঁড়া (জলস্তম্ভ)
আম্‌ড়ু (নো)	হাঁটু
আর্‌ (কুম, ঢা)	হাড়
ঐন (চট্ট)	আগুন
ঔন (চট্ট)	ঐ
হরি (ঢা)	শ্বাশুড়ী
হৈর্‌ (চট্ট, কুম)	ফকির
,, (ঢা, কুম)	সারান, মেরামত
,, (নো, সি)	সরিষা
,, (কুম)	পুকুর

৬। প্রাদেশিক উপভাষায় কতক অর্ধতৎসম শব্দ পাওয়া যায়

উপভাষা	সংস্কৃত
জলক্‌ (দি)	জলৌকা
যাপ্‌কো (খু)	যাপ্য (পুরাতন রোগ)
নপ্‌তা (কু)	নপ্‌তা
পিদ্‌দুম (খু)	প্রদীপ
বিরিশ্‌ (চট্ট) ব্যারেশ্‌ (কুম)	বৃষ

৭। (ক) উপভাষায় কয়েকটি বিদেশী শব্দের দেশী প্রতিশব্দ পাওয়া যায়

উপভাষা	বিদেশী শব্দ
যাতি (ম, ঢা, কুম)	কাঁচি (তু. কইন্‌চি)
টিপ্‌বাতি (কুম, চট্ট, ম)	torch light.
টুই (কুম)	কপি, কোপি (পো. couve)
টৌনি, টিনি (ফ)	কঞ্চি (তু. কম্‌চি)
ডুক্‌না (পা) }	
ডোব্‌ (বা) }	বালতি (পো. balde)
ডোঁব্‌টি (বা) }	
ড্যাব্‌হা (ম)	মুর্গ (ফা. অর্থের পরিবর্তন = মোরগ)
ড্যাব্‌হি (ম, কুম)	ঐ (স্ত্রীলিঙ্গ)
খলি (খু)	বোতল (bottle ইং)
পর্‌কাল্‌ (রা)	ইস্পাত (পো. espada)
পুক্‌ (খু)	কামরা (পো. camara)
মধুফল্‌ (কমু)	পেঁপে (পো. papaya)
মির্‌ভুয়্‌ (খু)	আনারস (পো. ananas)
মাওয়া (খু)	আতা (পো.)
মোতি (কুম)	naphthalene (ইং,)
লাফাক (পা. খু) }	
শশা (বা) }	খরগোশ (ফা.)
শুশা (কুম) }	
শোশা (বং) }	
শপবিন, শফরি (সি)	পেয়ারা (পো. pera)

৭। (খ) মুসলমানী বাংলায় ব্যবহৃত আরবী ও হিন্দী হইতে কৃতঋণ শব্দস্থানে উপভাষার শব্দ।

উপভাষা	মুসলমানী বাংলা
নাইনে (কুম)	ফুপা, খালু
বাদ্‌ (ফ, নো, কুম)	চাচা, চাচী, ফুপু
মি (ফ, কুম)	খালা, ফুপু, চাচী
ঝাব্‌ (চট্ট)	চাচী
মুগা (কুম)	খালু
মুই (কুম)	খালা
নুইন্যা (নো) }	খালাত
নুছাত (কু) }	
মৈ (কুম, ম, ঢা, চট্ট, মি)	খালা
মৈশ্‌ (ম)	খালা
মৌযা (নো)	খালু

৮। উপভাষায় ব্যবহৃত আরবী ফারসী শব্দ যাহা সাধু ভাষায় অপ্রচলিত—

উপভাষা	অর্থ	আরবী বা ফারসী
দোয়াইল্‌ (ম)	খড়মের ফিতা	دوال দবাল (আঃ)
পাইশ্‌ (কুম) }	পাপোশ্‌	پاپوش পাপুশ (ফা.)
পাউইশ্‌ (চট্ট) }		

উপভাষা	অর্থ	আরবী বা ফারসী
পোলাদ্ (চট্ট)	ইস্পাত	فولاد ফোলাদ (ফা.)
ফোরন (চট্ট)	তৎক্ষণাৎ	فورا ফওরান্ (আং)
বযা (য, খু, রা)	ডিম	بيضه বয়য: (আং)
বদা (ঢা, কুম)		
বয়যা (ফ, নো, চট্ট, ঢা)		
বয়দা (কুম)		
বৈদা (সি, ম)		
বোযা (বা)		
ম্যারায (খু, বা, ফ)	কাঁচি	مقراض মিকরায (আং)
শদফ (বন)	ঝিনুক	صدف সদফ (আং)

৯। **আসামী ভাষার সদৃশ উপভাষার শব্দ**

উপভাষা	অর্থ	আসামী
বৈড়্ (নো, বা, চট্ট	পা	ভরি
বৈর্ (নো, কুম)		
ভর্ (বা)		
ভৈর্ (নো, পা, বা)		
ভোঁর্ (রা)		
হাতাই (ঢা)	she	তাই
হেতি (কুম, নো)		
হ্যাতাই (কুম)		
তাই (চা, ম, কুম)		

॥ পাঁচ ॥

পাক-ভারতে বাংলা দেশের উপভাষার অভিধান রচনার সর্বপ্রথম চেষ্টা করেন মি: এফ. ই. পার্জিটার তাঁহার Vicabulary of Peculiar Vernacular Bengali Words পুস্তকে (১৯২৩ খ্রী:)। ইহা 'এসিয়াটিক সোসাইটি অব বেঙ্গল' হইতে প্রকাশিত হয়। ইংল্যাণ্ডে Thomas Wright ১৮৯৩ খ্রীষ্টাব্দে দুই জিলদে Dictionary of Obsolete and Provincial English প্রকাশিত করেন; কিন্তু Dr. Joseph Wright-এর English Dialect Dictionary একটি প্রামাণ্য পুস্তক। ইহা ছয় জিলদে ১৮৯৮ হইতে ১৯০৫ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। ইহা তেইশ বৎসরের উপকরণ সংগ্রহের ফল। অতিরিক্ত জিলদ সমেত ইহার পত্র সংখ্যা ৪৬৮৪। ইহার প্রথম জিলদে ১৭,৫১৯টি একক ও সমাস যুক্ত শব্দ আছে। ইহার পরিশিষ্টে উপভাষার ব্যাকরণ এবং শব্দসূচী আছে। বাংলা ভাষা পূর্ব পাকিস্তান, পশ্চিম বাঙ্গালা এবং বিহার, আসাম ও বর্মার কোনও কোনও অঞ্চলে প্রচলিত। এই সকল স্থানের উপভাষার নমুনা সংগৃহীত হইলে, বাংলা ভাষার উপভাষার একটি সার্থক পূর্ণ চিত্র অংকিত হইতে পারিত। তাহা কবে হইবে এবং কখনও হইবে কিনা, আমরা জানি না। আশা করি আমাদের এই পূর্ব পাকিস্তানী বাংলার আদর্শ অভিধানের প্রথম খণ্ড 'আঞ্চলিক ভাষার অভিধান' সমস্ত বাংলা-ভাষাভাষীর নিকট সমাদরে গৃহীত হইবে। আমরা এই সুযোগে মাননীয় পাকিস্তান সরকার, আমাদের সংগ্রাহক এবং সহকারিবৃন্দের নিকট আমাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। ইতি—

৩০।১।৬৪ ইং

বিনীত

মুহম্মদ শহীদুল্লাহ্

প্রধান সম্পাদক

সংকেতসূচী

অ.—অসমীয়া
অনুঃ—অনুশব্দ
অনু.—অনুকারক শব্দ
অব্য.—অব্যয়
অর্থপ্র.—অর্থের প্রসার
অস. ক্রি.—অসমাপিকা ক্রিয়া
আং—আরবী
ইং—ইংরেজী
কু—কুষ্টিয়া জেলা
কুম—কুমিল্লা
ক্রি.—ক্রিয়া
ক্রি. বি.—ক্রিয়াবাচক বিশেষ্য
ক্রি. বিণ.—ক্রিয়াবাচক বিশেষণ
খু—খুলনা জেলা
চট্ট—চট্টগ্রাম জেলা
ঢা—ঢাকা জেলা
তু.—তুর্কী
তুং—তুলনীয়
দি—দিনাজপুর জেলা
ধ্বন্যা.—ধ্বন্যাত্মক শব্দ
নো—নোয়াখালী জেলা
পা—পাবনা জেলা
পাং—পালি
পোর্তু—পোর্তুগীজ
প্র.—প্রত্যয়
প্রাং—প্রাকৃত
প্রা. বাং—প্রাচীন বাংলা
ফ—ফরিদপুর জেলা
ফা.—ফারসী
ফ্রে.—ফরাসী
ব—বগুড়া জেলা
বহু ব.—বহুবচন
বা—বাকেরগঞ্জ জেলা
বাং—বাংলা
বি.—বিশেষ্য
বিণ.—বিশেষণ
বিণ. বিণ.—বিশেষণীয় বিশেষণ
বিপ.—বিপরীত শব্দ
বিঃ রূঃ—বিভিন্ন রূপ
ম—ময়মনসিংহ জেলা
ম. বাং—মধ্যযুগীয় বাংলা
য—যশোহর জেলা
রা—রাজশাহী জেলা
রং—রংপুর জেলা
সং—সংস্কৃত
সর্ব.—সর্বনাম
স. রূ.—সংক্ষিপ্তরূপ
সি—সিলেট জেলা
স্ত্রী—স্ত্রীলিঙ্গ
হিং—হিন্দী
<—ইহা পরবর্তী শব্দ হইতে ব্যুৎপন্ন
>—ইহা পূর্ববর্তী শব্দ হইতে ব্যুৎপন্ন
√—ধাতু

আরবী ও ফারসী হরফের অনুলিখন পদ্ধতি

স্বর যোজন পদ্ধতি

যবর َ	=	অ — بَ	= ব
যের ِ	=	ই, ি — بِ	= বি
পেশ ُ	=	উ, ু — بُ	= বু
তন্‌বীন্ ً	=	আন্ — مالاً	= মালান্
ٍ	=	ইন্ — شاهدٍ	= শাহেদিন্
ٌ	=	উন্ — ربٌّ	= রব্বুন্
জযম ْ	=	হস্ চিহ্ন	
তশদীদ ّ	=	বর্ণ দ্বিত্ব (প্রথম বর্ণ হস্ যুক্ত)	
آ	=	আ — آمین	= আমীন
أ - آ	=	আ — آمین	= আমীন
ِی ,ی ,آ	=	ঈ — بہ	= বিহী, فیل = ফীল
ُو ,و	=	ঊ — لهٗ	= লহূ; نور = নূর
واو مجهول	=	ও — هوش	= হোশ
وَ	=	ব — وکیل	= বকীল
وَا	=	বা — واحد	= বাহিদ
وِ	=	বি — وتر	= বিত্র
وُ	=	বু — وجود	= বুজুদ
عَ	=	'আ — عقد	= 'আক্‌দ
عا	=	'আ — عابد	= 'আবিদ

বাংলা অনুলিখন — عربی و فارسی حروف

বাংলা অনুলিখন		عربی و فارسی حروف
আ, ই, উ	=	ا
ব	=	ب
প	=	پ
ত	=	ت
স	=	ث
জ	=	ج
চ	=	چ
হ	=	ح
খ	=	خ
দ	=	د
য	=	ذ
র	=	ر
য	=	ز
ঝ	=	ژ
স		س
শ	=	ش
স	=	ص
য	=	ض*
ত	=	ط
য	=	ظ

* আরবী উচ্চারণে 'দ' (কুর্‌আন ইত্যাদিতে)।

আরবী ও ফারসী হরুফ — বাংলা অনুলিখন

হরুফ		বাংলা
ع	=	‘— (‘ঊর্ধ্ব উল্টা কমা)
غ	=	গ
ف	=	ফ
ق	=	ক
ک	=	ক
گ	=	গ
ل	=	ল
م	=	ম
ن	=	ন, ঁ
ر	=	র
ه	=	হ
ی	=	য়

স্বর যোজন পদ্ধতি

عِ	=	‘ই	—	علم	=	‘ইল্‌ম
عُ	=	‘উ	—	عثمان	=	‘উস্‌মান
َو	=	অও	—	قوم	=	কওম
َی	=	অয়	—	سید	=	সয়্যিদ
يَو	=	য়ও	—	یوم	=	য়ওম
َع	=	আ‘	—	نعبد	=	না‘বুদু
ِع	=	ই‘	—	نعمت	=	নি‘মত
ُع	=	উ‘	—	بعث	=	বু‘স
ما	=	মা’	—	ماب	=	মা’ব
ما	=	মা	—	ماؤ	=	মাউন্
مَع	=	মা‘	—	معنی	=	মা‘না
مؤ	=	মু’	—	مؤمن	=	মু’মিন
مو	=	মূ	—	موسی	=	মূসা
مُع	=	মু‘	—	مُعتبر	=	মু‘তবর
اء	=	আ’	—	نساء	=	নিসা’ ; علماء = ‘উলমা’
ة	=	:	—	شاة	=	শাঃ ; عائشة = ‘আাই’শঃ
ه	=	হ্	—	شاه	=	শাহ্ : نامه = নামহ্

বাংলাদেশের

আঞ্চলিক ভাষার অভিধান

অ

অ=[কুম্, সি, রা, চট্ট]—অব্য. <হে, ওহে ॥ অ ব্যাডা হনো হনো।
২=[কুম্, সি, রা, চট্ট]—অব্য. হাঁ, সম্মতি বা স্বীকৃতিজ্ঞাপক ॥ কাম করবানি ?—অ, করমু। [<হাঁ]।
৩=[ম]—অব্য. ইহা পদের অন্তে যুক্ত হইয়া আধিক্য, বিস্ময়, শোকদুঃখ ইত্যাদি অর্থ প্রকাশ করে ॥ মাইয়্যাডা শুন্দরি—অ। [<ওঃ]।

অঅ=[কুম্]—অব্য. (তুচ্ছার্থে) হাঁ ॥ অঅ হ্যাতাই কত রহম করে। [<হাঁ হাঁ]।

অঅগা=[বা]—বিণ. বোকা ॥ অঅগার মত চ'াইয়া থাহো ক্যা ? [<অঅগ <অজ্ঞ সং]।

অঅদ্=[বা]—বি. গর্ত ॥ [<হদ<হ্রদ]।

অঅনা, অঅনি=[চট্ট]—বি. নিকট আত্মীয় ॥ [<আপনা,<আপনি]।

অঅন্=[কুম্]—ক্রি. বিণ. <এখন ॥ অঅনে তুই কোইতন্ আইসত্ ?

অও=[কুম্]—অব্য. হাঁ ॥ অও আমি আউয্গা বাইত যামু। [<হাঁ হে]।

অ-ওক্ত=[য, খু]—বি. অসময় ॥ [অ (না অর্থে)+ওক্ত, বক্ত وقت, আং]।

অওড্যা=[চট্ট]—বিণ. এত বড় ॥ অওড্যা পোয়াডা অক্করে অগা। [<এহ বডড=এই বড়]।

অওনা=[কুম্]—ক্রি. বিণ. এখন ॥ হ্যায় অওনা যাইব। [<অখন=এখন+আ <হ ম. বাং]।

অওন্=[চট্ট, কুম্]—ক্রি. বিণ. এখন ॥ অওন্ ট্যাহা দেঅন লাগ্‌ব। [<এখন]।
২=[কুম্]—বি. যে মেয়ের সন্তান হইয়াছে ॥ অওন্ মাইয়াডা নরম ঐ গেসে। [<হওন]।

অওয়াতি=[খু]—বিণ. সঙ্গম-ইচ্ছুক ॥ অওয়াতি গাই ডাকে। [<অউঅতী< ঋতুমতী সং ; তুং পোয়াতী<পুত্রবতী]।

অওরি=[সি]—বিণ. গর্ভবতী ॥ অওরি বেডি। [অও<হও+রা কর্তৃবাচক প্র. +ঈ স্ত্রী প্র.]।

অওর্ তওর্=[কুম্]—বি. কিংকর্তব্য-বিমূঢ় অবস্থা, বিপদ, মুশ্‌কিল ॥ যেদিক দেহি হেদিকই অওর্ তওর্ ।[<অহির-তহির হিং]।

অওর্‌পওর্=[ব]—বি. প্রহরাদি ॥ অওর্ পওর্ চ'াই, মা আর আয়ে না। [পওর <পহর<প্রহর সং ; 'অওর' অনুঃ]।

অওস্থা=[চট্ট]—বি. অবস্থা ॥ [< অবস্থা]।

অং=[রং]—বি. রং, রকম, মত, বর্ণ ॥ [<রঙ]।

অংকা=[রং, দি]—বিণ. ঐ রকম ॥ অংকা ভাল মানুশটা মরি গেল। [<অমন+কা প্র.]।
২=[কুম্]—ক্রি. বিণ. এখন ॥ আমি হ্যাব্‌না খাই নাই, অংকা খায়াম। [<অমন=এখন+কা ; তুং আজিকা]।

অংকার্=[কুম্, সি, রং]—বি. অহংকার, দেমাক ॥ অংকার্ কৈর না।

অংকু=[সি]—অব্য. এখন ॥ অংকু কৈ যাও ? [দেখ অংকা২]।

অংগনি=[চট্ট]—বি. কোন মেয়ে অংগ-হারা হইলে তাহাকে এই নামে ডাকা হয় ॥ অংগনির যামাই ন আসে।

অংগারি=[খু]—বি. কয়লা ॥ [<অংগার +ই প্র.]।

অংগিয়া=[চট্ট]—বি. সাথী ॥ অংগিয়াল্‌-লাই মরণ অ বালা। [<সংগিয়া <সংগী]।

অংগিলা=[রা]—বিণ. <রংগিলা, রসিক ॥ অংগিলা নায়ের মাঝি।

অংগে=[চট্ট, কুম্]—অব্য. <সংগে ॥ তোঁয়ার অংগে কতা ন কৈঅম।

অংশং=[সি]—বি. গোলমাল ॥ এত অংশং কিয়ের ? [অনু.]।

অঁঅলা [—ঘর]=(চট্ট)—বি. রান্নাঘর ॥ বউডা অঁঅলা ঘরত্ কিআরে ? [<আউনহালা <আগুনশালা ; দেখ—অঁলা]।

অঁড়ি=[চট্ট]—বি. <আংটি ॥ তোঁয়ার অঁড়িয়ান্ আঁর ঐঁলে ন লায়ের।

অঁতাত্=[কু]—বি. উষ্মা বা চিন্তা-বিহীন ॥ [<অতত্ত প্রাং <অতপ্ত সং= শীতল]।

অঁত্=[রা]—বি. পর্দা ॥ দরজায় অঁত্ দাও। [<অন্তঃ]।

অঁনাসার্=[নো]—বি. অত্যাচার ॥ [<অনাচার] ।

অঁনে=[চট্ট]—সর্ব. আপনি ॥ অঁনে কি

করন? [<আপনে=আপনি; প্রা. বাং ও ম. বাং আপনে]।

আঁনেরা=[চট্ট]—সর্ব. আপনারা।। আঁনেরা কত্তুন আইস্‌সন? [<আপনেরা =আপনারা]।

আঁন্‌ধাল্‌ল্যা=[চট্ট]—বি. সন্ধ্যা বেলা।। আঁন্‌ধাল্‌ল্যা বাইর্ ন আইশ্। [<সন্ধ্যা-বেলা]।

আঁন্‌মাশ্‌=[চট্ট]—বি. অগ্রহায়ণ মাস।। আঁন মাশ্ গরত্ যাবি না? [<*আহণ <আঘন<অগ্‌গহায়ণ প্রাং <অগ্রহায়ণ সং+মাস]।

আঁয়নে=[চট্ট]—সর্ব. আপনি।। আঁয়নে ন যাইয়ন। [দেখ—আঁনে]।

আঁরত্‌=[কুমৃ]—অব্য. সশব্দে।। স্যারাডা অরত্ কৈর‍্যা আইগ্যা দিসে। [ধ্বন্যা.]।

আঁরা=[চট্ট]—বি. কয়লা।। আঁরা দি দাঁত্ ডল্। [<আংরা <অঙ্গার সং]।

আঁর্‌খা=[চট্ট]—বি. জামা, কোর্তা।। আঁরো আঁর্‌খা ভালা ন আসে। [<আং-রাখা <অঙ্গরক্ষক]।

আঁলা=[চট্ট; কুমৃ, নো]—বি. রান্নাঘর।। আঁলাত্ ন যাইচ্। [দেখ—আঁঅলা]।

আঁলৈ=[চট্ট]—বি. আমলকী।। আঁই আঁলৈ খাইতাম্ ন। [<আমলঈ প্রাং <আমলকী সং]।

আঁল্‌তি=[চট্ট]—বি. আমলকী।। [<আমলতী=আমলকী]।

আঁশ্‌লি=[নো]—বি. হাঁসুলি, গলার অলংকার বিশেষ।। আগের দিনে মাইয়্যারা আঁশ্‌লি হিন্‌ত। [<হাঁসুলি]।

অ-কতা=[চট্ট]—বি. বাজে কথা।। অ-কতা ন কও। [অ+কথা]।

অকতা-কুকতা=[নো]—বি. মন্দ বা বাজেকথা।। [দেখ অকতা+কুকথা]।

অকদ্‌বালাই=[দি]—বি. অসুখ বিসুখ।। গোরিবের অকদ্‌বালাই দুর কর খোদা। [অকদ্<আপদ সং+বালাই<বলা' بلا আং]।

অকন্‌=[কুমৃ, নো]—ক্রি. বিণ: <এখন।। অকন্ বাইত্ যামু।

অকরে=[রা]—বিণ. ক্ষুদ্র।।

অকল্‌লা=[পা]—বিণ. যে ঝগড়াটে নয়, শান্তশিষ্ট।। বৌডা বড় অকল্‌লা। [<অকলহ]।

অকা=[ঢা]—বিণ. বোকা।। স্যারাডা এ্যাক লম্বরের অকা। [<অগা<অজ্ঞ সং]।

২=[কুমৃ]—বি. বক জাতীয় পাখী।। হেইতে বোন্‌দুক্ লৈয়া অকা শিকার কর্‌তো গ্যাসে।

অকাইট্‌লা=[রং]—বিণ. অকাজ, খারাপ কাজ।। যত তোর অকাইট্‌লা কাম। [<অকৃত=অকর্তব্য+লা প্র.]।

অকাইঠা=[য]—বিণ. যে কোন যুক্তিতর্ক মানে না।। অকাইঠারে বালা কতা কৈয়া লাব নাই। [দেখ অকান্‌টা]।

অকাইতা=[য]—বিণ. ইঁচড়ে পাকা।। অকাইতা পোলাপানের কথা শুন্‌লি অবাক লাগে।

অকাইল্‌লা=[নো]—বিণ. অসময়ের।। অকাইল্‌লা বোরৈ ন খাইস্। [অকালিঅ প্রাং<অকালিক সং]।

অকাটা=[রং]—বিণ. দুষ্ট, বদমাইশ।। [দেখ অকান্‌টা]।

২=[রং]—বিণ. অকর্তিত।। [অ+কাটা <কট্টিঅ প্রাং <কর্তিত সং]।

অকাটি=[কু]—বিণ. ভয়ংকর, সাংঘাতিক।। [দেখ—অকাটা]।

অকাঠা=[রং]—বি. কুল, বাবলা, জাম ইত্যাদি কাঠ।। অকাঠা কাঠের নাও টিকে না। [অ+কাঠা<কট্‌ঠ প্রাং< কাষ্ঠ সং]।

২=[য]—বিণ. অপদার্থ, মূল্যহীন।। [দেখ অকান্‌টা]।

অকাত্‌=[রা]—বি. দুর্দিন, দুর্দশা, দুর্ঘটনা, বিপদ।। দেশে অকাত্ পোড়ি গেছে। [<আওকাত اوقات আং, রকৃত وقت শব্দের বহুব.=সময়, কাল; অথবা অ (স্বার্থে)+কহত قحط আং]।

অকান্‌টা=[পা]—বিণ. দুরন্ত, নিষেধ সত্ত্বেও যে কুকাজ করে।। অকান্‌টা সাওরাল। [<অকাণ্ড=কাণ্ডজ্ঞানহীন]।

অকামা=[বা]—বিণ. অকেজো, অকর্মণ্য।। তুই অকামা মানুশ্। [<অকামা <অকর্মা সং]।

অকামেরগুরুঠাকুর=[পা]—বি. যে অকাজ বেশী করে।। [দেখ 'অকাম'+এর (সম্বন্ধে)+গুরুঠাকুর]।

অকাম্‌=[দি, পা]—বি. খারাপ কাজ, অন্যায় কাজ।। [অ+কাম<কম্ম প্রাং <কর্ম সং]।

অকারত্‌=[ম]—বিণ. বৃথা, অনর্থক।। আমার শব খাট্‌নি অকারত্ ঐসে। [অকারত হিং <অকার্যার্থ সং]।

অকারি=[মৃ]—বিণ. অকেজো।। তোমার লাহান্ অকারি মানুশ্ আর দেহি না। [অ+কারী=কারক, যে করে]।

২=[রা]—বি. অনুপযুক্ত, কাঁচা, আনাড়ী।। অকারির হাতে একাজ্ দিও না।

অকুড়া=[রা]—বি. মুড়কি।। খৈ অকুড়া মাখে দৈ খাচে।

অকুপ্‌=[সি]—বি. বিবেক।। [রকুফ وقوف আং]।

অকুলান্‌=[ফ]—বিণ. অসহ্য।। [অ+কুলান <√কুল+আন]।

অকে=[রং]—সর্ব. ওকে, উহাকে।। অকে ডাকি দ্যান্‌ত বাহে। [<ওকে=উহাকে]।

অকেয়া=[কুমৃ]—বি. ঘটনা।। এই অকেয়ার আমি কিসুই বানি না। [<রাকিআ: واقعه আং]।

অকেল্‌=[রা]—বি. নাকের গহনার পাথর বিশেষ।। বিয়ের শময় নোঁক্ অকেল্ দিচে। [<'আকীক عقيق আং]।

অক্যাচ্‌চর্‌=[রং]—বি. আবর্জনা।। [অ (স্বার্থে)+ক্যাচচর<কীচড় کیچڑ হিং =কাদা; দেখ অখচ'র]।

অক্যান্‌=[য]—বি. ছল, উপলক্ষ।। কোন্ অক্যান্ আইস? [দেখ অখেন]।

অকৈতা=[ম]—বিণ. তুচ্ছ জিনিস, অকথ্য বস্তু।। [<অকথ্য]।

২=[ম]—বি. মেয়ে, কন্যা।। আল্লায় উপুগ অকৈতা দিসে।

অক্=[রা]—সর্ব. উহাকে, তাহাকে ।। অক্ আর কি কম, অর মোর কোন কথাই শুনে না। [<ওকে]।

২=[কুমু]=বি. বমি ।। বারে বারে অক্ কর ক্যা? [অনু.]।

৩=[ম]—বি. লম্বা গলা ও উন্নত দেহধারী পাখী বিশেষ ।।

৪=[ম]—বিণ. হ্যাংলা, লম্বা (ব্যংগার্থে)।।

অক্অকা বাইত্=[সি]—বি. মুখ ভরিয়া বমি ।। কিতা খাইস্লার, অক্অকা বাইত্ কররায়? [<অক্অকা (অনু.)+বাইত <বমিত]।

অক্অক্=[বা]—অব্য. কুটুকুটু ।। বাইরে যোস্না অক্অক্ করতাসে। [অনু.]।

অক্কত্=[ম]—অব্য. হঠাৎ ।। শশান থাইক্কা অক্কত্ বয় আইল্। [<অকস্যাৎ]।

অক্কয়্=[সি]—ক্রি. বিণ. নিশ্চিত, নির্ঘাত।। আয় অক্কয় বারিঁ যাইমু। [<অক্ষয়]।

অক্করে=[কুমু, চট্ট, কু]—ক্রি. বিণ. একেবারে ।। এবার অক্করে গোরিব মরতাসে। [তুং একেবারে; এক+বার+এ=একেবারে]।

অক্কর্=[পা, কু]—ক্রি. বিণ. ধীরে, স্থির হইয়া ।।

অক্কা=[রং]—বি. বাজপাখি ।। গাছের ডালত্ অক্কা বৈছে। [দেখ অকা₂]।

২=[বা]—বি. বোকা ।। অক্কার মত চা'ইয়া রৈস ক্যা? [দেখ অকা₁]।

৩=[ফ]—বি. ভেক, ছদ্মবেশ ।। অক্কা বৈয়া থাক্লেই ঐব না, ওশুদ্ খাইতে ঐবো।

অক্কাত্=[চা]—বি. বমি, উদ্গিরণ ।। গ্যারাডা অহনে খাইয়া অহনেই অক্কাত কৈরা ফালাইয়া দিল। [ওক্না اوکنا হিং=বমি করা]; [ধ্বন্যা.]।

অক্কাম্=[কুমু, ম]—বি. ষাঁড় গরুর ডাক ।। [অনু.]।

অক্কালাশে=[ম]—ক্রি. বিণ. অতি সহজেই ।। [<অক্লেশে]।

অক্কি=[খু]—বি. একতা ।। তাদের মৈদ্দে অক্কি নাই। [<ঐক্য]।

অক্কি দেওয়া=[ম]—ক্রি. আচমকা দেহভংগি সহ ভয় দেখান ।। তুমি অক্কি দ্যাওনে মুরগিডা পলাইসে। [<হুমকি]।

অক্কুম্=[চট্ট]—বি. শকুন ।। অক্কুম বড় পৈখ্। [<হকুন<শকুন সং; অন্যরূপ—হক্কুন, হক্কুম]।

অক্কেও নক্কেও=[চা]—ক্রি.বিণ. কারণে অকারণে।। তুই অক্কেও এই কতা কস্, নক্কেও কস্। [হক্কেও+না হক্কেও; হক্ حق আং]।

অক্কে নক্কে=[ফ, বা]—ক্রি. বিণ. অনর্থক ।। কামাল্ হ্যার সোড বাইডারে অক্কে নক্কে মারে। [দেখ অক্কেও নক্কেও]।

অক্কের তনে নক্কে=[চা]—বি. কিছু হইতে কিছু ।। অক্কের তনে নক্কে ঐলেই তুই এই কতা কস্। [<হক্কের তনে (=হইতে) না হক্কে]।

অক্কৈ=[কুমু]—বিণ. <একই ।। অক্কৈ গাসে পানরে বাই, অক্কৈ গাসে গুয়া।

অক্খন্=[ম]—ক্রি. বিণ.<এখন ।। আমি অক্খন যামু।

অক্খ্যাম্=[পা]—বিণ. প্রচুর, অনেক ।। এইবার যোমিতে অক্খ্যাম দান্ ঐসে। [<অহক্খন<অসংখ্যান সং]।

অক্গলন্তি=[চট্ট]—বি. ঘৃণা, অবজ্ঞা (মুখের বমির মত) ।। ['অক' অনু. (বমি)+গলন্ (উদ্গিরণ)+তি প্র.]।

অক্টা=[রা]—সর্ব. ওটা ।। অক্টা তোমার।

অক্টা অক্টা=[ম]—বি. বমি বমি ভাব ।। আমার অক্টা অক্টা কর্তাসে। [<অক্ (=বমি, দেখ অক্গলন্তি)+টা প্র.]।

অক্টানি=[ম]—বি. উদ্গার, বমি বমি ভাব ।। [অক্টা (দেখ অক্টা অক্টা)+নি. প্র.]।

অক্ত মাদান্=[ম]—বি. সময় অসময় ।। পুলাডার অক্ত মাদান নাই, যখন ইস্সা খাইত চা'য়। [বক্ত وقت আং=সময়+মাদান<মধ্যাহ্ন, অসময় অর্থে]।

অক্ত শাঁও=[ব]—বি. রক্ত আমাশয় ।। ছুঁড়ির অক্ত শাঁও ঐসে [অক্ত<রক্ত+শাঁও<আমাশয়]।

অক্তি অক্তি=[রং]—ক্রি. বিণ. ঠিক সময়ে ।। অক্তি অক্তি করিছিনু। [বক্ত وقت আং=সময়+ই প্র.]।

অক্তানো=[রং]—ক্রি. লুকাইয়া রাখা ।। অক্তা কোরি থোও। [অক্ত <বক্ত وقت আং (=সময়) নাম ধাতু+আনো প্র. মূল অর্থ সময় করা]।

অক্তালাশ্=[পা]—বি. খোঁজখবর ।। তার কোন অক্তালাশ্ নাই। [<হক তালাশ=ঠিক সন্ধান; হক্ حق আং+ তলাশ تلاش তু.]।

অক্তিয়া=[চা, ম, সি, কুমু]—বিণ. সাময়িক, যথাকালীন, সময়োচিত ।। অক্তিয়া নামায আদায় কৈর। [অক্ত +ইয়া প্র. অক্ত<বক্ত وقت আং]।

অক্তো=[ব, রা]—বি. রক্ত ।। টাটকা অক্তো পৈড়্চে। [<রক্ত]।

অক্দমা=[ম]—বিণ. বোকা, হতভম্ব ।। অক্দমার মত খারৈয়া রৈস ক্যা? [<অকর্মা; দেখ অকামা]।

অক্নাহক্=[চা]—বিণ. অপ্রাসংগিক, ভালমন্দ চিন্তা না করিয়া ।। অক্ নাহক কতা কৈও না। [<হক+নাহক; হক্ حق আং]।

অক্নে=[রং]—বিণ. অতটুকু ।। [ঐ+কনে=টুকু]।

অক্শু=[ম]—বি. নিড়ানি ।।

অখচ'র্=[চট্ট]—বি. পায়খানা, মল ।। রাস্তার ডাকত্ অখচ'র্ গরৈয়ে। [দেখ অক্যাচচর]।

অখন্ তখন্=[সি]—বিণ. মুমূর্ষু অবস্থা ।। রোগির অখন্ তখন্, ডাক্তরের সয় যাপ্। [<এখনতখন]।

অখস্ত=[খু]—বিণ. অতি খারাপ, জঘন্য ।। [<অ (স্বার্থে)+খস্ত<খস্তহ্ خستہ ফা.]।

অখাইল্=[রং]—বিণ.অনর্থক ।। এত

টাকা পৈশা নুই অখাইল্‌ খরচ্‌ করলু। [<অ (স্বার্থে)+খয়লে خیلے ফা.= অতিরিক্ত]।

অখান্‌দা=[পা]—বিণ. অনুপযোগী ॥ অখান্‌দা যিনিশ্‌ দিয়া কর্‌মু কি? [<না খান্দহ্‌ نا خوانده ফা.= অনাহূত]।

অখাবখা=[সি]—বিণ. নির্বোধ॥ অখাবখা পোয়া। [<হকবকা হিং]।

অখাস্‌ত=[য]—বিণ. বেমানান, কুশ্রী॥ অখাস্‌ত মাইয়ার লগে পুলার বিয়া দিও না। [দেখ অখস্‌ত]।

অখুইয্‌যা, অখুয্‌=[ম]—বিণ, নিখোঁজ নিরুদ্দেশ, গা ঢাকা ॥ তিনমাশ্‌ থাইক্‌কা স্যারাডা অখুইয্‌ যা ঐয়া রৈসে। [অ+খুঁজ+ইয়া প্র.]।

অখেন্‌=[বা]—বি. কুক্ষণ; যেমন দুপুর, সন্ধ্যা—এই সময়কে খারাপ মনে করা হয়॥ এই বরামাশে অখেন্‌টায় পাহার খাইলি, কপালে না যানি কি আসে। [অ+খেন<খন<ক্ষণ সং]।

অখেল্‌=[ব]—বিণ. অযথা ॥ মাম্‌লায় অখেল্‌ টাকা খরচ' ঐসে। [দেখ অখাইল]।

অখৈয্যা=[চা]—বিণ. নিখোঁজ ॥ তুই হারাদিন অখৈয্যা ঐয়া কৈ আগ্‌লি? [দেখ অখুইয্‌যা]।

অগ=[কুম্‌]—সর্ব. উহাদের, তাহাদের॥ অগ বাইত্‌ যা। [<ওগ<উহাক, ক সম্বন্ধের বহুবচনের বিভক্তি]।

অগত্‌তো=[কু]—ক্রি. বিণ. অন্তত: ॥ [<অগত্যা, অর্থের বিকৃতি]।

অগন্‌=[সি]—ক্রি. বিণ. এখন॥ অগন আল্‌লার নাম্‌ লও। [<অখন <এখন]।

অগরি=[ফ, বা]—বি. ওদের বাড়ি॥ অগরি যাইমু না। [<অগ (=ওদের) +বারি (বাড়ি)]।

অগর বগর্‌=[রং]—বি. কায়দা কৌশল॥ [অনু.]।

অগল্‌=[চট্ট]—বিণ. সকল॥ হেইতে অগল্‌রে লৈ গাছে। [<সকল]।

অগা=[চা, চট্ট, ম]—বিণ. বোকা॥ অগা মার্‌কা স্যারা। [দেখ অকা]।

অগাই=[ম]—বিণ. অবুঝ, বুদ্ধিহীন॥ [দেখ অগা+ই প্র.]।

অগাইচ'নি=[ফ]—বিণ. বোকা, গোবর গণেশ॥ [দেখ অগাই+চনি(<চণ্ডী—একটি নাম); দেখ অগাচ'ন্‌ডি, তুং উড়নচণ্ডী]

অগাচ'ন্‌ডি=[য, খু]—বিণ. বোকা॥ অগাচ'ন্‌ডি ব্যাডার কাসে মাইয়া বিয়া দিস্‌ না। [অগা<অজ্ঞ সং+চণ্ডী; তুং উড়নচণ্ডী]।

অগাচিলা=[রা]—বিণ. আলস্যপরায়ণ, কাজকর্মে উদাসীন॥ [<অংগঢিলা]।

অগাত্‌=[পা]—বিণ. অসংখ্য॥ আইয্‌ বাবায়ে অগাত্‌ মাস উইট্‌সে। [অগাধ], দেখ অগ্যাত]।

অগার্‌=[ফ]—সর্ব. ওদের॥[অ=ও+গার্‌ সম্বন্ধের বহুবচনে]।

অগ্নিন্‌না=[রং]—বিণ. যাহা ঘৃণার কাজ নয়॥ [<অঘৃণ্য]।

অগিরা=[রং]—বিণ. আবৃত নয় যে জমি॥ [অ+ঘিরা]।

অগু=[সি]—সর্ব. ঐটা, ওটা॥ [<অগো =অ (=ও)+গো]।

অগুইন্‌=[সি]—সর্ব. ঐগুলি (প্রাণীদের বেলায় প্রযোজ্য)॥ [<অ (=ঐ)+ গুইন (=গুলিন্‌)]।

অগুইন্‌তা=[সি]—সর্ব. ঐগুলি (বস্তুর বেলায় প্রযোজ্য)॥ [দেখ অগুইন+ তা প্র.]।

অগুতা=[সি]—সর্ব. ওটা, ঐটা॥ অগুতা দ্যাও চা'ইন, দেখি বালানি? [দেখ অগু+তা প্র.]।

অগুন্‌=[চট্ট]—বি. আগুন॥

অগুম্‌=[রং]—বি. অনিদ্রা॥ মোক্‌ অগুম্‌ নাগা ধর্‌ছে। [<অ+ঘুম]।

অগুরে=[সি]—সর্ব. তাহাকে॥ অগুরে কৈলাম। [দেখ অগু+রে কর্মবিভক্তি]।

অগুর্‌=[সি]—বিণ. গভীর॥ রাবার রাবিরে অগুর্‌ বংগলে নিমন্ত্রণন্‌ দিলাম। [<অ (স্বার্থে)+গুরু]।

অগিন্‌, অগিন্‌=[ঢা, ফ]—ছিঃ ছিঃ॥ অগিন্‌ অগিন্‌, এই কতা কওন্‌ যায়? [<ওঘিণ ওঘিণ <ওঃ ঘৃণা ওঃ ঘৃণা]।

অগ্যাত্‌=[ম]—বিণ. গভীর॥ পুকুইর্‌ডাত্‌ অগ্যাত্‌ পানি। [<অগাধ]।

অগৈর্‌গ্যা=[চট্ট]—বিণ. যে কাজ করা হয় নাই॥ কত কাম্‌ অগৈর্‌গ্যা রৈয়ে। [অ+গৈরগ্যা <করিক <কারিক সং]।

অগো=[ফ, বা]—সর্ব. উহাদের॥ অগো বাড়ি কৈ? [অ<ও+গো (='দের)]।

অগোকুলা=[রং]—বি. যে পানির পাত্রে হাত ডুবানো হয় নাই॥ ঠিল্‌লার পানি অগোকুলায় আছে। [অ+গোকুলা (=ঘোলা)]।

অগোড়্‌=[রং]—বি. <রগড়॥ বেজার অগোড় হোলো।

অগোর্‌=[নো]—সর্ব. ওদের॥ অগোর্‌ বাড়ি যাম্‌ না। [<ও+গোর (=দের)]।

অগ্‌=[পা]—বি. বক॥ [দেখ অক্‌৩]
২=[ম]—বি. ধমনি, শিরা॥ অগ্‌ কাটলে সিল্‌সিলি অক্ত পরে। [<রগ رگ ফা.]।

অগ্‌গুয়া=[কুম্‌]—বিণ. একটি॥ আঁল্‌লাই অগ্‌গুয়া ডালম্‌ আইন্‌ ন। [<এক+গো]।

অগ্‌গেরান্‌=[খু]—বি. অগ্রহায়ণ মাস॥ [<অগ্রহায়ণ]।

অগ্‌গেলামি=[নো]—বি. অগ্রাহ্য॥ বড় মনের কতা অগ্‌গেলামি করা বালা না।

অগ্‌গ্যা=[নো]—বিণ. একটা॥ অগ্‌গ্যা টেহা দে। [<এক+গো]।

অগ্‌গো=[কুম্‌]—অব্য. আদরসূচক শব্দ॥ অগ্‌গো আমার চাঁন্‌। [<ওগো]।

অগ্‌গোম্‌=[কু]—বিণ. গভীর, অনেক॥ [<অগম্য]।

অগ্‌ভরাশা=[ব]—বি. হৈহুল্লোড়॥ ওগে (রোগে) অগ্‌ভরাশা লাগ্যা গ্যাসে। [<রগ্‌ ব রেশহ্‌ رگ و ریشه ফা.]।

অগ্‌দমা,—দোমা=[য, ম]—বিণ. নির্বোধ, বোকা ॥ লোক্‌টা বর অগ্‌দমা। [দেখ অকামা]।

অগ্‌লা=[চা]—বিণ. একটা ॥ আবারে অগ্‌লা আর্‌ দ্যাও। [অগ<এক+লা প্র. (=টা)]।

অঘা=[রা]—বিণ. অকেজো ॥ অঘা চাকর। [দেখ অগা]।

অঘামবানি=[রা]—বিণ. অকেজো ॥ [দেখ অঘা+ভবানী ; দেখ অগাচ'নডি]।

অচ'ক্‌কা=[ম]—অব্য. হঠাৎ ॥ অচ'ক্‌কা ম্যাগ্‌ আইসে। [<আচমকা সং]।

অচক্‌ঘাত্‌, অচঘ্‌ঘাত্‌=[রা]—অব্য. হঠাৎ ॥ [<অকস্মাৎ সং]।

অচ'ম্‌পিত্‌=[কুম্‌]—বিণ. আশ্চর্য ॥ তার কাম দেইখ্যা অচ'ম্‌পিত্‌ ঐসি। [<আচম্বিত]।

অচ'ম্‌বিত্‌=[সি]—বিন. আশ্চর্যান্বিত, বিস্মিত ॥ এই কতা হইন্যা অচ'ম্‌বিত ঐসি। [দেখ অচ'ম্‌পিত]।

অচ'মৈত্যা=[চা]—বিণ. স্বল্পশ্রমে কাতর যে ॥ চি'রাকুডা অচ'মৈত্যা মাই্‌ নশের কাম্‌ না [<অশ্রমিত সং]।

অচ'রিত্‌=[চা]—বিণ. বিস্ময়কর ॥ এ্যামন অচ'রিত্‌ কতা আর হনি নাই। [<আশ্চর্যিত=আশ্চর্যান্বিত]।

অচি'ক্‌=[ম]—বিণ. অসম্ভব ॥ [অ (স্বার্থে)+চিক<চকিত সং]।

অচি'ন্যা=[চা]—বিণ. অপরিচিত ॥ [<অচেনা]।

অচি'রত্‌=[চট্ট]—বি. উপদেশ ॥ হেইতে অচি'রত কোরি গেইয়ে। [রসীয়ত وصیت আং]।

অচুকা=[রং]—বিণ. অজানা, অজ্ঞাত ॥ অচুকা মানুশ্‌টারে কোন্‌টে পাইলেন্‌? [অ (স্বার্থে)+চুকা<চুক প্রাং=ভুল]।

অচুদি=[রা]—বিণ. বদমাইশ ॥ অচুদি মাগি। [অ (স্বার্থে)+চুদি√চুদ্‌ (সহবাস করা)]।

অচ্যাঠা=[রা]—বিণ. অজ্ঞান ॥ রোগিটা অচ্যাঠা হয়া গ্যাছে। [<অচেষ্ট সং]।

অচৈ'নুন=[চা]—বিণ. অচিক ॥ গরমের ঠ্যালায় অচৈ'নুন ঐয়া গেসি। [অ+চয়ন<چین ফা. (=আরাম) ; কিংবা <অচৈতন্য]।

অচ্‌'অসা=[চট্ট]—বি. প্ররোচনা ॥ [<রসরস: وسوسہ আং]।

অছুকা=[রং]—বিণ. বাজে কথা ॥ অছুকা কথা কৈশ্‌ না। [<অচচুক্ক প্রাং <অত্যুক্ত সং]।

অছুচ্‌=[রং]—বিণ. <অশৌচ, অশুদ্ধ ॥

অজভুট্‌টি=[রা]—বি. গুজব ॥ এশব্‌ অজভুট্‌টি কথা কৈ পাও? [<অদ্ভুত+টি]।

অজা=[দি]—বি. রোপণ ॥ তোমার ভুঁই অজা কদ্দুর? [উঅজ্জই<উৎপদ্যতে সং]।

অজাংগল্‌=[রং]—বিণ. বেয়াদব ॥ অজাংগলের মত কথা কৈশ্‌ না। স্ত্রী: অজাংগলি। [অ (স্বার্থে)+জংগল ; জংলী হিং(=বন্য, অসভ্য)]।

অজিরন্‌=[রা]—বিণ. <অজীর্ণ ॥ হাজেবাজে খালি অজিরন্‌ হয়।

অজুত্‌=[রং]—বিণ. অমনঃপুত ॥ ক্যাঁ, কথাটা অজুত্‌ হৈল? [<অযুক্ত]।

অজ্‌গপি=[রা]—অব্য. অযথা, অকারণে ॥ অজ্‌গপি ডাকিশ্‌ না। [<আয্‌গয়বী ازغیبی (=অদৃশ্য হইতে) আয্‌ ফা.=হইতে, গয়বী আং=অদৃশ্য]।

অজ্‌বিল্‌লা=[রা]—বিণ. অতি হীন প্রবৃত্তির ॥ [<অতি জঘন্য]।

অজ্‌বুত্‌=[রা]—বিণ. জাঁদরেল ॥ [<রজপুত<রাজপুত]।

অজ্‌লাহ্‌=[রা]—বিণ. ন্যায্যমূল্য হইতে বেশী নয় ॥ [আস্‌লুহ اصله আং]।

অয=[চট্ট]—অব্য. ওহে ॥

অযংলামা=[পা]—বিণ. যাহাকে পোষ মানানো হয় নাই ॥ অযংলামা গোরু বড় বিরক্ত করে। [<অ+জংলামা <জোয়াল+আনা প্র.]।

অযবল্‌=[ম]—ক্রি. বিণ. অযথা, অনর্থক ॥ হ্যা ড্যাহা খাইক্যা অযবল্‌ ফিইর্যা আইল। [<অকারণ]।

অযমকুকা=[বা]—বিণ. নির্বোধ, বোকা, বর্বর, অলস ॥ এমুন অযমকুকারে কেডা নাইয়া দিব? [<অশ্রমিক কিংবা অজ-বোকা]।

অযম্‌=[কুম্‌]—বিণ. হজম ॥ আমার পেডে কিস্‌সু অযম অয় না। [<হদম هضم আং; হযম ফা. উচ্চারণ]।

অযর্‌লশ্‌কর্‌=[খু]—বিণ. স্থূলাকৃতি, ভীষণাকৃতি ॥ [অজয়+লস্কর لشکر ফা.=সৈন্য : হয়ত অজয়লস্কর নামে মোটা লোক ছিল, তাহার নাম হইতে]।

অযল্‌=[পা, চট্ট]—বিণ. উঁচু ॥ [<উচ্চল =উচ্চ+ল প্র.]।

অযহত্‌ত=[ম]—ক্রি. বিণ. অহেতুক ॥ [<অজহথ প্রাং<অযথার্থ সং]।

অযা=[সি]—ক্রি. বদলানো ॥ ট্যাকাটা অযাইয়া দ্যাও।

অযাইত্তি=[পা, ফ]—বি. নীচুবংশের লোক ॥ [<অজাতি]।

অযাইত্যা=[চা]—বিণ. অজাতের ॥ তুই অযাইত্যা পোলা। [<অজাতিয়া< অজাতিক]।

অযাইন্‌বত্‌=[কু]—বিণ. অজানা, অচেনা ॥ [দেখ অযানুবি]।

অযাগর্‌=[কুম্‌]—বি. রাত জাগা ॥ কয় দিনের অযাগরে শরিল্‌ডা খারাপ কৈরা লাইসে। [<উজাগর<উজ্জাগর সং]।

অযাগা=[চট্ট]—বি. খারাপ জায়গা ॥ [অ+জগহ্‌ جگہ হিং]।

অযাত্তা=[পা]—বিণ. নিম্নবংশজাত ॥ [<অজাতি]।

অযাত্‌=[ব]—বি. আগাছা, ভেজাল ॥ [<অজাতি, অর্থের বিকৃতি]।
২=[বা]—বিণ. দুষ্ট প্রকৃতির স্ত্রীলোক ॥ [অ+জাত]।

অযানি=[সি]—ক্রি. বিণ. রদবদল ॥ [অজানি<জান=অজ্ঞাত ; দেখ অযা+নি প্র.]।

অযানিবে=[সি]—বি. অজ্ঞাতে, অজ্ঞাতে ॥ [অ+জানিব جانب আং+এ বিভক্তি]।

অযাম্‌বি=[কু]—বিণ. অজানা, অপরিচিত ॥ [<আজনবী اجنبی আং]।

অযার্‌=[ম]—বি. কবর ॥ অযার দেইক্‌খা মউতের কতা মনে অয়। [<মাযার مزار আং]।

অযি=[কুম্‌, চা]—বি. হাজি ॥ অযিশাব্‌ বানুড়া যবর বালা। [<হাজী حاجی আং]।

২=[ফ]—বি. লম্বা জামা ॥ অযি গায় দিলেই মোল্‌লা অয়না। [অর্থ প্র.]।

অযিরান্‌=[সি]—বি. কৃমি ॥ প্যাডত অযিরান্‌ ঐসে [<অজীর্ণ, অর্থ প্র.]।

অযেআয্‌=[কুম্‌]—বি. আসল, মূলধন ॥ [<আদ্যে আদ্য]।

অযেন্‌না=[য]—বিণ. অতিরিক্ত ॥ শুদ খাইয়া শে অযেন্‌না ট্যাহা করসে।

অযোন্মা=[য, খু]—বিণ. শস্য উৎপাদনের অভাব ॥ [<অজন্মা]।

অযোয়াইলা=[পা]—বিণ. যাহাকে জোঁয়াল দেওয়া হয় নাই ॥ [অ+জোঁয়া <যুগ আল (স্বার্থে)+ইয়া প্র.; দেখ অযংলানা]।

অয্‌১=[ম]—বিণ. সর্বপ্রথম ॥ [<অজ্জ প্রাং<আদ্য সং]।

২=[ম, কুম্‌, চা]—বি. হজ্জ ॥ [>হজ্জ حج আং]।

৩=[কুম্‌]—বিণ. আসল, মূল অংশ, ন্যায্য পারিশ্রমিক ॥ [দেখ অয্‌১]।

৪=[চট্ট]—বি. নাপিতের যন্ত্রপাতি রাখিবার থলে ॥

অয্‌আগে=[চা]—অব্য. সর্বাগ্রে ॥ অয্‌আগে আমি ইদের চান্‌ দেখ্‌সি। [দেখ অয্‌১+আগে]।

অয্‌কামান্‌=[চা]—ক্রি. পরিশ্রান্ত হওয়া, হয়রান হওয়া (ব্যংগার্থে)। [<হজ্জ+কামান (উপার্জন)]।

অয্‌গোই=[পা]—বিণ. গভীর, অথৈ ॥ এই পুকুরে অয্‌গোই পানি। [দেখ অয্‌গপি]।

অয্‌বুড্‌=[সি]—বিণ. যাহাদের কাণ্ডজ্ঞান নাই, কেবল গায়ের জোরে কাজ করে ॥ [<অদ্ভুত]।

অয্‌মা=[চা]—বিণ. বোকা, নোংরা ॥ তর্‌ মত অয্‌মা পোলার ল্যাহাপরা অয় না। [অ (স্বার্থে)+জমা<জম্ম প্রাং <জান্ম সং=মূর্খ; আ'জম عجم আং =বোবা]।

অয্‌মুক্যা=[চট্ট]—বিণ. অতি একগুঁয়ে ॥

অয্‌শাব্‌=[ফ]—বি. শ্বশুর ॥ অয্‌শাব্‌ আইসে নাইঅর নিত। [অজ<অজ্জ প্রাং<আর্য সং+সাব<সাহিব صاحب আং]।

অটক্কা=[ফ, পা]—অব্য. হঠাৎ ॥ অটক্কা কোন কাম্‌ কৈর না। [<হঠাৎ+কা প্র.; তুং উচক্কা কিংবা<অতর্কা=অতর্কিতে]।

অটল্‌=[চা]—বি. হোটেল ॥ [হোটেল —Hotel ইং]।

অটল্‌শা=[ম]—বিণ. অলস ॥ পোলাডা বারি অটল্‌শা।

অটা=[দি]—সর্ব. এটা ॥ [<ওটা]।

২=[য, খু]—বি. বারান্দা, হাতিনা, ওটা ॥ [<অট্ট সং]।

অটাইন্‌=[ম]—ক্রি. বিণ. অসময়ে ॥ অটাইনে কৈ যাস্‌। [<অ+টাইম Time ইং; দেখ অন্‌টাইম]।

অটাট্‌টু=[পা]—বিণ. অসম্ভব ॥ অটাট্টু কতা।

অটানো=[রা]—ক্রি. প্রকাশ করা ॥ [<রটান; র>অ]।

অটাল্‌=[ম]—বিণ. পর্যাপ্ত ॥ অটাল বাত নশ্‌ট ঐসে। [<অডাল<অঢেল; দেখ অডালা]।

অটি=[রা]—অব্য. ঐখানে ॥ [<ঐ ঠাঁই]।

অটিপটি=[বা]—বি. লজ্জা, শরম ॥ [অটি অনুঃ+পটি=পর্দা]।

অটু=[সি]—বি. মাছ ধরার যন্ত্র ॥ অটু লৈয়া মাস্‌ ধরা যাইব।

অটে=[রা]—অব্য. ঐখানে ॥ দ্যাখ, অটেই খুঁচু। [দেখ অটি]।

অটে নটে=[ম]—ক্রি. বিণ. অনর্থক ॥ অটে নটে আমারে অয়রান্‌ বানাও ক্যা। [<অট্টে অনট্টে প্রাং <অর্থে অনর্থে সং]।

অট্‌=[চা]—বি. আদেশ পালনে অনিচ্ছা ॥ অট্‌ করস্‌ ক্যা? [<হঠ]।

অট্‌অটা=[রং]—বিণ. বড়বড় ॥ [অনু.]।

অট্‌কাড়া=[রং]—বিণ. অশান্ত, অশিষ্ট ॥ অট্‌কাড়া ছাওয়াল। [<হঠকারী]।

অট্‌কানো=[ম]—ক্রি. বমি করা ॥ স্যারাডা অট্‌কাইতাসে। [দেখ অট্‌কি]।

অট্‌কি=[ম]—বি. উদ্‌গার ॥ তার অট্‌কি আইতাসে। [<উঠ+কি প্র. √উঠ্‌ বমন অর্থে, তুং ওলাউঠা]।

অট্‌টা=[সি]—বি. জেরা, বাগ্‌বিতণ্ডা, তর্ক ॥

অট্‌টামি=[কুম্‌]—বি. একগুঁয়েমী ॥ হ্যায় অট্‌টামি কৈরা বাইত্‌ গ্যাল। [<হঠ+আমি প্র.]।

অট্‌টি=[ম]—অব্য. দূরে ॥ [<ঐ ঠাঁই]।

২=[ম]—অব্য. কোথাও ॥ আমি আইজ্‌ অট্টি যাইতাম্‌ না।

অট্‌টি অট্‌টি=[ম]—বি. খেলা বিশেষ ॥

অট্‌টে=[রং]—অব্য. ওখানে ॥ [ঐ ঠাঁই]।

অট্‌টৈ=[কুম্‌]—বি. হরিতকী ॥ অট্টৈ খাইলে অযম্‌ অয় বেশি। [<*অর্তই <হরিতকী, তুং হর্টৈ (চট্ট)]।

অঠিগোনা=[রা]—বি. এখানে ওখানে ॥ [<ঐ ঠাঁই+কোনা]।

অঠৈ=[চা]—বিণ. থৈ পাওয়া যায় না যাহাতে ॥ আমাগো পুকুরে অঠৈ পানি। [<অথই<অথাহ প্রাং<অস্তাঘ সং]।

অঠ্‌ অঠ্‌=[ম]—ক্রি. বিণ. অনিচ্ছুকভাবে ॥ অঠ্‌অঠ্‌ করলে কি কাম অয়? [<ওঠ ওঠ]।

অঠ্‌কারে=[সি]—ক্রি. বিণ. ঠাহর না করিয়া, না চিনিয়া ॥ [<অটকল (=অনুমান) হিং]।

অডক্‌কারে=[চা]—ক্রি. বিণ. হঠাৎ ॥ অডক্‌কারে কতাডা কৈয়া ফালাইলি। [দেখ—অডক্‌কার]।

অডক্‌কার্‌=[ম]—অব্য. হঠাৎ ॥ অডক্‌কার্‌ পৈরা গ্যাল। [<হঠাৎকার]।

অডল্‌=[ম]—বি. সরাই ॥ [হোটেল—Hotel ইং]।

অডশ্‌কার্‌=[কুম্‌]—অব্য. হঠাৎ, অসতর্ক ॥ অডশ্‌কারে কতাডা কৈলাম্‌। [দেখ অডক্‌কার্‌]।

অডা=[রা]—সর্ব. ঐটা ॥ অডা আনুম্‌। [<ওটা]।
২=[ম]—বি. পাখিবিশেষ ॥ অডার মতন্‌ চো'ক্‌ বুইন্‌যা বৈয়া আস ক্যা?

অডাই=[ম]—অব্য. ঐদিকে ॥ অডাই যাবা না? [<ও ঠাঁই]।
২=[খু, বা]—বিণ. অত্যধিক, গভীর ॥ নদিতে অডাই পানি। [<অথৈ; দেখ অঠৈ]।

অডাত্‌=[ম]—অব্য. হঠাৎ ॥ গেলাশ্‌ডা অডাত্‌ পৈরা গ্যাসে। [<হঠাৎ]।

অডালা=[কুম্‌, নো, চা]—বিণ. প্রচুর ॥ আউব্‌গা বাযারত অডালা মাস্‌ উট্‌সে। [<অঢেল]।

অডাশ্‌=[চা]—বি. আশ্চর্য ॥ কতাডা হইন্‌না আমার অডাশ্‌ লাগ্‌সে। [<হতাশ, অর্থের বিকৃতি]।

অডে=[চট্ট]—অব্য. ঐখানে ॥ অডে কাপড়গান্‌ রাখ। [দেখ অডাই]।
২=[ম]—সর্ব. ঐটা ॥ অডে লৈয়া আয়। [<ওটা]।

অডে মডে=[ম]—ক্রি. বিণ. যেখানে সেখানে ॥ এই যিনিশ অডেনডে পৈরা থাহে। [<ও ঠাঁই+আন ঠাঁই]।

অডেন্‌তুন্‌=[চট্ট]—বিণ. ঐস্থান হইতে ॥ অডেন্‌তুন্‌ আইস্য। [<ওঠান<স্থান+তুন্‌ ৫মী বিভক্তি]।

অডেন্‌তনে নডে—[চা]—বি. কিছু হইতে কিছু ॥ অডেন্‌ তনে নডে ঐলেই আমারে খুচা'দ্যায়। [দেখ অডেন্‌তুন্‌; তনে=হইতে। নডে<ন ঠাঁই]।

অডৈন্যা=[চট্ট]—বিণ. ঐরূপ ॥ অডৈন্যা যিনিশ্‌ আঁর পসন্দ ন। [<ঐ+জৌন হিং (প্রকার)+ইয়া প্র.]।

অড্ডা অড্ডা=[পা]—বিণ. অভিজ্ঞ ॥ এখানে আমি অড্ডা অড্ডা হৈছি'।

অড়ং=[কু]—বি. নারিকেলের মালার তৈরী চামচ বিশেষ ॥ এক অড়ং ডাইল্‌ দ্যাও।

অড়াই=[রং]—বি. কচু ॥ [<অরবী হিং]।

অড়াই যাওয়া=[দি]—ক্রি. শেষ হওয়া, উজাড় হওয়া ॥ হঠাত্‌ চাউল অড়াই গ্যাল।

অড়াইল্‌=[রা]—বি. এক প্রকার ঘাস ॥

অড়ে=[চট্ট]—ক্রি. বিণ. ঐ স্থানে ॥ তুই অড়ে যা। [<ও ঠাঁই]।

অড়োল্‌=[খু]—বি. অড়হর (ডাল) ॥ মাউড়ারা খুব অড়োলের ডাইল্‌ খায়। [<অড়হর]।

অতক্‌=[ম]—বি. ভেক, ভান, বাহানা ॥ মার খাইবার ডরে চু'রডা মরার মতন অতক্‌ দৈরা রৈসে।
২=[ম]—বিণ. নির্লজ্জ ও নিষ্পলক দৃষ্টি ॥ বেহায়া লোক্‌টা মাইয়াডার দিকে অতক্‌ দৈরা চা'ইয়া রৈসে। [<অ (স্বার্থে)+তাক্‌√তাকা=চাওয়া]।

অতগনা=[দি]—বিণ. এতটুকু ॥ অতগনা বেটি। [<অতগুলা]।

অততা, অত্‌তা=[কুম্‌, সি, ম]—বিণ. অনেক, এত বেশী পরিমাণ ॥ অততা টেহা থাক্‌তে কির্‌পিন্‌ন্যাম করো কেরে? [<অত+টা]।

অতথা=[রা]—বিণ. এতটা, এতগুলি ॥ [দেখ অততা]।

অতন্‌রা=[কুম্‌]—সর্ব. তাহারা (স্ত্রী) ॥ অতন্‌রা আঁর চা'চি' যেঠি অয়।

অতবগ্‌গ=[ম]—বি. গোলমাল, অহেতুক কথাবার্তা (বলা) ॥ অতবগ্‌গ লাগাইস,—যাও এহান্‌ থাইক্যা। [<অতিবাক্য]।

অতবৈল্‌=[সি]—বি, এত সময়, দীর্ঘক্ষণ ॥ [<অত বেলি=অতবেলা]।

অতল্‌ডি=[কুম্‌, সি]—বিণ. অতটুকু, অল্প ॥ অতল্‌ডি বাতে কিতা অয়? [<অতগুলাটি]।

অতা=[সি]—সর্ব. ঐটা, ঐ রকম, ঐ জিনিস ॥ অতা কিতা? [<ওটা]।

অতাইলাই=[কুম্‌]—সর্ব. তাহার (স্ত্রী) জন্য ॥ অতাইলাই বই থাক্‌। [অতাই <হেতাই (=সে, স্ত্রীং) +লাই=লাগিয়া, তুং হিং লিএ=জন্য]।

অতাগ=[কুম্‌, নো]—সর্ব. তাহাদের, উহাদের ॥ অতাগ গাসেত্‌তুন ইগ্যা মরিচ' নৈ আইগৈ। [বিঃ রূঃ—অতান্‌গ, হেতান্‌গ, হেতারার, তারার, অতাঙ্গ, হেতাঙ্গ, অঙ্গ, থাঙ্গ; অতা (=তাহা, উহা)+গ সম্বন্ধের বহু বচনের বিভক্তি]॥

অতাপি=[রা]—বি. প্রায় দুপুর ॥ এ্যাত অতাপির শময় যাবা কুন্‌টে? [আ+তাপী=তপ্ত]।

অতার্‌=[চা, ম]—বি. বিপদ, সংকট, নিঃসহায়ত্ব ॥ হ্যায় খুব অতারে পর্‌সে।
২=[কুম্‌]—সর্ব. তাহার ॥ অতার্‌ কতা হুন। [দেখ অতাগ]।

অতালাগা=[ব]—ক্রি. পঙ্গু বা কর্মাক্ষম হওয়া ॥

অতাশ্‌=[কুম্‌]—বিণ. হতাশ ॥ এ্যাত অতাশ্‌ ঐলে কেম্‌নে কাম্‌ ঐব? [<হতাশ]।
২=[কুম্‌]—বিণ. আশ্চর্য, অবাক ॥ তুইত অতাশ্‌ কৈরা দিলি। [<হতাশ অর্থ প্র.]।

অতি=[কুম্‌, চট্ট]—সর্ব. ও বেটি (তুচ্ছার্থে), স্ত্রী লোকটি ॥ অতির কথা হুন্‌সনি? [বিঃ রূঃ—ওতি, হোতি, হেতাই; দেখ অতু]।
২=[রং]—বি. ঐ দিকে ॥ অতি জা। [<ও দিক্‌]।

অতি অতি=[কুম্‌]—ক্রি. বিণ. বাড়াবাড়ি ॥ অতি অতি কর্‌লে বালা ঐত না। [অতি=অতিশয়]।

অতিকরা=[রা]—বি. ঐ পাত্রে ॥ তরকারি অতিকরা দে।

অতিত্‌=[কুম্‌, চা] বি. অতিথি ॥ অতিতের যতন কৈর। [<অতিথি]।

অতিল্‌=[সি]—ক্রি. বিণ. একটু সময় ॥ অতিল্‌ উবাও (=দাঁড়াও)। [<এক+তিল]।
২=[সি]—ক্রি. বিণ. এখন ॥ অতিল্‌ যাও।

অভিশাইয়া=[কুমৃ]—বিণ. গালি বিশেষ।। এই অতিশাইরার যালায় বাচ্'লাম না। [<অতিসারিথ <অতিসারিক; মূল অর্থ অতিসারগ্রস্ত]।

অভিশারের গতি=[ম]—বি. পেটের অসুখ বিশেষ।। বেশি খাইস্‌লা তাই অতিশারের গতি ঐসে।

অতু=[চট্ট]—অব্য. ও খোকা ।। অতু তুই ন খাদিছ্'। [<ও পুতু <পুত <পুত্র সং]।

২=[সি]—বিণ. ছোট ।। অতু ব্যাটার কথা হুন। [<ওটুকু]।

অতুগুনি=[সি]—বিণ. ছোট ।। অতুগুনি বেটার কথা হুন।

অতুত্=[সি]—সর্ব. ইহাতে ।। অতুত কিতা? ['অতৈত্' ও প্রচলিত]।

অতুদ্=[ব]—বি. ঔষধ ।। অতুদ্ খাও। [ওশুদ <ঔষধ]।

অতুরা=[ব]—বি. আউশ ধান বিশেষ ।।

অতুরে=[কু]—বিণ. কুঁড়ে ।। অতুরে লোক কামের না। [আতুর+ইয়া প্র.]।

অতুর‍্যা=[প]—বিণ. অতিশয় অলস, যাহার চলার শক্তি নাই ।। [<আতুরিয়া =আতুর+ইয়া (স্বার্থে) প্র.]।

অতুর্=[পা]—বিণ. কুঁড়ে ।। অতুর্ লোক কামের না। [<আতুর]।

অতে=[ম]—সর্ব. ঐটা ।। অতে লৈ যা। [ওটে=ঐটা]।

২=[দি]—ক্রি. বিণ. ঐখানটায় ।। অতে ভাত্‌গেলা চালিছো কেনে? [<হোথায়]।

৩=[কুমৃ]—সর্ব. তিনি, উনি ।। অতে অাঁরে গাইলুলায় কা? [<ওতে]।

অতেন্=[ম]—সর্ব. তিনি, উনি ।। অতেন্ নাকি বর আলেন্?

অতৈক্কা=[ম]—বিণ. ভেকধারী, বাহানা বাজ ।। পুলাটা বব অতৈক্কা। [দেখ অতক্+ইয়া প্র.]।

অত্=[কুমৃ]—অব্য. হঠাৎ ।। অত্ কৈরা বমি কৈরা দিল। [অনু.]।

অত্‌ত=[য়া]—বি. শরীর ।। অত্‌তে জোর নাই। [<অতৃতা প্রাং <আত্মা সং=দেহ]।

অত্‌তকি=[কুমৃ] — বি. হরিতকী ।। অতৃতকি ইনুদুগ পুষার লাগে। [<হরতকী <হরিতকী]।

অত্‌ত করা=[চা]—ক্রি. ভান করা ।। কামের ডরে অতৃত দৈরা রৈসে। [<ওত্]।

অত্‌তর্=[কুমৃ, চট্ট]—অব্য. একত্র ।। ঘাডভ আইয়া হগলে অতৃতর ঐসে। [<একত্র]।

অত্‌তর্ হওয়া=[চট্ট]—ক্রি. মিলিত হওয়া ।। [<একত্র+হওয়া]।

অত্‌তা=[বা]—বি. চেতনাহীন,বেহুঁশ ।। হে মাইর খাইয়া অতৃতা দিয়া পৈরা রৈসে। [<হত্যা]।

২=[কুমৃ, চা, ম]—বি. আত্মসমর্পণ, নিরুপায় ব্যক্তির জানু পাতিয়া প্রার্থনা ।। হ্যায় মোমিদারের কাসারিত্ অতৃতা দিয়া পর্‌সে। [<হত্যা]।

অত্‌তা দিমি=[রং]—অব্য. ও থাম দিকিন ।। অতৃতা দিমি মুই আশোঁ। [<ও থাম দিকিন]।

অত্‌তি=[রং]—অব্য. এ দিকে ।। অতৃতি আয়তো। [<এ দিক্; কিংবা <এথা=হেথা]।

অত্‌তুন্=[চট্ট]—অব্য. ঐ স্থান হইতে ।। অাঁই অতৃতুন্ বিদায় নিয়া আইসি। [<ঐ+তুন অপাদানের বিভক্তি]।

অত্‌তো=[ব, রা]—বি. শরীর, দেহ ।। [দেখ অতৃত]।

অত্‌তো কুঁড়া=[রা]—বিণ. গোঁফখেজুরে, অতি অলস ।। এ্যামোন অতৃতো কুঁড়া গতোর নাড়া জায় না। [দেখ অতৃতো+কুঁড়া=কুঁড়ে]।

অত্‌থুন্=[চট্ট]—অব্য. ওখান থেকে ।। অতৃথুন্ কঁতে আইসস্? [দেখ অতৃতুন]।

অত্‌লা=[কুমৃ, মঁ, সি]—বিণ. এই পরিমাণ ।। অতৃলা বাত দিয়া দে। [<অতগুলা]।

২=[সি]=বিণ. অতগুলা ।। অতৃলা ট্যাহা কৈ পাইলায়? [পূর্বে দেখ]।

অত্‌লাতা=[কুমৃ, সি]—বিণ. এতগুলি ।। অতৃলাতা চাইল, আর অতৃলাতা চ'াইল্। [<অতগুলা+তা প্র.]।

অত্‌লি=[কুমৃ, সি]—সর্ব. এতটুকু, সামান্য পরিমাণ ।। অতৃলি কৈরা আর্ নিস্ না। [<অতগুলি]।

অথগু=[সি]—বিণ. এতগুলি ।। [<এত +গুলা]।

অথপ্‌পো=[খু]—বিণ. জ্ঞানহারা ।। পোলার মরার খবর পাইয়া বাপ্ অথপ্‌পো ঐয়া গেসে। [<অথর্ব]।

অথা=[ম]—বিণ. অতল ।। পুশকুনিত্ অথা পানি। [দেখ অঠৈ]

অথাও=[ব]—বিণ. গভীর ।। পুগুইর্ ডা খুব অথাও। [দেখ অঠৈ; তুং অথাহ্ হিং]।

অথোব্‌ব=[ব]—বিণ. চরম বৃদ্ধ ।। অথোবৃব বুড়া। [<অথর্ব]।

অথ্=[চট্ট]—বি. শপথ ।। অথ্ কৈরা ক। [*হঅথ<শপথ, কিংবা ওথ (oath) ইং]।

অদম্ চু'ড়া=[পা]—বিণ. দেখতে লম্বা ও হৃষ্ট পুষ্ট কিন্তু অকেজো ।। লোক্‌টা এক্‌করে অদম্‌চু'ড়া।

অদম্‌বুত্=[ম]—বিণ. অদ্ভুত, হোমরা-চোমরা ।। হ্যায় এ্যাকটা অদম্‌বুত্। [<অদ্ভুত]।

অদরিদ্=[সি]—বিণ. প্রচুর ।। [<অদরিদ্র]।

অদরে অদরে=[কুমৃ, পা]—ক্রি. বিণ. বারে বারে ।। 'দেয়া রে তুমি অদরে অদরে নামো' —গ্রাম্য গীত।

অদরের মরা=[ম]—বিণ. একেবারে অচল।। এই ডা অদরের মরা।

অদর্=[চট্ট]—বি. মুখ ।। [<অধর সং= নীচের ঠোঁট]।

অদর্ কদর্=[রা]—বি. ঘাটাঘাটি, তোলপাড় ।। [<অদর্ অনু:+কদর قدر (=আদর) আং]।

অদশ্‌ট=[রা]—বি. অদৃষ্ট, কপালের লেখা ।। অদশ্‌ট খারাপ, কুন্‌টে জাই? [<অদৃষ্ট]।

অদা পুরা করা=[ম]—ক্রি. প্রতিজ্ঞা পালন করা, কথা রাখা ।। [<অদা اداء আং+পুরা <পূর্ণ+করা]।

অদার্=[রং]—বি. অরুচি ।। তোর অদার ধৈছে বুঝি? [<অহ্বাদ প্রাং <আস্বাদ সং]।

অদার্=[রং]—বিণ. প্রয়োজনের অধিক ॥ খাওয়াডা অদার্ হছে। [<অচেল]।

অদি=[ম]—বিণ. নিকৃষ্ট ॥ মানুশটা কি অদি রে। [<অসতী (?) ম. বাং সতী=সৎ]।

অদিন্না=[ম]—বিণ. অসময়ে জাত ॥ অদিন্না, মুলার, শাক, ... । [<অ+দিন+ইয়া প্র. স্বার্থে]।

অদিয়=[য]—বিণ. অতিরিক্ত ॥ অদিয় খাওয়া ঠিক্ না। [<*অদীঅ <অধিক সং]।

অদিয়া=[রং]—অব্য. ঐ দিক্ দিয়া। অদিয়া গেইলেন্, আমার বাড়ি আইলেন্ না ? [<ঐ দিক্ দিয়া]।

অদিশা=[রং]—বিণ. জ্ঞানহীন অবস্থা ॥ অদিশাতে আঁছ। [<অ+দিশা]

অদিশ্টা পদিশ্টা=[সি]—বি. উন্নতি ॥ হ্যাতার্ অদিশ্টা পদিশ্টার্ মুলে হ্যাতার্ মা। [<অদিশ্টা অনুঃ+প্রতিষ্ঠা সং]।

অদু=[বা, ফ]—বি. মাছ ধরিবার গর্ত ॥ অদুটা আতাইয়া দ্যাখ্, মাস্টাস্ থাক্তে পারে। [<হ্রদ]।

২=[কুম]—বিণ. এখানে, কাছেই ॥ অদু, তোমার কাপর। [<অদূর]।

অদুইন্যাই=[ম]—বিণ. অপরিসীম ॥ তার অদুইন্যাই দৌলত আসিল্। [<অগুন্নাই <অগণ্য=অগুন্তি]।

অদুনি=[ম]—বিণ. সুন্দরী ॥ অদুনি সেরিডার ঐব্ব্যাশ্ বালানা। [<আদন্নি <*আদন্নী <আদরিণী অর্থ প্র.]।

অদুল্=[রং, খু, বা]—বিণ. অগ্রাহ্য, নামঞ্জুর, পরিবর্তন, অন্যথা ॥ [<'আদুল عدول আং]।

অদে অদে=[চট্ট]—অব্য. সমান সমান, ঠিক ঠিক ॥ অদে অদে দশ টেঁয়ার বাবার কর্ সি। [<হদ্দ حد আং (?)+এ বিভক্তি; মূল শব্দার্থ—সীমায় সীমায়]।

অদের কানাই=[ক]—বি. এক প্রকার মাছ, সোপরি মাছ ॥ অধুনা ... অদের কানাই খুব পাওয়া যায়। [অদের <হ্রদের; কানাই <কান<কানু প্রা° <কৃষ্ণ সং+আই প্র.]।

অদেল্লে=[খু]—বিণ. লোভী ব্যক্তি ॥ অদেল্লের মত এমন কর ক্যা ? [<আদেখ্লে]।

অদেশ্ট=[খু]—বি. ভাগ্য ॥ [<অদৃষ্ট]।

অদেশ্টা=[বা]—বি. অদৃষ্ট, ভাগ্য ॥ মোর অদেশ্টা মন্দ। [<অদৃষ্ট]।

অদেশ্টার ধন=[ম]—বি. অপ্রয়োজনীয় দ্রব্যের বা মানুষের বাহুল্য ॥ [দেখ অদেশ্টা+র (সম্বন্ধে)+ধন]।

অদ্যাখ্লা=[ব]—বিণ. ছোট লোক ॥ তার মত অ্যামন্ অদ্যাখ্লা দেখিনি। [<আদেখলা; আ+দেখলা=দর্শনকারী, √দেখ; দেখ অদেল্লে]।

অদৈন্ন=[বা]—বিণ. অসংখ্য ॥ খোদায় তোমারে অদৈন্ন কোইরা দেউক। [<অগণ্য]।

অদো=[ফ]—অব্য. হে, ওহে ॥ অদো, হুন্সনি ? [<ঐ দেখ; তুং হেদে]।

অদোগিন্না=[রং]—বি. নিকৃষ্টতর ঘৃণা ॥ অ্যাত অদোগিন্না পাইনি ? [<অধঃ কিংবা অধম+ঘৃণা)।

অদোগিন্নার নাস্তি=[রং]—বিণ. নিকৃষ্ট ঘৃণার মতো ॥ [দেখ অদোগিন্না+র (সম্বন্ধে)+নাস্তি=ন্যায়]।

অদোম্=[রং]—বিণ. ঐরূপ ॥ দ্যাক্ তুই অদোম্ কতা আর কৈস্না।

অদোয়ান্ন্যা=[চট্ট]—বিণ. অকেজো (গরু) ॥ অদোয়ান্ন্যা বলদ। [অ+ধোয়া √ধো+আন প্রযোজক ক্রিয়াবাচক প্র.+ইয়া প্র. মূল অর্থ যাহাকে খোয়ান হয় নাই]।

অদ্=[নো, চট্ট, কুম]—বি. রাস্তা (বাড়ীর সম্মুখের) ॥ হেনি গেলে এই অদে যাও। [<অধ্ব (ন্) সং]।

২=[বা]—বি. গর্ত ॥ অদ্-এর মৈদ্দে হাপ্ আসে। [<হদ<হ্রদ]।

৩=[ম, খু]—বি. হৃদয় ॥ ওই খোবিশের হাতের মাল্ অদে চা'য় না। [<অদয় <হৃদয়<হৃদয় সং]।

৪=[সি]—বি. সীমানা ॥ [<হদ্দ حد আং]।

অদ্গত্যা=[ক]—বিণ. অকর্মা ॥ তুমি এ্যাক্কেরে অদ্গত্যা। [<অধোগতি+ইয়া প্র.]।

অদ্দ=[ম]—বি. জঙ্গল ॥ গরের অদ্দ সাফ্ কর।

২=[ম]—বি. চরম, শেষ প্রান্ত ॥ কৈরা অদ্দ ঐসি, ও পুলার কথা হুনেনা। [দেখ অদ্ ৪]।

অদ্দ করা=[ম]—ক্রি. চরমভাবে বলা, চূড়ান্ত করা ॥ কওয়ার অদ্দ কোর্ সি, কিন্তু কাম অয়না। [দেখ অদ্দ ২]।

অদ্দব্=[ম]—বিণ. মুমূর্ষু অবস্থা ॥ অদ্দব্ ব্যারামি। [অব্তব হিং]।

অদ্দরথা=[চট্ট]—বি. জামা বিশেষ ॥ [<আংরাখা<অঙ্গ রক্ষক; অঙ্গরখা হিং]।

অদ্দা=[ফ]—বি. বড় দাদা ॥ অদ্দা তুমি কৈ যাও ?

অদ্দিন্=[ঢা]—ক্রি. বিণ. এতদিন ॥ অদ্দিন্ তুমি কৈ আসিলা? [<অতদিন]।

অদ্দিশ্=[ম]—বি. সন্ধান ॥ তার কোন অদ্দিশ্ নাই। [<উদ্দেশ]।

অদ্দুরা=[কুম, সি]—বিণ. এতটুকু ॥ অদ্দুরা দুদ্। [দেখ অদ্দুর+আ প্র.]।

অদ্দুর্=[কুম, সি]—বিণ. এতদূর ॥ অদ্দুর অ্যাহন্ কেডা যাইব ? [<অতদূর]।

অদ্দুর্তা=[কুম, সি]—বিণ. এই পরিমাণ, অল্প ॥ অদ্দুর্তা বর্তা দিয়া কি বাত খাওন যায় ? [দেখ অদ্দুর+তা প্র.]।

অদ্দেক্=[রা]—বিণ. অর্ধেক ॥ তোর অদ্দেক্ কথাই মিছা। [<অর্ধেক]।

অদ্দে বাইরা=[ঢা]—অব্য. ওহে ॥ অদ্দে বাইরা, কর্লি কি ? [<ঐ দেখ ভাইরা]।

অদ্দো=[ক]—অব্য. ঐ দেখ, দেখ দেখ ॥ অদ্দো পোলাডা করে কি ? [<ঐ দেখ; দেখ অদো]।

অদ্‌না=[কুম]—বিণ. নিকৃষ্ট, অধম, ছোট, নগণ্য, হীন, স্বল্প ।। হ্যায় অদ্‌না ব্যাডা । [<আদ্‌না ادنی আং]।

অদ্‌ভুশি=[রা]—বিণ. অকর্মা স্ত্রী-লোক ।। অদ্‌ভুশি ঝি । [অদ্‌ভুশ+ই স্ত্রী প্র. ; দেখ অদ্‌ভুশ্]।

অদ্‌ভুশ্=[রা]—বিণ. অল্প জ্ঞানী লোক, অকেজো ।। তুই এ্যাক্ নম্বরের অদ্‌ভুশ্ । [<অদ্ভুত অর্থ প্র.]।

অদ্‌লা=[দি]—বি. বদলা ।। ট্যাকা ধার নিবু কিন্‌তুক অদ্‌লা কি দিবু কদিনি—ধান্ না পাট ? [<'আদল عدل আং]।

অদ্‌লান্ ফদ্‌লান্=[রা]—ক্রি. বিণ. আপত্তি ।। টাকা দিতে অদ্‌লান ফদ্‌লান কর কেনে ? [অদ্‌লান্ <'আদল عدل আং+আন+ফদ্‌লান অনু:]।

অধয্=[খু]—বিণ. <অগাধ ।।

অধিদন্‌ত=[য, খু]—বিণ. সমস্ত, সর্বময়, একেবারে ।। [<অধিকন্তু]।

অধোরি=[খু]—বিণ. অনবরত ।। [অ+ধর (=থামা)+ই প্র.]।

অনক্‌কত্=[ম]—ক্রি. বিণ. অকারণে ।। অনক্‌কত্ কতা বারাইস্ না । [<অনর্থক]।

অনত্‌বনত্=[ব]—বি. অনৈক্য ।। তার সাথে আমার অনত্‌বনত্ নাই । [অনত অনু:+বনত্=বন্ (মনের বা মতের মিল হওয়া)+অত প্র. তুং বন্‌না ক্রিং]।

অনস্‌ত=[ম]—অব্য. অন্যত্র ।। তুমি অনস্‌ত দ্যাহ । [<অন্যত্র]।

অনা=[দি]—বিণ. ঐটুকু ।। অনা ধানে কয় দিনের খোরাক হবি বাহে ? [<ঐ না]।

২=[দি]—বি. ঢেঁকির ধান ভানার গর্ত ।। অনাত ধান দিয়ে কুতি গেলু ঐ মাগি ?

অনাইমুইক্‌কা=[চা]—বিণ. যাহার মুখ দেখিলে অমঙ্গল হয় ।। আউয়্‌গা কোন্ অনাইমুইক্‌কার মুক্ দেইক্‌কা বাইর ঐসত্ ? [<অলক্ষুখিয়া=অলামুখো ; অনা+মুখ+ইয়া প্র.]।

অনাজল্‌লি=[রা]—ক্রি. বিণ. বিফল, অনর্থক ।। অনাজল্‌লি খেটে মঁরনু । [<অন্+আজর اجر আং=মজুরি +ই প্র.]।

অনাষ্=[চা, ন]—বি. খাদ্যশস্য, আবাদী ফসল ।। [<অণ্ণজ্জ প্রাং <অন্নাদ্য সং (হিং অনাজ) ; সাধুভাষা আনাজ]।

অনাটি=[য]—বিণ. অভাব ।। [<অনটন]।

অনান্=[ব]—ক্রি. (ঘৃত) গলানো, তাপ দেওয়া ।। ঘিউ অনায়নি । [√অন্+আন প্রযোজক ক্রিয়া বাচক বিশেষ্য বোধক কৃৎ প্র. । অন্<উন্ন<উন্নহ <উষ্ণ সং ; অন্যত্র উন্ । তুং উনান]।

অনাবিয়াইস্‌তা=[চা]—বিণ. অবিবাহিতা, কুমারী ।। অনাবিয়াইস্‌তা মাইয়া নাইয়রের শুখ্ দুখ্ কি বুযে ? [দেখ অন্‌বিয়াতো]।

অনার্=[ম]—বিণ. বোধশূন্য, নিশ্চল ।। রোগিডা অনার ঐয়া পৈরা আসে । [<অনড়]।

অনি=[চট্ট]—বি. চিরুনি ।। অনি বাবনি কড়ে ? [দেখ ঐন]।

অনিল্=[সি]—বিণ. জনহীন ।। অনিল্ পর্‌বতো হুমা পৈখ আসে । [<অনালয় তুং নিরালা <নিরালায়]।

অনিশ্‌টি=[কুম, সি]—বিণ. অনিষ্ট, মন্দ ।। কেউইর অনিশ্‌টি কৈরোনা । [<অনিষ্ট]।

অনু=[ম]—অব্য. তথায়, ঐ দিকে, ওখানে ।। অনু কেডা বৈয়া রৈসে রে ? [<ওখানে]।

অনুজল্‌লি=[রা]—ক্রি. বিণ. অনর্থক, বিনা কারণে ।। [দেখ অনাজল্‌লি]।

অনুপম্=[রং]—বি. সবরী কলা ।। [সং, অর্থ—যাহার উপমা নাই]।

অনুপাঁয্‌রা=[পা, কু]—বিণ. অলক্ষ্মী, অলুক্ষণে, দুর্ভাগা ।। অমন অনুপাঁয়্‌রা মাগির মুখত্ আগুন । [<উন পাঁজর (=যাহার পাঁজর কম)]।

অনুমন্‌ত=[কুম্]—বিণ. উতলা মত্ত, হেতে অনুমন্‌ত ঐ গ্যাসে । [<উন্মত্ত]।

অনুমান্=[চা, ম]—বি. <হনুমান ।। অনুমানের নাচ্' দেখ্‌লি ?

২=[চট্ট]—বি. অনুপান, ওষুধের সঙ্গে সেবনীয় দ্রব্য ।। কবিরায ওশুদের লগে অনুমান দেইয়ে । [<অনুপান]।

অনে=[ম]—বি. ওখানে ।। অনে মাসটা থো । [<ওখানে]।

২=[কুম]—অব্য. এখন ।। আমি অনে যামু । [<এখন]।

অনেক্‌লা=[দি]—বিণ. অনেকগুলি ।। অনেক্‌লা মাছ । [<অনেক গুলা]।

অনেত্=[রা]—সর্ব. উনি ।।

অনেরা=[ম]—সর্ব. আপনারা ।। অনেরা কৈ যান ? [<আপনেরা=আপনারা]।

অনো=[সি]—অব্য. এইখানে ।। অনো বও । [<এখানে]।

অনোক্=[কুম]—বিণ. অনেক, বেশী ।। অনোক্ মাস্ পাইসি । [<অনেক]।

অন্=[ম]—ক্রি. বিণ. <এখন ।। অন্ কৈ যাইয়াম্ ?

অন্‌কু=[সি]—ক্রি. বিণ. এখন ।। অন্‌কু মিয়ার তেল্‌তেলি নাই [<এখুন <এখন]।

অন্‌খুলা=[ব, রা]—বি. গাড়ীর চাকা ।। গাড়িটার অন্‌খুলা ভাঙা । [<অক্ষ সং+উলা প্র.]।

অন্‌গা=[রা]—বি. ছোট ছোট মাছ ধরার ফাঁদ বিশেষ—বাঁশের কাঠির তৈরী ও ত্রিকোণাকার ।। অন্‌গা দিয়া পোনা মাছ মারা জায় ।

অন্‌গোচ'র্=[পা]—বিণ. চক্ষের আড়াল ।। [<অগোচর]।

অন্‌চন্ =[রা]—অব্য. উৎকণ্ঠা ।। [<আন্‌চান্]।

অন্‌চি'না=[সি]—বিণ. নতুন স্থানে আগত যে (গরু বা মানুষ) ।। অন্‌চি'না গরু চ'াইরোবার খালি দর্‌মরাইয়া চা'য় । [<অন্+চিনা=অচেনা]।

অন্‌চে'ান্না=[ম]—বিণ. আশ্চর্য সুন্দর ।। অন্‌চে'ান্না চি'কুন্তা ক্যাডার আন্‌সে রে ?

২=[খ]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আপ্নে অন্চো'না কৈত্তে আইসৈন ? [<অন্ +চাওনা=চাওয়া]।

অন্জালা=[দি, রং]—বি. বিরক্তি, অসুবিধা, জ্বালাতন ॥ শংশারের অন্জালা আর শৈতে পারি না। [<অন্ (স্বার্থে)+জ্বালা]।

অন্ঝির্=[ম]—বি. কৃমি ॥ তর্ প্যাডে অন্ঝির্ ঐসে। [<অজীর্ণ অর্থ প্র.]।

অন্টক্কা=[রা, ক]—ক্রি. বিণ. সহসা, হঠাৎ ॥ [<অটক্কিত্ <অতর্কিত সং]।

অন্টাইম্=[য]—ক্রি. বিণ. অসময় ॥ অন্টাইমে আলি ক্যান্ ? [অন্+টাইম Time ইং]।

অন্ঠ=[ম]—বি. বিরতি ॥ আমি অন্ঠ দিসি, পেইল্ ঐত না। [<অন্ত]।

অন্ঠাল্=[বা]—বিণ. ঐরূপ বা ঐ প্রকার ॥ [<অমন ধারা বা অমনচাল (<ধারা)]।

অন্ডন্=[ম]—বিণ. শূন্য, খালি ॥ যাওয়ার পথে অন্ডন্ কলশ্ নিয়া বাইর্ ঐও না। [ধ্বন্যা.]।

অন্ডে=[চট্ট]—অব্য. ঐ স্থানে ॥ অন্ডে কাগঁজ্খান রাখ। [<ওখান-টায়]।

অন্ডৈল্যা=[চট্ট]—বিণ. সেই রকম ॥ অন্ডৈল্যা কতা আঁই ন হুইন্নে। [অন্ <অমণ + ডৈল্যা <ডৌল (= আকৃতি) হিং+ইয়া প্র.]।

অন্তন্=[চট্ট]—বি. মুমূর্ষু অবস্থা ॥ রোগি অন্তন্, দারু সয়মাশের পথ। [<এখন তখন। দেখ অদ্দব্]।

অন্তম্ভি=[চা]—বিণ. অগণিত ॥ [<অগণতি]।

অন্তস্ত=[য]—বি. তালাশ, খোঁজ ॥ [<অত্তস্ব=তদন্ত]।

অন্তা=[ম]—বিণ. কুঁড়ে ॥ গোরিব মানুশ এ্যাতো অনতা ঐলে চ'লুতো না। [<অন্ত্য]।

২=[ম]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥ অন্তা পাইত্তা কি মাস্ পাইসো ?

অন্তাকুড়ে=[য]—বিণ. অতিমাত্রায় অলস। [<অন্ত কুঁড়ে]।

অন্তারাশ্=[দি]—বি. চমকানি ॥ হঠাত্ আত্তত্ গায়ের মধ্যে আগুন দেকে মোক ভয়ে অন্তারাশ নাগ্লো। [<অন্ (স্বার্থে) ত্রাস্]।

অন্তি=[রং]—বি. কর্ণালঙ্কার ॥ অন্তি দুইডা কানোত্ দ্যাও।

অন্তে=[রং]—অব্য. জন্যে ॥ এই ছাওয়াটার অন্তে মুই কিছুই করবার পাও না। [<অন্তরে=তবে]।

অন্তে পন্তে=[কুম]—ক্রি. বিণ. সকল দিক্ দিয়া ॥ হেইতে আমারে অন্তে পন্তে বিনাশ কর্লো। [<অন্তে প্রান্তে]।

২=[দি]—ক্রি. বিণ. দূরে দূরে ॥ কি আর কোরিবি, অন্তে পন্তেই থাকিলি ? [দেখ অন্তে পন্তে,]।

অন্থনে=[সি]—বি. এখান হইতে ॥ অন্থনে যাও। [অন+থনে; অন <এহান <এখান; থনে অপাদানের বিভক্তি]।

অন্দন্=[রং]—বি. রন্ধন, রান্না ॥ মাছ আর বিলাতি আলু একেটেই অন্দন্ করো। [<রন্ধন]।

অন্দল্=[কুম, সি, চা]—বিণ. অন্ধ ॥ বাফে দুই চৌক্ অন্দল্ ঐয়া পৈরা রৈসে। [<অন্ধল=অন্ধ+ল (স্বার্থে) প্র.]।

অন্দশা=[দি]—বি. বড় আকারের মালপুয়া বা পিঠা বিশেষ ॥ [<অন্দরসা হিং]।

অন্দারা=[পা]—বিণ. এমন ॥ [<এমন ধারা]।

অন্দার্=[কু]—বিণ. ঐরূপ, ঐরকম ॥ তার অন্দার্ কলম্ নাই। [<অমন ধারা]।

অন্দিয়া=[ম]—ক্রি. বিণ. ঐখান দিয়া ॥ অন্দিয়া যাও। [<ঐখান দিয়া]।

অন্দেখা=[নো]—বিণ. অদেখা, অদৃশ্য ॥ [<অন্+দেখা]।

অন্দেহা=[কুম]—বিণ. দেখে নাই এমন. ॥ অন্দেহা যিনিশ্ কিন্যা পস্তাইও না। [দেখ অন্দেয়া]।

অন্দোক্=[রং]—বিণ. অন্ধ ॥ অন্দোক্ মানুশ কিছুই দেখবার পায় না। [<অন্ধ+ক স্বার্থে]।

অন্ধার্=[রা]—বিণ. ঐরূপ, ঐরকম ॥ তুই অন্ধার্ ক্যেন্রে ? [<অমন ধারা]।

অন্না=[কু, ম]—বি. ষাঁড়, এঁড়ে মহিষ ॥ মৈশের পালে এ্যাকটা অন্না আসে ॥ [<অণ্ড ; তুং এঁড়ে]।

অন্পাশে=[ম]—ক্রি.বিণ. অসাক্ষাতে ॥ অন্পাশে কোন দোশ্ কৈও না। [<অন্+পাশে=পার্শ্বে]।

অন্বিয়ত্=[ম]—বিণ. অবিবাহিত ॥ অন্বিয়ত্ মাইয়া ঘরে থুইয়া মায়ের চ'ক্কে ঘুম নাই। [<অন্+বিয়ত <অবিবাহিত]।

অন্বিয়াত্তো=[রা]—বিণ. অবিবাহিত ॥ [<অন্+বিয়াত্তো<বিবাহিত]।

অন্বোলা=[সি]—বিণ. যাহার ভাষা নাই ॥ গোরু বাস্থুর অন্বোলা যিব। [<অন্+বোলা]।

অন্শারি=[চট্ট]—বিণ. প্রতিশ্রুতি-শীল ॥ হিতার অন্শারি পুযারে খর্চে'র অভাবে হবাইতো ন পারে।

অন্হক্=[ম]—বিণ. অনর্থক ॥ অন্হক্ কাইন্দা লাব্ কি ? [অন্+হক<হক্ব حق আং]।

অন্হে দুন্হে=[ম]—ক্রি. বিণ. শুধু শুধু ॥ অন্হেদুন্হে ট্যাহাগুলাইন নশ্টো ঐল। [অন্হে<অন্যায়ে + দুন্হে অনু:]।

অপকাম্=[রং]—বি. খারাপ কাজ ॥ [<অপ+কাম<কম্ম প্রা° <কর্ম সং]।

অপগাটা=[রং]—বি. খারাপ রাস্তা ॥ অপগাটাত্ চলা তোর দস্তুর। [<অপ +ঘাটা (=ঘাট, অর্থান্তরে রাস্তা)]।

অপগাটাইলা=[রং]—বি. যে লোক অপকীর্তি করে ॥ তুই অপগাটাইলার হদ্দ। [<অপঘট + ইলা কর্তৃবাচ্যে প্র.]।

অপছান্না=[রং]—বিণ. অপরিস্কার ॥ এ জাগাখান্ হাগিয়া মুতিয়া অপছান্না করলে কাঁই ? [<অপরিচ্ছন্ন]।

অপডাংগাইত্=[রং]—বিণ. ফাঁকিবাজ বা দুষ্ট লোক ॥ লোক্টা বড়ো অপ-ডাংগাইত্। [<অপ+ডাকাইত]।

অপডান্টা = [রং] — বিণ. দুরন্ত (লোক) ॥ তুই বড়ো অপডান্টা। [<অপদান্ত=দুর্দান্ত]।

অপডান্টাইয়া=[রং]—বিণ. দুষ্ট, ছোট বড় জ্ঞান নাই যাহার ॥ [দেখ অপডান্টা+ইয়া প্র.]।

অপতিলান্=[রং]—বি. উচ্চৈঃস্বরে কান্নাকাটি ॥ এ্যামন অপতিলান্ করে কার ছাওয়া রে ?

অপদল্=[রং]—বি. দল সংযুক্ত নয়। দল অপদল্ তামানে নিছু। [অপ+দল ; সাধুভাষা—বিদল]।

অপদা=[পা]—বিণ. অপয়া, অনা-দরণীয় ॥ [<অপদ+আ প্র.; সাধু-ভাষায় অপদস্থ]।

অপদিশ্=[রং]—বি. কোন দিশা না পাওয়া ॥ [<অপ+দিশ<দিশা সং]।

অপধুতি=[রা]—ক্রি. বিণ. অবিরত ॥ শে অপধুতি কথা কয়।

অপরা=[কুম, সি]—বিণ. অপয়া ॥ পরা অপরা মাইন্যা চ'লন্ লাগে। [<অপয়া]।

অপরান্ত=[বা]—বিণ. হাঁটা বা চলায় বিশেষ কষ্ট হয় যাহার, বিশেষ করিয়া গর্ভের শেষ অবস্থায় ॥ [<অ+পারন্ত √পার্]।

অপরবাবি=[রং]—বি. স্ত্রীছাড়া অন্যকে যে ভালবাসে ॥ [<অপর + ভাব+ই প্র.; তুং ভাব করা]।

অপশার্=[খু]—বি. অবসর ॥ আমার অপশার্ নাই। [<অবসর]।

অপশুতি=[রা]—ক্রি. বিণ. একঘেয়ে, একাদিক্রমে ॥ [<অবিশ্রান্ত]।

অপাই=[য]—বিণ. অপয়া ॥ অপাইটা কোথায় ? [<অপয়া]।

অপাইজল্=[রং]—বিণ. বিশ্রী ; খারাপ। এই ঘাটোটাত্ হাগিয়া মুতিয়া অপাইজল্ কচ্চে। [<অপ্রাঞ্জল ; অর্থের বিকৃতি]।

অপাইন্জল্=[রং]—বিণ. অপবিত্র বস্ত্র ॥ এই কাপোড় খানত্ অপাইন্জল্ ভরেয়া খাস্তা কচ্চে। [দেখ অপাইজল্]।

অপাং=[রং]—বি. গুজব, রটনা ॥ তোর অপাং কথা কেডা হুনে। [দেখ অফাই]।

অপাংগা=[চট্ট]—বিণ. অদ্ভুত ॥ অপাংগা কথা। [দেখ অপাক্+গা প্র.]।

অপাক্=[কুম]—বিণ. আশ্চর্য ॥ তার কাম দেখ্লে অপাক্ লাগে। [<অবাক্]।

অপাত্=[রং]—ক্রি. বিণ. নষ্ট, খারাপ ॥ ভাত্গুলা মাটিত্ ফ্যালায়া অপাতে প্যাটাবে। [<অধঃপাত]।

অপাত্ত=[খু]—বিণ. অসভ্য ॥ লোকটা বড়ো অপাত্ত। [<অপাত্র]।

অপানি=[রা]—বি. মানুষ ॥ এত অপানি কোথায় ছিল ? [<অ+প্রাণী]।

অপাল্টি ম্যায়া=[রা]—বি. ব্যর্থ স্ত্রীলোক ॥ অপাল্টি ম্যায়ার মতো কাম্ করিশ্ ? [অপাল্টি=অকৃতকার্য+ <মাইয়া <মাতৃকা=মেয়ে]।

অপুইস্ল্যা=[পা]—বিণ. অবহেলিত ॥ [<অ+পুছিল (√পুছ=জিজ্ঞাসা করা) +ইয়া প্র.]।

অপুচি'হু=[ব]—বিণ. যাহাকে কেহ জিজ্ঞাসা করে না, ঘৃণ্য ॥ তুই বড়ো অপুচি'হু। [<অ+পুছিহ ; দেখ অপুইস্ল্যা]।

অপুচ্=[রং]—বিণ. মূল্যহীন, অগ্রাহ্য, চাহিদাহীন ॥ পুয়াটু লাউ বাজারোত্ অপুচ্। [<অপুছ=অ+পুছ(=জিজ্ঞাসা করা)]।

অপুছ্=[দি]—বিণ. যাহাকে কেহ জিজ্ঞাসা করে না, নামহীন, অনাদৃত ॥ গরিব লোক শব জাগাতেই অপুছ্। [অ+পুছ, দেখ অপুচ্]।

অপুত্রা = [ম] — বিণ. অপুত্রক, নিঃসন্তান ॥ অপুত্রার মাল বারো ঘনে খায় ॥ [<অপুত্র]।

অপুর্=[রা]—বিণ. কচি, ছোট, অপরি-পক্ক ॥ অপুর্ জাম্। [<অ+পুর (=পূর্ণ)]।

অপুস্সা=[পা]—বিণ. অবহেলিত ॥ এমন অপুস্সা মাইন্শেরও দরকার্ হচে'। [দেখ অপুছ্+আ প্র. দেখ অপুইস্ল্যা]।

অপোশা=[পা]—বিণ. যাহাকে পোষ মানানো যায় না ॥ অপোশা কুত্তর। [<অ+পোষা]।

অপ্অপি=[ম]—অব্য. হুপাহুপ, তাড়া-তাড়ি ॥ অপ্অপি চ'াইর্ডা খাইয়া ল। [অনু.]।

অপ্কতা=[কুম]—বি. গুজব, বাজে কথা ॥ অপ্কতা হগ্গলতা হাসা অয় না। [<অপকথা]।

অপ্ত=[রা]—বি. রক্ত ॥ বাপ্রে, অপ্ত কি লাল ? [<রক্ত]।

অপ্তার=[কুম, নো]—বি. বিপদ ॥ অপ্তারের শময় কেউইর দ্যাহা নাই। [<অপকার]।

অপ্ফুলানো=[য]—ক্রি. ক্ষুব্ধ হইয়া বসিয়া থাকা, অভিমান করা ॥ এ্যাতক্খন ঝগ্ড়া কৈরা এ্যাখন অপ্ ফুলাইসেন।

অফট্=[সি]—বি. জনরব, গুজব ॥ [<উদ্ভট]।

অফা=[ব]—বি. মীমাংসা বা শেষ ॥ কাযিয়া বাযিয়া লাব কি, অফা কোরে ফ্যাল্। [<রফ্'আ رفع আং]।

অফাই=[ফ]—বি. গুজব ॥ [<আফ্রাহ্ افواه আং]।

অফাদান্=[ব]—বি. আহ্ল-ই-হাদিস সম্প্রদায়কে বলা হয় ; রুকু ও সিজ্দায় যাইবার প্রাক্কালে এই সম্প্রদায়ের লোকেরা উভয় হাত উঠায় বলিয়া তাহাদিগকে 'অফাদান' বলা হয় ॥ [<রফ'য়দয়ন رفع يدين আং (=দুই হাত তোলা)]।

অফারাইমা=[পা]—বিণ. অপ্রাসঙ্গিক ॥ অফারাইমা কতা কয়ো না। [<অকর্ম +ইমা প্র.]।

অফুল্যা=[রা]—বিণ. অফলন্ত ॥ আম-গাছটা এ্যাখনও অফুল্যা। [<অফুল+ ইয়া প্র.]।

অফেলা=[সি]—বি. উপেক্ষা, অবহেলা, তচ্ছ ॥ ই চি'য্‌টা অফেলার নয়। [<অবহেলা]।

অফ্‌=[পা]—বি. আশ্চর্য ॥ পোলাটার কাম্‌ দেখ্‌লে অফ্‌ লাগে।

অফ্‌অফা=[ম]—বিণ. খোলা, মুক্ত ॥ চৈ'ত্‌ মাশের হাইন্‌যায় অফ্‌অফা বাতাশ বৈতাসে। [অনু.]।

অফ্‌তামো=[রং]—ক্রি. লুকাইয়া রাখা ॥ অফ্‌তালু নাকি ?

অফ্‌ফুলানো=[ম]—ক্রি. মুখভার করা, রাগ করা ॥ পোলাডা অফ্‌ ফুলাইয়া রৈসে। [দেখ অপ্‌ফুলানো]।

অবং=[ব, ম]—বিণ. বোকা, অযোগ্য (গালি অর্থে) ॥ তুই এ্যাকেবারে অবং। [<অভব্য]।

অবগিন্‌না=[কু]—বি. অতি নিম্ন স্তরের ঘৃণা ॥ [<অবঘৃণা সং]।

অবডব=[রা]—বিণ. ছট্‌ফট্‌, মুমূর্ষু অবস্থা ॥ রোগির অবস্‌থা অবডব। [দেখ অব্‌তব্‌]।

অবতব=[সি]—বি. মৌখিক সহানুভূতি প্রকাশ ॥

অবতার্‌=[পা, ফ]—বি. অদ্ভুত ব্যক্তি ॥ শে যে অবতার্‌ ঐয়া বৈসে। [<অবতার (=incarnation); ব্যঙ্গার্থে]।

অবতুরে=[পা]—বিণ. নিঃসহায় ॥ অবতুরেকে কেউ দেখ্‌তে পায় না। [<আতুর+এ প্র.]।

অবত্যানি=[ব]—বিণ. ছোট, বুদ্ধিহীন, কচি বালক ॥ [<অবোধ+আনী প্র.]।

অবতৈরা=[পা]—বিণ. অকর্মী ॥ অবতৈরা লোক কোথাও টিহে না। [দেখ অবৈদরা]।

অবত্‌র=[চট্ট]—বিণ. অকাল-পক্ক ॥ অবত্‌র কাঁডল ন খাইয়ম্‌।

অবত্‌র‍্যা=[ব]—বিণ. অকালে উৎপন্ন ॥ অবত্‌র‍্যা লাউ।

অবথকা=[ম]—বিণ. অকেজো ॥ [<অবথ্‌ক্ক প্রাং<অবস্তুক সং]।

অবদ্‌=[রা]—বিণ. যাহার হুঁশ জ্ঞান কম ॥ [<অবোধ]।

অবদ্‌দারে=[রা]—ক্রি. বিণ. অনবরত ॥ অবদ্‌দারে মোর শাথে ঝগড়া কর্‌চো খালি। [<*অবিতর<অবিরত+এ বিভক্তি]।

অবধুত্‌=[খু]—বি. অপদার্থ ; উদাসীন, অকেজো (গালি অর্থে) ॥ অবধুত্‌ কোথাকার। [<অবধূত (=এক শ্রেণীর সন্ন্যাসী) সং]।

অবনি=[ফ]—বি. অভাব ॥ অবনিত্‌ পৈরা আপ্‌নের কাসে আইসি। [<অ+√বন্‌=মিল হওয়া+ই প্র.]।

অবন্‌ড=[ঢা]—বি. গালি গালাজ ॥ হ্যার্‌ অবন্‌ড হুইন্যা আমার শৈল্‌লে আগুন্‌ লাগ্‌সে। [অভদ্র]।

২=[ম]—বিণ. অশ্লীল বা অকথ্য ॥ পুলাডা বর অবন্‌ড কতা কয়।

অবন্‌তর্‌=[ফ]—বি. ব্যতীত, অভাবে ॥ [<অবান্তর]।

অবর্‌=[ম]—বিণ. বোকা ॥ লোকটা এ্যাক্‌ নম্‌বরের অবর্‌। [<অবর সং= নিকৃষ্ট; অর্থ প্র.]

অবর্‌যবর্‌=[ম]—বিণ. বিশৃংখলা, উৎপাত ॥ কাম অবর্‌যবর্‌ কৈরো না [অনু.]।

অবলংগা=[ম]—বি. বোকা, বেয়াদব, অশিষ্ট ॥ এই অবলংগাডা ক্যারে আইসে ? [<অ (স্বার্থে)+বাঙ্গাল ; তুং অবাংগাল্‌]।

অবলা=[দি]—বি. ঐবেলা বা অবেলায় ॥ অবলা বাড়িত্‌ থাইক। [<ঐ বেলা]।

অবস্‌তর=[ম]—বিণ. উলংগ ॥ গরিব পোলাডা অবস্‌তর থাহে। [<অ+বস্ত্র]।

অবা=[চট্ট, নো]—অব্য. হে, ওহে, ॥ অবা কন্‌ডে যাও ? [<ও ভাই]।

২=[কুম, পা]—বিণ. বোকা, বুদ্ধিহীন ॥ এ্যাডা অবার কাম্‌ না [<হাবা]।

৩=[ম]—বি. মড়ক, মহামারী ॥ অবায় গাওকে গাও উজার ঐতাসে। [<ব্বা ৬৩ আং]।

৪=[ম, পা]—ক্রি. বিণ. অমন, ঐরকম ॥ অবা করতাসস্‌ ক্যা ? [<ঐ +বা প্র.; তুং কিবা]।

৫=[ঢা, কুম]—বি. জলচর পাখী বিশেষ, গাং চিল হইতে একটু বড়, যেখানে বসে সেখানেই লেজ নাড়ে ॥

অবাই=[পা, ফ, ম]—ক্রি. বিণ. অমনি, ঐ রকম ॥ অবাই লাফ দেওয়ায় তার্‌ পা বাইংগা গ্যাসে। [<ঐ+ভাবে]।

অবাংগাল্‌=[পা]—বিণ. বুদ্ধিহীন ॥ অবাংগালের মত চ'লস্‌ ক্যা ? [<অ (স্বার্থে)+বাঙ্গাল (=বঙ্গদেশীয়) ; দেখ অবলংগা]।

অবাচ্‌'=[খু]—বিণ. বলহীন, নিস্তেজ ॥ শোমস্‌ত দিন বশে থাহে আমার হাত পাও অবাচ্‌' হৈয়ে গেইচে'। [<অবশ]।

অবাট্‌=[পা]—বি. রবার ॥ অবাটের যুতা। [<রবাট<রবার rubber ইং]।

অবাতানি=[ব]—বিণ. কচি, ছোট ॥ অবাতানি সাওয়াব উপদ্‌রব অশয্‌য। [দেখ অবত্যানি]।

অবাতুইরা=[পা]—বিণ. অকেজো ॥ অবাতুইরা যিনিশ ফালায়া দে। [দেখ অবতৈরা]।

অবাত্‌তি=[পা]—বিণ. কাঁচা, কচি ॥

অবানি=[রা]—বিণ. কিশোর ॥ অবানি বয়শ।

অবাব্‌=[বা, কুম]—বি. অভাব, অনটন ॥ অবাবের শংশার। [<অভাব]।

অবায়=[সি]—ক্রি. বিণ. ওদিকে ॥ তোমরা অবায় যাও। [<ঐবাগে (=দিকে)]।

২=[রং]—বি. না থাকিলে ॥ তু অবায় মোর চল্‌বার নয়। [<অভাবে]।

অবায়দি=[সি]—ক্রি. বিণ. এই দিক দিয়া ॥ অবায়দি আইউক্‌কা বাইগি, তৌ যল্‌দি যাইয়ুম্‌গৈ। [<ঐ বাগে দিয়া]।

অবার্‌=[পা]—বি. রবার ॥ [দেখ অবাট্‌]।

অবাহে=[দি]—অব্য. ওগো, ওহে ॥ অবাহে, বাবা কুন্‌টে ? [<ও *বাউ হে <ও বাপু হে<ও বাপু হে]।

অবি=[ম]—ক্রি.বিণ. ঐ রকম ॥ কাম্‌ডা অবি না করাই বালা। [<ঐ+বিহি প্রাঃ <বিধি সং]।

২=[চা]—বি. যুক্তিহীন তার্কিক ॥ অবির লগে তর্ক‌ কো কৈরা যুইত্‌ নাই। [<অভী সং=ভয়হীন; অর্থের বিকৃতি]।

অবিদস্‌ত=[খু, বা]—ক্রি. বিণ. অকারণ, অনর্থক, বৃথা ॥ সেলেটা অবিদস্‌তে ট্যাহা পৈশা নশ্‌টো কর্‌তাসে। [<অব্যবস্থা]।

অবিদান্‌নি=[খু]—বিণ. অনর্থক, বৃথা ॥ [<অবিধানীয়]।

অবিদে=[ম]—বি. উপায়, ব্যবস্থা ॥ ট্যাহা পাওনের কোন অবিদে দেহি না। [<অ(স্বার্থে)+বিধি ব্যবস্থা]।

অবিদ্‌=[খু]—বি. ব্যবস্থা ॥ [দেখ অবিদে]।

অবিয়ন্‌তি=[ম]—বিণ. বন্ধ্যা ॥ অবিয়ন্‌তি গাইডা বেইচ্যা হালাম্‌। [<অ+বিয়ন্তী, স্ত্রীলিঙ্গে ঈ প্র.। √বিয়া, বিয়ান <বিআই প্রাঃ <বিজায়তে সং]।

অবিলম্‌বে=[ফ]—বি উপলক্ষে ॥ কি অবিলম্‌বে এ্যাহানে আইসো? [অভিলাষে +উপলক্ষে=অভিলক্ষে>অবিলম্বে]।

অবিল্যা=[চট্ট]—ক্রি. বিণ. অসময় ॥ [<অবেলা]।

অবিশ্যা=[বং]—বি. অভ্যাস ॥ কতায় কতায় কিরা কাটোন অবিশ্যাটা মোটে বালা নোয়ায। [<অভ্যাস]।

অবিশ্‌=[কুম, সি, চা]—বি. হবিষ্যান্ন, হিন্দুদের পিতামাতা মারা যাওয়ার পর নির্দিষ্ট শোকপালন কাল ॥ 'আদা খাইয়া নিরামিশ, তারে কয় অবিশ' (প্রবাদ)। [<হবিষ্য সং]।

অবু=[খু]—ক্রি. বিণ. সর্বদা ॥ মরা পোলার লাইগ্যা মায় অবু কান্দে।

অবুক্‌=[চট্ট]—অব্য. আশ্চর্যবোধক শব্দ ॥ অবুক্‌! তুই কেনে গেডে গেলি? [<অবাক্‌]

অবুঝ্‌=[ম,কুম,পা]—বিণ. ছোট ছেলে, যে বুঝে না, অজ্ঞ ॥ অবুঝ্‌ডারে বুযাবু কিদ্দা? [<অবুঝ=অ+বুঝ]।

অবুনাদ্‌=[পা]—বি. গরমিল ॥ তাগোর মইদ্দে অবুনাদ্‌ চ'লসে। [<অ+বুনাদ; তুং বানাও হিং=মিল]।

অবুলা=[পা, কু, ফ]—বিণ. বাক্‌শক্তিহীন (পশু)। [<অবোলা]।

অবেইলা—[নো]—ক্রি. বিণ. অবেলা, সন্ধ্যাকাল ॥ অবেইলা কোনাই যান? [<অবেলা]।

অবেদ্‌=[সি]—বিণ. আশ্চর্য, অবাক্‌ ॥ হেতাবার কানড দেইখ্যা আঁই অবেদ্‌ ঐসি। [<অবোধ]।

অবৈদরা=[পা]—বিণ অকেজো ॥ [<অভদ্র]।

অবো=[পা]—অব্য. বিরতি, থামা ॥ অবো, অবো, দাঁড়াও, মাথায় গামসাটা লাইন্দা লৈ। [খেলার সময় সামান্য বিরতি অর্থে ব্যবহৃত]।

অবোগ্‌গা=[ম, খু]—বি. অবহেলা, ঘৃণা। সোট বলি অবোগ্‌গা দিয়ে ফেলাইও না। [<অবজ্ঞা সং]।

অবোযবো=[খু]—বিণ. নষ্ট বা পণ্ড ॥ কামডা অবোযবো ঐয়ে গেল। [<হযবোজবো]।

অবোট্‌=[ব]—বি. রবার ॥ অবোটের যুতা। [<রবোট<রবার rubber ইং]।

অবোত্‌=[ম]—বি. মিথ্যা গুজব ॥ অত অবোত্‌ তুইল না আন্‌তাযে [<অদ্ভুত]।

অব্‌গা=[কুম]—বিণ. না জানিয়া হৈচৈ করে যে ॥ হেই বারির মুনিডা অব্‌গা। [<অভাগা, অর্থের বিকৃতি]।

অব্‌যশ্‌=[কুম, চা]—বি. অপযশ ॥ মায় থাইক্যা আমার অব্‌যশ্‌ ঐল। [<অপযশ=অপযশঃ সং]।

২=[কুম, চা]—বি. অবসর, অবকাশ ॥ আমার অব্‌যশ্‌ নাই ॥ [<অবকাশ]।

অব্‌তব্‌=[সি, দি]—বিণ. একেবারে শেষ মুহূর্ত, মরমর অবস্থা। রোগির এখন অব্‌তব্‌ অবস্থা। [হিং অব=এখন+হিং তব=তখন]।

২=[রা]—বি. উদ্যোগ, আয়োজন ॥ খাওয়ার অব্‌তব্‌ করছি। [পূর্বে দেখ]।

অব্‌তার্=[পা]—বি. নিন্দনীয় কার্য ॥ তুই আর অব্‌তার করিস্‌ না। [<আব্‌তর ابتر আঃ=খারাপ]।

অব্‌তুরা=[পা]—বিণ. অসমর্থ ॥ তুই অব্‌তুরা সাওয়াল। [<আতুর]।

অব্‌দর্‌=[ব]—বি. উদ্যোগ, আয়োজন ॥ বিয়ের অব্‌দর্‌ কর।

অব্‌দা=[পা, ম]—বিণ. স্থূলবুদ্ধি বা বুদ্ধিহীন (লোক) ॥ শোযা কতাডা বুয না, অব্‌দা কোহানকার। [<অবোধ]।

অব্‌বয়্‌=[ম]—বি. অপব্যয় ॥ অব্‌বয়্‌ পৈশা বাওন্‌ ঠিক্‌না। [<অপব্যয়]।

অব্‌বর্‌=[নো]—বিণ. খালি খালি ॥ অব্‌বর্‌ কথা কও ক্যা? [দেখ অব্‌রি]।

অব্‌বা=[ম]—বিণ. বিকল, নিষ্ফল ॥ আমার খাটুনি ব্যাবাক্‌ অব্‌বায গ্যাসে। [<অপব্যয়]।

অব্‌বু=[চা]—বিণ. বুদ্ধিহীন, বোকা ॥ তোমার পোলাডা যবর অব্‌বু। [<অবোহ প্রাঃ <অবোধ সং]।

অব্‌ব্যার্‌=[নো]—বি. আদর, যত্ন ॥

অব্‌ভরম্‌=[ব]—বি. অসম্মান ॥ এ্যাম্‌কা কৈরা মানুশের মৈদ্দে অব্‌ভরম্‌ করে। [<অসম্ভ্রম]।

অব্‌ভার্‌=[খু]—বি. অসম্মান ॥ [<অপব্যবহার, অর্থের বিকৃতি]।

অব্‌রি=[ম]—বি. বেশী কথা ॥ অব্‌রি প্যাচ'ল সাইরা দে। [<উপরি]।

অব্‌রু=[য, খু]—বি. ভ্রূ ॥ [<আব্‌রু ابرو ফা.]।

অভিলংগ=[খু]—বি. দুঃখ, অনুতাপ, বেদনা ॥

অমলা=[সি]—ক্রি. বিণ. এইরূপে ॥ অমলা আইলায় কিলা? [অম=এমন +লা=প্রকারে]।

অশকাইল্‌লা=[নো]—বিণ. অবেলা, অসময়ে ॥ [<অ+সকাল+ইয়া প্র.]।

অশকালে=[পা]—ক্রি. বিণ. অসময়ে ॥ [অ+সকালে]।

অশক্‌ত=[খু]—বিণ. গর্ভবতী ॥ [<অশক্ত; অর্থ প্র.]।

অশক্‌ত্তি=[রা]—বিণ. অগণিত, বহু ॥ [<অনাহ্য; অর্থের বিকৃতি]।

অশয্‌গর=[কুম]—বিণ. আঁতুর ঘর ॥ অশয্‌গবে যাইস না। [<অশৌচ+ঘর]।

অশড়=[খু]—বিণ. অবশ ॥ [<অসাড়]।

অশত=[রা]—ক্রি. বিণ. দেরীতে ॥ অশত্‌ আশি এত পাড়াপাড়ি কেন?

অশদ=[ব, বা]—বি. ঔষধ ॥[<ঔষধ]।

অশন্‌ড মুল্‌=[ব]—বি. এক প্রকার ভেষজ গাছ ॥

অশল্‌ল=[খু]—বিণ. যাহা সহ্য করা যায় না ॥ অশব্‌ নোংরামি অশল্‌ল। [<অসহল=অসহ্য; তুং অশ্‌লো, অশহিলে; অ+সহল (=সহিবার যোগ্য)+ইয় প্র.]।

অশল্‌লা ফশল্‌লা=[না]—বিণ. ধরাবাঁধাহিন, স্থিরতাহীন (কথা ও কাজে অনিশ্চয়তা বুঝাইতে) ॥ [<অ+সহল (=সহিবার যোগ্য)+ইয়া প্র.+ফশল্‌লা অনু:]।

অশহিলে=[ফ]—বিণ. বিরক্ত ॥ বেশি অশহিলে কৈর না। [দেখ অশল্‌ল]।

অশা=[রা]—বি. কাছি, মোটা দড়ি ॥ শক্‌ত অশা নিয়া নাও বান্‌ধ। [<রশা=রশি, আ প্র. বৃহদার্থে]।

অশাগর্‌=[কু]—বি. সাগরের ন্যায় ॥ বিলটায় এবার অশাগর্‌ পানি ঐসে। [অ+সাগর]।

অশারা=[য]- বিণ. অকুলীন ॥ অশারা যাতের মাইয়া বিয়া কৈব না। [অ+সারা (=সার বিশিষ্ট)]।

অশাল্‌টানা=[দি]—বিণ. অবাস্তব ॥ তোর অশাল্‌টানা কতা শুন্‌তে শুন্‌তে কান ঠশাইল।

অশায়েস্‌তা=[ম]—বিণ. অবাধ্য, দুরন্ত ॥ অশায়েস্‌তা পোলাডা বাপের কতা মোডেই তাসির করেনা। [অ+শায়েস্তা<শাই'স্তহ্‌ شائستہ ফা.]।

অশি=[রং]—বি. রশি ॥ এই অশিখান্‌ দা প্যাগোয়া গরুটা বাঁদো। [<রশি, ই প্র. হ্রস্বার্থে]।

২=[গি]—বিণ. গালি বিশেষ ॥ হেই অশি পরা হিকিয়া আস্‌না কেমে? [অশি<রহশী وحشی আং (=বন্য)]।

অশিক্‌=[রং]—বিণ. <রসিক ॥ লোকটা বড়ো অশিক্‌।

অশিযিল্‌=[ব]—বি. অযোগাড় ॥ টাকার বড় অশিযিল্‌। [অ+সিজিল<সিজ্‌ল হিং]।

অশিদ্‌দি=[পা]—বিণ. অস্থির, চঞ্চল (নিন্দার্থে) ॥ কি অশিদ্‌দি সাওয়াল রে। [<অশিষ্ট]।

অশিয়া=[রং]—বি. রসিকলোক ॥ ঐ অশিয়াটা ঘাটায় ঘাটায় গান কয়া যায়। [<রসিয়া<রসিক]।

অশুইক্যা=[চট্ট]—বিণ. পীড়িত, রুগ্ন ॥ অশুইক্যা শৈল লৈয়া কি আঁডি যায়? [<অসুখ+ইয়া প্র. (স্বার্থে)]।

অশুগতরে=[খু]—বিণ. কর্ম বিমুখ (স্বাস্থ্য ভাল থাকা সত্ত্বেও) ॥ তোর মতন অশুগতরে আর নাই। [<অসুখ+গতরে, গতর<গাত্র]।

অশুয্‌=[কুম]—বিণ. অশৌচ, অপবিত্র ॥ আগরার অশুয্‌ অহনো শ্যাশ্‌ ঐসেনা। [<অশৌচ]।

অশুয্‌গর=[ম]—বি. আঁতুরঘর ॥ অশুয গর যাইস্‌ না। [দেখ অশয্‌গর]।

অশুন=[দি, পা]—বি. রশুন ॥ হাটুতে অশুন আনিশ্‌। [<রসুন]।

অশুমারি=[চা]—বিণ. অগুন্‌তি, অসংখ্য ॥ [অ+শুমার شمار ফা. (=গণনা)+ই প্র.]।

অশুর=[ব]—বি. আশ্রয়, প্রভাব ॥ [<আসর اثر আং]।

অশুশার=[সি]—বি. অযোগাড়, অসুবিধা ॥ আমার গরো অশুশার আসে, সাত্‌র যাগির রাহন যাইত না। [অ+সুগার]।

অশুহা=[ফ]—বিণ. অরুচি ॥ ইলিশ মাস খাইতে খাইতে অশুহা ঐসে। [<অ+ছুহা প্রাং<ক্ষুধা সং]।

অশে অশে=[ম]—ক্রি. বিণ. দমে দমে, প্রতিমুহূর্তে ॥ অশে অশে মাওলার নাম লও। [<শ্বাসে শ্বাসে]।

অশে বর করা=[ম]—ক্রি. মৃত্যুর নিকটবর্তী হওয়া ॥ রোগিডা অশে বর করসে, আর আশা নাই। [দেখ অশ৩]।

অশৈরন্‌=[খু]—বি. অসহ্য ॥ 'অশৈরন শৈতে নারি'—প্রবাদ। [<অসহনীয়]।

অশৈল্যা=[পা]—বিণ. অনুচিত, অন্যায়। অমন অশৈল্যা কথায় কার্‌ না রাগ ওঠে? [দেখ অশল্‌ল]।

অশোক্‌=[পা]—বিণ. দুরন্ত, অশান্ত ॥ [<অশক্য]।

অশোত্‌=[রং]—বি. খাদ্যদ্রব্য ॥ ঘরোত অশোত্‌ আছে। [<রসদ رسد ফা.]।

অশোময়্‌কাল্‌=[খু]—বি. বিপদের সময় ॥ [<অসময়কাল]।

অশোলে=[রা]—বি. জ্বালাতন, উৎপীড়ন, বিরক্ত ॥ বেশি অশোলে করিস্‌নে। [অ+সোলে<সুল্‌হ صلح আং=শান্তি]।

অশ্‌=[রং]—বি. রস ॥ কুশাইয়ের অশ্‌ মিটা লাগে। [<রস]।

২=[খু]—বি. কালি ॥ যুতায় অশ্‌ কর।

৩=[ম]—বি. শ্বাস, দম, নিঃশ্বাস প্রশ্বাস ॥ শর্‌দিতে অশ্‌ বন্‌দ ঐয়া যাইবার চায়। [<*হস<*সস<শ্বাস কিংবা<অসু সং]।

৪=[নো]—বিণ. নরম; ঢিলা ॥ অশ্‌ করি কাহর পিন্‌দো।

অশ্‌কটি=[রা]—বি. যে কাঠি দিয়া চুলায় জ্বাল ঠেলিয়া দেওয়া হয় ॥ [অশ্‌+কটি<কাঠি]।

অশ্‌কল্‌=[স]—বি. আমন ধান বিশেষ ॥

অশ্‌কা=[ম]—বিণ. যাহা সহজেই খুলিয়া যায় ॥ রশিটায় অশ্‌কা গিরো দে। [<ফসকা<ফসখ فسخ আং]।

অশ্‌কানো=[সি, ম]—ক্রি. ঢিলা হওয়া, হটিয়া যাওয়া ॥ (১) রশির গিঠু অশ্‌কি গ্যাসে; (২) তুহানে ঠিহাডা অশ্‌কি গ্যাসে। [দেখ অশ্‌কা+আনো প্র.]।

অশ্‌কিয়া=[সি]—অস. ক্রি. ঢিলা হইয়া ॥ খুডিডা তুফানের ঠ্যালায় অশ্‌কিয়া গ্যাসে। [<ফসকিয়া]।

অশ্‌কোট্=[রা]—বি. কোমরের অলঙ্কার বিশেষ ॥

অশ্‌টমুহি=[ব]—বি. ইক্ষুর শ্রেণী বিশেষ ॥ [<অষ্টমুখী]।

অশ্‌ঠাওর্=[রা, ব]—বিণ. যে কোন জিনিস ঠিক রাখে না ॥ [<অঠাহর]।

অশ্‌রা=[ম]—বি. বারান্দা ॥ অশ্‌রায় বও। [<ওস্‌রা <ওসারা <ওআলা প্রাং<উপশালা সং]।

অশ্‌লাত্=[ম]—বি. তালুক মুলুকের আয়, জমিদারীর আদায় ॥ তালুক্‌দার সোড ঐলে অশ্‌লাত্ কম্ না। [<রাসিলাত واصلات আং]।

অশ্‌লো=[রা]—বিণ. বিরক্তিকর (কাজ) ॥ [<অ+সহল=সহিবার যোগ্য ; তুং অশল্ল]।

অশ্‌শরিয়া=[বা] —বিণ. যাহার অবসর আছে ॥ [<অবসরিয়া=অবসর+ইয়া প্র.]।

অশ্‌শর্=[বা]—বি. অবসর ॥ আমার অশ্‌শর্ নাই। [<অবসর]।
২=[চট্ট]—বিণ. একাকী ॥ আঁই অশ্‌শর্ হিকান্ ন যাইয়ুম্। [<একেশ্বর]।

অশ্‌শলে=[কুম]—বি. মোটের উপর ॥ অশ্‌শলে তোর শর্‌বনাশ ঐসে। [<আসলে ; আসল اصل আং]।

অসদ্=[কুম]—বিণ. বোকা ॥ তুই যবর অসদ্ রে। [<অসৎ]।

অসর্=[য,খু]—বি. প্রভাব, ক্রিয়া ॥ [<আসর اثر আং]।

অসাইল্ কুসাইল্=[নো]—বিণ. সৌন্দর্যহীন, অকর্মা ॥ অসাইল্ কুসাইল্ মানুশ তার পসন্দ অয় না। [<অ+ছাইলা <ছবীলা হিং (=সুন্দর)]।

অসু=[সি]—বি. বাঁশের বেতের তৈরী মাছ ধরার ফাঁদ ॥

অসুকা=[সি]—বিণ. নূতন ॥

অসুত্=[কু]—বিণ. অপবিত্র ॥ অসুত্ শরিরে গরে উঙিস্‌না। [<অ+ছুত< ছুত্ত প্রাং<ছুপ্ত আদিম প্রাং (ছুপ্+ত), √ছুপ্=√ছোঁ]।

অস্‌অসা=[কুম]—বি. ষড়যন্ত্র ॥ তার অস্‌অসায় পৈরা তোমার হগল্ ট্যাহা পৈশা খুয়াইলা। [<বস্‌বস: وسوسة আং]।

অস্‌ওয়াসা = [য] – বি. দুশ্চিন্তা, সন্দেহ ॥ [দেখ অস্‌অসা]।

অস্‌তরা=[কুম]—বি. ক্ষুর ॥ [<উস্‌তুরহ্ استره ফা.]।

অস্‌তর্=[বা]—বি. হাতিয়ার ॥ তোর অস্‌তরাদি শাব্‌দানে রাখিশ্। [<অস্ত্র সং]।

অস্‌তিলস্‌তি=[পা]—বি. কূল-কিনারা ॥ [<অস্তিনাস্তি]।

অস্‌তে=[কুম্, ঢা, ম, সি]—ক্রি. বিণ. আস্তে, নীরবে ॥ অস্‌তে কতা কও। [<আস্তে<আহিস্তহ্ آهسته ফা.]।

অস্‌তোবিস্‌থো=[সি]—বিণ. তাড়া-হুড়ার সহিত ॥ লোকটা অস্‌তো বিস্‌থো ঐয়া যায় কুবাই? [<ব্যস্‌ত<ব্যস্ত, অস্‌তো অনু:]।

অস্‌থুম্‌বা=[বা]—বিণ. স্থির, নিশ্চল, কিংকর্তব্যবিমূঢ় ॥ অস্‌থুম্‌বার মত খাড়াইয়া রৈস ক্যা? [<স্তম্ভ]।

অস্‌সার=[খু]—বিণ. দুষ্ট, শয়তান ॥ [<অ+সার ; তুং নচ্ছার]।

অস্‌সেদ্দা=[খু]—বি.অবজ্ঞা, তাচ্ছিল্য ॥ [<অশ্রদ্ধা]।

অহনা=[ম]—ক্রি. বিণ. এখন ॥ তুমি অহনা কোনু যাইবা? [<এখন]।

অহন্=[কুম, ম,]—ক্রি. বিণ. এখন ॥ অহন্ বাবার যাইঅ না। [<এখন]।

অহন্‌কা=[ম]—ক্রি. বিণ. এখন ॥ অহন্‌কা আমি কিছু কর্‌তাম্ না। [<অহন্+কা (স্বার্থে) প্র.; তুং আজিকা ; অহন্<এখন]।

অহন্‌ত=[কুম]—ক্রি. বিণ. এখন তো ॥ অহন্‌ত কতা কওনা। [<এখন তো]।

অহন্‌তরি=[ম, ঢা, কুম]—ক্রি. বিণ. এখন পর্যন্ত ॥ অহন্‌তরি হেয়্ আইল না। [অহন<এখন+তরি প্র.]।

অহ্‌নতুরি=[ম]—ক্রি. বিণ. এখন ও ॥ অহন্‌তুরি রৈসে? [দেখ অহন্‌তরি]।

অহরে=[রা]—সর্ব. উহাদের ॥ আমি অহরে বাড়ি যাবু। [অহ<উহ+রে সম্বন্ধে—উহ<অসৌ সং]।

অহল্‌চহল্=[রা]—বিণ. অঢেল, প্রচুর ॥ [অনু.]।

অহল্‌মাই=[ম]—অব্য. ভয়, বিস্ময় জনিত শব্দ ॥ অহল্‌মাই! আমার এ্যাক্‌টা পোলাই, তাবে আমি যাইতাম্ দিতাম্ না। [<আহা রে!+মাই=মা]।

অহা=[ফ]—অব্য. ঐ দেখ ॥ অহা, কি যানি আইতাসে। [<আহা]।
২=[কুম,]—বি. পাখি বিশেষ (বকের ন্যায়) ॥ অহা শিকারে যামু।

অহাটা=[ম]—বি. হাটের দিন ছাড়া অন্য দিন ॥ অহাটায় বৈরব গিয়া কাম ঐতনা। [<অ+হাট+আ প্র.]।

অহার্‌দা=[ঢা] — বি. অতিরিক্ত খাওয়ার পর অরুচি ॥ খাউক্, অহার্‌দা কৈরা খাওনের কাম্ নাই। [<অশ্রদ্ধা]।

অহাল্‌চ'হাল্=[ম]—বিণ. স্বাচ্ছন্দ্য (আহারে বিহারে ও কথা বার্তায়) ॥ মুরুব্বিগো শাম্‌নে অহাল্‌চ'হাল্ কৈরা কতা কও ক্যা? [দেখ অহল্‌চহল্]।

অহিয়াত্=[রা]—বিণ. অনাবশ্যক ॥ [<বাহিয়াত واهيات আং]।

অহিলা=[দি]—বি. আঙ্গিনার যেখানে চালের পানি পড়ে ॥ আইজ অহিলা গাইত্ পানি ঐছে।

অহুটা=[ম]—বি. দম বন্ধ হওয়ার উপক্রম, নাভিশ্বাস ॥ অহুটা লাগসে। [অহু+টা প্র.; অহু<অসু (=প্রাণ, দম)]।

অহুত্‌রা অখেত্‌রা=[নো]—বিণ. যে স্ত্রীলোকের স্নেহই নাই ॥ এই বুড়িডা এ্যাক্‌কেরে অহুত্‌রা অখেত্‌রা। [<অহুত্‌রা <অপুত্রা ; অখেত্‌রা অনু:]।

অহুন্=[ম]—বি. রশুন ॥ আটেত্থে অহুন আনুন্ লাগ্‌বো। [<রশুন]।

অহুরান্‌তি=[কুম]—বিণ. অফুরন্ত ॥ তার অহুরান্‌তি কতা হুনে ক্যাডা? [<অফুরান্ত]।

অহোমান্=[পা]—বি. অপমান ॥ কারোর অহোমান কৈর না। [<অপমান]।

[এই অংশটি চৌদ্দসংখ্যক পৃষ্ঠার তৃতীয় কলামের 'অমলা' ও অশকাইল্লা' শব্দ দ্বয়ের মাঝখানে হইবে।]

অমসর্=[কুম, সি]—বিণ. দুষ্প্রাপ্য ॥ বালা যিনিশ্ বরৈ অমসর। [অ+মুয়স্‌সর ميسر আং=সহজলভ্য]।

অমা=[ফ]—অব্য. বাঃ বাঃ ॥ অমা, তুমি আবার পাহারা দিবার পার। [ওমা]।

২=[রা]—বি. পশম ॥ [<রোমা<রোম সং]।

৩=[কুম]—বিণ. বেপরোয়া, কাণ্ডজ্ঞানহীন, বোকা ॥ অমা চ'লিত্তির অনেক বিপদ আসে।

অমাইন্‌শ্যামি=[পা]—বি. অমানুষিকতা ॥ এমন অমাইন্‌শ্যামি ক্যান্‌রে করলা? [<অ+মানুষ+আমি প্র.]।

অমাচা=[র°]—বিণ. দুষ্ট ॥ ছাওযাটা বড় অমাচা। [অবজ্ঝ<অবাধ্য]।

অমান্‌শ্যাতি=[বং]—বি. অমানুষিকতা ॥ মোর শাথে অমান্‌শ্যাতি ব্যাভার কচ্চে [অ+মান্‌স্যাতি<মনুষ্যত্ব সং; তুং অমাইন্‌শ্যামি]।

অমারে মা=[চাট]—অব্য. আশ্চর্যবোধক শব্দ ॥ অমারে মা কি খাইলি? [<ও মারে মা]।

অমালে=[খু]—ক্রি. বিণ. অমনভাবে ॥ অমালে বৈশা কি ভাবস? [দেখ অমলা]।

অমিক্‌কা=[চট্ট]—ক্রি. বিণ. এই দিকে, ঐ দিকে ॥ অমিক্‌কা চা'ইয়া রৈস ক্যা? [<ও+মুখে=দিকে]।

অমিন্‌দা=[রা]—ক্রি. বিণ. ঐ দিক দিয়া ॥ অমিন্দা যাইস না। পাগ্‌লা কুত্তা আছে। [<অমন দিক্ দিয়া]।

অমিহি=[ফ]—ক্রি বিণ. ঐ দিকে ॥ অমিহি যাইস না ॥ [<ও+মুহি<মুখি =মুখে (দিকে)।

অমুই=[নো]—ক্রি. বিণ. এদিকে ॥ অমুই যাইএন্ না। [দেখ অমিহি]।

অমুকা=[সি]—ক্রি. বিণ. এই দিকে ॥ মামুন, অমুকা যায়বায় না। [<ওমুখে; তুং অমিক্‌কা]।

অমুড়া=[রং]—বি. অশুভ বক্তা ॥ অমুড়াটা কুকথা কবিশ্ সেইটাই ঘটিল।

অমুন্=[দি]—বি. আগুন ॥ আঘাতে অমুন্ জালেয়া দে কেনে? [<আউন <আগুন]।

অমুন্‌দ=[ঢা]—বিণ মন্দ, খারাপ ॥ কতাডা অমুন্দ কয় নাই। [<অ(স্বার্থে) +মন্দ]।

অমুরা=[ম]—বি. অপর পার্শ্ব, অপর আঙ্গিনা ॥ অমুরা কেডায় বৈয়া রৈসে রে? [<ও+মুড়া=প্রান্ত]।

অমোলা=[সি]—ক্রি. বিণ. এইভাবে ॥ অমোলা তারার বারিগর দেখি আইলাম। [দেখ অমলা]।

অম্‌কটি=[দি]—বি. চুলায় খড়ি ঠেলিয়া দিবার জন্য ব্যবহৃত লাঠি বিশেষ ॥

অম্‌তে=[কুম, রং]—ক্রি. বিণ. ঐভাবে, ঐরকমে। কাম্‌ডা অম্‌তে কর। [<ঐ মতে]।

অম্‌নে=[সি]—ক্রি. বিণ. বিনামূল্যে, বিনা পরিশ্রমে ॥ [<অমনি]।

২=[ম]—ক্রি. বিণ. ঐপথে, ঐরূপে ॥ এহান দিয়া পথ বন্দ অম্‌নে ঘুইরা যা। [<ওমনে; তুং কেমনে]।

৩=[কু]—ক্রি. বিণ. এই দিক দিয়া ॥ অম্‌নে যাও। [পূর্বে দেখ]।

অম্‌পি=[ম]—ক্রি. বিণ. ঐ দিকে ॥ অম্‌পি যাশ্ ক্যা? [<ও মুখে]।

অম্‌পুর্=[রং]—বি. রংপুর ॥ কাইল্‌কা মুই অম্‌পুর্ জাইম। [<রংপুর]।

অম্‌ব=[ম]—বি.' বিরতি, ক্ষান্ত ॥ আমি অমব দিসি, মুইয়া দিলে আমি আউট ঐতাম না। [খেলার সময় করতলের আঘাতে মুখে সৃষ্ট বিরতিসূচক শব্দ; অনু.]।

অম্‌বর্=[কুম]—বিণ. একাকী, নির্জন, নিরালা ॥ আমি অম্‌বর্ কেম্‌নে যামু?

২=[ম]—বি. সহজগম্য, সহজলভ্য ॥

অম্‌বা=[ম]—ক্রি. বিণ. ঐ সময় ॥ তুমি যেই চৈ'লা গেস, অম্‌বা হে আইসে।

২=[রা, ফ]—বিণ. ঐরূপ, ঐরকম ॥ আমি অম্‌বা কতা কৈ নাই। [<অমন +বা তুং কিবা]।

অম্‌বাই=[পা]—ক্রি. বিণ. অম্‌নি, ঐ রকমই ॥ পাপের ফল অম্‌বাই অয়। [দেখ অমবা$_2$+ই(নিশ্চয়ার্থে)]।

অম্‌মন্‌দ=[চট্ট]—বি. সম্বন্ধ ॥ অম্‌মন্দ টিঁক্‌লে অয়। [<হম্বন্ধ <সম্বন্ধ]।

অম্‌মুরা=[ম]—বি. ও পাশে ॥ গরের অম্‌মুরা কেডা? [<ও মুড়া=প্রান্ত]।

অম্‌লাউ=[সি]—বিণ. এমন, এরূপ ॥ [দেখ অমলা]।

অম্‌লৈ=[কুম]—বি. আমলকী ॥ [<আমলই প্রাং <আমলকী সং]।

অম্‌হার্=[দি]—সর্ব. ওদের ॥ অম্‌হার বাড়ি কুন্‌টে?

অয়ডা=[চট্ট]—অব্য. ও বেটা ॥ অয়ড়া, আর ন খাইচ্'। [<ও বেটা]।

অয়ড্ডি=[চট্ট]—অব্য. ও বেটী ॥ [<ও বেটী].

অয়ক্তক্তে=[চট্ট]—ক্রি. বিণ. ঐ সময় ॥ অযত্‌ক্তে গেইলি। [<ঐ ওয়াক্তে; وقت এক্ত আং]।

অয়ন্=[ম]—ক্রি. বি. হওন ॥ এত বর অয়ন্ বালা না! [<হওন]।

অয়শ্‌শা=[চট্ট]—বি. অমাবস্যা ॥ অয়শ্‌শার রাইত। [অমাবস্যা]।

অয়াকিবি=[ম]—বি. জানাশোনা, অভিজ্ঞতা ॥ কোন দিগেই তার অয়াকিবি কম্ না। [<ওয়াকিফী واقفي আং]।

অয়াথাকা=[রা]—ক্রি.দাঁড়াইয়া থাকা ॥ [<রহিয়া থাকা]।

অয়ারেশারে=[ম]—ক্রি. বিণ. এফোঁড় ওফোঁড়, আগাগোড়া, এই পিঠ হইতে ঐ পিঠ পর্যন্ত ॥ মাস্‌টার অয়ারেশারে মুইতাডা বিন্‌সে। [দেখ অয়ার্+প্রসারে]।

অয়ার্=[ম]—বি. অধর, ছেঁদা ॥ এক গাউ দিয়া অযার্ কৈরা ফাল্‌বার। [<বার بار হিং]।

অয়াশয়া=[ব]—ক্রি. বিণ. <রহিয়া সহিয়া ॥ কুনু রহমে অয়াশয়া আসি। [দেখ অরেশরে]।

অয়ে=[রা] — ক্রি. বিণ. দাঁড়াইয়া ॥ [<বয়ে<রহিয়া]।

অয়েশয়ে=[ব]—ক্রি. বিণ. ধৈর্য ধরিয়া [<বহিয়া সহিয়া]।

অয়্=[বং]—বিণ. তত ॥ তুঁই মোটেই জয় টেহা চাবু, মুই অয় টেহাই দেইমু [<ঐ]।

২=[কুম, চা, দি]—সর্ব সে ॥ অয় বারিত্ গ্যাসে (চা)। [<হেয়<সেহ<সে; তুং কেহ]।

অয়্অ=[কুম, সি]—অব্য. হাঁ ॥ অয়্অ আমি খাইয়া উড্সি। [হাঁ]।

২=[কুম]—অব্য. ধমক বা ভর্ৎসনা সূচক ॥ অয়্অ এই কাম্ডাঐ পারত্তি না। [ঐ হে]।

অয়্ক্যানে=[রং]—সর্ব. উহাকে কেন ॥ [দেখ অয়্ ২+ক্যানে=কেন]।

অয়্যানু=[সি]—অব্য. হয় যেন ॥ কামডা বালা অয়যানু। [<হয় জনু; জনু (ম. বাং)=যেন]।

অয়্রন্ যংগল্=[ম]—বি. গভীর জঙ্গল ॥ [<বীরান ويران ফা.+জঙ্গল]।

অয়্রান্=[পা, ম]—বিণ. শ্রান্ত, ক্লান্ত ॥ খুব অয়্রান্ ঐসি বাই। [<হয়রান حيران আং]।

অয়্রান্ করা=[পা]—ক্রি. সাফ করা ॥ বক্রিডা দান খাইয়া অয়্রান্ কৈরা ফেলাইসে। [দেখ অয়্রান্]।

২=[পা] ক্রি. অন্যায় করা ॥ [দেখ অয়্রান্+করা]।

অরংগা=[ম] বিণ. লম্বা, দীর্ঘ ॥ অরংগা বাশ দিয়া আমু পার।

অরক্ দেওয়া=[চা]—ক্রি. বিশ্রাম করা ॥ অরক্ দিয়া কাম কর।

অরত্=[চা]—সর্ব. ঐস্থান ॥ অরত্ থাইক্যা এহানে আইয়া বও। [<ওরতে =উহাতে]।

২=[কুম, ম]—অব্য. সশব্দে, আওয়াজ দিয়া ॥ শে অরত্ কৈরা বমি করিল্। [অনু.]।

অরত্বরত্=[ম]—অব্য. খোলাখুলি। হাচ'া কতাডা অরত্বরত্ কৈয়া ফালাও। [অনু.]।

অরনা=[ম]—বিণ. আল্গা ॥ গরু অরনা সাইরা দিঅ না, দান খাইয়া লাইব। [দেখ অরন্]।

অরন্=[রং]—বি. অধঃপাত ॥ দেশ গ্যাছে অরনে। [বীরান ويران ফা.]।

২=[চা]—বিণ. হয়রান, ক্লান্ত ॥ হ্যায় খুব অরন্ ঐসে। [দেখ অয়্রান্; আং]।

অরন্ড=[চা]—বি. আসামী ধরার হুকুমনামা ॥ মদু ডাকাইতের নামে অরন্ড বারৈসে। [ররেণ্ট Warrent

অরন্ডি=[কুম, চা, সি, ম]—বিণ. ভোলা, পথভ্রষ্ট, দিশাহারা ॥ হেরা পথ অরন্ডি ঐয়া হারা রাইত গুর্সে। [<হরন্তী=হারা]।

অরফ্=[কুম, চা, সি]—বি. পাত্তা, ঠিকানা, পত্র ॥ [পরে দেখ]।

২=[চা, ম, কুম]—বি. অক্ষর, বর্ণ ॥ হে যা কৈয়া গেল্ তাব একটা অরফ্ও হাচ'া না। [<হর্ফ্ حرف আং]।

অরম্বা=[বা]—বিণ. দুষ্ট ॥ [<ওরম্বা, ওড়ম্বা]।

অরর্=[ম]—অব্য. হুড়্হুড়্ ॥ গাতার বিত্রে মাস অরর্ করতাসে। [ধ্বন্যা.=হড়্হড়্]।

অররি=[ম]—ক্রি.বিণ. হুড়মুড় করিয়া ॥ করিমের মুখ দিয়া অররি লৌ পর্তাসে। [ধ্বন্যা.; দেখ অরর্]।

অরল্=[কুম]—বি. অড়হব, ডাল বিশেষ ॥ অরলের ডাইল মাউরারা বেশি খায়। [অড়হর]।

অরহ=[দি]—সর্ব. ওর, তার ॥ অরহ যেমন কথা, কেবা আইছিল্।

অরহি=[সি] বি. সবরী, পেয়ারা ॥ অরহির বি'চি যেহানে পরে শেহানেই গাস উডে।

অরা=[রা, দি]—সর্ব. ওরা, তাহারা। [ওরা<উহারা]।

অরাইল্যা=[ম]—ক্রি. বিণ. বিকট শব্দ করিয়া ॥ অডাত্ কিডা অরাইল্যা উড্ল?

অরাক্=[ম]—বি. পাৎলা আবরণ, পাত ॥ আলুয়ার উপ্রে শোনালি অরাক্ বিসাইয়া থুইসে। [<ররক ورق আং=গাছ্ ইত্যাদির পাতা]।

অরাযোগ্=[বা]—বিণ. মহামারী ॥ দেশে অরাযোগ ঐসে। [<অরাজক; অর্থের বিকৃতি]।

অরাত্=[ম]—অব্য. ধপাস্ ॥ কিডারে অবাত্ কৈরা উঠ্ল? [অনু.]।

অরান্=[ব]—বি. বিনষ্ট, শেষ ॥ গরুডায় দান খেত খাইয়া অরান্ কৈরা ফেলাইসে। [দেখ অরন্]।

অরিং=[ম, চা, কম,]—বি. হরিণ ॥ অরিংডা বন্দ পাতারে দৌব্তাসে। [<হরিণ]।

অরিক্কল্=[রা]—বি. হারিকেন, লণ্ঠন ॥ আন্দার রাইত, অরিক্কল্ লও। [<হারিকেন hurricane ইং]।

অরিদরি=[ম]—বি. এক, দুই (খেলার ডাক) ॥ 'অরিদরি তিন চ'রি পরি চ'াগ্পা।' [<একটি, দুটি]।

অরিপ্=[বা]—বিণ. ধূর্ত, চালাক, ঠগ ॥ সেরাডা যবর অরিপ্। [দেখ অরিফ]।

অরিফ্=[পা]—বিণ. ধূর্ত, চালাক ॥ যত অরিফ তত গরিব। [<'আরিফ عارف আং=জ্ঞানী]।

অরিরি=[পা, ফ]—অব্য. ওরে (তুচ্ছার্থে) ॥ অরিরি, কত্তি যাশ্? [<ওরে রে]।

অরুর্পোয়া=[চট্ট]—বি. শালা ॥ অরুর্পোয়ার কথা হুন। [শ্বশুরের পুত্র; অরু<হহুর<শ্বশুর+পোয়া<পুঅ<পুত<পুত্ত প্রাং<পুত্র সং]।

অরেঅরে=[ম]—ক্রি. বিণ. ক্রমে ক্রমে ॥ টেহাগুলি অরে অরে দিও। [<আরে আরে]।

২=[চা]—ক্রি. বিণ. বারে বারে ॥ অরে অরে কেডায় তরে ডাইক্যা আন্ব? [<বারে বারে]।

অরেক্=[ম]—বিণ. বিবিধ, নানারকম ॥

মেলায় অরেক্ রহম যিনিশ উড্‌সে। [<হর্‌রক هر یک ফা.]।

অরেন্=[ব]—বি. ওয়ারেণ্ট ॥ [দেখ অরনড]।

অরে শরে=[চা] ক্রি. বিণ. লম্বালম্বি, সোজাসুজি ॥ এহান্‌দা অরে শরে বেরা দে।

অর‍্যান্=[ব]—বিণ. গভীর ॥ অর‍্যান জংগল। [দেখ অরান্, অরন্]।

অর‍্যাপোত্=[ব]—বি. হাতী॥ [<ঐরাবত]।

অরৈ=[কুম,]—বিণ. ঐ, ঐস্থান॥ অরৈ লা বুয়া, এমুই চিরি চ'।[<ওই রে; মেয়েরা কোন কথা শুরু করার আগে বা টিপ্পনিস্থলে ব্যবহার করে]।

২=[সি]—বিণ. এইটুকু মাত্র ॥ অরৈ কাম করতে অতকুন্ লাগে।

অরৈত্তা=[সি]—বিণ. এইটুকু মাত্র ॥

অরো=[রা]—ক্রি. বিণ. ওখানে॥ আমি অরো জাবেক্ না।

অর্=[চা, বা]—সর্ব. তাহার॥ অর্ লাইগ্যা একডা কুরতা আইন। [<ওর =উহার]।

অর্‌ করে=[দি]—সর্ব. ওদের, অন্য শরীকের, অপরের॥ অরকরে ঘরে খোঁজ কর। [দেখ অর্+করে= দিগের]।

অর্‌কা=[চট্ট]—বি. জামা ।। আঁর অর্‌কাড়া হাত্ চেঁআঁ ঐয়ে। [<আংরাখা]।

অর্‌কাইলা=[ম]—বিণ. অস্থির॥ মাম্‌লায় পৈরা হে বর অর্‌কাইলা ঐয়া পরসে।

অর্‌কি=[চা]—বি দরজার খিল॥ রাইতে অর্‌কি দিয়া হুইও। [<হুড়কী <হুড়কা]।

অর্‌কেং=[ব]—সর্ব. ওদের॥ অর্‌কেরে কথাই আলাদা। [দেখ অর্‌করে]।

অর্‌গয়া=[রা]—বি. জমির আইল ঠিক রাখার ঝোপ॥ অর্‌গয়ায় হাপ থাক্‌তে পারে।

অর্‌গমা=[চা]—বি. অনিদ্রা॥ হারা রাইত অর্‌গমা রৈসি। [দেখ অর্‌গোমা]।

অর্‌গা=[ফ]—বি. ইঁদুর শিয়াল প্রভৃতি অনিষ্টকারী জীবজন্তুকে ভয় দেখাইবার উদ্দেশ্যে খড় দিয়া তৈরী মনুষ্যমূর্তি (যাহা ক্ষেতের মাঝখানে গাড়িয়া রাখা হয়)॥ ধান খেতে অর্‌গা গাড়ন লাগে।

অর্‌গোমা=[কুম]—বি. অনিদ্রা॥ হারা রাইত গান হুইন্যা অর্‌গোমা করসি। [অর্ <অন+ঘুম+আ প্র.]।

অর্‌যহা=[চা]—বিণ. অসংখ্য॥ মিডিংগে অর্‌যহা মানু ঐসে। [<অজস্র]।

অর্‌টা=[রং]—সর্ব. উহারটা, তাহারটা॥ অর্‌টা ফেলাও। [ওর (=উহার) +টা]।

অর্‌ত=[ব]—বি. শরীর, দেহ॥ অর্‌তে বল নাই। [<অত্তা প্রাং<আত্মা সং]।

অর্‌তকি=[গি]—বি. <হরিতকী॥

অর্‌তা=[সি]—বি. ডাঁটা॥

অর্‌তাত্ পরা=[সি]—ক্রি. মন্দ অবস্থায় পড়া॥ মানুশটা অহন অর্‌তাতে পরসে।

অর্‌তিগি=[বা]—বি. <হরিতকী॥

অর্‌তৈ=[নো]—বি. হরিতকী॥ [দেখ অর্‌তিগি]।

অর্‌দ=[পা]—বি. সীমা॥ তুই বেহায়াব অর্‌দ। [<হদ্দ حد আং]।

অর্‌দিশা=[ম]—বিণ. দিশাহারা, কিং-কর্তব্য বিমূঢ়॥ [অর্ <অন্+দিশা (=দিক) সং]।

অর্‌বরি=[চা]—বি. এক প্রকার টক ফল॥ অর্‌বরি খুব চুকা।

অর্‌মান্=[য, খু]—বি. ইচ্ছা, আকাঙ্ক্ষা॥ [<আরমান ارمان ফা.]।

অর্‌মুক্‌তালে=[পা, কু, য]—বিণ. অদক্ষ, অলস। [অর<অন্+মুখতার مختار আং+এ <ইয়া প্র.]।

অর্‌মোথল্=[চট্ট]—বি জামরুল, গোলাপ জামের চাইতে কিছু বড় সাদা ফল বিশেষ॥ কাঁচা অর্‌মোথল্ খুব চুহা।

অলংকা=[রা]—বি. মাছ ধরিবার কোচ জাতীয় যন্ত্রবিশেষ॥

অলংগ কলংগ=[ম]—বি. বাড়াবাড়ি॥ বেশি অলংগ কলংগ দেহাইলে বাল ঐত না। [অনু.]।

অলংগা=[ম, নো]—বি. বাঁশের তৈরী সড়্‌কি॥ লাইটাল্‌রা অলংগা দিয়া কাইযা করে। [<অলজ্য সং= অব্যর্থ]।

অলংকলং=[ম]—বিণ. আজেবাজে, ফষ্টিনষ্টি॥ কি যে অলং কলং কথা কও, কিস্‌সু বিশ্‌শাশ অয় না। [অনু.]।

অলক্‌খ্যা=[চট্ট]—বিণ. হতভাগ্য॥ অলক্‌খ্যা পোয়াডার বাপ মরি গেইয়ে। [<অলক্ষ্মী+ইয়া প্র.]।

অলক্‌দানা=[ম]—বিণ. অল্প পরিশ্রমে যাহা লাভ করা যায়॥ ['আলুক' علوفه আং+দানা=দান]।

অলগর্‌দা=[সি]—বিণ. নিষ্কর্মা॥ অলগর্‌দা বলরাম। [অ+কর্দহ্ کردہ ফা.=কর্তা]

অলগ্‌ন=[কুম. চা]—বিণ অসংযত, অশ্লীল॥ অলগ্‌ন কত্তা কৈলে মাইর্ খাইয়া মর্‌বা। [অ+লগ্ন]।

অলড়্=[চট্ট, রা, খু]—বিণ. নিশ্চল॥ [<অ+নড়]।

অলফ্=[বা]—বি. কসম, শপথ॥ হামি অলফ করে কৈতে পারি। [<হলফ্ حلف আং]।

অলম্‌বুইশ্=[কুম]—বিণ. নোংরা, আহাম্মক। [দেখ অলম্‌বুত]।

অলম্‌বুত্=[ম]—বিণ. অশিষ্ট, অদ্ভুত॥ ম্যাগেবিয়া লেংডা সেরাডা এ্যাকটা অলম্‌বুত্ শায়েযে। [<অদ্ভুত]।

অলম্‌বুশ্=[কুম, চা]—বিণ. বোকা, হিতাহিত জ্ঞানশূন্য॥ অলম্‌বুশের শব কত্তা হুইন্যা পার্‌তা না।

অলম্‌বৈশ্=[চা]—বিণ. নোংরা, আহাম্মক, উজবুক॥ হেইতে আস্তা অলম্‌বৈশ্। [দেখ অলম্‌বুত্]।

অলর্—[কুম]—বিণ. লাওয়ারিশ॥ এইডা কি অলর্ যিনিশ পাইস যে যেমনে ইস্‌সা হেম্‌নেই লৈয়া যাইবা ?

২=[পা, চট্ট]—বিণ. নীরব, চুপ্‌চাপ্॥ তুমিত অলর্। [<অনড়]।

অললি=[ফ]—বিণ. সহজ, সাধারণ, তুচ্ছ। যহন তহন বক্‌বি, এক্‌কেরে অললি কথা ?

২=[ম]—ক্রি. বিণ. সুর করিয়া॥ বাতাশ অললি বৈতাসে। [অনু.; তুং অললা (বৈদিক)]।

অলল্=[ম, কুম]—বিণ. বেহিসেবী॥ টেহাপৈশা অলল্ খরচা কর ক্যা ?

২=[ম]—বি. অস্থান, অপাত্র, বিফল॥ হেইতে খালি অললে গুইরা বেরায়।

অলা=[রং, রা]—বি. গাছের নতুন ডাল॥ গাছের অলাত্ পৈখ্ বৈসে।

২=[য]—ক্রি. ধাপে ধাপে নামা, অবতরণ করা॥ [<ওলা <ওঅল প্রাং<অবতর সং]।

৩=[রা]—বি. লাঠি॥

৪=[সি]—ক্রি. বিণ. এইভাবে, এই রকম ।। অলা কর্তায় আস্লায়নি চোঁয়া বাই ? [এই+লা] ।

৫=[ম]—বিণ. যে পরের বাড়ীতে থাকে ।। অলার আবার ডেম্না (=মান) ।

অলাড়ি=[রা]—বিণ. আনাড়ী ।। অলা-ড়িক পাটাবু ঐ কামেতে ? [<আনাড়ী <অণ্ণাণী প্রাং<অজ্ঞানী] ।

অলানো=[বা, ফ]—ক্রি. হাতে উলটাইয়া দেওয়া, ঢেঁকিতে ধান ভানার সময় চাউল এদিক ওদিক সরাইয়া দেওয়া ।। দান বালা কৈরা অলাইয়া দে । [<এলা <আউল প্রাং <আকুল সং+ আন প্র. ; নামধাতু] ।

অলান্=[ফ]—বি. পশুর স্তন ।। আমাগো গাইর অলান্ডা বড় । [তুং ওলান] ।

২=[ঢা, কুম, চট্ট]—বি. হাতীর পিঠের গদি, হাওদা ।।

৩=[ফ, ঢা]—ক্রি. নামান । ওর কান দৈরা চোঁওে (=মই) ডাবত্যা অলাই দে দি । [পরে দেখ] ।

৪=[ম,সি]—ক্রি. উনুন হইতে নামান ।। সালন্ডা অলাওন্ বুয়া । [<ওলান <ওআরন প্রাং অবতারণ সং] ।

অলাফ্=[ম]—বিণ. ক্লান্ত, হয়রান ।। [<হলাক هلاک আং=ধ্বংস] ।

অলি=[চট্ট]—বিণ. অসভ্য ।। তোঁয়ার পোয়া খত অলি দেখাম ন নি ?

২=[বা]—বি. পাকের ঘর ।। অলি গরে বৌএ রান্তাসে ।

৩=[ম, সি, কুম]—বি. মালিক, অভি-ভাবক ।। কৈন্যার অলির কাস থাইক্যা বিয়ার হুকুম আনন্ লাগব্ । [<ওলী ولی আং] ।

অলিংগে গলিংগে=[বা, বং]—ক্রি.বিণ. এ মুলুকে সে মুলুকে ।। অলিংগে গলিংগে ঝাটুঝুট দেওয়া কি শোজা কথা । [দেখ অলংগ কলংগ] ।

অলিগ্=[ক]—বিণ. অনাহূত ।।

অলিধা=[নো]—বি. কলিজা ।। আঁর অলিধা যলি যায় । [<কলিজা] ।

অলিযিল্=[ব]—বি. অযোগাড়, অভাব ।। টেহার অলিযিল দেইখ্যা যাই নাই । [অ+সিজিল হিং ; তুং অশিজিল] ।

অলিয়াম্=[ম]—বি. আমন ধান বিশেষ ।।

অলুনি=[কুম]—বিণ. আনুমানিক ।। অলুনি কতার দাম নাই ।

অলেঅলে=[বা]—বিণ. বেখেয়াল, উদাসীন ।।

অলেংগা=[পা]—বি. বাঁশের তৈরী বর্শা, সড়কী ।। [দেখ অলংগা] ।

অলেয্য=[ঢা, ম]—বিণ. অনুচিত ।। কথাটা কি অলেয্য ঐসে । [<অন্যায্য] ।

অলেহান্=[রা]—বিণ. বিশৃঙ্খল, আবর্জনাপূর্ণ ।। ঘরটা এত অলেহান্ কার ?

অলৈদ্=[কুম, সি]—বি. হলদি ।। বাযাবতে অলৈদ্ আইন্য । [<হলদী <হলদ্দী প্রাং<হরিদ্রা সং] ।

অলৈলা=[পা]—বিণ. অপ্রতিষ্ঠিত ।।

অলো=[ঢা]—অব্য ওলো, ওহে ।। অলো মনা, একটা কতা হুইন্যা যা । [<ওলো] ।

অলোক্পায়ে=[রা, ফ]—বিণ. পাষণ্ড, নরাধম ।। এ অলোক্পায়ে আবার যুট্ল কৈত্তুন (ফ) ? [অন্নেগে<অন্যায় :] ।

অলোলুম্=[সি]—বিণ. আন্দাজি ।। গাই আরাইসে, অলোলুম্ কোন্ আওরে তুকাইমু ? [অ+মা'লুম معلوم আং=জ্ঞাত] ।

অল্=[খু]—বি. স্রোতের প্রতিকূলে পাতিয়া মাছ ধরিবার উপকরণ ।।

২=[খু]—বি. গভীর কর্দমাক্ত স্থান ।।

অল্অলি করা=[সি]—ক্রি. উদ্ভিদ বা তৃণের কচি পাতা দোলা ।। আওরে দান গাস অল্অলি করের । [অনু.] ।

অল্অলে=[পা]—বিণ. বেহিসাবী, নির্দয়, কঠোর ।। [দেখ অলেঅলে] ।

অল্অল্=[কুম]—বিণ. এমনি, অযথা ।। অল্অল্ কতা কৈওনা । [অনু.] ।

২=[ঢা]—বিণ. বেশী পরিমাণ, সস্তা ।। এত অল্অল্ টেহা না যে অবাবে আনুতাযে খর্চ কর্বা ।

অল্কড়িয়া=[কুম, নো]—বি. এক প্রকার ছোট টক ফল ।। নুনমৈচ্' দিয়া অল্কড়িয়া খায়মো ।

অল্কম্=[সি]—বি. গলা, কণ্ঠনালী ।। আমার অল্কমে গাও ঐসে । [<হল্-কুম حلقوم আং] ।

অল্কান্=[ম]—ক্রি. নড়াচড়া ।। এত অল্কাও ক্যা, চুপ্ কৈরা বও ।।

অল্খলাই=[নো]—ক্রি. বিণ. মোটা তাজা হইয়া ।। কদু গাসগুলা অল্খ-লাই উঠ্সে ।

অল্গোস্তে=[কুম]—ক্রি. বিণ. আস্তে, নীরবে ।। অল্গোস্তে আইটটা যা । [<আলগোছে<অলগুসে হিং] ।

অল্ত্তা=[রা, দি]—বি. ঘরের চালের পানি পড়ার স্থান, ঘরের জল নিকাশের নালা ।। [<ওল্তী হিং] ।

অল্তিয়া=[রং]—বি. বেড়ী, হাঁড়ি পাতিল প্রভৃতি চুলা হইতে নামাইবার জন্য লোহার তৈরী হাতা বিশেষ ।।

অল্দা=[ঢা]—বিণ. হলুদ বর্ণের ।। অল্দা পৈক দেখ্তে বর শুন্দর । [হল্দা<হলদ্দ প্রাং<হরিদ্রা সং] ।

অল্দি=[ম]—বিণ. যে সব কথাতেই থাকে ।। হে আসলে অল্দি, এই দলেও আসে আবার হেই দলেও আসে ।

২=[কুম, ঢা, ম]—বি. হলদি, হলুদ ।। বাযার্ তুইন্ অল্দি আইন্যো । [<হলদী <হলদ্দী প্রাং<হরিদ্রা সং] ।

অল্দি মাখান=[কুম, সি]—ক্রি. অত্যধিক আনন্দিত হওয়া (বিবাহের সময় বরকনের গায়ে হলদি মাখানো হয় বলিয়া ইহা একটি আনন্দের ব্যাপার) ।। বেডির গাওত যেমন অল্দি মাহাইয়া দিসে । [<অল্দি<হলদি; দেখ অল্দি$_2$ +মাখান] ।

অল্দির্=[ম]—বি. অভিভাবক ।। পোলাডার অল্দির্ কেঐ নাই ।

অল্পত্তল্=[চট্ট]—বিণ. অগো-ছালো ।। বৌডার মাথাত অল্পত্তল্ চুল ।

অল্পপাত্তারি=[রা]—বিণ. সঙ্কীর্ণ-মনা ।। তোরমত অল্পপাতারি দেকোঁ নাই ।

অল্ফা=[কু]—বি. ফল পাড়িবার দণ্ড বিশেষ ।। অল্ফা দিয়া গাসেত্তে আম পাড় ।

অল্মৈ=[চট্ট]—বি. আমলকী ফল ।। অল্মৈ দিয়া আঁচ'র অয় । [<আমলঙ্গ প্রাং<আমলকী ; স্থিতি বিপর্যয়] ।

অল্লেক্=[রা]—বিণ. হয়রান ।। তুই একেবারে অল্লেক হয়ে গেচিশ্ । [<হলাক هلاک আং=ধ্বংস] ।

অল্হৈ=[সি]—বি. চীৎকার ।। অল্হৈ দিল কেডারে ? [<হল্লা হিং] ।

অল্হলৈ=[নো]—ক্রি. বিণ. নক্নকাইয়া, তাড়াতাড়ি ।। হোয়া (=শশা) গাসগুইন অল্হলৈ বর ঐ গেসে । [<অলহন অনু.+ইয়া প্র.] ।

আ=[রং]—অব্য. বিদ্রূপসূচক শব্দ ॥ আ-রে, তুঁই পাল্লুই না।

২=[ম]—অব্য. অপ্রাসঙ্গিক, বাজে, খারাপ ইত্যাদি অর্থবোধক ॥ তুই আর্ আ-কতা কৈস্ না। [<অ]।

৩=[চা]—অব্য. হাঁ ॥ আ, আমিও যামু। [<হাঁ]।

আঅন্=[চট্ট]—সর্ব. নিজ ॥ আঅনের বুয্ পাঅলেও বুযে। [<আপন]।

আঅরি=[কুম]—বি. তরকারী বিশেষ ॥ আঅরি বন্নার লাইগ্যা পাওয়া যায় না।

আআগা=[বা]—বি. পায়খানা, মলত্যাগ ॥ [<হাগা]।

আই=[চট্ট, নো]—অস. ক্রি. আসিয়া ॥ হিতে বারি আই চ'লি গেইয়ে। [<আসি<আসিয়া]।

২=[রং]—বি. পিতামহী ॥ [<অয্যিআ প্রাং <আর্যিকা সং]।

৩=[খু]—বি. <আয়ু ॥ আমার আই বুঝি ফুরাইসে।

৪=[চা]—বি. সাড়া শব্দ ॥ গরের্ মৈদ্দে কেউইর্ আই পাইলাম না।

৫=[ম]—বি. ভোগেচ্ছা, পাওয়ার লোভ ॥ অ্যাত খাইয়াও তার্ আই যায় না। [<আশা]।

৬=[ম, কুম, চা]—বি. তৃপ্তি ॥ তার ঝিয়্তেই আই মিডে না। [<আশা]।

৭=[সি]—বি. হংসী ॥ আইর্ ডিম। [<হাঁসী<হংসী]।

আইও=[দি, রা]—বি. দিদিমা, নানী (হিন্দুদের মধ্যে বেশী প্রচলিত) ॥ [দেখ আই২]।

২=[রা]—বি. বরকনেকে যাহারা বিবাহের সময় সাজায় ॥ [<অইহআ প্রাং <অবিধবা সং]।

আইওন=[কুম]—বি. আসা ॥ তার বাইত্ আইওনের্ কতা আসে। [<আই-সন=আসা]।

আইংগ্যা=[ম]—বি. ভিজা পাট শুকাইবার জন্য বাঁশের খুঁটির সঙ্গে আড়াআড়ি বাঁশ বাঁধিয়া যাহা তৈরী করা হয় ॥

আইক্কশ্=[পা]—বি. রাক্ষস ॥ ব্যাটা আইক্কশ্ শব্ খাইচে'। [<রাক্ষস]।

আইক্কা=[চা, ম, কুম]—বি. বাঁশের গিঁঠ ॥ [দেখ আইখ্যা]।

২=[ম]—বি. তাক, সিঁড়ি ॥ আইক্কা সারা গাসে উডন্ যায় না। [<অঙ্ক]।

আইক্কেল্=[খু]—বি. জ্ঞান, বুদ্ধি ॥ তার আইক্কেল্ বল্তিই নি। [<'আক্ল عقل আং]।

আইখ্যা=[সি]—বি. গিরা, গ্রন্থি ॥ আইখ্যাওলা বাশ্। [<এঁকো<অঙ্ক+ইয়া প্র.]।

আইখ্ড়া=[রা]—বি. মাছ বিশেষ ॥ আইখ্ড়া মাছের শাদ্ আছে।

আইগ্যা=[ম, কুম]—অব্য. আজ্ঞা, জি ॥ আইগ্যা, কি কৈসৈন্। [<আজ্ঞা]।

২=[চা]—অস. ক্রি. ফিরিয়া ॥ আইগ্যা আহিস্ তারাতারি।

আইগ্যাগিরি=[চা]—বিণ. আগ্রহশীল ॥ খ্যালনের লাইগ্যা হ্যায় খুব্ আইগ্যা গিরি। [<আগ্রহকারী]।

২=[চা]—বিণ. অগ্রগামী ॥ খালি কতার বেলায় আইগ্যা গিরি ঐলে চ'লে না। [<অগ্রকারী]।

আইগ্গা=[চা, কুম]—অস. ক্রি. মলত্যাগ করিয়া ॥ পোলাডা আইগ্গা দিসে। [<হাগিয়া]।

আইগ্গান=[রং]—বি. তৃপ্তি ॥ এ্যাত খায়াও তোর্ আইগ্গান্ মেটেনা? [<আইগা<আকংখা প্রাং<আকাঙ্ক্ষা +আন প্র.]।

আইগ্ন্যা=[রা]—বি. বাড়ীর ভিতরের উঠান বা ফাঁকা জায়গা ॥ [<আগ্ইনা <অঙ্গিনা]।

আইগ্লা=[ম]—বিণ. পূর্বের, আগের ॥ আইগ্লা কতা আমার মনে নাই। [<আগিলা]।

আইঘোর্=[রা]—বিণ. সময় মত যে ফসল বপন করা হয় ॥ এ বসর শব্ ধান আইঘোর্ হয়্যাছে।

আইচ'া=[চা, কুম, ফ]—বি. নারিকেল-মালা, নারিকেলের মালার চামচ ॥ আইচ'ার মৈদ্দে রংডা গোল্।

আইচ'ইল্=[পা]—বি. পরমায়ু ॥ আইচ'ইস্ থাক্লি কি আর মর্তি পারে? [<আয়ু চাউল=আয়ু ও খাদ্য]।

আইচ'্যাল্=[চা, কুম]—বি. বাড়ির পশ্চাতে যেখানে আবর্জনা ফেলা হয় ॥ আইচ'্যালে গ্যালে স্যান্ করন্ লাগ্বো। [দেখ আইস্যাল]।

আইচ্'কা=[ব, পা]—ক্রি. বিণ. আজ ॥ তুমি কি আইচ্'কা যাইবা? [<আজিকা]।

আইচ্'তরি=[ফ, বা]—ক্রি. বিণ. আজ পর্যন্ত ॥ আইচ্'তরি কোন চিঁড়ি পাই নাই। [<আজি+তরি=পর্যন্ত]।

আইচ্'দার্=[চট্ট]—বি. যন্ত্রপাতি, দা' কুড়াল ইত্যাদি ॥

আইচ্'লা=[ম]—বি. মাছের আঁইশ ॥ [<আঁইষ+লা প্র.; আঁইষ<আমিষ]।

আইজ্কাইল্কার্=[দি, রা]—বিণ. বর্তমানকালের বা যুগের ॥ আইজ্কাইল্কার্ ছেলে মেয়ের্ শরম্ কম্। [<আজিকালিকার]।

আইযং=[ম, কুম]—বি. বর্বর ॥ আইযং এর্ মত কতা কও ক্যা? [<হাজং, মূল অর্থ উপজাতি বিশেষ]।

আইযা=[কুম, নো]—ক্রি. বিণ. আজ ॥ আমি আইযা ঢাকা যামু। [<আজি]।

আইযাই=[চট্ট]—অস. ক্রি. আসিয়া যাইয়া ॥ [<আসিয়া যাইয়া]।

আইযাইঅবস্‌তা=[পা]—বি. মরণাপন্ন অবস্থা ।। দাদার আইযাই অবস্‌তা। [দেখ আই যাই+অবস্থা]।

আই যাওয়া=[সি]—ক্রি. শরীর শুকাইয়া যাওয়া, আগুন নিভিয়া যাওয়া ।। পোয়া খান্ আই গ্যাসে।

২=[ম]—ক্রি. পরিতৃপ্ত হওয়া ।। আযাইরা ট্যাহা পাইয়াও তার্ আই যায় না। [আই <*আহ <আশ <আশা; দেখ আই মিডা]।

আইয্যা=[ফ, বা]—বি. হারানি ।। আমার্ কলস্তা আইয্যা গ্যাসে।

২=[নো, কুম]—ক্রি. বিণ. আজ ।। আইয্যা বারি যামু। [<আজি]।

৩=[চট্ট]—বি. হাট কুড়ায় যে ।। আযিয়া আইয্যা আঁতুতুন বৌত্ চৈ'ল্ লৈ গ্যাল্ গৈ।

৪=[কুম]—বি. এক প্রকার গাছ ।। আইয্যা গাসের্ রশে গলার্ টন্‌সিল্ বালা অয়।

আইয্=[চট্ট]—ক্রি. বিণ. এখন ।। ইবা আইয্‌ও ন খাইয়ে। [<আজি]।

আইয্‌কাইল্=[চা, ম]—ক্রি. বিণ. আজকাল ।। আইয্‌কাইল্ চ'াইলের্ বাযার্ যবর্ চ'রা। [<আজিকালি]।

আইয্‌কু=[সি]—ক্রি. বিণ. আজ ।। আইয্‌কু কি খাইস? [<আজিক= আজিকা]।

আইয্‌গো=[চা]—ক্রি. বিণ. আজ ।। আইয্‌গো যাইবা কৈ? [<দেখ আইয্‌কু]।

আইয্‌তে=[বা]—বি. আজ থেকে ।। [<আজি+তে=হইতে]।

আইটা=[পা]—অস. ক্রি. শক্ত করিয়া ।। দরি আইটা বান্‌দিশ্। [<আঁটিয়া]।

২=[পা]—বি. ধামা ।। ধানগুলি আইটায় রাখ।

৩=[পা]—বিণ. গোঁয়ার ।। আইটা শুয়রের্ নাগ্‌লা খেইপা গেসিন্।

৪=[ফ]—বি. ঝাড়ু ।।

৫=[ব]—বি. বাড়ীর উঠানের নিম্ন স্থান ।। বারির্ আইটায় তামুক্ লাগাইসি।

আইটাই=[রং]—ক্রি. বিণ. হাঁস ফাঁস, ছটফট ।। আইটাই করিস্ না বায়। [<আইটাই]।

আইটা উইটা=[সি]—বি. উচ্ছিষ্ট ।। [আইটা <যাঁইটা <আমিট্ট প্রাং <আমৃষ্ট স'=এঁটো+উইটা অনুঃ]।

আইটা বাউটা=[সি]—বিণ. অজ্ঞাত কুলশীল ।।

আইটা বাংগা=[পা]—ক্রি. আট মাসের ছেলেমেয়ের মুখে ভাত দেওয়া ।। [<আটা =আট+ইয়া প্র.+ভাঙা]।

আইটার্ নল্=[চা]—বি. মাপ বা পরিমাণ বুঝাইতে ব্যবহৃত হয় ।। তোমার পাও-তো আইটার্ নল্, এ্যাক্ লাফে যাও দশ্ গয্।

আইটার্ মাপ্=[ম, রং]—বিণ. পরিমাণে বেশী অর্থে ।। গ্যারামে গোয়াল্‌রা আইটার্ মাপে দুদ্ কিনে।

আইটি=[সি]—বিণ. কৃপণ, বখিল ।। [<আঁটি]।

আইট্যা=[চা]—বিণ. উচ্ছিষ্ট ।। আইট্যা বাতগুলাইন্ মুর্‌গিরে দ্যাও। [দেখ আইটা উইটা; সাধু এঁটো]।

২=[ম]—বি. দেউড়ী ।। আইট্যা ব্যারাডা ডাট্‌টি কৈরা নিও।

৩=[ম]—বি. হাঁটু ।। আইট্যা গাইরা বও। [<আঠিয়া<অঠ্‌ঠীয়া<অষ্ঠিবৎ]।

আইট্যাপিট্যা=[চা]—অস. ক্রি. যত্ন বা মনোযোগ সহকারে ।। কাম্‌ডা আইট্যাপিট্যা কর। [<আঁটিয়া পিটাইয়া]।

আইট্=[ফ]—বি. ভরসা, সাহস, মনোবল ।। শব কামেই তার আইট্ আসে। [<আঁটি]।

২=[পা]—বি. আবদার ।। বেশি আইট্ বালানা।

৩=[খু, য]—বি. যোগ্যতা ।। তোমার্ কামের্ কোন আইট্ নাই।

৪=[ম, কুম]—বি. রাগ, মনকষাকষি ।। অত আইট্ করস্ কার্ লগে? [<আঁটি]।

৫=[সি]—বি. অভিমান, গোস্‌সা ।। বৌডা যবর্ আইট্ করে।

৬=[রং]—বি. আগ্রহ ।। এই কামে তোর এ্যাত আইট্ ক্যান্ বাহে? [<আঁটি]।

৭=[বা]—বি. অঙ্গভঙ্গি ।।

৮=[বা, চা, কুম]—বিণ. শক্ত, দৃঢ় ।। আইট্ কৈরা কাম্ কর। [<আঁটি= আঁট]।

৯=[কুম]—বি. একতা ।। শমাযের্ আইট্ বাংগা ঠিক্ না। [<আটি<আষ্ট সং; তুং সমষ্টি]।

আইট্‌টা=[চা, কুম]—অস. ক্রি. হাঁটিয়া ।। আমি চৈ'দ্দ মাইল্ পত্ আইট্‌টা আইসি। [<হাঁটিয়া]।

২=[ফ]—বি. তালের শাঁস ।। আইট্‌টা খাইতে খুব মযা [<আঁটি]।

৩=[চা]—বিণ. ঝুটা ।। খাবার আইট্‌টা করন্ বালা না। [দেখ আইটাউইটা]।

আইট্‌টা কলা=[কুম, চট্ট]—বি. বীচিওয়ালা মোটা কলা ।। [<আঁটি+আ প্র.; অর্থ আঁটিযুক্ত+কলা]।

আইট্‌না=[সি]—বি. রন্ধনশালায় বাসন রাখার উঁচু জায়গা ।।

আইট্‌পাইট্=[ম]—বি. বাধ্যবাধকতা ।। একটু আইট্‌পাইট্ কৈরা কতা কৈও। [<আঁটি+পাটি অনুঃ]।

আইঠ্যা ভিড্যা=[রা]—অস. ক্রি. শক্ত করিয়া ।। আইঠ্যা ভিড্যা লাংগলে ধর্। [<আঁটিয়া]।

আইড্যা=[নো]—বি. বীচি কলা বা আঁটিয়া কলা ।। [দেখ আইট্‌টা কলা]।

আইডা=[কুম]—বিণ. উচ্ছিষ্ট, ঝুটা ।। আইডা বাত্ বিলাইরে দ্যাও। [দেখ আইট্‌টা৩]।

২=[কুম]—বিণ. অধৌত, এঁটো ।। আইডা আতে গ্যালাশ্ দৈর না। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. অর্শ, গেঁজ ।। কারোর্ (=আমাশয়) ঐয়া স্যারাডার্ আইডা বাইর্ ঐয়া গ্যাসে।

৪=[চা, ম]—বি. বাঁশের শলাকার তৈরী মাছ ধরিবার কাঁদ বিশেষ, যাহা স্রোতের মুখে বসাইয়া রাখা হয় ।।

আইডাই=[রা]—বিণ. মুমূর্ষু ।। রোগির আইডাই অবস্থা। [<আইটাই]।

আইডাইনি=[চা]—অব্য. গরুকে ডান্ দিকে নেওয়ার সঙ্কেত।। গরুডা আইডাইনি কৈলেও হোনে না। [<আয় ডাইনে<আয় ডাহিনে]।

আইডালি=[বা]—বি. এঁটুলি, পশুর গায়ের উকুন।। [<আঁটুলি]।

আইড্যা=[চট্ট]—বি. বীচিকলা।। [<আঁট+ইয়া প্র.]।

আইড্‌ডা কলা=[ফ]—বি. বীচিকলা।। আইড্‌ডা কলা খুব্ শার্‌তিক্। [দেখ আইট্‌টা কলা]।

আইড়ায়া=[চট্ট]—বি. নৌকার বৈঠা।।

আইড়ি=[বা]—বি. ইঁট পাটকেল নিক্ষেপ।। আইড়ি দি আম পাড়ে কে? [√এড়্, নিক্ষেপ করা <√ইড় সং]।

আইড্যাল্=[বা]—বিণ. খুব জেদী।। [<আড়ি+আল প্র.]।

আইড়্=[রা]—বি. বিচালী, খড়।। গরু আইড়্ খায়। [<আটি]।
২=[বা, ফ]—বি. বিশেষ সুবিধা।। এই কামে আমার আইড়্ খুব বেশি। [<*হাইট<*হুইধ<*সুবিধ<সুবিধা]।

আইড়্‌কাইড়্=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। আইড়্‌কাইড়্ কৈরা ভাত খাইও না। [অনু.]।
২=[রা]—বি. বমি বমি ভাব, খারাপ লাগার ভাব।। তার শরির্ আইড়্‌কাইড়্ করছে। [অনু.]।

আইড়্‌গা=[ফ]—বি. পুং হাঁস।।

আইতা=[ম]—অস. ক্রি. <আসিতে।। এহানে আইতা পার না?
২=[ম, চা]—বিণ. বিবাহের পর পূর্ব স্বামীর ঔরসজাত যে সন্তান সঙ্গে আসে।। স্যারাডা হেইতার্ আইতা পোলা। [<হাতিয়া=যাহাকে হাতে করিয়া আনা হয়]।

আইতানি=[ম]—বি. মাছ তরকারী ধুইবার বা রাখিবার জন্য মাটির পাত্র বিশেষ।। [দেখ আইত্যানি]।

আইতান্‌কাইতান্=[ম]—বি. আশ্বিন কার্তিক মাসের বড় ঝড়।। আইতান্ কাইতানে গর্‌খান্ বাইংগা চুঁইয়া হালায়। [<কাতি <কত্তিঅ<কাতিক +আন প্র.; আশ্বিন>আশিন> আহিন> আইন; কাইতান্ শব্দের সাদৃশ্যে আইতান]।

আইতান্‌দার্=[রং]—বি. তামাকের পেটি বাঁধার কাজে অভিজ্ঞ মজুর।।

আইতাপোলা=[রং]—বি. পালিত পুত্র।। [দেখ আইতা$_২$+পোলা<পুঅল <পুত্রল সং]।

আইতাম্=[ম]—অস. ক্রি. আসিতে।। আইতাম্ পারতাম্ না। [<আসিতাম= আসিতে]।

আইতে আইতে=[কুম]—অস. ক্রি. <হাসিতে হাসিতে।। আইতে আইতে প্যাট্ ফাইটা গ্যাল।

আইত্যা=[ম]—বিণ. বড়।। আইত্যা যোয়ান্‌ডা কৈল্‌মা যানে না। [<হাতিয়া =হাতীর ন্যায়]।

আইত্যানি=[পা]—বি. মাছ ধুইবার পাত্র বিশেষ।। [দেখ আইতানি]।

আইত্যানো—[চা]—ক্রি. নাড়াচাড়া করা, ঘাঁটাঘাঁটি করা।। মাস্‌টা আইত্যাইস্ না। [দেখ আইতৃতানো]।
২=[ম]—বি. চুল্লী।। কামারে আইত্যানো যালাইতাসে।

আইত্যার্=[কুম]—বি. অস্ত্র।। আইত্যার্ সারা কাম্ কর্‌মু কিদ্দা? [<হাতিয়ার]।

আইত্যা সাওয়াল=[পা]—বি. পূর্ব স্বামীর ঔরসজাত ছেলে।। [দেখ আইতা$_২$+সাওয়াল=ছেলে]।

আইতোতে=[রা]—ক্রি.বিণ. রাত্রিতে।। মুই আইতোতে ভাত খাঁও না। [<রাত্রিতে]।

আইত্=[ম]—বি. রাত্রি।। [<রাতি]।

আইত্‌কানা=[দি, রা]—বিণ. রাতকানা।। আইত্‌কানা মান্‌শির্ বড় বিপদ্। [<রাতি কানা]।

আইত্‌ত বৈরাতি=[রং]—বি. বরযাত্রী।। আইতৃত বৈরাতি আইতাছে। [আইতৃত<অতিথি+বৈরাতি<বরঅত্তী <বরযাত্রী]।

আইত্‌তা=[ম]—বি. স্ত্রীর পূর্ব স্বামীর ঔরসজাত সন্তান।। [দেখ আইতা ২]।

আইত্‌তানি=[ম, চা]—বি. আশ্বিন মাসে কয়েকদিন ব্যাপী অবিরাম বৃষ্টিপাত।। [দেখ আইতৃতানো$_২$]।

আইত্‌তানো=[চা, ফ]—ক্রি. খোঁজ করা।। চো'রের বারি আইতৃতাইয়া কিস্সুই পাওয়া গ্যাল না। [<হাতান]।
২=[ম, চা]—বি. আশ্বিন মাসে কয়েক দিন ব্যাপী অবিরাম বৃষ্টিপাত।। [দেখ আইতান্ কাইতান্]।

আইত্‌না=[চা, কুম, ম, নো]—বি. বারান্দা, ঘরের কিনারা, কামরা।। আইতৃনায় বৈয়া করস্ কি? [<হাতিনা]।

আইত্‌লি=[রা]—বি. বর কনেকে যাহারা সাজায় তাহাদের মজুরি।। [আইত<অবিবাহিত+লি প্র.]।

আইদরা=[পা]—ক্রি. অতিরিক্ত পরিশ্রমের জন্য হাই পাওয়া।। [<হাই ধরা]।

আইদা=[ম]—বি. বঁটি।। আইদা দিয়া মাস্ কুডে।

আইদাগর্=[ম]—বি. আঁতুড়, সূতিকা গৃহ।। আইদা গরে যাওন্ মানা।

আইদানো=[ম]—ক্রি. হাঁপানো।। এতো আইদাও ক্যারে? [দেখ আইদ্দানো]।

আইদারি=[রং]—বি. ডাগাদার, বর্গাদার।। আইদারি করি খাঁও। [<আধিয়ারি <আধা+ইয়ারি প্র.; দেখ আইধোর্]।

আইদে=[কু]—বিণ. যাহার বাচ্চা বা সন্তান হয় নাই।। একটা আইদে সাগল্ কিন্‌বো।
২=[কু]—বি. কুয়াশা. মেঘাচ্ছন্ন।। আইয্ আইদে বাব্ আব কাট্‌বে না।

আইতাবাইতা=[চট্ট]—বি. আজে বাজে লোক, যাহাদের কথার কোন মূল্য নাই, চোগল খোর।। আইদ্যা বাইদ্যার লয়ে এ গান্‌তি ন গৈরো। [আইদ্যা অনু:+বাদিয়া<বা'দ بعض আং=আজে বাজে]।

আইদ্‌দর্‌ = [কুম] — বি. সামনের দরজা ॥ আইদ্‌দর্‌ দিয়া আইয়ো। [<আদ্য (বা আদি)+দোর]।

আইদ্‌দা উদাইরা=[ম]—বিণ. ন্যাকা, ভণ্ড, জানিয়াও যে না জানার ভান করে ॥ [<আইদ্‌দা <আদ্য+উদাইরা <উদার]।

আইদ্‌দাউদাইরামি = [ম] — বি. ন্যাকামি ॥ আইদ্‌দা উদাইরামি সাইরা আশল্‌ কতা কও। [দেখ আইদ্‌দা উদাইরা+আমি প্র.]।

আইদ্দালো=[রা]—ক্রি. হাঁপাইয়া উঠা, ক্লান্ত হওয়া ॥

আইদ্‌দে=[সি, কুম, চট্ট]—ক্রি. বিণ. আগে ॥ অাঁই আইদ্‌দে ইশ্‌কুলে আইসি। [<আদ্যে]।

আইদ্‌দোত্‌=[ফ]—বি. অভ্যাস ॥ তামাকের আইদ্‌দোত্‌ বাল না। [<'আদত ﺕ ১৮ আং]।

আইধোর্‌=[রা]—বি. বর্গাদার ॥ রহিম আমাহারে আইধোর্‌। [<আধিয়ার্‌ <আধ+ইয়ার প্র.]।

আইধ্‌=[খু]—বিণ. আধা, অর্ধ ॥ আইধ্‌ মন্‌ ধান্‌। [<আধ]।

আইনা=[ম]—বি. আয়না, দর্পণ ॥ আইনার মতো সাপ্‌ পানি। [<আ'ঈনহ্‌ آئينه ফা.]।

২=[সি]—বিণ. আশ্বিনের, আশ্বিন মাস সম্বন্ধীয় ॥ আইনা উরি (=শিম) খাইতে ঐলে বৈশাখে রোয়া লাগে। [<* আহিনা<আশ্বিনা]।

আইনার্‌=[ম]—বিণ. ঝঞ্ঝাট, ভেজাল ॥ এ্যাত আইনার্‌ কৈরা পারা যায় না।

আইনাল্‌=[সি]—বিণ. নিয়ম মত, আইনানুযায়ী ॥ আইনাল্‌ খতা খন্‌। [<আ'ঈন آئين ফা.+আল প্র.]।

২=[সি]—বিণ. নিজের (কথা বা জিনিস) ॥ তুমার আইনাল্‌ খতা খন্‌। [<আইন্‌<আপন+আল প্র.]।

আইনুনি=[ম]—বি. চক্ষুরোগ বিশেষ ॥ রশিদের চৌ'খকে আইনুনি ঐসে। [<অঞ্জনি]।

আইন্তা=[নো]—বি. কলা গাছের মধ্য ভাগ ॥

আইন্‌=[ম, সি]—অব্য. হাঁ ॥ আইন্‌, আই বারি যাইম্‌।

২ =[সি] — ক্রি. বিণ. ঠিকঠাক ॥ আইন্‌ উযুর্‌ হি এই মিসা খতা খৈল। [<আইন<আয়ন عين আং + উজুর <উজু (=সোজা)+র স্বার্থে]।

আইন্‌কা=[পা]—বিণ. আনকোরা, নূতন ॥ [পরে দেখ]।

২ = [বা] — বিণ. অপরিচিত ॥ [<আনোখা হিং]।

আইন্‌গর্‌=[সি]—বি. বারান্দাছাড়া ঘরের ভিতরের অংশ ॥ [<আইন <শয়ন+ঘর]।

আইন্‌চ'ল্‌=[চা]—বি. আঁচল ॥ মনে কয় গলায় আইন্‌চ'ল্‌ বাইন্‌দা ডুব্যা মরি। [<অঞ্চল =আঁচল]।

আইন্‌চ'া=[কুম]—বি. নারিকেলের মালা ॥ [দেখ আইচ'া]।

আইন্‌চা'ত্‌=[কুম]—বি. পঞ্চায়েৎ, পঞ্চায়েতের সভ্য ॥ গাঁয়ের আইন্‌-চাত্‌ নৈ বিচ'ার করবাম। [<পঞ্চায়েৎ]।

আইন্‌যা=[ম]—বি. হুক্কা ঝুলাইয়া রাখার জন্য লোহার তৈরী বাঁকা হুক ॥

২=[ম,চা]—অস. ক্রি. দাগ কাটিয়া ॥ বাইরাইয়া পিঠ আইন্‌যা ফালারাম। [<আঁচিয়া]।

৩=[সি,চা]—অস. ক্রি. জড়াইয়া ॥ পুয়াটারে আইন্‌যা দর। [<আনুজিয়া <আসজ্জিয়া, আ-√সন্‌জ]।

আইন্‌তা=[বা]—বি. বারান্দা ॥ আইন্‌তা গরে বও। [<হাতিনা ; দেখ আইতৃনা]।

২=[নো]—বিণ. আগামী ॥ আইন্‌তা কসর্‌ হ্যাতার্‌ বিয়া। [দেখ আইন্‌দা]।

আইন্‌তাযা=[সি]—বিণ. টাটকা ॥ আইন্‌তাযা মাছ্‌। [আইন<'আয়ন عين আং+তাযহ্‌ تازه ফা.]।

আইন্‌দর্‌=[কুম]—বি. ঘরের যে অংশে স্ত্রীলোক থাকে ॥ ম্যাযালেরে আইন্‌দরে বোয়াইসে। [<আন্দর اندر ফা.]।

আইন্‌দা=[চট্ট, নো, সি] — বিণ. আগামী, আগাম ॥ আইন্‌দা শন্‌ আইও। [<আ'য়ন্দহ্‌ آينده ফা.]।

২=[সি]—বি. ঋতু, সময় ॥ দানের্‌ আইন্‌দাত্‌ এই বার্‌ দান্‌ অয় নাই।

আইন্‌দাল্‌=[খু, বা]—বিণ. অশান্ত ॥ ছেলেটা বড় আইন্‌দাল্‌। [<অশান্ত+আল (স্বার্থে) প্র.]।

আইন্‌দোবা=[সি]—অব্য. ওহে ঠিকই, কি বলিব ॥ আইন্‌দোবা, ঘিনিশ্‌ পত্রের্‌ যে দর্‌ বার্‌সে, বর মশ্‌খিল্‌ দেখিয়ার্‌। [<'আয়ন তৌবঃ عين توبه =যথার্থ অনুতাপ]।

আইন্‌না=[চট্ট] — বি. < হাতিনা ॥ আইন্‌না গবে ক্যাডায রে ?

২ =[চা, ম, কুম]—বিণ. লবণহীন ॥ আইন্‌না সান্‌ মযা না। [<আলোনা <অলবণ সং]।

আইন্‌বাইন্‌=[রা]—ক্রি. বিণ. অত-শত ॥ [অনু.]।

আইন্‌ল্যাআদর্‌ = [রা] — বি. যে সমাদরে আন্তরিকতা নাই ॥ [দেখ আইন্‌না২]।

আইন্‌শাল্‌=[খু]—বি. রান্নাঘর ॥ [<আগিনশাল=আগুনশালা]।

আইন্‌হা=[বা, ফ, খু]—বিণ. নূতন, অপরিচিত ॥ আইন্‌হা মানুশ্‌ পথ্‌ ঘাট্‌ চি'নেনা। [<আনোখা হিং]।

আইপাই=[চা, ম]—অব্য. অতিরিক্ত ভোজনের জন্য অস্বস্তি বা ছট্‌ফট ॥ ম্যায্‌বানি খাইয়া অহনে আইপাই লাগ্‌দাসে। [<হাঁই ফাঁই]।

আইপালালো=[ম]—ক্রি. আকাঙ্ক্ষা পূর্ণ করা ॥ আইপালাইয়া খা। [আই<আশা+পালানো <পুরানো]।

আইবড়=[খু]—বিণ. অবিবাহিতা ॥ আইবড় মেয়ে। [<অব্যূঢ় সং]।

আইবা=[পা]—বিণ. আইবুড়ো ॥ গয়ে আইবা ঝিয়া (=মেয়ে) আসে দুইজো। [<অইহবা প্রাং<অবিধবা সং কিংবা আবিয়া <অবিবাহিত সং]।

২=[পা]—বিণ. কুমারী, অবিবাহিতা ॥ এ্যাত [illegible] আইবা মাইয়ার্‌ বিয়া অবলা ক্যা ? [পূর্বে দেখ]।

আইবাই=[সি]—বিণ. যাহার কথার কোনো ঠিক নাই। ব্যাডা এ্যাখেবারে আইবাই। [অনু. ; দেখ আইন্ বাইন্]।

আইবে=[কু]—বিণ. কুমারী, অবিবাহিতা ॥ [<আবিয়া=অবিবাহিতা ; দেখ আইবা$_2$]।

আইব্যা=[পা]—বিণ. অবিবাহিতা ॥ আইব্যা মাইয়া নিয়া বর চি'ন্তা। [দেখ আইবে]।

আইব্যারি=[ব]—বি. বিবাহের ঘটক ॥ [দেখ আইব্যা+রি প্র.]।

আইবো=[রা]—বিণ. কুমারী, যুবতী ॥ [দেখ আইবে, আইব্যা]।

আইব্=[ম, কুম, সি]—বি. দোষ ॥ আল্লা বে-আইব্। [<'আয়ব عيب আং]।

আইমাই=[ম]—অব্য. ইতস্ততঃ ॥ কথা কৈতে আই মাই কর ক্যা ? [অনু.]।

আইমিডা=[চা, ম]—ক্রি. পরিতৃপ্ত হওয়া, পিপাসা মিটা ॥ এ্যাত খাইয়াও তর্ আই মিডে না ? [আই<'আহ <আশ<আশা+মিটা ; দেখ আইম্-যানো]।

আইমুশা=[সি,ম]—বি. দীর্ঘ নিঃশ্বাস ॥ হেইতে লাম্বা আইমুশা সারুল ক্যা ? [<আইম <হাইম=হাই ; ম. বাং হাস্তী + উশা < উৎশ্বাস = উর্দ্ধশ্বাস কিংবা <উষ্মা=শ্বাস] ।

আইম্=[চা, কুম]—বি. মরাবাহী খাটু ॥ আইমের্ বাপ্ কেঐ আনে না।

২=[চা,সি]—বি. দীর্ঘশ্বাস ॥ এ্যাতৃতারা আইম্ সার্‌লা ক্যারে ? [<হাইম <হাস্তী ম. বাং=হাই]।

আইম্‌যানো = [কুম]— ক্রি. তৃপ্তি মিটানো ॥ খারে আ-খাওয়াইয়ার্ পুত্, আইম্‌যাইয়া খা। [আই<আশ<আশা +মিজান=মিটান, দেখ আইমিডা]।

আইম্‌টা-আইম্‌টা = [ম]—ক্রি. বিণ. গড়িমসি, আম্‌তা আম্‌তা ॥ কামের্ কতা কৈলেই হ্যায় খালি আইম্‌টা-আইম্‌টা করে। [<আমটা-আমটা= আমতা আমতা]।

আইম্‌ডানো=[কুম]—ক্রি. মুখনাড়া ॥ তেতৈ খাইয়া হ্যায় মুখ্ আইম্‌ডাইতাসে।

২=[চা]—ক্রি. লোভনীয় জিনিস দেখিয়া মুখ ভংগি করা ॥ মাইনুশের হোম্‌কে আইম্‌ডান্ যবর্ শরমের কতা।

আইম্মানি = [সি]—বি. হা করিয়া হাই নিঃসরণ, আলস্যজনিত হাই ॥ গুমেতৃতে উডি আইম্‌মানি দ্যায়। [<হাইম+আনি প্র. ; আইম <হাইম <হামি<হাস্তী ম. বাং=হাই]।

আইয়্ = [ম]—অব্য. হ্যা ॥ আইয়্, তোমার্ কতাই হাচ'া।

আইয়্যত্=[রং]—বি. রায়ত, প্রজা ॥ বারগর্ জমিদারিতৃ তাবগর্ আইয়্যতৃ। [<র'ঈয়ৎ رعيت আং]।

আইয়ানারা দ্যাওয়া=[ম]—ক্রি. সব মিশাইয়া জগা খিচুড়ি করা ॥ ডাইল্ চ'াইল্ মিয়াইয়া আইয়ানারা দিসে।

আইয়ামের্ ফ্যার্=[ম]—বি. ভাগ্য-বিপর্যয়, গ্রহবৈগুণ্য ॥ আইয়ামের্ ফ্যার্ না ঐলে কি আর আদ্‌না মাইন্‌শের্ হাতে হ্যায মাইর্ খায় ? [দেখ আইয়াম+এর (সম্বন্ধে)+ফের= পরিবর্তন]।

আইয়াম্=[কুম, ম]—বি. অদৃষ্ট, ভাগ্য ॥ আমার্ আইযাম্ মোন্দ। [<আয়্যাম ايام আং ; য়ওম يوم=দিন শব্দের বহুব.]।

২=[ম]—বি. সময় ॥ আইয়াম্ বালা দেইহা বাইচ'া গ্যালা। [পূর্বে দেখ]।

আইয়ালা=[চা]—বিণ. আদুরে ॥ 'আই-য়ালা মুর্‌গির শাহ্ পাইলায় বৈদা' (প্রবাদ)।

আইয়াল্যাম্=[চা]—বিণ. অধৈর্য, বে-সবুর ॥ এ্যাত আইয়াল্যাম্ পানা বালা না। [<অসহন+আমি প্র.]।

আইয়াল্=[পা]—বি. চুলা ॥ [<আই-নাল<আগিনহাল<অগ্নিশালা]।

আইয়াশি=[চট্ট, নো]—বি. বিলাসিতা ॥ বেশি আইয়াশি কর্‌লে হ্যাশে কশ্‌ট পাইবা। [দেখ আই শ+ই ফা. প্র.]।

আইয়াশ্=[চট্ট, নো]—বিণ. বিলাসী ॥ লোকটা বর আইয়াশ্। [<'আয়্যাশ عياش আং]।

আইয়াস্ত=[ফ]—বিণ. অবিবাহিতা ॥ আইয়াস্ত মাইয়্যা। [<অবিবাহিতা]।

আইয়ুর্ খাদি=[রং]—বি. এতিমের বংশ ॥ [আইয়ু<আইআ প্রাং<অপিতা +র (সম্বন্ধে)+খাদি দেখ]।

আইয়ে=[ম]—বিণ. আগামী ॥ আইয়ে বসব্ পোলার্ বিয়া। [<আইসে =আস্‌ছে]।

২=[খু]—বি. সধবা নারী ॥ [<আইহা <অইহআ প্রাং <অবিধবা সং ; ম. বাং আইহ ; কিংবা<আবিয়া<অবিবা-হিতা]।

আইয়েদ্‌দে=[চট্ট]—বিণ. আগামী ॥ আইয়েদ্‌দে হপ্‌তায় বারিত্ যাইয়ম্। [দেখ আইন্‌দা]।

আইয়ের্ মৈদ্‌দে=[চা]—বি. নাগা-লের মধ্যে ॥ আইয়ের্ মৈদ্‌দে আইলে মাসুটারে কোব্ দিমু। [<আইসার= আসার, আসিবার+মধ্যে]।

আইয়ের্ যে=[চট্ট]—বিণ. আগামী ॥ আইয়ের্ যে রৈবার্ যাইয়ম্। [<আইসে করে যে=আসে যে]।

আইয়্যা-উরানো=[চা]—ক্রি. হাসিয়া কোন কিছু উপেক্ষা করা ॥ আমার কতাডা তরা আইয়্যা-উরাস্ ক্যান্ ? [<হাসিয়া উড়ানো]।

আইয়ো=[বা]—বিণ. সধবা ॥ সিঃ সিঃ। আইয়ো মাতারির্ এই কাম্ ? [<আইহ ; দেখ আইয়ে$_2$]।

২=[ব]—বি. বিয়ে বাড়ীতে যে যুবতীরা বৌকে সাজাইয়া দেয় ॥ [পূর্বে দেখ ; সাধু এয়ো]।

৩ = [রং]—অব্য. বিস্ময়সূচক শব্দ, সাধারণত: স্ত্রীলোকেরা ইহা অধিক ব্যবহার করে ॥

আইর=[চা, কুম] — বি. পূর্বপুরুষ দ্বারা প্রচলিত নিয়ম, বংশের প্রথা ॥ আমাগো পান্ গুবারি গাস্ লাগানের্ আইর নাই।

আইরল্=[চা]—বি. পানির গোসাপ ॥ আইরল্ চ'াই বাইংগা মাস্ খাইসে।

আইরা=[ঢা, কুম]—বি. অর্ধ ।। স্যারাডার্ আইরা বাইর্ ঐয়া গ্যাসে। [দেখ আইডা৩]।
২=[ঢা]—বি. যে মাটির কলসির উপর বসিয়া ভাসিয়া ভাসিয়া আউশ ধান কাটা হয় ।। [<হাঁড়া]।
৩=[কুম]—বিণ. লক্ষ্যভ্রষ্ট, টেরা ।। আইরা কতা কও ক্যারে? [<আড়া=আড়]।
৪=[ঢা]—বি. গর্ভবতী মাতার কোলের সন্তানের পেটের পীড়া বিশেষ ।। পোলাডারে আইরায় পাইসে। [<আঁইড়া =এঁড়ে, সাধু ভাষা; দেখ আইরায় পাওয়া]।
৫=[ঢা]—বিণ. এক বোধা ।। স্যারাডা যবর্ আইরা। [<আড়া]।
৬=[ম]—বিণ. ...। ।। আইরা পোলায় কোন কতা হুনে না। [পূর্বে দেখ]।
৭=[ম]—বি. মোটা নলযুক্ত বদনার ন্যায় মাটির তৈরী প্রদীপ ।। [<হাঁড়িয়া =হাঁড়ি+ইয়া প্র.]।

আইরা-আইরি=[কুম, ফ]—বি. জেদাজেদী, হিংসা ।। আইরা-আইরি কৈরা কাম্ কৈর না ।। [<আড়াআড়ি (ব্যাতিহারে)]।

আইরা আতা=[কুম]—বি. অলসতা, জড়তা ।। শৈল্খালি আইরা আতা লাগে। [<অপ্রাবিত্র প্রাঃ <অকারিত্র সং কিংবা অপ্রাবিত্র প্রাঃ <অকার্যত্র সং]।
২=[ম]—বি. শিশুদের ভাত খাওয়ার দরুন পেটফোলা ব্যাধি ।। বেশি খাওনে পোলাডার্ আইরা আতা ঐসে। [<হাঁড়িয়া আঁতা=হাঁড়ির ন্যায় অন্ত্র]।

আইরা কুত্তি=[ঢা, ম]—বি. হাঁড়িচাচা পাখি ।। [দেখ আঁড়া+কুত্তি]।

আইরা কুলি=[কুম]—বি.পাতি কাকের ন্যায় একটু লালচে ধরনের পাখী।। আইরা কুলি খাওন্ হালাল্ না।

আইরা কোনা=[নো]—বি. উত্তর-পশ্চিম কোণ ।। [<আড়া=আড়+কোণা]।

আইরা তাল্=[ম]—বি. কালো বড় তাল ।। আইরা তাল্ খাইতে বালা। [<আইড়া <হাঁড়িয়া=হাঁড়ির তলার ন্যায় কাল এবং বড়+তাল]।

আইরা ফুলি=[কুম]—বি. লাল রঙের ফুল বিশিষ্ট বুনো গাছ ।। যাদুমনি কান্দিস্ না, আইরা ফুলির ফুল্ পাইরা দেয়াম্।

আইরা মক্কা=[ফ, ঢা]—বি. চিলের আকার বিশিষ্ট জংলী পাখী বিশেষ ।। আইরা মক্কা বেশি উর্তে পারে না।

আইরা মারা=[ম]—বি. রাত্রে প্রদীপের আলোতে কোঁচ দিয়া মাছ মারা ।।

আইরায় পাওয়া=[ঢা]—ক্রি. গর্ভবতী মাতার কোলের সন্তান শুকাইয়া যাওয়া ।। মাইয়াডারে আইরায় পাইসে। [<আইড়া <আঁড়িয়া; সাধু ভাষা এঁড়ে লাগা]।

আইর্যা=[ঢা]—বি. মাটির তৈরী দুধের পাত্র ।। আইর্যা লৈয়া আয়, গাই পানামু। [<হাঁড়িয়া]।
২=[ঢা]—বি. তালের ছড়া ।। এই আইর্যায় অনেক তাল।
৩=[ফ]—বি. অণ্ডকোষ ।। গরুটার্ আইর্যায় গাও ঐসে। [<আঁড়িয়া =এঁড়া (সাধু) <অণ্ডিঅ প্রাঃ <অণ্ডিক সং]।

আইর্যামোকা=[ফ]—বি. এক প্রকার পাখী ।। [দেখ আইরা-মক্কা]।

আইরো চাওয়া=[বা, ঢা, খু]—ক্রি. অমঙ্গল ঘটা, অপমৃত্যু হওয়া ।। লেবু গাস্ লাগাইলে আইরো চায়। [<আইরো <আড়ি+চাওয়া]।

আইর্=[ম]—বি. অভাব ।। দেশে বর আইর্ পর্সে। [<হারি]।
২=[কুম]—বি. জেদ ।। এ্যাত আইর্ দর্লে চল্তনা। [<আড়ি]।
৩=[ঢা, ব, কুম]—বি. মাছ বিশেষ ।। [<আড়ি]।
৪=[ম]—বি. হার, পরাজয় ।। আমার আইর্ ঐসে। [<হারি]।

আইর্যা=[চট]—বি. নৌকার কাছি বাঁধার যন্ত্র ।। আইর্যায্ লগে নাও বান্।

আইর্বিত্=[ম]—বি. জয় পরাজয় ।। খেলার্ আইর্বিত্ আসেই। [<হারিজিত]।

আইর্বাইর্=[সি]—বি. বুদ্ধি ।।

আইর্মাচা=[ফ]—বি. নৌকার ছইয়ার উপরে যে মাচানে বসিয়া মাঝি হাল ধরে ।। [দেখ আইল্ মাসা]।

আইর্রা=[ঢা]—বি. কলস ।। ধ্যাত্ ডোবানের লাইগ্যা আইর্রার্ দর্কার্। [<হাঁড়িয়া]।

আইলা=[বা]—বি. কল্কির ছিদ্র ।। স্যারাডারে আইলা দিয়া মার্তাসে।
২=[ম]—বিণ. এলোমেলো ।। আহা, পাটগুলি আইলা কর্ল ক্যাডা? [<আউলা <আকুল]।
৩=[পা]—বি. কৃষক ।। আইলা মানুশির্ খোরাক্ বেশি। [দেখ আইলুলা, আইল্যা৬; <আলিক <হালিক]।
৪=[রা]—বি. আগুন রাখিবার পাত্র ।। বুড়াবুড়ি আইলা পোহায়।
৫=[ঢা, কুম]—বি. ধানের ক্ষেতে মাছের পথ ।। আইলা দেইখ্যাই কি মাস্ কওন্ যায়।

আইলাগোস্=[ম]—বিণ. এলোমেলো ।। পাটগুলা আইলা গোস্ কর্ল কে? [দেখ আইলা২+গোছ <গুচ্ছ সং]।

আইলাদেহি=[ম]—বিণ. ভবঘুরে ।। হ্যায় খাইয়া আইলা দেহির্ মতন্ গুইরা ব্যারায়।

আইলাদুন্দা=[পা]—বিণ. নিয়ম শৃঙ্খলাবিহীন ।। আইলা দুন্দা কাম্ কর ক্যা?

আইলা নরি=[পা]—বি. রাখালের হাতের পাচন বা ছোট লাঠি ।। আইলা নরি দা মাইরা শৈ কর্মু। [<আইলা, দেখ আইলা৩, আইল্যা৬, আইলুলা+নড়ি=লাঠি]।

আইলানো=[নো]—ক্রি. বিশৃঙ্খল করা, ছড়ানো ।। রৈদ উট্লে ধ্যান্-গুলা আইলাইয়া দিস। [<এলান, এলা, (নামধাতু) <এলা <আইলা <আউল প্রাঃ<আকুল সং+আনো প্র.]।

আইলা রাজা=[রং]—বি. যিনি অনেক ভু-সম্পত্তির মালিক ।। [আইলা, দেখ আইল্লা+রাজা] ।

আইলি=[পা]—বি. রাখাল ।। [দেখ আইল্লা] ।

আইলে রাখা=[রা]—ক্রি. ছিটাইয়া রাখা, বিশৃঙ্খলভাবে রাখা ।। [<আইলে<এলাইয়া] ।

আইল্যা=[চা]—বি. মাছ চলিবার রাস্তা ।। ঐ ঔগ্গা আইল্যা দ্যাহা যায় ।

২=[ম, কুম, চা]—অস. ক্রি.<হেলিয়া ।। গাস্টা আইল্যা গ্যাসে ।

৩=[ম]—বি. টিকটিকি ।। 'আইল্যা মাল্লে মৈলা অয়্, মাকর্ মাল্লে দোকর্ অয়' (ছড়া) । [দেখ আইল্লা$_{৩}$] ।

৪=[ম]—বিণ. পতিত ।। আইল্যা যমি আবাদ্ কর ।

৫=[চা, ম]—বিণ. বেওয়ারিশ ।। 'আইল্যা গাসের বাইল্যা বরৈ খাইলো—খাইলো' (গ্রাম্য-ছড়া) ।

৬=[চট্ট]—বি. রাখাল, যে হালচাষ করে ।। আইল্যা গরু লৈয়া খ্যাতে গেইয়ে । [দেখ আইলা$_{৩}$, আইল্লা] ।

৭= [রা]— বি. প্রাচুর্য ।। মাইয়্যা ছাইলাক্ বাপের ঘরে আইল্যার ভিতরে রাখা ঠিক না । [<অঅলিঅ<অকলিত সং=অগণিত ; দেখ আইল্লাহ্] ।

৮=[চট্ট]—বিণ. কুড়ে, অলস ।। আইল্যা পোয়া । [<আল্সিয়া<আলস্য+ইয়া প্র.] ।

৯=[নো]—বি. কলা গাছের ভিতরের নরম অংশ ।। আইল্যার লগে ইসা (=চিংড়ি মাছ) দিলে খাইতে হোয়াদ্ ।

আইল্যাআমান্দা=[রা]—বি. প্রাচুর্য ।। [তুং এলো আমদা ; দেখ আইল্যা$_{৭}$+আমান্দা, দেখ আম্দা] ।

আইল্যা দ্যাওয়া=[কুম, চা, পা]—ক্রি. ঢেঁকিতে ধান ভানার সময় হাত দিয়া ধান নাড়া ।। [<এলিয়া] ।

আইল্যা বাইল্যা=[রা]—বিণ. আবোল তাবোল ।। আইল্যা-বাইল্যা কথা কও ক্যা ? [অনু.] ।

আইল্যা সরি=[নো]—বি. হালের গরু চড়াইবার লাঠি বিশেষ ।। [দেখ আইলা নরি ; দেখ আইল্যা$_{৬}$+ছড়ি] ।

আইলো দ্যাওয়া=[রা]—ক্রি. খুলিয়া বা বিছাইয়া দেওয়া ।। জানালাটা আইলো দ্যাও । [<এলাইয়া দেওয়া ; আইলো <আউল<আকুল সং] ।

আইলো বিরিন্দাবন্=[রা]—বিণ. ছিটানো, এলোমেলো ।। বৈ পুস্তক্ শব্ আইলো বিরিন্দাবন্ । [দেখ আইলা$_{২}$+বৃন্দাবন] ।

আইলো লওয়া=[রা]—ক্রি. ভাঙা ।। কাঁঠালটা আইলো লৈয়া খাও । [দেখ আইলো দ্যাওয়া] ।

আইল্=[চা, কুম]—বি. পাড়, পুকুরের পাড় ।। [<আলি] ।

২=[কুম]—বিণ. স্বল্প ভাজা ।। ডাইল্গুলি আইল্ কর ।

৩=[বা]—বি. নৌকার হাল ।। আইল্ দৈরা বৈয়া থাক্ । [<হাইল<হাল] ।

৪=[চা, চট্ট, কুম]—বি. জমি বা ভূমির সীমা রেখা ।। 'আইল্ ভাঙি এল পানি, কি করিব ওঝা জ্ঞানী' (প্রবাদ) । [<আলি] ।

আইল্ আটক=[সি]—বি. লজ্জা সঙ্কোচ ।। [আইল<আলি+আটক] ।

আইল্কা=[কুম, সি]—বি. কলা গাছের ভিতরকার সরু নরম অংশ, (বুগুলি, কাইগ্গাল) ।। কলার আইল্কা দিয়া তরকারি অয় ।

আইল্ কাস্সা=[চা]=বিণ. একেবারে কচি ।। আইল্ কাস্সা আম চু'হা লাগে । [আইল=আল (স্বার্থে)+কাঁচা ; কচচা کچا হিং] ।

আইল্খ্যামু করা=[রা]—ক্রি. নিষেধ সত্ত্বেও একই কথা ন্যাকামি করিয়া পুনরাবৃত্তি করা ।।

আইল্খোন্ করা=[রা]—ক্রি. নিষেধ সত্ত্বেও একই কথা ন্যাকামি করিয়া পুনরাবৃত্তি করা ।। [দেখ আইল্খ্যামু করা] ।

আইল্গোস্=[নো]—বিণ. সীমা ।। কতা কৈতে আইল্গোস্ থাকন্ লর্কার্ । [<অলগ্ সে হিং] ।

আইল্চ'া=[চা]—বি. ধানের ছোট আঁটি ।। এই আইল্চ'াডা যুম্মার গরে দিমু । [<আটি+চা (হ্রস্বার্থে)] ।

২=[চা]—বি. ধান গাছের গুচ্ছ ।। মাস্টায় আইল্চ'ায় খাযা (=খাদ্য) খাইতাসে ।

৩=[চা, পা]—বি. যে শলাকায় মাছ গাঁথিয়া রাখা হয় ।। আইল্চ'াত্ দুইডা রুইত্ মাস্ আসে ।

আইল্ ছাট্ = [রং]—বি. ক্ষেতে কোদালের কাজ ।। আমার আইল্ছাট্ হৈ গ্যাল্ ।

আইল্ঝাইল্=[রা]—বিণ. এলোমেলো ।। [অনু. ; প্রা. বাং আলা জালা] ।

আইল্ঠ্যা যাওয়া=[রা]—ক্রি. ভাত বা তরকারী বাসি হইয়া যখন গন্ধ হয়, সেই অবস্থাকে আইল্ঠ্যা যাওয়া বলে ।।

আইল্না = [ম]—বিণ. স্বাদহীন ।। তরকারিডা এ্যাকেবারে আইল্না । [<আলুনিয়া <অলবণিক সং , তুং অলুনা হিং] ।

আইল্ পাতার্=[রং]—বি. পথ ও প্রান্তর—অর্থাৎ সর্বত্র ।। আইল্ পাতার্ বিচ্রাওঁছো । [<আইল (=পথ) <আলি+<পাথার অথবা<প্রান্তর] ।

আইল্ফো=[খু]—বিণ. অনায়াসলভ্য ।। [<আলুফা<'উলূফ: علوفة আং=ভাতা] ।

আইল্ বাইল্=[নো]—বি. দুরভিসন্ধিমূলক মনোভাব নিয়া ঘুনাফেরা ।। হিতার আইল্ বাইল্ বালা না । [অনু.] ।

আইল্ ভেলিহ্ = [রা] — বিণ. অপরিষ্কার ।। তুই বড় আইল্ ভেলিহ্ মান্শি ।

আইল্ভ্যাল্ করা = [রা] — ক্রি. সাজানো ।। আইল্ভ্যাল্ কৈর‍্যা জিনিশ্গোনা থো ।

আইল্মাসা = [কুম]—বি. বাঁশের তৈরী মাচা, নৌকার ছৈয়ের উপরে যে মাচার উপর বসিয়া মাঝি হাল ধরে ।। [<হাইল মাচা] ।

আইল্লা=[ক, বা, নো]—বি. চাষা, যে হাল চালায় ।। [<*আলিয়া <হালিক]।

২=[চা,কুম,চট্ট, ম]—বি. আগুন রাখার পাত্র বিশেষ ।। আইল্লাত্ আগুন নাই।

৩=[ম]—বি. টিক্টিকি ।। আইল্লার টিক্ টিক্ আওয়াজ্ বালা না।

৪=[নো]—বি কলা গাছের অভ্যন্তরস্থ দণ্ডবৎ অংশ ।।

৫=[ফ]—বি. চাকর ।। খ্যাতের কামের লাইগ্যা গিরস্তেরা আইল্লা রাহে। [দেখ আইল্লা]।

আইল্লাই=[নো]—বি. ঢেঁকির শ্রেণী বিশেষ ।।

আইল্লা টনা=[চট্ট]—বি. হাল চাষের সময় যে নড়ি দিয়া গরু চালানো হয় ।। [দেখ আইল্লাসিবা ; দেখ আইল্লা +টনা=ছড়ি]।

আইল্লানো = [চা, ম, কুম, নো, চট্ট]—ক্রি. ঢেকির গর্তের ধান নাড়িয়া দেওয়া ।। [<আইলান=এলান ; এলা (নাম ধাতু) <আউল <আকুল সং+ আন প্র.]।

আইল্লা সিবা=[সি, নো]- বি. হাল চাষের সময় যে নড়ি দিয়া গরু চালানো হয় ।। [দেখ আইল্লা+সিবা=ছড়ি]।

আইল্লাহ্=[রা]=বিণ. অনেক ।। তোর আইল্লাহ্ ট্যাকা ঐছেরে। [দেখ আইল্যা$_1$]।

আইল্শে = [খু] — বি. বারান্দার দেওয়াল ।। [<আলিসা]।

আইল্স্থা=[ম]—বি. বসিবার জন্য পিঁড়ি জাতীয় ক্ষুদ্র আসন বিশেষ ।।

২=[রা]—বি. পচা খড়।

৩=[চা]—বি. আগুন রাখার পাত্র ।।

আইল্হোন্ =[রা]—বি. কাদাখড় মিশ্রিত ঘর তৈরীর প্রলেপ ... নেস্তরি জি, আইল্হোন্ লাগ্বে আরো? [<আলিপন]।

আইশা=[দি, রা]—বিণ. আঁইষ যুক্ত ।। আইশা অলা মাছ। [<আঁইশ <আমিষ]।

আইশ্শা=[কুম, ম, চা]—অস. 'ক্রি. <হাসিয়া ।। শব্ কতা আইশ্যা উরাইয়া দিঅ না।

আইশ্শাল্=[ম]—বি.<হেঁসেল, চুল্লী ।। আইশ্যাল্ডা দরাও।

২=[ফ]—বি. এক প্রকার ভেষজ গাছ ।।

আইশ্=[চা]—বি. <হাসি ।। স্যারাডা যবর্ আইশ্ পারে।

২=[চা, কুম, রং]—বি. মাছের আঁইশ বা আবরণ ।। [<আঁইষ<আমিষ সং]।

৩=[চট্ট]—বি. জীবন ।। [<'আয়শ عيش আং]।

৪=[কুম]—বি. সখ, সাধ, হাউস ।। ইল্শা মাস খাওনের আইশ্ লাগ্সে। [<হওস هوس আং: (ফা. প্রয়োগ)]।

আইশ্টা=[চা, কুম]—বিণ. মৎস্য-গন্ধী ।। রান্দুন্ গরেত্তে আইশ্টা বয় আইয়ে। [<আঁইষটা=এঁষটে ; মূল অর্থ আমিষের গন্ধ বিশিষ্ট]।

আইশ্টা আইশ্টা = [ম]— বিণ. চোখা চোখা ।। এ্যাত আইশ্টাআইশ্টা কতা কৈঅ না।

আইশ্টা মুয়া=[রং]—বিণ. আঁধার মুখো ।। মানুশ্টা আইশ্টা মুয়া। [দেখ আইশ্টা+মুয়া<মুহা<মুখা]।

আইশ্টা ব্যাহাদি = [চা]—বি. যে ঝামেলার কাজ সহজে শেষ হয় না ।। এই খ্যাপের্ পাটগুলি আইশ্টা ব্যাহাদিয়ে পাইসে, অহন্তরি বেচ্'তাম্ পারলাম্ না। [দেখ আইশ্টা+বেহাদি<বেহদ بے বে ফা.+حد হদ্দ্ আং+ই প্র.]।

আইশ্টাল্=[রং]—বি. প্রস্রাবখানা ।। আইশ্টালের গন্দে ট্যাহা দায়। [<অশৌচ স্থল ; দেখ আইস্সাল]।

আইশ্ট্যা=[ম]—বি. আঙ্গুলের নখ ।।

২=[পা]—বি. মাছের আঁইশ ।। মাস্ কাটুলে আইশ্ট্যা বাইর্ অয়। [<আমিষ +টিয়া প্র.]।

৩=[ফ]—বিণ. ছোঁয়াচে ।। দাইদ্ডা বর আইশ্ট্যা ব্যারাম্।

আইশ্ট্যা তোলা=[রা]—ক্রি. শাস্তি দেওয়া ।। তোর্ হামি আইশ্ট্যা তুল্যা দিমু। [দেখ আইশ্ট্যা$_2$ + তোলা ; মূল অর্থ চামড়া তোলা ; দেখ আইশ্লা তুইল্যা মারা]।

আইশ্দান্=[কুম]—বি. আউশ ধান ।। আইশ্ দানের শাত্ বিডা। [<আউশ ধান]।

আইশ্না=[কুম, চা, সি, ম]—বিণ. যে ফসল আশ্বিন মাসে ফলে ।। আইশ্না দান। [<আশ্বিনা]।

২=[বা]—বি. বারান্দা ।।

আইশ্পারা=[চা]—ক্রি. হাসা ।। নয়া বৌডা কি শুন্দর আইশ্ পারে। [<হাস<হাসা+পাড়া]।

আইশ্মাস্=[খু, ম]—বি. যে মাছের আঁইশ আছে ।। রুইতেরে আইশ্মাস্ কয়। [<আঁইশ<আমিষ]।

আইশ্লা তুইল্যা মারা=[ম]—ক্রি. নাস্তানাবুদ করা ।। তারে আইশ্লা তুইল্যা মারসে। [আইস্লা<আমিষ +লা প্র.; মূল অর্থ চামড়া তুলিয়া মারা ; দেখ আইশ্ট্যা তোলা]।

আইশ্শাল্ গাস্=[ক]—বি. শ্যাওড়া গাছ, ক্ষুদ্র গাছ বিশেষ ।। আইশ্শাল গাসে দাঁতের মাযন্ অয়। [<আশ্শ্যা-ওড়া গাছ]।

আইসা=[নো]—বি. খড়কুটা ।। সনের্ আইসা আগুনের হান্যাল্।

২=[ম]—বি. এক প্রকার শাক ।।

৩=[ম]—বিণ. অচেনা, অভিনব ।।

৪=[চা, বা]—বি. নারিকেলের মালার তৈরী বাটি ।। আইসা দিয়া নায়ের পানি হ্যাচে' (=সেঁচে)। [দেখ আইচ']।

আইস্=[কুম]—বি. ঘরের বাড়তি স্থান ।। আইসের উপ্রে স্যারাডা বৈয়া রৈসে।

২=[চট্ট]—বি. ইঙ্গিত্ ।। হে আঁরে কামের আইস্ দিসে। [<আঁচি= আঁচ]।

২ = [নো]—বি. উত্তাপ ।। শিতে আগুনের আইস্ বালা লাগে। [<*আঁচি<অচিচ প্রাং<অচিঃ সং= আঁচ]।

আইস্‌টান্‌=[সি]—বিণ. অনর্থক গর্ব করে যে ॥ হে বর আইস্‌টান্‌ মানুশ্‌।

আইস্‌তাল্‌=[ম]—বি. চোখের পাতার ব্রণ ॥

আইস্‌লা=[ম, কুম, সি]—বি. মাছের আঁইষ ॥ আইস্‌লা ফালাইয়া দে। [দেখ আইচ্‌'লা]।

২=[কুম, সি]—বিণ. আবরণ। হ্যার্‌ চৌ'হে আইস্‌লা নাই। [আইস্‌লা= মাছের আঁইষ; এখানে চোখের পর্দা]।

আইস্‌লা = [কুম, চা, সি]—অব্য. আচ্ছা, তাহা হইলে ॥ আইস্‌সা, আমি কাইলুকা যামু। [<আচ্ছা]।

২=[কুম]—ক্রি. বিণ. ঠিক মত, ভাল-মত ॥ তুমি ত আইস্‌সা রানতা পার। [<আচ্ছা]।

আইস্‌সাল্‌=[কুম]—বি. আঁস্তাকুড়, আবর্জনা ফেলার স্থান ॥ মাসের আইশ্‌টা আইস্‌সালে ফালাও। [<অশৌচ+শাল<শালা]।

আইহ=[পা]—বি. বাঁশের গিঁঠ ॥ আইহগুলা কাইট্যা বাঁশটা ফারো।

আইহা=[পা, রা, ম]—বি. বাঁশের গিঁঠ ॥ আইহাআলা বাঁশ।

আইহে=[খু]—বি. বাঁশের গিঁঠ ॥

আইহোত্‌ ভাত্‌=[রা]—বি. যথা সর্বস্ব ॥ তুইতো হামার্‌ আইহোত্‌ ভাত্‌।

আউ=[রং]—অব্য. নিষেধার্থক অব্যয় ॥ আউ, ও কাম করিস্‌ না।

২=[ম]—ক্রি. বি. আসা ॥ [<আস +উ প্র.]।

৩=[রং]—অব্য. আহা (দুঃখ প্রকাশক শব্দ) ॥ আউ, আজ যদি শে থাকৃতো।

আউ আউ=[চা]—অব্য. ছিঃ ছিঃ ॥ আউ আউ, গোবরে আত্‌ দিলি ক্যারে?

আউই=[কুম]—বি. অতিথি ॥ আউই আইসে, আডে যাও। [<অইহি প্রাং <অতিথি সং]।

আউইরয়্যা=[সি]—বি. হাঁস (পং) ॥ [দেখ আঁইড়্‌গা]।

আউইয়া=[চা, কুম]—বিণ. রক্ষকহীন, স্বাধীন ॥ আউইয়া গরু-সাগলে দান্‌খ্যাত্‌ খাইয়া লাইসে। [<আরামহ্‌ آرام ফা.]।

২=[ম]—অস. ক্রি. পথ হারাইয়া ফেলিয়া ॥ পথ আউইয়া পোলাডা কান্‌তাসে। [<হারাইয়া]।

আউইল্‌লাহ্‌=[চা]—বি. আউলিয়া, সাধক, দরবেশ ॥ [<আউলিয়া اولیا আং, রলী ولی শব্দের বহুব.=বন্ধু, (আল্লাহের) বন্ধু]।

আউইশ্‌=[কুম]—বি. আঁইশ ॥ মাসের্‌ আউইশ্‌ হালাই ল। [<আঁইশ=আঁশ]।

আউঐল্‌=[চা]—বি. আড়াল ॥ আউ-ঐলে খারাইয়া হুন্‌।

আউংলা=[সি]—বি. আঙ্গুল দ্বারা আঘাত ॥ পোয়াগারে আউংলা মারতেই কাইন্দা দিল। [<আঙুল+আ প্র.; নাম ধাতু]।

আউংলানো = [কুম]—ক্রি. উত্যক্ত করা ॥ কুত্‌তাডারে আউংলাইস্‌না। [<আঙুল+আন প্র.; নাম ধাতু]।

আউংশাআউংশি = [সি] — বি. রেষারেষি ॥ নয়া বৌডা যবর্‌ আউংশা-আউংশি করে। [<হিংসা+হিংসা+ই; দ্বিত্ব (ব্যতিহারে)]।

আউংশি=[রং]—বি. ঝড় ॥ আউংশি আইশোচে।

আউকা=[চা]—বি. ইক্ষু হইতে জাত ॥ আউকা গুর্‌। [<আকু <আখু <ইক্‌খু প্রাং <ইক্ষু সং+আ প্র.]।

আউকাউ=[চা]—বি. গণ্ডগোল ॥ আউ-কাউ কৈর না। [ধ্বন্যা.]।

আউক্‌=[চা]—বি. ইক্ষু ॥ আউকের্‌ আলি কত কৈরা? [দেখ আউকা]।

আউক্‌কা=[চা]—ক্রি. বিণ. ডুব না দিয়া ফসল কাটার মতো পানি হওয়ার অবস্থা ॥ আমার খ্যাতের্‌ পাড্‌ আউক্‌কা কাড়ন্‌ লাগ্‌ব।

আউক্‌রা=[চা]—বি. বেতের ছোট ছোট কাঁটা যুক্ত লতা ॥ আউক্‌রা দিয়া ওক্‌কা শাক্‌ কর।

আউক্‌সা=[কুম, সি]—বি. পর্দা, আড়াল ॥ বাড়ির আউক্‌সা কৈতে কুসুতা নাই। [<আবছায়া]।

আউখাউ=[চা]—অব্য. আকুলোলু ॥ আউখাউ কৈরা আর কি ঐব? [ধ্বন্যা.]।

আউখালি = [সি] — বি. ঝগড়া ॥ লোকটা বর আউখালি করে। [দেখ আউখাল্‌+ই প্র.]।

আউখাল্‌=[সি]—বিণ. হুজ্জতকারী ॥ লোকটা বর আউখাল্‌।

২=[সি]—বি. গণ্ডগোল, ঝামেলা, ঝগড়া ॥ ইটা ত বর আউখালের খতা।

আউখি=[সি]—বি. ঝঞ্ঝা, ঝড় ॥ আউখি আইসে, গর্‌ খান্‌ পরি গ্যাল।

আউখ্‌ করি—[সি]—অস. ক্রি. হা করিয়া ॥ আউখ্‌ করি হুন কি? [<হা মুখ করিয়া=হা করিয়া]।

আউগানো=[রং]—ক্রি. অগ্রসর হওয়া ॥ এতৃতি আওগাও। [<আগানো, দেখ আউগ্‌গানো; আগু<অগ্র সং+আনো প্র.; নাম ধাতু]।

২=[বা]—ক্রি. মারা যাওয়া, পরকালের দিকে অগ্রসর হওয়া ॥ দুপুর ব্যালা কালার্‌ মায় আউগাইসে। [দেখ আউগ্‌গানো]।

আউগারি=[ফ, রা]—বিণ. অনর্থক যে বেশী কথা বলে ॥ লোকটা বর আউ-গারি। [<আউকারী <আগুকারী; আগু<অগ্র সং]।

আউগালো=[বা]—ক্রি. বিণ. কিছু আগে ॥ কাশেম এই আউগালো গ্যালো। [<অগ্গল প্রাং<অগ্রল সং]।

২=[বা]—ক্রি. বিণ. প্রায়ই ॥ হেইতে আউগালো মোগো বারি যায়।

৩=[বা]—বিণ. যথেষ্ট ॥ আউগালো মাস্‌ পাইসি।

আউগ্‌=[চা]—বি. ইক্ষু ॥ আউগ্‌ খামু। [দেখ আউক্‌]।

আউগ্‌গানো=[ম, কুম, চা]—ক্রি. অগ্রসর হওয়া ॥ কদ্দুর আউগ্‌গাইয়া যাও। [<আগানো; আগু <অগ্গ প্রাং <অগ্র সং; নাম ধাতু]।

আউগ্‌দুয়ার্‌ = [চা]—বি. সম্মুখের দরজা ॥ আউগ্‌দুয়ার্‌ দা যাও। [<আউগ<আগু <অগ্গ প্রাং <অগ্র +দ্বার সং]।

আউচ'ালি=[য]—বিণ. উতালা ॥

আউচি'=[বা]--বি. <হাঁচি ॥ শরদিতে আউচি' আইয়ে।

২=[সি]—বি. বাদল, আষাঢ় বা আশ্বিন কার্তিক মাসের অবিরাম বৃষ্টি ॥

আউজাউ=[রং]—বি. অযথা ঝগড়া ফসাদ ॥ আউজাউ কৈর না। [ধ্বন্যা.]।

আউয।=[ম]—বি. আড়াল ॥ আউযায় থাইক্যা কি হন? [দেখ আউক্সা]।

আউযানো = [ব] – ক্রি. বন্ধ করা ॥ দুয়ার্‌ডা আউযাও। [<আওজে <আবজ্ঝই <আবধ্যতে সং=আবদ্ধ করা হয়। দেখ আউযে দ্যাওয়া]।

২=[ম]—ক্রি. কিনারা করা, সরানো ॥ থরিগুলা রাস্তাতৃতে আউযাইয়া থো। [<সাজান]।

আউযাপ্‌ = [চট্ট] — বি. আবর্জনা, জঞ্জাল ॥ গরের্‌ আউযাপ্‌ শাফ্‌ কর। [<*আযাব <*আবায <আবজ্জ প্রাং আবর্জ সং=আবর্জনা]।

আউযে দ্যাওয়া=[ব]—ক্রি. বন্ধ করা ॥ কপাট্‌টা আউযে দ্যাও। [দেখ আউযানো]।

আউয্যা=[বা]—বি. মাটির ছোট পাত্র বিশেষ ॥

আউযৈয়া=[খু]—বিণ. চল্লিশ দিনের কম বয়স্ক শিশু ॥ আউযৈয়া শিশু বাইর্‌ করা ঠিক্‌ না। [<অশৌচিক; দেখ আউয্‌]।

আউয্‌=[কুম, চা]—বিণ. <অশৌচ ॥ আউয্‌ গরে যাইস্‌ না।

২=[ম]—বি. লাঙ্গল একবার ঘুরিয়া জমির যে অংশ বেড় দেয় ॥ এই কয় আউয্‌ আল্‌ চৈ'যা বাত্‌ খামু।

৩=[ফ]—বি. দুই লাঙ্গলের মধ্যবর্তী জায়গা ॥

আউয্‌ কুলানো=[ফ]—ক্রি. শিশুর প্রথম মাথা মুড়ানো ॥ আইয়ে কাইল্‌ আমার সাইলার আউয্‌ কুলাইতে ঐবো। [দেখ আউয্‌+কুলান]।

আউয্‌ যানো=[কুম]—ক্রি. হালচাষের সময় চাষ বাড়াইয়া লওয়া ॥ আরেকটু আউয্‌যাও। [দেখ আউয২+আনো প্র.]।

আউয্‌ পরা=[রা, খু]—ক্রি. প্রসব করা ॥ তার বৌয়ের আউয্‌ পর্‌সে। [দেখ আউয্‌+পড়া]।

আউটা=[রং]--বি. চুল বাঁধিবার ফিতা ॥

২=[রং, চা, ম]—বি. দুধ জ্বাল দেওয়ার বড় পাত্র ॥ [আওটান হইতে বিশেষ্য পদ; দেখ আওটানো]।

৩=[চা]—বি. পানিতে মিশানো চাউলের গুঁড়া ॥ আউটা দিয়া পিডা বানায়।

৪=[ব]---বিণ. বাহির ॥ আউটা গরে উনুন দরাও। [<out ইং+আ প্র.]।

৫=[চা]—বি. দুধ ॥ কতক মাইয়া সাইলা দুদেরে আউটা কয় (স্বামী বা গুরুজনের নামের সংগে সামঞ্জস্য আছে বলিয়া)। [আওটান হইতে কর্মবাচ্যে]।

আউটাক্‌=[বং]--বিণ. হাঁটু পর্যন্ত লম্বিত ॥ আউটাক্‌ পিরান্‌। [<হাঁটু +টাক্‌=তক্‌ تک হিং]।

আউটানো=[রং, চা]—ক্রি. ঘোঁটা, দুধ জ্বাল দেওয়া ॥ দুদ্‌ আওটাও। [<আও-টান<আবট্টণ প্রাং<আবর্তন সং]।

আউটা ব্যারা=[সি]—বি. পর্দার বেড়া ॥ বারিত্‌ আউটা ব্যারা না থাক্‌লে কিওব্‌ বদ্‌র লোক? [আউটা<আবট্ট প্রাং <আবৃত্ত সং+বেড়া]।

আউটি=[পা]—বি. কোন পর্ব উপলক্ষে খাওয়ার আয়োজন ॥

২=[না, কু]—বি. ঝগড়া, গণ্ডগোল ॥

৩=[খু]--বি. এক প্রকার কালো দুর্গন্ধ-যুক্ত কীট, ইহা বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে দেখা যায় ॥

৪=[না]—বি দুইহাত ছড়াইলে যত লম্বা হয় তত টুকু লম্বা দড়ি দিয়া বাঁধা আঁটি ॥ এ্যাক্‌ আউটি নাইর্‌কলের্‌ বাইল্‌ (=পাতা) আন।

আউটে আশা=[খু]—ক্রি. সিদ্ধ হইয়া আসা, গলিয়া যাওয়া ॥ তরকারি ক্যাবল্‌ আউটে আশিসে।

আউট্যা=[কুম]—বি. ঘরের দরজায় সামান্য উঁচু বেড়া যাহাতে ছোট ছেলে মেয়ে ঘর হইতে বাহির হইতে না পারে। [দেখ আউটা ব্যারা]।

আউট্‌=[চা]—বি. সাড়া ॥ পুকুরে থাসের আউট্‌ পাওয়া যাইত্তাসে। [<আহট آہٹ হিং]।

২=[বা]—বি. কাপড়ের পাড় ॥ লাল আউটের শারি।

৩=[খু]—বিণ. অপর, অন্য ॥ এইহানে আউট্‌ লোকের কাম নাই। [<out ইং]।

আউট্‌টা দিয়া=[চা, ম, বা, কুম]—অস. ক্রি. হাঁটু গাড়িয়া ॥ আউট্‌টা দিয়া বৈসত্‌ ক্যারে? [আউট্টা <*আঠীও <অট্‌ঠীব প্রাং<অষ্ঠীবৎ সং+দিয়া]।

আউঠা=[সি]—বি. বারান্দার বেড়া ॥ [<আবৃত্ত সং; দেখ আউট্যা]।

আউডা=[ম, চা, কুম]—বি. দুধ জ্বাল দিবার জন্য মাটির পাত্র বিশেষ ॥ [দেখ আউটা২]।

২=[কুম]—বি. বাড়ীর বাহিরের বেড়া ॥ আউডা না থাক্‌লে বারির ইয্‌যত্‌ থাহে না। [দেখ আউট্যা, আউঠা]।

৩=[চট্ট]—অব্য. (তুচ্ছার্থে) কাহাকেও সম্বোধন ॥ আউডা, হিকান ন যাইস্‌। [<ও বেটা]।

আউড়া=[ফ]--বিণ. বেয়াড়া ॥ রাহ তোমার আউড়া কতা। [সাধু ভাষা এড়ো <আড়ুয়া=আড়+উয়া প্র.; দেখ আউরা]।

আউড়ি=[য, রা, ফ]—বি. ধান রাখার গোলা ॥ আউড়ি ভরা ধান। [<আউড়ি প্রাং<আবৃতি সং=ঘেরা]।

২=[সা]-বি. ঘেরাও ॥ সাউলারা আউড়ি দিয়া বাস্‌ দলে। [পূর্বে দেখ]।

আউড়্যা যাওয়া=[পা]—ক্রি. নিস্তেজ হইয়া পড়া ॥ গাসের পাতাগুলি আউড়্যা গ্যাচে'। [<আওরাইয়া]।

আউড়্‌=[রা, দি, খু]—বি খড়, বিচালি ॥ আউড়্‌গুলা পুইন্‌জ করি থো। [দেখ আওড়্‌, আউর্‌৩]।

২=[দি]—বিণ. আহত ॥ আউড়্‌ হৈলা ক্যাম্‌নে? [<আহত সং]।

আউতা=[বা]—বি. মাটির তৈরী পাত্র বিশেষ ॥ আউতার মৈদুদে ফ্যানু গালে ॥

আউতাউ = [ঢা] — অব্য. আকুলি বিকুলি ।। অত আউতাউ করলে কোন কাম অয় না । [অনু.] ।

আউতানি=[ঢা]—বি. বড় সরা, বড় হাঁড়ির ঢাকনা বিশেষ ।।

আউতাপাউতা=[ঢা]—ক্রি. বিণ. মাঝে মাঝে ।। স্যারাডা আউতাপাউতা ইস্-কুলে যায় । [<রকৃতান্ ফ-রকৃতান্ اُتا فرتا , আং] ।

আউতি=[বা, খু]—বি. বড় গাছ তোলায় ব্যবহৃত ছোট গাছ বা কাষ্ঠদণ্ড ।।
২=[চট্ট]—বি. আংটি ।। আঁর আউতি হরি গেল্গৈ ।
৩=[ম] — বি. বাড়ীর চারি দিকের বেড়া ।। বারিতে আউতি না থাকলে মান্ থাহে না । [<আবুত্তি প্রাং<আবৃতি সং] ।

আউত্যা=[খু]—বিণ. পোষ্য ।। আউত্যা পোলা । [<হাতুয়া=যাহাকে হাতে ধরিয়া আনা হয়] ।

আউত্=[সি]—বি. পলিমাটি ।। খুব আউত্ পর্ সে ।
২=[ম]—বি. নিয়ম ।। আউত্ না বানলে কাম তারাতারি অয় না । [<সা'আত ساعت=সময় আং] ।

আউত্ করা=[ম, ঢা]—ক্রি. দুষ্টামি করা । এ্যাত আউত্ কর ক্যান্ ?

আউত্ কৈরা=[ম, ঢা]—ক্রি. বিণ. জোরে (কান্নার বেলায় প্রযোজ্য) ।। স্যারাডায় আউত্ কৈরা চি'হাইর দিল ক্যারে ? [<আউত্ ধ্বন্যা.+ করিয়া] ।

আউত্তা=[কুম]—বিণ. হাঁড়িমুখো, গম্ভীর ।। মুখটারে আউত্তা বানাইস ক্যা ?
২=[বা, ঢা]—বি. ফেন রাখার পাত্র, মালশা ।। 'গ্যাসে গ্যাসে আউত্তাডা, চি'ন্লাম ত কুত্তাডা' (প্রবাদ) ।

আউত্তাবুত্তা=[ঢা]—বিণ. কুশ্রী, শ্রীহীন ।। মাইয়াডা এ্যাক্কেলে আউত্তাবুত্তা । [আতা অনু: +ভোঁতা] ।

আউদা=[কুম]—বি. পাকঘরের ঝুল, ময়লা বিশেষ ।। আউদা শাফ্ করি দে ।

আউদানি=[ম]—বি. কলরব ।। আডের আউদানি অনেক দূরাপিত্তে হুনা যায় । [<হা হা ধ্বনি ; দেখ আউয়াদানি] ।

আউদি=[পা] -বি. গরু থাকিবার জায়গা ।।

আউদ্যা গর্=[ম] — বি. আঁতুড়, সূতিকাগার । দাই অহন আউদ্যাগরে আসে ।

আউদ্গান্=[কুম]—বিণ. অর্ধেক ।। আউদ্গান্ মুড়ি তুমি খাও । [<আধ খান] ।

আউদ্রা=[রং]—বিণ. অর্ধেক ।। মুই এ আউদ্রা আম্টা নিবার নয় । [<আধরা =আধ+রা প্র. ; অথবা হিং] ।

আউনরকক=[ম]—বি. ময়লা ।। পুকুরে আউনরক্ক ধোও ক্যা ?

আউন্যা= [নো] — বিণ. লবণ হীন, বিস্বাদ ।। তরকারিডা আউন্যা ঐসে । [<আলুনিয়া<অলবণিক সং] ।

আউন্যাকাউন্যা=[রং]—বিণ. বিশৃঙ্খল, এলোমেলো ।। [অনু.] ।

আউল=[ম, ঢা]—বি. লাঙ্গল ও মই বাঁধিবার জন্য পাটের মোটা দড়ি বিশেষ ।।

আউন্কা=[ঢা]—ক্রি. বিণ. হঠাৎ ।। আউন্কা উট্লা যে, যাইবা কৈ ? [<অনোখা হিং] ।

আউন্দা=[ঢা, ফ, চট্ট]—বি. ঝুল. ধূম নির্গত কালি । গরত্ আউন্দা ঐয়ে । [<আন্ধা] ।
২=[চট্ট]—বি. ঝাপ্সা ।। [<আন্ধা] ।

আউন্দা ব্যার্=[ফঁ]—বি. পুরাতন ডোবা ।। [দেখ আউন্দা+ব্যার] ।

আউন্নি=[ফ]—বি. স্ত্রী হাঁস, হংসী ।।

আউপ্যা=[কুম] — বি. হামাগুড়ি ।। আউপ্যা দিয়া চৈ'র্ তলের্তুন্ যিনিশ্টা আন্ ।

আউপ্রা=[চট্ট, ফ, বা]—বি. হাঁস মোরগ রাখার জন্য বাঁশের তৈরী খাঁচা বিশেষ ।। মুরহার্ সাউগুলা আউপ্রায় খাইন্দা থো ।

আউমাউ=[ম]—অব্য. হাউমাউ ।। আউ-মাউ কৈরা কান্দ ক্যা ? [<হাঁউ মাঁউ] ।
২=[ফ]—অব্য. ছিঃ ছিঃ ।। 'আউ মাউ, হ্যারা রানসে কানুমিব্ যাউ' । [পূর্বে দেখ] ।

আউম্যা=[ঢা]—বিণ. আহাম্মক ।। তার মত আউম্যা দিয়া কোন কাম্ ঐব না । [<অকর্মা] ।

আউম্মা=[খু, বা]—বি. তৃপ্তি ।।

আউয়া=[সি]—বিণ. বোকা, হাবা, সরল ।। ই পুরাটা এ্যাখেবারে আউয়া । [<হাবা] ।
২=[ক]—বি. প্রস্থ, বিস্তার ।। গব্ডার আউয়া কয় আত্ ? [<আঅঅ প্রাং <আয়ত সং] ।
৩=[বা]—বিণ. যে অল্পেই ভড়কাইয়া যায় ।। মেয়েটা বড় আউয়া ।
৪=[ঢা]—বি. গরু (পুং) ।।

আউয়া-চাউয়া=[রং]—বিণ. মিছামিছি ।। পুলাক আউয়া-চাউয়া কত্তা ধরি আনিশ্ ।

আউয়া-যাওয়া=[সি]—বিণ. বোকা ।। [দেখ আউয়া+যাউয়া অনু:] ।

আউয়াদানি = [ঢা] — বি. হট্টগোল, গোলমাল ।। বাযারের আউয়াদানিতে কিসু হুনা যায় না । [<হা হা ধ্বনি ; দেখ আউদানি] ।

আউয়ানো=[সি, ঢা]—ক্রি. চীৎকার করিয়া কাঁদা, হৈ চৈ করা, হা করিয়া চলা ।। এ্যাত আউয়াস্ ক্যা ? [<আহ্বান কিংবা<হা হা (নাম ধাতু)+আনোপ্র.] ।
২=[সি]—ক্রি. বাঁশ বেত প্রভৃতি পালিশ করা ।। উরার্ ব্যাতুটা আউয়াও ।

আউয়াল্ বাসা=[ম]—বিণ. অত্যুৎকৃষ্ট, সকলের সেরা ।। বাযারের আউয়াল্বাসা নাস্ আনুসি । [<আৱৱল اول আং+ বাছা √বাছ্] ।

আউয়াশ্=[চট্ট]—বি. হাউস, সখ ।। [<হওস هوس আং] ।

আউয়াসিয়া=[ঢা]—বি. নিন্দাবাদ ।। মাইনশের্ আউয়াসিয়া কৈরা কি লাব্ ?
২=[ম]—বি. কাজে বাধা সৃষ্টি ।। অল্পতে কামডাত্ আউয়াসিয়া লাগাইস্ না ।

আউয়্যানো=[ঢা]—ক্রি. বোকা সাজা, অকর্মণ্য হওয়া ।। পাঁচ্'শ ট্যাহা লোক্শান্ দিয়া অহনে আউয়্যাইয়া বৈসি। [দেখ আউয়া—নাম ধাতু+আনো প্র.]।
২=[চট্ট]—ক্রি. চীৎকার করা ।। হুদাহুদি আউয়্যাস্ ক্যা ? [দেখ আউয়ানো]।

আউরন্ পাউরন্=[সি]—বি. বিস্মৃতি।। [আউরন অনু: ; পাউরন<পাসরণ<পস্‌সরণ প্রা:<অপস্মরণ সং]।

আউরা=[কুম]—বিণ. আড়, বাঁকা ।। গরুডা আউরা ঐসে। [<আড়ুয়া= এড়ো <*আঢ়ুয়া<অড্ড প্রা:<অর্ধ সং কিংবা<আউড় প্রা:<আকৃত সং]।
২=[ম] — ক্রি. বিণ. এলোমেলো-ভাবে।। আউরা খুব্ কৈরা আরানি চি'হ্ পাইতা না। [<আউলা<আউল প্রা: <আকুল সং]।
৩=[ঢা]—বিণ. পথ ভোলা ।। পোলাডা আউরা ঐয়া কৈ যানি গ্যাসে গা। [আবারহ্ آوارہ ফা.]।

আউরা আউরি = [ম]—বি. কাঁন্না-কাটি।। ইহান অ্যাত আউরা আউরি ক্যা ? [দেখ আউরা₂ + আউরি (ব্যতিহারে)]।

আউরাইল্=[ম]—বিণ. আঝাড়া ।। আউরাইল্ দান্। [আ (নিষেধ অর্থে)+ উড়া<উড্ডীয় সং+ইল (কর্তৃবাচ্যে)]।

আউরানো=[ঢা, কুম, বা, খু]—ক্রি. ঘোলা করা ।। পানি আউরায় ক্যেরে ? [দেখ আউর্₂+আন (ক্রিয়াবাচক বিভক্তি)]।
২=[ম]—ক্রি. হারাইয়া যাওয়া ।। আমার গাই আউরি গ্যাসে গা। [<হারান]।
৩=[ঢা]—ক্রি. হৈ চৈ করা ।। অ্যাত আউরান্ বালা না। [দেখ আউরা₂]।

আউরামাদল্=[ফ]—বিণ. দৈর্ঘ্যে প্রস্থে সমান ।। পুকুরডা আউরামাদল্ দ্যাহা যায়। [দেখ আউরা+মাদল]।

আউরামি দাউরামি=[ঢা]—বি. বাচালতা, উচচ বাচ্য ।। হ্যায় খালি আউরামি দাউরামি কৈরা খায়। [অনু.]।

আউরি=[সি]—বি. জোয়ালের মধ্যভাগ, যেখানে দড়ি আটকানো হয় ।।
২=[সি]—বিণ. নির্খোঁজ ।। গাইটা খাইল তনে আউরি ঐ গ্যাসে। [দেখ আউরা₃]।
৩=[ম]—বি. ধান রাখার জন্য চাটাইর তৈরী গোলাঘর বিশেষ ।। [দেখ আউড়ি]।
৪=[রা]—বি. বাঁশের তৈরী আধার, ছোট গোলা ।। [দেখ আউড়ি]।

আউরি দ্যাওয়া=[সি]—ক্রি. আত্মগোপন করা ।। আপাসিডা তিন বসর্ দরি আউরি দিলাইসৈন্। [দেখ আউরি₂]।

আউরি মারা=[পা]—বি. ছুঁড়িয়া দেওয়া ।। পয়সাডা আউরি মাইরা কৈ ফেল্লি ?

আউরে যাওয়া=[ঢা]—ক্রি. ঝলসাইয়া কুঁকড়াইয়া যাওয়া ।। [<আঁউরে<আ (ঈষদর্থে)+মরিয়া+যাওয়া]।

আউর‍্যা=[কুম]—বি. এক প্রকার বিষাক্ত কচু ।। [<অরবী اروی হিং]।

আউর্=[ম]—বি. হার, পরাজয় ।। তোমার আউর্ ঐসে। [<হারি]।
২=[কুম, বা]—বিণ. ঘোলা। আউর্ পানি। [<দেখ আউটানো]।
৩=[ব, রা, দি, রং]—বি. খড় ।। আউর্ দিয়া ছাওয়া ঘরে খুব ঠান্ডা লাগে। [দেখ আউড়্, আওড়্]।
৪=[নো]—অব্য. আরও ।। [<ঔর হিং=আবর اور উর্দ <অপর সং]।
৫=[ফ]—বি. নদীর যে স্থানে স্রোত নাই ।। নাও আউর্ দিয়া বাইয়া যাও।
৬=[ম]—বি. হাওর ।। আউরে অনেক মৈশ্ থাহে। [<সাগর সং]।

আউর্কা = [কুম] — বি. কাঁটাযুক্ত বেতের আগা।। আউর্কায় লাইগ্যা কাপর্ সির‍্যা গ্যালগা।

আউর্ কারা=[নো, চট্ট]—ক্রি. হামাগুড়ি দেওয়া ।। পোয়াডা আউর্কারৃতো হারে।

আউর্কাল্=[ফ]—বি. মাছের পানি ছিটানো ।। যিওল্ পাত্বরে, পুগৈরে বয় একটা মাসে আউর্কাল্ দিসে।

আউর্গা=[চট্ট]—বিণ. আর একটা ।। অাঁরে আউর্গা বরৈ দে। [<ঔর হিং<অপর সং+গা (=টা)]।

আউর্গাচ'ালি=[চট্ট]—বি. বনের মধ্যে যাহারা বাঁশ কাটিতে যায় ।। [দেখ আউর্₆+গাছালি<গাছ+আলি প্র.]।

আউর্দাতা=[সি]—বিণ. অবাধ্য ।। চ'াহরডা বরর আওর্দাতা। [<অবাধ্য +তা (স্বার্থে) কিংবা<উদ্ধত]।

আউর্ বাউর্=[রা]—বি. কাড়াকাড়ি, বিরক্ত ।। আউর্ বাউর্ কৈর না। [<আকুল ব্যাকুল]।

আউলা=[ঢা, কুম, ম]—বিণ. বিশৃঙ্খল ।। মাইয়ার মাথার আউলা চু'ল। [দেখ আউল্₂ ; সাধু এলো]।
২=[খু]—বিণ. আলগা, খোলা ।। আউলা কেশি মাইয়া। [<আউল প্রা: <আকুল সং ; সাধু এলো]।
৩=[সি]—বিণ. দু:খে শোকে বিপর্যস্ত ।। [পূর্বে দেখ]।
৪=[সি]—বিণ. পাগলাটে ।। মানুশ্টা এ্যাখেবারে আউলা। [পূর্বে দেখ]।

আউলা আউলি=[সি]—ক্রি. বিণ. ইতস্তত: ছোটাছুটি ।। তুফান আইতেই হখলে আউলা আউলি লাগাইয়া দিল্। [দেখ আউলা ; আউল+ই ; তু: তাড়াতাড়ি]।
২=[ঢা]—বি. টাল বাহানা, ঘোরাঘুরি ।। তুই খালি বিচ'ার্ডা আউলা আউলি করতাসত্। [পূর্বে দেখ]।

আউলাইন্যা=[ফ] — বিণ. এলোমেলো ।। কাপরগুলি আউলাইন্যা ক্যা ? [দেখ আউলা+নিয়া প্র. ; সাধু এলান]।

আউলাইয়া=[সি]—অস. ক্রি. ওলট পালট করিয়া ।। [দেখ আউলা+ইয়া প্র. ; সাধু এলাইয়া]।

আউলাইল্=[ম]—বিণ. যাহা আউলা করা হইয়াছে ; আলুলায়িত, জটিল ।। আউলাইল্ চু'ল্। [দেখ আউলা+ইল প্র.]।

আউলাং ঝাউলাং=[রং]—বিণ. খোলা, অগোছাল ॥ আউলাং ঝাউলাং করি ফ্যাল্‌সো ক্যানে? [দেখ আউল্ বাউল্]।

আউলাং ভাশাং=[রং]—বি. যে লোকের কথার কোন মূল্য নাই ॥

আউলা বাউলা=[সি]—বিণ. এলোমেলো ॥ [দেখ আউলা+বাউলা অনু:; দেখ আউলাং ঝাউলাং, আউল্ বাউল্]।

আউলানো=[চট্ট]—ক্রি. অতি বাড়াবাড়ি করা; অনুচিত উৎসাহ দেখানো ॥ বেশী আউলাইলে বিপদে পরন্ লাগ্‌বো। [আউল<আকুল (নাম ধাতু)+আনো প্র.]।

আউলা বাউলা=[পা]—বিণ. এলোমেলো ॥ 'আউলা বাউলা ব্যাশে কান্‌দো ক্যান গুনদরি?' [দেখ আউল্ বাউল্$_{২}$]।

আউলা মারা=[সি]—বিণ. যদৃচ্ছা ॥ বিচ'ারো বৈয়া আউলা মারা খতা খওন্ ঠিক্ না।

আউলাম্ কাউলাম্=[চট্ট]—বি. কোন কাজে মন না দিয়া কেবল ঘুরাফেরা করার ভাব ॥ [অনু.]।

আউলি=[ঢা, কুম]—বি. আড়াল ॥ আউলি দিস্‌না, শৈরা যা। [দেখ আউড়ি$_{২}$]।

২=[কুম,ঢা,ফ,ম]—বি. বেড়া, পর্দার আড়াল ॥ আউলিত্ থাইক্যা কি হুন্‌তাসো? [পূর্বে দেখ]।

আউলে=[খু]—বি. সাধু, পীর ॥ [<আওলিয়া' اولیا আং]।

২=[খু, য]—বি. দেবতার ভর ॥

আউল্যা=[পা, ফ]—বিণ. জড়ানো ॥ আউল্যা হুতা। [<আউলিজ প্রাং <আকুলিত সং; সাধু এলো]।

২=[কুম]—বি. অকূল ॥ আউল্যাত্ পর্‌সে। [<অকূল+ইয়া প্র.]।

আউল্যা পাইচ'ন্=[ফ]—বি. হালের পাচন, গরু তাড়াইবার লাঠি ॥ রাখ্, আউল্যা পাইচ'ন দিয়া তরে বাইড়াইয়া ঠিক্ করমু। [আউল্যা, দেখ আউল্‌লা +পাইচ'ন<পাচনি; তুং আউল্‌লা নড়ি]।

আউল্যামি=[পা]—বিণ. কোন কাজ পারিবে না জানিয়াও যে কাজ করিতে চায় ॥ আউল্যামি মাইয়া লৈয়া বর বালা। [<আউল<আকুল + আমি (ভাবার্থে)]।

আউল্=[চট্ট]—বিণ. নির্বাক ॥ তোঁয়ার কথায় আঁই আউল্ হৈয়ে। [<আউল প্রাং<আকুল সং]।

২=[ঢা, কুম]—বিণ. অগোছাল ॥ হুতাগুলি আউল্ করিস্ না। [পূর্বে দেখ; সাধু এলো]।

৩=[রং]—বি. আওলিয়া সাধু ॥ উয়ার মত আউল্ মানুশ্ নাই। [<আওলিয়া' اولیا আং; ওলী ولی আং শব্দের বহুব.=(আল্লাহ্‌র বন্ধু)]।

৪=[চট্ট]—বিণ. আকুল ॥ কান্দি আউল্ ঐয়ে। [<আকুল]।

আউল্ খাউল্=[সি]—বিণ. আজে বাজে, বিশৃঙ্খল ॥ আউল্ খাউল্ খতা সার। [আউল <আকুল + খাউল অনু:]।

আউল্ যাউল্=[ম, ঢা]—বিণ. জটিল ॥ তোমার হগলে আউল্ যাউল্ ঐয়া গ্যাল। [দেখ আউল$_{২}$+যাউল অনু:]।

আউল্ পাউল্=[চট্ট]—বিণ এলোমেলো ॥ হুতাগুলাইন্ আউল্ পাউল্ ক্যা? [দেখ আউল$_{২}$+পাউল অনু:; তুং আলু থালু]।

আউল্ বাউল্=[রং]—বিণ. আবোল তাবোল ॥ আউল্ বাউল্ কতা কও কেনে? [দেখ আউল্$_{২}$ + বাউল <ব্যাকুল]।

২=[রং, দি]—বিণ. অস্থির ॥ [পূর্বে দেখ]।

আউল্ বাধানো=[বা, ক]—ক্রি. গণ্ডগোল করা ॥ তুমি বর আউল্ বাধাইতে পার। [দেখ আউল্$_{২}$+বাজান <বাধানো]।

আউল্ ভাউল্=[দি, রা]—বিণ. এলোমেলো ॥ বিছানা পত্তুরো আউল্ ভাউল্ কৈর না। [দেখ আউল্ বাউল্]।

আউল্‌লা=[ঢা, ম]—বি. কৃষক ॥ আউল্‌লারা ট্যাহা লৈয়া যমিন্ চ'য়। [<হালিয়া প্রাং<হালিক সং]।

২=[ম]—বি. আতপ, অসিদ্ধ ॥ আউল্‌লা চ'াইল দ্যা যাউ খায়। [<আলো <আলয়<আতপ সং]।

আউল্‌লা নড়ি=[ফ]—বি. গরু তাড়াইবার ছোটলাঠি ॥ [দেখ আউল্‌লা +নড়ি; তুং আউল্যা পাইচ'ন্]।

আউল্‌লা বাইয়ুন্=[চট্ট]—বি. এক প্রকার সাদা গোল বেগুন ॥ [বাইয়ুন <বাইগুন=বেগুন]।

আউল্‌লা লরি=[ঢা]—বি. গরু তাড়াইবার জন্য সূঁইযুক্ত লাঠি ॥ গরুডারে আউল্‌লা লরি দিয়া খুচ'াইস্ না। [দেখ আউল্‌লা নড়ি]।

আউল্‌নেই=[দি]—অস.ক্রি. চূর্ণ বিচূর্ণ করিয়া ॥ এক লাথে তোর্ পেটের ভুটি আউল্‌নেই দিম্। [<আউলাইয়া; আউল<আকুল (নাম ধাতু)]।

আউশা=[কু, রং]—বি. জঞ্জাল ॥ গরের আউশা পরিশ্‌কার কর।

২=[কু]—বিণ. আউশ ধান সম্বন্ধীয় ॥ আউশা যমি চ'াশ্ কর। [<আউশ <আশু+আ প্র.]।

৩=[ঢা]—বিণ. অপরিণত বয়সে যাহাদের সন্তান হয় ॥ আউশা মাইয়ার শৈল্ বাইংগা যায়। [<অবয়স+ইয়া প্র.]।

আউশাউ=[রং]—বি. অযথা ঝগড়া ॥ আউশাউ করিস্ না। [অনু.]।

আউশি=[বা]—বি.<হাসি ॥

২=[বা]—বি. বড় পাখা ॥

আউশ্যা=[ঢা]—বিণ. আঁশযুক্ত ॥ আউশ্যা আম। [<আঁশ+ইয়া প্র.]।

২=[চট্ট]—বি. অমাবস্যা, অন্ধকার ॥ আউয্‌গুয়া আউশ্যা রাইত্। [<*আঁউশা <অমাবস্যা সং + ইয়া প্র.; দেখ আঐশা, আঁইশ্যা]।

৩=[ফ, বা]—বিণ. যে তাড়াতাড়ি বড় হয় ॥ আউশ্যা মাইয়াড়ার বয়শ্ বেশি না।

৪=[কুম]—বিণ. সৌখিন ॥ আউশ্যা পোলার ল্যাহাপরা অয় না। [দেখ আউশ্+ইয়া প্র.]।

আউশ্যা যাওয়া=[পা]—ক্রি. ধীরে ধীরে কোন কিছুর নিকটস্থ হওয়া ॥ নাওডা কিনারে আউশ্যা গ্যাল্ । [আউস্যা <আইসিয়া=আসিয়া] ।

আউশ্=[চা,ম,কুম]—বি. সখ, সাধ ॥ নয়া শারি পরনের আউশ্ ঐসে। [<হওস هوس আং] ।

২=[চা, কুম]—বি. রং ঢং (তুচ্ছার্থে) ॥ তুমি বুঝি আউশে বাস না । [পূর্বে দেখ] ।

আউশ্ কাউশ্=[বা]—অব্য. যন্ত্রণায় ছট্‌ফট্ (করা) ॥ মুই খিদায় আউশ্ কাউশ্ করোচোঁ । [অনু.] ।

আউশ্ বেরি=[খু, য]—বি. এক প্রকার ধান ॥

আউশ্ মুগি=[রা]—বি. একটি ধানের নাম ॥

আউস্‌কা=[কুম,সি]—ক্রি. বিণ. অদ্য ॥ আউস্‌কা ডাহা যামু । [<আউয্‌কা <আজুকা <আজু <অজ্জ প্রা.<অদ্য সং+কা (স্বার্থে)] ।

আউহানো=[বা, ফ]—ক্রি. পাখা দ্বারা বাতাস করা ॥ পাহা দিয়া এট্টু আওহাও ।

আঐ=[চা]—বি. হাউই (বাজী) ॥ বিয়া বাইত্ আঐ সারে। [<হাউই <হবাঈ هوائی আং হইতে উর্দু] ।

২=[দি]—অব্য. হা, ওই (সমবয়স্কা মেয়েলি সম্বোধন) ॥ আঐ কবিমের মা, ভাল আচিস্? [<হা+ঐ] ।

আঐক্‌তা=[কুম,সি]—অসময়ে যে ফল বা ফসল জন্মে ॥ আঐক্‌তা কমলা । [<অ+ওয়াক্ত <রক্‌ত وقت আং=সময়] ।

আঐট্=[ফ]—বি. কাপড়ের পাড় ॥ লাল আঐট্ দ্যাখ্‌তে শুন্দর । [দেখ আউট, ₂] ।

আঐড্=[ক]—বি. কাপড়ের পাড় । [দেখ আঐট্] ।

আঐন্=[চট্ট]—বি. আগুন ॥ এ্যাক্‌কিনি আঐন্ দে, তামাক্ খাইয়ম । [<আগুনি মধ্য বাং<আগণি প্রাং<অগ্নি সং] ।

আঐন্‌না=[ম]—বি. আসে যে, আগমনকারী ॥ যে আঐন্‌না হে আইবে। [<আইসন = আসা + ইয়া প্র. (কর্তৃবাচ্যে)] ।

আঐবাযি=[ঢা]—বি. মিথ্যা গুজব ॥ দ্যাশ্ যুইর‍্যা আঐবাযি উঠ্‌সে যে করিম নাহি বিশ্ খাইয়া মরসে। [<হাওই <হবাঈ هوائی হিং, আং হইতে উর্দু + বাযী بازی ফা.] ।

আঐয়া=[ম, ঢা]—বি. আসে যে ॥ [<আসা+ইয়া প্র. কর্তৃবাচ্যে] ।

আঐরা=[কুম]—বিণ বন্ধনমুক্ত; যে ঘুরিয়া বেড়ায় ॥ আঐরা সাগল্‌ডা পাট খ্যাত্ খাইয়া লাইল। [<আ্যারারহ্ آوارہ ফা.] ।

আঐল্=[ফ]—বি. আড়াল ॥ আঐলে খাবাইয়া কি হোন?

আঐশা=[সি]—বি. <অমাবস্যা ॥ আঐশার রাইতে ক্যাম্‌নে যাবি?

আঐশার্ পয়দা=[সি]—বি. মিথ্যাবাদী, বেজন্মা ॥ আঐশার পয়দা দেইখ্যাই এই রহম। [মূল অর্থ—আমাবস্যায় জন্ম। দেখ আঐশা+র (সম্বন্ধের বিভক্তি)+পয়দা پیدا ফা.] ।

আও=[ম, ব, রা]—বি. কথা, শব্দ, রাও ॥ আও করিস্ না, চুপ্ থাক্ । [<রাও<রব সং] ।

আওইশ্ করা=[চট্ট]—ক্রি. উস্‌খুস্ করা, অস্বস্তি বোধ করা ॥ পোয়াউয়া এ্যাত আওইশ্ গরে কিয়ল্লাই? [<আওইশ্ অনু.+করা] ।

আওকাত্=[ঢা, ম]—বি. পারিপার্শ্বিক অবস্থা, আর্থিক সংগতি, ক্ষমতা ॥ আমার আওকাত্ বুইয্যা চান্দা দেরো । [<আওকাত اوقات আং; রক্‌ত وقت শব্দের বহুব.=সময়] ।

আওগা=[চা]—বি. শাস্তি, শিক্ষা ॥ খুব আওগা পাইসি।

আওচ'া=[সি]—বি. হালের পাক বা ঘের ॥ আর এক আওচ'া আইল্ চৈ'-আই ।

আওজানো=[রং]—ক্রি. কাহাকেও কোন গোপনীয় কথা বলা বা নিন্দাবাদ করা ॥

২=[রং]—ক্রি. হেলান দেওয়া ॥

আওজান্=[রং, দি]—বি. আবর্জনা, ময়লা, জঞ্জাল ॥ বাড়িটা আওজানে ভরা । [<আবর্জনা] ।

২=[রং, ব]—বিণ. এলোমেলো ॥ জিনিশ্ পত্‌রো আওজান্ ক্যান? [পূর্বে দেখ] ।

আওযা=[ম]—বি. আবর্জনা ॥ আওযা শাফ্ কর। [<আবজ্জ প্রাং<আবর্জ সং কিংবা<ওঁছা<উঞ্ছ সং] ।

২=[প]—বি. কচুরি পানা ॥ আওযার ফশল্ নশ্‌ট করে। [পূর্বে দেখ] ।

আওযানো=[য]—ক্রি. উদ্যত হওয়া ॥ [<আওজ<উজ্জঅ প্রাং<উদ্যত সং+আন প্র. কিংবা উঁচান] ।

২=[পা]—ক্রি. জ্বাল করা, কষান, আধাভাজা করা ॥ মাস্‌টা একটু আওযানের পর পাক্ কর। [<আঁচান] ।

আওযি=[পা]—বিণ. লণ্ডভণ্ড অবস্থা ॥ কাগয্‌খানা সির‍্যা এ্যাক্‌কেরে আওযি হয়্যা গ্যাসে। [দেখ আওযা+ই প্র.] ।

আওয্=[ম, পা, চা, সি]—বি. চাষের সময় লাঙ্গল দিয়া যেটুক জমি একবারে বেড় দিয়া লওয়া হয় ॥ দুই আওয্ মাইরা নাস্‌তা খাইবাম্ ।

আওটা=[ম]—দেউড়ি, বাড়ীর প্রধান প্রবেশ দ্বার, ফটকের বেড়া ॥ [<আউট্ট প্রাং<আবৃত্ত সং] ।

আওটানো=[ক]—ক্রি. পুরাতন খড় গুছাইয়া আঁটি বাঁধা ॥ দানগুলি আওটাও। [আঁটি+আনো প্র. (নাম ধাতু)] ।

২=[ব, রা]—ক্রি. জ্বাল দেওয়া, গরম করা ॥ দুদ্ বেশি আওটান্ ঠিক্ না । [<আবট্টণ প্রাং<আবর্তন সং] ।

আওটা পর্দা=[ম]—বি. বাড়ীর আব্রুর জন্য পর্দা ॥ [দেখ আওটা] ।

আওটি=[বা]—কাঠের গুড়ি টানিবার সময় যে বাঁশ বা সরু কাঠ দিয়া ঠেলা দেওয়া হয় ॥

২=[খু]—বি. গণ্ডগোল ॥

আওট্=[ম]—বি. শব্দ, সাড়া, পদধ্বনি ॥ কিয়ের আওট্ পাওয়া যায় যে? [<আহট آهٹ হিং] ।

আওড়ি=[কুম]—বি. পর্দা ॥ [<আবুট্টি প্রাং <আবৃত্তি সং]।

আওড়া=[য]—বিণ. সস্তা ॥ বাযারে মাস্ আওড়া না।

আওড়া কাওড়া=[পা]—বিণ. বিশৃঙ্খল ॥ যিনিশ্‌গুলি আওড়া কাওড়া ক্যা ? [অনু.]।

আওড়ি=[পা]—বি. শস্যাদি রাখার গোলা ॥ [দেখ আউরি]।

আওড়্=[রা]—বি. খড় ॥ [দেখ আউড়্, আউর্$_{৩}$]।

আওতা=[ন]—বি. দেউনি, বেড়া, পর্দা ॥ বাগিটাত্ বেশ আওতা আসে। [<আঅবৃত্ত প্রাং <আতপত্র সং]।

২=[কুম]—বি. ছোট মাটির পাত্র ॥ আওতা ববা দৈ। [<আবত্ত<আবর্ত্ত সং ; তুং বর্তন]।

৩=[পা]—বি. মাঠে থাকিবার ছোট ঝুপড়ি ॥ [<আঅরত্ত প্রাং<আতপত্র সং]।

৪=[কুম]—বি.<আবর্ত, ঘূর্ণী স্রোত ॥ গাংগের আওতাত্ নাও ডুব্যা গ্যাসে।

৫=[কুম]—বি. কবল ॥ বাগের আওতাত্ পব্যা মব্‌সে। [দেখ আওতা$_{৪}$ অথবা আঅত্ত প্রাং <আয়ত্ত সং]।

আওতা ন্যারা=[ম, চা, কুম]—বি. বাড়িব পর্দাব জন্য বেড়া। [দেখ আওতা। বেড়া]।

আওতানো=[বং]—ক্রি. গোছানো, সাজাইয়া রাখা ॥ কাপড় গুলা আওতায়া থো। [<আওতা<আয়ত্ত (নামধাতু) +আন ক্রিয়াবাচক প্র.]।

২=[ম]—বি. মাছের পুচ্ছ সঞ্চালন ॥ খুব বর মাস্‌টায় আওতান্ দিসে।

আওতাশ্=[চট্ট]—বি. <হা-হুতাশ ॥ অত আওতাশ্ কর কিল্লাই ?

আওদা = [পা]—বিণ. মৌজুত ॥ আওদা মাল পাইস নাহি ? [<আমদহ্ آمده ফা.]।

২=[রং]=বি. প্রতিশ্রুতি ॥ আওদা দিয়া তখন ভুল্যা গ্যাচু ? [<ব'দঃ وعده আং]।

আওদা আওদি=[রং]—ক্রি. বিণ. অত্যন্ত চঞ্চল (হওয়া) ॥

আওদানি=[ম]—বি. গণ্ডগোল ॥ আওদানি কৈর না। [<হা হা ধ্বনি ; দেখ আওয়াদানি]।

আওদানো = [রং, কু]—ক্রি. চঞ্চল হওয়া, ॥ এ্যাত আওদাইশ্ কেনে ?

আওনগ্ গাওনে=[চট্ট]—ক্রি. বিণ. বিনা কারণে ॥ আওনগ্‌গাওনে তুমি অরে মারলা ক্যা ? [<অনোখা হিং]।

আওনর্ গা = [চট্ট]—বিণ. আপনা আপনি, স্বতঃস্ফূর্ত ॥ [পূর্বে দেখ]।

আওনে=[চট্ট]—সর্ব. আপনি ॥ আওনে কি করেন ? [<আপনে=আপনি]।

আওন্=[চা]—বিণ. উদুখলে একবার ভানার পরিমাণ (চাউল) ॥ এক আওন্ চা'ইল গাইলে দ্যাও।

২=[রং]—বি. গরুর গাড়ির চাকার লৌহ বলয় ॥ আওন্‌টা ভাল করি লাগায়া থো।

৩=[চট্ট]—বি. কাল রঙের ছোট ফল বিশেষ ॥

আওবাও = [সি]—বি. কাণ্ডজ্ঞান ॥ [<হাবভাব।

২=[ম, চা]—বি. হাবভাব, ভাবগতিক, অবস্থা, কাযদাকৌশল ॥ আওবাও বুইযা কামে আত্ দিস। [<হাব ভাব]।

আওমা=[বং]—বিণ. নিজ ॥ আওমা কত্যা বড় কবি কবু কেনে ? [<আত্মা]।

আওয়=[কুম]—অব্য. ওহে, হে ॥ আওয় কাগা (=কাকা), এইদিগে আইযেন। [<ওহে]।

আওয়র্=[সি]—বি. হাওর, বিল, জলাভূমি ॥ এই আওয়র্‌ডা খুব বর। [<হাওর, দেখ আওর্]।

আওয়র্ ডাওয়র্=[চ]—বি. কূল, সীমা ॥ তর্‌কতাত্ কোন আওয়র্ ডাওয়র্ নাই। [অনু.]।

আওয়া=[ম]—বি. আসা ॥ তুমি এ বাইত্ আওয়া সাইবা দ্যাও। [<আসা]।

২=[ম]—বি. নাকের যে স্থান হইতে হঠাৎ রক্তক্ষরণ হয়, নাকের শিরা ॥ পোলাডার আওয়া বাংসে।

৩=[ব]—বি. কাঁঠালের ভুতি ॥

৪=[ম]—বি. হাসি ॥ তার আওয়া দেল্‌হে গুলা উড়ে। [<হাসা]।

আওয়াআয়ি=[সি]—বি. হাসাহাসি ॥ [দেখ আওয়া$_{৪}$, ব্যতিহারে]।

আওয়াইয্যা=[চট্ট]—বিণ. দুর্ভাগা ॥

আওয়াইয়া=[পা]—বিণ. অভিভাবকহীন ॥ [<আবারহ্ آواره ফা.]।

আওয়াইল্যা = [কুম, সি] — বি. আওলিয়া, দরবেশ ॥ পির আওয়াইল্যার পাস্ না সাইরো। [<আওলিয়া' اولیاء ; দেখ আউল্$_{৩}$]।

আওয়াইলো=[পা]—বিণ. উচ্ছিষ্ট ॥

আওয়াজ্ আশা=[রং, ব]—ক্রি. গাভী ছাগী প্রভৃতির সঙ্গম-কাল আসা ॥ [অশৌচ+আসা]।

আওয়াজ্ কল্‌মা=[রা]—বি. নিষেধ ॥ ছাওয়াটা আওয়াজ্ কল্‌মা মানে না। [আ'উয্ عوض আং+কলমা<কলিমঃ کلمه আং=বাক্য]।

আওয়ায্ বারি=[ম]—বিণ. ভগ্নকণ্ঠ, ভাঙাগলা ॥ এমুন্ আওয়ায্ বারি মাইন্‌শে কেম্নে দুয়ার গাইব ? [আরায آواز ফা.+ভারী]।

আওয়া তাঁতি=[রা]—বিণ. ধৈর্যহীন ॥ এ্যামন আওয়া তাঁতি জান্‌লে তোমারে এই খবব দিতাম্ না।

আওয়াদানি=[ম, চা, ব]—বি. হট্টগোল, হৈচৈ ॥ এ্যাত আওয়া দানি কিয়ের ? [<হাহা ধ্বনি]।

আওয়ানো=[ব]—ক্রি. কয়েকজন মিলিয়া চীৎকার করা ॥ তোরা আওয়াশ্ ক্যান্ ? [<আহ্বান ; কিংবা আওয়া <হাহা (নাম ধাতু)+আনো প্র.]।

২=[বা, ব]—ক্রি. ইতর জন্তু জানোয়ারের প্রজনন কাল আসা ॥ কার্‌তিক্ মাশে কুত্তা আওয়ায়। [দেখ আওয়াজ্ আশা]।

৩=[সি]—ক্রি. হাসানো ॥ তারে আওয়ান্ এ্যাত শিদা না। [<হাসানো]।

আওয়ানো সিল্লানো = [নো]—ক্রি. খুব জোরে চীৎকার করা ॥ [দেখ আওয়ানো + সিল্লান <চিল্লান <চিল্লানা হিং]।

আওয়াপেচি' =[ম]—বি. আষাঢ় মাসের শেষদিকের অমাবস্যা ।। বাংগা আপার এই বার আওয়াপেচি' াইসে, হাদে কি আর বিশ্টি অয় (গ্রামীয় সংস্কার এই যে কোন বৎসর আষাঢ়ের শেষভাগে এই অমাবস্যা পড়িলে মাসের শেষ তারিখ পর্যন্ত বৃষ্টির আর বিরাম হয় না) । [<অম্বুবাচী সং]।

আওয়াবাচ্'=[ম]—বি. সন্তান-সন্ততি, বংশধর ।। [<আওয়া<*আহা<আসা +বাচ্ < বাছা <বচ্ছ প্রাং <বৎস সং]।

আওয়াল্=[কুম]—বি. ষাঁড়গরু ।।

আওয়াল্দার = [পা]— বি. জেলে ।। আওয়াল্দার মাস দরে।

আওয়ৈ অতিত্=[সি]—বি. অভ্যাগত, মেহমান ।। [আওয়ৈ <আঅইঅ প্রাং < আগতিক সং + অতিত < অত্তিথ <অতিথি]।

আওয়োধ্=[পা]—বি. চাষের জন্য জমির নির্দিষ্ট ভাগ ।। [দেখ আওর্]।

আওরা = [ম]— বি. কচুরি পানার আক্রমণ হইতে ধান ক্ষেত রক্ষা করিবার জন্য যে বাঁশ বাঁধা হয় ।। ধ্যাতে মযবুত আওরা দিঅ। [<আউড় প্রাং <আবৃত সং]।

২=[সি]—বি. আড়াল, পর্দা ।। অত হাওয়াত্ বৈঅনা, আওরাত্ যাও। [পূর্বে দেখ, তুং আওড়ি]।

৩=[কুম, চট্ট]—বিণ. ঠিকানাহীন, লাওয়াবিশ, হারানো ।। আওরা গরু সাগলে খ্যাতের ফশল্ নশ্ট করে। [দেখ আওর্+আ প্র.]।

৪=[ফ]—বিণ. অনির্দিষ্ট ।। হাটে কি আওরা মানুশ্ খুইয্যা পাওয়া যায়? [পূর্বে দেখ]।

আওরা আওরি=[ম]—বি. দণ্ড ছোঁড়া ছুঁড়ি, পরস্পর মারামারি ।। রাওখাল্ স্যারা দ্'ইডা পাচ'ন দিয়া আওরা আওরি শুরু করসে। [দেখ আওরা; ব্যতিহারে দ্বিত্ব+ই প্র.]।

আওরাংগি দ্যাওয়া=[ম]—ক্রি. ছুঁড়িয়া মারা বা নিক্ষেপ করা [দেখ আওরা+ দেওয়া]।

আওরানো=[ম]—ক্রি. দণ্ডাদি নিক্ষেপ করা ।। আমগাসুটাত্ আওরায় কে? [দেখ আওরা (নাম ধাতু) + আনো প্র.]।

২=[কুম]—ক্রি. দাপট দেখানো ।। এ্যাত আওরাস্ ক্যা? [পূর্বে দেখ]।

আওরাল্ ভাওয়া=[ম]—ক্রি. দণ্ডাদি নিক্ষেপ করা ।।

আওর্=[কুম, ঢা]—বি. ছোট বিল ।। আওরের মৈদ্দে অনেক মাশ্ চ'রে। [<হাওর<সাঅর প্রাং<সাগর সং]।

২=[পা, ময়, ফ]— বি. নদীর তীব্র স্রোত ।। আওরে নাও পর্লে বিপদ। [পূর্বে দেখ]।

৩=[বা, খু]— বি. নদীর আবর্ত, বিপরীত স্রোত, স্রোতের পানি পাক খাইয়া উর্ধ্বমুখী হওয়ার অবস্থা ।।

৪ = [কুম]—অব্য. আরও ।। আওর্ যাওন্ লাগ্ব। [<ঔর হিং<অপর সং]।

৫=[ম]—বি. খড় ।। আওর্ গুলি গরুরে দে। [দেখ আওড়্, আউড়্, আউর্৩]।

৬=[কুম, সি]—বি. আড়াল, গোপন ।। বৌডা আওরে থাইক্যা কতা কয়। [<আবর=আবরণ কিংবা আউড় প্রাং <আবৃত সং]।

আওর্ আওর্=[পা]—বিণ. উল্টা-পাল্টা ।। আওর্ আওর্ কতা কও ক্যা? [সাধু এড়ো এড়ো]।

আওর্ যাওর্ = [ম]— বি. হাওর এবং অনুরূপ কিছু ।। এই দ্যাশ কি আওর্ যাওর্ নাইনি? [দেখ আওর্ + যাওর্ অনু:]।

আউর্ ব্যারা=[ফ]—বি. হালচাষের সময় লাঙ্গল একবার ঘুরিয়া যে জমিটুকু বেড় দেয় ।। তোর করলা আওর্ ব্যারা শ্যাশ্ ঐসে? [দেখ আওর্ + ব্যার <বেড়+আ প্র.]।

আওলা=[ফ,য,কু, পা]—বি. গোশালা ।। গরুডা আওলায় বান্দ।

২=[দি]—বি. আমলকী ।। আওলার রশ্ উপকারি। [<আঁওলা<আমলঅ প্রাং<আমলক সং]।

৩=[ঢা]—বি. গাছের গুঁড়ি ।। হ্যাওলা দৈরা কাডের আওলাডা এ্যাক্কেরে পিন্লা ঐয়া গ্যাসেগা।

৪=[ঢা, কুম]—বি. কাঠের আবর্জনা ।। আওলাগুলি কামে লাগ্ব।

৫=[ম, চা, নো]—বিণ. আতপ ।। আওলা চ'াইলের বাত্ ময়া না। [<আলো<আতপ সং]।

৬=[চট্ট]—বি. রান্না ঘর ।। আওলা গরত্ বৌএ রান্দের্।

৭=[ম]—বি. গণ্ডগোল ।। কাম আওলা লাগ্সে। [দেখ আওলা৮]।

৮ = [কুম]— বিণ. এলোমেলো, অগোছাল ।। 'যারিয়া বান্দিল কৈন্যা আওলা মাতার কেশ' (গ্রাম্য গাথা)। [<আউল প্রাং <আকুল সং, সাধু এলো]।

৯=[কুম, সি, ম]—বিণ. রাত্রে আলোর সাহায্যে মাছ শিকার ।। ইবার আওলা শিহারে বেশি যুইত্ নাই।

১০ = [য]— বি. বেড়াহীন ঘর ।। [<আগল]।

১১=[সি]— বি. আশ্রয় ।। এতিম বাচ্'চ'া গুইনরে এখ্খন্ আওলা দিতায় নি? [দেখ আওলা১৩]।

১২=[খু]—বি. ঝড়ের সময় নদীর যে অংশে বায়ু কম থাকে ।। নৌকা আওলা দি চ'ালা।

১৩=[কুম, ঢা, সি]—বি. হাওলা ।। চো'রডারে পুলিশের আওলা কৈরা দিসে। [হবাল: حوالہ আং]।

আওলা গর্=[পা]—বি. বৈঠকখানা ।। [<আগলা ঘর]।

আওলা গোটা=[ম]— আমলকী ।। [দেখ আওলা২<+গোটা]।

আওলা যাওলা=[ম]—বিণ. বিশৃঙ্খলা। গরের জিনিশ্পত্র আওলা যাওলা ক্যা? [অনু.; তুং গ্রা. বাং আলাজালা]।

আওলাত্ = [ম, ঢা, কুম, সি, পা]— হাওলাত, ধার ।। পাঁ'চটা ট্যাহা আওলাত্ দ্যান্। [<হবালাত حوالات আং]।

আওলানো=[ঢা, ফ]—ক্রি. নাড়াচাড়া করা ॥ ডেকির দান আওলাইয়া দ্যাও। [<আউল <আকুল সং নামধাতু+আনো প্র.]।

আওলান্=[ঢা, কুম]—বি. গায়ের আলোয়ান বা দামী চাদর ॥ [<আল্‌য়ান الوان আং, একবচনে লরন=রঙ]।

আওলায়া যাওয়া=[পা]—ক্রি. হতবুদ্ধি হওয়া ॥

আওলি=[কুম]—বি. টোল বা পাড়া ॥ আমার বারি দক্‌খিন আওলি। [পরে দেখ]।

২=[কুম, সি]—বি. প্রাসাদ, দালান, হাবেলী ॥ নতুন আওলি বানাইসে। [<হবেলী حویلی আং হইতে উর্দু]।

৩=[ফ]—বি. হিস্যা ॥ মৈদ্‌দের আওলি আসার।

৪=[পা]—বি. চালা ঘর, ছাপড়া ॥ টিন্ কম্ আসে, আওলি তুল্‌মু।

৫=[নো]—বি. লাঠি ॥

আওলে আওলে=[ম]—ক্রি. বিণ. আস্তে আস্তে ॥ আমার ট্যাহাডা আওলে আওলেই দিও।

আওল্=[কুম]—বি. আড়াল ॥ আওলে খারৈয়া কি হুন্‌তাসো? [<আউড় প্রাং<আবৃত সং]।

২=[কুম]—বি. প্রতিবন্ধক ॥ বালা কামে আওল্ বেশি। [পূর্বে দেখ]।

আওল্ বাওল্=[পা]—ক্রি. বিণ. নাড়াচাড়া ॥ বাতুগুলি আওল্ বাওল্ করিস্ না। [<আউল বাউল প্রাং <আকুল ব্যাকুল সং]।

আউল্‌লান্=[কুম,ম,ঢা]—বি. রেশমী বা পশ্‌মী জাতীয় বড় চাদর বিশেষ ॥ [দেখ আওলান্]।

আওশা=[রং]—বি. মাছের আড্ডার জন্য ডাল পালার আড়াল ॥ কি ডাইলের আওশা দিছিশ? [<আবছায়া]।

২=[পা]—বি. নৌকার মাথা-কাঠ সংলগ্ন উপরের অংশ ॥ আওশাওয়ালা নায়ে মাল দরে বেশি।

আওশানো=[ম, পা]—ক্রি. বদ্ধ করা ॥ দর্‌যাটা আওশাইয়া দ্যাও। [দেখ আউবানো]।

২=[পা,ফ]—ক্রি. ঝাঁট দিয়া ময়লা জড় করা ॥ [<ওঁছা<উঞ্ছ সং (নাম ধাতু) +আনো প্র., দেখ আওসা]।

আওশা ব্যাওশা=[সি]—বি. বিবাহ উপলক্ষে এক পক্ষ হইতে প্রেরিত মিষ্টি ইত্যাদির ডালা ॥ কতো আওশা ব্যাওশা আইল তারার বারিত্, আমারারে দিগিল্ নি।

আওশ্=[চট্ট]—বি. মৃদু যন্ত্রণা, কন্‌কনে বা শিরশিরে ভাব ॥

আওসা=[সি]—বিণ. অপরিষ্কার ॥ পুয়াডা কি আওসা? [<ওঁছা<উঞ্ছ সং]।

আওস্‌তা=[চট্ট]—বি.<অবস্থা ॥ তার আওস্‌তা বর খারাপ।

আওহাও=[সি]—সর্ব. এই সেই ॥ আও হাও আলির পুয়া ॥ [<এহ্ সেহ ম. বাং]।

আং=[ব,ম,বং]—বি. রাঙ্ ॥ ডেক্‌চিত্ আং যালাই দ্যাওয়া নাগ্‌বি। [<রাঙ্]।

২=[ম]—বি. হাল্‌কা মেঘ ॥

আংকা=[বং]—বিণ. অসত্য, মিথ্যা ॥ তোমার আংকা নাগা কথা ছাড়। [আনোখা হিং]।

আংকা আংকি=[বং]—বিণ. অসত্য, মিথ্যা ॥ [দেখ আংকা]।

আংকি=[ম]—বি. মাটির বাসন ॥ আংকিডা বাংগি গ্যাল্। [<সানকি]।

আংকুয়াশ্=[ব]—বি. <অঙ্কুশ ॥ আতির মাথাত্ আংকুয়াশ মারিসে।

আংকুরা=[খু]—বি. খাঁচা ॥ মুর্‌গির বাচ্‌'চ'াগুলি আংকুরায় ভর।

২=[ম]—বি. হামাগুড়ি ॥ [<হাম্‌গুড়া <হামাগুড়ি]।

আংকুর্=[ম]—বি. হামাগুড়ি ॥ [দেখ আংকুরা$_২$]।

আংগ=[কুম]—সর্ব. আমাদের ॥ আংগ বাইত্ আইয্ বিয়া। [আমা+গ (সম্বন্ধের বহুবচনের বিভক্তি)<অস্মাকম্ সং]।

আংগট্=[পা]—বি. জেদ ॥ সাওয়াটার্ বর আংগট্।

আংগন্=[ঢা, কুম, নো, চট্ট]—ক্রি. জলা, আগুনে ধরা ॥ ই কাচ'। লাকরি আংত না। [আংগ<অগ্নি+অন প্র. নাম ধাতু; দেখ আংগানো]।

আংগর্=[ম]—বি. দরজার খিল ॥ ঘরের আংগর্ দিয়া হো। [<আংগল <অগ্গল প্রাং<অর্গল সং]।

২=[খু]—বি. আকৃতি ॥ মেয়েটা তার মায়ের আংগর পেয়েসে। [<আকার]।

৩=[ঢা]—বি. ঘর ছাওয়ার জন্য বাঁশের মাচা ॥

৪=[ম]—সর্ব. আমাদের ॥ আংগর্ কতা কৈও না। [<আমাগর=আমাদের]।

আংগর্‌খা=[সি]—বি. জামা ॥ আমার আংগর্‌খাডা ফাইরা গ্যাসে গৈ। [<আঙ্গরাখা <অঙ্গরক্ষক সং]।

আংগ লৈগ্যা=[কুম]—সর্ব. আমাদের জন্য ॥ আংগ লৈগ্যা বাযার্ থাইক্যা মাস্ আইন্‌ন। [দেখ আংগ+লৈগ্যা <লাগিয়া]।

আংগা=[খু, য]—সর্ব. আমাদের ॥ [দেখ আংগ]।

২=[বা]—বি. লাল রঙের মাটি ॥ [<রাঙ্গা]।

আংগাআংগি=[রং]—বিণ. লাল-রঙের ॥ ভৈশ্ দুইটা আংগাআংগি। [<রাঙ্গারাঙ্গি (ব্যতিহারে)]।

আংগা আলু=[রং]—বি. লাল আলু ॥ এগুলা খুব্ মোটা আংগা আলু। [<রাঙ্গা আলু]।

আংগাইর‍্যা=[ঢা]—বি. টাকি, শোল ইত্যাদি মাছের ভিতরে যে কালো কালো ময়লা থাকে ॥ আংগাইর‍্যা বরা মাস্ খাওন যায় না। [<আঙ্গারি <অঙ্গারিকা (=কয়লার মত কালো অর্থে)]।

আংগাইল্=[ম]—বিণ. যাহা জ্বালান হইয়াছে, জলন্ত ॥ আংগাইল্ টিক্‌কা দ্যাও।

২=[ম]—বি. পিঁয়াজ, হলুদ (মেয়ে-দের বিশেষ প্রয়োগ) ॥

আংগাষি=[সি]—বি. সহ্যকারী, সহন-শীল ॥ [দেখ আংগায্+ই প্র.]।

আংগায্=[সি]— বি. সহ্য, ধৈর্য ।। আংগায্ কর, শুদিন আইব । [আন্গেয-না انگیز উর্দু=সহ্য করা]।

আংগাট্=[পা]—বি. জেদ, রাগ ।। সাওয়াল্ টার আংগাট্ খুব বেশি ।

আংগাভাংগা=[সি]—বি. অস্বাভাবিক ।। আংগাডাংগা মাতো খিতা ?

আংগানো=[ঢা,ম]—ক্রি. অগ্নিসংযুক্ত করা ।। টিক্কাডা আংগাইয়া দে। [আংগ<অগ্নি+আনো প্র. নাম ধাতু]।

২=[কুম, নো, ম]—ক্রি. তুলিয়া ধরা, উঁচু করা ।। বোযাডা আংগাইয়া মাথাত্ দ্যাও ।

আংগাম্=[ম]—বি. হাঙ্গাম, গণ্ডগোল ।। এ্যাত আংগাম শৈয্য অয় না। [<হাঙ্গাম<হংগাম ہنگام ফা.]।

আংগারা=[চট্ট]—বি. কোর্তা, জামা ।। [<আঙ্রাখা]।

আংগারি=[খু]—বি. কয়লা ।। [অঙ্গারি <অঙ্গারিকা]।

২=[ম]—বি. লতাগুল্মের আশ্রয়মঞ্চ ।। লাউগাসের আংগারি দ্যাওন্ লাগ্ব।

আংগি=[সি]—বি. ছেলেমেয়েন জামা ।। বুলুর লাগি একটা আংগি আইন্য। [অঙ্গ+ই প্র. ; তুং আঙ্রাখা]।

আংগিযি = [কুম] — বিণ, ধৈর্যশীল ।। ব্যাডাডা যবর্ আংগিযি। [দেখ আংগায্ +ই]।

২=[কুম]—বিণ. মনোযোগী ।। হ্যায় ল্যাহা পরায খুব আংগিযি। [পূর্বে দেখ ; অর্থ প্র.]

আংগির্ বাত্=[চা]—বি. অভিশাপ বিশেষ ।। হ্যায় আমান লাউ গাস্ কাট্সে, হ্যাব্ আংগিন বাত্ লাগুক।

আংগু=[কুম]—সর্ব. আমাদের ।। আংগু বাইত্ যাইস্ । [আমাগো=আমাদের]।

আংগুইট্ = [ম] —বি. আংটি ।। [<আঙ্গুটি<অঙ্গুষ্ঠিকা]।

আংগুইল্ =[সি] — বি. আঙ্গুল ।। [<আঙ্গুলি<অঙ্গুলি]।

আংগুট্=[ঢা]—বি. আংটি ।। বৌয়ের আতে নয়া আংগুট্ । [দেখ আংগুইট্]।

আংগুন্=[রং]—বি. অসুখ ।। প্যাটের আংগুনে মর্লাম। [<অগুণ]।

আংগুল্=[ম]—বি. খিল ।। দুয়ারের্ আংগুল্ দিয়া হো । [*আগুল<আগল <অর্গল সং]।

আংগুস্তা = [ঢা] — বি. দর্জিদের আঙুলাবরণ ।। [আংগুশ্তানহ্ انگشتانه ফা.]।

আংগুস্তাম্=[ম, ঢা]—বি. সিলাই কালে দর্জিদের আঙুলে পরিহিত চামাটি ।। [দেখ আংগুস্তা]।

আংগে মাংগে = [কুম]—ক্রি. বিণ. অতিশিঘ্র ।। আংগে মাংগে কতা কওন্ বালান । [<আগেভাগে] ।

আংগ্যাজ্=[রং]—বি. সখ, ইচ্ছা ।। ভাল জিনিশ্ হলে আংগ্যাজ্ করি খাওয়া যায়। [<আকাঙ্খা ; দেখ আঁইংখা]।

আংগ্যায্=[সি]—বি. ধৈর্য, সহ্য ।। একটু আংগ্যায্ দৈরা থাক্ । [আঙ্গেয্না উর্দু=সহ্য করা; দেখ আংগায]।

আংগো = [নো] — সর্ব. আমাদের ।। [<আমা + গো সম্বন্ধের বহুবচনের বিভক্তি ; অস্মাকম্ সং]।

আংগোটন্ = [ফ] — ক্রি. ঘোলাটে করা ।। পানিগুলা আংগোটাইয়া হালাইলি, অহন্ নাইমু কোন্হানে ? [<আওটান]।

আংগোট্=[খু, বা]—বি. সাদৃশ্য ; শারীরিক গঠন ।। [<অঙ্গ+ট প্র.]।

২=[খু]—বি: আক্রোশ ।। আংগোট্ করে হবে কি ?

আংচা - [বং]—বি. সেঁক বা সেঁক জনিত দাগ ।। জিনিশ্টা আংচা হৈছে ? [<আঁচ<অচিচ প্রাং<অর্চিঃ সং]।

আংচাঁর্=[পা]—বি. এক প্রকার চর্ম রোগ বা দাদ, যাহা অণ্ডকোষে বেশী হয়।। আংচাঁর্ খুব চুলকায়।

আংজাশ্শা=[রা]—বিণ. <অপদস্থ ।। এ্যামন্ আংজাশ্শা জিবনে হৈ নাই ।

আংটা=[সি]—বি. অঙ্গার ।। লাখ্রি যালাইলে আংটা হয়। [<আংরা <অঙ্গার+টা প্র.]।

২=[ম]—বি. আগুনের কণা, স্ফুলিঙ্গ ।। সাইকুরের মৈদ্যে আগুনের আংটা ফালাইওনা । [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. বাঁশ বা কাঠের ভস্ম ।। আংটা বরা উনদাল্ । [পূর্বে দেখ]।

৪=[সি, রা]—বি. নাক বা কানের অলঙ্কার বিশেষ ।। কানে আংটা দিসে। [<আংটি]।

আংটাআংটি =[ঢা]—বি. অন্যকে ঠকানোর মতলব; চাতুরী ।। এ্যাত আংটাআংটি বালানা । [<আঁটা-আঁটি]।

আংটা খসা=[রা]—ক্রি. বিধবা হওয়া। [দেখ আংটা$_{৪}$; বিধবারা নাক কানের অলঙ্কার ত্যাগ করে, এই অর্থে]।

আংটানো=[ম]—ক্রি. নাড়াচাড়া করা ।। মাস্গুলা আংটাইস্না, মৈরা যাইবো।

আংটা পড়া=[রং]—বিণ. ঈষৎ কৃষ্ণ বর্ণ ।। আংটাপড়া ডাইল্ না খাওঁ মুই।

আংটা বাযানো=[ঢা, গি]—ক্রি. গণ্ড-গোল করা ।। তুই শব্ কামে খালি আংটা বাযাশ্ ।

আংটি=[রং]—বি. চুলের ফিতা ।। [দেখ আউটা]।

২=[ম]—বি. পরিধানের বস্ত্রাদির পাড় বা বর্ডারের ছিন্নাংশ ।। আংটি দিয়া পায়যামার ফিতা অয়।

আংডা=[বা]—বি. লোহার আংটা, হুক বিশেষ ।। কবাটে আংডা লাগাও। [<আংটা<অঙ্ক সং+টা প্র.]।

২=[কুম]—বি. আংটা ।। করাইর আং-ডাডা বাইংগা গ্যাসে। [পূর্বে দেখ]।

৩=[বা]—বি. আগুনের বড় বড় ফুলকি ।। আংডা আগুন কাত্তা দিয়া চাঁইপ্যা রাহন্ যায় না। [দেখ আংটা]।

৪=[চা]—বি. ঝগড়া, ঝামেলা ।। হ্যায় ব্যাবাক্ কামে ই আংডা বাযায়।

আংডা আংডি=[কুম] — বি. খোঁচা-খুঁচি ।। এ্যাত আংডা আংডি কর ক্যারে ? [দেখ আংটা আংটি]।

আংডা আগুন্=[বা]—বি. কয়লার আগুন ।। আংডা আগুন্ আন, তামুক খামু। [দেখ আংটা+আগুন]।

আংতা=[রং]—বি. <রাংতা ॥ সিগারেটের খাপের আংতালা খুব চিক্‌চিকা।

আংনা=[রং]—বিণ. বাজে, খারাপ ॥ তোর ঐলা আংনা বাংনার কথা মুই শুনিবার নও। [<অন্যায়]।

আংপাত্‌লা=[ব]—বিণ. হালকা, হীনমনা ॥ তুই বর আংপাতুলা মানুশ্‌। [আং<অঙ্গ+পাতলা]।

আং বাং=[সি]—বি. যা তা ॥ আং বাং মাতো খিতা ? [অনু.]।

আংরখা=[ম]—বি. গেঞ্জি, ফতুয়া ॥ [আঙ্‌রাখা<অঙ্গরক্ষক সং]।

আংরা=[রা]—বি. বালিশের ওয়াড় ॥ [<আউড় প্রা<আবৃত সং]।

আংরাখ্‌=[রা]—বি. জামা, অঙ্গাবরণ ॥ গতরে আংরাখ্‌টা পর। [<আঙ্‌রাখা]।

আংরা-গিলা=[ম, রং]—বিণ. অত্যাকাঙ্ক্ষী, অতি লোভী ॥ এ্যাটা আংরাগিলা মানুশ্‌। [আঙ্‌রা<অঙ্গার+গিলা√গিল্—মূলার্থ যে অঙ্গার গিলে]।

আংরাতিয়া=[ফ]—বি. যে লোক চার দিন হাল চষিয়া একদিনের হাল পায় ॥ আংরাতিয়া হাল ব্যাচ্‌'বানি ?

আংলা আংলা=[ম]—বি. পরচর্চা; কঠোর সমালোচনা ॥ [পরে দেখ]।

আংলা আংলি=[ম]—বি. খোঁচাখুঁচি, ঘাঁটাঘাঁটি ॥ বেশি আংলা আংলি কৈর না। [<আঙুল (ব্যতিহারে); তুং হাতাহাতি]।

আংলানো=[রা]—ক্রি. রাগান্বিত বা বিরক্ত করা ॥ তারে আর আংলাস্‌না। [<আঙুল (নাম ধাতু)+আন প্র.]।

২=[খু]—ক্রি. ধৌত করা ॥ থালগুলি ভাল করে আংলাও। [পূর্বে দেখ]।

৩=[ম]—ক্রি. ঘাঁটা, নাড়াচাড়া করা ॥ মাসৃগুলি আংলাইওনা। [পূর্বে দেখ]।

৪=[চা]—ক্রি. আঙুল দিয়া নাড়াচাড়া করা ॥ আংলাইয়া নশ্‌ট কৈরনা। [পূর্বে দেখ]।

আংলি=[রা]—বি. উস্‌কানি ॥ তারে আংলি দিয়া লাভ কি তোমার ? [<অঙ্গুলি]।

আংলো=[রং]—বি. হাবাগোবা, গোবেচারা ॥ 'আংলোর বেটা ডোংভোংগা' (প্রবাদ)।

আংলোন্‌=[ব]—ক্রি. অকাজে উস্‌কানি দেওয়া ॥ তুই সবাইকে আংলোয়ে ব্যারাশ্‌। [দেখ আংলানো]।

আংশাং=[রং, খু, ব]—বি. বাজে কাজ, শয়তানী ॥ কি আংশাং শুরু করিচো ? [অনু.]।

আংশাংএর জ্যাঠা=[রং]—বিণ. আবোল তাবোল বা শয়তানীতে শ্রেষ্ঠ ॥ [দেখ আংশাং+এর সম্বন্ধের বিভক্তি+জ্যাঠা <জ্যেষ্ঠ]।

আংশাং খাওয়া=[রং]—ক্রি. অপছন্দনীয় জিনিস খাওয়া ॥ [দেখ আংশাং]।

আংশাংগির্‌=[রং]—বি. আবোলতাবোল বা শয়তানীতে শ্রেষ্ঠ ॥ [দেখ আংশাং+গির<গুরু]।

আংশাং থোয়া=[রং]—ক্রি. খুব অযত্নে রাখা ॥ [দেখ আংশাং]।

আংশাং লাগা=[রং]—ক্রি. খারাপ লাগা ॥ [দেখ আংশাং]।

আংশাংয়ে=[রং]—ক্রি. বিণ. অকারণে ॥ আংশাংয়ে ঘুরছু্‌ ক্যানে ? [দেখ আংশাং]।

আংশানো=[ব]—ক্রি. ভাজা ॥ মাসৃটা আংশাও। [দেখ আংসানো]।

আংগুড়্‌=[খু, য]—বি. গাছ হইতে ফল পাড়িবার আঁকশি বা নল ॥ [<আঁকুড়শি<আকর্ষী সং]।

আংগুরি=[ম]—বি. গাছ হইতে ফল পাড়িবার আঁকশি বা নল ॥ [দেখ আংগুড়্‌]।

আংসানো=[পা]—ক্রি. কষানো ॥ তরকারি আংসাও। [<আঁচান√আঁচ; নাম ধাতু]।

২=[সি]—ক্রি. আঁচড় কাটা ॥ আংগুল্‌ দি আংসাও ক্যা ?

আঁ=[চট্ট]—বি. (কাপড়ের) কালো দাগ ॥ শাদা কাঅরতু আঁ পৈলুলে খারাব্‌ দেখার।

আঁঅলৈ=[চট্ট]—বি. আমলকী ॥ আঁঅলৈ বর চুক্‌'া। [<আমলই<আমলকী]।

আঁই=[চট্ট]—সর্ব. আমি ॥ আঁই ম খাইয়ম্‌। [<আমি]।

আঁইংখা=[দি, রা]—বি. আকাঙ্ক্ষা ॥ এ্যাত খাচিশ্‌, তাও তোর আঁইংখা মিটে না ? [<আকাঙ্ক্ষা]।

আঁইখ্যা=[রা]—বি. চাউলের আটার পিঠা বিশেষ ॥ কাইয়াটা ব্যাটা ছাইল্যার হাতের আঁইখ্যা লিয়া গ্যাল্‌।

আঁইঝাঁই=[রা]—বি. অহঙ্কার, দেমাগ ॥ লোকটার কোনু আঁইঝাঁই নাই। [অনু.]।

আঁইটা=[চট্ট]—বি. কলা গাছের ভিতরের সাদা অংশ, যাহা তরকারী রূপে ব্যবহৃত হয় ॥ [<আঁটিয়া=আঁটি]।

আঁইট্যা=[রা]—বিণ. গুছানো ॥ আঁইট্যা খ্যাড়্‌। [<আঁটি+ইয়া প্র.]।

আঁইড্‌গা=[নো]—বি. পুং হাঁস ॥ [দেখ আইড়্‌গা]।

আঁইড়া=[রা]—বি. ষাঁড় ॥ [<আঁড়িয়া <অণ্ডিক সং=এঁড়ে]।

আঁইড়ি=[বা]—বি. এঁড়ে বাছুর ॥ আঁইড়ি গরুর বল্‌ বেশি। [দেখ আঁইড়া]।

আঁইড়্যা=[বা, কু]—বি. ষাঁড় ॥ কার্‌ আঁইড়্যাটা খ্যাত্‌ খাইতাসে ? [দেখ আঁইড়া]।

আঁইদা=[চট্ট]—বি. নারিকেলের মালা ॥

আঁই দ্যাওয়া=[নো]—ক্রি. হাই তোলা ॥ বারে বারে আঁই দ্যাও কিলাই ? [<হাই<হাঁই+দেওয়া=তোলা]।

আঁইনধারা=[রা]—বি. ঘরের চালের ছানির নীচে ব্যবহৃত পাতলা চাটাই ॥

আঁইল্‌=[চট্ট]—বি. আলি ॥ আঁইল্‌ বান্‌ (=বাঁধ্‌)। [<আলি]।

আঁইশ্‌=[নো]—বি. ইচ্ছা, আগ্রহ, খাহেশ ॥ ব্যাডার আঁইশ্‌ কত ? [দেখ আইশ্‌৪]।

আঁইশ্‌টা গন্‌ধ=[দি, রা]—বি. আঁষ্টে মাছের গন্ধ ॥ ময়লা কাপড়টা আঁইশ্‌টা আঁইশ্‌টা গন্‌ধ করেছে। [<আমিষ+টা প্র.+গন্ধ]।

আঁইশ্‌ট্যাল্‌=[বা]—বি. প্রস্রাবখানা॥ আঁইশ্‌ট্যালে বড় গনধ্‌। [দেখ আইশ্‌টাল্‌]।

আঁইশ্‌রয়াল্‌=[রা]—বি. তেলে পোকা, আরসোলা॥ চিনারা আঁইশ্‌রয়াল্‌ ভাজা খায়। [<*আস্‌রলা<আরসোলা]।

আঁইশ্‌শা=[নো]—বি. অমাবস্যা॥ আইয়্‌ বুঝি আঁইশ্‌শা ? [<অমাবস্যা; দেখ আউশ্যা₂]।

আঁইসা=[নো]—বি. ছনের কুঁচি॥ আঁইসা ঐলে গোস্‌লা সাওন্‌ যাইব। [<আঁইশ=আঁশ<অংশু]।

আঁইস্‌=[নো]—বি. উত্তাপ॥ শিতে আগুনের আঁইস্‌ বালা লাগে। [<*আঁচি<অচ্চি প্রাং<অর্চিঃ সং=আঁচ]।

২=[চট্ট]—বি. ইঙ্গিত॥ হে আঁবে কামর্‌ আঁইস্‌ দিসে। [<আঁচি=আঁচ]।

আঁউরা যাওয়া=[রা]—ক্রি. কমিয়া যাওয়া, শুকাইয়া যাওয়া॥ শাক্‌ ভাজ্‌লে আঁউরা যায়। [আঁউরা<আ (ঈষৎ)+মরা]।

আঁউর্‌=[নো, চট্ট]—বি. <হামাগুড়ি॥

আঁউল্যা=[দি, বা]—বিণ. লবণ হীন॥ শালন্‌গুলা আঁউল্যা লাগোছে। [<আঁ=অ+লুণ (=লবণ)+ইয়া প্র.]।

আঁঐর‍্যা=[রা]—বিণ. সামান্য কিছুতেই যে ব্যক্তি রাগিয়া উঠে॥

আঁওডা=[চট্ট]—বি. ঝগড়া, বিবাদ॥ ইতার লয়ে তুয়ি আঁব আঁওডা বাধাই ন দিও। [<আংটা; দেখ আংটা বাধানো]।

২=[চট্ট]—বি. দুইটি কাঠ বা অন্য কিছুতে খাপ কাটিয়া একত্রে লাগাইয়া দেওয়ার ব্যবস্থা; আংটা॥ [<আংটা]।

আঁওলতি=[চট্ট]—বি. আমলকী॥ [<আমলতী<আমলকী]।

আঁওলা=[রা]—বি. আমলকী॥ [<আম্‌লা<আমলক সং]।

আঁওশ্‌=[রা]—বি. অমাবস্যা॥ আঁওশের রাত্‌। [<অমাবস<অমাবস্যা সং; দেখ আউশ্যা₂]।

আঁকাড়া চাশা=[রা]—বি. রুক্ষ ও পাতলা মেজাজের লোক, যে সামান্য কারণে রাগ করে॥ [<আঁকাড়া<আকাটা+চাষা]।

আঁকাড়ি=[দি]—বি. (চাউলের) লাল দাগ॥ চাউলগুলাত্‌ বড় আঁকাড়ি আছে।

২=[রা]—বিণ. বদরাগী, একগুঁয়ে, রুক্ষ মেজাজী॥

আঁকির্‌=[ব, রা]—বি. পাখির ডিম॥ কুতুর্‌ডা দুডা আঁকির্‌ দিচে।

আঁকোই=[নো]—বি. উস্তাদ, পারদর্শী॥ [আকা ঃ তু.=প্রভু]।

আঁকোড়্‌=[কু]—বিণ. শক্ত, কষ্টকর॥

আঁকোথা=[চট্ট]—বি. বাজে পথ॥ আঁকোথা চ'ল্‌স কৈ? [অ+কুপথ+আ প্র.]।

আঁকড়া=[রা]—বিণ. গোটা, অবিভক্ত॥ আক্‌ড়া মাছটাই ভাজ। [আঁকড়া<অকট্টিঅ প্রাং<অকর্তিত সং]।

আঁকুড়শ্‌=[রা]—বি. বাঁশের লগি, আঁক্‌শি॥ আঁকুড়ুশ্‌ দিয়া আম নামাও। [<আঁকুড়শি<আকর্ষী সং]।

আঁকরি=[কু]—বি. চাউল বা ধানের ভিতরের কাঁকর বিশেষ॥ চ'ালের ভিতর এ্যাত আঁক্‌রি ক্যান্‌? [<কাঁকর<কঙ্কর+ই (স্বার্থে)]।

আঁখির্‌=[দি, রা]—বি. ইটপাথরের কণা॥ র‍্যাশনের চাউলত্‌ আঁখির্‌ ভরা থাকে।

আঁখুড়া=[দি, বা]—বি. কড়া, আঁক্‌শি॥ আঁখুড়াত্‌ তালাটা লাগা। [<আঁকড়া<আকর্ষী সং]।

আঁখ্‌লানো=[রা]—ক্রি. ধৌত করা॥ হাত আঁখলায়ে খাও। [<অক্‌খালণ প্রাং <আক্ষালন সং]।

আঁগেসো=[খু, য]—বি. আগাছা, যাহা গাছের মধ্যে গণ্য নয়॥ [<আগাছা+উয়া প্র.]।

আঁচা=[রা, কু]—বি. শুয়া পোকা, বিছা॥ মোর ঠ্যাঙোত্‌ আঁচা লাইগ্‌চে।

আঁচাড়ি=[রা]—বি. মাছের ডিম॥

আঁচানো=[রং]—ক্রি. সামান্য পুড়িয়া যাওয়া॥ তরকারিলা আঁচিছে কোনেক। [আঁচ<অর্চিঃ সং, (নাম ধাতু)+আনো ক্রিয়াবাচক প্র.]।

২=[পা, রং]—ক্রি. সেঁক দেওয়া, গরম করা॥ [পূর্বে দেখ]।

আঁচ'ন্‌=[চট্ট]—ক্রি. মুড়ান্‌, কামান॥ মাথার চু'ল আঁচ'াই ফ্যাল্‌। [আঁচ<*অহোচ<অশৌচ+আন ক্রিয়াবাচক প্র.]।

আঁচাভুঁয়া=[রা]—বিণ. অদ্ভুত॥ ওরে বাবা, আঁচাভুঁয়া চিজ্‌রে। [<আচা-ভুয়া<অচ্চব্ভুঅ প্রাং<অত্যদ্ভুত সং]।

আঁচি'লা=[নো]—বি. এক প্রকার রোগ, আঁচিল॥ মাইন্‌শে কয়, চ'াইল্‌ খাইলে আঁচি'লা অয়। [<আঁচিল]।

আঁচুড়া=[দি, রা]—বি. খামচা, আঁচড়॥ কাঁটা দিয়া হাত্‌খান্‌ আঁচুড়ে গ্যাল্‌। [<আঁচড়]।

আঁচুল্‌=[দি]—বি. আঁচিল, ব্যাধি বিশেষ॥ ভাতের চাল খালে আঁচুল্‌ হয়। [<আঁচিল]।

আঁচ্‌ঘর=[রা]—বি. আঁতুড়॥ আঁচ্‌ ঘরত্‌ যাইশ্‌না। [<*অহোচ<অশৌচ+ঘর]।

আঁচ্‌তলি=[রা]—বি. কূপের নালা, নর্দমা॥ আচ্‌তলির গন্‌ধে ঘরে ট্যাকা দায়। [<অশৌচ+তল+ই প্র.; দেখ আঁশতলি]।

আঁচ্‌বা পাওয়া=[রা]—ক্রি. কোন অসুবিধা টের পাওয়া॥

আঁচ'্লি=[চট্ট]—বি. হাঁসুলি॥ গাঁয়ের মাইয়ারা আঁচ্‌'লি পিন্‌দে। [<হাঁসুলি]।

আঁযল্‌=[চট্ট]—বিণ, সরল, সোজা॥ আঁযল্‌ মানুশ। [<অঞ্জল; তুং প্রাঞ্জল]।

আঁযা=[চট্ট]—বি. আঁকড়ান, জড়ান॥ পোয়াটাক্‌ আঁযা করি দর। [√অনুজ সং=আলিঙ্গন]।

২=[চট্ট]—বিণ. পাঁজা॥ এ্যাক্‌ আঁযা খ্যার্‌। [পূর্বে দেখ]।

আঁযাআঁযি=[চট্ট]—বি. আলিঙ্গন॥ অত আঁযাআঁযি বাল নোয়ায়। [দেখ আঁযা (ব্যতিহারে)]।

আঁষানো=[নো, কুম]—ক্রি. রোমন্থন করা ॥ খ্যার্ খাই গরু আঁষায়ের্।

আঁযুইন্না=[চট্ট]—বি. সন্ধ্যা ॥ আঁযুইন্না ইহান বৈয়া রৈস ক্যা? [আঁজু<সংঝা<সন্ধ্যা+ইনা প্র.]।

আঁঝাঁনো=[রা]—ক্রি. ভাজা ॥ মাছটা আঁঝাঁও। [দেখ আঁচানো২]।

আঁটল্=[ব, রা]—বি. রক্তচোষা পোকা ॥ [<আঁটুলি]।

২=[কু]—বিণ. এটেল (মাটি)॥ [<আঁটিয়ল=এঁটেল]।

আঁটা=[রা]—বিণ. উচ্ছিষ্ট ॥ [দেখ আইট্টা৩]।

২=[রা, দি]—বি. কলার থোড়॥ আঁটার তরকারি ভাল।

আঁটাই=[রা]—বি. এক প্রকার রক্তশোষক পোকা ॥ ছাগলটার গায় আঁটাই ভরা। [আঁটা+ই=আঁটালি, আঁটুলি]।

আঁটা টাকা=[রা]—বি. কমতি, অল্পস্বল্প ॥ [আটা+টাকা=ছাঁকা]।

আঁটানি=[খু]—বিণ. সঙ্কীর্ণ ॥ আঁটানি যায়গা। [আঁটা=সঙ্কীর্ণ+নি প্র.]।

আঁটি=[ব]—বি. অণ্ডকোষ ॥ [<আঁড়িয়া<অণ্ডিক সং]।

আঁটে=[খু]—বিণ. উচ্ছিষ্ট, এঁটো ॥ আঁটে নিয়ে যা যল্দি। [দেখ আইট্টা৩]।

আঁট্যা=[পা]—বিণ. খাওয়ার সময় হাতে মুখে যে দাগ লাগে ॥ আঁট্যা আত্ মুখ দুইয়া ফালাও। [<আঁটুয়া=সাধু এঁটো; দেখ আঁঠা]।

আঁটো=[ব, রা]—বিণ. সরু, চাপা, অপ্রশস্ত ॥ [<আঁটা+উয়া প্র.]।

আঁট্=[খু, য]—বি. শহরের বা জঙ্গলের প্রশস্ত উচ্চ স্থান ॥ [<আটি]।

২=[রা]—বি. আম বা ঐ জাতীয় ফলের আঁটি ॥ আঁট্ আমের দাম কম। [<আঁটি]।

আঁটি কলা=[রা]—বি. বীচি কলা ॥ [<আঁটি+কলা]।

আঁট্কা=[দি]—বি. ভাত, ভোগ ॥ আঁট্কা খাওয়াইল।

আঁট্টুয়া=[চট্ট]—বি. ছাগল গরু ফিরাইবার জন্য যে বেড়া দেওয়া হয় ॥ [<আঁট+উয়া প্র.]।

আঁট্টুয়া ধুতি=[চট্ট]—বি. হাঁটু পর্যন্ত লম্বা, মোটা সুতার তৈরী ॥ হাল্ বাইতে আঁট্টুয়া ধুতি পিন্দে। [<হাঁটু+উয়া প্র.+ধুতি]।

আঁট্টুয়া বারি বসা=[চট্ট]—ক্রি. পায়ের গোড়ালীর উপর বসা ॥ তুমি আঁট্টুয়া বারি বৈলি কিল্লাই? [দেখ আট্টুয়া+পাড়ি=পাড়িয়া+বসা]।

আঁটব্যালা=[ব,রা]—বি. ছোটবেলা ॥ [আঁট=খাট+বেলা]।

আঁঠল্=[কু]—বি. কুকুরের গায়ের উকুন ॥ কুকুরের আঁঠল্ মানুশকও ধরে। [=আঁঠাল<আঁটুলি]।

আঁঠা=[দি]—বিণ. এঁটো, উচ্ছিষ্ট ॥ [দেখ আঁট্যা]।

আঁঠিয়া=[দি]—বিণ. বীচিওয়ালা (কলা)॥ [আঁঠি<অট্‌ঠি প্রাং<অষ্টি+য়া প্র.]।

আঁঠে=[দি]—বি. এক প্রকার পোকা যাহা গরুর গায়ে লাগিয়া থাকে ॥ [<আঁট+অই প্র.=আঁটুলি]।

আঁঠ্‌ঠ্যা=[রা]—বিণ. এঁটো ॥ কুত্তার আঁঠ্‌ঠ্যা ভাত্ খাতে দিলে। [=আইঠা<আমিট্‌ঠ প্রাং<আমৃষ্ট সং=এঁটো]।

আঁড়া=[চট্ট]—ক্রি. হাঁটা ॥ এদ্দুর্ আঁড়ি কেয়েনে যাবি? [<হাঁটা]।

আঁড়াউড়া=[চট্ট]—বি. বেড়ানো ॥ [আঁড়া<হাঁটা+উটা অনু:]।

আঁতুশ্=[চট্ট]—বিণ. অকৃতকার্য ॥ [<হতাশ]।

আঁড্=[চট্ট]—বি. বাজার ॥ হিতে আঁড়ত্ গেইয়ে। [<হাট]।

আঁড্ডা=[চট্ট]—সর্ব. আমারটা ॥ দৌড়ে গোড়া আঁড্ডা আগে আইসে। [আঁর=আমার+ডা<টা]।

আঁড়ল্=[রা]—বিণ. যে পশু পাখীকে খাসি করা হয় নাই ॥ [আঁড়<অণ্ড সং+ল, (আছে অর্থে) প্র.]।

আঁড়া=[ব, রা, দি]—বি. ষাঁড় বা অল্পবয়স্ক গরু ॥ [আঁড়<অণ্ড সং+আ প্র.]।

২=[রা, ব]—বি. ছোট ছেলে ॥ [পূর্বে দেখ]।

আঁড়াইল্=[চট্ট]—বি. হাঁস মুরগী থাকিবার স্থান ॥ আঁড়াইলে হিয়াল্ ডুইক্‌কে। [দেখ আঁড়ৈয়া]।

আঁড়ি=[ব, রং]—বি. বিধবা ॥ [<রাঁড়ী]।

আঁড়িকুক্কা=[চট্ট]—বি. পাখী বিশেষ (জনশ্রুতি আছে যে, আঁড়িকুক্কা পাখী পুত্র শোকে পাগল হইয়া পাখী হইয়াছে। তাই সে রাতদিন পুত্ পুত্ করিয়া ডাকে)॥

আঁড়িয়া=[নো]—বি. পুং হাঁস ॥ আঁড়িয়ার্ মাংশ বালা না।

২=[দি, রং]—বিণ. যে ষাঁড়গরুর অণ্ড কোষ কাটা হয় নাই, এঁড়ে ॥ [আঁড়িয়া<অণ্ডিক সং=এঁড়ে]।

আঁড়ুয়া=[দি]—বিণ. গোঁয়ার ॥ লোকটা বড় আঁড়ুয়া।

আঁড্যা=[রা]—বি. ষাঁড় ॥ [<আঁড়িয়া=এঁড়ে; দেখ আঁড়িয়া২]।

আঁড়ৈয়া=[নো]—বি. হাঁস মুরগী রাখার কুঠুরী ॥ [আড়+ইয়া প্র.]।

আঁড়্=[রা]—বি. আড়াল ॥ [<আড়]।

আঁড়্ গিল্=[রা]—বি. কাল গোসাপ ॥

আঁড়্বাঁড়্=[পা, কু, ফ]—ক্রি. বিণ. বমি বমি ॥ আমার গাটা আঁড়্-বাঁড়্ কর্‌সে। [অনু.]।

আঁতন্=[নো]—অব্য. আমার কাছে ॥ আঁতন্ বালা লাগে না। [<আমা=আমার+তন=তুন্=হইতে অর্থাৎ আমা হইতে]।

আঁতর্=[চট্ট]—বি. পেট ॥ 'আঁতরে তিতা, কানরে কচু', চোঁগরে তেল্' (প্রবাদ)। [<অন্ত্র]।

২=[ব, দি, রা]—বি. টুকরা জমি ॥

৩=[ব, দি, রা]—বি. লাঙ্গলের, দাগ চাষের সময় যে রেখা দিয়া লাঙ্গল চলে ॥ আঁতর্ দিয়া নাংগোল্ চালাও।

আঁাতুইল্=[চট্ট]—বি. বগল ॥ আঁাতুই-লের লোম ফালাও। [<হাত+তলী]।

আঁাতুন্=[চট্ট]—সর্ব. আমার চেয়ে ॥ আঁাতুন্ তোঁয়ার্ বয়শ্ বেশি। [<আমা+তুন=হইতে]।

আঁাতুরা ডাক্নি=[রা]—বি. কল্পিত ভুত পেত্নী ॥ ছাইল্যা একা রাখিশ্ না, আঁাতুরা ডাক্নি ধরবে। [<আঁাতুড়+আ প্র.+ডাকিনী]।

আঁাতো = [খু] — বিণ. এঁটো ॥ [<এঁটো]।

২=[খু]—বি. কাঁঠালের অংশ বিশেষ ॥

আঁাতোর্=[রা]—বি. হালচাষের সময় যে পরিমাণ জমি একবারে বেড় দিয়া নেওয়া হয় ॥ দুই আঁাতোর্ চশে ভাত্ খাবু। [দেখ আঁাতব্৩]।

আঁাত্ড়ি=[য]—বি. শাড়িব পাড় ॥

আঁাত্তুন্=[চট্ট]—অব্য. আমা হইতে ॥ আঁাত্তুন হিতে বর বালা। [দেখ আঁাতুন্]।

আঁাত্রি = [দি] — বি. আঁাতুড় ॥ আঁাত্রিতে পোয়াতি। [<আঁাতুড়ী=আঁাতুড়]।

আঁাদার্ আতর্ লডি=[চট্ট]—বি. অন্ধের হাতের লাঠি ॥ পোয়াডা হিতার্ আঁাদার্ আতর্ লডি। [<অন্ধের হাতের লাঠি]।

আঁাদিকঁ্ দি=[রা, ফ]—বি. ছট্ফট, ছোটাছুটি, তোলপাড় ॥ [অনু.]।

আঁাদোল্ = [কু] — বি. বাদল ॥ [<আন্দল]।

আঁাধন্=[রা]—বি. রান্না ॥ হামি আঁাধন্ করতে জানি না। [<রাঁধন]।

আঁাধা পৈর্=[চট্ট]—বি. কচুরিপানা ইত্যাদিতে ঢাকা পুকুর ॥ আঁাধা পৈরত্ গোসল্ করন্ ন যায়। [<অন্ধ পুকুর=এঁদো পুকুর]।

আঁাধা বরাকি=[চট্ট]—বি. রাত্রে মাছ ধরিবার জন্য পাড়ে ছিপ গাড়িয়া টোপ লাগাইয়া ফেলিয়া রাখা বড়শি ॥ আঁাধা বরাকি দি আঁাই বৌত্ মাস্ তুল্সি। [<আন্ধা বড়শি]।

আঁাধুরা=[দি]—বিণ. অর্ধেক ॥ [<আধ+উরা স্বার্থে প্র.; অধূরা হিং]।

আঁাফোর্=[কু]—বিণ. পুরা, সম্পূর্ণটা ॥ আঁাফোর্ আমটা মোক্ দে। [আ=মা+ফোঁড়]।

আঁাব্=[খু]—বি. আম ॥ [<অম্ব প্রাং <আম্র সং]।

আঁাব্রোয়া=[চট্ট]—বি. মিহি কাপড় ॥ আঁাবরোয়া শাড়ি। [<আব-ই-রবাঁ آب رواں ফা.; মূল অর্থ প্রবহমান পানি]।

আঁায়ন্দান্=[নো]—বি. আমন ধান ॥ [<আমন ধান]।

আঁায়াত্তে=[চট্ট]—সর্ব. আমা হইতে ॥ [<আমা+তে=হইতে]।

আঁায়ার্=[চট্ট]—সর্ব. আমার ॥ আঁায়ার্ ট্যাঁয়াগুন্ দে। [<আমার]।

আঁায়েট্=[রা]—বি. কাপড়ের পাড় ॥ [দেখ আউটা]।

আঁারন্=[নো]—ক্রি. ডাকা, সঙ্গমস্পৃহা জাগা ॥ গাইডা আঁার্সে।

আঁারা=[চট্ট]—সর্ব. আমরা ॥ আঁারা কাম্ করি। [<আমরা]।

আঁারাঅত=[চট্ট]—সর্ব. আমরা ও তো ॥ আঁারাঅত শুক্কে খাইতাম চাঁই। [<আমরাও+ত=তো (নিশ্চয়ার্থে)]।

আঁারাত্তুন্=[চট্ট]—সর্ব. আমাদের হইতে ॥ আঁারাত্তুন্ হিতারা কি ডাঁঅর্ নি? [দেখ আঁাত্তুন্]।

আঁারাত্তে=[চট্ট]—সর্ব. আমাদের কাছে ॥ আঁারাত্তে বৌত্ খবর্ আসে। [<আমরার (=আমাদের)+তে সপ্তমী বিভক্তি]।

আঁারাদ্দি =[চট্ট] — সর্ব. আমাদিগকে দিয়া ॥ আঁারাদ্দি কি কাম্ ঐব? [<আমরার (=আমাদের)+দিয়া]।

আঁারার্=[চট্ট]—সর্ব. আমাদের ॥ আঁারার্ কতা ইত্তে হুনেনা। [<আমরার]।

আঁারাল্=[চট্ট]—বি. ঢেঁকির গোড়ায় ব্যবহৃত কীলক বিশেষ ॥ [আড়া+আল প্র.]।

আঁারি=[চট্ট]—বি. দৈ পাতিবার ছোট ঘটি ॥ এ্যাক্ আরি দৈয়ের্ দাম হাঁচ্'না। [<হাঁড়ি]।

আঁারো=[চট্ট]—সর্ব. <আমরা বা আমাদের ॥

আঁার্=[চট্ট]—সর্ব. আমার ॥ আঁার্ বৈ কডে? [<আমার]।

আঁার্তুন্ =[চট্ট]—সর্ব. আমা হইতে ॥ তে আঁার্তুন্ ডাঁঅর্। [<আমার+তুন=হইতে]।

আঁার্তে=[চট্ট]—সর্ব. আমাব নিকট হইতে ॥ আঁার্তে বুদ্দি লৈ কাম্ কর। [<আমার+তে=আমা হইতে]।

আঁালাই=[চট্ট]—বিণ. বাসি ॥ আঁালাই তরকারি।

আঁাল্না = [রা] — বিণ. লবণহীন ॥ আঁাল্না তরকাবি মজানা। [<আলোনা <অলবণ]।

আঁাশা=[নো]—বি. হাঁস ॥ আংগো আঁাশাগা আযি গ্যাসে। [<হাঁসা=হাঁস]।

আঁাশি=[কু]—বি. এক প্রকার জলজ উদ্ভিদ ॥ আঁাশিতে পুকুর ববা।

আঁাশুয়াল্ = [দি]—বি. আরশুলা ॥ [<আরশুলা]।

আঁাশ্কল্লি=[রা]—বি. মুরগী বা খাসির হৃৎপিণ্ড ॥ মুরগীর আঁাশকল্-লিটা মোক্ দেইশ্। [<আঁাত+কলজি=কলেজা]।

আঁাশ্টামুকি =[রা]—বি. আখের শ্রেণী বিশেষ ॥

আঁাশ্টিলে = [কু] — বিণ. খুঁৎখুঁতে স্বভাবের লোক, হিংসুটে ॥ [আঁাশ <হিংসা+টিলে প্র.]।

আঁাশ্টেল্=[কু]—বি. মাছের আঁাইশ বা আবর্জনা ফেলার স্থান ॥ [আঁাশটে=আমিষ+টিয়া প্র. (দেখ আঁাশ্ট্যা)+ল <*হালা <শালা সং; কিংবা দেখ আইশ্টাল্]।

আঁাশ্ট্যা=[বা]—বিণ. মাছের গন্ধ ॥ [<আঁাইষ<আমিষ+টিয়া প্র.]।

আঁাশ্তলি=[নো, রা]—বি. কূপের নালা ॥ [দেখ আঁাছ্তলি]।

আঁশ্‌তাল্ = [রা]— বি. প্রস্রাবখানা, যেখানে আবর্জনা রাখা হয় ।। [দেখ আইশ্‌টাল্]।

আঁশ্‌ফল্=[দি]—বি. এক প্রকার বন্য ফল ।।

আঁশ্‌শুয়া=[চট্ট]—বি. এক জাতীয় গাছ ।।

আঁশিলা=[নো]—বি. মুখের কালো আঁচিল ।। [<আঁচিল]।

আঁশিল্=[চট্ট]—বি. তোলা, হাটের কর ।। হাডর্ আঁসিল্ দিয়ন্ । [<উশু +ইল প্র.; কিংবা হাসিল حاصل আঃ]।

আঁস্‌তালি = [রা] — বি. বাড়ির অব্যবহৃত অংশ, বিশেষ করিয়া প্রস্রাবখানার আশে পাশের অংশ ।। [<অশৌচস্থানী কিংবা অশুচিস্থানী]।

আঁসুলি=[নো]—বি. রূপার তৈরী গলার মোটা হার ।। [<হাঁসুলি]।

আঁহিক্যা=[রা]—বি. মনের তৃপ্তি ।। [<আকাঙক্ষা ; দেখ আঁইংখ্যা]।

আঁহিড়া=[রা]—বি. সর্বশেষ সন্তানের অব্যবহিত পূর্ববর্তী সন্তান।। আঁহিড়া ছল্‌টাক্ বিয়া করাতি হবি। [সাধুভাষা এঁড়ে]।

আঁহিড্যা লাগা=[রা]—ক্রি. কোলে সন্তান রাখিয়া আবার সন্তান হইলে প্রথম সন্তানকে আর স্তন্যপান করিতে দেওয়া হয় না ; এই দুধছাড়া শিশুর প্রায়ই অসুখ বিসুখ হয়; ইহাকেই 'আঁহিড়া লাগা' বলে।। [সাধু ভাষা এঁড়ে লাগা]।

আঁহোত্ = [রা] — বি. আড়াল।। [<আওতা<আতপত্র সং]।

আকট্=[কু]—বিণ. কঠিন ।। কামটা বড় আকট্ । [<অকাট্য]।

২=[রা]—বিণ. কঠিন, দুষ্ট ।। লোকটা খুব আকট্।

আকড়্=[রা]—বিণ. কঠিন, শক্ত ।। আকড়্ কাজে খালি ফাঁকি। [দেখ আকট]।

২= [রা]—বি. কবুতরের ডিম ।। টংগের মধ্যে কবুতরে আকড়্ পাড়ে।

৩= [রা] — বি. অনাবাদী জমি ।। [<আকাচ়<অকড্ চ প্রাং<অকৃষ্ট সং]।

আকড়্‌ভাত্=[ম]—বি. বাসিভাত।।

আকতা=[কুম]—বি. কুকথা, বাজে কথা ।। আকতা কৈলে খাব্‌রা খাবি। [আ(ন অর্থে)+কথা]।

আকতার্ বারমাহি = [চা] — বি. ভিত্তিহীন কথা, বাজে কথা, অহেতুক কথা ।। এই হগল্ আকতার্ বারমাহি তোমরা কৈ পাও? [আকথা< অকথ্য+বারমাসি <বারমাস + ইয়া= দ্বাদশ মাসের বর্ণনা]।

আকন্=[রং]—ক্রি. বিণ. এখন ।। মুই আকন্ কাম ছাড়ি কোনোটে যাবা পারুমুনা। [<এখন]।

২ = [চা] — বি. আকন্দ গাছ ।। [<আকন্দ]।

আকপাল্যা = [ম]—বিণ. হতভাগা ।। লোকটা বর আকপাল্যা । [<আ (ন অর্থে)+কপাল+ইয়া প্র.]।

আকরা = [ম] — বিণ. হতবুদ্ধি বে-আক্কেল ।। আকরার মত চা'ইয়া কি দ্যাখ্‌স? [<হা-করা]।

আকরে=[খু]—বিণ. খারাপ ।। আমার পেটের আকরে অবস্থা।

আকর্=[রা]—বিণ. যাহা এখনো ছোঁয়া বা নাড়া হয় নাই ।। [<আ (ন অর্থে)+কর]।

২=[খু]—বি. কাঠছিদ্রকরণ যন্ত্র ।। [<অগর auger ইং]।

৩=[রা, বং]—বি. জমিতে প্রথম চাষ ।।

৪=[বা]—বিণ. খারাপ, বদমায়েশ ।।

৫=[রা]—বি. সখের জিনিস ।।

৬=[রা]—বিণ. নূতন জিনিস ।। বড় লোকেরা আগে আকর্ জিনিশ কিনে।

আকর্‌পিঠা=[রা]—বি. প্রথম পিঠা ।। আকর্‌পিঠা ব্যাটা ছাওয়ালক্ খাওয়া হয় না। [<আগর<অগ্র+পিঠা]।

আকর্‌সোলা= [পা]—বিণ. মূলোৎ-পাটিত ।। [<অংকুর ছোলা]।

আকলে যায়গা না দ্যাওয়া=[ম]—ক্রি. বুদ্ধিহারা হওয়া ।। আমার আর আকলে যায়গা দ্যায় না, কি করি? [দেখ আকল্]।

আকলে না দরা= [ম] —ক্রি. বুদ্ধির অগম্য হওয়া ।। কি যে করি আমার আকলে দরে না। [দেখ আকল্; ধরা]।

আকলের চু'ক্=[ম]—বি. বুদ্ধির দোষ, মতিভ্রম ।। আমারি আকলের চু'ক্ না ঐলে এ্যামন্ শুযোগ্ কি সারে? [দেখ আকল্ +চুক=ভুল]।

আকল্=[কুম, সি]—বি. বুদ্ধি, সাধারণ জ্ঞান ।। আকল্ আর কবে ঐব? [<'আক্ল عقل আঃ]।

২=[রা]—বি. রাখাল ।। আকল্ মাঠে গরু চড়ায়। [<রাখাল]।

আকল্ করা=[ম]—ক্রি. বুদ্ধি খরচ করা ।। আকল্ কৈরা কত্তা কৈর।

আকল্ খরস্ করা=[ম]—ক্রি. বুদ্ধি প্রয়োগ করা ।। আকল্ খরস্ কৈরা কাম্ কৈর। [দেখ আকল্ + খরচ خرج ফা.+করা]।

আকল্‌দার্=[ম]—বিণ. বুদ্ধিমান।। এইডা আকল্‌দার্ মাইনশের কাম। ['আক্‌লদার عقل دار আঃ+ফা প্র.]।

আকল্‌দ্যাওয়া= [ম] —ক্রি. শিক্ষা দেওয়া, ঠকান ।। আমি তারে বালা কৈরা আকল্ দিতাম চা'ই। [দেখ আকল্ +দেওয়া]।

আকল্‌নামা=[কুম, সি]—বি. আক্কেল সেলামী, নির্বুদ্ধিতার জন্য শাস্তিভোগ।। [দেখ আকল্+নামহ্ نامه ফা.=পত্র]।

আকল্ পাওয়া=[ম]—ক্রি. ঠকিয়া শিক্ষালাভ করা, প্রবঞ্চিত হওয়া ।। এ্যাই কাম্ কৈরা খুব আকল্ পাইসি। [দেখ আকল্ +পাওয়া]।

আকল্‌মন্দ্ = [চট্ট, নো] — বিণ. বুদ্ধিমান, হুঁশিয়ার ।। [<'আকলমন্দ عقل مند আঃ+ফা. প্র.]।

আকা= [রং]—বি. চুলা ।। আকা জালাও। [<আখা]।

২=[ব]—ক্রি. রাখা ।। হামাক্ তোর এ্যাক্‌যন্ চা'কর করে আক্। [<রাখা ; √রাখ্]।

আকাই=[চা]—বি. আকাঙক্ষা, লোভ ।। পরেরডা খাওনের এ্যাত আকাই ক্যা? [<আকাঙক্ষা]।

আকাইশা=[ম]—বি. কলা ।। বান্দরে আকাইশা ফল বেশি পসন্দ করে। [<আকাশ+ইয়া প্র.]

আকাইশ্=[কু]—বি. আকাশ ।। আকাইশে উইড়িযায় উড়ে। [<আকাশ]

আকাইল্যা=[ঢা]—বিণ. বাচুরবিহীন গাই ; যে গাই এখনো প্রসব করে নাই ।। [আ (নিষেধার্থ) + কাইল্যা <কইলা <কপিলা সং=নবজাত স্ত্রী বাছুর]।

আকাইল্যা পাকাইল্যা=[ঢা]—বিণ. অভাব-অনটনের ।। এই আকাইল্যা ইল্যা দিনে কেঐ কারে যিগাইতে পারে না। [আ=ন+কাল+ইয়া+ পাকাইল্যা অনু:]।

আকাইল্ল্যা=[ম]—বিণ. আকাল সম্বন্ধীয়, দুর্ভিক্ষজনিত ।। আকাইল্ল্যা বসর্ আবার বিয়া। [আকাল+ইয়া প্র.]।

আকাউম্মা=[বা]—বিণ. অকেজো ।। এ্যাইডা আকাউম্মা মাইন্শের কাম্না। [<অকর্মা]।

আকাং কাকাং=[রং]—বিণ. অধিক ইতস্তত: করে যে ।। অত আকাং কাকাং মান্শির সাথে কেনে চলিশ্ ? [অনু.]।

আকাচ'র্=[ম]—বি. অনাচার ।। আকাচ'রে দেশ্ বর্তি। [<অনাচার]।

আকাযা=[চট]—বিণ. বাজে ।। আকাযা কাম কর ক্যা ? [অ+কাজা=কাজ+ আ প্র.]।

আকাটা=[কু]—বিণ. কঠিন বা অ-কর্তিত ।। ও আকাটার মরন নেই। [আ+কাটা√কাট্]।

আকাটি=[রা]—বিণ. অকাট্য ।। এ্যাটা এ্যাকেবারে আকাটি কথা। [<অকাট্য]।

আকাট্=[রা]—বিণ. শক্ত ।। আকাট্ লোক। [দেখ আকট্]।

২=[কু]—বিণ. খুব বড় ।। শে আকাট্ এক বোযা ঘাশ্ আন্সে। [আ=অ+ কাট√কাট্]।

আকাট্ বাকাট্=[রং]—ক্রি. বিণ. (যন্ত্রনায়) ছট্ফট্ ।। [অনু.]।

আকাঠা=[পা, সি]—বিণ. দুষ্ট ।। [দেখ আকট $_2$]।

আকাডা=[ম]—বিণ. নিকৃষ্ট কাঠ ।। আকাডা কাডের নাও টিঁহে না। [<আ (খারাপ অর্থে)+কাঠ+আ প্র.]।

আকাডের্ নায়ে হিন্দুরের্ মাত্তি=[ঢা]—বি. অপ্রাসঙ্গিক বা বেখাপ্পা বস্তু বা কথা ।। সনের্ গরে লোয়ার্ দুয়ার, এইডা য্যান আকাডের্ নায়ে হিন্দুরের্ মাত্তি। [মূল অর্থ—খারাপ কাঠের নৌকায় সিন্দুরের মাথা (গলুই)]।

আকাড়াইশ্=[রং]—বি. খুব শক্ত গেরো ।। আকাড়াইশ্ না হলি চলে না। [আকাড়া <আটকা+ইশ প্র.]।

আকাড়ি=[খু]—বি. হাড়ির ময়লা ।। [আ+কাঁড়ি√কাঁড়্]।

২=[রং]—বিণ. নিরাপদ ।। আকাড়ি জিনিশ্ নেইস্না।

আকাতলি=[ফ]—বি. বগল। [অঙ্ক= উদরের উপরিভাগ + তল + ই প্র.; কিংবা দেখ আখাতলি]।

আকাতুনি=[সি]—বিণ. অত্যন্ত ।। আকাতুনি যার্ পড়সে। [<অকথন+ ই প্র.]।

আকাত্ কাকাত্=[রং]—বি. কৃপণতা ।।

আকাদ্দা=[য]—বিণ. অকর্মণ্য ; Untrained ।। এটা আকাদ্দা মান্শির কাম্ না। [আ+কাদ্দা<কর্দহ্ کردہ ফা.=কৃত]।

২=[য]—বিণ. অসভ্য ।। আকাদ্দা ব্যাডার্ কামের্ কোন কায়দাকানুন্ নাই। [পূর্বে দেখ]।

আকানি=[ফ]—বি. পাখা ।। তালের আকানি দিয়া বাও দাও।

আকানুঠা=[খু]—বিণ. অপরিমিত ।। আকানুঠা ত্যাল্ ঐসে বুঝি ? [<অকুণ্ঠ]।

আকানডা=[বা]—বিণ. কাণ্ডজ্ঞানহীন ।। ব্যাডাডা এ্যাক্কেরে আকানডা। [<অকাণ্ড]।

আকান্বাকান্=[রং]—বি. খারাপ কথা, ভালমন্দ কথা ।। মুখের আকান্বাকান্ বন্দ কর্। [<আখ্যান ব্যাখ্যান]।

আকাবাকা=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। আকাবাকা কোন কাজ করে না। [অনু.; হক্কা বক্কা হিং]।

আকাবাকি=[কু]—ক্রি. বিণ. তড়িঘড়ি, তাড়াতাড়ি ।। [দেখ আকাবাকা]।

আকামা=[ম]—বিণ. অপ্রয়োজনীয় ।। আকামা কাগয পুইরা ফালাও। [অ+কামা=কাম<কর্ম+আ প্র.]।

আকামিলা=[ম]—বিণ. অকর্মণ্য ।। তুমি এ্যাহাবারে আকামিলা। [অ+ কাম<কর্ম+ইলা প্র.]।

আকামে=[কুম, সি]—ক্রি. বিণ. বিনাকাজে ।। তুমি খালি আকামে শময় নশ্ট কর। [অ + কাম<কর্ম + এ (অধিকরণে)]।

আকাম্=[রা]—বি. ক্ষতি, বিপদ, তকলিফ ।। হামার শাত্ গ্যালে তোর্ কুনু আকাম্ হবে না। [অ+কাম<কর্ম সং]।

২=[ঢা]—বি. দুষ্টামি ।। আকাম্ কৈরনা।

আকাম্শাকাম্=[ফ]—বি. দুষ্টামি ।। স্যারাডা খালি আকাম্শাকাম্ করে। [দেখ আকাম+শাকাম অনু:]।

আকারি=[ম]—বিণ. আছাঁটা ।। আকারি চ'াইলের বাত্ খাইনা। [অ+ কাঁড়া+ই প্র.]।

আকারির্=[রং]—বিণ. দরকারী ।। আকারির্ জিনিশ্ নশ্ট না করো। [অ+(স্বার্থে) কারি√কর্+র সম্বন্ধে]।

আকারির্ কাম্ বাকারি করা=[রং]—ক্রি. ভাল জিনিস খারাপ করা ।। [দেখ আকারির্ ; বাকারি<বেকারী بیکاری ফা.]।

আকার্=[ম]—বি. বিচালি হইতে ধান পৃথক্ করণের লাঠি বিশেষ ।।

২=[ঢা]—বিণ. প্রয়োজনীয় জিনিস, যাহা সযত্নে রাখা হয় ।। আকারের্ যিনিশ নামাইয়া খোয়াইস্না। [দেখ আকারির্]।

আকার্ বাকার্=[রং]—বি. আকার ইঙ্গিত ॥ [আকার+বাকার অনু:]।

আকালস্ = [কুম] — ক্রি. পাগলামি করা ॥ এত আকালস্ ক্যারে ?

আকালি = [চা, ফ] – বি. দাঁতের গোড়ায় যে শক্ত ময়লা জন্মে ॥ আকালির লেইগা তর্ দাত্ দ্যাহা যায় না।

২=[দি, রং]—বি. ঝাল, মরিচ ॥

আকালি ভিটা=[রং]—বি. মরিচ ক্ষেত ॥ [দেখ আকালি$_২$+ভিটা=ক্ষেত্র]।

আকালু=[রং] — বি. ঠগ, কঞ্জুস ॥ তোর মত আকালু আর দেখোঁ না।

আকালের্ বাইরে হকালে=[চা]—ক্রি. বিণ. খুব সকালে, অকালে ॥ খাইয়া আকালের বাইরে হকালে শ্যাশ্ করলি ? [হকালে<সকালে]।

আকাল্যা=[ফ] — বিণ. অভাবগ্রস্থ ॥ আকাল্যা ব্যাডাডারে খবরাত্ দ্যাও। [<আকাল+ইয়া প্র.]।

আকাল্=[রং]—বি. অনাগত সময় ॥ আকালের কাম্ শকালে কর। [অ+কাল]।

আকাল্ কেড়ে=[খু]—বিণ. মূর্খ ॥ লোকটা এ্যাকেবারে আকাল্ কেড়ে।

আকাল্নাই=[ম] — বিণ. অসংখ্য, প্রচুর ॥ খ্যালাত্ আকাল্নাই মানুশ্ আইসিল্। [<অকলনীয়=অগণিত]।

আকাশত্=[রং] — বি. কোথাও না থাকার ভাব ॥ হাঁ, ঐ কাজটা কি আকাশত্ হতুতে এশিছে ? [আকাশ+ত অধিকরণে ; মূল অর্থ—আকাশে]।

আকাশত্ ডিমাপাড়া=[রং]— বিণ. মিথ্যা, অসম্ভব, আজগুবী ॥ তুই বড় আকাশত্ ডিমাপাড়া কথা কহিশ্। [দেখ আকাশত্+ডিমা<ডিম+আ প্র. (স্বার্থে)+পাড়া]।

আকাশিয়া=[পা, বা]—বি. কলা ॥ [দেখ আকাইশা ; আকাশ+ইয়া প্র.]।

আকাশ্যা=[রা]—বি. কলা ॥ পাকা আকাশ্যা খেতে মজা। [দেখ আকাইশা; আকাশিয়া]।

আকাশ কাঁটা = [রা] — বি. গুল্ম-বিশেষ ॥

আকাশ টুপৈ=[ব, রা]—বি. আকাশের দিকে ॥

আকাশ্ লত্ তিশ্যা = [পা] — বিণ. অসমঞ্জস, অসহ্য, অবিবেচনা প্রসূত ॥ আকাশ্ লত্ তিশ্যা কতা শুন্লেই আমার রাগ্ দরে।

আকিকল্=[পা]—বি. জ্ঞান, আক্কেল ॥ বেটার আকিকল্ নাই। [<'আকল عقل আং]।

আকিত্তি = [চা]—বি. আকাঙক্ষা, কামনা, প্রবৃত্তি ॥ তব্তু মাইনশের আকিত্তি নাবে। [<আকৃতি]।

আকিদা = [বা, ফ] — বি. ইচ্ছা ॥ তোমার আকিদা কবে পুরা হবে ? [<'আকীদঃ عقیدة আং]।

আকিনিজ্যা = [পা]— বি একপ্রকার মসলার গাছ ॥

আকিয়া=[রং]—অস. ক্রি. রাখিয়া ॥ ট্যাকাটা তোর্ কাছোত্ আকিয়া দে। [<রাখিয়া]।

২=[বা]—বি. বাঁশ প্রভৃতির অনস্থল গিঁঠ ॥ আকিয়াওয়ালা বাঁশ। [<অঙ্ক+ইয়া প্র.]।

আকিরা নাগা=[রং]—বিণ যে তর্ক করে (খারাপ অর্থে) ॥ তোর মত আকিরানাগা লোক আর নাই। [<আঁকড়া+নাগা=লাগা অর্থাৎ যে আঁকশির মত লাগিয়া থাকে]।

আকির্=[কুম]—বি. পাথরের ছোট টুকরা, কাঁকর ॥ বাতে এ্যাত আকির্ ক্যান্ ?

আকিরৃতি=[ম]—বি. <আকৃতি ॥ স্যালার্ আকির্তি বাপের মত হৈসে।

আকিলা=[রং]—বি. মরিচ ॥ [দেখ আকালি$_২$]।

আকুট্ = [রং]—বি. জেদ ॥ চ্যাংবা-কোনার আকুট্ আর কত শৈম্ ?

আকুট্লামি = [গি]—বি. দুষ্টামি ॥ তর্ আকুট্লামি আর শৈয্য অয়না। [<আ (অতিরিক্ত উপসর্গ)+কুটিল+আমি প্র.]।

আকুডাইল্লা = [কুম] — বিণ. বড় বড় কথা বলে যে ॥ স্যারাডা খবর্ আকুডাইল্লা। [দেখ আকুট্লামি ; আকুটিল+ইয়া প্র.]।

আকুড়া = [খু, দি, রা, রং, য] — বি. হুকবিশিষ্ট দণ্ড, আঁকশি ॥ [<আঁকড়া]।

আকুড়ি থাকা=[রং]—ক্রি. লাগিয়া থাকা, লটকাইয়া থাকা ॥ [<আঁকড়াইয়া থাকা]।

আকুত্ বিকুচ্=[রং]— ক্রি. বিণ. ইতস্তত: ॥ [অনু.]।

আকুল্ বাকুল্=[দি]—বি. অত্যন্ত অস্থির হইয়া অনুরোধ ॥ পাও ধৈরা আকুল্ বাকুল্ কর্লি কি হবে? [<আকুল ব্যাকুল]।

আকুল্ বিকুল্=[রং]—বিণ. আনন্দে মাতোয়ারা ॥ [দেখ আকুল্ বাকুল্]।

আকুশ্ কুকুশ্=[রং] — ক্রি. বিণ. বেশী খাওয়ার পর উঠ্ বস্ ॥ এ্যালা কেনে আকুশ্ কুকুশ্ করিশ্ বাহ। [অনু.]।

আকুশ্ বাকুশ্=[রং]—বি. বাজে প্রলাপ ॥ আর আকুশ্ বাকুশ্ বকিস্ না। [অনু.]।

আক্যাচ্=[বা]—বি. আশা, লিপ্সা, প্রার্থনা ॥ বেশি আক্যাচ্ করা ঠিক্ না। [<আকাঙক্ষা]।

আক্যাজ্=[রং]—বি. রাগ ॥ তোর এক্নাও আক্যাজ্ নাই। [<আখ্য ﺃﺧﺬ আং]।

আক্যায্=[কুম, ম]—বি. বিদ্বেষভাব, হিংসা ॥ আক্যায্ কৈরা মিসা শাস্তি দিও না। [দেখ আক্যাজ্]।

অ্যাকান্=[পা]—ক্রি. হুক বাঁধানো লাঠির সাহায্যে খড়, বিচালি ইত্যাদি জড় করা ॥ [<আঁক+আন প্র. নামধাতু]।

আক্যায়ে ফেল্যা=[ম]—ক্রি. এলোমেলো করা ॥

আক্যাস্=[ব]—বি. আশা, লিপ্সা, প্রার্থনা ॥ [দেখ আক্যাচ্]।

আকৈয়া=[ম]—বি. অঙ্কনকারী॥ মানুশ্‌ডা খুব্ বালা নক্‌শা আকৈয়া। [<আঁকা+ইয়া প্র.]।

আকোড়্=[কু]—বিণ. কঠিন॥ আকোড়্ কাম্ করতে শুনয় লাগে। [<অকট্ হিং]।

আকোর্=[ফ]—বিণ. কঠিন॥ [দেখ আকোড়্]।

আকোল্=[রা, ব]—বি. রাখাল॥ আকোল্ খ্যাতে গ্যাসে। [<রাখাল]।

আকোশা=[পা]—বি. ঝুল॥

আকোশি=[রং]—বি. মরিচ॥

আক্=[খু]—বি. মুষ্টি॥ ফকিরডারে এক্ আক্ চাউল দ্যাও।

২=[রং]—বিণ. অপর॥ আক্ মানুশি কি জানে?

আক্‌কড়্=[বা]—বিণ. কঠিন, যাহা সহজ নয়॥ [দেখ আকোড়্]।

আক্‌কন্=[কুম]—বি. আকন্দ॥ আক্‌কন্ গাসের পাতা অশুদে লাগে। [<আকন্দ]।

আক্‌করা=[ম]—বিণ. বোকা॥ [<হা-করা]।

২=[চট্ট, কুম, ঢা]—ক্রি. হা করা॥ যল্‌দি আক্‌কর্, দাওয়াই খাইতি।

৩=[বা, ফ]—ক্রি. মুখ খোলা, কথা বলা॥ দ্যাখ্, আক্‌কর্‌লে মাইর্ খাবি।

আক্‌করাইন্‌না=[ম]—বিণ. হাবাগোবা, নির্বোধ॥ আক্‌করাইন্‌না পোলার কাসে মাইয়া দিব ক্যাডা? [দেখ আক্‌করা+ন+ইয়া প্র.]।

আক্‌কল্=[ম]—বি. উচিত শিক্ষা, শাস্তি॥ অহন্ আক্‌কল্ ঐসে নি? [<'আকল عقل আং]।

২=[ঢা, কুম]—বি. বুদ্ধি, পছন্দ॥ তোমার এ্যাক্‌কেরে আক্‌কল্ নাই। [পূর্বে দেখ]।

আক্‌কল্ গুম্=[কুম, সি]—বিণ. হতভম্ব॥ কতাডা হুইন্‌না আমার আক্‌কল্ গুম্। [দেখ আক্‌কল্$_২$+গুম گم ফা.]।

আক্‌কল্ দাত্=[ঢা]—বি. চোয়ালের দাঁত॥ হুইট্‌কাডার অহনতরি আক্‌কল্ দাত উডে নাই। [দেখ আক্‌কল্$_২$+দাঁত]।

আক্‌কল দাত উডা=[ম]—ক্রি. পূর্ণবয়স্ক হওয়া॥ তুমার বুঝি আক্‌কল্ দাত্ উডে নাই? [উডা<উঠা]।

আক্‌কারা=[পা, ব, ম]—বিণ. দুর্মূল্য, মহার্ঘ, অক্রেয়॥ নাইর্‌কল্ তান্ এ্যাতে আক্‌কারা ঐল ক্যান্? [<অক্রেয় সং]।

২=[ম]—বি. অভাব॥ বিশ্টি না হওরায় দ্যাশে এবার্ আক্‌কারা পড়্‌সে।

আক্‌কাল্=[ফ]—বি. আদিকাল, পুরাকাল॥ আক্‌কাল্ থাইক্যা এই নিয়ম্ চ'ল্‌ত্যাসে। [<আদ্‌কাল<আদিকাল]।

২=[ফ]—বি. শাস্তি, বিচার॥ এইবার্ আক্‌কাল্ ঐল তো? [<'আকল عقل আং=জ্ঞান]।

আক্‌কাশ্=[দি]—বি.<আকাশ॥ আক্‌কাশত্ পানি নাই, জমিত্ তাই ধান্ নাই।

২=[দি]—বি.<বাক্স॥ আক্‌কাশের মতো খাচে।

আক্‌কৈরা=[ফ]—অস. ক্রি. অন্যমনস্ক হইয়া॥ কতা হুইন্যা আক্‌কৈরা রৈস ক্যা। [<হা করিয়া]।

আক্‌কৈশ্—[বা]—বি. বাক্স॥ আক্‌কৈশের মতন্ খাশ্ ক্যা? [<বাক্স]।

আক্‌কোরা=[চট্ট]—বি. মেটে পেয়ালা॥ আক্‌কোরাত্ পানি দ্যাও। [<আবখোরহ্ آب خورہ ফা.]।

আক্‌কোল্ নাহা=[ঢা]—বিণ. জ্ঞানবুদ্ধিহীন॥ আক্‌কোল্ নাহার্ কতাডা হোন্॥ [আক্‌কোল্, দেখ আক্‌কল্$_২$+নাহা<নাশা]।

আক্‌খরিয্ করা=[ঢা]—ক্রি. জমি পৃথক পৃথক অংশীদারের নামে তোলা॥ বাপ্ মা মৈরা গ্যাসে বুইন্যা বাইয়ে বাইয়ে যমাযমি আক্‌খরিয্ কর্‌সে। [<আঁক<অঙ্ক+খরিজ<খারিজ خارج আং]।

আক্‌খাম্=[ফ]—বি. আক্রোশ॥ আমার উপ্‌রে তোমার আক্‌খাম্ কিয়ের লৈগ্যা? [<আক্রম সং]।

আক্‌চর্=[রা]—বি. খারাপ, অপবিত্র॥ [<কীচড় হিং]।

আক্‌চা=[ম, পা]—বি. বাঁশ বা কাঠের আঁশ॥ খড়ি কাড়্‌তে হাতে আক্‌চা বিঁধেসে।

২=[পা]—ক্রি. বিণ. আন্দাজ, মোটের উপর॥ আক্‌চা কোন যিনিশ্ কিন্‌লে পব্‌তা হয়না।

৩=[কু, পা]—বি. আড়াল॥ আক্‌চা থাকি কথা কয় ক্যাডা? [<আবছা <আবছায়া<অপচ্ছায়া সং]।

আক্‌চালি=[পা]—বি. বারান্দা॥ আক্‌চালিতে বও। [<আগ<অগ্র+চালী=চালা, চালযুক্ত স্থান]।

আক্‌ছালি=[বা]—বি. ঘরের বারান্দা॥ [দেখ আক্‌চালি]।

আক্‌ছেয়া=[রং]—ক্রি. বিণ. পূর্বে॥ আক্‌ছেয়া না দিলে হবার নয়।

আক্‌জিত্=[রং]—বি. অগ্রিম লাভ॥ তোর কিছু আক্‌জিত্ ঐছে। [<আগ <অগ্গ প্রাং<অগ্র সং+জিত]।

আক্‌জিদ্=[রং]—বি. অত্যন্ত জিদ॥ অত আক্‌জিদ করা ভাল নোয়ায়। [<আগ+যিদ্ ضد আং]।

আক্‌টা করা=[বা]—ক্রি. তামাক সাজা॥ চাকরটা রোজ আক্‌টা করে।

আক্‌ড়া=[রং]—বি. কর্মক্ষেত্র; বৈষ্ণবদের আখড়া, ধর্মালোচনা ও সিদ্ধাদি সেবনের স্থান॥ [<আখড়া]।

২=[দি]—বি. আড্ডার স্থান॥ ছেলেটা সারাদিন আক্‌ড়াত্ গিয়া আড্ডা দ্যায়।

৩=[ফ]—বি, ক্ষুদে লাঙ্গল$_২$ (পিঁয়াজ বুনিতে ব্যবহৃত হয়)॥

৪=[খু]—বি. লাঙ্গল জুড়িবার যন্ত্র বিশেষ॥ ভাঙা আক্‌ড়ায় কাম্ চ'লেনা॥

৫=[রং]—বি. মহার্ঘ॥ এ বছর খুব আক্‌ড়া। [<অক্রেয় সং]।

আক্‌ড়াইয়া=[ফ]—অস. ক্রি. মজবুত করিয়া॥ পোলায় মাকে আক্‌ড়াইয়া দর্‌সে। [<আঁকড়াইয়া]।

আক্ড়ানো=[রং]—ক্রি. আকৃষ্ট হওয়া ॥ [আঁকড়<আকড্ডচ প্রাং<আকৃষ্ট সং+আন প্র.; নামধাতু]।

২=[রং]—ক্রি. আড়াআড়ি ভাব হওয়া ॥ মানুশের শাখে আক্ড়ান্ ভাল না। [পূর্বে দেখ]।

আক্ড়ার্ দল্=[রং]—বি. মহর্‌রমের সময় বাদ্যযন্ত্র সহ যাহারা লাঠি খেলা দেখায় ॥ [<আখড়া+র(সম্বন্ধে)+দল]।

আক্ড়ি=[খু]—বিণ. কঠিন, কষ্টসাধ্য ॥ কাম্‌টা বড় আক্ড়ি। [দেখ আকোড়্]।

আক্ড়ে মাক্ড়ে=[খু]—অস. ক্রি. জড়াইয়া ॥ খোকা ওর মাকে আক্ড়ে মাক্ড়ে ধরেসে। [<আঁকড়ে<আঁকড়াইয়া+মাকড়ে অনু:]।

আক্তা=[সি]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আক্তা মর্‌ল কিয়ে? [<আতকা<আচক্‌কা<আচম্‌কা]।

২=[কু]—বিণ. বিরাট আকৃতিবিশিষ্ট ॥ লোকটা খুব আক্তা যোয়ান্। [<অকথ্য]।

৩=[সি, পা, চা]—বি. অল্পবয়স্ক ঘোড়া, টাট্টু ঘোড়া ॥ আক্তা ঘোড়া খুব কম্বকত্। [<আখ্‌তহ্ اختہ ফা.]।

৪=[য]—বি. নিকাহ ॥ বিধবা মেয়েটির আক্তা দ্যাও। [<আক্‌দ عقد আং]।

আকত্=[বা]—বি. বিবাহের প্রথম পর্যায় ॥ মাইয়ার কাইল্ আকত্ ঐসে। [দেখ আক্তা৪]।

আক্ থোওয়া=[কু]— ক্রি. থুথু ফেলা ॥ ভাত খেতে খেতে আক্‌থোস্ ক্যান? [আক্ থু, নাম ধাতু, ধ্বন্য]।

আক্‌দস্=[ম]—বি. বৈবাহিক চুক্তি ॥ আক্‌দস্ আগেই ঐয়া গ্যাসে, অহন্ খানাপিনা বাকি। [<আক্‌দ বস্ত عقد আং+بست ফা.]।

আক্ দ্যাওয়া=[কু]—ক্রি. জোড়া দেওয়া ॥ কাঠের খুঁটিটা আক্ দ্যাও।

আক্ পত্‌র=[চট্ট]—বি. কলাপাতার অগ্রভাগ ॥ [আক<আগ<অগ্গ প্রাং<অগ্র সং+পত্র]।

আক্‌পোড়ানি=[খু]—বিণ. ভীতু ॥ সেলেটা বড় আক্‌পোড়ানি।

আক্‌বোল্=[রা]—বিণ. আনকোরা, এখনও যাহা স্পর্শ করা হয় নাই ॥

আক্‌ভাল=[রং]—ক্রি. বিণ. পূর্ববৎ ভাল ॥ হোথান্ আক্‌ভাল করি দে। [আক<আগ<অগ্র সং+ভাল]।

আক্‌রা=[বা]—বি. বেতের কাঁটাযুক্ত শিষ ॥ বেতের আক্‌রাত্ লাইগ্যা কাপড়্‌ডা গিয়া গ্যাসে।

২=[চা, রং]—বিণ. বেশী, মহার্ঘ ॥ আমের দাম্ খুব্ আক্‌রা। [দেখ আক্ড়া৫]।

৩=[বা, ফ]—বি. মুখগহ্বর ॥ তার মুখের আক্‌রা খুব্ বর। [<হা-করা]।

আক্‌রা আক্‌রি=[রং]—বিণ. খেঁচাখেঁচি ॥ আক্‌রা আক্‌রি কথা কও ক্যান? [<আঁকড়া+আঁকড়ি. ব্যতিহারে]।

আক্‌রাঠোকা=[রা]—বি. জেদাজেদি, ঝগড়া ॥ ওই জি বশিছে এক্‌কিবারে আক্‌রাঠোকা লাগিছে।

আক্‌রানো=[সি]—ক্রি. শরীরের কোন অংশ অবশ হইয়া খিঁচা ॥ [<আঁকড়ান]।

আক্‌রা হাক্‌রা=[সি]—বিণ. মিথ্যাবাদী ॥

আক্‌রি=[বা, কুম, নো]—বি. কাঁকড় ॥

আক্‌রিত্=[রং]—বি. আকৃতি ॥ শুয়রের মত তোমার আক্‌রিত্। [<আকৃতি]।

আক্‌র্যা=[রং]—বি. বাঁশ ইত্যাদির গাঁটের অংশ ॥ বাঁশের আক্‌র্যা নাগি কাপড়খ্যান্ ছিঁড়ি গেইচে। [<আঁকড়া+ইয়া প্র.]।

আক্‌লা=[রং]—বি. মরিচ ॥ এবার আক্‌লা আট্ টেঁকা শ্যার্ বিক্‌ছে।

আক্‌লানো=[রা, দি]—ক্রি. বারবার পানি দিয়া ধোয়া ॥ থাল্‌ডা আকলায়া নে। [<অক্‌খালন প্রাং<আক্ষালন সং]।

আক্‌শান্=[কু]—বি. সুর্মা বা কাজলজাতীয় বস্তু ॥ [আফ্‌শান افشان ফা.]।

আক্‌শা আক্‌শি=[কুম]—বি. ফ্যাসাদ, ঝগড়া ॥ হামেশা আক্‌শা আক্‌শি থাকন্ ভালা না। [<আখচা আখচি; আকসা<আখ্‌য اخذ আং ব্যতিহারে দ্বিত্ব+ই]।

আক্‌শাইল্=[ম]—বি. রান্নাঘরে লাকড়ি রাখার স্থান ॥

আক্‌শালি=[রা]—বি. ঢেঁকির ভারসাম্য রক্ষার কাঠি ॥ [<অক্ষশলা]।

আক্‌শি বাক্‌শি=[ম]—বি. নানা জাতীয় জিনিস ॥ এত আক্‌শি বাক্‌শি ক্যাবে আনস? [অনু.]।

আক্‌সা=[ম]—বিণ. মনগড়া ॥ এটা তোমার আক্‌সা কথা।

২=[বা, ফ]—বিণ. ঝাপসা ॥ বুরা ঐতে না ঐতেচোখে আক্‌সা দেহি। [দেখ আক্‌চা৩]।

৩=[ফ]—বি. বাধা ॥ কামের শুরুতে আক্‌সা পরন্ ভালানা। [<আক্‌স্ عكس আং=বিপরীত কিংবা আখ্‌য اخذ আং=পাকড়াও]।

৪=[বা]—বি. টানা বা ঠিকা বাঁধন ॥ বেড়াটা আক্‌সা দিয়া রাখ। [পূর্বে দেখ]।

আক্‌সার্=[ম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আক্‌সার আইয়া হাজির ॥ [য়েক্‌সর্ يكسر ফা.]।

২=[কুম]—ক্রি. বিণ. মোটেই ॥ তোমার কথা আক্‌সার্ মনে নাই। [পূর্বে দেখ]।

৩=[চা]—ক্রি. বিণ. অবিরাম, একটানা ॥ বাসিত্ থাইক্যা আক্‌সার্ হে ডাহা চৈ'ল্যা গ্যাল। [পূর্বে দেখ]।

আক্‌সের্=[ম]—ক্রি. বিণ. অবশেষে ॥ আক্‌সের্ টাহা দেইনু। [দেখ আক্‌সার্]।

২=[ম]—ক্রি বিণ. হঠাৎ ॥ আক্‌সের্ হে আইশ্যা হাজির্। [দেখ আক্‌সার্]।

আক্‌সো=[ম]—বি. সংরক্ষণ ॥ শে তোরে আক্‌সো না কর্‌লে বিপদ্ হতো। [দেখ আক্‌সা৩]।

আখতা=[সি]—বি. অকথ্য ভাষা ॥ আখতা কৈস্ না। [<অকথ্য]।

আখন্‌দ্=[চট্ট,নো,ম]—বি. মুসলমান পরিবারের খেতাব বিশেষ ॥ [আখন্দ آخوند ফা.=শিক্ষক]।

আখরা=[সি, ম]—বিণ. বোকা, হাবা ॥ আখরার্ লাগান্ চ'াও পিতা ? [<হা-করা]।

আখর্=[বা]—বি. প্রথম চাষ ॥ জমির আখরের শময় আশেচে।

২=[ঢা]—বি. অক্ষর ॥ 'আখরের কিরিমিরি মাকরের আশ'—শ্লোক। [<অক্‌খর প্রাং <অক্ষর সং]।

আখল্=[কুম]—বি. বুদ্ধি, বিবেচনা ॥ বৌডাব আখল্ কম্। [<'আক্‌ল عقل আং]।

আখল্ খুহাম্=[সি]—বি. বুদ্ধি-বিবেচনা ॥ হিতার আখল্ খুহাম্ কম। [<'আক্‌ল্ عقل আং + ফহম فهم (=বিবেচনা) আং]।

আখল্ সয়াম্=[সি]—বি. বুদ্ধি বিবেচনা ॥ দুনিয়াত্ আখল্ সযাম্ করি চ'ল। [দেখ আখল্+সয়াম <শিয়ম شيم আং=অভ্যাসসমূহ]।

আখা=[পা]—ক্রি. রাখা ॥ গেদি, পিন্-সিল্‌ডো কোনে আইখ্‌চ' ? [<রাখা]।
২=[বা]—বি. কাঁধ ॥ আখার উপ্‌রে গাও ঐসে। [<আঁহা<অংস=স্কন্ধ]।

আখাইড্যা=[নো]—বিণ. যাহা খাটে না ॥ ব্যাডাডা বড় আখাইড়্যা কতা কয়। [আ (=অ নিষেধার্থে)+খাটিয়া <খাট+ইয়া প্র.=যাহা খাটে]।

আখাইয়া=[পা]—বিণ. হা-ভাতে ॥ তর নাদ্‌না আখাইয়া দেহি নাই। [আ=ন+খাইয়া <খা+ইয়া প্র.=যে খায়]।

আখাউকা=[ম]—বিণ. যে খায় নাই ॥ আখাউকাব মতন্ চ'াইয়া থাহস্ ক্যা ? [আ (<অ=ন)+খাউকা <খাদক কিংবা √খা+উক প্র.]।

আখাওক্‌কা=[ঢা]—বিণ. লোভী, পেটুক ॥ [আ+খাওক্কা<খাদক]।

আখাওয়া=[কুম, ঢা]—বিণ. যে খায় নাই ॥ যারা আখাওয়া আসেন্, তারা ঘরে গিয়া বন্। [আ (<অ=ন)+খাওয়া√খা]।

আখাক্যা=[ফ]—বিণ. যে খায় নাই ॥ আখাক্যার মত করস্ ক্যা ? [আ+খাক্যা<√খা+ই+কিয়া প্র.]।

আখাষ্=[কুম]—বি. বিরোধ ॥ তাগো লগে আমাগো হারাবসরৈ আখায্ লাইগ্যা থাহে। [<আখ্‌য্ خلف আং]।

আখাটা=[সি]—বিণ. মন্দ কাঠ যাহার ॥ আখাটা গাসের তখ্‌তা। [আ+কাঠা=কাঠ+আ প্র.]।
২=[সি]—বিণ. অশ্রাব্য ॥ মানুশ্‌টা আখাটা গাইল্ দ্যায়। [অকথ্য]।
৩=[সি]—বিণ. কলহপ্রিয় ॥ বৌডা ববব আখাটা।
৪=[সি]—বিণ. অসভ্য, মূর্খ, অভদ্র ॥ [দেখ আকট্ট, আকড্]।

আখাড়া =[ম]—বিণ. অযৌক্তিক ॥ আখাড়া কতা কওন্ ঠিক্ না। [আ+খাটা √খাট্ কিংবা দেখ আখাটা$_2$]।

আখাতা =[পা, ম]—বিণ. লোভী ॥ আখাতা লোকটা তারাও। [আ (অ =ন)+খা+তা প্র.]

আখাতলি=[ম]—বি. বাহুমূল ॥ আখাতলিত্‌কি ? [আঁখা<অংস=স্কন্ধ +তলি ; দেখ আকাতলি]।

আখাতলি বাযানো=[ম]—ক্রি. বগল বাজানো, উল্লাস প্রকাশ করা ॥

আখাতে=[পা]—বিণ বখাটে ॥ [দেখ আখাটা$_4$]।

আখাত্যা=[ফ]—বিণ. দুষ্ট ॥ আখাত্যা পোলা। [দেখ আখাতে]।

আখানো=[কুম]—ক্রি. পায়খানা করা ॥ [<হাগান]।
২=[রং]—ক্রি. সানন্দে কোন কিছু খাওয়া ॥ [আঁখা <আঅংখা প্রাং <আকাঙক্ষা সং+আনো প্র.]।

আখামা=[চট্ট, ফ]—বিণ. উদ্যোগী, একগুঁয়ে, গোঁয়ার উত্তেজিত ॥

আখামাখা=[সি]— অবিবেচক ॥ পুয়াডা এ্যাকেবারে আখামাখ। [অনু.]।

আখামুখো=[কু]—বিণ. অত্যন্ত মুখরা ও অশ্লীলভাষী ॥ [আখা = চুলা + মুখো]।

আখামুয়ে=[ফ]—যাহার মুখে কিছু বাধে না, দুর্মুখ ॥ [দেখ আখামুখো]।

আখাম্=[চট্ট]—বিণ. অধিক চিন্তিত ॥ হিতাবে বৌত্ আখাম্ দেখা যায়ের্।

আখামরা=[বা]—বিণ. গোঁয়ার, অবাধ্য ॥ [দেখ আখুন্দা]।

আখার্=[ঢা]—বিণ. চিহ্নহীন ॥ ট্যাহা গুলি এম্‌নে আখার্ কৈরা কৈ রাখ্‌লি ?
২=[সি]—বি. ঘর তৈরীর সময় চালে উঠিবার জন্য যে বাঁশ বাঁধা হয় ॥ [<আঁকড়া]।

আখার্ হোসা=[কুম]—বিণ. অলস ॥ আখার্ হোসা লৈয়া ঠেক্‌সি।

আখালা=[চট্ট]—বিণ. আশ্চর্য ॥

আখাশি=[ঢা]—বি. বিদ্বেষভাব ॥ তার মনের আখাশি অহন্‌তরি রৈসে। [<আখ্‌য় خلف আং = বল পূর্বক গ্রহণ+ই প্র.]।

আখি=[সি]—বি. আঁকশি ॥ আখি দিয়া দান্ তোলা অয। [আঁক<অঙ্ক +ই প্র.]।
২=[সি]—বি. গিঁট ॥ বরোয়া বাশের আখি বর ডাট্। [আঁখি<অক্ষি]।
৩=[সি]—অব্য. <আর কি ॥ তুমিই এই কাম কর্‌স আখি।

আখিম্=[কুম]—বি. জমিদার ॥ আখিম্ বারি দেখ্‌লে ডর্ করে। [হাকিম حاكم আং]।

আখির্=[ম]—বি. দাঁতের শক্ত ময়লা ॥
২=[খু, য]—বিণ. শেষ, অবশেষ, সমাপ্ত ॥ [আখির آخر আং]।

আখুট্=[পা]—বি. আবদার ॥ [দেখ আখৈট্]।
২=[কুম]—বি. জিদ ॥ হগল্ কামে আখুট্ বালা না। [পূর্বে দেখ]।
৩=[রং]—বি. বাঁশের ছোট খুঁটি ॥ [<অ (স্বার্থে)+খুঁটি]।

আখুন্‌দা=[সি]—বিণ. দুঃসাহসী ॥ বেডিডা বর আখুন্দা। [অ+খুন্দহ্ خراند ফা.]।

আখুন্‌দি=[রা]—বি. পাঁয়তারা ॥

আখেজ্‌ টাখেজ্‌=[রং]—বি. রাগ, গরম, তাপ ॥ শরিলত্‌ তর্‌ আখেজ্‌-টাখেজ্‌ নাই। [দেখ আখেয্‌যামি+টাখেজ অনু:]।

আখেয্‌ যামি=[ম]—বি. শত্রুতা, দুশমনি ॥ নাহক্‌ আখেয্‌যামি কৈরা তারা আমার নামে মোহদ্দমা দিসে। [আখেয <আখ্‌য্‌ اخذ আং + আমি প্র.]।

আখের্‌ আক্‌পথ্‌=[চট্ট]—বি. পরকাল ॥ আখের্‌ আক্‌পথের কতা চি'ন্‌তা কর। [<আখির آخر + 'আক্‌বত্‌ عاقبت আং]।

আখের্‌ আক্‌বত্‌=[ঢা]—বি. পরকাল ॥ [দেখ আখের্‌ আক্‌পথ্‌]।

আখ্যা=[রং]—বি. ইচ্ছা ॥ খাইতে খাইতে আখ্যা পুরে না। [<আঅংখা প্রাং <আকাঙ্ক্ষা সং]।

আখ্যান=[বা]—বি. স্ত্রী-জননেন্দ্রিয় ॥

আখ্যা মিটানো=[রং]—ক্রি. তৃপ্তি মিটানো ॥ কেউ তর আখ্যা মিটাতে পারবুনা। [দেখ আখ্যা+মিটান]।

আখৈটামি=[ম]—বি. বায়না ধরন ॥ হগল্‌ কামে আখৈটামি বালা না। [দেখ আখৈট্যা+আমি প্র.]।

আখৈট্যা=[বা]—বিণ. আবদারকারী ॥ আখৈট্যা পোলা। [দেখ আখৈট্‌+ইয়া প্র.]।

আখৈট্‌=[বা]—বি. আবদার ॥ স্যারাডা যবর আখৈট্‌ কর্‌ত পারে। [<আখটি<অখট্টি সং]।

২=[ঢা]—বি. উৎকট সংকল্প ॥ মনে মনে হে আখৈট্‌ কর্‌ল ॥

আখৈলা=[রা]—বি. রাখাল ॥ আখৈলা গরু নিয়া গ্যাছে। [<রাখাইলা<রাখাল+ইয়া প্র.]।

আখোন্‌দা=[ঢা]—বিণ. ধারহীন, মূল্যহীন, অকেজো ॥ আখোন্‌দা দাও।

আখোর্‌=[পা]—বিণ. কষ্টকর, কঠিন ॥ শকৃত মাটি চ'শ করা খুব আখোর্‌।

আখ্‌ আখি=[সি]—বিণ. দুষ্ট ॥ মানুশটায় আখ্‌আখি ডখের।

আখ্‌ ওয়াল্‌=[দি]—বি. রাখাল ॥ [<রাখোয়াল ম. বাং]।

আখ্‌ড়াল্‌=[রং]—বি. ওয়াদা, মনস্থ ॥ একটা আখ্‌ড়াল্‌ করি থুইচুঁ। [অটকল্‌ হিং=আন্দাজ]।

আখ্‌ ড়ি=[পা]—বি. তরকারী বিশেষ ॥ বাযার থাইক্যা আখ্‌ড়ি আইন্যা। [দেখ আক্‌রি]।

আখ্‌ ড়ো=[রা]—বিণ. অব্যবহৃত, নূতন ॥ এঁড়ে বাছুরটা এখনো আখ্‌ড়ো রয়ে গ্যাচে।

আখ্‌ তা=[সি]—ক্রি. বিণ. হঠাৎ ॥ তুমি আখ্‌তা আইস ক্যা? [দেখ আক্‌তা]।

আখ্‌ না=[রা]—বিণ. ধৌত ॥

আখ্‌ নি ঠান্‌ডা=[ঢা]—বি. হতাশ ॥ খবরডা হুইন্যা আখ্‌নিঠান্‌ডা ঐয়া গেসি। [মূলার্থ 'আখনি পোলাও ঠাণ্ডা।' আখ্‌নী اخنى ফা.]।

আখ্‌ নাম্‌=[কুম]—গাছবিশেষ ॥ [<আকন্দ]।

আখ্‌ মৈর্‌ দ্যাওয়া=[সি]—ক্রি. হামা-গুড়ি দেওয়া ॥ হে আখ্‌মৈর্‌ দিয়া আইসে।

আখ্‌ রা=[বা]—বি. বৈষ্ণবের আশ্রম ॥ আখ্‌রায় হব্‌দম্‌ কের্‌তন্‌ অয়। [আখড়া <অক্ষবাট সং]।

আখ্‌ রা দ্যাওয়া=[বা]—ক্রি. রিহার্সেল দেওয়া ॥ [দেখ আখ্‌রা+দেওয়া]।

আখ্‌রানি=[সি]—বি. বদদোয়া ॥ আখ্‌রানি কৈর না।

আখ্‌ রা বাখ্‌ রা=[সি]—বিণ. অপরিষ্কার, আকাঁড়া ॥ ই আখ্‌রা বাখ্‌রা চ'উলের বাত্‌ খাইতাম্‌ নায়। [আখ্‌রা <আকাঁড়া+বাখ্‌রা অনু:]।

আখ্‌ রি=[কু, য]—বি. চাউলে মিশ্রিত পাথরের টুকরা ॥

আখ্‌ রি যাওয়া=[সি]—ক্রি. জমিয়া যাওয়া, অসাড় হওয়া ॥ যারে আত্‌ পাও আখ্‌রি গ্যাসে। [<আঁকড়াইয়া]।

আগ=[ঢা]—অব্য. হাঁগো ॥ আগ, আপন্‌ কতা ঐদবুইন্যা গেসি। [<ওগো অথবা হাঁগো]।

২=[দি]—বি. সামনা, আগা ॥ আগত্‌ যাইস্‌নারে? [আগ<অগ্র সং]।

আগত্‌ করা=[ঢা]—ক্রি. জমিজমা নামভুক্ত করা ॥ আমার যমিন্‌ আগত্‌ করা লাগ্‌ব।

আগদ্‌ সাগদ্‌=[সি]—বি. শেষ মীমাংসা ॥ হিশাবের আগদ্‌ সাগদ্‌ ঐসেনি? [অনু.]।

আগনা=[ঢা, ম]—বিণ. অসংখ্যাত, যাহা গণনা করা হয় নাই ॥ আগনা আম্‌ কয়ডা গৈন্যা ফালাও। [আ+গনা √গণ্‌]।

আগন্‌=[ফ]—বি. খিল, হুড়্‌কা ॥ [<আগল<অর্গল সং]।

২=[কুম, সি]—বি. অগ্রহায়ণ মাস ॥ 'আগন মাশের নবিন্‌ দান্‌, পুশ্‌ মাশেতে দাইয়ে আন্‌'—গ্রাম্য গান। [<অগ্রহায়ণ]।

আগম্‌=[ম]—বি. পড়াপানি ॥ উট্‌-টাহানি আগম্‌ আইন্যা খাও, প্যাট্‌ বিশ্‌ শাইর‍্যা যাইব। [আগম, মূলার্থ তন্ত্রশাস্ত্র]।

আগম্‌ নিগম্‌=[রং]—বি. ভালমন্দ ॥ [দেখ আগম্‌+নিগম্‌=তন্ত্রশাস্ত্রবিশেষ]।

আগরা=[সি]—বি. মুখের গহ্বর ॥ আগরাত্‌ দিলেই ঐল? [<হা+গরা <করা]।

আগরি=[খু]—বি. জাল পাতিয়া মাছের পথ বন্ধ করন ॥

আগর্‌=[রা]—বিণ. আগের দিক ভারী ॥ গাড়ি আগর্‌ হয়্যা গ্যাছে। [আগ<অগ্র+র প্র.]।

২=[ম]—বি. কষ্ট ॥ এ্যাত ম্যানুনত্‌ কর্‌লে আগর্‌ ঐত না ক্যারে?

৩=[খু, য]—বি. পানি সরবরাহের কল ॥

৪=[ম]—আপত্তি বা বিরক্তি ॥ কাম্‌ কর্‌তে এ্যাত আগর্‌ লাগে ক্যা? [আগর اگر ফা.=যদি]।

৫=[চট্ট, নো, কুম]—অব্য. যদি ॥ আগর্‌ তুমি বারি যাও আঁইও যাইয়ম। [পূর্বে দেখ]।

৬=[ঢা, রা]—বি. কাঠে ছিদ্র করিবার লোহার অস্ত্র ।। [<Auger ইং]।

আগর্‌বাগর্‌=[পা, ব]—বি. যা-তা, বাজে কথা ।। কি আগর্‌বাগর্‌ কও? [অনু. আগড়বাগড়; তুং অগ্‌ড়ম্‌ বগ্‌ড়ম্‌ হিং]।

২=[ম, পা]—বি. অহেতুক বা নিষ্প্রয়োজনীয় জিনিস ।।

আগর্‌মগর্‌=[ম]—বি. গড়িমসি, কিন্তু-কিন্তু ভাব, সন্দিগ্ধতা ।। আগর্‌-মগর্‌ সাইরা শাফ্‌ কতা কও, ট্যাহা দিবা কিনা। [আগর মগর اگر مگر। ফা.=যদি তবে]।

আগল্‌=[বা]—বি. মাটি কাটার ঝুড়ি ।।

২=[ম]—বিণ. অগ্রগণ্য ।। তাব বৌযে রূপে গুণে হগলের আগল্‌। [<আগ <অগ্র+ল (স্বার্থে)]।

আগল্‌ডাইয়ামি=[সি]—বি. আগে আগে কথা বলার ভাব ।। পোলাডা খালি আগল্‌ডাইয়ামি করে। [দেখ আগল্‌$_২$+ধা+ইয়া প্র.+আমি ভাবার্থে প্র.; তুং আগাল্‌ ড্যাওয়া]।

আগল্‌ডাগল্‌=[ম]—বিণ. ডাগর ।। আগল্‌ডাগল্‌ চৌক্‌ বর শুন্দর ।। [আগল অনু:+ডাগর=দীর্ঘ]।

আগল্‌দিগল্‌=[ম]—বিণ. লম্বা চওড়া ।। গোড়ুমুহে এ্যাত আগল্‌দিগল্‌ কতা ক্যান? [আগল্‌ <অগ্রল+দীঘল <দীর্ঘল=দীর্ঘ+ল প্র.]।

আগল্‌পাগল্‌=[ম]—বিণ. এলো-মেলো, বিক্ষিপ্ত ।। আগল্‌পাগল্‌ ম্যাগ্‌ আশ্‌মানে উরে। [অনু.]।

আগল্‌ফরাদি=[সি]—বিণ. কাহারও কথা শেষ হইতে না হইতেই সে সম্পর্কে মত প্রকাশকারী ।। ব্যাডা যবব্‌ আগল্‌ ফরাদি। [দেখ আগল্‌$_২$+ফর্‌য়াদী فریادی ফা.=অভিযোগকারী]।

আগা=[ম]—বি. চ্যাং মাছ ।। আগামাস্‌ খালি যপ্‌যপ্‌ করে।

২=[সি]—ক্রি. মলত্যাগ করা। [<হাগা]।

আগাইর্‌=[চট্ট]—বি. জল নিকাশের জায়গা ।।

আগাইল্যা=[পা]—বিণ. আগে আগে কথা বলে যে, অধৈর্যশীল, অবিবেচক ।। আগাইল্যা মান্‌শির্‌ কতার্‌ দাম্‌ নাই। [আগাল <অগ্রল+ইয়া প্র.; তুং আগল্‌ফরাদি]।

আগাইল্যাপনা=[পা]—বি. অযথা বাজে কথা বলা ।। আগাইল্যাপনা করলেই বুদ্‌দিমান অয়না। [দেখ আগাইল্যা+পনা প্র. ভাবার্থে]।

আগাইল্যা শশ্য=[পা]—বি. শস্যের অসার বা অকেজো অংশ ।। [দেখ আগাইল্যা+শস্য]।

আগাউ=[চট্ট]—বিণ. অগ্রিম ।। আগাউ ট্যাযা না দিলে কাম ন ঐব। [<আগাম<অগ্রিম]।

আগা করা=[বং]—ক্রি. অগ্রসর করা, আগুয়ানো ।। অঁক আগা কর্‌্যা দে। [<অগ্র+করা=আগাইয়া দেওয়া]।

আগাখানা=[বা, ফ, ঢা]—বি. পায়-খানা ।। আগাখানাটা বর নোংরা ।। [আগা<হাগা+খানহ্‌ خانه ফা.]।

আগাগুড়া=[য]—বি. আপাদমস্তক ।। তোর আগাগুড়া বান্‌দে মারন্‌ দরকার। [<আগাগোড়া]।

আগাগুড়ি=[ফ]—ক্রি. বিণ. আগা ও গোড়া উভয়দিকে ।। ম্যাস্‌তা পাট আগা-গুড়ি যাগ্‌ দিলেই বালা অয়। [আগা+গুড়ি=গোড়া+ই প্র.]।

আগাচ'াল্যা=[পা]—বিণ. বাচাল ।। [আগা<অগ্র+চাল√ চাল্‌+ইয়া প্র.]।

আগাট=[ঢা]—বি. অযোগ্যস্থান ।। 'আগাট গাট্‌ ঐবো'—প্রবাদ। [আ+ঘাট]।

আগাডগা=[সি]—বিণ. বোকা, হাবা, অল্পবুদ্ধিসম্পন্ন ।।

আগাড়ি=[পা]—বি. চরের বা বিলের অগ্রভাগ ।। আগাড়িতে এবার খুব পলি পৈড়্যাচে'। [আগা <অগ্র+ড়ি প্র.; অগাড়ী হিং]।

আগাড়ি ন্যাওয়া=[খু]—ক্রি. এক হাঁড়ি হইতে অন্য হাঁড়িতে তপ্ত গুড় ঢালিবার সময় ছোট পাত্র বা থালা দ্বারা গুড় মাটিতে পড়িতে না দেওয়া ।। [দেখ আগাড়ি; তুং পিছাড়ি]।

আগাড়্‌ ন্যাওয়া=[খু]—ক্রি. অগ্রভাগ রক্ষা করা ।। [আগাড়<আগা+ড় প্র.; কিংবা আগাড় <অগগড়্‌ঢ <অগ্রার্ধ নেওয়া]।

আগাত্‌=[কুম]—বি. গালি ।। এত আগাত্‌ দিলে বালা ঐত না। [আঘাত]।

আগা থম্‌থনি=[বা]—বি. ঔষধি-জাতীয় পাতাবিশেষ ।।

আগাথা=[চট্ট]—বিণ. যাহা গাঁথা হয় নাই ।। [আ+গাঁথা]।

আগাদাইন্যা=[চট্ট]—বিণ. গোসল ব্যতীত, অস্নাত, অধৌত ।। আইয়্‌ দুইদিন দৈরা গাইডা আগাদাইন্যা রৈয়ে। [আ (না অর্থে)+গা+ধোয়ান+ইয়া প্র.]।

আগানি=[সি]—বি. বাঁশের আগার অংশ ।। [আগ্‌+আনি প্র.]।

২=[ঢা, ফ]—বি. অন্যের খাবারের প্রতি কুদৃষ্টি ।। ফহির্‌ডার আগানি লাইগ্যা হ্যার্‌ প্যাড্‌ অশুখ্‌ ঐসে।

আগানি পিসানি=[ফ]—বি. লোভ ।। এডুক্‌ দুদের লাইগ্যা তর্‌ আবার আগানি পিসানি রৈয়া গ্যাল?

আগানো=[কুম]—ক্রি. আগাইয়া দেওয়া ।। আগাইয়া না দিলে আন্‌দাইরা বাইতে যামু ক্যাম্‌নে? [আগা<অগ্র+আনো প্র.; নামধাতু]।

২=[সি]—ক্রি. আহলাদ প্রকাশ করা ।। এ্যাত আগাও কিয়ারে? [আগা< আগ্রহ+আনো প্র. নামধাতু]।

৩=[য]—ক্রি. ফিরিয়া না আসা ।। তামাক ভর্‌তে গিয়া সেলেটা আগায়ে পড়ে আসে। [আগ্‌+আনো প্র.; নামধাতু]।

আগান্‌=[খু]—বি. তৃপ্তি ।। অতো খেয়েও আগান্‌ হয়না। [দেখ আইগ্‌গান্‌, আখানো$_১$]।

আগান্ দেওয়া=[ফ]—ক্রি. খারাপ নজর দেওয়া ॥ ফকির্ ব্যাডায় আমারে আগান্ দিসে।

আগাব্যালা=[রা]—বি. সকালবেলা ॥ আগাব্যালা যাব। [<আগা বেলা]।

আগামতি=[পা]—বি. লতা গাছ-বিশেষ, (এই গাছের পাতায় ঘায়ের উপকার হয়) ॥

আগামাচ'া=[ফ]—বিণ. আগাছাড়া, মাথা মুড়া ॥ আগামাচ'া বাশ্ বেশি পাকে না। [<আগামগা; দেখ আগ্মগা; কিন্তু আগা < অগ্র + মাচা<মচ্চু প্রাঃ <মৃত্যু সং]।

আগামাড়া=[বা]—বিণ. (যে ইক্ষুর) মধ্যের অংশ ফাঁপা ॥ আগামাড়া আউখ্ মিডা কম্।

আগামাতা=[সি]—বি. মূল্য, অর্থ, হদিস ॥ ই খথার কোনু আগামাতা নাই। [আগা+মাথা]।

আগামোচ্'ড়া=[খু]—বি. বিঘ্ন, বাধা ॥ শুভকামে আগামোচ্'ড়া পড়ে বেশি। [আগা+মোচড়+আ প্র.]।

আগারানো=[চট্ট]—ক্রি. আগ্রহের অভাব দেখানো, ঔদাসীন্য প্রদর্শন করা ॥ আঁই অভাবে আসি বুয়লে হিতে গরুউয়া কিনুতে আগারাইব।

আগারি=[ব]—বি. গরুর গাড়ীর অগ্র-ভাগ ॥ [আগা<অগ্র+রি প্র.]।

২=[চা]—বিণ. যাহার অগ্রভাগ ভারী ॥ গারি আগারি ঐসে। [<আগভারী]।

৩=[পা]—বি. বিলের মোহনা ॥ আগারিতে রাইতে মাস্ খেলা করে।

৪=[চা]—বিণ. যে আগে বা প্রথমে থাকে ॥ [<আগাড়ি<অগ্র+ড়ি প্র.]।

আগারো=[সি]—বি. বাচ-নৌকার গলুইর লোক ॥ নাও দৌরে আগারো খুব নাচে'। [আগা+রো প্র.]।

আগার্=[ব, রা]—বি. গাড়ীর সামনের দিক্ ॥ আগারের দিকে বেশি মাল্ রাখা ঠিক্ না। [আগা+র প্র.]।

২=[রং]—অব্য. আরও ॥ [আগর اگر ফা.=যদি]।

আগার্খচা=[রং]—বিণ. (কাজ করিতে পারুক বা না পারুক) আগে আগে কাজ করিতে যায় যে ॥ [আগা+র প্র.+খচা]।

আগার্ চক পাছা=[রং]—বি. সামনের মত পিছন হওয়ার ভাব ॥ [আগা <অগ্র+র সম্বন্ধে+চব (=আকার) +পাছা<পচ্ছা প্রাঃ<পশ্চাৎ সং]।

আগার্তো=[রং]—বিণ. সামনের দিকে ভারী ॥ গাড়িখানা আগারতো হৈছে। [আগা<অগ্র+র প্র.+তো]।

আগার্ নিগার্=[চা]—বি. শেষ ॥ হিশাবের আগার্ নিগার্ না দেইক্যা কিসু কওয়া যায় না। [আগর<অগ্র+ নিগার<নিভৃতান]।

আগার্ ন্যাওয়া=[রং]—ক্রি. তৃপ্তি মিটানো ॥ ছেলেটাক এত খাওয়াই, ত্যাও আগার্ ন্যাওয়া যায় না। [আগার <আগ্রহ+নেওয়া]।

আগার্ পাগার্=[ম]—বি. বানাডোবা ॥ এইবারের বন্যায় আগার্ পাগার্ বৈর‍্যা গ্যাসে। [পাগার <পগার <পয়গার پيغار ফা আগার অনু:]।

আগার্পিছার্=[রং]—ক্রি. বিণ. ইতস্তত: ॥ আগার্ পিছার্ করিস্ না, আয়। [আগা<অগ্র+র (বিভক্তি)+ পিছা<পশ্চাৎ+র (সম্বন্ধে বিভক্তি)]।

আগার্ মুইরা=[ম]—বিণ. গোঁয়ার ॥

আগার্ মুরা=[পা]—বিণ. ভয়ভীতি-হীন ॥ লোকটা এ্যাহাবারে আগার্ মুরা। [<অগ্র+মুড়া<মুক্তান]।

আগার্ সান্দ=[ম]—বি. অগ্রিম কথা (বলা)। [আগা<অগ্র+র (বিভক্তি) +ছাঁদ]।

আগালত্ ঠোকা=[রং]—বি. অমঙ্গল-সূচক কথা ॥ তুমি আগালত্ ঠোকার্ যম্। [আগা < অগ্র + ল প্র. + ত (অধিকরণে)+ঠোকা√ঠোক্]।

আগালত্ পাদা=[রং]—ক্রি. আগে আগে কথা বলা ॥ আগালতু পাদিশ্ না। [দেখ আগালত্ ঠোকা+পাদা√পাদ্= বাতকর্ম করা]।

আগালত্ হাল্জোতা=[রং]—ক্রি. অমীমাংসিত কথা বলা ॥ আগালত্ হাল্ জোতাইশ্ না। [দেখ আগালত্ ঠোকা+হাল<হল+জোতা√জোত্]।

আগালা=[রা]—বি. চিটা ধান ॥

২=[পা]—বিণ. আগে আগে কথা বলে যে ॥ আগালার মত এত কতা কশ্ ক্যা? [আগা<অগ্র+ল প্র.+আ প্র.]।

আগালি=[রা]—বি. খুদ, চাউলের ক্ষুদ্র অংশ ॥ আগালিটা ঝেড়ে ফ্যাল্। [দেখ আগাল্+ই প্র.]।

২=[ম]—বিণ. বাড়ন্ত গড়ন যাহার ॥ মাইয়াডা বর আগালি। [আগা<অগ্র +লি প্র.]।

৩=[রং, ব]—বি. বাঁশের আগা, সরু-ডাল ॥ [পূর্বে দেখ]।

আগালে আগালে=[রং]—বি. মাথায় মাথায় ॥ [দেখ আগাল্+এ (বিভক্তি)]।

আগালে পাগালে=[ম]—বিণ. তীব্র ॥ মৈচ্'টার বর আগালে পাগালে যাল্। [অনু.]।

আগালে মাতালে=[সি]—ক্রি. বিণ. একপ্রান্ত হইতে অন্য প্রান্ত পর্যন্ত ॥ নাওখান আগালে মাতালে ফাটি গ্যাসে। [দেখ আগাল্ + এ (অধিকরণে); মাথালে সহ শব্দ; মাথাল<মস্তক+ আল প্র.+এ (অধিকরণে)]।

আগালে হাল্=[রং]—বি. মীমাংসাহীন কথা, কুতর্ক ॥ আগালে হাল্ না দিশ্ আর্। [আগাল+এ (অধিকরণে)+ হাল <হল; মূলার্থ — আগে আগে লাঙল (চষা)]।

আগাল্যা=[পা]—বিণ. যে আগে আগে কথা বলে ॥ আগাল্যাডা খালি ফর্-ফর্ করে। [আগাল+ইয়া প্র.]।

আগাল্=[ম, ব, রা]—বি. নাগালের বাইরের বস্তু, গাছের সর্বোচ্চ অংশ ॥ গাসের্ আগাল যাইস্ না। [আগা< অগ্র+ল প্র.]।

আগাল্ছাটা=[রং]—বিণ. আগা-কাটা ॥ আগালছাটা কথা তোর্ রাখ্। [দেখ আগাল্+ছাঁটা√ছাঁট্]।

আগাল্ ড্যাওয়া=[রং]—বিণ. যে আগে আগে অসমঞ্জস কথা বলে॥ আগাল্ ড্যাওয়ার হদ্‌দ তুই। [দেখ আগাল্ +ড্যাওয়া <ধাওয়া=ধায় যে; তুং আগল্‌ডাইয়াসি]।

আগাল্ তোলা=[বং]—ক্রি. মাথায় তোলা॥ তাক আগাল্ তুলিশ্ না বাহে। [দেখ আগাল্ +তোলা √তুল্]।

আগাল্ ফুলা=[রং]—বিণ. অত্যন্ত গর্বিত॥ আগাল্ ফুলা কথা। [দেখ আগাল্ +ফুলা=স্ফীত]।

আগাল্ মাতাল্=[ঢা]—বি. মিল, সামঞ্জস্য॥ তার্ কতাত্ কুনু আগাল্ মাতাল্ নাই। [দেখ আগাল্ + মাতা <মাথা <মত্থঅ প্রাং <মস্তক সং + ল প্র. তুং আগামাতা]।

২=[ম]—ক্রি. বিণ. আগাগোড়া, আদ্যোপান্ত॥ তক্তাডা আগাল্ মাতাল্ শমান্।

আগাশা=[বা]—বি. কলা॥ [আকাশা <আকাশ+আ প্র.; দেখ আকাইশা, আকাশ্যা]।

আগাশি=[রা]—বি. মোটা দড়ি বিশেষ॥

আগাশুড়া=[পা]—বিণ. বোকা॥ লোকটা বড় আগাশুড়া॥ [আগা <অগ্র=মাথা+শুঁড়া <শূন্য <শূন্য]।

আগাশ্=[খু]—বি. আকাশ॥ আগাশে ম্যাঘ্ বোঝা'াই। [<আকাশ]।

আগাসা=[বা, ফ]—বি. দেশীয় কাঠ-বিশেষ॥ নাওখান্ আগাসার তক্তায় তৈরি। [আ+গাছ+আ প্র.]।

আগাসেন্=[ম]—বি. আক্রমণাত্মক প্রতিরোধ, বাধা॥ হে তারে মারনের্ লাইগ্যা আগাসেন্ দিয়া খাবাইসে। [<অগ্রাসন্]।

আগিনা=[দি]—বি. আঙিনা॥ [<অঙ্গন]।

আগিন্=[দি]—বি. আগুন॥ [<অগ্নি]।

আগিন্‌দগিগিন্‌দ=[রা]—বিণ. প্রচুর, অঢেল॥ মেয়েটা শশুর বাড়িতে আগিন্‌দ গিগিন্‌দ ভাত্ কাপড় পায়। [<আগিন্ত <অগণিত+গিগিন্দ অনুঃ]।

আগিয়ার্=[ম]—বিণ. আগেকার॥ আগিয়ার্ কতা হুন্‌তাম্ চা'ইনা। [<আগেকার]।

আগিলা=[চট্ট, নো]—বিণ. আগামী॥ আগিলা মাশে হিতার বিয়া। [দেখ আগিল্+আ প্র.]।

২=[কুম, ম, ঢা]—বিণ. আগের, পুরাকালের॥ আগিলা দিনের মাইন্‌শে খুব্ শিদা আছিল্। [আগ <অগ্র+ইলা প্র.]।

৩=[কুম]—বিণ. কর্তব্য॥ কামডা তর্ আগিলা॥ দেখ আগিলা১]।

৪=[ম]—বিণ. আগাম॥ এইবার আগিলা ফশলের যো নাই। [দেখ আগিলা]।

আগিলার্ লা=[রং]—অব্য. পূর্বের গুলি॥ [দেখ আগিলা২+র (সম্বন্ধে) +লা<গুলা]।

আগিলেন্‌সা=[সি]—বিণ. অতি চঞ্চল॥ পোয়াখান বর আগিলেন্‌সা। [দেখ আগিল২+উষ্ণ]।

আগিলেন্‌সামানা=[সি]—বি. অতি চঞ্চলতা॥ আগিলেন্‌সামানা গাইরা দ্যাও। [দেখ আগিলেন্‌সা + মানা <পানা <পনা প্র.; তুং গুণপনা]।

আগিল্=[চট্ট]—বি. মাথার দিক, উপরের দিক॥ [আগ<অগ্র+ইল প্র.]।

২=[সি]—ক্রি. বিণ. অগ্রিম, শীঘ্র॥ আগিল্ খ্যাত্ করা বালা। [পূর্বে দেখ]।

আগিল্ লা=[ম]—বিণ. সাবেক॥ আগিল্‌লা যমানার্ মানুশ্। [দেখ আগিলা২]।

আগিল্ লেডা=[বা]—ক্রি. বিণ. সর্বপ্রথম, সবার আগে॥ আগিল্‌লেডাই মারামারি শুরু ঐসে। [আগিল্লে<আগ <অগ্র+ইল্লে প্র.+ডা প্র.]।

আগুইন্যা=[ম]—বিণ. অগ্নিতুল্য॥ আগুইন্যা গরম চা' মুখে দিঅনা। [দেখ আগুইন্+ইয়া প্র.]।

আগুইন্=[সি]—বি. অগ্নি, অনল॥ [<আগুনি মধ্যবাং=আগুন <অগ্নি]।

আগুইন্‌না=[ম]—বিণ. অগ্রহায়ণ মাসে উৎপন্ন॥ আগুইন্‌না দান্। [আগুইন্ <অগ্রহায়ণ + ইয়া প্র.]।

আগুইল্যা=[ম]—বিণ. অগ্রিম॥ আগুইল্যা কাম্। [দেখ আগুইল্+ইয়া প্র.]।

আগুইল্=[ঢা]—ক্রি. বিণ. যথাসময়ের পূর্বে। এইবার আম্ আগুইল্ আইসে। [আগু<আগ<অগ্র+উ প্র.+ইল প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ একটু আগুইলে আইয়েন্। [পূর্বে দেখ]।

আগুটাগুটাগুট্=[রং]—অব্য. খেলার ডাক বিশেষ॥

আগুড়ি=[খু]—বিণ. অগ্রিম॥ আগুড়ি কথা কও ক্যা? [দেখ আগুড়্+ই প্র.=আগাড়ি]।

আগুড়্=[পা]—বিণ. আগের (সোনা)॥ আগুড়্ আবাদ্ বরাবরই ভাল হয়। [আগ <অগ্র+উড় প্র.]।

আগুনি=[ম]—বিণ. অগ্রহায়ণ মাস সম্বন্ধীয়, অগ্রহায়ণ মাসে উৎপন্ন॥ আগুনি ফশল্। [দেখ আগুন্+ই প্র.]।

আগুনি গরাশ্=[রং]—বিণ. বিষাক্ত॥ ঠিক হোটা আগুনি গরাশ্ ঘাও। [আগুনি <অগ্নি+গ্রাস]।

আগুনি চিয়াইর্=[রং]—বি. বিষাক্ত পোকা বিশেষ॥ এটা আগুনি চিয়াইর। [আগুনি<অগ্নি+চিয়াইর্; তুং চাঁউটী হিং=পিঁপড়া]।

আগুনি শাপ্=[রং]—বি. অত্যন্ত বিষাক্ত সাপ॥ [আগুনি <অগ্নি + সাপ]।

আগুন্=[কুম]—বি. অগ্রহায়ণ॥ আগুন্ মাসে আমন্ দান পাহে। [<অগ্রহায়ণ]।

আগুন্ কাঠি=[ব,রা]—বি. দিয়াশলাই॥ [আগুন<অগ্নি+কাঠি=শলাকা]।

আগুন্ কৈম্‌মা যাওয়া=[ঢা]—ক্রি. হজমশক্তি কমিয়া যাওয়া॥ আগুন্ কৈম্‌মা গ্যালে অশুদ্ খাইয়া কি ঐব? [আগুন = পেটের আগুন, হজম শক্তি]।

আগুন খাওয়া = [ম] — ক্রি. অবৈধ উপায়ে জীবিকার্জন করা ।। আগুন খাইতাস, একদিন আংরা আগ্‌বাই । [আগুন<অগ্নি+খাওয়া] ।

আগুন ঘলা=[পা]—বি. ধানের জমির আগাছা বিশেষ ।

আগুন পাটের শাড়ি = [রং] — বি. সোনালী রঙের রেশমী কাপড় ।। মায়্যায় আগুন পাটের শাড়ি পিন্‌দিছে । [<অগ্নি পাটের শাড়ি] ।

আগুন্ হওয়া=[ম]—ক্রি. নিরতিশয় ক্রুদ্ধ হওয়া ।। এত আগুন ঐসো ক্যা ? [আগুন <অগ্নি+হওয়া] ।

আগুম্=[ম]—বি. পড়াপানি ।। ফহিরের আগুম্ আন্যা খাওয়াও । [<আগম= তন্ত্রশাস্ত্র, দেখ আগম্২] ।

আগুরানো=[রং]—ক্রি. আগলানো, পথরোধ করা ।। পথ আগুরিয়া খারাচু কেনে ? [<আগুলানো=আগলানো] ।

আগুরি=[চা]— বিণ. অগ্রিম ।। পাচু' ট্যাহা আগুরি দ্যাও । [<আগুড়ি ; আগ <অগ্‌গ প্রাং <অগ্র সং+উরি (উড়ি) প্র.] ।

২=[রং]—অস. ক্রি. ঘেরাও দিয়া ।। [আগুলি <আগল<অর্গল+ইয়া প্র.] ।

আগুরি কতা = [চা, কুম] — বি. আগে আগে বলা কথা (গুরুজনের সম্মুখে) ।। এত আগুরিকতা কস্ ক্যারে ? [দেখ আগাড়ি+কথা] ।

আগুর্=[ব,কু,পা]—ক্রি. বিণ. আগে, নির্দিষ্ট মৌসুমের পূর্বে ।। আমের গুড়ি এবার আগুরেই দ্যাখ্যা দিচে' । [আগু <অগ্র+র প্র.] ।

আগুর্ যান্ = [স] — বি. অগ্রসর, সর্বাগ্রে গমন ।। বালা কামো আগুর্ যান্ অওয়া বালা । [দেখ আগুর্ + যান √যা] ।

আগুলি = [চট]— অস. ক্রি. সম্মুখে দাঁড়াইয়া বাধা দিয়া ।। তে তাঁরে আগুলি ধরিরে । [দেখ আগুরি২] ।

আগুল্=[চট]—বি. হুড়কা ।। [আগল <অর্গল] ।

আগুল্‌তি=[চা, কুম]—বিণ. যে ফসল আগে ঘরে আসে, যে ফসল মৌসুমের আগেই ফলে ।। আগুল্‌তি বোরো দান এইবার দ্যাশ্ বাচ'ইসে । [আগুল <অগ্র+ল প্র.+তি প্র.] ।

আগুসি = [সি] — অস. ক্রি. রোধ করিয়া ।। পথ আগুসি রৈলত্ কিয়্যার্ লাইগ্যা ? [দেখ আগোসন্] ।

আগেচে'রে=[ম]—ক্রি.বিণ. আড়ালে, অসাক্ষাতে ।। আগেচে'রে কেঐর বদ্‌নাম করন বালা না । [<অগোচরে] ।

আগে টং = [রং]—বিণ. রাগান্বিত ।। তাই কতা শুন্যা আগে টং হচে । [<রাগে টং] ।

আগে বাগে=[চা]—ক্রি. বিণ. আগে আগে ।। আগে বাগে কতা কৈস্‌না । [<আগে ভাগে <অগ্রভাগে=পূর্বে] ।

আগে ভাগে চংকানো = [রং]—ক্রি. পূর্বেই ধমক দিয়া উঠা ।। নাই কৈতে আগেভাগে চংকিশ ক্যানে ? [আগে ভাগে = অগ্রভাগে ; ধমক+আন প্র. ; নামধাতু] ।

আগের্ কথা মাগে গাওয়া=[চা]— ক্রি. আগে আগে কথা বলিয়া কোন গোপনীয় কথা ফাঁক করিয়া দেওয়া ।। আগের কতা মাগে গাইলে খোতাত্ বারি দিমু ।

আগেল্ =[ফ]—বি. ঝুড়ি, ধামা ।।

আগৈ=[কুম]—বি. তানার উদ্বৃত্ত অংশ ।। আগৈ দিয়াঐ এ্যাক্‌টা কাপড় ঐব । [<আগ<অগ্র সং+ই প্র.] ।

আগৈন্‌না=[কুম, চা]—বিণ. যে ঘনঘন পায়খানা করে ।। অগৈন্‌না পোলা লৈয়া কি বিপদে পড়্‌লাম । [<আগ+ হাগ+অন+ইয়া প্র.] ।

আগৈল্ =[ফ]—বি. বোঝা ।। আগৈল্‌ডা মাথাত্ উডাইয়া দে ।

২=[চা]—বি. টুকরি, ঝুড়ি, ঝাঁকা ।। এ্যাক আগৈল্ দান ।

৩ = [চট] — বি. ছোট পাতিল ।। আগৈলত্ তরকারি রান্‌দে ।

৪=[ম]—বিণ. মৌসুমের প্রারম্ভে উৎপন্ন ।। আগৈল্ ফসল । [<আগ<অগ্র সং+ইল প্র.] ।

আগৈল্ ভরা=[খু]—বিণ. খুব বেশী পরিমাণে ।। তার আগৈল ভরা আয়াত । [দেখ আগৈল্২+ভরা] ।

আগৈস্‌সা = [কুম, চা] — অস. ক্রি. জড়াইয়া ।। মাইয়াডা বাপেরে আগৈস্‌সা দৈর‍্যা কান্‌তে লাগল ।

আগোই=[পা]—বিণ. আগাম, অগ্রিম, পূর্বেদের ।। [<আগির্বে <অগ্গিম প্রাং <অগ্রিম সং] ।

আগোড়্=[দি]—বি. অগ্রভাগ ।। ঘরের আগোড়ে প্যাশাব করিবানি ? [আগু< অগ্র+ড় প্র.] ।

আগোড়্ বাগোড়্=[পা]—ক্রি. বিণ. গড়িমসি ।। শোযা কতা কও, আগোড়্ বাগোড়্ কর ক্যা ? [অনু.] ।

২=[খু] — ক্রি. বিণ. আবল তাবল, অসংলগ্ন ।। আগোড়্ বাগোড়্ বকিস্‌নে । [দেখ আগর্ বাগর্] ।

আগোতে ফক্‌কর্=[রং]—বি. অযথা অহংকার ।। আগোতে ফক্‌কর্ হল্যা কাং দেখাইশ্ ? [আগো<অগ্র+তে (অধিকরণে)+ফক্‌কর< فخر আং] ।

আগোতে হালা=[রং]—বি. অগ্রিম আপোষ মীমাংসা ।। আগোতে হালা ভালা । [দেখ আগোতে ফক্‌কর ; হালা <সুল্‌হ صلح আং] ।

আগোনা=[বা, কুম] — বিণ. বোকা, হতমূর্খ, নির্বোধ ।। স্যারাডা আগুতা [illegible]না । [আ+গোনা √গন্, গোন্ মূলার্থ যে গণনাকারী নয়] ।

২=[রং]—বিণ. অত্যন্ত খারাপ ।। আগোনা কতালা তোর কুরায় [illegible] ।

আগোম্ মাশ=[দি]—বি.< অগ্রহা[illegible]ণ মাস ।।

আগোপহর্ =[দি]—বি. সকালবেলা ।। আগোপহরে ভাত খাঁচু । [আগো <অগ্র+পহর<প্রহর]

আগোম্ = [পা, রা] — বিণ. অগ্রিম, অক্রেয় ।। আগোম্ কথা ক্যানুনে কলুরে ? [<আগাম=অগ্রিম] ।

আগোর্ চো'গোর্=[ঢা]—বিণ. আজে-বাজে, নিকৃষ্ট ॥ আগোর্ চো'গোর্ গালিগালায় কৈর না। [অনু.]।

আগোর্‌দোম্=[রা]—ক্রি. বিণ. দমবন্ধ হওয়ার উপক্রম ॥ বেশি খালে আগোর্-দোম্ হয়। [আগোর<অগ্র+র প্র.+দম دم ফা.]।

আগোলি=[রা]—বি. বাঁশের কঞ্চির অগ্রভাগ (কঞ্চিসহ) ॥ [আগো<অগ্র+লি প্র.]।

আগোল্=[ম]—বি. দরজার খিল ॥ [আগল<অর্গল]।

২=[বা, খু]—বি. বেড় ॥ গরুটা আগোল্ দিয়া আন্। [পূর্বে দেখ]।

আগোসন্=[ঢা,কুম]—ক্রি. পথ আগুলিয়া দাঁড়ানো ॥ আগোস্না ক্যারে যাইতাম্ দিতো না? [দেখ আগুসি]।

আগ্=[রং]—বি. রাগ ॥ তোর কতা শুনলে মোর আগ্ উঠে। [<রাগ]।

২=[কুম]—বি. ভবিষ্যত ॥ আগ্‌পাস্ বাইব্যা কাম কৈর। [<অগগ প্রাং <অগ্র সং+পাছ<পশ্চাৎ]।

আগ্‌গম্=[চট্ট]—বি. ভবিষ্যৎ ॥ আগ্‌গম্ চি'ন্তা কৈরা কাম কৈর। [<অগ্‌গিম প্রাং<অগ্রিম সং]।

আগ্‌গম্ বিগম্=[চট্ট]—বি. ভবিষ্যৎ ॥ [দেখ আগ্‌গম+বিগম অনু:]।

আগ্‌গাইয়া=[ম]—অস. ক্রি. অগ্রসর হইয়া ॥ এট্টুহানি আগ্‌গাইয়া আয়। [আগাইয়া<আগ<অগ্র; নামধাতু]।

আগ্‌গানো=[কুম]—ক্রি. অগ্রসর হওয়া। শামনের দিগে আগ্‌গা। [আগু<অগ্র+আন প্র.; নামধাতু]।

আগ্‌গুয়া=[ঢা]—বি. উচিত ফল, সমুচিত শাস্তি। তারে আগ্‌গুয়া বালা কৈরা আগ্‌গুয়া দিসি।

আগ্‌গুয়ানো=[ঢা]—ক্রি. অগ্রসর হওয়া, আগুয়ান হওয়া ॥ কচু'ড়ি ঠেইল্যা নাও লৈয়া আগ্‌গুয়ান্ শোবা না। [দেখ আগ্‌গানো=এগোনো]।

আগ্‌গেরাযি=[চট্ট, ঢা]—বি. রেষা-রেষি, প্রতিহিংসা ॥ তর লগে আমার লগে কি আগ্‌গেরাযিরে যে আমি না গ্যালে তুই যাইবি না? [<অগ্রাহ্য]

আগ্‌চ'া=[ফ]—ক্রি.বিণ. মাগনা, বিনা-মূল্যে ॥ পাঁচ ট্যাহা ক্যা, আগ্‌চ'াই দিসে লুংগি খান?

আগ্‌চ'ালা=[পা]—বি. বারান্দা ॥ আগ্-চ'ালাত্ বও। [আগ<অগ্র+চালা=ঘর]।

আগ্‌চ্যায়া=[রং]—বি. জামানত ॥ আগ্‌চ্যায়া না দিলে হবার নয়। [আগ্ <অগ্র+চেয়া<ছায়া?]।

আগ্‌ছা=[রা]—বি. বাধা ॥ শব কথাতেই আগ্‌ছা দ্যাও ক্যান্? [দেখ আক্‌সা৩; আক্‌সা আক্‌সি]।

আগ্‌যা=[কুম]—বি. পাদদেশ ॥

আগ্‌যুরে=[ঢা]—ক্রি.বিণ. অগোচরে ॥ আগ্‌যুরে কতা কৈও না। [অগোচরে]।

আগ্‌টান=[কুম]—বি. প্রথম ভাগ, অগ্র-ভাগ ॥ দলের আগ্‌টানে শর্‌দার আসে। [আগ+টান]।

আগ্‌ড়া=[খু, য]—বি. ধান বিশেষ ॥

২=[য]—বি. (গাভীর) প্রথম (দুগ্ধ)। আগ্‌ড়া দুধ খাওয়া ঠিক্ না।

৩=[য]—বি. কাঁটাযুক্ত বুনো গাছ।

৪=[য]—বি. চিটেগুড় ॥ আগ্‌ড়া দিয়ে তামাক মাখে।

আগ্‌ড়ানো=[রং]—পাহারা দেওয়া ॥ মুই শারারাইত আগ্‌ড়িচুঁ। [আগলান সাধুভাষা; আগ্‌ড়া<আগড়<অর্গল+আন প্র.; নামধাতু]।

২=[রা]—ক্রি. জড়ানো ॥ গিলাপ্‌টা গাওত্ আগ্‌ড়া, শিত কম লাগ্‌বো। [<আঁকড়ান]।

আগ্‌ড়াম্=[রা]—বি. বাচালতা ॥ [দেখ আগ্‌ড়াম্ বাগ্‌ড়াম্]।

আগ্‌ড়াম্ বাগ্‌ড়াম্=[য]—বি. বৃথা আস্ফালন ॥ বেশি আগ্‌ড়াম্ বাগ্‌ড়াম্ দ্যাখাইয়া লাভ কি? [আগ্‌রুম্ বাগ্‌রুম্ اگرم بگرم হিং]।

আগ্‌ড়ুম্ বাগ্‌ড়ুম্=[রং]—বি. খেলাধেলাভাব ॥ তোর দুল্‌না আগ্‌ড়ুম বাগ্‌ড়ুম চলিবে না।

আগ্‌ড়োন্=[রং]—বি. ঘেরাও ॥ আগ্‌ড়োন্‌খান ভাল করি দে। [দেখ আগ্‌ড়ানো]।

আগ্‌তা=[ম]—ক্রি. বিণ. হঠাৎ, অকস্মাৎ ॥ আগ্‌তা আমার চ'াচ'া মৈরা গ্যাল। [দেখ আক্‌তা, আখ্‌তা]।

আগ্‌দ=[চট্ট]—বি. বিবাহ ॥ ['আকদ عقد আং]।

আগ্‌দরাইয়া=[কুম]—ক্রি. বিণ. পূর্বাহ্নে, আগে ॥ আগ্‌দরাইয়া না গ্যালে গারি পাইতানা।

আগ্‌দা=[বা]—বিণ. শীর্ষস্থ, সদ্যো-জাত ॥

আগ্‌দা আগ্‌দা=[ফ]—ক্রি. বিণ. খাইনা খাইনা (ভাব) ॥ আগ্‌দা আগ্‌দা কৈরা বাত্ খাইস্ না।

আগ্‌দা বরগ্=[ফ]—বি. কলা পাতার অগ্রভাগ ॥ হিতারা আগ্‌দা বরগে বাত্ খায়। [দেখ আগ্‌দা+বরক ورق আং]।

আগ্‌দালি=[কুম]—বি. দারোয়ান ॥ হেইতে শাহেবের আগ্‌দালি। [আর-দালী<orderly ইং]।

আগ্‌দার্=[পা]—বি. গোশালা ॥

আগ্‌দুয়ার্=[সি]—বি. শাহী দরজা, ঘরের প্রধান দরজা ॥ কোন মুই যাইতে আগ্‌দুয়ার দি বার হৈয়েন। [আগ <অগ্র+দুয়ার]।

আগ্‌না=[রং, দি]—বি. বাড়ীর চতু-র্দিকস্থ উঠান ॥ বড় বাড়ির বড় আগ্‌না। [<আঁগন<অঙ্গন]।

আগ্‌নাপাড়া=[ঢা]—বিণ. বুদ্ধিহীন, গোঁড়া ॥ তুই একটা আগ্‌নাপাড়া। [=উঠানের পাঁটা]।

আগ্‌নি দাহ্=[রং]—বি. আগুনে পোড়ার মত জ্বালা ॥ [<অগ্নিদাহ]।

আগ্‌না=[রা]—বি. আংগিনা, উঠান ॥ [আঁগনা<অঙ্গন]।

আগ্‌পর্=[সি]—বি. অগ্রপশ্চাৎ ॥ আগ্‌পর্ বাইবুবা খাম্ খৈর। [আগ <অগ্র+পর]।

আগ্‌কল্তি=[য]—বি. বৈবাহিক বন্ধন, পাত্রীর অনুপস্থিতিতে শাদী পড়ান ॥

আগ্‌বস্‌তি ঐয়া গ্যাসে, অহন খালি খানাপিনা বাহি। ['আক্‌দ বস্তী عقد আং+بستى ফা.]।

আগ্‌বাড়ানি = [রং] — বিণ. অগ্র-গামিনী ॥ আগ্‌বাড়ানি বোটি ছাওয়াটা দেখ্‌বার খুব ভাল। [দেখ আগ্‌বাড়ানো +ই প্র.; স্ত্রী]

২=[নো]—বি. দরজার সম্মুখ ভাগ সাজাইয়া বরকে সম্মান দেখাইবার রীতি ॥ [দেখ আগ্‌বাড়ানো+ই প্র.]।

আগ্‌বাড়ানো=[চট্ট]—ক্রি. অভ্যর্থনা করা ॥ হিতেবৈরাতিরে আগ্‌বাড়াইয়ে। [আগ্<অগ্র + বাড়ান্ = বর্ধিত করা ; তুং সংবর্ধন]।

আগ্‌বান্=[চট্ট]—বি. বাধা ॥ শে আঁয়ার কথায় খালি আগ্‌বান্ দেয়। [আগ্<অগ্র+বান<বন্ধ=বন্ধন]।

২=[চট্ট]—বি. বেতের কাজের প্রথম অস্থায়ী বাঁধন, টানা বাধ ॥ [পূর্বে দেখ]।

আগ্‌বায়=[ম, ঢা]—ক্রি. বিণ. আগে ॥ আগবায় যা। [আগ্ < অগ্র + বায় <বাগে=দিকে]।

২=[ম]—ক্রি. বিণ. বাড়ির সম্মুখে বা বাহিরে ॥ অয় আগ্‌বায় আসে।

আগ্‌বায়ানি=[ঢা]—বি. অভ্যর্থনা ॥ দুলা পৈক্‌খেরে আগ্‌বায়ানি দিবার যাও। [দেখ আগ্‌বাড়ানি$_{2}$]।

আগ্‌বায়ান্‌তে=[ঢা] — ক্রি. বিণ. সম্মুখে, আগে ॥ আগবায়ান্‌তে গিয়া দ্যাখ্, আইতাসে নি। [আগ্+বাড়ান= বর্ধিত করা+তে অধিকরণে]।

আগ্‌বারি দেওন=[চট্ট]—ক্রি. কার্য বা কথা শেষ হওয়ার পূর্বেই বাধা দেওয়া, প্রতিবন্ধকতা সৃষ্টি করা ॥ হিতে আঁঅনার বিপদের কথা কৈ আগ্‌বারি দিল। [<আগ<অগ্র+বাড়ি=আঘাত +দেওয়া]।

আগ্‌ব্যায়ানি = [ঢা] — বি. বাধা ॥ কতায় কতায় এত আগ্‌ব্যায়ানি দ্যাও ক্যান্? [আগ<অগ্র+ বেড়ানি, বেড় +আনি প্র.;]।

আগ্‌মগা=[ঢা]— বিণ. আগাহীন ॥ আগ্‌মগা বাশ্‌টা কত? [আগ<অগ্র+ মগা<মগ্ন]।

আগ্‌মরা=[ফ] — বিণ. আগাহীন ॥ আগ্‌মরা বাশ। [আগ <অগ্র+মরা√মর্]।

আগ্‌মাইষ্ =[ঢা]— বি. ঘাসের আগা, ডগা, শিষ ॥ তুফানে আউশের আগ্‌মাইষগুলি বাইংগা গ্যাসে। [আগ্ <অগ্র+মাইজ<মধ্য; মধ্যস্থিত পাতা]।

আগ্‌র=[কুম, সি]—বি. আগ্রহ ॥ তার হগল কামো আগ্‌র আসে। [<আগ্রহ]।

আগ্‌রম্ বাগ্‌রম্ = [সি] — বি. অসম্বদ্ধ বাক্য ॥ [দেখ আগ্‌ড়াম বাগ্‌ড়াম]।

আগ্‌রা = [ঢা, ফ] — বি. একপ্রকার আগাছা ॥ হিং মাসে কাডা দিলে আগ্‌রা দিয়া পিডাও।

২=[রং]— বি. পাহারা ॥ চৌকিদার আইতে আগরা দ্যায়। [আগ্‌লা<অর্গল সং+আ প্র.]।

আগ্‌রাই = [নো, সি]—বি. অভিমান, রাগ ॥ হাইদ্‌লে আগ্‌রাই করে। [<অগ্রাহ্য]।

আগ্‌রানো=[রা, রং]— ক্রি. দেহের কাপড়চোপড় গোছানো।

আগ্‌রামিলা = [ম]—বিণ. পেটুক ॥ ব্যাডায় যবর আগ্‌রামিলা।

আগ্‌রাম্ বাগ্‌রাম্=[ঢা, ম]—বি. বৃথা আস্ফালন ॥ আমার লগে আগ্‌রাম-বাগ্‌রাম কৈরা লাব্ নাই। [দেখ আগ্‌ড়াম্ বাগ্‌ড়াম্]।

আগ্‌রাহোচ'া=[কুম]—বিণ. শৌচকার্য করে নাই যে ॥ স্যায়াডা আগ্‌রাহোচ'া, কোলে লৈঅনা। [আ (নিষেধার্থে)+ করা √কর্+হোচা<শৌচ]।

আগ্‌রি=[সি]—বিণ. অপ্রিয় ॥ ইবার কাটল আগ্‌রি বারে গ্যাসে। [<আগাড়ি =আগা<অগ্র+ড়ি প্র.]।

আগ্‌লওয়া=[চট্ট]—ক্রি. ফসল কাটার প্রথমদিনে বিশেষ নিয়মে কাটা ॥ রবি ও বিশ্যুদ্‌বারে আগ্‌লওনের ভালা দিন। [আগ<অগ্র+লওয়া]।

আগ্‌লা=[বা, ঢা, কুম]—বিণ. বন্ধন-হীন ॥ নাওডা আগ্‌লা রৈসে। [<আগ্‌লা <অলগ্ন সং; বর্ণবিপর্যয়]।

২=[বা]—বিণ. পহেলা ॥ এই দুইটা আগ্‌লা হালের গরু ॥ [<অগ্গল প্রাং <অগ্র+ল সং]।

৩=[দি]—বিণ. আগেকার ॥ আগ্‌লা দিনের মানুশ বড় শোজা ছিলো।

আগ্‌লাকাসা=[য]—ক্রি. বিণ. বিনা প্রস্তুতিতে ॥ আগ্‌লাকাসা কি আর ঝ'গড়া করা যায়? [<আলগা+কাছা; মূলার্থ—যাহার কাপড়ের কাছা আলগা]।

আগ্‌লাগর্=[পা]—বি. বৈঠকখানা ॥ [দেখ আগ্‌লা+ঘর]।

আগ্‌লাফুটানি=[ঢা, ম]—বি. বাহ্যিক আড়ম্বর ॥ খালি আগ্‌লাফুটানিই শার, আশ্‌লে নাই কিস্‌সু। [দেখ আগ্‌লা+ ফুটানি]।

আগ্‌লি দাওয়া = [ঢা, কুম] — ক্রি. উপরে উঠানো ॥ পোষাডা আগ্‌লি দিয়া দে। [দেখ আগ্‌লা+ই+দেওয়া]।

আগ্‌লি ন্যাওয়া=[ফ]—ক্রি. সম্মুখের দিকে অগ্রসর করা ॥ নাওডা টাইন্যা আগ্‌লি ন্যাও। [দেখ আগ্‌লা$_{2}$+ই প্র.]।

আগ্‌লেই=[দি]—অস.ক্রি. আগুলিয়া ॥ তোমরা তামান খালি আগ্‌লেই ধরি থাকিবা চাহেছেন। [আগ্‌লা <অর্গল সং; নাম ধাতু]।

আগ্‌লো=[খু]—বিণ. খোলা ॥ আগ্‌লো গাড়িতে বৌ আনে নাকি? [<আল্‌গা]।

আগ্‌শারা = [রা] — ক্রি. দ্রুত কার্য সমাধা করা ॥ [আগ<অগ্র+সারা]।

আগ্‌সাদা=[পা]—ক্রি. সামনে দিয়া যাওয়া ॥ [আগ<অগ্র+ছাঁদা]।

আগ্‌সামা=[পা]—বি. খণ্ড মেঘের ছায়া ॥ আগ্‌সামায় যাত্তি কশ্‌টো হবে না। [আগ্+সামা<ছায়া]।

আগ্‌সালা=[ম]—বি. ঘরের বারান্দা ॥ [দেখ আগ্‌চ'ালা]।

২=[ম]—বি. অবস্থা ॥ তোমার আগ্‌-সালা খুইল্যা কও।

আগ্‌স্যাবা=[সি]—বি. সামরিকভাবে

আকাশের মেঘাচ্ছন্নতা ।। আব্‌গুরা আপ্‌মানে আগ্‌স্যাবা থর্‌সে। [দেখ আগ্‌সামা]।

আগ্‌স্যাবা= [পা] — বি. আবছায়া ।। [দেখ আগ্‌সামা]।

আঘড়ি=[য]—বিণ. কষ্টসাধ্য।। আঘড়ি কাম তার দারা হবে না।

আঘানো=[দি]—ক্রি. তৃপ্ত হওয়া ।। এ্যাত খাছে তবু আঘায় না। [আঘা <অগ্গহ প্রাং<আগ্রহ কিংবা আঘা <আংখা<আঅংখা প্রাং<আকাঙ্ক্ষা ; নামধাতু ; অর্থের বিকৃতি]।

আঘান্=[রা]—বি. আবর্জনা, ময়লার স্তুপ।। বাড়ির ধারে আঘান ফ্যালা উচিত না। [হাগান√হাগা]।

আঘান্‌দা= [কু]— বিণ. খামখেয়ালী, বিবেকহীন ।। আঘান্‌দা লোক। [আ (নিষেধার্থে)+খুন্‌দাহ্‌ خوانده ফা.]।

আঘিয়্যা=[রা]—ক্রি. বিণ. কোন জিনিসের প্রাচুর্যহেতু বিতৃষ্ণা।। মাছ মাংশ খায়া আঘিয়্যা গেইচে। [দেখ আঘানো]।

আঘৈর্=[রা]—বিণ. অগ্রিম।। গাছে আঘৈর আম ধরোচে।। [দেখ আগুর্, আগৈল্‌৪]।

আঘ্‌লানো=[রা]—ক্রি. উপরে উপরে ধোওয়া।। যা, থালিটা আঘলায়া আন্। [<আখলান<আক্ষালন]।

আঙর্=[পা]—বি. শক্তি, স্পৃহা ।। এই কাম্ করতে তার শব আঙর্ শ্যাশ্ হৈসে।

আঙা=[রং]—বি. অঙ্গার ।। [<আঙার <অঙ্গার]।

২=[রা, রং]—বি. জামাবিশেষ।। মোর আঙাটা আনেক্‌তো। [<আঙ্‌রাখার সংক্ষেপে আঙ্গা ; হিং]।

আঙানো=[পা]—ক্রি. বেশী ইচ্ছা করা।। যিনিশটার লাগি এত আঙাও ক্যা? [আগা<আগ্রহ+আনো প্র.; নামধাতু]।

আঙারি=[ব]—বিণ. অর্ধসিদ্ধ।। আঙারি ডিম খুব উপ্‌কারি।

২=[খু]—বি. কয়লা।। [আঙ্গারি<অঙ্গারিকা]।

আঙার্=[ম]—সর্ব. আমাদের।। আঙার বারি চ'ল। [দেখ আংগর্‌৪]।

২=[পা]—বি. রাগ, তেজ, গোস্বা।। এ্যাত আঙার ক্যা? [<অঙ্গার; অর্থ প্র.]।

আঙালু=[রং]—বি. লাল বা মিষ্টি আলু।। আঙালুর শ্যার কত? [<রাঙা আলু]।

আঙাল্=[ব]—বিণ. লাল, রক্তবর্ণ।। আঙাল্ মাটির ঘর ব্যাশ্ শুক্‌না। [<রাঙাল=রাঙা+ল প্র.]।

আঙি=[খু]—বি. মাচা।। লাউগাস্‌টাত্‌ এ্যাখন আঙি দ্যাও।

২=[খু]—বি. ঘুড়ি।।

৩=[রং]—বিণ. লাল রং বিশিষ্ট।। হোটা আঙি ভৈশা। [<রক্ত+ই, ইয়া প্র.]।

আঙিম্‌কা=[ফ]—বি. বাতি রাখার জন্য কাঠের তৈরী গাছা বা থাম।।

আঙুচ্'=[ম]—বি. সেলাইয়ের কাজে ব্যবহৃত আঙুলের আবরণ। দরবিদের আঙুচ' লাগে। [< আঙ্গুশ্‌তানহ্ انگشتانه ফা.]।

আঙুরা = [পা]—বি. অন্যের সঙ্গে ভাগে হাল বাওয়ার প্রথা।।

আঙেরা=[দি]—বি. কাঠের কয়লা।। [<আঙুরা<অঙ্গার]।

আচ'ওয়া=[বা, ম]—বিণ. অকথিত।। আচ'ওয়া যমিন। [অ+চমা√চম্]।

আচ'কৃকা=[নো]—ক্রি. বিণ. হঠাৎ।। আচ'কৃকা কত্‌তুন আই হৈর্ লি? [<আচম্বকা]।

আচ'ট্=[কু, পা]—বিণ. অনাবাদী, পতিত।। [উচাট্ হিং=বিরক্ত, উদাস; অর্থের বিকৃতি]।

আচ'ড়্ পাচ'ড়্=[ব,পা]— বি. কষ্ট।। তার বিবনে খুব আচ'ড়্‌পাচ'ড়্। [<উঞ্ছন পাঞ্ছন প্রা. বাং]।

আচ'ম্‌হা=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ।। আচ'ম্‌হা তার পোলাডা মরল। [<আচম্বকা কিংবা আচম্ভা হিং]।

আচ'রন্ বিচ'রন্ = [ম]—বি. প্রসাধন।। মাইয়াগো আচ'রন্ বিচ'রনে বহুত্ শময় লাগে।

আচ'রিত্=[পা]—বিণ. আশ্চর্যজনক (নিন্দার্থে)।। তোমার এই আচ'রিত্ কামে আমরা কশ্‌টো পাইসি। [<আশ্চর্যান্বিত]।

২=[ফ]—বিণ. আশ্চর্য, বিস্মিত।। তার কতায় আচ'রিত্ ঐসি। [পূর্বে দেখ]।

আচ'র্=[কুম]—বি. ক্ষত।। বিলাইয়ের নৌখের আচ'র্ লাগ্‌সে। [<আঁচড়]।

আচ'র্ পাচ'র্=[পা]—বি. দ্রুত কাজ সমাধার জন্য আপ্রাণ চেষ্টা।। [দেখ আচ'ড়্ পাচ'ড়্]।

২=[কুম, ম]—কাঁটার আঁচড়, ঘষা।। আত কাডার আচ'র্ পাচ'র্ লাগসে। [আঁচড়+পাচ'ড় অনু:]।

আচ'ল্ = [চা] — বিণ. মূল্যহীন, অকেজো।। এই চৌকাডা আচ'ল্। [<অচল]।

আচ'ল্‌তি = [বা, দি] — বি. নববধূর সহযাত্রী।। নয়াবৌয়ের সাথে দুইজন আচল্‌তি আশিচে। [<আঁচল<অঞ্চল +তি প্র.]।

আচ'া=[খু]—বি. নারিকেলের মালা।।

২=[কুম]—বিণ. সত্য।। এইডা আ'চা কতা। [<হাচা <সাচচা<সচচ প্রাং <সত্য সং]।

৩=[পা]—বি. শুয়া পোকা।

৪=[কুম]—বি. খণ্ড।। যমির আচ'া বর ঐসে। [হিস্‌সঃ حصه আং]।

৫=[কুম, চট্ট, নো]—বি. হালের রেখা।।

আচ'াইল্=[চট্ট]—বি. মাচা।।

আচ'াইল্ = [ম] — বি. আঁস্তাকুড়।। আচ'াইলের বয় আইতাসে। [<দেখ আচি'+ইল<হাল<শাল<শালা; তুং গোয়াল, গোহাইল]।

আচ'াইল্ কুচ'াইল্ = [ফ]— বি. অশ্লীল কথা, কুবাক্য ।। আচ'াইল্ কুচ'াইল্ করা উচি'ত্ না। [দেখ আচ'াইল্+কুচ'াইল অনু:]।

আচাউরা = [রং]— বিণ. না হওয়া, মিথ্যা।। আচাউরা কথা আর শুনিবার নও মুই। [আচাভুয়া<অত্যদ্ভুত]।

আ্যচাড়ানো=[রং]—ক্রি. ভ্রাণ করা ॥ [<আঁচড়ান]।

আচ'াড়ি = [পা] — বি. হাতল ॥ দায় আচ'াড়ি লাগাও। [আছাড়ি]।

আচাড়্=[দি]—বি. আছাড়, হোঁচট॥ [<আছাড়]

আচ'ানকা=[সি]—বিণ. আশ্চর্য, অতুলনীয় ॥ আচ'ানকা কতা। [আচানক اچانک হিং]।

আচ'ানক্=[সি]—বিণ. খুব ভালো, স্বাদযুক্ত ॥ ইতা আচ'ানক মানুশ্; আচ'ানক আম্। [দেখ অচ'ানকা; অর্থের বিকৃতি]।

২=[কুম]—ক্রি. বিণ. আশ্চর্য, অবাক ॥ তার কতা হুইন্যা আচ'ানক্ লাগে।

আচ'ানো = [চট্ট] — ক্রি. মুড়ানো, কামানো ॥ মাথার চু'ল আচ'াইয়া ফালা। ২=[রং, রা]—ক্রি. সামান্য পুড়িয়া যাওয়া ॥ তরকারি না আঁচিছে কোনেক্। [আঁচ<অর্চি+আনো প্র.; নাম ধাতু]।

আচ'ানৌকা = [ন] — বিণ. আশ্চর্য, চমৎকার, অদ্ভুত ॥ এই আচ'ানৌকা কতা তোমারে কে কৈল? [দেখ আচ'ানকা]।

আচাভুয়া = [রং] — বিণ. নির্বোধ, বোকা ॥ আচাভুয়াটা ইগুলা ক্যামন কতা কনু? [<অচচম্ভুঅ প্রাং<অত্যদ্ভুত সং; অর্থের বিকৃতি]।

আচামুয়া=[রং]—বিণ. হতভম্ব ॥ তাঁই খেলায় ঠগিয়া আচামুয়া হচে। [দেখ আচাভুয়া]।

আচারাত=[রং]—অব্য. হঠাৎ পড়িয়া যাওয়ার শব্দ ॥

আচারি=[রং]—বি. বাঁশের তৈরী এক প্রকার যন্ত্র ॥

আচারির বাইগোন্=[রং]—বি. মূল্যহীনা স্ত্রীলোক ॥ [বাইগোন=বেগুন]।

আচা'রুক্ = [ম] — বি. সামগ্রী (তুচ্ছার্থে) ॥ রাইখ্যা দে তোর আচা'রুক্কের সাতা।

আচা'র্ = [সি] — বি. দা, কোদাল প্রভৃতির বাঁশ ও কাঠের হাতল বা ডাণ্ডা ॥ [<আছাড়ি]।

২=[কুম]—বি. হোঁচট ॥ হ্যায় আচ'ার খাইয়া পাও বাংসে ॥ [<আছাড়]।

আচার্'ষ = [দি] — বিণ. চমকিত ॥ [<আশ্চর্য]।

আচালি=[রা]—বি. বাঁশের চাটাই নির্মিত মাচা বিশেষ ॥ [মাচা+ল+ই প্র.]।

আচাল্ কাচাল্=[রং]—বি. কষ্ট, মেহনত ॥ আচাল্ কাচাল্ আর কত করিশ্? [কচাল+আচাল্ অনু:]।

আচ'াশা=[চা]—বিণ. অভদ্র ॥ বাবাইডা এ্যাকৃকেরে আচ'াশা। [<আ (স্বার্থে)+চাষা]।

আচি'=[কুম, পা]—বি. প্রসব, অশৌচ॥ আচি'গরে গন্দ অয়। [<অছচি<অশুচি]।

২=[বা]—বি. হাঁচি। এত যোবে আচি' দ্যাও ক্যা? [<হাঁচি]।

আচিং=[রা]—বি. লম্ফঝম্প ॥ গরুটা আচিং মেরে দৌড় দিল।

আচি'কাচি'=[পা]—বি. সন্তান প্রসবের পরের সাত দিন ॥ আচি'কাচি' না গেলে আচি'গরে যাইস্ না। [দেখ আচি'+কাঁচি<কাঁচা+ই প্র.]।

আচি'টানা=[ম, পা]—ক্রি. নবজাত শিশু ও প্রসূতিকে পাহারা দেওয়া ॥ [দেখ আচি']।

আচি'ন্ = [চা] — বিণ. উধাও, নিখোঁজ ॥ হারাদিন আচি'ন্ ঐয়া কৈ আসিলি? [আ+চিঁন<চিহ্ন]।

আচিব্=[রং]—বি. ভূত ॥ আইজকাইল্ আচিবের ভয় নাই। [আসীব آسیب ফা.]।

আচি'ৎবিত্=[কুম]—ক্রি.বিণ. হঠাৎ॥ আচি'ৎবিত্ পোলাডা মৈরা গ্যাল। [<আচম্বিত হিং]।

আচিয়া বাচিয়া=[রং]—অস.ক্রি. বিচার বিবেচনা করিয়া, ভাবিয়া চিন্তিয়া ॥ আচিয়া বাচিয়া তুলি খো। [আঁচিয়া অনু:+বাছিয়া √বাছ্]।

আচি'লা=[চা]—বি. ঔষধ, জামিন ॥ হাপেরে দুকুড়ু দিলে আচি'লা বাদুতে অয়। [ক্বলীল قلیل, আং=উপলক্ষ্য]।

আচু'ক্যা = [ক] — ক্রি. বিণ. হঠাৎ, অজান্তে ॥ কামডা আচু'ক্যা কৈরা কালা। [দেখ আচু'ক্+ইয়া প্র.]।

আচু'ক্ = [চা] — ক্রি. বিণ. হঠাৎ ॥ অনেকদিন বাদে তোমারে আচু'ক্ দেখ্লাম। [দেখ আচ'ানকা]।

২=[ম]—বিণ. আজগুবি ॥ তর উপুরে ব্যান আচু'ক্ গযব্ পরে।

আচু'দি = [চা]—বিণ. বোকা ॥ দুরু আচু'দি বানি কোনডাইহ্যার (=কোথাকার)।

আচু'ব্বা=[ক] — বিণ. আশ্চর্যজনক, অবাক ॥ লোকটারে আচু'ব্বা রকম দ্যাখা যায়। [<আচম্বা হিং]।

আচু'ম্কা=[কুম]—ক্রি. বিণ. অতি তাড়াতাড়ি ॥ আচু'ম্কা হ্যায় চৈ'লা গ্যাল। [<আচমকা]।

আচু'লি=[খু]—বি. গুটি রোগবিশেষ ॥ তার গায় দুইটা আচু'লি আসে। [আঁচিল+ই প্র.]।

আচৈঁ'রা=[নো]—বিণ. অস্বাভাবিক ॥ পোলাটা বর আচৈঁ'রা কথা কয়। [<আশ্চর্য]।

আচে'াট =[কু,পা]—বি. পতিত জমি ॥ আচে'াটে গরু চ'রে। [দেখ আচ'ট্]।

আচে'াত্থা=[কু]—ক্রি. বিণ. হঠাৎ॥ আচে'াত্থা তার পায়ে ঘাউ হৈসে। [<আচম্বিতে]।

আচে'ালা = [রং] — বি. আঁজলা ॥ আচে'ালার দে কেনো।

আচে'াল্=[পা]—বি. কাপড়ের আঁচল॥ আচে'াল্ দিয়া মুখ ডাক্: [<আঁচল]।

আচ্'=[সি]— বি. চিহ্ন ॥ চে'ারার এক বারা আচ্' পাইলে কলুনা সির্ তার। [√অনূচ সং=অনুমান করা]।

২=[চা]—বি. উত্তাপ ॥ আগুনের আচে' কাপর হুগাও। [আঁচ<অর্চিঃ সং]।

৩=[রং]—বি. আঘাত ॥ বনোত আচ্ লাগা কতাগুলা কলুরে। [পূর্বে দেখ]।

৪=[পা]—বি. রাগ, চাঞ্চল্য ॥ তোমারও আচ' মন্দ না। [পূর্বে দেখ]।
৫=[চা]—বি. প্রভাব ॥ আমার কাতার তার শৈশুলে আচ' লাগে না। [পূর্বে দেখ]।

আচ্'কা=[চট্ট, কুম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ হিতে আচ্'কা বিপদে পরি গ্যাল্। [<আচমিত সং; আচম্‌কা হিং]।
২=[রং]—বি. অল্পাঘাত ॥ আচ্‌কাতে জিউ খাবার পায়।
৩=[ফ]—বিণ. বিনামাপে তৈরী ॥ আচ্'কা যামাড়া গায়ে লাগেনা। [দেখ আচ্'কা]।
৪=[চা]—ক্রি. বিণ. সহজ, সুলভ ॥ ওই আমারে মার্‌ব, আচ্'কা নি। [দেখ আচ্'কা; অর্থবিকৃতি]।

আচ্'কাচ'নো=[য]—ক্রি. দুঃখ করা, বিলাপ করা, শোকপ্রকাশ করা ॥ [<হচকচানা হিং]।

আচ্'কাচ্'মারা=[ফ]—ক্রি. বিস্মিত হওয়া ॥ এই কথা হুইন্যা আমি আচ্'-কাচ্'মাইর‍্যা উঠ্‌সি। [দেখ আচ্'-কাচ'নো + মারা]।

আচ্'কা পিরন=[চা]—বি. তৈরী জামা, Ready made Shirt ॥ আচ্'কা পিরনের হিনি খুইল্যা যায়। [দেখ আচ্'কা +পিরাহান پیراهن ফা.]।

আচ্'কার=[কুম]—ক্রি. বিণ. নিশ্চয়ই ॥ আচ্'কার্ আমি আইযে কাইলে যামাম। [<আক্‌সর اکثر আং; বর্ণবিপর্যয়]।

আচ্‌কিচ্যা=[রা]—অস. ক্রি. কিড়মিড় করিয়া ॥ আমাকে সে আচকিচ্যা কামড়ায়া দিছে।

আচ্'কে উঠা=[ ]—ক্রি. চমকিয়া উঠা ॥ [দেখ আচ্'কা; নামধাতু; আচ কিয়া=চমকিয়া]।

আচ্'কোট্=[য]—বিণ. অভিনব, আশ্চর্য ॥ আচ্'কোট্ কথা।

আচ্‌চক্=[রা]—ক্রি. বিণ. হঠাৎ ॥ [অচম্‌কা হিং]।

আচ্'চা খুব্‌রি=[ম]—বি. ছোট ছেলেমেয়েদের খেলাধুলার সরঞ্জাম ॥

আচ্‌চানো=[দি]—ক্রি. এইদিকে চাওয়া ॥ আচ্‌চায়েন, আমাদের বাড়ি যাইবেন। [<এই চাওয়া, এই দিকে চাওয়া]।

আচ্'চি'=[পা]—বি. নারিকেলের মালা ॥ এক আচ্‌চি' চা'উল দ্যাও।
২=[ম]—বি. হাঁচি ॥ এ্যাত যোরেই আচ্'চি' দ্যায়? [<হাঁচি]।

আচ্'চু'=[চা]—অব্য. ওহে ॥ আচ্'চু' কৈ যান?

আচ্‌চোড়া=[রা]—বি. পাখি বিশেষ ॥

আচ্‌ছা বাচ্‌ছা=[রং]—বিণ. ছোট বড় ॥ [আচ্‌ছা অনু:+বাচচা <বচচহ্ بچه ফা.]।

আচ্‌ড়া=[রা]—বি. ঝিনুক ॥ আচ্‌ড়ার বোতাম।

আচ্'না=[কুম]—বি. প্রার্থনা ॥ [<অর্চনা]।

আচ্'বাও=[ফ]—বি. জেদ, রোখ, তাপ ॥ পুরুশ পোলার ইট্টু আচ্'বাও থাকা বালা। [<আঁচ+বাও<বা অপ্রাং <বাত সং]।

আচ্'মা=[নো]—বিণ. প্রকাণ্ড ॥ য্যামন মাইয়া আচ্'মা, ত্যামন যামাই গস্‌মা।

আচ্'মানি=[কুম]—বিণ. দৈব ॥ আচ্'মানি গযব্ পরসে হিতার উপরে। [আস্‌মানী آسمانی ফা.]।

আচ্'রা=[সি]—বি. সাহায্য, সহায়তা ॥ হেইতারে এ্যাক্‌বারা আচ্'রা খর। [<আস্‌রা<আশ্রয়]।
২=[চা]—বি. আচার ॥ বেলের আচ্'রা খাইতে মযা। [আচার آچار ফা. কিংবা achar পোর্তু.]।
৩=[সি]—ক্রি. বি. আঁচড়ান ॥ তর্ চুল্ আচ্'রা অয়্ নাই? [<আঁচড়া]।
৪=[য, ম]—বি. ক্ষেতে মই দিবার জন্য বাঁশের তৈরী যন্ত্র ॥ [আঁচড়+আ প্র.]।

আচ্'রাইল্=[ম]—বিণ. যাহা আঁচ-ড়ানো হইয়াছে, পরিপাটি, পরিচ্ছন্ন ॥ আচ্'রাইল্ চুল্। [<আঁচড়া+ইল প্র.]।

আচ্'রানো=[সি]—ক্রি. মাটির উপর আঁকাজোকা করা ॥ পুয়াডা গর্ আচ্'রাইতাসে। [<আঁচড়ান]।

আচ্‌রাহ্=[রা]—বি. আঁচড়, বিঘ্ন ॥ য়্যাতে তোব কোন আচ্‌রাহ্ নেই। [<আঁচড়]।

আচ্'লা=[কুম, ফ]—বি. কাপড়ের বা চাদরের দুই পাশের আঁচল ॥ কাপরের আচ্'লাডা সিব্‌লা ক্যাম্‌নে? [আঁচলা <অঞ্চল সং]।
২=[ম]—বি. উঠানে ছড়ানো শষ্যাদি টানিয়া আনিয়া মধ্যখানে টাল বা স্তুপ দেওয়ার জন্য ব্যবহৃত হাতা বিশেষ ॥ [<আঁচড়া]।

আচ্‌লানো=[রং]—ক্রি. আঁচ্ লাগানো ॥ [আঁচ < অর্চিচঃ + আন প্র.; তুং সেলানো]

আচ্'লি=[চা]—বি. সাপকে আঘাত দেওয়ার পর সতর্কতা হেতু ব্যবহৃত নূতন কাপড়ের মন্ত্রপূত গিঁঠ ॥ আমারে একটা আচ্'লি বাইন্দা দ্যান্।
২=[কুম]—বি. হাসুলি, অলংকার বিশেষ ॥ গলাত্ আচ্'লি পিন্দে। [<হাঁসুলি তুং; হঁসলি হিং]।

আছম্‌কাত্=[দি]—ক্রি. বিণ. <অকস্মাৎ ॥

আছাড্যা=[রা]—ক্রি. বিণ. অনর্থক, নিশ্চেষ্টভাবে ॥ আছাড্যা বশে থাকলে খাবে কি? [আজাড়+ইয়া প্র.]।

আছাড়্=[রা]—বি. ঝোঁপঝাড় ॥ ঘরের পেছনের আছাড় শাফ কর। [আ (স্বার্থে) +ঝাঁড়]।

আছিম্=[রং]—বি. মাছ বিশেষ ॥ শিতের দিনে আছিম মাছ কত শাদ।

আছ্‌ড়া=[রং রা]—বি. মাটি দিয়া লেপা বাঁশের বেড়া ॥ আছ্‌ড়ার ঘরের খরচ কম হলেও টিকে বেশি।

আজর্=[রং]—বি. শক্তি ॥ [আ+জর <যোর زور ফা.; তুং অকুমারী]।

আজলি=[রা]—বি. কৈ জাতীয় মাছ বিশেষ ॥ আজলি মাছের মুখ বড়।

আজলে মারা =[রা]—বিণ. বুদ্ধিহীন, বোকা ।। আশলে মানুশিটা আজলে মারা। [<আযল ازل আঃ (অনাদিকাল) +মারা ; মূলার্থ নিয়তিতে মারা]।

আজল্=[রা]—বিণ. বুদ্ধিহীন, হাবা-গোবা ।। [ম. বাং]।

আজল্লা=[রা]—বি. আঘাত ।। মানুশিটা আজল্লায় বড় কাতরাছে।

আজা আনি =[দি, রং]—বি. <রাজা রাণী ।।

আজাইড্যা =[রা] -বিণ. অবিশ্বাস্য, অদ্ভুত।। আজাইড্যা কথায় কান দিও না।

আজাইশ্শা=[রং]—বি. <রাজস্ব ।।

আজাড়া=[রা]—বিণ. অমূলক (কথা) ।। [অ+জড়=শিকড়+আ প্র.]।

আজাড়ে =[রা] — বিণ. [illegible] ।। আজাড়ে ঝগড়া ভাল লাগে না। [আজাড়+ইয়া প্র.]।

আজাড়্=[রা]—বি. খালি ।। বাশন্টা আজাড়্ কর। [আজাড়=উজাড়]।

আজাড়্ধরি =[দি] — বি. অসুস্থ লোক ।। আজাড়ধরিটা তিন মাশ্তে ভুগিছে। [আযার آزار ফা.+ধরি]।

আজাদ্ দাওয়া=[রা, দি]—ক্রি. শায়েস্তা করা, শিক্ষা দেওয়া, শাসন করা ।। [সযা سزا ফা.+দেওয়া]।

আজান্ =[রং, রা] — বি. আবর্জনা ।। বাড়ির আজান্ শাফ কর। [<আঅজ্জনা প্রাঃ<আবর্জনা সং]।

আজারা=[রা রং]—ক্রি. বিণ. অবসর প্রাপ্ত, কর্মহীন।। আজারা বশ্যা থাকলে খাবু কি? [<আজাড়+আপ্র.]।

আজার্ =[রা]—বিণ. শেষ, খালি ।। ঘরের ভাত আজার্ করবে দেখ্ছি। [<আজাড়]।

আজালা=[দি] -বিণ. বোকা ।। আজালা মানুশ্দি কোন কাম হয় না। [দেখ আজল্]।

আজালি=[রং]—বিণ. যে জানা সত্বেও জানিবার জন্য জিজ্ঞাসা করে।। তুই আজালির হদ্দ। [দেখ আজালা + ই প্র.]।

আজাশ্কির=[রং]—বিণ. অদ্ভুত জীব ।। কি একটা আজাশ্কির আশি খাড়া হলু।

আজু=[দি, রং]—বি. নানা, মাতামহ। [আজু <আজ্জ <অজ্জঅ প্রাঃ<আর্যক সং ; আজা হিং]।

২=[রং]—বি. গানের পালা বিশেষ ।।

আজুমাজু=[দি]—বি. আত্মীয়স্বজন।। হামারা আজুমাজুর বাড়িত্ যাছি আইজ। [দেখ আজু+মাজু অনু:]।

আজুরা মাজুরা=[রং]—বি. বাছবিচার, হিসাবনিকাশ, ভালমন্দ ।। তোর মুখত্ কি আজুরা মাজুরা নাই? [অনু.; 'উয্র+মা'যুর عذر + معذور আঃ]।

আজুরি=[পা]—বি. মজুরী ।। যামাডার আজুরি কত? [<আজুর : اجور আঃ]।

আজেইড্=[দি]—বি. অবসর ।। [দেখ আজাড়+ইপ্র.]।

আজেরা মাজেরা=[রং] — বি. বাছ-বিচার, হিসাব নিকাশ, ভালমন্দ ।। তোর মুখত্ আজেরা মাজেরা নাই ।। [দেখ আজুরা মাজুরা]।

আজো=[রং]—বি. নানী, মাতামহী ।। [অজ্জু<অজ্জিআ প্রাঃ<আর্যিকা সং]।

আজোগা=[রা]—বিণ. অদ্ভুত ।। এমন আজোগা কথা শুনি নাই। [<অযোগ্য]।

আজ্জনে গিজ্জন্=[রং]—বি. পয়সা করার কৃতিত্ব ।। আজ্জনে গিজ্জন্ কিন্তু বাহে। [<অর্জন সং+এ (অধিকরণে) +গিজ্জন <কীর্তন]।

আজ্জা=[রং]—বিণ. যাহা উৎপন্ন করা হয় ।। আজ্জা তরিতরকারি খাই হামরা। [উঅজ্জ প্রাঃ<উৎপাদ্য=সং]।

আজ্জাইতে আজ্জাইতে ভোর্ ভোরা করা=[রং]—ক্রি. কাহারো বিরুদ্ধে কিছু বলিয়া মন খারাপ করিয়া দেওয়া ।। আজ্জাইতে আজ্জাইতে ভোর্ ভোরা করলুঁ।

আজ্জানির গোর=[রং]—বি. অন্যের কাছে নিজের দু:খ প্রকাশ করিতে উস্তাদ রমণী ।। [দেখ আজ্জানো+ই প্র.+র সম্বন্ধে+গোর<গুরু]।

আজ্জানো =[রং]—ক্রি. কাহারো বিরুদ্ধে কাহাকেও কিছু বলা ।।

২=[দি]—ক্রি. অর্জন করা ।। কয়টাকা আজ্জাইছ? [অর্জন সং; দেখ আর্-যানো]।

আজ্জা শাজ্জা=[রং]—বি. টাকা পয়সা ।। আজ্জা শাজ্জা করি না খালে কি চুরি করি খাবু? [দেখ আজ্জানো+শাজ্জা অনু:]।

আজ্জোট্=[রা] — বি. আঘাত ।। হাতে আজ্জোট লাইগ্ছে। [<উজ্ঝট্ উচ্চাট সং]।

আজ্জোর্=[রা]—বি. অত্যাচার, দৌরাত্ম্য ।। ছাওয়ার অতো আজ্জোর কি শওয়া যায়? [আ (স্বার্থে)+জওর جور আঃ]।

আজ্দহা=[রং]—বিণ. ভীষণ, ভয়ঙ্কর, বিরাট ।। আজ্দহা শাপ। [<আঝদহা اژدها (বিরাট সাপ) ফা.]।

আজ্নাশ্ =[রা] — বি. জঞ্জাল ।। [আজ্নাস اجناس আঃ; জিন্স্ جنس শব্দের বহুব. = জাতিসকল; অর্থের বিকৃতি]।

আজ্বর্=[রা]—বি. লম্বা ও বড় কুল বিশেষ ।। [রাজ-বদর]।

আজ্ভোগ্=[রং]—বি. <রাজভোগ, মিষ্টান্ন বিশেষ ।। এ্যাকেবারে আজ-ভোগ্ত পাছ্ছুলু না।

আজ্রানো=[রং, রা]—ক্রি. রোপন করা ।। শময়মত ধান আজ্রাতে হয়। [দেখ আয়্যানো]।

২=[রং]—ক্রি. খালি করা ।। [আজাড় +আনো প্র. ; নামধাতু]।

আজ্রা মাজ্রা =[রং]—বি. বাছ-বিচার ।। তোর মুখত্ আজ্রা মাজ্রা নাই। [দেখ আজুরা মাজুরা]।

আজ্লা=[রা]—বিণ. বোকা ।। [দেখ আজল্]।

২=[রা]—বি. ভেটকী মাছ ।। আজ্লা মাছ মজা না।

আজ্লানো=[রা]—ক্রি. জানিয়া না জানার ভান করা ।। আজলাছ্ না, ঠিক করি ক।

২=[রা]—ক্রি. নিষেধ সত্ত্বেও আহ্লাদের সাথে একই কথা বা ব্যবহারের পুনরাবৃত্তি করা ॥

আজ্‌শাই =[রং]—বি. রাজশাহী ॥ জিবনে মুই আজশাই যাঁও নাই। [<রাজশাই<রাজশাহী]।

আঝত্‌=[ম]—বি. হাজত, আটক ॥ হ্যায় তিনমাশ আঝত্ খাইটুটা আইসে। [<হাজত حاجت আং]।

আঝনে=[খু]—বি. চোখের পাতার রোগ বিশেষ ॥ তার চোখের উপরে আঝনে হয়েসে ॥ [<আঁজনাই]।

আঝন্যা=[চট্ট]—বি. বিকালে ॥ আঝন্যা তোঁয়ার অডে যাইয়ম।

আঝরে=[খু]—বিণ. বাজে, ফাও ॥

আঝর্=[কুম]—বি. ভুত, জিন ॥ মাইয়াডারে আঝরে পাইসে। [< আসর اثر আং]।

২=[ম]—বি. ভুতের আবাসস্থল ॥ এই পুরাণ বাড়িডা একটা আঝর [পুর্বে দেখ]।

৩=[চা]—বি. বোবা ভুত ॥ তরে কি আঝরে পাইল, রাও করস্‌না ক্যারে। [পুর্বে দেখ]।

৪=[কুম]—বি. চোট, আঘাত ॥ পায়ের মৈদ্‌দে আঝর লাইগ্‌সে। [<আঝার آزار ফা.]।

আঝলি=[কুম]—বিণ. অসভ্য ॥ এমুন্ আঝলি বৌ আর দেহি নাই। [<আ (স্বার্থে) + জঙ্গলী = বন্য; তুং আজলীম বাং]।

আঝলে=[খু, য]—বি. পাগলামি ভাব ॥ [দেখ আজল্‌+ইয়া প্র.]।

আঝলের্‌ মাইর=[ম]—বি. বিধির বিধান, নিয়তির খেলা ॥ 'আঝলের মাইর দুনিয়ার বাইর'-প্রবাদ। [দেখ আঝল্‌+এর (সম্বন্ধে)+মাইর=মার=আঘাত]।

আঝলের্‌ল্যাহা=[ম]=বি. বিধিলিপি, নিয়তির অলঙ্ঘ্য বিধান ॥ [<দেখ আঝল্ +এর (সম্বন্ধে)+লেখা]।

আঝল্‌=[ম]—বি. মূল, আদি, শুরু ॥ [আঝল ازل আং=ভাগ্য]।

২=[খু]—বি. কাজল ॥ চোখে আঝল্ দিতে হয়। [<আঁজল <অঞ্জন; কাজলের সাদৃশ্যে]।

৩=[কুম]=বিণ. অতি ছোট, কচি ॥ আঝল্ পোনা ধরা ঠিক না।

৪=[ম, সি]—বি. ভাগ্য, নিয়তি ॥ আঝলের ল্যাহা খন্ডান যায় না। [পুর্বে দেখ]।

৫=[সি, ম, চট্ট, নো, খু]—বি. মৃত্যু, যমদূত, দুঃ সময় ॥ হায়াত নাই, আঝলে ধরসে [<আজল اجل আং]।

৬=[ক]—বিণ. অমার্জিত, গোমূর্খ, অভদ্র ॥ তার মতন আঝল্ আর দেহি নাই। [আজহল اجهل আং জাহিল শব্দের তমবাচ্যের (superlative) রূপ কিংবা ম. বাং আজল্]।

৭=[ম, চট্ট]—বিণ. সরল, সোজা, দুগ্ধ পোষ্য শিশুর মত ॥ লোকটা খুব আঝল্। [পুর্বে দেখ]।

৮=[চট্ট]—বিণ. ভীরু, নির্বোধ ॥ পোয়াউয়া এ্যাক্‌বেরে আঝল্। [পুর্বে দেখ]।

৯=[পা]—বি. আঘাত, ভর ॥

১০=[চা]—বি. মুষ্টি ॥ ফহিরডারে এক আঝল্ চাঁইল দ্যাও। [<আঁজল <অঞ্জলি]।

১১=[খু]—বি. অঞ্জলি ॥ আঝল্ ভৈরা পানি খাও। [পুর্বে দেখ]।

আঝা=[না]—ক্রি. ভাজা ॥ মাস্‌গুলি আঝ।

২=[খু]—বি. মাতামহ ॥ [<অজ্জঅ প্রাং<আর্যক সং]।

৩=[ক]—বি. প্রলেপ ॥ গরডাত্ অহনো আঝা দ্যায় নাই।

৪=[পা]—বি.<রাজা ॥ আঝা বাদ্‌শার কতাই আলাদা।

আঝাইত্‌তা=[ল]—বিণ. দুষ্ট, দুরাচার, ছোটলোক। এমন আঝাইত্তা যামাইর কাসে কি মাইয়া বিয়া দ্যায়? [অ+জাতি+ইয়া প্র.]।

আঝাইন্না—[চট্ট]—বিণ. হারানো, নিখোঁজ ॥ আঁর আঝাইন্যা হোলা হাইসি।

আঝাইরা=[কুম]—বিণ. অবসর ॥ আমি অহন আঝাইরা আসি। [আজাড়+ইয়া প্র.]।

আঝাইরা কতা=[চা]—বি. অর্থহীন কথা ॥ হ্যার খালি আঝাইরা কতা। [দেখ আঝাইরা+কথা]।

আঝাইরা কাম=[ম]—বি. অকাজ, বাজেকাজ ॥ তরে আঝাইরা কাম করতে কৈসে কে? ['উয্‌র عذر আং + ইয়া কিংবা দেখ আঝাইরা+কাম<কর্ম]।

আঝাইর্‌গ্যা=[চট্ট]—বিণ. কর্মহীন ॥ আঝাইর্‌গ্যা ব্যাডাডা খায় কি? [আজাড়+ইগা<ইকা প্র.]।

২=[চট্ট]—বিণ. বেশী ॥ আঝাইর্‌গ্যা কথা ন কৈস্। [পুর্বে দেখ]।

আঝাইল্যা, আঝাইল্‌ল্যা=[কুম, নো, সি]—বিণ. ঝালশূন্য ॥ আঝাইল্যা সালন মযা লাগে না। [আ (=অ)+ঝালা+ইয়া প্র.]।

আঝাইশ্‌শা=[রং]—বি. <রাজস্ব ॥

আঝাওরা=[খু]—বিণ. বেজন্মা, যাহার জন্মের ঠিক নাই ॥ আঝাওরা পোলা। [আ+জাও<জাত+রা প্র.]।

আঝাংড়া=[খু]—বিণ. খুব বড় ॥ আঝাংড়া গাস।

আঝাংতা=[ম]—বিণ. যাহাতে থৈ পাওয়া যায়, জানু পর্যন্ত পানি বিশিষ্ট, কাপড় ভিজে না এমন ॥ খালডাত্ আঝাংতা পানি। [আজানু+তা প্র.]।

আঝাংরা=[য]—বিণ. নিয়মাতিরিক্ত ॥ সেলেটাকে আঝাংরা বড় দ্যাখা যায়।

আঝাগঝা=[ম]—বি. হাবিজাবি ॥ হ্যায় আঝাগঝা অনেক চি'য কিন্‌সে। [অনু.]।

আঝাগা=[চা]—বি. লজ্জাস্থান ॥ আঝাগাত ফোরা ঐসে। [আ+জগহ্ جگہ হিং]।

আযাগ্‌গর=[ম]—বি. অতিকায় হিংস্র প্রাণী, অজগর ॥ [<অজগর]।

আযাত্‌=[ম]—বি. শিরনী ॥ দরগায় আযাত্‌ দ্যাও। [<হাজত حاجت আং]।

আযাদিল্‌=[ম]—বিণ. বিরাট ॥ আযাদিল মাস। [<'আযাযীল عزازیل আং]।

আযান্ন্যা = [চট্ট] — বিণ. আনাড়ী, অনভিজ্ঞ ॥ আযান্যা লোক দিয়া কি ঐবো ? [আ+জান+ইয়া প্র.]।

আযানো=[ম]—ক্রি. ভেজান ॥ দুয়ারডা আযাইয়া দ্যাও। [√আজা<আঅজ্‌ঝা প্রাং<আবধ্য সং ; নামধাতু]।

২=[ফ, বা]—ক্রি. বি. গুড় ঘনীভূত হওয়ার সময় নাড়াচাড়া করা ॥ ভালা কৈরা আযান অয় নাই দেইখ্যা কালা দ্যাহা যায়।

৩=[নো]—ক্রি হারাইয়া যাওয়া ॥ আটে কিসু আযাইলে পাওয়া ন যায়।

৪=[ফ]—ক্রি. আগুনের মালসা ঠিক করিয়া রাখা ॥ [হাজান <সাজান =সজ্জিত করা]।

৫=[ম]—ক্রি. পার্শ্বে ভিড়া, ঘেঁষা ॥ যারের রাইতে আরও আইযা হোও। [দেখ আযানো]।

৬ = [সি] — ক্রি. আশ্রয় নেওয়া ॥ [দেখ আযানো]।

৭=[ম]—ক্রি. পাড়ে ভিড়ান ॥ নাওডা আযাও। [দেখ আযানো]।

৮=[চা]—ক্রি. জিনিসপত্র একদিকে চাপিয়া রাখা ॥ গরের যিনিশ শব আযাও, গর শাফ করন লাগব। [<সাজান]।

৯=[ফ]—ক্রি. ভাজা ॥ মাসটা আযাও। [দেখ আঁচান]।

আযাপাযা=[কুম]—বি. আলিঙ্গন ॥ পোলাডারে আযাপাযা কৈর না। [আজা =আহস্তন<আসস্তন সং+পাঁজা অনু:]।

আযা বরাদে=[নো]—ক্রি. বিণ. পুরাপুরি ॥ আযাবরাদে খাইয়া লও। [দেখ আযাপাযা+বরাজ]।

আযাবুযা=[ম]—বিণ. আলাভোলা, কাণ্ডজ্ঞান হীন, হাবাগোবা, সাদাসিধা ॥ আযাবুযা লোক দিয়া কাম ঐত না। [দেখ আযাবোযা]।

আযাবোযা=[চা]--বিণ. নির্বোধ ॥ যানাইডা যবর আযাবোযা। [<অজা+বোঝা=অজের ন্যায় বুঝ্‌ (বুদ্ধি) যাহার ; দেখ আযাবুযা]।

আযামক্‌কা=[রা, ফ]—বিণ. পরিশ্রমবিমুখ ॥ আযামক্‌কা লোকের উন্‌নতি নাই]।

আযাম্‌=[ম]—বি. নাপিত, খৎনাকারী ॥ [হাজাম<হজ্জাম حجّام আং]।

আযারা=[ম]—বিণ. যাহা ঝাড়া হয় নাই ॥ আযারা দান। [আ+ঝাড়া]।

আযারি=[ম]—বিণ. রোগী ॥ লোকটা খুব আযারি। [আযারী آزاری ফা.]।

আযার্‌রিয়া=[চট্ট]—বিণ. বাজে, খামখেয়ালী ॥ তুঁই আযার্‌রিয়া কথা কও ক্যা ? [আজাড়+ইয়া প্র.]।

আযালা=[ম]—বিণ. অর্থহীন, ভিত্তিহীন ॥ আযালা কতা কৈয় না।

২=[ম]--বি. ভান ॥ যানোতে আযালা কর ক্যা ?

আযালি=[বা]—বিণ. মশলাবিহীন ॥ আযলি তরকারি। [আ+ঝাল+ই]।

২=[ফ]—বি. একজাতীয় ঘাস ॥

আযাল্‌=[চট্ট]—বি. মোটা জালানী কাঠ ॥ [আ (স্বার্থে)+জাল]।

আযি = [ম, খু] — বি. মাতামহী ॥ [<অজ্জিআ < আর্যিকা সং ; আজা শব্দের স্ত্রী]।

২=[খু]—বি. লেপ ॥ ঘরখানা আযি দ্যাও। [<আঁজি,√অন্‌জ, অঞ্জন সং= প্রলেপ]।

৩=[য]--বি. দাগ ॥ ধোপারা কাপড়ে আযি দেয়। [পূর্বে দেখ]।

৪=[সি] — বি. হাজী ॥ আযিশাবে অয্‌ কৈবা আইসে। [হাজী حاجی আং]।

৫=[নো]—বি. ইটের গাঁথুনীর উপর চুনাবালির প্রলেপ ॥ [<আঁজি ; তুং অঞ্জন]।

আযিগুযি=[খু]—ক্রি. বিণ. অর্থহীন, বাজে ॥ কি আযিগুযি কৈতাস ? [অনু.]।

আযিযিহাল্‌ = [নো] — বি. দুর্বল অবস্থা ॥ ['আজিয عاجز আং+ই প্র. +হাল حال আং]।

আযিয্‌দার=[ম]—বি. বন্ধু ॥ ['আযীয عزیز আং+দার دار ফা. প্র.]।

আযিফা=[নো]—বি. নামজপ, কোরান হাদিসের শ্লোক পাঠ ॥ নামাযের পর আযিফা পরা সোয়াবের কাম। [ওযীফ: وظیفہ আং]।

২=[নো]—বি. বৃত্তি, মাসোহারা ॥ বালা সাতুররা আযিফা পায়। [পূর্বে দেখ]।

আযিব্‌=[চট্ট, নো, কুম, সি]—বিণ. অদ্ভুত ॥ হে একটা আযিব্‌ মানুশ। ['আজীব عجیب আং]

আযিব্‌খানা=[ম]--বি. চিড়িয়াখানা, যাদুঘর ॥ ['আজাইব عجائب আং+ খানহ্‌ خانہ ফা.]।

আযিয়া = [চট্ট] — ক্রি. বিণ. আজ ॥ আঁই আযিয়া যাইতাম নায়। [<আজি]।

২=[বা]—বি. বাঁকা লোহার আংটা, বড়শী ॥ ওক্‌কাত্‌ আযিয়া বান্দ।

আযিরা = [ম] — বিণ. অতিরিক্ত ॥ মিসামিসি আযিরা আল্‌লাদ কৈর না।

আযির্‌ = [চট্ট] — বিণ হাজির ॥ আশামি আযির্‌ ঐয়ে। [হাযির حاضر আং, ফা. উচ্চারণে]।

আযু=[খু]--বি. আজ পর্যন্ত ॥ আযু তার আইক্‌ক্যাল্‌ হলো না। [<আজও]।

আযুইয্যা=[চট্ট]—বিণ. অসঙ্গত, বেদরকারী ॥ আযুইয্যা কতা ন কৈও। [অযোগ্য ; অন্যায্য শব্দের সাদৃশ্যে]।

আযুইজ্‌দা খ্যালা=[চট্ট]—বি. গুটির খেলাবিশেষ।

আযুগার বাযু=[খু]—বি. অপরিচিত ॥ হতশব আযুগার বাযু আশি যুটসে।

আযুড়ে=[চট্ট,কু]—বিণ. বাজে, অনর্থক, নিষ্প্রয়োজনীয় ॥ তোঁয়ার পিসে আযুড়ে খাটা খাট্‌লাম। [<আজড়+ইয়া প্র.]।

আযুত্‌=[চট্ট]—বিণ. খালি ॥ বাশন্‌

আযুড়্ কর। [<আজাড়]।

আযুদ্দা=[কুম, নো, চট্ট]—বি. পরম আগ্রহ, ইচ্ছা, তৃপ্তি ॥ আমি আবুদ্দা কৈরা কাপর্‌ডা কিনুসি। [দেখ আসুদা, আসুদ্দা]।

আযুপাযু=[ফ]—বিণ. বাজে ॥ শালিশে আযুপাযু কতার কি দরকার? [অনু.]।

আযুয়া=[চট্ট]—ক্রি. বিণ. আজ॥ আযুয়া কামত্ ন যাইয়ম। [<আজি]।

আযুয়ালিন=[কুম]—বিণ. যে গরুকে হালের কাজে লাগানো হয় নাই॥ গরুডা আযুয়ালিন। [আ (না)+জোয়াল +ইন প্র.]।

আযুরা=[সি, য]—বি. পারিশ্রমিক, বেতন ॥ যামাডার আযুরা কত? [আজুর: اجورہ আং]।

আযুরে=[পা, কু]—ক্রি. বিণ. শুধু শুধু॥ আযুরে লোকটাকে ঘুরাও ক্যা?

২=[খু]—বিণ. অনর্থক, বাজে॥ আযুরে কাম।

আযুর্‌গেয়্যা=[চট্ট]—বিণ. অকেজো, অলস॥ আযুর গেয়্যা মাইন্‌শের ভাত ন মিলে। [<আজড় (=অবসর) ইয়া প্র.; অথবা+ইগা <ইকা প্র.]।

আযুলা=[সি]—বিণ. বোকা, পাগ-লাটে। আযুলা পোয়াডা খোন খামের না। [দেখ আযল্৬]।

আযুলি=[সি]—বিণ. হাবা মেয়ে॥ আযলি বৌড়া মাথাত্ কাপর দ্যায় না। [দেখ আজল্ + ই (স্ত্রী লিঙ্গে); দেখ আযুলি]।

২=[চট্ট]—ক্রি. বিণ. পথ আগলা ইয়া॥ পথ আযুলি রাখ্‌শ্ ক্যান্?[<আগুলি=আগুলিয়া]।

আযুল্=[কুম]—বি. রোজগার॥ পোলান আযুল্ খাওনের আগেই বাপ্‌টা মৈরা গ্যাল। [আজুর: اجورہ আং]।

২=[ঢা]—বি. মুষ্টি॥ ফহিরডারে এক আযুল চ'াইল্ দ্যাও। [<আঁজুল= আঁজল<অঞ্জলি]।

৩=[পা, ফ]—বি. আঁজলা॥ [পূবে দেখ]।

আযেষি=[ম]—বি. নম্রতা, অনুনয় বিনয়॥ দুই কতা আযেষি কৈরা কৈলে হুনতনা ক্যারে? ['আজিয আং+ই প্র.]। عاجز

আযেনি=[ফ]—বি. মাছ তরকারী নাড়িবার হাতা॥

আয্যা=[কুম, নো]—ক্রি. বিণ. আজ॥ আঁই আয্যা যামু। [<আজ>অজ্জ প্রাং>অদ্য সং+ইয়া প্র.]।

আযৈট্যা মরা=[ঢা]—বি. ওলাউঠা রোগে মৃত্যু ॥ যিমুন্ পাযি আসল্, হিমন্ আযৈট্যা মরা মর্‌সে।

আযৈয়া=[চট্ট]—বিণ. আয় নাই এমন॥ আযৈয়া শংশারে কে মাইয়া বিয়া দ্যায়।

আযৈর্=[ম]—বি. অবসর॥ আযৈর্ পাও না? [<আজাড়]।

আযৈল্=[ম]—বি. অঞ্জলি॥ আযৈল্ বৈরা পানি খা। [<আঁজলি<অঞ্জলি]।

আযোড়ি=[কু, ম]—বিণ. অবান্তর, অসঙ্গত, অকারণ॥ আযোড়ি কথা কওয়া ঠিক না। [দেখ আযোড়্+ইয়া প্র.]।

আযোড়্=[য]—বিণ. খালি, শূন্য॥ গামলাডা কি আযোড়্ আসে? [আজাড়]।

২=[পা]—বিণ. আস্ত, সমস্ত॥ আযোড়্ একটা কদু দিও।

আযোয়া=[বা]—বিণ. স্বাভাবিকভাবে যাহা জন্মে॥ আযোয়া যংলি ফুল দ্যাখ্‌তে শুন্দর। [আজাত <অজাত; অর্থের বিকৃতি]।

আযোয়াইল্যা=[কুম]—বিণ. হাল-চাষের অনুপযুক্ত॥ আযোয়াইল্যা গরু। [আ+জোয়াল+ইয়া প্র.]।

আযোয়ানো=[ম]—ক্রি. ভিড়ান॥ বহুত লোক আযোয়াইসে। [দেখ আযানো]।

আযোরা=[ম]—বিণ. অসংলগ্ন॥ আযোরা কতা কৈস না। [আ+জোড়া]।

আযোল্=[বা, পা]—বি. আঘাত॥

আযোল্=[সি]—বি. অদৃষ্ট॥ আযো-লের মাইর খন্‌ডাইন্ যায় না। [দেখ আযল্৪]।

আয্=[ঢা]—বি. বোকা॥ 'অতি আযের পায়ে বেরি'—প্রবাদ। [<অজ =ছাগল]।

২=[পা]—বি. রাজমিস্ত্রী॥ আযের মুযুরি চ'াইর ট্যাহা রোয। [<রাজ]।

আয্‌কাই=[নো]—ক্রি. বিণ. অনিচ্ছা সহ॥ আয্‌কাই আয্‌কাই খাওনের কাম নাই।

আয কামানো=[নো]—বি. জন্মের সাতদিন পরে সন্তানের মাথা নেড়ে করা॥ [<আজ<আচ<অশুচ+ কামান√কামা]।

আয্‌গর=[নো]—বি. সূতিকা গৃহ॥ [আজ <আচি <অশুচি+ঘর]।

আয্‌গা=[ঢা]—ক্রি. বিণ. অদ্য॥ আয্‌গা কৈ যাইবা? [<আজিকা]।

আয্‌গাই=[ঢা]—বিণ. সাংঘাতিক, খোদাপ্রদত্ত, প্রকাণ্ড॥ তর মা তাত্ আয্‌গাই ঠাডাপরুক। [আযগয়বী ازغیبی ফা. এবং আং = অদৃশ্য হইতে]।

আয্‌গাই ঠাডা পরা=[ঢা]—ক্রি. সমূলে বিনষ্ট হওয়া॥ তর উপরে আয্‌গাই ঠাডা পরুক। [দেখ আয্‌গাই +ঠাটা (=বজ্র) পড়া]।

আয্‌গি=[ঢা, ম]—বি. আড়াল, পর্দা॥ আয্‌গিত্ থাইক্যা ক্যাডায় কতা কয়?

আয্‌গুইবি=[কু, পা]—বিণ. আজব, যাহা কখনো ঘটে নাই॥ আয্‌গুইবি ব্যাপার গটি গ্যাল্ আইয্। [দেখ আয্‌গাই]।

আয্‌গুয়া, আয্‌গোয়া=[ম]—ক্রি. বিণ. আজ॥ [<আজিকা]।

আয্‌গোরে=[ম]—ক্রি. বিণ. অসা-ক্ষাতে॥ [<অগোচরে]।

আয্‌গোরে গু খাওয়া=[ম]—ক্রি. নিন্দা করা, অপযশ গাওয়া॥ আয্‌গোরে গু না খাইয়া মরদ্ ঐলে আমার শামনে ক। [মূলার্থ—অগোচরে মল ভক্ষণ করা]।

আয্যন্=[কুম]—বি. রোজগার ॥ আয্যন্ নাই, পংশার চ'লে ক্কি কৈরা ? [<অর্জন]।

আয্যানো=[পা]—ক্রি. রোপন করা ॥ তিনটা কলাগাছ্ আয্যিসি। [দেখ আজ্জা+আন প্র.]।

২=[র]—ক্রি. কাহারো বিরুদ্ধে কিছু বলা ॥

৩=[দি]—ক্রি. অর্জন করা ॥ কয়টাকা আয্যাইন ? [অর্জন সং, দেখ আয্যন]।

আয্যেইর্যা=[চা]—বিণ. আধাসেরী। তোমার আয্যেইর্যা পাতৃতোর্ডা দ্যাও। [আধসের+ইয়া প্র.]।

আয্য্যা=[চা]—ক্রি. বিণ. আজ ॥ আয্য্যা খামু। [<আজকা=আজিকা]

আয্যার=[চট্ট]—বিণ. আধাসের ॥ হিতে আয্যার চৈ'লর ভাত খাইত্ পারে। [<আধসের=অ'ধাসের]।

আয্টা=[চা]—বিণ. চতুর, দুষ্টবুদ্ধি-সম্পন্ন ॥ আয্টা মাইনুশের লাগ্ সার।

আয্দা=[চা]—বি. বড় সাপ, অজগর ॥ আয্দায় আস্তা সাগল গিল্যা ফালায়। [দেখ আজ্দহা]।

২=[সি, ম]—বিণ. অতিকায়, বিরাট ॥ আয্দা হাপ। [পূর্বে দেখ]।

আয্দামারা=[সি]—বিণ. প্রকাণ্ড ॥ আযদা মারা হাপ। [দেখ আজ্দহা+মারা ; তুং মার্কামারা]।

আয্দাহা=[কুম নো]—বিণ. বিশাল ॥ আয্দাহা হাপ। [দেখ আজ্দহা]।

আয্নবি=[সি, খু, য, ম]—বিণ. অপরিচিত, অদ্ভুত, আগন্তুক ॥ ই আয্নবি খতা পাও বৈ (সি) ? [আজ্নবী اجنبی আং]।

আয্না=[কুম, নো]—বিণ. বিশালকায়, প্রকাণ্ড।

আয্নি=[ফ]—বি. গুড় তৈরী করিবার যন্ত্র বিশেষ ॥

আয্নে=[খু]—বি. সরীসৃপ ॥ পুয়রির কোনায় আয্নে ঘুরে ঘুরে বেড়ায়। [<অজিনের সং]।

আয্পা=[য]—বি. আজে বাজে কথা, কুকথ্য ॥ গুমের মাইযে পোলোডা বর আয্পা যপে। [<অজপা]।

২=[ম]—বি. আড়াল ॥ বাতৃতিভাত্ একটা কিস্তুর আয্পা দ্যাও।

আয্বুঝ্=[খু]—বিণ. নির্বোধ ॥ আয্বুয্ মানুশ। [দেখ আয্+বুজ√বুঝ্ ; তুং আজ্বোজ্ (অনুদামঙ্গল)।

আয্বোঝ্'=[য]—বিণ. গণ্ডমূর্খ ॥ তুমি একটা আস্তা আয্বোঝ্। [দেখ আয্বুয্]।

আয্মাইশ্=[কুম, চট্ট, নো]—বি. অলৌকিক ঘটনা ॥ একটা আয্মাইশ্ দ্যাখ্লাম। [আয্মাইশ্ آزمائش ফা.=পরীক্ষা]।

২=[ম]—বি. সাব্যস্ত ॥ দশযনের আয্মাইশে তাইন সেকরেটারি ঐলেন। [পূর্বে দেখ ; অর্থের বিকৃতি]।

৩=[কুম, ম]—বি. খেয়াল, ধ্যান, মনোযোগ ॥ আয্মাইশ্ কৈরা দ্যাহ, মনে পরেনি। [পূর্বে দেখ ; অর্থের বিকৃতি]।

৪=[চা, চট্ট, নো]—বি. যাচাই, পরীক্ষা ॥ কথাডা আয্মাইশ্ কৈরা দ্যাহ ঠিক কিনা। [পূর্বে দেখ]।

আয্মানো=[ম]—ক্রি. পরখ করা, যাচাই করা ॥ [আযমানা آزمانا ফা.<হিং]।

আয্মাশ্=[ম]-বি. পরীক্ষা ॥ [দেখ আয্মাইশ্]।

আয্মাহেশ্=[য]—বি. সন্দেহ ॥ আয্মাহেশ্ কৈরা কৈওনা। [দেখ আয্মাইশ্]।

আয্মি=[চট্ট]—বিণ. পরদেশী, অপরিচিত ॥ ই মানুশানি আযুমি। [দেখ আয্নবি কিংবা আ'জমী عجمی। আং=অন-আরব]।

আযমিশ্=[ফ]—বি. পরামর্শ ॥ একটা আয্মিশ্ করন লাগ্ব। [দেখ আয্মাইশ্]।

আয্রা=[পা]—বি. সন্ন্যাসী বিশেষ ॥ চৈ'ত্ মাশে আয্রা বাইর হয়।

আয্রানো=[ব, পা, চা]—ক্রি. খালি করা, ঢালা ॥ বাশনডা আয্রাও। [<আজাড়ান]।

আয্রা পায্রা=[নো]—বি. আশ-পাশ, চতুর্দিক ॥ [<আগ+রা প্র.+পাছ+রা প্র.]।

আয্রা মায্রা=[রং]—বি. বাছ-বিচার ॥ তোর মুখত্ আযরা মায্রা নাই। [আজরা অনু:+মাজরা ماجرا আং=ঘটনা]।

আয্রোয্=[য]—বিণ. বোকা ॥ আয্রোয্ সাওয়া। [দেখ আয্বোঝ্']।

আয্লা=[কুম]—বি. অঞ্জলি ॥ এক আয্লা দৈ আন্। [<আঁজলা <অঞ্জলি]।

২=[চট্ট]—বিণ. বোকা ॥ [দেখ আজল্]।

৩=[ব]—বি. ভেটকী মাছ ॥

আয্লানো=[ম, সি]—ক্রি. ছোট ছেলে মেয়েদের অনুকরণে ভাংগা ভাংগা কথা বলা ॥ এত বর ব্যাডায় আয্লায়।

আয্লি=[চট্ট]—বিণ. বোকা ॥ 'আয্লি বেডি ভেহেলি, শিক্কিরে কয় আধুলি।' [দেখ আযুলি]।

আয্হাড়ি=[কু]—বিণ. অযথা, নিরর্থক ॥ আয্হড়ি কাযে ক্যাডা যায় ? [আজ্হল اجہل আং+ই প্র.]।

আঝ'ালা=[কু]—বিণ. ঝালবিহীন ॥ আঝ'ালা তরকারি। [আ+ঝালা]।

আঝিহি=[রা]—ক্রি. বিণ. আজই ॥ আঝিহি বাড়ি যাব। [আজিহি ম. বাং]।

আঝুড়া=[রা]—বিণ. যাহার ডাল ছাঁটা হয় নাই ॥ খ্যাজুর গাছগুলা এবার আঝুড়ায় থাকুল। [<আ+ঝুড়া]।

আঝোঁড়া দ্যাওয়া=[কু]—ক্রি. উস্কানি দিয়া বিপদ ঘটানো ॥ আপন যন আঝো'ড়া দিতে কসুর করে না।

আঝোড়্=[রা]—বি. প্রতিবন্ধক ॥ ভালো কাজে খালি আঝোড়্ পড়ে।

আটক্=[রা, ব]—বি. একঘরে ॥ মোল্লারে গাওয়ালিয়া আটক্ দিসে (ব)।

২=[ফ]—বি. বিশ্বাস ॥ তোমারে দিয়া আটক্ নাই।

৩=[রা]—বি. অকর্ষিত ভূমি ॥

[<আ+কট<কৃষ্ট]।

৪=[খু, য]—বি. কষ্ট ।। অত চং দেখ্‌লে আমার তো আটক্ ঠ্যাকে।

৫=[ব]—বি. অভাব ।। তার খুব আটক্ হোলো।

আটক্ মটক্=[সি]—বি. লজ্জা, সঙ্কোচ ।। [<আটক+মটক অনু:]।

আটনি=[ঢা]—বি. চুনের ঘরে ব্যবহৃত বাঁশের দণ্ড বিশেষ ।।

আটন্=[ফ]—বি. খড়ো ঘর তৈরীর উপকরণ ।।

আটন্ সাটন্=[ঢা]—বি. কড়ি বরগার ফাঁক ।। আটনে সাটনে মাকরে যাল বানাইসে। [দেখ আটন্]।

আটপ্‌কা=[ম]—ক্রি. বিণ. হঠাৎ ।। আটপ্‌কা এ্যাকটা হাপ্ বার ঐসে। [<আচম্‌কা]।

আটল্=[কু]—বি. বাঁশের খণ্ডিত অংশ ।। আটল্ সাড়া ঘর সাইবা কি দিয়া।

২=[খু]—বি. (বাঁশের তৈরী) মাছ ধরার যন্ত্র বিশেষ ।। আমি খালে আটল্ পাতৃসি।

আটশ্‌কলি=[ব]—বি. অড়হর কলাই ।। এবার আটশ্ কলির দর খুব বেশি। [আটশ্+কলি<কলাই]।

আটা=[নো]—ক্রি. হাঁটা ।। আটতাম্ হারতাম্ না [<হাঁটা]।

২=[কু]—বি. আগ্রহ ।। [<আঠা]।

আটাআটি=[সি]—বি. স্বল্পতা, কৃপণতা ।।

২=[রা]—বি. পাখি ধরিবার সরঞ্জাম বিশেষ ।।

আটাই=[সি]—ক্রি. বিণ. কষিয়া ।। বাশগুলি আটাই বান্দ। [<আঁটিয়া]।

আটাইয়া=[কুম]—বিণ. আট মাসের গর্ভবতী ।। আটাইয়া বৌ বেশি লোর্‌তে চো'র্‌তে পারে না। [<আট মাসিয়া, আট+মাস+ইয়া প্র.]।

২=[ঢা, সি]—ক্রি. বিণ. কষিয়া ।। গিরাটা আটাইয়া দ্যাও। [<আঁটিয়া √আঁট্+ইয়া]।

আটাইয়া দেওয়া=[ম]—ক্রি. প্রবেশ করান ।। দোরিটা আটাইয়া দে। [আঁটাইয়া দেওয়া √আঁটা প্রযোজক ক্রিয়া √আঁট্]।

আটাইয়া নাইয়র্=[ঢা]—বি. বিবাহের পর বরের বাড়ি গিয়া কনের আটদিন থাকা ।। [আট+ইয়া প্র.+নাইয়র <নাইহর <নাইঘর প্রাং <জ্ঞাতিগৃহ সং]।

আটাইল্=[ম]—বি. আঁটুলি, জোঁকের স্বভাব ।। [আঁটা+ইল প্র.]।

২=[ম]—বিণ. অতি দুষ্ট ।।

৩=[রং]—বিণ. কার্য তৎপর ।। [<আটা, আঁঠা+ইল প্র.]।

৪=[সি]—বি. গরু বা কুকুরের গায়ে ঘা ।। আমার গোরুর গতরো খুব আটাইল্।

আটাইল্ কাউরি=[সি]—বি. যে বক গরুর গায়ের ঘা ঠুকরায় ।। [আঁটাইল,+খাউরী, √খা+উড়ী প্র.]।

আটাউটি=[সি]—বি. <হাঁটা হাঁটি ।। চো'বেরা রাইতে আটা উটি করে।

আটাচালা=[দি, রা]—বি. আটা চালুনি ।। আটাচালা দিয়া আটা চালে।

আটানি=[ম]—বি. শাসন ।। আটানি না কোর্‌লে পোলাপান মানুশ অয়? [আঁটানি√আঁটা=ধমকান]।

আটানো=[সি]—ক্রি. বন্ধকরা ।। দরযা-খান আটাও। [আঁটান<আঁটা+আন ক্রিয়া সূচক প্র.]।

আটাপাশি=[রা, দি]—বি. কাছাকাছি ।। [আটা+পাশি<পাশ+ই প্র.]।

আটাপিটা=[পা]—ক্রি. বিণ. শক্ত ভাবে ।। ব্যাড়াটা আটাপিটা কোইর‍্যা দ্যাও। [<আটোপিটে]।

আটাপোষ্টি=[সি]—বি. বাধা নিষেধ ।। [আঁটা+পটী অনু:]।

আটাপোট্‌টি=[ম, সি]—বি. কড়াকড়ি, বাধ্য বাধকতা, বাধা নিষেধ ।।

আটাম্=[খু, বা]—বি. বন্ধন ।। [আঁট+আম প্র.]!

আটালু=[সি]—বি. বক জাতীয় পাখী বিশেষ ।।

আটাল্=[ম, কুম]—বি. রাজস্ব টিকিট, ডাক টিকিট ।। পোশ্‌টাফিশে যাবা, আমার নিগা এ্যাকটা আটাল্ আইনো ।। [আঠাল <আঠা + ল প্র.= আঠা যুক্ত (টিকিট)]।

২=[য]—বি. ঘরের কড়ির সঙ্গে ঝুলানো তাক ।। আটালে কাপড় রাখ। [<আ+টাল]।

৩=[রং]—বি. ঘরের ছাদ, কড়ি ।। আটালের আলুগুলা পঁচি গেইছে। [<অট্টাল সং=প্রাসাদোপরিগৃহ, অর্থের বিকৃতি]।

৪=[রং]—বি. বাঁশের তৈরী মাচা বা চৌকি ।। [দেখ আটাল্‌২]।

আটাশি=[সি]—বি. গোখরা সাপ ।।

আটাশে=[কু]—বিণ. আট মাসে জাত ।। [<আট মেসে<আট মাস+ইয়া প্র.]।

আটাশ্=[বা, ঢা]—বিণ. আশ্চর্য, অবাক ।। উট্টানি স্যারার কান্ড দেইখ্যা এক্‌কেরে আটাশ্ খাইয়া রোইসি। [<হতাশ; অর্থের বিকৃতি]।

আটিং মারা=[রা]—ক্রি. পলায়ন করা ।। [আটিং + মারা √মার্; আটিং = গোড়ালি]।

আটিকুটি=[দি]—ক্রি. বিণ. দ্বিধা ।।

আটি বিটি=[সি]—ক্রি. বিণ. হাত পা-গুটাইয়া ।।

আটিয়া খ্যাচর্=[রং]—বিণ. দুষ্ট, শয়তান ।। লোকটা আটিয়া খ্যাচর। [<আটিয়া <আঁট=শক্ত+ইয়া প্র.+খচচর]!

আটিয়া ধরা=[রং]—ক্রি. ধ্রুবজ্ঞানে বিশ্বাস করা ।। এই মিচা কতাটা আটিয়া ধরা ভাল্ নোয়ায়। [আঁটিয়া=শক্ত করিয়া+ধরা]।

আটিশর্=[রা]—বি. ঝোপ জাতীয় গাছ ।।

আটুশ্=[রং]—বি. তারিফ বা প্রশংসা করা ।। [<অস্তুত<স্তুতি]।

আটে=[খু]—ক্রি. বিণ. জোরে ।। [<আঁটিয়া]।

আটে কাটা=[খু, য]—বি. উচ্ছিষ্ট,

ভুক্তাবশিষ্ট ॥ [<এঁটো কাঁটা]।

আটে কাটে=[পা.]—ক্রি. বিণ. শক্ত ভাবে ॥

আটাল্ পাটাল্=[পা]— বি. মজুর, সমাজের নিম্নস্তরের লোক ॥ আটাল পাটালের দিকে নযর রাইখ।

আটো=[পা,ম,রং]—বিণ. ছোট, সরু ॥ আংগারটা পাওত্ আটো হৈছে (রং)। [<আঁট+উয়া প্র.]

আটোক্ = [রা] — বি. অভাব ॥ [<আটক=বাধা]।

আটোক্ শুটোক্=[রা]—বি. আপদ বিপদ ॥ আটোক্ শুটোকে তার কাছেই জাই বেশি । [দেখ আটোক + শুটোক অনু:]।

আটোপন্নে=[রা]—ক্রি. বিণ ভীষণ ভাবে ॥ পাগলের পেছনে ছেলে পেলেরা আটোপন্নে লেগেছে।

আটোমাটো=[রা] — ক্রি.বিণ. ভিজা-ভিজা, মাখামাখি ॥ এক্না তরকারি দিয়ে ভাত্গুলা আটোমাটো হবে। [অনু.]।

আটোয়া=[দি] — বি. বিবাহের অষ্টম দিনে কনের পিতৃগৃহে আসার উৎসব ॥ [আট+উয়া প্র.]।

আটোর্=[ব, রা]— বি. অড়হড় ॥ আটোরের ডাল্ ।

আটোল্=[খু, য]—বি. মাছ ধরিবার এক প্রকার ফাঁদ ॥ [দেখ আটল্$_{2}$]।

আট্=[কুম, গি] — বি. হাট ॥ আটে যাই । [<হাট]।

২=[খু]—বি. কাপড়ের পাড় ॥ দুই রোঙের আট্ পালি খাত্তা গিয়েতাম।

৩=[বা]—বি. গৃহ সংলগ্ন বৃক্ষাদির বাগান ॥ শে দাউর্ (= লাকড়ি) টোহাইতে আটে গেসে।

৪=[চট্ট] — বি. ক্ষেতের চারপাশের বেড়া ॥ [<আটি]।

৫ = [লুম] — ক্রি. বিণ. শক্ত ॥ শিশির ডিপাটা আট্ কৈরা দিঅ। [<আঁট]।

আট্ কাঁকি=[কু] — বি. রূপার তৈরী পায়ের গয়না বিশেষ ॥ তোমহার মাইয়ার আট্কাঁকি কোই? [<আটকাঁকী]।

আট্ কায়া=[কু]—বিণ. অস্থির ॥

আট্ কারাম্ = [চা] — বি. বাবুয়ানা ॥ এ্যাত আট্কারাম্ এ্যাক্দিন ছুইট্ চা খাইবো। [দেখ আট্কায়া+ম প্র.]।

আট্ কি = [ম] — বি. কঞ্চি ॥ বাঁশের আট্কি দিয়া বোর্শির সিপ্ অয়।

আট্ কি পাট্ কি =[কু]—বি. চঞ্চলতা, আইঢাই ॥ [অনু.]।

আট্ কুইরা=[চা]—বিণ. নিঃসন্তান ॥ আট্কুইরার মুখ দেখ্লে অযাতৃরা অয়। [<আঁটকুড়া]।

আট্ কুরি=[ম]—বিণ. যে কুড়াইয়া খায়, পর প্রত্যাশী, ভিক্ষুক ॥ [<হাটকুরি= যে হাটে কুড়াইয়া খায় কিংবা<আঁট কুড়ে <আস্তা কুড়া+ই প্র.]।

আট্ কেরিয়া=[নো]—বিণ. বেখাপ্পা ॥ [<অট্কল اٹکل হিং + ইয়া প্র.= আনুমানিক]।

আট্ কোল থাকা বা হওয়া=[রা]—ক্রি. খেয়াল থাকা বা হুঁশ্ হওয়া ॥ [দেখ আট্কেরিয়া+থাকা, হওয়া]।

আট্ খুটৈয়া=[ফ] — বিণ. ছোট অথচ শক্তিশালী ॥ আট্খুটৈয়া মানুশ শহযে অরান্ অয়না। [<আটখুটে<আক্-খুটে<আখেটক (=শিকারী) সং; অর্থ বিকৃতি কিংবা আঁটপিটে শব্দের বিকৃতি]।

আট্ খুরা=[ম,গি]—বিণ. নির্বংশ, সন্তান-হীন ॥ আটখুরা লোকটা মোইরা গেলে তার শয়শম্পত্তি পাইবো কেডায়? [<আঁটকুড়া]।

আট্ খোরা=[কুম]— বিণ. ॥ নির্বংশ, সন্তানহীন ॥

আট্ গা=[কুম]—বিণ. আটটা। আট্গা টেহা দ্যাও। [< আট + গা = টা; গো হিং]।

আট্ চাঁইয়া=[গি] — বিণ. যে কৃষি-ভূমিকে আটবার চাষ করা হইয়াছে ॥ এই খোলিটা আট্চাঁইয়া [<আটচাষিয়া]।

আট্ চাল্ = [খু]— বি. লাঙ্গলের খিল, ঈশের পশ্চাতের কাঠের খুঁটা ॥

আট্ টাইয়া = [চা] — অস. ক্রি. হাঁটু দিয়া আঘাত করিয়া ॥ তরে আট্টাইয়া শ্যাশ্ কোরুম। [<হাঁটু+ইয়া]।

আট্ টাইশ্ = [ম] — বি. অবাক ॥ তোমার কথা হুন্লে আট্টাইশ্ লাগে।

আট্ টিগাট্ টি = [চা] — বি. ভাবভঙ্গী, স্বভাব ॥

আট্ টু=[কুম,বা,চট্ট]—বিণ. আরেকটু ॥ আট্টু তর্কারি দ্যাও! [<আর+এক +টু]।

আট্ টুয়ান = [চা] —বি. হাঁটু দিয়া আঘাত করা ॥ এমুন চোট [illegible] আট্-টুয়ানের কাম। [হাঁটু+আন ক্রিয়া বাচক প্র. ; নামধাতু]।

আট্ ট্যা = [রা] — ক্রি. বিণ. শক্ত করিয়া ॥ শিশির ছিপি আট্ট্যা লাগ্ছে। [<আঁটিয়া]।

আট্ ঠ্যা = [রা] — বি. কলা গাছের সারাংশ। [<আটিয়া=এঁটে]।

আট্ তে = [রং] — ক্রি. বিণ. নিকট ॥ আমার আট্তে কিছু নাই।

আট্ দল্ লি = [দি] — বি. আর্দালী ॥ [<আর্দালী (orderly ইং)]।

আট্ নে=[পা]—বি. হাটে ॥ [<হাট+এ অধিকরণে]।

আট্ পহরি = [ম] — বিণ. সচরাচর, সাধারণ ॥ [< আটপহরিয়া < অষ্ট প্রহরিকা ; তুং আট পৌরে]।

আট্ ফাটাং = [পা] — বি. ফুটানি ॥ তোমার আট্ফাটাং দেইহা আর বাচি'না।

আট্ ফাটাঙা=[পা]—বিণ. আড়ম্বরপূর্ণ ॥ তোর আট্ফাটাঙা কতার কোন দাম নাই।

আট্ ফিটাফিট্=[রা]—ক্রি. বিণ. শব্দ ॥ আট্ফিটাফিট্ কোইরা কান্দ।

আট্ বিয়াতি=[চা]—বি. সওদাপত্র ॥ বাযার্তে আট্ বিয়াতি লোইয়া বোল্দি আইয়া পোরিশ্। [<হাট বেসাতি]।

আট্ মাশ্=[চট্ট]—বি. সুদিন ; আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন এই চারি মাস বাদে বাকী কয় মাস ॥

আট্ রূপের বাণি = [রং]— বি. খাঁটি কথা, দৃঢ় কথা ॥ মুঁই আট্রূপের বাণি কমোঁ। [বানি<বাণী]।

আঠয়া=[দি]—বি. বিবাহের অষ্টম দিনে স্বামীসহ কন্যার পিত্রালয়ে গমনের রাত্রি ।। [দেখ আটোরা]।

আঠা আজর্=[সি]—বি. অভ্যর্থনা ।।

আঠাই=[চট্ট]—বিণ. অথৈ, গভীর ।। আঠাই পানিত্ নামিলে ডুবি যাবি। [<অথাই<অস্তাষ সং]।

আঠাইলা=[পা]—বিণ. এঁটেল ।। [আঁটা (=শক্ত)+ইলা প্র.]।

আঠাইল্=[সি]—বিণ. ঘনীভূত ।। আঠাইল্ দুদ্ বর মযা। [আঠা<আঁটা (=ঘন)+ইল প্র.]।

২=[পা]—বি. গরু, ভেড়া, ছাগল প্রভৃতির গায়ের উকুন।।

আঠাপাইনা=[পা]—বিণ. গাঁজাখুরে।। রাখ্ তোর আঠাপাইনা গল্প।

আঠালিয়া=[ফ]—বি. দাঁতনের গাছ ।।

আঠিশেল্=[পা]—বি. বাসনপত্র ধোঁয়ার স্থান ।। [আঠি=এঁটো+শেল<শালা]।

আঠু বারাইয়া=[ম]—ক্রি. বিণ. হাঁটু পর্যন্ত ।। মাইয়্যার মাথার চুল্ আঠু বারাইয়া পরে। [হাঁটু + বাড়াইয়া (=অতিক্রম করিয়া)]।

আঠুয়াল্=[রা]—বি. ওজন করিবার বাটখারা ।।

আঠে=[খু]—বিণ. এঁটো, উচ্ছিষ্ট ।। আঠে ভাত মুর্ গিরে দ্যাও। [আঁইঠা<আমিট্ঠ প্রাং<আমৃষ্ট=এঁটো]।

আঠ্ কোরালি=[কুম]—বি. দাঁতের মাড়ি ।। দাঁতন কোর্লে আঠ্কোরালি শক্ত থাহে।

আডক্=[ম]—বিণ. আটক, বন্দী ।। বৌডা হোউরের বারিত্ আডক্ আসে। [<আটক]।

আডম্ বাডম্=[বা]—ক্রি.বিণ. উপক্রম, আয়োজন ।। যত্ন আইবার আডম্ বাডম্ ঐসে। [অনু.]।

আডরা=[কুম]—বিণ. যে হাঁটিতে পারে ।। আডরা মুইট্কারে লেইক্যা রাইখ, পানিত্নি আবার যায়। [√হাঁট +রা প্র.]।

আডর্=[চট্ট,সি]—বি. আদেশ ।। মাশ্টার শাব্ পরা হিক্তে আডর্ দিসে। [<অর্ডার order ইং]।

আডা=[কুম, রা]—বি. আটা, চাউলের গুড়া ।। [<আটা]।

২=[কুম, ঢা]=বি. আঠা ।। আডা দিয়া কাগযডা যোরা দ্যাও। [<আঠা]।

৩=[ঢা]—বি. ঝামেলা, জঞ্জাল ।। আডা লাগাইন্যা কাম কর কেরে?

৪=[বা]—বি. খড়, কাঠ প্রভৃতির আঁটি বিশেষ ।। কাডের আডা বান্দ। [<আঁটি]।

৫=[নো]—বিণ. অনর্থক, বাজে ।। আডা কথা কি কোইরা কশ্?

আডাইয়া=[ফ]—ক্রি. বিণ. চাপিয়া ।। আডাইয়া দর, হাসা কথা বার ঐবো। [<আঁটিয়া]।

২=[ম]—বিণ. আট মাসে যে সন্তান হয় ।। আডাইয়া পোলার যার্ বেশি। [<আট মাসিয়া]।

আডাইয়া=[কুম]—বি. পুং হাঁস ।।

আডাইল্যা=[ফ]—বিণ. অলস ।। আডাইল্যা মানুশ।

২=[ক, ঢা]—বিণ. এঁটেল ।। আডাইল্যা মাডি। [<আঁটাল+ইয়া প্র.]।

আডাইল্=[ঢা]—বি. এঁটুলি ।। গরুর গতর আডাইল্ থাহে। [<আঁটুলি]।

আডাইশ্=[ম]—বি., বিণ. আটাশ, ২৮ ।। [<আটাইশ]।

আডাউত্তা=[খু]—বি. শিল নোড়া ।। ভাল আডাউত্তা না ঐলে ওশুধের বাকল গুড়া অয় না।

আডাকোডা=[ঢা]—বিণ. ঘন, গাঢ় ।। সালোন্ডা এ্যাকটু আডাকোডাও অয় নাই। [<আঁটা (ঘন অর্থে) + কোটা অনু:]।

আডাত্তুর=[ম]—বি., বিণ. আটাত্তর, ৭৮। [<আটাত্তুর=আটাত্তর]।

আডানো=[ঢা]—ক্রি. ঢুকান ।। নাওডা বংগলে আডাইয়া থো। [<আঁটান]।

আডান্নিয়া ফুত=[ম]—বি. যে সন্তান মায়ের পুনর্বিবাহের পর বি-পিতার বাড়িতে চালিয়া আসে ।। আডান্নিয়া ফুতের এ্যাত ফুডানি ক্যা? [হাঁটান+ইয়া প্র. + পুত < পুত্র=হাঁটানো ছেলে]।

আডাপুট্কি=[কুম]—বি. আরামপ্রিয়, বিলাসী (ব্যঙ্গার্থে) ।। কি আডা পুট্কিরে, কোন কতা নাই বার্তি নাই, আমার যামা কাপর লৈয়া ব্যারাইতে বাইর্ ঐসে।

আডার্ ঠাইত্=[নো]—ক্রি. বিণ. হঠাৎ ।। আডার্ঠাইত্ মিসা কতা কৈস্ না।

আডার্ বিসা=[নো]—বিণ. ধুরন্ধর, বাটপার ।। হোলাডা আডার্ বিসা।

আডালি=[ফ]—বি. গরুর গায়ের এক-প্রকার পোকা ।। [দেখ আঠাইল্২]।

আডাহোলি=[ঢা]—বি. ঢেঁকির মধ্যস্থ কীলক ।। ডেহিত্ আডাহোলি নাগাও। [<আড়শলি, আড়শলা]।

আডি=[কুম]—বি. আঁটি, গুচ্ছ ।। দানের আডি। [<আটি, আঁটি]।

২=[ম,ঢা,বা,কুম]—বি. বীজ, বীচি ।। তালের আডি। [<আঁটি, আঁঠি <অস্থি সং]।

৩=[ঢা]—বি. গ্রামের পাড়া ।। তোমার বারি কোন আডি? [<হাটি]।

আডি আডি=[চট্ট]—ক্রি. বিণ. হাঁটিয়া হাঁটিয়া ।। বারিত্ আডি আডি যাইয়ম। [<হাঁটি হাঁটি<হাঁটিয়া হাঁটিয়া]।

আডিলি খাওয়া=[রং]—ক্রি. উৎকট চীৎকার করা ।।

আডু=[ঢা, কুম, ম]—বি. হাঁটু ।। আডুর উপ্রে কাপর্ তুইল্ল না। [<হাঁটু]।

আডুই=[ম]—বি. জলাভূমি ।।

আডুইয়া=[ঢা]—বিণ. খুব হাঁটিতে পারে যে ।। [<হাঁটা + উইয়া প্র.]।

আডুকাসা=[ঢা]—বি. হাঁটুর নীচ পর্যন্ত কাপড় রাখিয়া দেওয়া কাছা ।। [<হাঁটু +কাছা]।

আডু চিঁরিয়া দেখানো=[খু]—ক্রি. আগে আগে কথা বলা ।। পোলাডা যখন

তখন আড়ু চি'রিয়া দেখায়। [<হাঁটু চিরিয়া দেখান]।

আড়ুয়া = [সি] — বিণ. বুদ্ধিহীন॥ আড়ুয়ার কতা হুনে কে ?

আড়ে=[চা]— বি. আঁটুনিতে॥ 'ওতি আড়ে বাইট্যা সিরে'—প্রবাদ। [<আঁটে =আঁটুনিতে]।

২ = [রা] — অব্য. ওহে॥ আড়ে বু এ্যাক্ কথা।

আড়ে গাড়ে=[চা]—ক্রি. বিণ. যেখানে সেখানে॥ আড়ে গাড়ে এই কতা কোইস্ না। [<হাটে ঘাটে]।

আড়ে নাড়ে=[ফ]—ক্রি. বিণ. সময়ে অসময়ে। আড়ে নাড়ে আড়া আড়ি বাল্য না।

আড়ে পাকে=[চা]—ক্রি. বিণ. মাঝে মাঝে॥ কোরিম আড়ে পাকে আমাগো বারি আহে। [<আড়ে <আঁটে + ফাঁকে]।

আড়ে ফাড়ে =[চা]—ক্রি. বিণ. মাঝে মাঝে॥

আড়ৈ=[কুম]—বি. ছোট ফল বিশেষ॥ [<আটবাঁকী]।

আড়ৈয়া=[নো]—বিণ. বিচিপূর্ণ কলা॥ [<আঁটি+ইয়া প্র.]।

আড়ৈরা=[রা]—বিণ. পুরুষ (পাখী)॥ আড়ৈরা আগে (=হাঁসে) বদা দেয় তুই কোন্ ঠাই হোন্‌ছত্ ?

আড়ৈল্যা কিল্=[চা]—বি. খুব জোরের কিল॥ কতা না হুন্‌লে আড়ৈল্যা কিল্ কিলামু। [আড়ৈল্যা <হাট + আল ইয়া প্র.+কিল=হেটো কিল]।

আড়োন্ খাড়ুন্=[ক]—বি. চেষ্টা, পরিশ্রম॥ হগল আড়োন্ খাড়ুন্ বরবাদ্ ঐসে। [<আড়োন অনু: + খাটন√ খাট্]।

আড়্‌গাস্=[চট]—বি. এক প্রকার গাছ॥ আড়্‌গাসের তক্তা দি চে'াহি অয়।

আড়্‌ডি=[চা, কুম]—বি. হাড়॥ তার আড়্‌ডি শক্ত। [<হড্ডী হিং=হাড়]।

আড়্‌ডি অসুখি ঘুরি অওয়া=[চট]—ক্রি. খুব বেশী ক্লান্ত হওয়া॥ [মূলার্থ—হাড়টাড় গুঁড়া হওয়া]।

আড়্‌ডি চে'াশা=[চা]—বিণ. শোষক, উৎপীড়ক॥ মাতুবর্‌ডা আড়্‌ডি চে'াশা। [<হাড্ডি<হড্ডী হিং+চোষা]।

আড়্‌ডুশ্=[নো]—বিণ. অকেজো॥ তোমার সাওয়াল্‌ডা এক্‌কেরে আড়্‌ডুশ্।

আড়্‌বেক্কি=[ফ]—বি. চিংড়ি মাছ ধরিবার ফাঁদ বিশেষ॥

আড়্‌ং=[খু]—বি. আড্ডা॥ যুয়ার আরঙে বৈস্ না। [=আড়ঙ্গ]।

আড়ম্ বুশ্=[নো]—বিণ. বোকা॥

আড়ল্=[চট]—বি. লাঙ্গলে ব্যবহৃত কীলক॥

আড়া=[খু, য]—বি. অগভীর গর্ত॥

২=[খু]—বি. নর্দমা, পয়ঃ প্রণালী॥

৩=[নো]—বিণ. আজে বাজে, অসার॥

৪=[চট, দি, রা, নো]—বি. উঁচু আল, উঁচু ভূমি॥

৫=[চট]—বিণ. অর্ধ॥ কাঅড়্ আন্ রৈদে আড়া শুক্‌না হৈয়ে। [<আঢ়া <অড্ঢ প্রা:<অর্দ্ধ সং]।

৬=[খু]—বি. কাপড় শুকাইবার বাঁশ॥

৭=[চট]—বি. করাত॥ আড়াদি গাস্ কাট্টর্। [আরা ارا ফা.]।

৮=[রং]—বি. বাঁশের ঝাঁড় বা ঝোঁপ॥ 'আড়া বাড়িতে কালা গাই, চুপুত্‌চুপুত্ দোবার জাই—ছড়া।'

আড়াই = [খু] — বি. যাত্রাগানের প্রাথমিক উচ্চ বাদ্য॥

২=[রা]—বি. বেতের তৈরী ছোট পাত্র বিশেষ॥ [<আঢ়কী]।

আড়াই পেচি = [রা] — বি. বাহুর অলঙ্কার বিশেষ॥ কোনুয়ের উপর আড়াই পেচি লাগাচে। [<আড়াই পেঁচি]।

আড়াইয়া=[চট]—বি. শ্বশুর বাড়ীতে নূতন জামাতার আড়াই দিন অবস্থান॥ যামাই আড়াইয়া গড়িবার লাই পাঁচ' ঘন্ বোনুধু আনিব। [<আড়াই+ইয়া প্র.]।

আড়াইল্=[চট]— বি. বাছুর বাঁধিয়া রাখার ব্যবস্থা বিশেষ॥

২=[পা]—বি. ঘাস বিশেষ॥

আড়াইল্‌লা=[চট]—বি. প্রতিবেশী॥ আঁর আড়াইল্‌লা বে আগ্‌গুন্ ভালা।

আড়াং তাড়াং=[রং]—বি. রাগারাগি॥ আর আড়াং তাড়াং না করিশ্ বায়। [অনু.]।

আড়াকশ্=[রং]—বি. কাঠের মিস্ত্রী॥ আাড়াকশ্ দিয়া গাছটার তক্‌তা করোঁ। [আরাকশ্ آرا كش ফা.]।

আড়াতি=[রং]—বি. কথামত ব্যবস্থা, আয়োজন॥ আড়াতিখান কনেক্ বায়।

আড়াত্=[রং] — বি. রাগ॥ আড়াত্ কোরিশ্ কেনে বাহে ?

আড়ানি=[রা]— বি. জাংলা, মাচা॥ লাউ গাছে আড়ানি লাগে।

আড়ানো=[রং, খু, য, কু] – ক্রি. অসার হওয়া, অকেজো হওয়া, আড়ষ্ট হওয়া॥

আড়াবাড়ি=[রং]—বি. জঙ্গল, বাঁশবন॥ আড়াবাড়িত্ ক্যানে গেচিশ্ বাহে ?

আড়াম্ পোট্‌টি=[কু]—বি. বৃথা পাঁয়তারা॥ তার শুধু আড়াম্ পোট্‌টিই সার।

আড়ায়া দেওয়া=[পা]—ক্রি. উস্কানি দেওয়া বিশেষ॥

আড়ালি=[রা]—বি. এক প্রকার বাঁশ॥ আড়ালি বাশোত্ ঘুন ধরে কম।

আড়ালেয়া = [রা] — বি. নাশ্‌তা॥ আড়ালেয়া খাচু।

আড়াল্=[পা]—বি. ধানের জমির অবস্থা বিশেষ—॥

আড়াহাডাইল্‌লা = [নো] — বিণ. সরল॥ এ্যাত আড়াহাডাইল্‌লা ঐলে কি আর চ'লে ?

আড়াহোত্=[রা]—বি. চক্ষু লজ্জা॥

আড়ি = [দি, রং] — বি. বিধবা॥ [<রাঁড়ী]।

২=[নো]— বি. ধান চাউল মাপিবার পাত্র বিশেষ॥

৩=[খু]—বি. রাগ॥

আড়িকল্=[চট]—বি. পাখি বিশেষ, হাড়গিলা॥

=[রা]—ক্রি. বিণ. ইতস্ততঃ;

এদিক ওদিক ।। শতুত কথা সোন্তে আড়িগুড়ি করে।

আড়িনি = [নো] — বি. মাদী হাঁস ।। আড়িনি আন্ডা পারে।

আড়িয়া=[রং]—বি. ষাঁড় ।। [<আড়িয়া <আঁড় <অণ্ড+ইয়া প্র.=এঁড়ে]।

আড়িয়াল্=[নো] — বি. এক প্রকার গাছ ।। আড়িয়াল্ গাসের ফল খাওন্ যায় না।

আড়ির্ বেটা=[রং]—বি. পিতৃ পরিচয় হীন সন্তান ।। আড়ির বেটার ফুটানি কি বাহে। [<রাঁড়ীর বেটা]।

আড়ুক্ ধুরুক্ = [রং] — ক্রি. বিণ. সাত-তাড়াতাড়ি ।। আড়ুক্ ধুরুক্ কাজ কোরলে হয় না। [অনু. ; হুড়ুম দুড়ুম]।

আড়ুচ্‌চোঁ=[খু]— বি. বাদী ।।

আড়ুজাং=[রং]—বিণ. খুব, বেজায় ।। মানুশ্‌টা আড়ুজাং চাঙা।

আড়ুবাড়ু করা=[পা]—ক্রি. বমি বমি করা ।। আমার গা আড়ুবাড়ু কর্‌সে।

আড়ুয়া=[রা]—বিণ. কাণ্ডজ্ঞান হীন, বোকা ।। করিম বড় আড়ুয়া পোয়া।

আড়ুয়া নাগা = [রং] — বিণ. খারাপ, দুষ্ট ।। তোর মত আড়ুয়া নাগা মান্শি আর মোর চৌখ্‌খত্‌ পড়ে না। [দেখ আড়ুয়া + নাগা <লোগা কিংবা নাগা জাতি]।

আড়ুল্ = [রং] — বি. ষাঁড় ।। কালা আড়ুল্‌টা কার বাহে? [আঁড়<অণ্ড+উল প্র.]।

২ = [নো, চট]— বিণ. রুক্ষ, উদ্ধত, ঝগড়াটে ।। বেডাডা বড় আড়ুল্।

আড়ে=[পা, খু]—বিণ. বলদ ।। আড়ে গোরুটা গ্যাল্ কোহানে? [<এঁড়ে]।

২ = [পা] — বি. লাঠি বা কাঠের টুকরা ।। [<আড়+ইয়া প্র.]।

৩ = [পা] — এক পোয়া সেরী বাট-খারা ।। এক আড়ে তেল দ্যাও। [আড়াই+জা প্র.]।

আড়ে আসা = [রা] — ক্রি. সৎপথে আসা ।। [তুং বেয়াড়া = বে-আড়া]।

আড়ে যাওয়া=[রা] — ক্রি. নষ্ট বা বিকল হওয়া ।।

আড়ে দিগ্‌লি = [পা] — ক্রি.বিণ. দৈর্ঘ্যে প্রস্থে, লম্বায় চওড়ায় ।। [<আড়ে দীঘে ; আড়ে<অর্দ্ধে+দিঘলী <দীর্ঘ +লী প্র.]।

আড়ে পাথালে= [পা] — ক্রি. বিণ. সোজাসুজি, লম্বালম্বি, জঙ্গলের মধ্য দিয়া ।। বাবু না গুইরা আড়ে পাথালে গেলে গাড়ি পাইবা। [আড়ে <অর্ধে+ পাথালে<পাথারে<প্রান্তরে সং]।

আড়েয়া=[রং]—বি. আড়াই সেরী বাট-খারা ।। [দেখ আড়ে৩]।

আড়ের্ গড়=[চট]—বি. বাড়ির চারি-দিকের প্রাচীর বিশেষ ।। হগ্‌গলতেই আড়ের গড়ত্ মাস্ ধরে। [<আড়= ঘেরা+এর (সম্বন্ধ)+গড়]।

আড়েহাড়ে= [পা, কু]—ক্রি. বিণ. সোজাসুজি, সামনা সামনি ।। ['আড়ে-কাড়ে' ও ব্যবহৃত হয়]।

আড্যামু=[রা] — বি. আলস্য ।। শব কিছুতেই আড্যামু ভাল না।

আড়ৈ=[রং] — বি. অড়হর ।। আড়ৈর ডাল। [<আঢ়কী সং]।

আড়ৈয়া=[নো]—বি. হাঁস ।।

আড়ৈল্=[কু]—বি. অড়হর ।। আড়ৈ-লের ডাল খুব স্বাদ। [<অড়হর]।

আড়ো=[খু]—বি. ছোট লাঠি বিশেষ ।। [দেখ আড়ে২]।

২=[রা]—বিণ. বদ্ধ, আবৃত। [<আওড় <আবুড় প্রাং<আবৃত সং]।

৩=[য]—বিণ. বাঁকা, উল্টা ।। [<আড় (=বাঁকা)+উয়া প্র.]।

৪=[খু]—বিণ. চওড়া, প্রস্থ ।। [আড় (=প্রস্থ) <অর্ধ+উয়া প্র.]।

৫=[ব]—বিণ. আড়ষ্ট ।। [দেখ আড়ো২ কিংবা আড়ো৩]।

আড়োং=[য]—বি. নারিকেলের মালার তৈরী চামচ ।।

আড়োঘাড়ো = [রা] — বিণ. আঁকা বাঁকা ।। [অনু.]।

আড়োচ্‌া=[য]—বি. হিংসা ।। [আড়ি +চা প্র.]।

আড়োনো=[চট]—ক্রি. ঢেঁকির সাহায্যে ধানের খোসা ছাড়ান ।।

আড়ো বাড়ো=[কু]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ।। [অনু.]।

২=[কু]—বি. বমি বমি ভাব ।। আমার গা আড়োবাড়ো কোর্‌সে। [অনু.]।

আড়ো মারা=[খু]—ক্রি. কোন কিছু ছুঁড়িয়া মারা, পিছন হইতে আঘাত করা ।।

আড়োশ্=[রা]—বি. ব্যথা, বেদনা ।।

আড়্=[র, রা]—বি. কাপড় শুকাইবার টাঙানো বাঁশ ।।

২=[কু]—বি. ঝুলন্ত, যাহা ঝুলিয়া থাকে ।। [<আঢ়<অড্ঢ <অর্দ্ধ]।

৩=[য]—বি. ক্ষেতের আল বা আইল ।। [<আলি]।

আড়্‌কাটা=[খু]—বিণ. যে কাজে বাধা দেয় ।। তার বৌটা বড় আড়্‌কাটা।

আড়্‌কাঠা=[রা] — বিণ. মূর্খ ।। আড়্ কাঠা ছেলে ।।

আড়্‌কি = [চট] — বি. কাঁকরোল ।। আড়্‌কি ফলর্ তরকারি বর হোয়াদ্।

আড়্‌গরা = [চট] — বি. চারিদিকে ঘেরাও করা স্থান ।। [আড়্‌গড়া হিং <আড়ুড়া]।

আড়্‌গাজা=[রং]—বিণ অবাধ্য ।।

আড়্‌গাড়া= [পা, চট, রা] — খোঁয়াড়, ফাটক ।। আড়গাড়ায় গোরু আট্‌কা আছে (রা)। [দেখ আড়্‌গরা]।

২ = [খু, য] — বি. হুড়কো ।। [আগড় <অর্গল+ড়া প্র.]।

আড়্ গিচ্‌ছা= [রা]—বিণ. খুব ঘন ।। খেতে আড়্‌গিচ্ছা ধান ঐচে।

আড়্‌গৈড়্ মাল্‌গৈড়্ =[রং] — বি. গড়াগড়ি, এপাশ ওপাশ ।। খায়্যা ইটু আড়্‌গৈড়্ মাল্‌গৈড়্ দেঅক। [অনু.; গৈড়=গড়াগড়ি]।

আড়্‌চা=[য]—বি. বাধা ।। [<আড় (=বাঁকা)+চা প্র.]।

আড়্ পাকানো=[কু]— ক্রি. দুষ্টামি করিয়া কোন কাজ না করিতে চাওয়া ।। সেলেটা খালি আড়্‌পাকায়। [<আড়ি +পাকান]।

আড়্বদি=[খু]—বিণ. বাধা প্রদানকারী, প্রতিবাদী ॥ শে আমার কাযে আড়্বদি হয়েসে। [আড়+বদি<বন্ধী]।

আড়্বাং=[কু]— ক্রি. বি. জড়তা দূরী করণ ॥ [<আড়ভাঙা = আড়া মোড়া ভাঙা]।

আড়্বাদি=[খু]—বি. বাধা, প্রতিবন্ধক ॥ ভাল কাযে আড়্বাদি হওয়া ভাল না। [দেখ আড়্বদি]।

আড়্বিকি=[রা]—বি. রূপার তৈরী পায়ের গহনা বিশেষ। [<আড়+ বেঁকি<বাঁকা+ই প্র.]।

আড়্বেকি=[দি]—বি. পায়ের গহনা বিশেষ ॥ [দেখ আড়্বিকি]।

আড়্মাল্ = [রা]—বিণ. একগুঁয়ে, জেদী ॥ ছেলেটা বড় আড়্মাল্।

আড়্লা= [চট্ট]—বিণ. অর্ধছাটা ॥ আড়্লা চৈ'ল। [আড়<অড্ঢ প্রাঃ <অর্ধ সং+লা প্র.]।

আড়্শলি=[পা]—বি. আড়্শলাকা, পায়ার সহিত ঢেঁকি আটকাইবার খিল ॥ [<আড় (বাঁকা)+শলা+ই প্র.]।

আঢ়ি=[রা]—বি. ধান্যাদির পরিমাণ বিশেষ ॥ মুঁই দুই আঢ়ি ধান দিমু তোক। [<আঢকী সং]।

আঢ়েয়া=[রা] — বি. আড়াই সেরী বাটখারা ॥ আঢেয়াটা দিয়ে নাইপে (মাপিয়া) দে। [আঢ়াই=আড়াই+ ইয়া প্র.]।

আতড়্=[খু]—বি. বরজের সারি ॥

আতনে বাতনে=[রং]—ক্রি. বিণ. লক্ষ্য-হীন ভাবে ॥ তুমি আতনে বাতনে ঘোর। [অনু.]।

আতন্=[ম, ফ]—বি. দুধ দোহনের মাটির পাত্র বিশেষ ॥ গাইতুতে আতন্ বয় ঐলে মুশ্কিল্।

আতন্তরাই=[সি]— ক্রি. বিণ. তাড়া-হুড়া ॥ আতন্ তরাই লাগাইসে। [অনু.]।

আতন্ যতন্=[সি]—বি. সেবা শুশ্রূষা ॥ হিতে আমার বর আতন যতন করসে। [যতন<যত্ন ; আতন অনুঃ]।

আতব্=[ম]— বি. আতপ চাউল ॥ আতবের বাত মযা না। [<আতপ]।

আতর্=[কু]—বি. মাছ ধরিবার যন্ত্র ॥

২=[কুম]—বি. বাগান ॥

৩ = [বা] — বি. হালচাষের এক পাক ॥ [<অন্তর]।

আতরং = [চট্ট] — বি. উত্তোলন ॥ লোয়াডা আতরং কর্।

আতর্কা=[ম]—বিণ. ভীতু ॥ আতর্-কার মতন কব ক্যা ? [<আতংকিত]।

আতর্ খৈল্=[সি]— বিণ. সব সময় যাহাকে কাজে পাওয়া যায় ॥ [<হাতের+খৈল <খলি সং=ময়লা]।

আতর্ সুখ = [চট্ট] — বি. প্রহার ॥ [<হাতের সুখ]।

আতশি=[ম]—বি. জিন, পরী ॥ তরে কি আতশিয়ে দোর্সে ? [আতশা آتشی ফা.=আগ্নেয়]।

আতশ্খানা = [বা] — বি. আগুন-শালা ॥ ঘরের মোইদ্দে আতশখানাত বোইয়া আগুন পোয়ান বর আরাম। [<আতশ খানহ্ آتش خانه ফা.]।

আতা=[চট্ট]—বি. মাছ রাখিবার পাত্র ॥ আতা ভরা মাস্।

২=[চা]—বি. পাটের গুচ্ছ ॥ মোডে কয় আতা পাট পাইসি। [<হাতা]।

৩=[পা]—বি. আস্তিন ॥ যামার আতা সোটো হৈচে'। [<হাতা]।

৪=[সি]—বি. পলোর মুখ ॥ আতা মুটি গেলে আর পলো বাওয়া যায় না।

৫=[কুম]—বিণ. মুষ্টি পরিমাণ ॥ এক আতা দান মুর্গারে দে। [হাত+আ]।

৬=[বা, পা, ঢা]—বি. হাতা, বেড়ি ॥ আতা দিয়া গরম পাইলাডা নামাও। [<হাতা]।

৭=[নো]—বি. ধান রোপণের সময় চারার ছেদন যোগ্য অগ্রভাগ ॥ তাড়া-তাড়ি আতা বাং।

আতাই=[সি]—বি. পেটুক ॥ আতাইর লাকান কত খাইতায় ?

২=[রা]—বিণ. কানে খাটো ॥

৩=[ঢা]—বি. বিমাতা ॥ [<সতাই= সৎমা]।

৪=[পা]—বি. ভাঁওতা, ধাপ্পা ॥

আতাইকুলা=[পা]—বি. মাছ বিশেষ ॥

আতাইক্কা=[চট্ট]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আতাইক্কা হিতার কথা মনত্ পৈলো। [<অতর্কা=অতর্কিতে]।

আতাই দেওয়া=[পা]—ক্রি. প্রলোভন দেওয়া ॥ আতাই দিয়া মাইয়াডারে বাইর কৈরা নিয়া গ্যাচে'।

আতাইন্=[ম]—বি. চাউল ধোওয়ার জন্য ব্যবহৃত মাটির পাত্র বিশেষ ॥

আতাইন্না = [সি] — বিণ. যে খালি হাতে মাছ ধরিতে পারে ॥ [হাতান (নামধাতু)+ইয়া প্র.]।

আতাই বুতাই=[সি]—বিণ. বিশৃঙ্খল, এলোমেলো ॥ আতাই বুতাই কাম কৈরোনা। [অনু.]।

আতাইয়া=[ঢা] — ক্রি. হাতড়াইয়া ॥ আতাইয়া মাস দোকম্। [হাতা (নাম-ধাতু) + ইয়া অস ক্রি. বিভক্তি]।

আতাইরা পাতাইরা = [ম]—বিণ. বিশৃঙ্খল, আগোছাল ॥ আতাইরা পাতাইরা কাম কৈরোনা ! [<আতাইলা পাতাইলা <উৎপন্ন পবন প্রাঃ]।

আতাইলা= [পা]—ক্রি. বিণ. চওড়া ভাবে, লম্বালম্বি ॥ খেতের মৈদ্দে আতাইলা আটিস্না।

২=[পা]—বি. ক্ষেতের আইল ॥

আতাইলা পাতাইলা=[পা]—ক্রি. বিণ. জাদ্ধা ধাদ্ধা ॥ আনদাইরে চো'রডারে আতাইলা পাতাইলা পিটাইচে'। [<আতালি পাথালি, এলো পাথালি ; দেখ আতাইরা পাতাইরা]।

আতাইল্যা = [রা] — বিণ. তৈল বিহীন ॥ আতাইল্যা গোসল অনেকের শয়ম অয়না। [<আতৈলা, আ+তৈল +ইয়া প্র.]।

২=[রা]—বিণ. কাতর, দুর্বল ॥ এই বয়শে এ্যাত খাট্লে তোমার জি (জীবন) আতাইল্যা হয়্যা জাবে।

আতাইল্=[ঢা]—বি. বড় মাছের গর্ত ॥ আনুতাথে আতাইলে আতু দিস্ না।

২=[ঢা]—বি. পাতিল ॥ আতাইলে

হিং মাসগুলি বিরাইয়া থো।
৩=[চা, ফ, ম]—বি. ক্ষেতের আইল।।
৪=[রং]—বি. প্রশস্ত স্থান। ধানগুলা আতাইলত্ দে।
৫=[ম]=বি. আভাস, ইঙ্গিত।। হেই তারে এই ব্যাপারে কিস্‌সু আতাইল্ দিসনি?

আতাইল্ দেওয়া=[ঢা, ম]— ক্রি. ফোড়ন দেওয়া।। আতাইল্ দিয়া তরকারি নামাও।

আতাওরা=[সি]—বি. যে হাতড়াইয়া বা খালি হাত দিয়া মাছ ধরে।। আতাওরার শাহশ চ'াই। [<হাতা+ওরা প্র.]।

আতাং=[রং]—বি. আহ্লাদ।।

আতাকাতা=[ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। [অনু.]।

আতাকেলু=[ম, পা]—বিণ. বোকা।। তুমি একটো আতাকেলু।

আতাখাওড়ি=[ম]—বিণ. অতিভোজনকারিণী।। [অতি+খা+ওড়ি প্র.]।

আতাখাওরা=[চা, ম]—বিণ. অতি ভোজনকারী।। আতা খাওরা পোলাপান লৈয়া কোর্‌মু কি? [দেখ আতা খাওড়ি]।

আতাচা'পরি = [চা] — বি. উপরের দিকে উঠানো হাতের উচ্চতা পরিমাণ।। এই খ্যাতের পাড্ আতাচা'পরি ঐসে। [হাতা+চাপড়ি<চাপড়+ই]।

আতাড়ি=[কু]—বি. ধমক, বকাঝকা।। [হাতা+ড়ি প্র.]।

আতাড়ি পাতাড়ি=[পা]—বি. এটা-সেটা।। [<আতালি পাথালি]।

আতাত্‌বাই = [চা] — বি. বৈমাত্রেয় ভাই।। [<সতাতো ভাই]।

আতানি=[পা]—বি. চাউল ধোয়া পানি রাখার পাত্র বিশেষ।।

আতানে=[কুম]—বি. সাহায্যে।। তার আতানে আমি কাম্‌ডা কর্‌সি। [হাতান (নামধাতু)+এ অধিকরণে]।

আতান্যা = [কুম] — বিণ. বুনো।। যোমিত্ আতান্যা দাম গাস ব্যালা উটসে।।

আতানো=[রা, সি]—ক্রি. হাত দিয়া মাছ ধরা।। আতাইয়া মাস্ ধরা শোবা না (সি)। [<হাতান]।
২=[চা] — ক্রি. হাত দিয়া অনুমান করা।। মাস্‌টা আতাইয়া দেহ নরম কিনা।
৩=[ম] — ক্রি. নিঃশেষ হওয়া।। পুকুরের মাস্‌গুলা আতায়া গেসে।
৪=[সি] - অব্য. হাত দিয়া।। আমার আতানো তুমি এউ কাম করাইতে পার্‌বা না।

আতান=[ব, রা]— বি. গবাদির যোনি দেশ।। [<অস্থান]।

আতান্ উতান্=[নো]—ক্রি. এদিক ওদিক হাতড়ান।। আতাইয়া উতাইয়া চিডিডা পাইলাম না। [উতান অনু: +হাতান]।

আতান্ দেওয়া= [ফ]—ক্রি. শিং মাছের কাঁটা বিদ্ধ করা, সাপের কামড় দেওয়া।।

আতাপাতা=[ম] — বি. তাড়াতাড়ি।। আতাপাতার কাম বালা ঐতো না। [দেখ আতাপিতি]।

আতাপাতা বাংগা=[পা]—ক্রি. অন্বেষণ করা, অনর্থক তছনছ করা।।

আতাপিচে'শ = [ব] — বিণ. অতি নীচাশয়।। লোকটা বড় আতা পিচে'শ। [<অতিপিশাচ]।

আতাপিতি=[সি]—ক্রি. বিণ. সকলে মিলিয়া।। কামখান আতাপিতি কোরি লাইসে। [হাতাহাতি]।

আতাবাই=[কুম] — ক্রি. বিণ. কষ্টেসৃষ্টে।। পোলাপান লৈয়া বোহুত আতাবাই কোইরা চে'াল্‌সি।

আতাবাতা = [ম]—ক্রি. বিণ. তাড়াহুড়া।। আতাবাতা কোইরা খা। [দেখ আতাপাতা]।
২=[পা] — বি. খোঁজা খুঁজি।। কি আতাবাতা করস্? [অনু.]।

আতাবুতা=[বা]—বি. বোকা।। তুমি একটা আতাবুতা।

আতাবুতা করা=[ম]—ক্রি. অস্থিরতা প্রদর্শন করা, খুব তাড়াতাড়ি করা।। আতাবুতা কোইরা চ'াইরডা খাইয়া লও। [দেখ আতাপাতা]।

আতাবেরি =[সি] — বি. বেড়ি।। ডেক্‌চি' আতবেরি দি দর্। [<হাতা +বেড়ি]।

আতাব্ = [কুম, সি] — বি. সূর্য।। [<আফ্‌তাব آفتاب ফা.]।

আতামাতা=[নো]—বি. সুত্র, শৃঙ্খলা।। কামের কোন আতামাতা নাই। [হাতা অনু:+মাথা]।

আতামালা=[সি]—বি. আগুন তুলিবার জন্য হাতা বিশিষ্ট নারিকেলের মালা।। [<হাতা+মালা]।

আতালাব্‌রি=[সি]—বি. ছোটখাটো চুরি।। আইয় কাইল চ'াহরডায় আতা লাবরি করে। [আতা<হাতা+লাড়ি <নাড়া+ইপ্র.]।

আতালি=[খু]—বি. মঞ্চ, মাচা।।
২=[কু]—বি. গোয়াল ঘরের মাচা।। আতালিত পাটের খোড়ি আসে।
৩=[পা]—বি. মাচা বা কবরের উপরে ব্যবহৃত ছোট বাঁশ।।

আতালুরি পাতালুরি = [চা] — বি. ছোটখাটো জিনিস চুরি।। আতালুরি পাতালুরি করন বালা না।

আতালে=[কু] — বি. বাঁশের পাতলা চটা।।

আতাল্যা পাতাল্যা = [পা] — ক্রি. বিণ. এলোমেলোভাবে, বিশৃঙ্খলভাবে।। আতাল্যা পাতাল্যা কোরলে কি কাম অয়। [দেখ আতাইলা পাতাইলা]।

আতালোন্ = [বা] — বি. হোগলা পাতার বেড়ি। পাতিল্‌ডা চু'লা থাইক্যা আতালোন্ দিয়া নামাও।

আতাল্ = [কুম, চা] — বি. মোরগ থাকিবার জন্য মাটি বা কাঠের তৈরী ছোট ঘর বিশেষ।।
২=[পা, চা, কুম]—বি. মাছ থাকিবার স্থান, মাছের ডিম দেওয়ার স্থান।। [<স্থল]।
৩ = [ব] — বি. খোঁচা।। মৌমাছির

চ'াক আতাল্ দিস না। [<হাতাল]।
৪=[ফ]— বি. ধান, মরিচ ইত্যাদির চারা উৎপাদন স্থল ।। মরিচের আতালে বালা কোইরা ব্যারা দ্যাও।
৫ =[য]— বি. তরকারির মাচান।। আতালে শাপ্ উট্সে।

আতাল্কেইস্সা=[ম]—বি. ছোট বিষধর সাপ বিশেষ, কেঁচো ।। আতাল্ কেইস্সার কামরে মানুশ বাচে' না। [কেইচছ্যা<কেঁচুয়া=কেঁচো]।

আতাল্ যাতাল্=[চা]—বি. গালা-গালি, রাগারাগি, শাসন, বিরক্তি।। এ্যাত আতাল্ যাতাল্ কিয়ের?
২ = [সি, নো] — বি. অযথা দোষা-রোপ।।

আতাল্ পাতাল্ করা=[পা]—ক্রি. অস্থিরতা প্রকাশ করা, পাগলামি করা। [অনু.]।

আতাল্বাতাল্=[রং]— বি. চীৎ-কার ।। চ্যাংরা পোলা কুইনিন আইতে খালি আতাল্ বাতাল্ কৈর‍্যা উঠে। [অনু.]।
২ =[সি]— বি. উৎপাত। বেশি আতাল্ বাতাল্ কৈর না।

আতাল্ বিতাল্=[পা]—বি. অস্থির ভাব।। [অনু.]।

আতার্য=[ফ]—বিণ. <আশ্চর্য।। এ্যামন আতার্য কতা শুনি নাই।

আতারে পাতারে=[সি, ম]—ক্রি. বিণ. এদিক সেদিক ।। আতারে পাতারে গুরাও কিতা? [অন্তরে প্রান্তরে]।
২=[কুম]—ক্রি. বিণ. বিশৃঙ্খলভাবে ।। হে ট্যাকা পৈশা আতারে পাতারে উরায়।

আতারে ফাতারে = [ম]—ক্রি. বিণ. এখানে সেখানে ।। আতারে ফাতারে যাইস্ না। [দেখ আতারে পাতারে]।

আতারে মাতারে=[চা]—ক্রি. বিণ. এলোমেলোভাবে, বিশৃঙ্খলভাবে।। হে এই কামডা আতারে মাতারে কর্সে।

আতাহল্=[নো]— বি. আতাফল।। আতাহল্ হাক্সে। [আতা পোর্তু.+হল <ফল]।

আতি=[নো, চা]— বি. বেতের বুকের অংশ, আবর্জনা ।। আতিগুলি দি এ্যাক্খান বুড়ুনি বানাবু।
২=[ফ]—বি. সুপারি গাছের ডাটার পাতলা সাদা অংশ ।। সুপারির আতি দিয়া বিরি বানান যায়।
৩=[সি]— বি. হিক্কা, হেঁচকি।। বিমারির আতি উঠ্সে।
৪=[কুম]—বি. দড়ি ।। পাট দিয়া আতি পাকায়।

আতিকা=[র, রা]—বি. আকিকা।। ['আকীক: عقيقة আঃ]।

আতিক্কা=[রা]—ক্রি. বিণ. হঠাৎ।। [<অতর্কা=অতর্কিতে]।

আতিজাওয়া=[রা]—বিণ. অবৈধভাবে জাত, অবাঞ্ছিত।। তুইত আতিজাওয়া ছাওয়া। [দেখ আতৃযালা]।

আতি দেওয়া = [পা]—ক্রি. সাহায্য করা ।। তার আতি দেয়ার লোক নাই। [<হাতি<হাত+ই=সাহায্য]।

আতিদ্ মুছাফির=[রা]—বি. অভ্যাগত, আগন্তুক ।। [< অতিথি + মুসাফির مسافر আঃ]।

আতিনা = [কুম, নো]— বি. ঘরের আঙিনা ।। হেইতে আতিনায় বৈয়া রৈসে। [<হাতিনা]।

আতি মাতি=[কু]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি।। [অনু.]।

আতি মিতি=[চা]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ।। আতিমিতি করিস্ না।

আতিয়া=[দি]—বি. এঁড়ে বাছুর।।

আতিশাল্ = [চট্ট]—বি. মোটাধান বিশেষ।।

আতু = [চা, ম, বা]— অব্য. কুকুরকে ডাকিবার সঙ্কেত ।। আতু আতু, আয় আয়।

আতু আতু=[খু]—ক্রি. বিণ. অতিরিক্ত স্নেহ বা যত্ন।। যারে এ্যাত আতু আতু কোরি, সেতো আমাগো দিকে ফিরাও চ'ায় না। [অনু.]।

আতুইক্কা=[চট্ট]—ক্রি.বিণ. হঠাৎ।। আতুইক্কা কৈত্তুতে আইলায়?

আতুড়্যা=[পা]—বিণ. হাতের কাজ করে যে।। [<হাতুড়িয়া]।

আতুবুতু=[সি]—বি. কিংকর্তব্যবিমূঢ় অবস্থা।।

আতুয়া=[ফ]—বি. আগুন রাখিবার বা ফেন গালিবার পাতিল।।

আতুরা=[কুম]—বি. হাতুড়ী।। মেস্-তিরি আতুরা দিয়া লোয়া পিডায়। [<হাতুড়+আ]।
২=[ম]—বি. জলজন্তু ।। আতুরায় বিলের ধান খুব খোতি করে। [<হাতী-শুঁড়া]।

আতুরি=[চা]— বি. নাড়িভুঁড়ি।। ডাকাইতে কাইট্যা মানুশটার আতুরি বাইর কৈরা হালাইসে। [<আঁতুড়ি, আঁত <অন্ত্র+উড়ি প্র.]।
২=[নো]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। আতুরি কাম্ কর।

আতুর্ = [ম, চা]— বি. হাতুড়ি।। আতুর্ডা দিয়া পেরেগ্ডা লাগাও। [<হাতুড়]।

আতুরদশা=[চা]—বি. সূতিকা রোগ।। [<আঁতুড়ে দশা]।

আতুলতুলা=[রং]—বিণ. কোমল হৃদয়, উদার।। উয়ার মত আতুল্ তুলা মানুশ আর নাই। [<আ(স্বার্থ) + তুলতুলা, তুলতুলে]।

আতে উঠা=[খু]—ক্রি. বশীভূত হওয়া।। [<হাতে উঠা]।

আতে উডানো=[চা]— ক্রি. তদারক-কারী নিযুক্ত করা, সোপর্দ করা ।। পোলাডারে তোমার আতে উডাইয়া দিলাম। [<হাতে উঠানো]।

আতেক্কা=[ম]—অব্য. হঠাৎ।।

আতেক্খা = [ম]— ক্রি. বিণ. অতর্কিতে ।। এবা আতেক্খা কুইন্ থিকা আইলা? [দেখ আত্কা$_2$]।

আতেনাতে=[বা]—ক্রি. বিণ. হাতে-নাতে।। চো'র আতে নাতে দরা পর্সে [<হাতে নাতে]।

আতে নোটা কপালে কোটা লওয়া

=[ম]—ক্রি. সংসার ত্যাগ করা ॥ শ্যাশ্‌কালে আতে নোটা কপালে ফোটা নৈয়া বাইর ঐসে। [<হাতে লোটা+কপালে ফোঁটা]।

আতে পায় আল্‌গোস্‌=[ঢা]—ক্রি. বিণ. কোথাও যাওয়ার জন্য একান্ত প্রস্তুত ॥ আমরা কেঐ যাইমু না, হ্যায়ত আতে পায় আল্‌ গোস্‌। [<হাত পায় আল গোছ]।

আতেবার্‌=[গি]—বি. অস্ত্রাদি ॥ [<হাথিয়ার হিং]।

আতের আন্‌যাদি=[ম]—ক্রি. বিণ. অনুমানে ॥ আতের আন্‌যাদি আমি কিস্থ কৈতাম পারতাম না। [<হাতের আন্দাজে]।

আতে লায়্‌=[বং]—বি. চঞ্চল লোক ॥ [<উতালা]।

আতেল্‌লা=[নো]—বিণ. তৈল হীন ॥ আতেল্‌লা তরহাবি হোয়াদ্‌ না। [<আ=না+তৈল+আ প্র.]।

আতৈক্যা=[ঢা]—বিণ. ভীতু, ভয়-কাতুরে ॥ আতৈক্যার মতন চ'লিগ্‌ না। [<আতঙ্কিত]।

আ তৈ তৈ=[চট্ট]—অব্য. হাঁস ডাকিবার সংকেত ॥

আতৈল্‌=[বা]—বি. ধান মাড়াইয়া খড় বাছিয়া লইবার নিয়ম ॥ আতৈল্‌ দিয়া ধান আলাদা কর।

২=[বা]—বি. আইল ॥ আতৈল্‌ দি লোক আডে।

আতো=[খু]—বি. সুপারী গাছের ভিতরের অসার অংশ ॥

২=[সি]—বি. হাতে ॥ আমার আতো কোনু টেহা পৈশা নাই। [<হাতে]।

আতোযালা=[ফ]—বিণ. প্রাকৃতিক, আত্মজাত ॥ যোমিত আতোযালা দান উঠ্‌সে। [আত্মজাত+লা; আপ্‌জনা হিং=স্বয়ং জাত]।

২=[কু]—বিণ. জারজ, বিনা যত্নে সৃষ্ট ॥ আতোযালা সেলেটার তেয আসে। [পূর্বে দেখ]।

আতোর্‌=[সি]—বি. অন্ত্র ॥ লোকটার আতোর মৈদ্‌দে গা ঐসে। [<আঁতুরি<অন্ত্র]।

আতোশ্‌=[সি]—বিণ. ভয়ঙ্কর টক ॥ ই গাসের আম টেংগা আতোশ্‌। [অতি+তুর্‌শ ترش ফা.]।

আত্‌=[সি,কুম,বা,ঢা]—হাত, হস্ত ॥ আত্‌ দো। [<হাত]।

আত্‌উমুরি=[ম]—বি. নাড়ি ভুঁড়ি ॥ [আঁত<অন্ত্র+উঝড়ী হিং=ভুঁড়ি]।

আত্‌করা=[বা, ফ]—বি. মোরগ আট-কাইয়া রাখিবার বাঁশের তৈরী খাঁচা বিশেষ ॥

২=[কুম]—ক্রি. হাত করা, আয়ত্তাধীনে আনা ॥ তারে আগে আতৃকর, তার পরে আমার কাসে আইঅ। [হাত+করা]।

আত্‌কা=[ম]—বি. আজ ॥ আতৃকা একটা বর মিডিং ঐবো। [<আজ+কা]।

২=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আমি আইসি আতৃকা, আমারে কয় বাতৃ খা। [অতর্কা=অতর্কিতে]।

আত্‌কাটাং=[ম]—বিণ. মর্মাহত ॥ এই খবর পাইয়া হ্যায় বর আতৃকাটাং ঐসে।

আত্‌কালা দাত্‌ কালা=[চট্ট]—ক্রি. বিণ. অনেক দিন ধরিয়া ॥ [এওতা কাল (ম)=শীতকাল+দেওতা অনুঃ]।

আত্‌কুন্‌যি=[ম]—বি. পানি সেচনের টিন বা বাঁশের আধার ॥ আতৃকুন্‌যি দিয়া খ্যাতে পানি দ্যাও।

আত্‌ক্যা=[পা]—ক্রি বিণ. চমকিয়া ॥ সাওয়ালটা ভয়ে আতৃক্যা উইট্‌চে'। [আঁত কিয়া]।

আত্‌কোন্‌=[য]—বি. অর্ধেক ॥ আতৃকোন্‌ পিঠা দে। [আধখান্‌<আধ-খানা]।

আত্‌খুয়া=[চা]—বি. নিঃসন্তান ॥ [<আটকুড়া]।

আত্‌খোরাকি=[ম]—বিণ. খোরাকী ছাড়া (শ্রম) ॥ আতৃখোরাকি মুনি (=চাকর) লৈসি। [<হাত খোরাকী=নিজের হাতে খোরাক যাহার; خوراکی খোরাকী ফা.]।

আত্‌যালা=[পা]—বিণ. জারজ ॥ কোন্‌হান্‌কার আতৃযালা সাওয়াল। [<আত্মজাত+লা; আপ্‌জনা হিং=স্বয়ং জাত; দেখ আতোযালা]।

২=[পা]—বিণ. আত্মজাত, অলক্ষ্যে জাত, অযত্নে প্রতিপালিত ॥ এই গাসটা আতৃযালা। [পূর্বে দেখ]।

৩=[পা]—বিণ. যাহার পূর্বাপর সম্পর্ক নাই ॥ আতৃযালা কথা বুঝি না।

আত্‌তরশা=[ফ]—বি. গাবের কষ, গোবর ও চাউলের কুড়া মিশ্রিত রস (যদ্দারা নৌকায় লেপ দেওয়া হয়) ॥ 'নৌকা খশা নৌকা খশা, লাগে যদি মেরামত তয় দিবানি আতৃত রশা।'

আত্‌তরি=[ঢা]—অব্য. বিরক্তি সূচক শব্দ ॥ আতৃতরি তুমি এমুন কর ক্যা? [<ধেৎ+তরি]।

আত্‌তর্‌=[মি]—বি. মাছ ধরিবার অস্ত্র বা বর্শা বিশেষ ॥ [হাতিয়ার]।

আত্‌তা=[সি, কুম, ঢা]—বিণ. এক-হাত পরিমাণ ॥ দশ আতৃতা কাপর। [<হাত+ইয়া প্র.]।

২=[ফ]—বিণ. পোষ্য ॥ শে রহিমের আতৃতা সাওয়া। [<হাতিয়া<হাত+ইয়া প্র.]।

আত্‌তাই=[রা]—বি. গায়ের চাদর ॥

আত্‌তাকা=[ম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ আতৃতাকা দাক্‌কা দিঅ না। [দেখ আতৃকা$_2$]।

আত্‌তা যাল্‌=[চট্ট]—বি. মাছ ধরি-বার বড় আকারের ঠেলা জাল ॥

আত্‌তা বাও=[কুম, সি]—বি. রোগ বিশেষ ॥ আতৃতা বাও লাগ্‌সে।

আত্‌তাবিয্‌=[ফ, বা]—বি. রূপার তৈরী তাবিজ বা অলঙ্কার। [<হাতিয়া+তাবিজ; দেখ আতৃতা]।

আত্‌তার=[নো]—বি. আতর ॥ [عطر 'ইত্‌র আং]।

আত্‌তার পাত্‌তার=[কুম]—উল্টা পাল্টা ॥ আতৃতার্‌ পাতৃতার্‌

কাম কর কেরে? [দেখ আতাইলা পাতাইলা]।

আত্তি=[কুম, সি]—বি. হাতী॥ মাইগ, কত বর আতৃতিডা। [<হাতী]। ২=[খু]—বি. স্বভাব॥ তার আতৃতি বড় খারাপ। [<আতি<আরতি]

আত্তিওর্ খৈল=[সি]—বিণ. সব সময় যাহাকে কাজে পাওয়া যায়॥ হ্যায় আমার আতৃতিওর্ খৈল। [আতিয় <হাত+ ইয়+ র (সম্বন্ধ)+ খৈল<খলি সং=ময়লা; দেখ আতর্ খৈল]।

আত্তি পুইরা=[চা]—ক্রি. বিণ. পূর্ণ পরিতৃপ্ত হইয়া॥ আতৃতি পুইরা খাইয়া ল। [আঁত<অন্ত্র (পেট)+ পুরিয়া (পূর্ণ করিয়া) অথবা<আতি+পুরিয়া (পূর্ণ করিয়া)]।

আত্তুয়া=[বা]—বি. মাটির পাত্র বিশেষ॥ দুদের আতৃতুয়া বৈরা গ্যাসে। [হাত+ওয়া প্র.]।

আত্তুয়া ঘি=[চা]—বি. দ্বিতীয় পক্ষের স্বামীর ঘরে পালিতা স্ত্রীর প্রথম পক্ষের কন্যা, পালিতা কন্যা॥ [হাত +উয়া প্র.=যাহাকে হাতে ধরিয়া আনা হয়+ঝি=কন্যা]।

আত্তুয়া পুত্=[চা]—বি. দ্বিতীয় স্বামীর ঘরে পালিত স্ত্রীর প্রথম পক্ষের পুত্র॥ [দেখ আতৃতুয়া ঘি; পুত <পুত্র]।

আত্ত্যা=[চট,নো]—বি. মাটির পাত্র॥ এ্যাক আতৃত্যা দুদ (=দুধ)। [দেখ আতৃতুয়া]।

আত্তোয়া=[খু]—বি. মালশা, মাটির তৈরী পাত্র বিশেষ॥ আতৃতোয়ায় ভাতের ফেন ঢালে।

আত্নাডানি=[কুম]—বি. এক প্রকার পিঠা॥ আতৃনাডানি পিডা খামু। [দেখ আতৃতুয়া]।

আত্নার্=[কুম]—বি. নাড়ি ভুড়ি॥ বয়ের (দুর্গন্ধের) চোঁডে আমার আতৃনার্ উইল্ডা আইত চা'য়। [আঁত<অন্ত্র+ নাড়<নাড়ি]।

আত্পড়া=[রং]—ক্রি. অনাহারে স্বাস্থ্য ভাঙ্গিয়া যাওয়া॥ খাবার না পায়া আতৃপড়ি গেচে।

আত্পাও দোয়া=[ফ]—ক্রি. পায়খানা প্রস্রাব করা॥ হ্যায় আতৃপাও দুইতে গেসে। [<হাত পা ধোয়া]।

আত্পাওয়া=[পা]—ক্রি. সূত্র খুঁজিয়া পাওয়া॥ [আঁত<অন্ত]।

আত্পাত্=[সি]—ক্রি. বিণ. এদিক ওদিক॥ পত্ চ'লতে আতৃপাত্ চা'ওয়া উচি'ত্ না। [=আশ পাশ]।

আত্পানি=[সি]—বিণ. যে জমিতে সহজে পানি সেচন করা যায়॥

আত্পুত=[খু]—বি. পিতা পুত্র॥ আতৃপুতে মিল নাই। [আত্<আত্মা +পুত<পুত্র]।

আত্মাত্=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ শব কামত্ অত আতৃমাত্ কর ক্যা? [অনু.]।

আত্রা=[সি]—বি. পৃথক্॥ পাচ'টা বৈ আতৃরা ঐ গেসে। [<অন্তর]। ২=[সি]—বি. হাতুড়ি॥ আতৃরা দি লোয়া পিডায়। [<হাতুরা <হাতুড় +আ]। ৩=[ম]—বিণ. জীর্ণশীর্ন, রোগা॥ আতৃরা পোলাডা কাইকে কাইকে খায়। [আতুর+আ প্র.]।

আত্রাই নাগা=[রং]—বিণ. স্বাস্থ্যহীন, রোগা॥ [অন্ত্র (পেট)+নাগা <লাগা=পেট পিঠে লাগিয়া গিয়াছে যাহার]।

আত্রানো=[ফ]—ক্রি. ক্লান্ত হওয়া॥ এইটুকু পথ হাইটা আতৃরাযে পর্ সি। [আতুর (নামধাতু)+আনো প্র.; তুং কাতরানো]। ২=[খু, বা]—ক্রি. হাতড়ান, তালাশ করা॥ ঐ বাগায় কি আতৃরাও? [<হাতড়ান]। ৩=[কুম]—ক্রি. চীৎকার করা॥ অত আতৃরাও কেরেও? ৪=[চা]—ক্রি. বাড়াবাড়ি করা, রেষারেষি করা॥ বেশি আতৃরান্ বালা না। [<ইতর (নামধাতু)+আন প্র.]।

আত্রাপ্=[পা]—বি.অঞ্চল, এলাকা॥ এই আতৃরাপে তিনিই বড় দনি। [আতৃরাফ্ اطراف। আং তরফ طرف শব্দের বহুব.]।

আত্রি=[সি]—বি. প্রসব গৃহ, আঁতুড় ঘর॥ আতৃরিত্ যাইস্ না। [<আঁতুড় +ই]। ২=[সি]—বি. হাঁস মুরগী ডিমে তা দেওয়ার স্থান॥ মুরগিডা আতৃরিত্ আন্ডায় তা দ্যায়ের।

আত্রিশি=[রং]—বি. স্বাস্থ্যহীনা স্ত্রীলোক॥ [<আতুরা স্ত্রী]।

আত্রে=[রং]—বি. রাত্রে॥ আতৃরে জাইম কাঁয়। [<রাত্রে]।

আত্লা=[চা]—বি. প্রসবের পরবর্তী তিনদিন স্থায়ী ব্যথা॥ আতৃলার চোঁডে বৌডা চিঁক্‌কৈর দিতাসে। [আঁত <অন্ত্র+লা প্র.]। ২=[পা]—বি. ফোড়ন বিশেষ॥ ডালে বালা কৈর‍্যা আতৃলা দ্যাও। [<√সাঁতলা]। ৩=[পা]—বি. কামলা॥ এই বসর আতৃলার দর কম। [হাত+লা প্র.]। ৪=[সি]—বি. কলসী ইত্যাদি রাখিবার উঁচু জায়গা॥ [<আঁটি+লা]। ৫=[ম]—বি. মাটির পাত্র বিশেষ॥ আতৃলা বরা চা'ইল। ৬=[রং]—বিণ. চঞ্চল, উদ্বিগ্ন॥ [<উতালা]।

আত্লা আত্লি=[রং]—ক্রি. বিণ. চঞ্চলতা, উদ্বিগ্নতা॥ কেনে বায় আতৃলা আতৃলি করিছে? [আতৃলা<উতালা; ব্যতীহারে দ্বিত্ব এবং ই প্র.]।

আত্লাইতে আত্লাইতে=[রং]—ক্রি. বিণ. অস্থিরতার সাথে॥ ওয়্ আতৃলাইতে আতৃলাইতে কাম পারছে। [উতলা; নাম ধাতু]।

আত্লাইন্=[ম]—বি. মাটির পাত্র বিশেষ॥ আতৃলাইন্ বরা চা'ইল আসে।

আত্লা খাটা=[সি]—বি. কৈ মাছের তরকারী॥

আথল্ =[কুম]— বি. প্রশ্রয় ।। শয়তান স্যারাডারে আথল্ দিস না ।
২=[বা]—বি. মাটির পাত্র ।। কাপর্ টা আথলিত্ কোরে শিদ্দ কোরেসি ।
আথা=[দি]—বি. চুলা ।। [<আখা]।
আথাই= [ঢা] — বিণ. অথৈ ।। পুশ্কুনিতে আথাই পানি। [<অথাই]।
আথাইলা=[ম]—বি. ঘরের মাচা ।। আথাইলাডা গোবর দ্যা লেইপ্যা দিলি বালা ঐত্তো না ?
২=[পা]—বি. সন্তান প্রসবের আগে জরায়ুর মুখ খোলার লক্ষণ ।।
আথাইল্=[সি]—বি. ছোট কাঁকর ।। কন্টলের চ'উলো আথাইল্ বরা। [<আঁটা+ইল=এঁটেল মাটি]।
আথাইল্ গারিয়া = [সি] — বিণ. অলস ।। তুই যবর আথাইল্ গারিয়া।
আথাক্ = [কু] — বি. অবিন্যাস ।। [<আ+পাক (স্তর)]।
আথানো=[সি]—ক্রি. হাত ছেঁয়ানো বা বুলানো ।। পির শাবে আথাইয়া দিলে বালা অয়। [<হাতানো ; হাথ ম. বাং]।
আথান্=[কু]—বি. গোয়াল ঘরের মাচা ।।
২=[সি]—ক্রি. হাতে স্পর্শ করা ।। তুমি আর আথাইঅনা। [<হাতান ; দেখ আথানো]।
আথারি পাথারি = [সি] — বিণ. অনাত্মীয়, পর ।। আথারি পাথারি লোকের লগে এ্যাত খাতির ক্যা ? [দেখ আতাইলা পাতাইলা]।
আথারে পাথারে=[সি]—ক্রি. বিণ. বিশৃঙ্খল অবস্থায় ।। [দেখ আতাইলা পাতাইলা]।
২=[ম]—ক্রি. বিণ. এদিকে ওদিকে ।। আথারে পাথারে কত কিস্সু দ্যাহা যায়।।
আথা লাব্রি=[সি]—বি. চুরি ।। নয়া বৌ আথা লাব্রি করে। [আথা<হাথা =হাতা+লাবরি<লাভটি]।
আথালে=[খু, য]—বি. মাচা পাতিবার উপকরণ।।

আথাল্লা=[পা]—বি. মাচার পাটাতন।। আথাল্লার শংগে বোতলটা ঝুলাইনা আসে। [দেখ আথাইলা]।
৬=[ম]—বি. ষাঁড়ের লড়াই ।। মাডে আরং দ্যাখ্তাম্ যাই।
আরংগ=[কুম]—বি. ছোট বাজার ।। [দেখ আরং$_8$]।
আরংগি=[চা—বি. বড় টানা পাখা ।। গ্যারামের্ অনেক্ দনি মাইন্শের বাইত্ আরংগি আসে। [<আওরংগ اورنگ ফা.+ই প্র.=বাদশাহী]।
আরং যমা=[ম]—ক্রি. বর্ষাকালে বাইচের জন্য অনেক নৌকার একত্রে সমাবেশ হওয়া ।। কেল্লার খালে এইবার্ বোর্ কৈর্যা আরং বয়্সে। [<আড়ঙ্গ +জমা; জম'আ جمع আং.]।
আরংসারা=[ম]—বিণ. যাহা বাজারে সুলভ নয়, অপ্রচলিত, অসামাজিক ।। এইডা এ্যাক্টা আরংসারা কথা। [দেখ আরং+ছাড়া]।
আরক্=[ম]—বি. হাড় ।। মরার্ আরক্ ছিয়ালে খায়। [হাড়্+ক]।
আরক্কান=[চট]—ক্রি. বিণ. অন্যত্র ।। আঁই আরক্কান্ যাইয়ুম্। [<আর এক খানে; আর+এক+খান+এ]।
আরখ্থা=[সি]—বি. অন্য কথা, ভিন্ন আলোচনা ।। তোমার্ লগে আমার্ আরখ্থা আসে। [<আর+এক+কথা]।
আরগ্গু=[সি]—বিণ. আরো একটা আমারে আরগ্গু আম্ দ্যাও। [আর এক+গো=টা, হিং গো; আর ও একটা]।
আরগুলা=[কুম, নো]—বি. আগাছা ।।
আরত্=[নো]—বি. স্ত্রী, আওরত ।। আরতে কৈ দিসে হিতে বারিত্ নাই। [<'আউরত্ عورت আং; প্রয়োগে উর্দু]।
২=[কুম]—বি. বেচাকেনার কেন্দ্র ।। দানের্ আরত্। [<আড়ত্<আড়ৎ< আঢ়ৎ হিং]।
আরন্=[চা, ম, কুম, সি]—ক্রি. হারা, পরাজিত হওয়া ।। আয়্গুয়া খেইলে আইরা গেসি। [<হারন; √হার+অন প্র.]।
আরম্=[সি]—বি. বেড়া আটকাইবার উপকরণ বিশেষ ।। আরম্ সুইটুট্যা তুফানে ব্যারা পৈরা গেল্।
আরম্পট্টি=[রা]—বি. বাবুয়ানা, বিলাসিতা, ফুটানি ।। [<আরাম آرام ফা.+পট্টি]।
২=[রা]—বি. পরিপাটি ।। [পূর্বে দেখ]।
আরর্কলাই=[ম]—বি. অড়হর ডাল ।। আরর্ কলাই আগুন্ মাশে পাহে। [<অড়হর কলাই]।
আরল্=[ম, চা]—বি. অড়হর ।।
২=[ম, চা]—বি. টিক্টিকি ।।
আরল্ছৈঁ=[চট]—বি. অড়হর ডাল ।। [<অড়হর ছুঁই; ছুঁই<ছিমি<শিম্বী]।
আরশ্=[রা]—বি. জা ।। বড় আরশ্ ।। [<'উরূস عروس আং=নব বধূ]।
আরা=[খু, য, বা, চা, সি]—বি. মেটে হাঁড়ি বিশেষ ।। মরচ্'া গুর্ আরাত্ থাকে। [<হাঁড়া]।
২=[চা]—বি. অণ্ডকোষ ।। [<আড়া <অণ্ড]।
৩=[ম]—বি. ১'৬০ একর পরিমাণ ।। আমার্ তিন্ আরা যমিন্ আসে।
৪=[ক]—বি. রামধনু ।। আস্মানে আরা উঠ্সে। [<আড়া]।
৫=[ম]—বি. কড়াই, লোহার তৈরী পাত্র বিশেষ ।।
৬=[পা]—বি. প্রস্থের মাপ ।। গরুটা আরায় কয়্ আত্? [<আড়]।
৭=[কুম]—বি. জঙ্গল ।। আরায় হিয়াল্ থাহে। [<আড়া=নদী বা পুকুরের পাড়ের জঙ্গল]।
৮=[ম]—বি. ডেক্চি, তাম্র নির্মিত প্রকাণ্ড পাত্র ।। [দেখ আরা]।
৯=[ফ, চা]—বি. ছোট পুকুর ।। আরার্ পানি বালা না।
১০=[রা]—বি. গোশকটের চাকার কাঠ ।। [<আরা হিং<অর সং]।
১১=[ফ]—বি. আড়, কাপড় রৌদ্রে দেওয়ার বাঁশ ।। আরার্ উপর্ কাপর্ডা রৌদ্ দে। [দেখ আরা$_{10}$]।
১২=[চা]—বি. ঘরের বগা ।। গরে হুন্দরি কাডের্ আরা লাগাইসি। [<আড়া]।
১৩=[চট]—বি. ভাত ধোয়া বা অন্য কিছু হইতে বহির্গত ক্ষুদ্রকণা ।।
১৪=[বা]—বি. পাঁচসেরী পাথর ।।
১৫=[বা]—বি. বাঁশঝাড় ।। আরাত্ থাইকা এক্টা বাশ্ কাইটে আন্।
আরাইগরাইন্না=[ম]—বিণ. প্রস্থের দিক ক্রমশঃ ঢালু ।। গাং কূলের পত্ যবর্ আরাইগরাইন্না। [দেখ আড়্$_6$+আই প্র.+গড়া+ইনা প্র.; মূলার্থ যাহা আড়ের দিকে গড়ায়]।
আরাইগেচি'=[ফ]—বি. এক প্রকার ঘাস ।। আরাই গেচি'তে দান্ নষ্ট করে। [<আড়াইগজী কিংবা আড়াইগাছি]।
আরাইঙা=[ম]—বি. গাছ হইতে ফল পাড়িবার বাঁশের কাঠি বা লাঠি ।। আড়াইঙা মাইরা আম্ পারন্ ঠিক্ না। [<আড়া+ইয়া প্র.]।
আরাইযুতি=[কুম]—বি. বাজী ।। আড়াইযুতি দৈয়া কিস্যু খাওন্ ঠিক্না। [<হারি জিত+ই প্র.]।
আরাইমারাই=[চট]—অস. ক্রি হারাইয়া ফেলিয়া, নিজের সর্বনাশ করিয়া ।। টঁ্যারা পৈশা আরাইমারাই

হিতে কৈরা হৈ গেইয়ে। [<হারাই =হারাইয়া+মারাই অনুঃ]।

আরাইয়া=[কুম]—বি. পাখি ধরিবার ফাঁদ বিশেষ ॥

আরাইয়া যাওয়া=[ফ]—ক্রি. বিগড়াইয়া যাওয়া ॥ [দেখ আড়্; নাম ধাতু]।

আরাইল্=[ফ]—বি. গোশালা ॥ গরুডা আরাইলে বান্দ।

২=[ম]—বি. এক প্রকার ধারালো ঘাস ॥ শৈলুলে আরাইল্ লাগ্‌লে গা অয়।

৩=[চট্ট]—বি. আড়াল, মোরগ ছাগল বা কাঠ রাখিবার ঘর ॥ আরাইলত্ হাপ্ ঢুকিযে। [আড়াল+ই প্র.]।

আরাইল্লা=[কুম]—বি. এঁটেল মাটি ॥ আরাইল্লা মাডির ইডা খুব্ শক্‌ত। [<আঁটালো, এঁটেল]।

আরাইশ্=[ঢা]—বি. এক প্রকার লৌহাস্ত্র ॥ গর্ বানাইতে আরাইশ্ লাগে। [দেখ আরাক্‌শি]

আরাইস্‌সা=[চট্ট]—বিণ. চঞ্চল, রাগী ॥ হিতে বর আরাইস্‌সা গাউর্ (=লোক)। [<আড়া=বাঁকা+ইচ্ছা]।

আরাউদ্দিশ্=[ম]—বিণ. নিখোঁজ ॥ পুলাডা কুন্‌হানে আরাউদ্দিশ ঐয়া গ্যাসে। [<হারা উদ্দেশ]।

আরাউল্লা=[কুম, ঢা]—বি. বিবাহের দুইদিন পর কন্যা ও বন্ধুবান্ধব সহ বরের শ্বশুর বাড়ী আগমন ও আমোদ স্ফূর্তি করিবার অনুষ্ঠান ॥

আরাংগি=[পা, রা]—বি. উষ্কা ॥ রাইতে আকাশে আরাংগি চ'লে। [আওরঙ্গ اورنگ ফা.=তখ্‌ত, সিংহাসন+ই স্বার্থে]।

২=[ঢা]—বি. বাঁশ ও তাল পাতার তৈরী ছাতা বিশেষ ॥ 'আরাংগি মাতায় দিয়া পতে মেলা দিল'—গ্রাম্য গান। [<আড়ানি<আড়+আনি প্র.; কিংবা আওরঙ্গী ফা.=বাদ্‌শাহী। সে কালে সম্রান্ত ব্যক্তিরাই ছত্র ধারণ করিতেন; তুঃ ছত্রপাত]।

আরাক্‌খাল্যা=[ঢা]—বিণ. রক্ষকহীন ॥ আরাক্‌খাল্যা গরু খেত্ খাইতাসে। [<আ+রাখাল+ইয়া প্র.]।

আরাক্‌যান্=[পা]—বি. বাড়ীর কর্তা, স্বামী, গৃহস্বামী (মেয়েরা স্বামীর নামের বদলে ব্যবহার করে) ॥ আমাগো আরাক্‌যান্ বারিত্ নাই। [<আর+এক+জন]।

আরাক্‌শি=[চট্ট]—বি. করাত ॥ মিস্‌তিরিরা আরাক্‌শি দি গাস্ ফারে। [<আরাকশ্ آرکش ফা.=করাতিয়া]

আরাখেচ'া=[ম]—ক্রি. রামধনু উঠা ॥ পুব্ আশ্‌মানে আইয্ আরা খেচ্'সে। [দেখ আরা$_8$+খেচা<খঁাচনা হিং=বাহির করা]।

আরাগ্‌দিন্=[পা]—ক্রি.বিণ. কয়েক-দিন আগে ॥ আমি আরাগ্‌দিন্ গেসিলাম্। [<আর+এক দিন (অন্য দিন অর্থে)]।

২=[ঢা, রং]—ক্রি. বিণ. আগামী অন্য কোন দিন ॥ আমি আরাগুদিন্ যাবু। [পূর্বে দেখ]।

আরাঙি=[ঢা]—বি. কাল্পনিক দূষিত বায়ু বিশেষ (সংস্কার আছে যে এই বায়ু যে বাড়ির উপর দিয়া যায় সেই বাড়ির উন্নতি হয় না) ॥ হোন, পুন্ পুন্ কৈরা আরাঙিডা যাইতাসে।

আরাচ'ারা=[ঢা]—বি. হাড় মাংস ॥ তর্ দেহি এক্ কেলে আরাচ'ারা বাইর্ ঐয়া গেসে। [<হাড়+আ প্র.+চারা অনুঃ]।

আরাজারা=[রা]—বিণ. যে স্ত্রীলোকের সন্তান নাই ॥ আট্‌খুড়া জামাই আর্ আরাজারা বৌ।

আরাধারা=[ঢা]—বি. অত্যন্ত কাহিল ॥ আম্‌রা ঠবৈ খাইতে খাইতে এক্‌কেরে আরাধারা। [অনু.]।

আরাবিতি=[ঢা, ম]—বিণ. প্রতি-যোগিতা মূলক ॥ আইয্ দুই পারার্ মৈদ্দে আরাবিতি কাবাডি খেইল্ লাগ্‌সে। [<হারা জিতি>হারজিত+ই প্র.]।

আরায়্‌পারায়্=[সি]—বি. হড়াহুড়ি ॥ ব্যাডা আরায়্‌পারায়্ লাগাইসে। [অনু.]।

আরাটিয়া=[বা]—বিণ. হাভাতে, যে কোন দিন খায় নাই ॥ আরাটিয়ার মতন্ খাশ্ ক্যা?

আরাডি=[ম]—বিণ. পৈত্রিক ॥ আরাডি বিড়া সাইরা কৈ যাইবায়্?

আরাডেইয়্যা=[চট্ট]—বিণ. অর্ধ সম্পন্ন, বিশৃঙ্খলভাবে সম্পন্ন ॥ কাম আরাডেইয়্যা ফেলি কন্‌ডে গেইলি?

আরাত্=[রা]—বি. ফরমাইশ, আদেশ ॥

২=[রং]—বি. খেদমত ॥

আরাদ্ করা=[রা]—ক্রি. কোন কিছু আনিতে বলা ॥ [<আরাধনা]।

আরানি=[রা]—বি. মশারী ॥ আরানি টানিয়ে শো।

২=[রা]—বি. বড় ছাতা বা পাখা ॥ [<আড়ানি<আড়+আনি প্র.]।

৩=[ঢা]—বি. হারানি ॥ আমার যেবেত্তে ট্যাহা আরানি গ্যাসে।

আরানো=[চট্ট]—ক্রি. কাজের ফরমাইশ বা নির্দেশ দেওয়া, কাজ দেখাইয়া দেওয়া ॥ চ'াকরে কি ন আরাইলে কাম্ করে?

২=[ম]—ক্রি. এড়াইয়া চলা ॥ [<এড়ান]।

৩=[ঢা, কুম, ম, সি, খু]—ক্রি. হারাইয়া যাওয়া ॥ সাগলডা আরাইয়া গ্যাসে। [<হারানো; √হার+আনো প্র.]।

আরান্=[রং]—বি. হুকুম ॥ [Warrant ইং]

২=[সি]—ক্রি. বাঁকা করা ॥ আরাইয়া বেত্ ফার্‌লে কাম্ ঐব না। [<আড় (বাঁকা)+আন প্র.]।

৩=[ঢা]—বিণ. অন্য, অপর ॥ আরান্ বসর্ এই যামিন্‌ডাত্ খুব পাছ্ ঐত। [<আর অন্য]।

আরান্দা=[ঢা]—বিণ. যাহা রান্না হয় নাই ॥ আরান্দা যাস্ আবার্ কেম্‌নে খায়? [আ=(না অর্থে)+রাঁধা]।

আরান্‌দুইন্না=[চট্ট]—বিণ. যাহা পাক করা হয় নাই ॥ আরান্‌দুইন্না

মাস্ খাওন্ ন যায়। [<আ+রান্ধুনে; আ (=না)+রন্ধন+ইয়া প্র.]।

আরাবাইত্যা=[ম, ঢা, পা]—বিণ. লক্ষ্মীছাড়া ॥ এই আরাবাইত্যা পোলার কতা আর্ কৈস্ না। [<হাড় হাভাতিয়া; হাড়+হা+ভাত+ইয়া প্র.]।

আরাবাত্তিয়া=[ম]—বিণ. যে খাওয়ার জন্য পাগল ॥ 'আবাবাতিয়া দেশের কাউয়া যেতাই দেহে হেইতাই পাক্‌হা ডেউয়া' (অর্থাৎ যাহা দেখে তাহাকেই পাকা ফল মনে করে)—প্রবাদ। [দেখ আবাবাইত্যা]।

২=[পা]—বিণ. ভবঘুরে, নিকর্মা, অলস ॥

আরাম্=[রা]—বি. মাচা ॥

আরাম্=[ফ]—বি. ঘর তৈরী বা মেরামতের সময় ব্যবহৃত মাঁচা বা চাঙ্গ ॥

আরাম্শরিল্=[দি]—বি. সুস্থ শরীর ॥ তার্ বেটা সাওয়া আরাম্ শরিলে আছে। [<আরাম آرام ফা. (সুস্থ)+শরীর]।

আরালা=[চট্ট]—বিণ. আকাঁড়া, আছাঁটা ॥ আরালা চৈলবুবাতে উপ্‌কার্ বেশি। [দেখ আড়লা; আড়<অড্ঢ প্রাঃ <অর্ধ সং+লা প্র.]।

আরালি=[য, খু]—বি. বন বিশেষ ॥ [দেখ আড়ালি]।

২=[ঢা, ফ]—বি. ধারযুক্ত আগাছা বিশেষ ॥ আরালিতে শরিল্ কাইট্যা যায়।

আরালে=[খু]—বিণ. কাঁচির ন্যায় দাঁত যুক্ত, ভাঙাভাঙা ॥ দাখানা আরালে হৈয়া গেসে।

আরাল্=[ফ]—বি. ঘর বাঁধিবার জায়গা ॥

২=[ঢা]—বি. বাড়ির যেখানে দিনের বেলায় গরু বাঁধা থাকে ॥ আরালে গরুরে গাশ্ দে।

আরাল্ দ্যাওয়া=[কুম]—ক্রি. ঠেলা দেওয়া ॥ কাঠ্‌টা আরাল্ দিয়া দয়্।

আরাহিচ'ম্=[ম]—ক্রি. রামধনু উঠা ॥ ম্যাগের পরেই আরাহিচে'। [দেখ আরা খেচ']।

আরাহেডা=[কুম]—বিণ. আধ পেটা ॥ আরাহেডা খানা খাইয়া কয় দিন্ থাহা যায়? [<আধাপেটা, দেখ আড়া৮+পেট+আ প্র.]।

আরি=[সি]—বি. প্রতিবেশী ॥ আরিত্ বাত্ হৌখ, হতিত্ পুত্ হৌখ্।

২=[ম, রা দি]—বি. করাত ॥ আরি দ্যা তক্‌তা ফারে। [আরী آری উর্দু =ছোট করাত্]।

৩=[সি]—অব্য. আর কি ॥ খাইলে খাবি আরি। [<আর কি]।

৪=[ম]—বি. ইচ্ছা ॥ খাইয়া আরি মিডে না।

৫=[দি]—বি. নির্দ্দিষ্ট সময় ॥ সয় মাশের আরি দিলাম্।

৬=[ম]—অব্য. অন্তর, বাদে, পরে ॥ তিন্ দিনের আরি হে বাবিত্ আইসে।

৭=[ম]—বি. ছোট কলস ॥ এক আরি পানি আন্। [<হাঁড়ি<হাণ্ডি<হণ্ডী সং]।

৮=[ঢা]—বি. স্তন, পালান ॥ গাইয়ের আরিডা কত বর। [<হাঁড়ি]।

৯=[ঢা]—বি. মৌচাকে মধু থাকিবার স্থান ॥ এই বাহাডার আরি খুব বর। [<হাঁড়ি]।

১০=[ক]—বি. বেত তুলিতে ব্যবহৃত কাঠের তৈরী উপকরণ বিশেষ ॥ আরি সারা বেত তুলন্ কশ্‌ট।

১১=[ঢা]—বি. নৌকায় হাল ধরিবার জন্য ব্যবহৃত মাচা ॥ আরির্ উপব্ বৈয়া আইল্ দর্‌সে।

১২=[ম]—বি. আড্ডা ॥ ই বিলে মাসের আরি। [দেখ আরি৭]।

১৩=[ম]—বি. ছোট টুকরি ॥ এক্ আরি দান্ আন্। [<আড়ি<আঢ়ি]।

১৪=[ম]—বি. বাজি ॥ হে আমার্ লগে আরি দর্‌সে। [<আড়ি]।

১৫=[কুম]—অব্য. একি ॥ আরি! তুই কেম্‌নে এই কাম্‌ডা কর্‌লি? [<আরে]।

১৬=[বা]—বি. নৌকার পালের উপকরণ বিশেষ ॥

১৭=[কুম]—বি. পরিমাণ বিশেষ, ষোল কাঠা=দুইমণ ॥ [দেখ আড়ি]।

১৮=[সি]—বি. কচু বিশেষ ॥ আরি খচু'ব পাতা খাওন্ যায়। [<আরবী اروی হিং]।

আরিঙামারা=[ঢা]—ক্রি. লগুড় বা দণ্ড ছুড়িয়া মারা ॥ আম্ গাসে আরিঙা মারিস্ না। [দেখ আড়াইঙা+মারা √মাব্]।

আরিত্=[ম]—বিণ. দুর্বল ॥ মানুশ্‌টা বর আরিত্ ঐয়া পর্‌সে।

আরিত্ পরা=[চট্ট]—ক্রি. কুলাইতে না পারা ॥ হিতে বেআক্ কামে আরিত্ পরে। [হারি+ত (বিভক্তি)+পড়া]।

আরিদুরি=[ম]—ক্রি. বিণ. তন্ন তন্ন ॥ আরি দুরি কৈরা বিস্‌রাও। [অনু.]।

আরিনি=[কুম]—বি. মাদী হাঁস ॥ আরিনি আন্‌ডা পারে।

আরিন্দা=[রা, পা] বি. ঘটক, বিবাহের যোগাযোগকারী ॥ বিয়ার আরিন্দা আইচে। [আরিন্দহ্ آرندہ ফা. আনয়নকারী, বহনকারী]।

২=[ম, কুম, সি]—বিণ. আগামী ॥ আরিন্দা কাইল্ বারিত্ যামু। [<আয়িন্দহ্ آئندہ ফা.]।

আরিন্দে=[য]—বি. মাছ ধরিবার জন্য বাঁশের শলাকার তৈরী ফাঁদ বিশেষ ॥

আরিপরি=[সি]—বি. প্রতিবেশী ॥ আরিপরির লগে খাইযা কৈর না। [<অড়শী পড়শী, অড়শী অনু:+পড়শী <প্রতিবেশী সং]।

আরিবংগ=[ম]—বি. পরিবর্তন ॥ [<আড়িভঙ্গ]।

আরিবাদ্=[রা]—বি. বিঘ্ন, বাধা ॥ [আড়ি+বাদ]।

আরি মারা=[কুম]—ক্রি. প্রচুর পরিমাণে পাওয়া ॥ এই বিয়ায় হে অনেক্ জিনিশ্ আরি মার্‌সে। [<হাঁড়ি মারা]।

আরিয়া=[বা]—বি. অণ্ডকোষ ॥ [দেখ আড়া]।

২=[সি]—বি. পানি সেঁচার গর্ত বিশেষ ।। আরিয়ার্ পানি শুখাই গেসে ।

আরিয়াল্—[কুম]—বি. এক প্রকার গাছ ।। আরিয়াল্ গাসের্ ফল্ খাওন্ যায় ।

আরির্ খবর্—[সি]—বি. গোপন কথা, নাড়িনক্ষত্র ।। তোমার আরির্ খবর্ আমার যানা আসে । [<হাঁড়ির খবর] ।

আরিল্=[ম]—বি. ষাঁড় ।। [<আঁড় <অণ্ড+ইল প্র.] ।

আরিশ্=[ম]—বি. মলদ্বারের মাংস পেশী বিশেষ । [<অর্শ] ।

আরুইল্—[চা]—বি. টিকটিকি ।। আরুইলে মশা খায় । [দেখ আড়ল্] ।

আরুগ্গা=[নো,চা]—বিণ. আরেকটা ।। আমারে আরুগ্গা আম দেও । [<আর +এক+গা=টা ; হিং গো ; দেখ আরগুও] ।

আরুম্দারুম্=[চা, ম, কুম]—বি. মেঘের ঘনঘটা ।। [অনু. ; হুড়ুম দুড়ুম] ।

আরুয়া=[সি]—বিণ. বোকা ।। [দেখ আড়ুয়া১] ।

২=[নো]—বিণ. জারজ ।।

৩=[ফ, বা]—বি. এক সন্তানের পর বন্ধ্যাত্বের ভাব ।। একটা সাওয়া হৈয়ে অর্ আরুয়া নাগ্সে ।

৪=[সি] বিণ. হাড়যুক্ত, মাংসহীন ।। [<হাড়+উয়া প্র.] ।

আরুল্=[ম, কুম, সি]—বিণ. বোকা, মূর্খ, উদ্ধত।। এ্যাই নিয়া আরুলের লগে মাইত্ত না ।

২=[ম]—বি. টিকটিকি ।। [দেখ আড়ল্] ।

আরুল্গদা=[সি]—বিণ. বোকা ।। বৌডা এক্করে আরুল্গদা ।

আরুশ্উরুশ্=[চা]—বি. নড়াচড়ার শব্দ ।। মাস্গুলা আরুশ্ উরুশ্ কৈ'র্তাসে । [অনু.] ।

২=[ফ]—ক্রি. বিণ. সশব্দে ।। চো'র্-ডারে আরুশ্ উরুশ্ মার্তাসে ।

আরুস্=[ফ]—বি. হিংসা, তেজ ।। আরুস্ কৈরা বায়ে বায়ে পিরথক্ ঐসে । [<রোষ ; আ (স্বার্থে)] ।

আরেঙা=[কুম]—বি. এক প্রকার তরকারী, বিচুটি ।।

আরেডাক্কাইশ্=[চা]—অব্য. বাপরে বাপ ।। আরে ডাক্কাইশ্বে হাপ্টা কি বব । [<আরে ডাকাইত]

আরে ডাক্কারে=[চা]—অব্য. বিস্ময় সূচক শব্দ ।। আরে ডাক্কারে, কত্ তাবা হাপ্ । [<আরে ডাকাইত রে]

আরে তারে=[চা]—ক্রি. বিণ. অস্পষ্ট উক্তি । আরে তারে করিস্ না, ঠিক্ কৈরা ক । [অনু.] ।

আরে পারে=[চা]—ক্রি. বিণ. পেট ভরিয়া ।। এত্তি বেলা আরে পারে খাইয়া গেলি, অহ্নে খিদা লাইগ্যা গেল্ ? [অনু.] ।

আরে বাব্বা=[রা]—অব্য. আশ্চর্য-বোধক শব্দ ।। আরে বাব্বা এটা আবার কি ? [<ওরে বাবা] ।

আরেব্বাইশানরে = [চা] — অব্য. আশ্চর্য বোধক শব্দ, আরে বাপরে।। আরে বাইশানরে, কত্তারা মাস্ ।

আরে মাংশে=[সি]—ক্রি. বিণ. মানে ইজ্জতে ।। দন্ (ধন) না থাক্লেও আরে মাংশে তারা বালা মানুশ্ । [<হাড়ে মাংসে] ।

আরের্পালং=[ম]—বি. হাড়ের তৈরী পালঙ্ক ।। রাযারা আরের্ পালঙে শুয় । [<হাড়ের পালঙ্ক] ।

আরৈ=[সি]—অব্য. বলিয়া ।। আই আইসি আরৈ হে খুব্ খুশি ঐসে ।

আরৈয়া=[ফ]—বি. পানিতে ধান কাটি বার জন্য কলসী বা কলাগাছ দ্বারা তৈরী ভেলা ।।

আরৈল্=[ম]—বি. আরশোলা, টিক্-টিকি ।। [দেখ আড়ল্] ।

আরোইল্=[চা]—বি. আরশোলা ।। আরোইল্ দেইখ্যা পোলাপানে ডরায় । [<আরহলী<আরশলী=আরসলা] ।

আরোব্=[বা]—বি. উৎসব ।।

আরোয়া=[খু]—বি. পেট, অন্তঃকরণ ।। [<আর রাহ ارراہ আং; অর্থের বিকৃতি] ।

২=[ম]—বিণ. বেয়াড়া ।। বেটা ইও আরোয়া । [দেখ আড়ুয়া] ।

আরোশ্ = [রা]—বি. বউ, স্ত্রী ।। আরোশের লাগি শাড়ি কিন্তে হবে । ['আরুস عروس আং] ।

আরৌয়া=[ফ]—বিণ. আড়াআড়ি ।। খ্যাতের মৈদ্দে দিয়া আরৌয়া পথ্ আসে। [<আড়+উয়া প্র.] ।

২=[বা]—বিণ. শক্ত, কঠিন ।। [<হাড় +উয়া প্র.] ।

আর্=[চট্ট]—অব্য. পর ।। হিতে হাযির্ হৈয়ে আর্ হিতাহুতে কিস্সু ন পাবি ।

২=[ম]—বি. ভিজা পাট বা কাপড় শুকাইবার খুঁটি ।। আরে পাট্ হুকাও । [<আড়] ।

৩=[ম, কুম, চা]—বি. আষাঢ় ।। আর্ মাশের আইয়্গ্যা সয় দিন । [<আষাঢ়] ।

৪=[বা]—বি. রংধনু ।। আশ্মানে আর্ উঠ্সে । [দেখ আরা] ।

৫—[সি]— বিণ. বাঁকা । ই বারিডা এক্টু আর্ । [<আড়] ।

৬=[চা]—বি. ইক্ষু পেষার স্থান ।।

৭=[ম]—বি. হাড়, অস্থি ।। [<হাড়] ।

৮=[সি]—বি. মতবিরোধ, পার্থক্য ।। তার্ শাথে আমার্ আর্ আসে । [<আড়ি] ।

৯=[সি]—বি. হার, পরাজয় ।। আমার আর্ ঐসে । [<হার<হারি] ।

১০ = [সি, চা, কুম] — বি. অলঙ্কার বিশেষ ।। গলাত্ দিমু শোনার আর্ । [<হার] ।

১১=[ব]=বি. শেষ ।। [<সারা] ।

১২=[চট্ট, কুম, চা]—বি. ষাঁড় ।। আর্ গরু ।। [<ষাঁড়] ।

১৩=[রা]—বি. এক প্রকার লাঠি খেলা ।। [<আড়ং] ।

১৪=[ম]—বি. উপরের মাচা ।। দরি গুলা আরের্ উপ্রে তুইল্যা থো । [<আড়া] ।

আর্ওয়া= [খু]— বি. অন্তরাত্মা ।।

[দেখ আরোয়া]।

আর্‌করি=[চা]—বি. দরজার্ হুড়কা বা খিল ।। [<আড়গড়ি=আড়গড়া <অর্গল]।

আর্‌কা=[চট্ট]—বি. আখড়া, সন্ন্যাসী বা ফকির দরবেশের আশ্রম ।। ইতে খালি ফৈরার্ আর্‌কাত্ ঘুরে। [<আক্‌ড়া, আখ্‌ড়া; বর্ণবিপর্যয়; আখাড়া হিং <অক্ষবাট সং]।

আর্‌কাইয়া=[বা]—ক্রি. বিণ. শক্ত করিয়া ।। গ্যালাশ্‌টা আর্‌কাইয়া দর্ ।[<আট্‌কাইয়া]।

আর্‌কাচি' = [কুম]—বি. রাত্রিতে ষ্টীমারের পথ নির্দেশক আলো ।।

আর্‌কাড়ান্=[নো]—ক্রি. শিশুদের হামাগুড়ি দিয়া চলা ।। সুইট্‌কাডা আর্‌কাড়াইতে হারে।

আর্‌কালা=[ম]—বিণ. অতি বধির ।। বেটা এহাবারে আর্ কালা। [<হাড় +কালা]।

আর্‌কি=[নো, কুম]—বি. করলা, বন্য-তরকারী, কাঁকরোল ।। আর্‌কি শব্ শময় বাযারে পাওয়া যায় না। [দেখ আড়্‌কি]।

২=[পা]—বি. কাঠ চিরিবার জন্য তৈরী মঞ্চ বিশেষ ।। [আরাঙ্গী<আওরঙ্গ اورنگ ফা.+ঈ প্র.]।

আর্‌কোনা=[বা]—বিণ. কোনাকুনি ।। বেড়াডা আর্‌কোনা কৈরা দর। [আড় +কোণ+আ প্র.]।

আর্‌গরা=[চা]—বি. ঘোড়ার গাড়ীর আড্ডা ।। গারি অহন্ আর্‌গরাত্ আসে। [<আড়গড়া হিং<আড্ডা-ঘোড়া]।

আর্‌গাযা= [ম]—বিণ. ঘৃণাবোধশূন্য, অতি নোংরা ।। [দেখ আড়্‌গাজা]।

আর্‌গাড়া=[চট্ট]—বিণ. বেড়া ।। যমির চাইর্ দিগ্‌ত আর্‌গাড়া দেও। [দেখ আড়্‌গরা]।

আর্‌গিলা=[বা]—বি. লোভী বালক বালিকা ।। আর্‌গিলার লাহান্ চা'ইয়া রৈস ক্যা? [<হাড়াগলা]।

২=[কুম]—বি. সরীসৃপ বিশেষ ।। পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. ঔষধের নাম বিশেষ ।।

৪=[ম]—বি. এক প্রকার পাখী ।। দেখ্‌স আর্‌গিলাডা কত বর আর্ খাইসে? [<হাড়গিলা]।

আর্‌গুয়া=[সি]—বিণ. যে কথা শোনে না। [<আড়গ<আটক+ উয়া প্র.]।

২=[সি]–বি. আড়াল ।।

আর্‌চ'ালা=[ফ]—বি. খুব বড় টিনের ঘর ।। [আট+চাল+আ প্র.]।

আর্‌চ'ালাগর্=[কুম]—বি. চৌচালা ঘর ।। দেখ আর্‌চ'ালা+ঘর]।

আর্‌চৌ'খ = [সি]—বি. কুনজর ।। লোক্‌টা খালি আর্‌চৌ'খে চ'ায়। [<আড়=বাঁকা+চোখ=চক্ষু]।

আর্‌জানো=[রা]—ক্রি. রোপণ করা। [আরজা <আজ্জা <উবজ্জ প্রাং < উৎপাদ্য সং+আন প্র.]।

আর্‌জান্=[রা]—বি. আশা ।। আহ্ বেচারির কত আর্‌জান্ ছিল। [আরযূ آرزو ফা. কিংবা আরমান্ ارمان ফা.]।

আর্‌জুমান্‌দ=[রা]—বিণ. কুশ্রী চেহারা বিশিষ্ট ।। তোর বেটিটা আর্‌জুমান্‌দ। [<আর্জমন্দ ارجمند ফা.=সম্মানিত; অর্থের বিকৃতি]।

আর্‌যর্=[কুম, চা]—বি. ঘুষঘুষে জর ।। স্যারাডা আর্‌যরে বুগ্‌তাসে। [<হাড়জ্বর]।

আর্‌যা=[য]—বিণ. রোপিত ।। এই গাস্‌টা আমার দাদার হাতের আর্‌যা। [<আজ্জা<উবজ্জ প্রাং<উৎপাদ্য সং]।

আর্‌যাইল্=[ফ]—বি. আজরাইল, (বিশেষ অর্থ) দুষ্ট, শয়তান ।। [<'আয্‌রাঈ'ল عزرائيل আং=যম; বর্ণবিপর্যয়]।

আর্‌যান্‌পাতি=[ম]-বি. আসবাবপত্র ।।

আর্‌যালা=[চা কুম]—বি. অবৈধ সন্তান, পরগাছা ।। [আর<আত <আত্ম+জনা=জনিত; দেখ আত্‌-তালা; আপজনা হিং]।

২=[ম, চা]—বি. দুষ্ট; পাজি ।।

আর্‌যালামি=[চা]—বি. দুষ্টামি ।। আর্‌যালামি কর্‌লে মাইর্ খাবি। [<আরযল্ ارذل আং (অত্যন্তঘৃণ্য) +আমি প্র.]।

আর্‌যি=[ব]—ক্রি. বি. ফসল ফলান ।।

আর্‌যিলা=[ম]—বি. কাল গিরগিটি, কৃকলাস ।। [<আন্‌জিলা<আঞ্জিনেয়]।

আর্‌যুইন্যাখাউরি=[ম]-বি. বেআক্কেল ।। আহ্ আর্‌যুইন্যাখাউরি কোন্ হানের। [মেয়েরা ব্যবহার করে]।

আর্‌যোট্=[পা]—বি. আঘাত, চোট, ঘা ।। আর্‌যোট্ লাইগ্যা পাতিল্‌ডা ভাংগি গেসে। [<আর <আড়+ জোট<চোট=আঘাত]।

আর্‌তন্=[ফ]—বি. দুধ দোহাইবার পাত্র বিশেষ ।। [<বর্তন হিং]।

আর্‌তর্—[কুম, নো]—বি. ফোলার দরুণ বেদনা ।। লোক্‌টার পায়ে আর্‌তর্ ঐসে।

আর্‌তি=[রং]—বি. আদেশ ।। হামার্ আর্‌তি শোনেক্ না কেনে? [আরতি <আরক্তি=অনুরক্তি]।

আর্‌দেশ্=[ম]—বি. আদেশ ।। কার আর্‌দেশে তুমি এই কাম্ কর্‌লা? [<আদেশ; আর্‌দাস হিং]।

আর্‌না=[ফ]—বিণ. পচা ।। আর্‌না বাত্ খাইলে পেডে অশুক্ ঐব। [দেখ আনানো]।

আর্‌না আর্‌না করি খাওয়ান্=[ব]—ক্রি. পেট পুরিয়া খাওয়ান ।। [<আর না =আর নহে]।

আর্‌পথে=[সি]—বি. অন্যপথে ।। ব্যাডায় আর্‌পথে গেসে। [আর<আ-অর<অপর সং+পথে]।

আর্‌পাহাইল্‌লা=[পা]—বিণ. লক্ষ্মী ছাড়া ।। আর্ পাহাইল্‌লা সেলে শব্ ট্যাহা উরাইয়া দিল্। [<আড়+পাগল +ইয়া প্র.]।

আর্‌ফলৈ=[ম]—বি. খুঁটির উপরে ঢেঁকি রাখিবার জন্য ব্যবহৃত কাঠি ।। [<আড়ফলাই<আড়+ফলা+ই প্র.]।

আর্‌ফাতি=[ম]—বিণ. আরাফাত বা হজ্ব সম্বন্ধীয় ।। তিনি আমার আর্‌ফাতি

বাই (=হাজী ভাই, হজ্জের সঙ্গী)। ['আরফাত عرفات আং+ই, আরফাত মক্কা শরীফ হইতে ১২ মাইল দূরে অবস্থিত প্রান্তর বিশেষ, হাজীগণ সেখানে সমবেত হন]।

আর্ফি=[কুম] বি. তরকারী বিশেষ॥ আর্ফি দিয়া তর্কারি রান্দ।

আর্বনাপ্=[সি]—বি. মতানৈক্য॥ বায়ে বায়ে আর্বনাপ্ বালা না। [<আন্বনাও; অন্বন্ হিং]

আর্বা=[বা]—বি. প্রাণ॥ এ্যাক্-কেরে আর্বা বাইর্ কৈরা হালাইসে। [দেখ আর্ওয়া]।

২=[ফ]—বি. রুচি॥ রোয্ ডাইল্ খাইতে আর্বায় লয় না। [দেখ আর্ওয়া]।

আর্বাংগা=[কুম]—বি. এক প্রকার লতা॥ আর্বাংগার্ রস্ বাংগা আবে খুব্ উপ্কারি। [<হাড় ভাঙা]।

আর্বাদা=[সি]—বি. ঘরের চালের রুয়া॥ [আড়+বাঁধা]।

আরবাদ্দি=[খু]—বি.গোঁ, জেদ॥ [দেখ আড়্বদি]।

আর্বান্=[ঢা]—বি. ঘরের আড়া ও চালের বাঁধ॥ আর্বান্ পোক্ত কৈরা দিও। [<আড় বান্ধা; দেখ আর্বাদা]।

আর্বায়্=[সি]—ক্রি. বিণ. অন্য দিকে॥ ব্যাডান্ আর্বায়্ গ্যাসেনি? [<আর বাগে]।

আর্বালা=[ঢা, কুম]—বি. অন্য সময়॥ আর্বালা তোমার্ লগে কতা কমু, অহনে যাও। [আর (অন্য)+বেলা (সময়); আর বেলা]।

আর্বাশি=[ঢা]—বি. বাঁশের বাঁশী বিশেষ॥ [<আড়+বাঁশী]।

আর্বাশ্=[ঢা]—বি. কবরে দেওয়ার বাঁশ॥ কবরের আর্বাশ্ শক্ত কৈরা দেও। [আড়+বাঁশ]।

আর্বি=[ঢা—বি. এক প্রকার কচু॥ [আর্বী اروى হিং]।

আর্মনি=[সি]—বি. হারমোনিয়াম॥ আর্মনি দি একটা গান্ ক। [দেখ আর্মুনি]।

২=[সি]—বি. কচুরীপানা॥

আর্মানধান্=[খু]—বি. সাদা মোটা ধান বিশেষ॥ [<আমন<হেমন্ত<হৈমন্তিক+ধান]।

আর্মুয্=[ঢা, কুম]—বি. জামরুল॥

আর্রা=[ফ]—বি. কড়ি কাঠ॥ দালান্ তুল্তে আর্রা লাগে। [<আড়া]।

আর্র্যা=[ঢা]—বি. প্রবৃত্তি॥ তার্ মাইন্শের্ আর্র্যা না। [দেখ আর্ওয়া; অর্থের বিকৃতি]।

আর্লানো=[সি]—ক্রি. উলট পালট করা॥ হখল্তা আর্লাইও না। [<আউলান]।

আর্শলৈ=[ঢা]—বি. টিক্টিকি॥ 'যাইস্নালো বু গঙার দারে, আর শলৈগে যুকার পারে'—গ্রাম্য ছড়া। [<আরশলা (তেলচোরা)]।

২=[ম]—বি. পোকা বিশেষ॥ [দেখ আড়্শলৈ]।

আর্হলৈ=[ঢা, কুম]—বি. টিক্টিকি॥ [দেখ আর্শলৈ]।

আর্হা=[বা]—বি. বেতের কাঁটা যুক্ত আগা॥

আর্হুলি=[বা]—বি. ঢেঁকির পিছনের দিকে ব্যবহৃত মোটা কাঠি॥ [দেখ আড়্শলি]।

আর্হুলৈ=[ম]—বি. ঢেঁকির পিছনের দিকে ব্যবহৃত কাষ্ঠখণ্ড॥ [দেখ আড়্শলি]।

আর্হোলি=[ফ]—বি. ঢেঁকির পিছনের দিকে ব্যবহৃত গাছের মোটা কাঠি॥ [দেখ আড়্শলি]।

আলংআলং=[ম]—বি. অবহেলা॥ আলং আলং কৈরা যিবন্ডা নশ্ট কৈর না। [অনু.]।

আলক্ করা=[দি]—ক্রি. উত্তোলন করা॥ ডাব্টা কত ভারি আছে, আলক কর্ দিকিন্।

২=[চট্]—ক্রি. পৃথক বা দূরে রাখা॥ কৌআপুড়ি আলক্ করি থো। [<আলগ <অলগ্ন সং; আলগ হিং]।

আলগ্=[ম, ঢা, কুম]—বি. পৃথক্, আল্গা, তফাৎ॥ আমার কাসেত্নে এত আলগ্ থাহ ক্যা (ম)? [দেখ আলক্]

আলগ্করা=[ফ]—ক্রি. উঁচু করা। [দেখ আলক্+করা]।

আলগ্ধরা=[রা]—বি. ছোট ইঁদুর॥

আলগ্চালাকি=[রা]—বি. ধাঁগড়ার ইন্ধন যোগান॥ কুট্নিডা আশি আলগ্চালাকি দেওযায় ঝক্ড়াডা এতোখানি বাড়্ছে। [দেখ আলগ্]।

আলট্=[ঢা, ম, ফ, সি]—বি. হালট, সরু রাস্তা, গোমহিষদির পথ॥ গাওর্ মৈদ্দে দিয়া আলট্ গেসে। [<হালবাট <হলবর্ত্ম সং]।

আলত্=[চট্]—বি. পুরুষাঙ্গ॥ [<আলত آلة আং]।

আলদ্=[ম]—বি. গোখরা সাপ॥ [<আলাদ<অলগর্দ্দ সং]।

আলদ্দ=[কুম, নো, চট্]—বি. আদর, কদর, সম্মান॥ তারা আমারে বহুত্ আলদ্দ কর্সে। [<আহ্লাদ+ইয় প্র.]।

আলব্বানি=[কুম]—বিণ. ননীর পুতুল॥ অত আলব্বানি ঐলে চ'ল্ত না কাইয্ কাম্ করন্ লাগব।

আলম্=[রং]—বি. ঝাণ্ডা, পতাকা॥ পাকিস্তানের আলমে চান্ তারা আছে। ['আলম علم আং]।

আলমগর্=[কুম]—বি. বাংলা ঘর, বৈঠক খানা॥ আলম্গরে বন্।

আলম্দা=[ঢা]—বি. সহজ॥ আমারে মারন্ এত আলম্দা না। [আমাদহ্ آماده ফা. =প্রস্তুত]।

আলা=[ঢা, ম,]—ক্রি. বিণ. এখন॥ আলা যাইত্ যা। [<এই বেলা]।

২=[রং]—বি. তামাক, সাদা পাতা॥ পানের শংগে আলা খাই।

৩=[সি]—বি. মাছ চলার ধারা বা পথ॥

৪=[ফ]—বিণ. বাসি॥ আলাবাত্ গরুরে দে। [দেখ আলাইনা]।

৫=[সি]—বিণ. উৎকৃষ্ট॥ [<আ'লা

اعلی আং]।

৬=[পা]—বিণ. মিশ্রিত, ছড়ান।। আলা গুপারি। [<আউল প্রাং <আকুল সং]।

৭=[রা]—অব্য. যুক্ত।। ঝান্টিআলা মাথা (=বড় বড় চুল ওয়ালা মাথা)। [<ওয়ালা<বৎ সং প্রত্যয়]।

৮=[সি]—বি. পাটি বা জায়নামাযের চারিপার্শ্বে দেওয়ার জন্য তিনটি বেত দিয়া তৈরী উপকরণ বিশেষ।। নামাযের বিস্‌নার আলা বাগসে।

৯=[পা, ম, চা]—বিণ. হাতের মুঠা পরিমাণ।। এতক্‌খনে কয় আলা দান্ কাট্‌স?

১০=[ম]—বিণ. সামান্য পরিমাণ।। এক্ আলা বিচ'ালি আন্।

আলা আযর্=[চট্ট]—বি. অতি অলস ও শ্রমবিমুখ লোক, অজগর সাপের মত ধীরগামী।। এই আলাআযর্ ঘনর্ তুন বাইর্ ঐত ন। [বলা' بلا আং=বিপদ+আযার آزار ফা.—পীড়া কিংবা<অজগর]।

আলাই—[সি]—বি. মিষ্টান্ন।। আমরার্ বাযারে আলাই গর নাই। [হালুয়াই <হল্‌বাঈ حلوائی আং]।

২=[রং]—বি. বাতি বা প্রদীপের কালি।।

৩=[চট্ট]—বি. ওজন।।

৪=[বং]—বি. রাত্রে আলোর দ্বারা মাছ ধরিবার প্রক্রিয়া।। আলাইতে বেশ্ মাছ্ পাওয়া যায়। [<আলোইএ প্রাং<আলোকিত সং]।

আলাই আস্‌রি=[রং]—বি. শ্রী, সৌন্দর্য।। [<আলোক শ্রী]।

আলাই করা=[চট্ট]—ক্রি. ওজন করা, আনুমানিক ওজন ও মূল্য নির্ধারণ করা।। পানুনা আলাই করি চ', কদ্দূ শের্ ঐয়ে।

আলাইকরি মাল্=[চা]—বি. মিষ্টি।। গলৈয়ায় (=গ্রাম্য মেলা বিশেষ) আলাই করি মালে বৈরযা গেসে। [<হালুই করি মাল; দেখ আলাই]।

আলাইকর=[চা]—বি. মিষ্টি প্রস্তুত কারক।। আলাইকরের দোহানে মিশ্‌টি আন্‌তাম যাই। [=<হালুইকর<হল্‌বা। حلو আং+গর گر ফা. প্র.]

আলাইদ্‌দা=[সি]—বিণ. আচানক, অদ্ভুত।। [<আলাহিদা; দেখ আলুডা]।

২=[সি]—বিণ. আহ্লাদে, অত্যন্ত আদুরে।। আলাইদ্‌দা পুলা। [<আহলাদ+ইয়া প্র.]।

আলাইনা=[বা]—বিণ. বাসি, গন্ধযুক্ত।। আলাইনা ভাত্ গরুক দে। [আলাই <আউলিঅ প্রাং<আকুলিত সং+না প্র.—এলানো]।

আলাইপ্‌পা=[ম]—বিণ. প্রয়োজনে অপ্রয়োজনে কথা বলে যে।। মানুণটা বর আলাইপ্‌পা। [আলাপ+ইয়া প্র.]।

আলাই বালাই=[চা]—বি. রোগদুঃখ।। আলাই বালাই দূর্ কৈরা দেও খোদা। [<আলৈয়া-বলৈয়া হিং <বলা' بلا আং+আলাই অনুঃ]।

২=[বং, ম, দি]—অব্য. ষাট ষাট, আক্ষেপ সূচক শব্দ।। আলাই বালাই তুই উলা কথা কহিবা আসিস্ না (বং)।

৩=[দি]=ক্রি. বিণ. কোন বিষয় জানিয়া ও পুনরায় জানিবার আবদার।। জানিশ্ শুনিশ্ শবৈ তবু আলাই বালাই করিশ্ ক্যান্?

৪—[চা]—বি. চিহ্ন, খোঁজ।। চোরের কোন্ আলাই বালাই পাওয়া গেল্ না। [অলাই বলাই হিং; অর্থের বিকৃতি]।

আলা উন্‌দা=[কুম]—ক্রি. বিণ. না জানিয়া শুনিয়া।। আলাউন্‌দা কেউরে দোশ্ দিস না। [=এলো আনদা; দেখ অনুন্দা]।

আলাও=[ম]—বিণ. আলোকিত।। গব্‌ডা আলাও কর। [দেখ আলাই]।

আলাংলা=[খু]—বিণ. লাঙল টানে নাই এমন।। গরুটা আলাংলা। [আ=না+লাঙল+আ প্র.]।

২=[ফ]—বিণ. আনাড়ি।। আলাংলার মত কাম্ কৈর না। [পূর্বে দেখ]।

আলাকাঠি=[চট্ট]—বি. জলপূর্ণ নালা বা নয়ানজুলিতে বাঁধ দিয়া মাঝখানে অল্প পরিসর জায়গার সমস্ত পানি সেচন করিয়া ফেলিয়া দিলে রাত্রে উভয় পার্শ্ব হইতে মাছ লাফ দিয়া শুক্‌না জায়গায় পড়ে—ইহাই আলাকাঠি (নদীর চরে ও আলাকাঠি দিয়া মাছ ধরা হয়)।।

আলাকালা=[ম]—বি. ফাজলামি, ইয়ার্কি।।

আলাক্যা—[পা]—বি. একপ্রকার আঁটি।। আলাক্যা আটির সোন্ কত করয়া শও? [দেখ আলা১০+এক+ইয়া প্র.]।

আলাক্=[ম, চা]—বিণ. কৃশ, হালকা, দুর্বল।। [হালকা]।

আলাগিয়া=[চা]—বিণ. সাময়িক, আলগা।। [<আলগা]।

আলাগোলা=[বং]—বি. সমালোচনা।। এই কয়ডা কতা নিয়া ক্যানে আলাগোলা লাগাইচেন্? [<আলাগোলা কিংবা আলা<আলাপ+গোলা অনুঃ]।

আলা যাওয়া=[কু]—ক্রি. ক্লান্ত হইয়া পড়া।। লাংগল্ টানতে টানতে গরু আলেগেসে। [<আউলিঅ প্রাং< আকুলিত সং+যাওয়া]।

২=[খু, পা]—বিণ. নষ্ট বা নরম।। আলাযাওয়া বাতু খাইস্ না।

আলাযালা—[ম]—বি. কুস্বপ্ন।। রাইতে বর আলাযালা দেখি। [অন.: <আলা ঝালা পা. বাং]।

আলাযিব্‌লা=[ম]—বি. আলজিভ, উপজিহ্বা।। [<আলজিব<অলিজিহ্বা সং]।

আলাযিলা=[ম]—ক্রি বিণ. একটু খানি।। ইদের চান্ আলাযিলা দেখ্‌সি।

২=[ফ, চা]—বিণ. ঝাপসা।। হাপ্‌টা আলাযিলার মত ইট্টু দেখ্‌লান্।

আলাড়ি=[না]—বিণ. সঙ্কীর্ণমনা, আদেখলা।। আলাড়ির মত কর কেনে? [=আনাড়ি]।

আলাভালা=[কু]—বি. ছেংড়ামি, ইয়ার্কি, ফাজলামি।।

আলাতুনি=[পা] -ক্রি. বিণ. আন্দাজী ।। আলাতুনি আমাকে দেল্ দিও না।

আলাতে ভাত্=[য]—বি. পচে নাই অথচ খাইবার অনুপযুক্ত ভাত ।। আলাতেভাত্ গরুবে দেও। [আলাই <আউলিঅ প্রাং<আকুলিত সং+ইয়া প্র.+ভাত]।

আলাত্=[চট্ট]—বি. মোটা বস্তু ।। আলাত্ দি নাওউয়া বানদ।

আলাত্কালাত=[খু]—বি. ইয়ার্কি ।। যখন্ তখন্ আলাত্কালাত্ ঠিক্ না।

আলাত্কেঁয়র=[রা] — বি. শাক বিশেষ ।।

আলা থাকা=[চট্ট]—ক্রি. নির্লিপ্ত থাকা, আলগা বা দূরে থাকা ।। ঐ হগল্ ঝামেলাত্তুন্ তুই আলা থাক্। [<আলগা থাকা, আলাদা থাকা কিংবা আ'লা علی (উচ্চতম) আং]।

আলাদান্=[ম]—বি. আলেয়া ।। কাতি মাসে পাতরে আলাদান্ থাহে। [<আলেয়া দানব]।

আলাদ্=[পা, রং]—বি. এক প্রকার বিষাক্ত সাপ ।। [দেখ আলদ্]।

২=[রা]—বিণ. খুব তেজ ।। দাদুবাড়ার গাছ্ খুব আলাদ্ আছে।

আলাদ্কুমার্=[পা]—বি. এক প্রকার ধান ।।

আলানি=[খু]—বিণ. বাসি ।। আলানি ডাইল্ খাইস্না। [দেখ আলাইনা]।

আলান্যা=[বা]—বিণ. পচা, বাসি, নষ্ট ।। আলান্যা ভাত ফ্যালায়া দে। [দেখ আলানি]।

আলানো=[ম, ম]—ক্রি. যোগাইয়া দেওয়া ।।

২=[বা]—ক্রি. জল ফুটান ।। [আল (দান ধাতু)+আন প্র.]।

৩=[ম, ঢা, বা]—ক্রি. নাড়িয়া চাড়িয়া দেওয়া ।। ধান বানাব্ চাইল্ আলান্ দরকার ।। [<হেলান]।

৪=[ফ]—জ্বালানো ।। আগুন আলাও। [আলা < আলোক ; নামধাতু]।

৫=[পা, ম]—ক্রি. পচিয়া যাওয়া, বাসি হওয়া ।। বাত্ আলাইয়ে গেচে' ফেলি দাও। [=এলানো ; দেখ আলাইনা]।

৬=[কুম]—ক্রি. স্বেচ্ছায় ধরা দেওয়া ।। আশার্মাইয়া মেগের্ শময় মাছ্ আলাইয়া টানে আহে।

৭=[কুম]—ক্রি. হেলানো ।। গাসড়া আলাইস্ না। [<হেলান]।

আলান্=[ম]—বি. অনুর্বর জমি ।। বাউত্ গাস্ আলানে পালানে বারে।

২=[ঢা]—বি. ভাগাড় ।।

৩=[বা, খ]—বি. ফিরনি ।। আলান্টা বাল পাক্ ঐসে। [দেখ আলবান্]।

আলানন্দু=[রং]—বি. গৃহের ঝুল ।। [আ (স্থানে)+রন্ধন]।

আলানদো=[রা]—বি. বান্নার হাড়ির কালি ।। কাপড়ে আলান্দো ভৈর্ছে। [দেখ আলানদু]।

আলানধু=[দি]—বি. কালির দাগ ।। কুপির আলানধুতে দেওয়াল্টা কাল হৈ গেইচে। [দেখ আলানদু]।

আলানবাড়ি=[রা]—বি. আউশ কাটিবার পর আমন বোনার জমি ।। আলান্ বাড়িতে ঘাস্ হয়েছে।

আলাপাতা=[রা]—বি. পানের সঙ্গে খাওয়ার তামাক পাতা ।।

আলাপাত্=[দি]—বি. দেশী তামাকের পাতা ।। আলাপাত্ খাইলে চকের্ ঘতি নষ্ট অয়। [দেখ আলা+পাত <পাতা<পত্র সং]।

আলাপালা=[সি]—বিণ. আজেবাজে ।। আলাপালা লোকের খতা হুনি না। [অনু:]।

আলাপ্=[কুম, সি]—বি. বিবাহের প্রস্তাব ।। বিয়ার আলাপ্ আইসে। [আলাপ ; অর্থপ্র.]।

আলাপ্যোলাপ্=[চট্ট]—বি. সাড়া শব্দ ।। অত রাইতত্ কন্ আলাপ্-যোলাপ্ নাই। [<আলাপ+জোলাপ অনু:]।

আলাপ্ পাওয়া=[ঢা, বা]—ক্রি. টের পাওয়া ।। আইয্ রাইতে চোরের আলাপ্ পাইনি।

আলাপ্শালাপ্=[ম, ঢা, কুম, সি]—বি. গল্পগুজব, বিশ্রম্ভালাপ ।। আলাপ্ শালাপে দিন্ গেল্। [আলাপ+সালাপ অনু: কিংবা<সংলাপ]।

আলাবাদি=[সি]—বিণ. ভবঘুরে, অসাবধানী ।।

আলাবালা=[খু]—বি. প্রকৃতি ।। পোলাটার আলাবালা বালা না ।।

২=[ব]—বি. আবর্জনা ।। আলাবালায় বারি বরা।

৩=[ঢা]—ক্রি. বিণ. অবহেলা ।। আলাবালা কৈরা পাইল্যাডা বাইঙা হালাইল্ ।। [<অবহেলা]।

৪=[ম, ঢা]—বি. কৌতুক, ঠাট্টা-তামাশা ।। রাগ্ কর ক্যা, আলাবালা কর্সি।

৫=[সি, কুম]—বি. দুষ্টামি ।। তুই বর আলাবালা করস্।

আলাবোলা=[ম]—বিণ. সরল, নিরীহ ।। আলাবোলার মতন্ বৈয়া রৈস ক্যা? [<আলাভোলা ; আলবেলা হিং]।

আলাভুলো=[কু]—বি. আলেয়া ।। [আলা<আলেয়া+ভুলো, ভুল]।

আলাভোলা=[য]—বিণ. ভাল ।। [ভোলা<হ্বল=বিহ্বল+আলা অনু:]।

আলামশ্=[বং, রা]—বি. এক প্রকার ঔষধি ।। তোর্ কাটা ঘায়ে আলামশের রশ্ দে।

আলামালা করা=[রা]—ক্রি. মেঘ মেঘ করা ।। আজকের্ দিন্টা আলামালা কর্ছে।

আলামোত্=[রা]—বি. আকার, সাদৃশ্য, ছাওয়াটা বাপের্ আলামোত্ পায়েছে। [<'আলামত علامت আং]।

আলাম্=[কুম]—বি. চাদর ।। যারে আলান্ গতর্ দেয়। [আলোয়ান]।

২=[ঢা]—অব্য. এখন ।। আলাম্ বাইত্ যা। [আল্আন الآن আং]।

৪=[ঢা]—বিণ. তামাম ।। আলাম্ দুইন্নাত্ এই যিনিশ্ পাইতি না। ['আলম < عالم আং]।

আলাম্‌কুটি=[চট্ট]—বিণ. পৃথিবী পূজ্য ॥

আলম্‌গালাম্‌=[পা]—বি. আবোল তাবোল ॥ আলাম্ গালাম্ বাদ্ দেও। [<আলম গলম হিং]।

আলাম্‌ছ=[রং]—বি. পাকের ঘরের মাকড়সার জাল ॥ আলম্‌ছ শাফ্ কর।

আলাম্‌তারা=[কুম, ফ]—বি. বড় জামা (ব্যঙ্গার্থে) ॥ মৌলবি শাবের আলাম্ তারায় কয় গয্ কাপ্‌র লাগ্‌সে? [কুর্‌আন শরীফের সুরা ফীলের আরম্ভ, অর্থ তুমি কি দেখ নাই]।

আলায়্‌=[ম]—বি. অপেক্ষা ॥ অহন্ আর্ আলায় কৈরা লাব্ কি? [<হেলা]।

আলায়্‌মালায়্‌=[য]—বি. দিনের বেলায় ॥ আলায় মালায় সংসারি কায্। [<আলোয়=আলোতে+মালায অনু:]।

আলালাযি=[ম]—বি. সনীত, দ্বিধা ॥ হাচ'। কতা কৈয়া ফালাইবি, আলালাযি করিস্ না।

আলালিযোলালি=[চট্ট]—বি. সেবা ॥

আলালেব্‌রি=[পা]—বিণ. তোতলা ॥ মাইয়াটা আলালেবরি।

আলাহালা=[ফ]—বি. অবহেলা ॥ লেহাপড়া আলাহালার যিনিশ্ না। [দেখ আলাবালা]।

আলাহিদা=[রং]—ক্রি. বিণ. আন্দাজী, গঠিক না জানিয়া ॥ আলাহিদা কুন্‌টে যাইশ্? ['আলাহিদা علحدہ আং উর্দু ; দেখ আলড়া]।

আলাহ্‌=[নো]—বি. অস্ত্রপাতি ॥ [আল: آلہ আং]।

আলি=[ঢা, কুম, সি]—বি. ধানের গাছ ॥ ইবার আলি খুব্ বালা ঐসে।
২=[বা, চট্ট]—বিণ. চালাক তেজী ॥ আলি গরু দেইখ্যা কেন্‌বা। [<হাল+ইয়া প্র.]।
৩=[ঢা, সি]—বি. হালি, আঁটি ॥ চ'ইর্‌ডায় এ্যাক্ আলি। [<হালি]।
৪=[কুম]—বি. ক্ষেতের সীমানা ॥ খেতের আলি লৈয়া কাইথ্যা লাগ্‌সে। [আলি]।
৫=[সি]—বি. অলসতা ॥ [দেখ আলিয়া<আলিস<আলস্য]।
৬=[ম]—বি. টিক্‌টিকি ॥
৭=[ঢা]—বি. মাছ গাঁথিবার জন্য লোহার শিক্ বিশেষ ॥ পলো দিয়া মাস্ দর্‌তে গেলে আলি লগে নিঅ। [<অল সং=সূক্ষ্ম মুখ]।
৮=[ফ, পা]—বিণ. নূতন টাট্‌কা ॥ একশের আলি রশ্‌গোল্লা আইন্য। [<হালী حالی আং]।
৯=[চট্ট]—বিণ. নিরাপদ ॥
১০=[চট্ট]—বিণ. অগ্রিম ॥ ইতার চাঁদা আলি দিগেন্। [আগ<অগ্রসং+আলি প্র.]।
১১=[ঢা]—বি. আখের বীজ ॥ আলির আবার্ পনর ট্যাহা।
১২=[সি]—বি. রোপনের জন্য ঘন করিয়া ফেলা ধান্য বীজ ॥ আলি দান্ খুব্ দামি।
১৩=[নো]—বি. জোড়া ॥ [<হালি]।

আলি এলাক্‌কা=[নো]—বি. সম্পর্ক, সংস্রব ॥ হেতার লগে আঁর কোনো আলি এলাক্‌কা নাই। ['আলাক: علاقة আং+আলি অনু:]।

আলিক্‌কি=[কুম, ঢা]—বি. অলক্ষ্মী, দুর্ভাগ্য ॥ তরে আলিক্‌কিয়ে দর্‌সে। [<অলক্ষ্মী]।

আলিচ'=[ম]—বি. মাছ গাঁথিবার লোহা বা কাঠের তৈরী দণ্ড ॥ [দেখ আলি$_{৭}$]।

আলিযং=[কুম, নো]—বিণ. বিশাল কায় ॥ আলিযং দেও। [<'আলীজাহ্ عالی جاہ আং+ফা.=উচ্চ পদ]।

আলিযালি=[ক]—ক্রি. বিণ. এদিক সেদিক করা বা বলা ॥ কামের শময় আলিযালি করিস্ না। [তুং আলাজালা প্রা.বাং]।
২=[বা]—বিণ. অর্থহীন, অসংলগ্ন ॥ আলিযালি কতা কণ্ ক্যান্? [পূর্বে দেখ]।

আলিয্‌যা=[ন]—বিণ. অনেক ॥ আমার্ আলিয্‌যা পৈশা নাই যে বেহুদা খরচ' কর্‌তাম্। [<অনাযা]।

আলিত্‌তা=[চট্ট]—বিণ. অগ্রিম, স্বাভাবিক সময়ের আগে উৎপন্ন ॥ আলিত্‌তা বুইলে বারা ফশল্ ঐত ন।

আলিত্‌পরা=[সি]—ক্রি. অভাবে পড়া ॥ মানুশ্‌টা খাবা খাবা আলিত্ পৈরা গেল্। [দেখ আরিত্ পরা]।

আলিদা=[চট্ট]—বিণ. অকারণ ॥ আলিদা কতা কঅ। [দেখ আলিয্‌যা]।
২=[চট্ট]—বিণ. আলাদা, পৃথক্ ॥ ইতার আলিদা কান্‌দার্ আসে। [দেখ আলাহিদা]।
৩=[নো]—বিণ. আদরের ॥ আলিদা পুলায় খালি ডাং ডাং করি গুইরা বেরায়। [<আহ্লাদিয়া]।

আলি দাও=[ন]—বি. বড় দা বিশেষ ॥ ডাহাইতের আতে আলি দাও আসিল্। [<'আলী عالی আং ; দান শব্দের বদলে]।

আলিনসিব্‌=[ন]—বি. সৌভাগ্য, জোর বরাত ॥ ['আলী নসীব عالی نصیب আং]।

আলিন্‌জা=[বা]—বি. পরনিন্দা ॥

আলিন্‌যা=[পা]—বিণ. অতিরিক্ত ॥ আমার্ এত আলিন্‌যা ট্যাহা নাই। [<অনাযা]।

আলিপ্‌তা=[সি]—বি. বাধা, দুর্ভোগ ॥ বারা কামে আলিপ্‌তা বেশি।

আলিব্যারা=[কুম]—বি. পর্দার বেড়া ॥ এই বারিত্ আলিব্যারা নাই। [আলি<আবুড়ি<আবৃতি সং+বেড়া]।

আলিমিলি=[সি]—বি. তন্দ্রা, ঝিমানি ॥
২=[সি]—ক্রি. বিণ. অস্পষ্ট ॥ আন্‌দাইরে আলিমিলি দেহা যায়।

আলিয়া=[সি]—বি. যেখানে রাঁধা হয় ॥
২=[কুম]—বি. আগুন রাখিবার পাত্র ॥ [দেখ আয়লা]।
৩=[বা]—বি. আলুনি ॥ আলিযা তর্‌কারি খাওন্ যায় না। [আ=(নাই অর্থে)+নুন (লবণ)+ইয়া প্র.]।
৪=[সি]—বিণ. অলস ॥ আলিয়া

মাইন্‌শের উন্নতি নাই। [আলসিয়া <আলস্য। ইয়া প্র.]।

আলির্ কাড়া=[চা]—অব্য. মেয়েদের গালি বিশেষ।। আরে, আলিরকাড়া তর মরন্ অয় না কেবে? [আলির+কাঁটা ; দেখ আলি]।

আলিশৈন্যা=[ম]—বিণ. নীর, বড়।। লোক্‌টা আলিশৈন্যা যোয়ান্। [<আলিশান ; 'আলীশান عالیشان আং+ফা.]

আলিশ্=[চট্ট]—বি. সাম্পানের দাঁড়।। ইতে বালা আলিশ্ টান্‌তে পারে।

২=[রং]—বি. আলস্য।। আলিশ্ কর্‌লে কোন কাম্ অয় না। [<আলস্য]।

আলিশ্ মারা=[রং]—ক্রি. বিশ্রাম করা।। [<আলস্য+মারা (করা অর্থে)]।

আলিশ্ শে=[খু]—বি. অলসতা।। এত আলিশ্‌শে কর্‌লে চলুবে না। [=আলস্য]।

আলু=[রং]—বিণ. কিছুই না।। তুই আলু বুঝিশ্। [রূপকার্থে অণ্ডকোষ ; দেখ আলুগোত্তা]।

আলুকো=[খু]—বিণ. বেহিসাব।। আলুকো খরচ্‌ করো না। [<আল্‌গা]।

আলুক্ খা=[সি]—বিণ. অদ্ভুত।। আলু কৃখা খতা খৈস্ না। [দেখ আলুকা]।

আলুক্ ঢুলুক্=[রং]—বিণ. অর্থাটি।।

আলুক্ ভালুক্=[রা]—ক্রি. বিণ. উকি ঝুঁকি।। ক্যারে, আলুক্ ভালুক্ কর্‌বু কেন্?

আলুগোত্তা=[ম]—বি. অণ্ডকোষ।। [রূপক অর্থে]।

২=[ম]—বি. গোল আলু।। [<আলু গোটা]।

আলুগোলা=[চট্ট]—বি. গোল আলু।। আলুগোলার বর্‌তা দি বাত্ খাই।

আলুচ'=[সি]—বি. হালচাষ কারী, চাষা (তুচ্ছার্থে)।। [হাল+উয়া+চাষা]।

আলুবা=[ম]—বি. শিশুদের ঝগড়া।।

আলুবা করা=[ম]—ক্রি. উৎপাত বা অত্যাচার করা।। পোলাড়া বর আলুবা করে।

আলু তালু=[ম]—বিণ. উত্তেজিত।। [<আলু আউলিত প্রাং<আকুলিত ; থালু অনু: (অর্থ বিকৃতি)]।

২=[সি]—ক্রি. বিণ. গোলমাল।। লোক্‌টা বাযারে গেলে আলু তালু করে।

আলুত্তি=[চা]—বি. হালচাষ।। তারা আলুত্তি কৈরা খায়। [<হাল+উতি প্র.]।

আলুদ্ দা=[কুম]—বি. আদরের।। আলুদ্দা পুত্। [দেখ আলাইদ্দা]।

আলুনা=[খু, বা]—বিণ. অত্যধিক।। বনীদের আলুনা টাকা।

আলুনি=[চট্ট]—বি. এক প্রকার বন্য বিড়াল।। আলুনি মোরগ্ চুরি গরে।

২=[কুম]—বি. এক প্রকার ছোট মাছ।। আলুনি মাস্ খাইতে মযা নাই।

আলুন্ দা=[কুম]—ক্রি.বিণ. না জানিয়া শুনিয়া।। আলুন্দা আর্ দোশ্ দিলে লাব্ ঐব কি? [দেখ আলাউন্দা]।

আলুফা=[ম]—বিণ. দুর্লভ, দুষ্প্রাপ্য।। আলুফা চিযের্ দাম্ বেশি। ['উলুফ: علو فه আং]।

২=[ফ, বা]—বিণ. অতিরিক্ত, বাজে।। এত আলুফা কতা ক্যা? [দেখ আল্‌পা]।

আলুমেলু=[রা]—ক্রি. বিণ. সামান্য।। আজ্ আলুমেলু ঘুম হচে। [অনু.=এলোমেলো]।

আলুম্‌খালুম্=[চা]—ক্রি. বিণ. খাই খাই।। হারাদিন্ খালি আলুম্ খালুম্ করে। [<আইলাম খাইলাম= এলুম খেলুম ; অনু.]

আলুম্ যালুম্=[চা]—বি. তাড়াহুড়া।। বেশি আলুম্‌যালুম্ কৈর না। [অনু.]।

আলুম্ সালুম্ করা=[চা]—ক্রি. খাই খাই করা।। হারাদিন্ তর্ মোক্‌টা আলুম্ সালুম্ করে। [অনু.]।

আলুয়া=[রা]—বিণ. অব্যবহৃত।। আলুয়া কাপড়্যা ফকির্‌কে দেও।

আলুয়ে যাওয়া=[খু]—ক্রি. পাক খুলিয়া যাওয়া, বন্ধন মোচন হওয়া।। গরুর দরিটা আলুয়ে গেইচে'। [এলাইয়া যাওয়া ; আউল প্রাং<আকুল সং (নাম ধাতু)]।

আলুর্ দোশ্=[চা, কুম, সি]—বি. লাম্পট্য দোষ।। এই বুইরার্ আলুর্ দোশ্ আসে। [আলু ; রূপক অর্থে]।

আলুর্ সানা=[দি, রং]—বি. আলুর ভর্তা বা চাট্‌নি।। আলুর ছানা দিয়া বাত্ খাইচো। [আলু+র (সম্বন্ধে)+ছানা<ছান্]।

আলুসা=[ম]—বি. চাষা (গালি অর্থে)। [দেখ আলুচ']।

আলুস্থুল্=[রা]—বি. অসুবিধা।। জামাটা গায়ে আলুস্থুল্ কর্‌ছে।

আলে=[রং]—ক্রি. বিণ. ওজরে।।

২=[রং]—বি. নুতন্ লোক্‌টা আলে ধনি হয়েছে। [<হালে]।

৩=[চা]—ক্রি. বিণ. অনাহারে, অভাবে।। লগু গুরু মানে না বৌ প্যাডে আলে মরে। [আলে<অলং সং]।

আলেক্=[ম, কুম, চা]—বি. আল্‌গা, আলাদা, ফরক, তফাৎ।। বশন্‌ত রোগির্ কাসেত্‌তে আলেক্ থাহা-উচি'ত্। [দেখ আলগ্]।

আলেক্‌যান্=[ফ]—বি. ক্লান্ত।। আলেক্‌যান্ ঐয়া পর্‌বি। [আলেক <হলাক ہلاک আং+জান্ جان ফা.]।

আলেখা=[বা]—বিণ. মূর্খ।। আলেখা মাইন্‌শে কি বুযে? [আ (না)+লেখা]।

আলেঝালে=[রা]—ক্রি. বিণ. এলোমেলোভাবে।। তামাম্ দিন্‌টা আলে ঝালে গেল্। [অনু.]।

আলেদা=[খু]—অব্য. পৃথক্, স্বতন্ত্র।। তোম্‌রা আলেদাভাবে চ'ল কেন্? [আলাদা, দেখ আলাহিদা]।

আলে দেওয়া=[খু]—ক্রি. ধান ভানিবার সময় নাড়িয়া দেওয়া।। এক্‌যনে ঢেকিত্ পার্ দিলে আরেক্‌যন্‌কে আলে দিতে হয়। [আউলাইয়া দেওয়া ; আউল প্রাং<আকুল সং ; নাম ধাতু]।

আলেদ্ দা=[চা]—বিণ. পৃথক্।। পচ'া আর্ বাইচ'া আলেদ্দা কর্। [দেখ আলেদা]।

আলেনি=[খু]—বি. ঢেঁকিতে ধান নাড়িবার উপকরণ বিশেষ।। [আলা, দেখ আলে দেওয়া+নি প্র.]

২=[পা]—বি. যোগানদার ।। [দেখ আলেনি ; রূপক অর্থে]।
৩=[খু]—বি. মাটির তৈরী গোলাকার বস্তু বিশেষ ।।

আলেয়া=[য]—বি. কলা গাছের থোর বা মোচা ।।

আলের্ মাল্=[চা]—বি. নূতন মাল ।। আউয়্‌গা আলের্ মাল্ আন্‌মু । [হালের মাল]।

আলেহার্=[কুম]—ক্রি. বিণ. প্রচুর পরিমাণে ।। আলেহার্ খাইলে অসুক্ অয় ।

আল্যা=[ব, রং]—বিণ. লবণ তরকারী হীণ ।। আল্যা ভাত্ খাবা না পাঁরো । [দেখ আলুনি]।
২=[সি]—বি. ঝাড়ু ।। আল্যাদি গর-খান্ শাফ্ কর্ ।

আল্যান্=[বা]—বি. হালুয়ার ন্যায় নাশ্‌তা ।। আল্যান্ দিয়া রুডি পিডা খাইতে মন্দ না । [হলবা حلوا আং]।

আল্যাবত্তর্=[রা]—ক্রি. বিণ. আজে বাজে ।। আল্যাবতর্ বকা ঠিক্ না ।

আলৈ=[দি, রা]—বি. বাতি ।। আলৈ জ্বাল। [আলো+ই প্র.]।
২=[চা]—বি. মিষ্টান্ন ।। আলৈর দোহানডা যবর্ নোংরা । [দেখ আল্যান]।
৩=[খু]—বি. জল খাবার ।। এয়াতে আমার্ আলৈও হয় না। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।
৪=[চা]—বি. আলো ।। আলৈ দিয়া মাস্ দর্‌তে হাপের ডর্ আছে।
৫=[খু]—বিণ. অল্প, কিঞ্চিৎ ।। [আলে প্রা. বাং<অলং সং]।

আলৈআলা=[ম]—বি. ময়রা ।। এই আলৈআলার মিঠাই শরশ্। [<হালুই +ওয়ালা ; দেখ আলাই]।

আলৈকর্, আলৈকার্=[ফ]—বি. ময়রা, মিষ্টিওয়ালা ।। [<হালুইকর ; দেখ আলাইকর্]।

আলৈদা=[চা, ম]—বিণ. অতিশয় ; আদুরে ।। আলৈদা পোলা । [<আহ্লাদ +ইয়া প্র.]।

আলৈয়া=[ফ]—বি. দুষ্ট প্রকৃতির শিশু ।।
২=[ফ]—বি. এক প্রকার পাখী ।। আলৈয়া আক্ কর্‌লেই মুখ্ দিয়াআগুন্ বাইর্ অয় ।

আলো=[সি]—অব্য. ওগো, ওহে ।। আলো তুই বর নাদান্ ।
২=[সি]—বি. চুলার লাকড়ি ।। বেশি আগুন্ ঐ গেসে আলো খবাইয়া দে।
৩=[খু]—বিণ. শক্ত ।। আলো গুর্ ।।
৪=[খু]—বিণ. এলো, শিথিল ।। মাইয়ার্ মাথার আলো চুঁল্ । [=এলো; <আউল প্রাং<আকুল সং]।
৫=[নো]—বিণ. ভাল ।। আলো বিনিশ্ গিন্ চাই হেতে লৈ গেসে। [<ভাল অথবা আ'লা اعلى আং=শ্রেষ্ঠ, উৎকৃষ্ট]।

আলো আন্দারা=[রং]—বিণ. রাত কানা ।। [আলো+আন্ধারা ; আন্ধার <অন্ধকার+আ প্র.]।

আলো কাটা=[য]—ক্রি. অন্ধকার রাত্রে নদী কিংবা বিলে আলোর সাহায্যে মাছ শিকার করা ।।

আলোক্ চিয়া=[বং]—বিণ. অল্প ।। ব্যাটাকোনার আলোক্ চিয়া বুদ্ দি । [<অলপ<অল্প+চিনা প্র.]।

আলোগালো=[রা, ফ]—বিণ. আবোল তাবোল ।। আলোগালো কথা থুয়া আশল্ কথা কও। [অনু.]।

আলোগালো খাওয়া=[রা, ফ]—ক্রি. বার বার সামান্য সামান্য খাওয়া ।। আলোগালো খালে পেট্ ভরে না। [অনু.]।

আলোগালো খাবার=[রা, ফ]—বি. নানা রকমের খাবার ।।

আলোগ্‌ধৈড়্যা=[রা]—বি. ইঁদুরের বাচ্চা ।।

আলোট্=[বা]—বি. শস্যপূর্ণ ক্ষেতের মধ্য দিয়া চলাফেরা করার পথ ।। আলোট্ দিয়া চ'লা ঠিক্ না। [<হালট দেখ আলট্]।
২=[পা]—বি. খোলা জায়গা ।।

আলোডলো=[সি]—ক্রি. বিণ. অতি-শয্য, অঙ্গভঙ্গি ।। শইরো মাইয়ারা খুব্ আলোডলো করে। [অনু.]।

আলোড্=[ফ]—বি. গোচারণ ভূমি ।। আলোডে গরু বান্‌সে কে? [দেখ আলোট্]।
২=[চা]—বি. হালট, রাস্তা।। আলোড্ দিয়া গরু চ'লে। [দেখ আলোট্]।

আলোতারা=[সি]—বি. রাত্রে বাতি জ্বালাইয়া মাছ শিকার ।। আইয্ আলো-তারাত্ মাস্ পাইসনি ? [আলো+তাড়া]।

আলোত্=[রা]—বি. বিষধর সর্প ।। আলোত্ শাপের বিশ্ টপ্ কবি মাথায় উঠে। [দেখ আলদ্] ।

আলোনে=[খু]—বিণ. এলোমেলো ।। [দেখ আলো৪+নে প্র.]।

আলো বিন্দি=[য]—বিণ. বিশৃঙ্খল ।। মাথার চুঁল্ আলো বিন্দি কেন? [দেখ আলো৪+বিন্দি<বৃন্দ সং=সমূহ]।

আলোমার্=[ম]—অব্য. তাচ্ছিল্য প্রকাশক ।। আলোমার আমার্ বাত্তার্ । [<ওলো+আমার]।

আলোয়া=[বং]—বি. পানের সাথে খাওয়ার তামাক, বিড়ি তামাক ।।

আলোয়া তাংকু=[রং]—বি. পাকা তামাকের গুড়া ।। [দেখ আলোয়া+তাংকু <তামাকু< তাম্বাকু Tobaco পোর্তু.]।

আলোল্যা=[পা]—বিণ. উপেক্ষিত ।। [<আলুলাইত প্রাং.<আলুলায়িত সং]।

আল্=[চা, ফ, সি, য]—বি. লাঠি লাটিম বা পাচনের আগার সূঁই বিশেষ, কাঁটার অগ্রভাগ ।। লড়ির আল্‌দা গরুরে খোচা দেয়। [অল সং=সূক্ষ্ম মুখ]।
২=[রা]—বি. মৌমাছি বা বোলতার হুল ।। তাকে বল্‌লায় আল্ দিচে। [অল=বৃশ্চিক পুচ্ছ]।
৩=[খু]—বি. টিপ্পনি, খোঁচা ।। তার কথায় বর আল্ । [পূর্বে দেখ]।
৪=[চা, কুম]—বি. হাল ।। হে গরু লৈয়া খেতে আল্ চ'ওয়াত্ যায় । [<হাল]।

৫=[সি]—বি. জমির পরিমাণ বিশেষ ।। হ্যার দুই আল্ যাগা আসে । [হাল] ।
৬=[পা]—বি. সূতার অগ্রভাগ ।। আউল্যা গুতার আল্ বাইর্ করন্ শহয্ না । [<অল সং] ।
৭=[চট্ট]—বি. মোরগের মাথার ঝুটি ।।
৮=[নো]—বি. বাগ ।। ই কতায় আল্ কব্ নি ?
৯=[বং, বা]—বি. ওজর, আপত্তি, ছুল, বাহানা ।।
১০=[রং, ব]—বি. পিয়াজের চাবা ।। পেঁযাজের আল্ খুব দাম্ ।
১১=[চট্ট]—বি. ধানের আবাঁধা ছোট আঁটি বা স্তূপ ।। আব্‌ওযা তিন্ আল্ দান্ বাইন্যে ।
১২=[বং]—বি. অবসর ।। কোন্ আলে এই কাম্ কবোচু ?

আল্‌আওলাদ্=[ম]—বি. পূর্ব পুরুষ, বংশ, পরিবার, গোষ্ঠি ।। [আল্ আওলাদ اٰل اولاد আং] ।
আল্‌আম্‌জার্=[রা]—বি. নানা রকমের জিনিস একত্র থাকা ।।
আল্‌ওয়ান্=[ফ]—বি. ক্ষীর বিশেষ ।। রুটি পিডা খাইতে আল্‌ওয়ান লাগে । [<হল্‌বা حلو আং] ।
আল্‌ওয়ালা=[সি]—বিণ. হালওয়ালা ।। আল্‌ওয়ালা গরুডা খায্ তায্ নি ? [<হাল+ওয়ালা প্র.] ।
আল্‌কচি'=[ফ]—বি. প্রদীপাধার ।। 'আল্‌কচি'র উপরে কুপ্‌পিডা রাহ । [<আলগোচি, আলগুছী ; আলগ্ <অলগ্ন সং+গি<সা হিং] ।
আল্‌কতে=[দি, বা]—ক্রি. বিণ. আস্তে ।। ছাওনাটা আল্‌কতে শুআইদে ।। [<আলগ<অলগ্ন সং+তে বিভক্তি] ।
আল্‌কা=[চট্ট]— বিণ. অসিদ্ধ ।। আল্‌কা দান্ । [<আল্‌গা] ।
আল্‌কাগা=[চট্ট]—বি. শাড়ী বিশেষ ।।
আল্‌কাচ্'=[পা]—বি. সং ।। কি এক্ আল্‌কাচ্ আশি খারা ঐলো । [আল্‌কসিয়া হিং=অলস] ।
২=[ফ]—বি. গালাগালি ।।

আল্‌কাটা=[বং]—ক্রি. ভান করা ।। তুই জানিয়াও ক্যান্ আল্‌কাটাশ্ ? [দেখ আল্১+কাটা (ভান অর্থে)] ।
আল্‌কাপ্=[পা]—বি. গম্ভীরা গান ।। আল্‌কাপের আশর্ ।
২=[বা]—বি. গ্রাম্য গান বিশেষ ।।
৩=[রা]—বি. তামাশা ।।
আল্‌কাস্=[পা]—বিণ. অসমঞ্জস, যে নিজেকে খাপ খাওয়াইতে পারেনা ।।
আল্‌কিত্‌তি = [খু] — ক্রি. বিণ. অবিকল ।। তাকে দেখ্‌তে আল্‌কিত্‌তি আমার ভাইয়ের মত । [আল্‌বত্তঃ البتّا আং] ।
আল্‌কিস্‌সা=[কুম]—বিণ. কৃপণ, সঙ্কীর্ণমনা ।। [আল্‌কসিয়া হিং=অলস] ।
আল্‌কুচা=[বং] — বিণ. অনর্থক, অকেজো ।। আল্‌কুচা কথা বাদ্ ।
আল্‌কুচি=[বা,খু]—বি. প্রদীপ, কুপি ।। [দেখ আল্‌কচি'] ।
আল্‌কুটান্=[রা] — ক্রি. রসিকতা করা ।।
আল্‌কুশি=[য]—বি. চিচিংগা ।। আল্‌কুশি ভাল তরকারি ।
আল্‌কোনি=[চট্ট]—বি. আলমারি ।। আল্‌কোনিআন্ ভাংগি গেইয়ে । [<আল্‌গনী হিং] ।
আল্‌খামানা=[সি]—বি. সামর্থ্য থাকা সত্ত্বেও কাজ করিতে পারিবে কিনা এইরূপ চিন্তা ।। এত আল্‌খামানা কর্‌লে কি চ'লে ? [<তোল বাহানা] ।
আল্‌গচিত্ দেওয়া=[রং] — ক্রি. শূন্যে ভর দেওয়া ।। আল্‌গচিত্ দিয়া খাড়াও । [<আল্‌গোছ+ত (অধিকরণে)+দেওয়া] ।
আল্‌গয্‌যি=[কু]—ক্রি. বিণ. বিনা কারণে, খামাখা ।। আল্‌গয্‌যি গাসের পাতা নরে না । [আল্ (অভাব অর্থে)+গরয غرض আং +ই প্র.] ।
আল্‌গত্=[ব] - ক্রি. বিণ. নিজে নিজে ।। আল্‌গত্ অশুদ্ খা । [দেখ আল্‌কতে] ।
আল্‌গনি=[ঢা]—বি. কাপড় শুকাইবার দড়ি বা বাঁশ ।। গামসাটা আল্‌গনিত্ হুকাত্ দে । [দেখ আল্‌কোনি] ।

আল্‌গরা=[সি]—বি. কৃষিকাজের জন্য অস্থায়ী বাড়ি ।। [হাল্+ঘর+আ প্র.] ।
আল্‌গস্=[ম, সি] — ক্রি. বিণ. আল্‌গোছে, আস্তে, সাবধানে, অনায়াসে ।। আল্‌গসে যাও । [অলগ্নসে হিং ; দেখ আল্‌কতে] ।
আল্‌গা=[দি]—বিণ. অলস ।। লোক্‌টা বড় আল্‌গা । [অলগ্ন সং] ।
২=[চট্ট]—বি. বাঁশের তৈরী চুপড়ি বা ঝুড়ি ।। আল্‌গাত্ দান্ ভরে ।
৩=[ঢা]—বিণ. উঁচু ।। তার্ টা আল্‌গা কৈরা দে ।
৪=[বং]—বিণ. ভিত্তিহীন, অমূলক ।। মুই তোর্ আল্‌গা কতা শোনম্ না । [দেখ আল্‌গা১] ।
৫=[রং]—বিণ. <হালকা ।।
আল্‌গা ওয়াস্‌তে=[ম]— ক্রি. বিণ. আল্‌গোছে, বেশী চাপ না দিয়া ।। সেরাভারে আল্‌গা ওয়াস্‌তে দৈবা কুলে নেও, যেন্ গুম্ না বাংগে ।
আল্‌গাদুল্‌গা=[সি]—ক্রি.বিণ. নাগল বা ধরাছোঁয়ার বাইরে ।। লোক্‌টা শব্ মাম্‌লায় আল্‌গাদুল্‌গা থাকে । [<আল্‌গা<অলগ্ন+দুল্‌গা অনু:] ।
আল্‌গানো=[কুম, নো, ঢা]— ক্রি. উঠানো ।। হে তিনমন্ বোঝা আল্‌গাইতে পারে । [আলগা+আন প্র. ; নামধাতু] ।
আল্‌গারি=[সি]—বি. কামলা, মজুর ।।
আল্‌গুচি'=[ফ]—বি. পিলসুজ, বাতি রাখিবার উঁচু আধার বিশেষ (মাটি বা কাঠের তৈরী) । [দেখ আল্‌কচি'] ।
আল্‌গুচি'দেওয়া=[য]— ক্রি. হাঁটি হাঁটি পা পা করিয়া চলা ।। [<আল্‌গচি'ত্ দেওয়া] ।
আল্‌গুনা=[কুম]— বি. রান্নঘরের চারিদিকে জমানো ময়লা ।। রান্‌দন্ গর্‌ডা আল্‌গুনায় বরা ।
আল্‌গুনি=[সি]—বি. আলনা, কাপড়

রাখিবার দড়ি বা বাঁশ। [<অনুগনী হিং]।

আল্‌গুরি=[নো]—বিণ. উপরি ॥ বেতন্‌ সারাও হে আল্‌গুরি অনেক্‌ পায়। [<আল্‌গা+উরি প্র.]।

আল্‌গোচি'=[ফ]—বি. প্রদীপ রাখিবার জন্য কাঠের তৈরী পিল্‌সুজ॥ [দেখ আল্‌গুচি']।

আল্‌গোছ্‌=[রা]—বি. অরুচি ॥ খেতে আল্‌গোছ্‌ করিশ্‌ কেনে?

আল্‌গোত্তে=[রং]—ক্রি. বিণ. সন্তর্পণে॥ আল্‌গোতে আইশেক্‌, ছাওয়া উঠ্‌পে। [দেখ আল্‌কতে]।

আল্‌গোস্‌=[চা]—বি. কুপি রাখিবার পিলসুজ বা কাঠের দণ্ড॥ [দেখ আল্‌গুচি']।

২=[ফ]—শূন্য, খালি॥ একটু আল্‌গোস্‌ কর।

আল্‌গোস্‌তে=[ফ]—ক্রি. বিণ. সহজে॥ আল্‌গোস্‌তে আটিয়া যা। [আলগোছ+তে; দেখ আল্‌গস্‌]।

২=[কুম, নো]—ক্রি. বিণ. যত্নপূর্বক, সন্তর্পণে॥ আল্‌গোস্‌তে গেলেশ্‌ দর্‌। [পূর্বে দেখ]।

আল্‌গোস্‌সরে=[খু]—ক্রি. বিণ. খুব ধীরে, সন্তর্পণে॥ আল্‌গোস্‌সরে গেলাশ্‌টা রাখ্‌। [=আল্‌গোছ+রে; দেখ আল্‌গস্‌]

আল্‌গোস্‌সলে=[য]—ক্রি. বিণ. চুপি চুপি॥ আল্‌গোস্‌সলে যা। [=আলগোছ্‌+লে প্র.]।

আল্‌গোস্‌সে=[ফ]—ক্রি. বিণ. আস্তে॥ সেব্‌রারে আল্‌গোস্‌সে হোয়াইয়া থো। [=আলগোছ+এ প্র.]।

আল্‌চ'ওয়া=[ম, চা]—ক্রি. হালচাষ করা॥ ল আল্‌ চ'ওয়াত্‌ যাই। [<হাল চওয়া<হালচষা]।

আল্‌চ'র্‌বিবি=[সি]—বি. শ্রমবিমুখ ও অধৈর্যশীল ব্যক্তি॥ আল্‌চ'র্‌ বিবিরে খেডা বোয়াইয়া বোয়াইয়া খাওয়াইব?

আল্‌চ'া=[রং]—বি. ঈষৎ ঘর্ষণ, অল্প লাগা বা ছোঁয়া॥ বাঁশের আল্‌চা লাগি হাতের ছাল্‌ গেইল্‌।

আল্‌চি'=[সি]—বিণ. একটুতেই যে অধৈর্য ও অপারগ হয়॥ ইডা আল্‌চি' লোকের কাম্‌ না।

আল্‌চি'য়া=[রং]—বিণ. দুষ্ট, ভ্রষ্ট॥ ব্যাটাকোনার আল্‌চিয়া বুদ্‌দি।

আল্‌ঘিলা=[ম]—ক্রি. বিণ. সামান্য ক্ষণের জন্য॥ মাইয়াডারে একটু আল্‌ঘিলা দেখ্‌সি। [দেখ আল্‌সা+লা প্র.]।

আল্‌টা=[কু, খু]—বি. ভার বহনের জন্য মাথায় ব্যবহৃত কাপড়ের পাগড়ী বা বিড়া॥ [<আঁটলা]।

২=[খু, য, ব]—বি. পানির কলস বা রান্নার হাঁড়িপাতিল রাখিবার জন্য মাটির তৈরী উঁচু স্থান॥ [<আঁটলা]।

৩=[রং]—বি. খাঁজ, বাঁশ বা কাঠকে ঠিকমত বসানোর জন্য কাটা অংশ॥

৪=[পা]—বিণ. তালকানা, বোকা॥

৫=[ব]—বিণ. কড়া, অশ্রাব্য॥ তোর্‌ আল্‌টা কথা আমার শব্‌ব হয় না।

৬=[খু]—বি. ধান ভানিবার তৃতীয় স্তর॥ ধান্‌ আল্‌টার পরেই চ'াউল পাওয়া যায়।

৭=[য]—বি. ঢেঁকি ছাটা চাউলের মধ্যে আস্ত ধান। চ'ালে এত আল্‌টা কেন্‌?

৮=[ব]—বি. এক প্রকার গন্ধ॥

৯=[রং]—বি. অসত্য বা গোপন করিয়া বলার অভ্যাস॥ আল্‌টা ভেল্‌টা ছাড়েক্‌। [<উল্‌টা]।

আল্‌টাইয়া=[ম, কুম]—বিণ. স্নেহাধিস্থলভ, কড়া॥ এই পোলাটা বর আল্‌টাইয়া কথা কয়।

আল্‌টাক্‌রা=[কু]—বি. মাথার চাঁদি, মাথার নরম অংশ॥ আল্‌টাক্‌রায় ঘা দিলে বল্‌দি বব্‌দ হবে।

আল্‌টানি=[কুম]—বি. কাজ বা অন্য কিছুর জন্য বিরক্তি ভাব॥ তার আল্‌টানিয়ে আই আর বৈত্যা হাল্‌লাম্‌ না।

আল্‌টানো=[দি]—ক্রি. পচিয়া যাওয়া॥ ভাত্‌ আল্‌টে গেছে। [আল্‌টা<আকুল +টা প্র. (নামধাতু)+আনো প্র.]।

২=[দি]—ক্রি. আওড়ান॥ বারে বারে এক কথা আল্‌টাও কেনে? [<উল্‌টান]।

৩=[রা]—বিণ. পচা ও টক॥ আল্‌টানো ভাত ফেলে দে। [দেখ আল্‌টানো১]।

৪=[সি]—ক্রি. ত্যক্ত করা, অনুরোধ করা॥ পুয়াডার্‌ আল্‌টানোতে আর্‌ ঠিক্‌ থাকা যায় না।

৫=[সি]—ক্রি. নাড়াচাড়া দেওয়া॥

৬=সি]—ক্রি. অনিচ্ছায় চলা॥

আল্‌টামো করা=[কু, চা]—ক্রি. উৎপাত করা, গণ্ডগোল করা॥ সেরাডা যবর্‌ আল্‌টামো করে।

আল্‌টিয়া=[রং]—বিণ. যাহা নষ্ট হইয়া গিয়াছে॥ আল্‌টিয়া দুধ্‌লা কায় খাবে? [দেখ আল্‌টানো১]।

আল্‌টে ওঠা=[দি]—ক্রি. বিরক্ত হওয়া॥

২=[ব]—ক্রি. ভাতে পচন ধরা॥ [দেখ আল্‌টানো,]।

আল্‌টেওয়া=[রা]—বিণ. অবোধ, নির্বোধ॥

আল্‌টোপা=[রা]—বিণ. এখানে সেখানে॥ তুই খালি আল্‌টোপা যায়ে বেড়াশ্‌।

আল্‌টোয়া=[রং]—বিণ. ক্ষণ ভঙ্গুর, নরম॥ কাচ্‌ আল্‌টোয়া জিনিশ্‌। [আল্‌+ঠিয়া<স্থিত]।

আল্‌ঠা=[খু]—বি. ধান ঝাড়িবার প্রথমাবস্থা॥

আল্‌ঠুয়া=[দি, রা]—ক্রি. বিণ. আলগা, অনবলম্বন॥ ছাতাটা দড়ির উপর আল্‌ঠুয়াতে আছে। [দেখ আল্‌টোয়া]।

২=[দি]—বিণ. ভঙ্গুর॥ কাঁইচ্‌ আল্‌ঠুয়া চিজ্‌। [দেখ আল্‌টোয়া]।

আল্‌ডা=[দি]—বিণ. পৃথক্‌॥ গাড়ি থাকি গরু আল্‌ডা করি থো। [দেখ আলাহিদা]

২=[ফ]—বিণ. অর্ধ কাঁড়া॥ আল্‌ডা চ'াইলের বাত খামু না। [দেখ আল্‌টা৬]।

৩=[ফ, বা]—বি. ভাতের হাঁড়ি বা

পানির কলস রাখিবার জন্য মাটির তৈরী উঁচু ঢিবি বা তাক বিশেষ।। [দেখ আল্‌টা]।

আল্‌ডাআল্‌ডি=[ফ]— বি. রেষা-রেষি।। আমার লগে আল্‌ডা আল্‌ডি কৈরা লাব্‌ কি।

আল্‌ডানো=[ঢা]-- ক্রি. রাগানো, চেতানো।। অবে বেশি আল্‌ডাইস্‌ না।

২=[খু]—ক্রি. ফাটিয়া যাওয়া।। ধানের যমি আল্‌ডাইয়া গ্যাসে।

আল্‌ডাপাল্‌ডা=[ফ]--বিণ. অসমতল।। হাল্‌ বাইলে যমি আল্‌ডাপাল্‌ডা অয়। [<উল্‌টা+পাল্‌টা]।

আল্‌ড্যান=[ঢা]— ক্রি. ত্যক্তবিরক্ত করা।। তগ আল্‌ড্যানে টিকন্‌ দায়।

আল্‌তা=[ফ]— বি. মাছ ধরিবার বাঁশের তৈরী এক প্রকার যন্ত্র।। [দেখ আন্‌তা]।

২=[বং]—বিণ বাঁশের চটা দিয়া ফাঁক করিয়া গাঁথা বেড়া।।

আল্‌তাকাইদা=[পা]—বিণ. যে কাজে ফাঁকি দেয়।। আল্‌তাকাইদা চাকর্‌ রাখে কে?

আল্‌তাপায়ি=[বা]— বিণ. লাল পা বিশিষ্ট।। [আল্‌তা+পা+ই প্র]।

আল্‌তারা=[বং]— বি. আংটা বা Hook।। বাক্‌শে আল্‌তারা লাগে। [<আলতাবাফ]।

আল্‌তারায্‌=[বা] বি. আলমারীতে তালা লাগাইবার কব্জা বিশেষ।। [<আলতাবাফ]

আল্‌তিয়ার্‌=[পা]-- বি. হুঁশ, আক্কেল, সম্মান, মান্য।। আল্‌তিয়ার্‌ কৈরা কথা কৈও। [<আল<আলি+ঠাহর]।

আল্‌তু ফাল্‌তু=[ঢা]— বিণ. বাজে, অযথা।। আল্‌তুফাল্‌তু কথা বাদ্‌ দে। [<আল্‌তু অনুঃ+ফালতু হিং]।

আল্‌ত্যা ফাল্‌ত্যা=[বা]— বিণ. ভিত্তিহীন।। [দেখ আল্‌তু ফাল্‌তু]।

আল্‌তোলা=[রং]— ক্রি. খাঁজকাটা, খাদ তৈরী করা।। [আল্‌+তোলা √তুল্‌]।

আল্‌দি=[য]— বি. টিক্‌টিকি।। আল্‌দিয়ে টিক্‌টিক্‌ করে।

আল্‌দেওয়া=[নো, বা, চট্ট]—ক্রি. ক্ষতি করা।। কার্‌ কতডু আল্‌ দেবা ই তালেই আস বুঝি'? [<শাল< শলাকা+দেওয়া]।

আল্‌না মুরিডা=[রা]—বিণ. তাল-পাতার সেপাই।।

আল্‌নি=[খু]--বি. থানকুনি শাক।। আমাগো ভিটায় আল্‌নি শাক্‌ আসে। [<আমুলি<আম্‌রুল]।

২=[ঢা, কুম, সি]—বিণ. লবন হীন।। 'পাঠায় বলে পবানে মৈলাম্‌, বামুনে বলে আলুনি খাইলাম্‌'—প্রবাদ। [আলুনি =আ (নাই অর্থে)+লুন (=লবন)+ই বা ইয়া প্র.]।

আল্‌নি উনা=[সি]— বিণ. নীরস।। আল্‌নি উনা খতা মযা না।। [দেখ আল্‌নি+উনা (কম অর্থে)]।

আল্‌পা=[রা] — ক্রি. বিণ. বিনা পয়সায়।। আল্‌পা খাওয়ার অভ্যাশ্‌ ছাড়। [দেখ আলুফা]।

আল্‌পাজিয়া=[দি]—বিণ. লোভী।। মানুশটা বড় আল্‌পাজিয়া।

আল্‌পালা=[ঢা]—বি. দরজার পার্শ্বস্থ খুঁটি।। আল্‌পালা পোক্ত কৈরা দিও।

আল্‌পিট্‌=[চট্ট]—বিণ. ফুল বাবু।। পোলাউয়া বর আল্‌পিট্‌ ঐয়ে। [হাল +ফিট fit ইং]।

আল্‌পিত্যা=[কুম]— বিণ. ক্লান্ত।। কাম কর্‌তে কর্‌তে বর আল্‌পিত্যা ঐসি।

২ [ঢা, কুম]— বি. সঙ্কোচ।। মাইনশের কাপর্‌ দিন্‌তে তোমার আল্‌পিত্যা করে না?

আল্‌পিত্‌=[চট্ট]- বিণ. কৃপণ, অতি লোভী।। মানুশ্‌গান্‌ বর আল্‌পিত্‌।

আল্‌পুক্‌ট্যা=[পা]—বিণ. অসামাজিক, দুষ্ট।। সাওয়াটা বর আল্‌পুক্‌ট্যা।

আল্‌প্যারেট্‌=[সি]—বি. লম্বা চুল।। পোয়ার মাথাত্‌ আল্‌প্যারেট্‌ রাহন্‌ ঠিক্‌না। [=আলবার্ট<Albert ইং; Prince Albert এর অনুকরণে চুল ছাঁটা]।

আল্‌পো=[য] — বিণ. বাজে।। আল্‌পো কথা বাদ্‌ দে। [দেখ আল্‌পা]।

আল্‌পোত্‌তা=[রং]— বিণ. আস্ত, আনাম, তেমনি।। আল্‌পোত্‌তায় ফিরি দিম্‌। [<আল্‌বত্তঃ البته। আং]।

আল্‌ফাট্‌=[ম, ঢা, নো]— বি. বিশেষ ধরনের চুলের ছাঁটি, সম্মুখের দিকে চুল বড় করিয়া রাখার রীতি।। [দেখ আল্‌প্যারেট্‌]।

আল্‌ফিটাযি=[ম]—বি. হাসি তামাশা।

আল্‌ফিত্‌=[চা]-বি. আহ্লাদ, দুষ্টামি।। এত আল্‌ফিত্‌ হগল্‌ শময় বালা লাগে না।

আল্‌ফি দেওয়া=[ম]— ক্রি. উঠা।। রান্নাবারি ঐয়া গেসে, আপ্‌নেরা আল্‌ফি দিয়া আইযেন্‌।

আল্‌ফুটানি=[রা]— বি. বাহাদুরী।।

আল্‌ফুন্‌দি কথা=[কু]— বি. গুজব, ভিত্তিহীন কথা।। তোমার আল্‌ফুন্‌দি কথা বিশ্‌শাশ্‌ করে কে?

আল্‌ফুন্‌ শুল্‌ফুন্‌=[বা]--অব্য. মাটি বানাই।। আল্‌ফুন্‌ শুনফুন্‌ জন্‌ হরি কেন্‌?

আল্‌বা=[চট্ট] বি. হালুয়া।। লুচি পিডা আল্‌বা দিয়া খাব। [<হালুয়া]।

২=[চট্ট]—বিণ. আতপ, অসিদ্ধ।। আল্‌বা চা'ইল্‌। [=আলো (চাল)]।

আল্‌বাওয়া=[ম]—ক্রি. হালচাষ করা।। আল্‌ বাওয়া কাম্‌ডা শিদা না। [=হাল বাওয়া, হাল বাহা]।

আল্‌বা তাওয়া=[সি]--বি. শিন্নি ও রুটি।। [=হালুয়া+তাওয়া (রুটি অর্থে) ; দেখ আল্‌বা]।

আল্‌বান্‌=[বা]—বি. মিষ্টান্ন, পায়েশ।। [দেখ আল্‌ওয়ান্‌]।

আল্‌বিই হল্‌বিই=[সি]--বি. আমের বিষ (চৈত্র সংক্রান্তির দিনে আমের বিষ বাহির হয় বলিয়া সংস্কার আছে)।। আল্‌বিই হল্‌বিই না গেলে আম খাই-য়েন্‌ না।

আল্‌বোলা=[চট্ট]—বিণ. বোকা ॥ পোয়াউগ্গা বর আল্‌বোলা। [<আলা-ভোলা ; আল্‌বেলা হিং]।

আল্‌ঝাড়েয়া=[রা]—বিণ. খাপ ছাড়া ॥ এই আল্‌ঝাড়েয়া লোকের্ শাথে আর্ পারি না।

আল্‌ঝাতেরি=[পা]—বিণ. পাগল, উন্মাদের মত ব্যবহার করে যে ॥

আল্‌ঝা সাল্‌ঝা=[ফ]—অব্য. ইতস্ততঃ ॥ সেরাডা কি যানি নিবার্ লাইগ্যা আল্‌ঝা সাল্‌ঝা কর্‌তাসে। [অনু.]।

আল্‌ঝাস্=[সি]—বি. ছোট ছোট গুল্ম, তরকারী বিশেষ ॥

আল্‌মিল্=[চট্ট] — বি. অবনিবনা, শত্রুতা ॥ তাহান্‌কের মৈদদে আল্‌মিল্ আসে। [আল্<আন্ (=অ)+মিল]।

আল্‌মিশ্=[চট্ট]—বি. পথেঘাটে জন্মে এই রূপ সবজী বিশেষ ॥

আল্‌মুন্=[চট্ট]—বি. একটি শাকের নাম ॥

আল্‌মেশি=[ফ, বা]—বি. সহ্য ॥ এই কাম্ আমার্ আল্‌মেশি অয় না।

আল্‌মোটে=[য]—বিণ. নীরবে ॥ আল্ মোটে পড়।

আল্‌ন=[চট্ট]—বিণ. আতপ, অসিদ্ধ [<আলো<আতপ]।

আল্‌না=[বা]—বিণ. লবণ ছাড়া ॥ [দেখ আল্‌নি, আইল্‌না]।

আল্‌লাই=[সি]—সর্ব.+অব্য. আমার জন্য ॥ আল্‌লাই এগাখুটা খোর্‌তা আইনেন্। [আমার লাই<আমার লাগি <আমার লাগিয়া]।

আল্‌লাইদা নৈশা=[বা]—বি. আদরের নওশা (অবজ্ঞার্থে) ॥ আহারে! আমার্ আল্‌লাইদা নৈশা। [দেখ আলৈদা+নওশা<নওশাহ্ نوشاه ফা.]।

আল্‌লাইদ্দা=[কুম]—বিণ. অতি আদরের, আহ্লাদে ॥ মার্ কাসে হগল্ পুলাই আল্‌লাইদ্দা। [দেখ আলৈদা]।

আল্‌লা করিম=[ম]— অব্য. মুসলমান ফকিরের ব্যবহৃত শব্দ ॥ আল্‌লা করিম, মা গো দুগ্যা খয়রাত্ দেন্। [আল্লাহ করীম الله كريم আং=আল্লাহ্ দাতা]।

আল্‌লা চ'াইল্=[চা]—বি. আতপ চাউল ॥ আল্‌লা চা'ইলের্ পিডা মধা। [আলো+চাউল]।

আল্‌লা ঝাল্‌লা=[চা]—বিণ. এলো-মেলো ॥ তোমার্ এমুন আল্‌লা ঝাল্‌লা বেশ্ ক্যা ? [দেখ আলাঝালা]।

আল্‌লা ডাল্=[পা]— বি. আল্লাহ সহায় ॥ যার্ আল্‌লা ডাল্ তার্ আবার্ কিসের্ বয় ? [আল্লাহ্+ডাল]।

আল্‌লাদা=[পা]—বিণ. আহ্লাদে ॥ আল্‌লাদা খাওয়া। [আহ্লাদ+ইয়া প্র.]।

আল্‌লাদি=[ম,চা]—বিণ. অতি আদুরে, সোহাগিনী ॥ ই আমার আল্‌লাদি মাইয়া লো। [দেখ আল্‌লাদা]।

আললাদের নসি = [চা] — বিণ. আলালের ঘরের দুলাল ॥ কাম্ কায্ করে না উনি আল্‌লাদের নসি আর্ কি। [দেখ আল্‌লাইদদা নৈশা]।

আল্‌লান্=[বা, ফ] বি. হালুয়া ॥ লুডিপিডা আল্‌লান দিয়া খাও। [দেখ আল্‌বান্]।

আল্‌লাপ্=[রং]—বি. কথাবার্তা ॥ মুই তোমার শাথে আল্‌লাপ্ করিম্। [<আলাপ]।

আল্‌লা বিল্‌লা=[নো] -বি. এদিক ওদিক ঘোরা ঘুরি, অনুসন্ধান ॥ হারা-দিন আল্‌লা বিল্‌লা করি কাভাইলে বাত্ আইব কৈত্তে? [আল্লাহ্ বিল্লাহ্ الله بالله আং=আল্লাহ্ আল্লাহ্‌র কসম]।

২=[খু]—বি. কান্নাকাটি, হা হুতাশ, ছট্‌ফট্ ॥ ওর আল্‌লা বিল্‌লা দেখে থাকা যায় না।

আল্‌লা মেগাবান=[নো]—অব্য. আল্লাহের ভরসা ॥ যাও, আল্‌লা মেগাবান। [<আল্লাহ্ + নিগাহ্‌বান نگاهبان ফা.=রক্ষাকারী]।

আল্‌লারুশ্=[চট্ট]—বি. আল্লাহের নামে শপথ ॥ আল্‌লারুশ্ করি কৈ ইডা আঁর্ কাম্ না।

আল্‌লার্ আডার আলম্=[চা]—বি. সমস্ত পৃথিবী ॥ যনুম ঐলেই মরন্ লাগব, এই কতাডা আল্‌লার্ আডার আলমের্ হগলেই যানে। [=আল্লাহের আঠার আলম ; 'আলম عالم আং= জগৎ]।

আল্‌লি=[রা]—বি. বাঁশের শ্রেণী বিশেষ ॥

২=[খু]—বিণ. লবণহীন ॥ আল্‌লি তর্‌কারি। [দেখ আল্‌নি$_{2}$]।

আল্‌লিশ্=[ফ]—বি অর্শ ॥ মাইরের চো'ডে আল্‌লিশ্ বাইর্ ঐয়া গেইচে'। [দেখ আরিশ্]।

আল্‌লুম্ গুল্‌লুম্ করা=[চট্ট]—ক্রি. আম্‌তা আম্‌তা করা, মনের কথা চাপা দিয়া বাজে কথা বলা, আসল কথা এড়াইয়া যাওয়া ॥ আল্‌লুম গুল্‌লুম্ ন করি টেঁয়া এক্‌শ দিবি কি না বল্। [<অল্লম গল্লম হিং+করা]।

আল্‌লুয়া=[ম]—বিণ. অসিদ্ধ, আতপ ॥ আল্‌লুয়া চা'ইল্। [দেখ আল্‌বা$_{2}$]।

আল্‌লে=[রা]—বিণ. লবণহীন ॥ আল্‌লে তর্‌কারি। [দেখ আল্‌নি$_{2}$, আইল্‌না]।

আল্‌লেক্=[পা]—বি. আহ্লাদ, খুশি ॥ এত আল্‌লেক্ করিস্ না।

২=[পা, কু, ফ]—বি. বায়নাক্কা, অতি আবদার ॥ মেয়েটার আল্‌লেক্ বর বেশি।

আল্‌ল্যা=[বা]—বিণ. অফুরান ॥ আল্‌ল্যা দান্ ইচে'।

আল্‌লো=[কু]—বিণ. লবণহীন ॥ আল্‌লো তর্‌কারি খাওন্ যায় না। [দেখ আল্‌নি$_{2}$]।

আল্‌লোক্=[পা]—বি. আদর ॥

আল্‌লোয়া=[ম, চা]—বিণ. আতপ, অসিদ্ধ ॥ আল্‌লোয়া চা'ইল। [দেখ আল্‌লুয়া]।

আল্‌শা=[খু]—বি. জামা কাপড় রাখিবার দণ্ড ॥ [আল্‌না]।

২=[রা]—বি. আগুন রাখার পাত্র ॥ [মালসা]।

আল্‌শি=[রা]—বি. ঘুম ॥ চোখে আল্‌শি আসোচে। [আলস্য+ই প্র.]।

২=[চট্ট]—বি. অলসতা ।। তাঁয়াত্‌তে বর আল্‌শি । [পূর্বে দেখ] ।

আল্‌শিয়া=[ম]—বিণ. আলস্য কাতর ।। [<আলস্য+ইয়া প্র.] ।

আল্‌শে=[য]—বি. মাটির তৈরী বেদী ।। [<আলিসা] ।

আল্‌সত্‌রি=[সি]—বিণ. ছুঁৎবাই-গ্রস্ত ।। অত আল্‌সত্‌রি মান্‌শির কাম্ না । [<আন্+ছুঁৎ+উরি=অছুৎ] ।

আল্‌সা=[কুম, সি,চা]—ক্রি.বিণ. এক ঝলক ।। মাইয়াডারে আল্‌সা দেইখ্যাই পাগল্ ঐসে । [<আল্‌ছায়া<আলো+ছায়া] ।

২=[ম]—ক্রি. বিণ. অস্পষ্ট ।। আদারে মিনিশ্‌টা আল্‌সা দ্যাহা যায় । [পূর্বে দেখ] ।

আল্‌সার্=[স]—বি. সোজাসুজি ।। এই পথে আল্‌সার্ চৈ'ল্যা যাও । [য়কৃসর্ یکسر ফা.] ।

আল্‌হার্=[দি]—অব্য. এখনই ।। আল্‌হার্ বাড়ি জাও ।

আশক্=[চা, ম, কুম]—বি. অনুরাগ, প্রেম ।। [<'ইশ্‌ক্ عشق আং] ।

আশক্‌দার্=[চট্ট]—বিণ. আসক্ত ।। মাইয়ালার্ মুক্যা হিতে আশক্‌দার্ হৈয়ে । [দেখ আশক্+দার دار ফা.] ।

আশদ্দ=[চট্ট]—বিণ. কঠিন, ভীষণ ।। ই বেডাউয়া বর আশদ্দ । [আশদ্দ اشد । আং=কঠিনতম] ।

আশন্‌কাত্যা=[ম]—বিণ. আশাহীন, বঞ্চিত ।। তারে ডাইক্যা আইন্যা আশন্‌কাত্যা করা ঠিক্ অয় নাই । [<আশঙ্কিত] ।

আশা=[ম]—ক্রি. হাসা ।। [<হাঁসা=হাসা] ।

২=[পা]—বি. গলায় পরিবার রূপার গয়না ।। [<হাঁসা=হাঁসুলি] ।

৩=[পা]—বি. পুং হাঁস ।। [হাঁস+আ প্র.] ।

৪=[খু, য]—বি. পাট কাটিবার দা বিশেষ ।। [হাঁসা] ।

৫=[কুম]—বি. লাঠি ।। আশা লৈইয়া যাও কৈ ? ['আসা عصا আং] ।

আশাইলা=[রং]—বিণ. আঁশ বিশিষ্ট ।। আম্‌ডা বড় আশাইলা । [<আঁশ+ইলা প্র.] ।

আশাংগত্=[রং]—ক্রি. বিণ. উপরে ।। তুই আশাংগত্ উঠিছিশ বড় ।

আশাগ্=[ম]—বি. উঁচু স্থান ।। এইডা আশাগে উঠাইয়া রাখ্ । [আকাশ] ।

আশাতালি=[রা]—বি. প্রস্রাব করিবার স্থান ।। [অশৌচ কিংবা অশুচি+স্থলী] ।

আশাত্‌তি=[রং]—বিণ. শক্তিহীন ।। [অশক্তি] ।

আশাত্‌তি নিশাত্‌তি=[রং]—বিণ. কমজোর ।। তুই আশাত্তি নিশাত্তি লোক্ । [দেখ আশাত্তি+নিঃশক্তি] ।

আশানো=[খু]—ক্রি. ফাটা ।। কাচে'র্ বোয়েম্‌টা আশাইয়া গ্যাসে ।

আশান্=[চা]—বি. মুক্তি ।। খোদা মুশ্‌কিলতে আশান্ দ্যাও । [<আসান آسان ফা.] ।

আশাবা=[ম]—বিণ. অসভ্য ।। বেডিডা বর আশাবা । [<অসভ্য] ।

২=[কুম]—বিণ. বিপজ্জনক ।। বৌডা বর আশাবা । [দেখ আশাবা ১] ।

আশাম্=[ম]—বি. ভাতের ফেন, মাড় ।। আকালের্ শময় কত মাইন্‌শে আশাম্ লৈয়া টানাটানি কর্‌সে ।

২=[রা]—বি. এক জাতীয় পিঠা ।।

আশাম্ পাশাম্=[ফ]—ক্রি.বিণ. আশ পাশ, নিকটে ।। আমাগো আশাম্ পাশামে চো'র্ নাই । [আশ পাশ] ।

আশায়্ যাওয়া=[য]—ক্রি. ফাটিয়া যাওয়া ।। দালানের্ পাশ্‌টা আশায় গ্যাসে । [দেখ আশানো] ।

আশারা=[কুম]—বি. ইশারা, ইঙ্গিত ।। কিয়ের্ লাইগ্যা আশারা দিল্‌রে ? [<ইশার: اشارہ আং] ।

আশারি=[ম]—বি. আশান্বিত, ইচ্ছুক ।। আমি এত শুখের্ আশারি না । [<আশা+রি প্র.] ।

২=[ম, চা]—বি. কচি তালের শাঁস ।। পোলার লাইগ্যা আশারি আইনা ।

আশাঢ়িয়া=[রং]—বিণ. আষাঢ় মাসে জন্মিয়াছে এমন ।। অঁয় কিন্তু আশাঢ়িয়া বাহে । [আষাঢ়+ইয়া প্র.] ।

আশারি ল্যাওয়া=[পা]—ক্রি. নাইয়র যাওয়া, আত্মীয় বাড়ীতে বেড়াইতে যাওয়া ।।

আশারু=[দি]—বিণ. যাহা আষাঢ় মাসে জন্মে ।। [আষাঢ়+উ প্র.] ।

২=[দি]—বি. গ্রাম্য গান ।।

আশালা=[রং]—বিণ. আঁশযুক্ত ।। আশালা আম্ হেটা । [আঁশ<অংশু+আলা প্র.] ।

আশি=[পা]—বি. এক প্রকার ধারালো কাস্তে ।। আশি দিয়া পাট্ কাটে । [<হাঁসি=হেঁসে] ।

২=[পা]—বি. হংসী, স্ত্রী হাঁস ।। [<হাঁসী] ।

৩=[চা, কুম, সি]—বি. আয়না ।। বৌয়েরে আশি আইন্যা দে । [<আর্শি<আরশি<আদর্শিকা সং] ।

আশিকুশি=[রা]—বি. অগ্রিম বার্তা ।।

আশিদ্ কুশিদ্=[রা]—বি. কুলক্ষণ ।। তুই আশিদ্ কুশিদ্ বুঝস্ না । [কুশিদ<কু+ঘাট ; আশিদ্ অনু:] ।

আশিদ্ কুশিদ্ কহা=[রা]—ক্রি. আশঙ্কা জনক কথা বলা ।। [দেখ আশিদ্ কুশিদ্] ।

আশিল্=[ম]—ক্রি. বিণ. হাসেল, সফল ।। আমার্ কাম্ আশিল্ ঐসে । [<হাসিল حاصل আং] ।

আশিল্‌তি=[কুম]—বি. এক প্রকার শাক ।।

আশু=[কু]—বিণ. আগামী ।। আশু বসর্ হযে যাব । [আসুক=আসুছে] ।

২=[ম]—বি. অশ্রুজল ।। [আঁসু<অস্সু প্রাং<অশ্রু সং ; আঁসু হিং] ।

আশুত্ কুশুত্=[রং]—বিণ. অকর্মণ্য ।। এ্যামন্ আশুত্ কুশুত্ চাকর্ ম রাখোঁ ।

আশুদা=[পা]—বি. আঁতুর ঘর ।। আশুদাগরে যাইস্ না । [<আ (=অ)

+শুদ্ধ=অশুদ্ধ]।

আগুদিন্=[রং]—বি. আগামীদিন।। আমি আগুদিন্ যাব তুমি আজ্ যাও। [দেখ আগু+দিন]।

আগুদ্ কুশুদ্ কহা=[রা]—ক্রি. অশুভ কথা বলা।। [দেখ আশিদ্ কুশিদ্ কহা]।

আগুদ্দা=[কুম, সি]—বিণ. তৃপ্ত।। আগুদ্দা ঐয়া খাইসি। [আসূদহ্ آسوده ফা.]।

আগুন্ কৈরা বওয়া=[বা]— ক্রি. পিঁড়িতে বসা।। আগুন্ কৈরা বৈয়া বাত্ খাও। [<আসন করিয়া বসা]।

আগুরা=[রং]—বিণ. অপ্রীতিকর।। তোর আগুরা কথালা ছাড়েক্।। [<অসুহঅর প্রাং<অশুভকর সং]।

২=[রং, বা]—বিণ. আঁশযুক্ত।। হ্যাটা আগুরা আম্। [আঁশ+উরা প্র.]।

আগুরাবান্দা=[রং]—বিণ. অশ্লীল, খারাপ।। তোর আগুরাবান্দা কথালা ছাড়েক্। [দেখ আগুরা+বান্ধা]।

আগুরাল্=[রা, দি]—বি. আরশুলা।। ছাওয়াডা আগুরাল্ দেখি ডরায়। [<আরশুলা ; বর্ণ বিপর্যয়]।

আগুর্=[রা]—বি. চর্মরোগ।।

আগুশার্=[রা]— বি. শিহরণ, অস্বস্তি।। দেখ্যাই ক্যামন্ আগুশার্ লাগ্‌ছে। [<আ(=না) সুসার]।

আশে=[পা]—ক্রি. বিণ. সংক্ষেপে, ইঙ্গিতে।। তোমারে আশে কৈয়া দেই যে ঐদিকে আর যাইঅ না। [আঁশ+এ (বিভক্তি)]।

আশেধা=[রং]—বিণ. অসরল, বাঁকা।। লোক্‌টার খাচিয়ত্ আশেধা। [=আ (=না)+সিধা=সোজা]।

আশ্তাইল্=[ফ]—বি. এক প্রকার ছোট গাছ।। [<আস্‌শ্যাওড়া <আস্য-শাখোট সং]।

আশৈলি=[কু]—বিণ. অসহনীয়।। আশৈলি কথায় আমার রাগ্ ধরে। [<আ(=না)+সহনি ; সহ্=সহ্য+আনি প্র.]।

আশোড়্=[কু]—বি. রোগ বিশেষ।। সেলেপেলের গায়ে অনেক্ সময় আশোড়্ ব্যার্ হয়। [দেখ আসুর]।

আশোত্=[ব]—অব্য. সহিত, সাথে।। তোর আশোত্ ভালা কৈরা লাগম্। [আ (স্বার্থে)+সাথে]।

আশোনা=[বা]—বিণ. মূর্খ।। আশোনা ব্যাডা। [আ=না+শোনা]।

আশোয়ার্=[রং]—বি. স্বামী।। তোর আশোয়ারক্ পুছ্ করি মুই এলাম্ আনু। [আ(স্বার্থে)+শওহর شوهر ফা.]।

আশোর্=[খু]—বি. <আসর।।

আশোল্=[খু]—বিণ. প্রকৃত, খাঁটি।। আশোল্ কথাটা আমিও শুনেসি। [দেখ আস্‌লি, ; আসল]।

আশোশ্=[রং]—বিণ. সুবিধা।। এ্যালা এ্যাক্‌টু আশোশে আছু। [দেখ আসোস্]

২=[রং]—বি. আরাম।। কামের একটু আশোশ্ দিবু না। [<আসাইশ্ اسائش ফা.=উশোশ]।

আশ্=[চট]—বি. আউশ ধান।। [<আউশ<আশু]।

২=[রং]—বি. কোষ।। [<অংশু সং]।

৩=[ঢা, ম]—বি. হাঁস।। আশের আন্ডা বর গরম্। [<হাঁস]।

৪=[রং]—বি. ত্রাস, ভয়।। বাঘর আশে পরান্ কাঁপে। [আশা ; অর্থ বিকৃতি]।

আশ্‌কর্ ডিংগি=[ম]—বি. দরজার খিল বিশেষ।। [দেখ আশকর্ ডোম্‌নি, আশকুন্ডলি ; আশকর <হাঁসকল+ ডুম্‌নি]।

আশ্‌কর্ ডোম্‌নি=[ঢা]—বি. চৌকাঠ ও দরজায় ব্যবহৃত লোহার কীলক—যাহা আগের দিনে কব্জার বদলে ব্যবহৃত হইত।। [দেখ আশ্‌কর্ ডিংগি]।

আশ্‌কা=[ম]—বিণ. হিংস্র।। বাগ আশ্‌কা যাতি। [<আঁষ<আমিষ +খা<খাদক সং]।

২=[কুম]—বিণ. সহজ লভ্য।। ডাহাত্ বারি করন্ অহন্ আর্ আশ্‌কা না। [আ(স্বার্থে)+শক্য]।

আশ্‌কাব্যি=[ঢা]—বি. রসিকতা।। আশ্‌কাব্যি থুইয়া অহন্ আশল্ কতা কও। [হাস কাব্যি=হাসি কাব্য (হাস্য পরিহাস) অর্থে]।

আশ্‌কারা=[দি]—বি. সন্দেহ।। চুরির আশ্‌কারায় অয় ধরা পড়োছে। [আশ্‌কারা آشکارا ফা.=প্রকাশ্য (অর্থের বিকৃতি)]।

২=[রং]—বি. প্রস্তাবনা।। কথাটার আশ্‌কারা হৈছে। [পূর্বে দেখ]।

৩=[পা, কু]— বি. সমাধান, শেষ মীমাংসা।।

আশ্‌কারাতে বুঝা=[রং]— ক্রি. প্রস্তাবনাতে বুঝা।। মুই কিন্তু আশ্‌কারাতে বুঝিছুঁ।

আশ্‌কাল্=[ঢা]—বি. রান্না করিবার স্থান।। [<হাঁড়িশাল]।

আশ্‌কি=[কুম]—বি. আয়না।। আশ্‌কিত্ মুখ্ চা। [<আরশি<আদর্শিকা সং]।

আশ্‌কুন্ডলি=[ম]—বি. পুরাতন কব্জা বিশেষ।। [<হাঁস কুণ্ডলী= কুণ্ডলাকৃতি লৌহখণ্ড—যাহার উপর দরজার কপাট ঝুলানো থাকে ; হাঁসকল ; দেখ আশ্‌কর্ ডিংগি]।

আশ্‌কে বরাত্=[ঢা, বা]— বি. কপালের জোর।। [আস্তে=পৌষ সংক্রান্তি উপলক্ষে পিঠা বিশেষ ; বরাত برات ফা.=ভাগ্য]।

আশ্‌ক্যাল্=[য]—বি. এক জাতীয় গাছ।।

২=[কু]—বি. দাঁতনকাঠি।।

আশ্‌কোর্=[খু]—বি. বিবাহ উপলক্ষে ব্যবহৃত রঙীন মাটির হাঁড়ি।। আশ্‌কোর্ হান্ বালা দেখ্‌তে কিনিশ্।

আশ্‌ট—[কুম, ম, ঢা, ফ]—বি., বিণ. আট, অষ্ট।। আশ্‌টর কোডত্ হিতে আসে; আশ্‌ট ট্যাহা দিমু। [<অষ্ট সং]।

আশ্‌টং কোশ্‌টং=[রং]— বি. শৈথিল্য।। আশ্‌টং কোশ্‌টং কর্‌লে কি কাজ হয় ?

আশ্‌টা=[রং]—বিণ. আঁটা।। জিনিশ্‌টা আশ্‌টা আছে। [<আঁটা]।

আশ্‌টানো=[বং]— ক্রি. পরিধান করা ॥ তোর কি আশ্‌টাবার কাপরও নাই ? [আষ্টা=আঁটা ; নাম ধাতু]।

২=[রং]—ক্রি. আঁটানো ॥ জিনিশটা আশ্‌টানো আছে। [পূর্বে দেখ]।

আশ্‌টি পিশ্‌টি=[কু]—ক্রি. বিণ. সর্বাঙ্গে ॥ আশ্‌টি পিশ্‌টি মার লাগাও ঠিক হয়ে যাবে। [<আষ্টেপৃষ্টে= অষ্টেপৃষ্ঠে]।

আশ্‌টিয়া=[রং]—বি. নখ ॥

আশ্‌টে=[রং]— ক্রি. বিণ. সামান্য আটকাইয়া ॥ কোনমতে আশ্‌টে থোয়েক্‌ ক্যানে ?

২=[খু]—বি. মাছের আঁইশ ॥ মাসের আশ্‌টে দূরে ফ্যাল্‌। [আঁষটা+ইয়া প্র. ; আষ<আঁইষ<আমিষ সং]।

আশ্‌ট্যান্‌=[ফ]—বিণ. অমিশুক ॥ স্যারাডা যবর্‌ আশ্‌ট্যান্‌। [আঁশ+টান]।

২=[বা]—বি. বুনো গাছ বিশেষ ॥

৩ = [পা] — বি. প্রস্রাবখানা ॥ [<অশৌচস্থল]।

আশ্‌টৌযুরা=[ঢা]— বি. জ্বর, রোগ বিশেষ ॥ [<অষ্ট জ্বর+আঃ প্র. ; আট প্রকারের জ্বর, যথা—বাতিক, পৈত্তিক শ্লৈষ্মিক, বাতপৈত্তিক, বাত শ্লৈষ্মিক, পিত্তশ্লৈষ্মিক, সংঘাত, আগন্তুজ]।

আশ্‌দিন্‌=[ম] -বি. আগামীদিন॥ আশ্‌ দিন্‌ এ্যাক্‌ শময আইস। [<আসে দিন]।

আশ্‌নি=[ঢা]—বিণ. আশ্বিন মাসে জাত॥ আশ্‌নি দান্‌। [<আশ্বিন +ই প্র.]।

আশ্‌পটান্‌=[ঢা]—বি. প্রতাপ ॥ এখন্‌ আর্‌ যমিদার্‌দের্‌ আশ্‌পটান্‌ নাই। [<আস্পর্ধা ; দেখ আশ্‌পাটং]।

আশ্‌পরশ্‌=[ম]—বি. পড়াপড়শী, প্রতিবেশী ॥ আশ্‌পরশের লগে কাইযযা কৈর না। [<আশ্‌+পড়শী ; আশ্‌<আশা (বৈদিক)=পার্শ্ব+পড়শী =প্রতিবেশী]।

আশ্‌পর্‌শি=[রং]—বি. পাড়াপড়শী ॥ আশ্‌পরশির লগে ঝগড়া লাগাচিস্‌ ক্যা ? [দেখ আশ্‌পরশ্‌]

আশ্‌পাটং = [রা] — বি. ফুটানি, অহঙ্কার ॥ লোক্‌টার আশ্‌পাটং দেখ্যা আর বাঁচি না। [দেখ আশ্‌পটান্‌]।

আশ্‌পাতাল্‌=[ঢা, কুম, সি, পা]—বি. হাসপাতাল ॥ [<হাসপাতাল< Hospital ইং]।

আশ্‌পান্‌=[ম, ঢা]—বি. আকাশ ॥ আশ্‌পানে দ্যাওয়ায়্‌ হায়্‌ করসে। [আসমান ; آسمان ফা.]।

আশ্‌ফাটাং=[দি]— বি. অহঙ্কার, ফুটানি ॥ বেশি আশ্‌ফাটাং করিস্‌ না। [দেখ আশ্‌পাটং]।

আশ্‌ফানি=[ম]— বিণ. গায়েবী, আকাশ সম্বন্ধীয়, খোদার তরফ হইতে আগত॥ [আসমান (দেখ আশ্‌পান্‌) +ই প্র.]।

আশ্‌ফানি কিতাব=[ম]—বি. নবীদের উপর অবতীর্ণ গ্রন্থ॥ [দেখ আশ্‌ফানি +কিতাব كتاب আং]।

আশ্‌ফানে তোলা= [ঢা, ম]— ক্রি. অত্যধিক প্রশংসা করিয়া ফুলানো ॥ তারে এ্যাক্‌কেরে আশ্‌ফানে তুইল্যা দিস দিহি ? [দেখ আশ্‌পান্‌+এ (বিভক্তি)+তোলা]।

আশ্‌ফানের্‌ তল্‌=[ঢা, ম] — বি. নিখিলবিশ্ব, সমগ্র পৃথিবী॥ আমারে মারনের্‌ মানুশ্‌ এই আশ্‌ফানের্‌ তলে পয়দা অয় নাই। [দেখ আশ্‌পান্‌+এর (সম্বন্ধে) তলে]।

আশ্‌ফান্‌=[ঢা, ম]—বি. আকাশ ॥ [দেখ আশ্‌পান্‌]।

আশফান্‌ আতে পাওয়া=[ম]— ক্রি. হঠাৎ সৌভাগ্যলাভ করা ॥ [<আসমান হাতে পাওয়া]।

আশ্‌ফান্‌ যমিন্‌=[ম]—বিণ. বিরাট, অনেক ॥ তার্‌ লগে আমার আশ্‌ফান্‌ যমিন্‌ ফারাগ্‌। [দেখ আশ্‌পান্‌+যমিন زمين ফা.]।

আশ্‌ফান্‌ থাইক্যা পরা=[ঢা, ম]—ক্রি. অতিমাত্রায় বিস্মিত হওয়া, কিছুই না জানার ভান করা॥ এই কডা হইন্যা আমি আশ্‌ফান্‌ থাইক্যা পর্‌সি [আসমান থাকিয়া পড়া]।

আশ্‌ফান্‌ বাইংগা পরা=[ঢা, ম]—ক্রি. অকস্মাৎ বিপদগ্রস্ত হওয়া, অভিশপ্ত হওয়া ॥ বাপের্‌ মরার্‌ খবর্‌ হুন্যা তার্‌ মাথাত্‌ আশ্‌ফান্‌ বাইংগা পর্‌সে। [আসমান ভাঙিয়া পড়া]।

আশ্‌ফুল্‌লা=[রং]—বিণ. শক্তিহীন ॥ কুতুতাটা আশ্‌ফুল্‌লা হয্যা পড় ছে।

আশ্‌মান্‌ লাথ্যা=[রা]— বিণ. যা তা, বাজে ॥ তোর্‌ আশ্‌মান্‌ লাথ্যা কথা শুন্যা গা জল্‌তাছে। [আসমান+লাথি+ইয়া প্র.]।

আশ্‌রা=[দি, ঢা]— বি. আশ্রয় ॥ অয় এক্‌ বাড়িত্‌ আশ্‌রা নিলে। [<আশ্রয়]।

২=[রং]—বি. আশা ॥ বহুত্‌ আশ্‌রা নিয়া আইচি। [<আশা+রা প্র.]।

৩=[ম]—বি. অবসর, সময় ॥ শাত্‌ দিনের আশ্‌রা চাই। [<অবসর]।

আশ্‌রাফি=[রা]—উচ্চবংশীয় লোক ॥ [আশ্‌রফ شرف। আং+ই প্র.]।

আশ্‌লাই=[রা]—বি. ঢেঁকির মধ্যভাগে প্রবিষ্ট শলাকা ॥ ঢেঁকির আশ্‌লাইটা ভাংগ্যা গ্যাচে। [দেখ আড়ুগলি]।

আশ্‌লি=[ম, ঢা, কুম, নো]— বি. হাঁসুলি, গলার অলঙ্কার বিশেষ ॥ [হাঁসুলি]।

২ = [ঢা] — বি. টকফল ॥ বাগানে অনেক্‌ আশ্‌লি গাগ্‌ আসে।

৩=[ম, সি]—বিণ. খাস, বিশুদ্ধ ॥ ইতে বান্‌দির্‌ পুত্‌ না আশ্‌লি বিবির্‌ পুয়া। [আসল اصل আং+ই প্র.]।

৪=[ম]—বিণ. দোআঁশলা, সঙ্কর ॥ আশ্‌লি মোরগ্‌। [পূর্বে দেখ]।

আশ্‌শাইল্‌=[ফ]—বি.ঢেকির পিছনের দিকে আড়াআড়ি সংযুক্ত দণ্ড ॥ [দেখ আশ্‌শাল্‌]।

আশ্‌শাদুল্‌=[নো]—বি. চরম ক্ষতিকারক ॥ তোমার্‌ মত আশ্‌শাদুল্‌ আর্‌ ন আসে।

আশ্শাঘাশ্=[নো]—বি. আষাঢ় মাস ॥

আশ্শালি=[কু]—বি. ঢেঁকির মধ্যভাগে প্রবিষ্ট শলাকা ॥ [<আড়্শলি]।

আশ্শাল্=[চা]—বি. আঁটি ॥
২=[খু, য]—বি. খুঁটির সাথে ঢেঁকি পাতিবার কাঠি ॥ ঢেকির কর্‌মরানি আশ্শালের খয়। [আড়শলা ; দেখ আড়্শলি]।

আশ্শি=[বা, রা]—বি. আয়না ॥ আশ্শিডা দ্যাও, মুই মাতা আঁচুড়ামু(রা)। [আরশি<আদিশকা সং]।

আশ্শিঙ্গিগা=[ফ]—বি. কম জলের আমন ধান বিশেষ ॥

আশ্শুলি=[পা]—বি. ঢেঁকির মধ্যভাগে প্রবিষ্ট শলাকা। [<আড়্শলি]।

আসরন্=[কুম]—ক্রি. সাঁতার কাটা ॥

আসর্=[বা]—বি. সন্ধ্যা ॥ এ্যাহন্ আসর্ ঐসে। [আস্‌র عصر আং]।
২=[ম]—বি. অশরীরী ভূত প্রেতের আক্রমণ॥ বৌডার উপ্‌রে ঘিনের আসর্ আসে। [আসর اثر আং]।

আসল্ ফসল্=[ফ]—বিণ. খোলা মেলা॥ আসল্ ফসল্ যায়গায় কতা কও। [আসল অনু: ; ফসল فصل আং]।

আসা=[ম]—অব্য. সদৃশ মত ন্যায় বোধক শব্দ ॥ কালাআসা (=কালচে); লম্বাআসা (=লম্বাটে)। [<আসা হিং]।

আসাই=[চট্ট]—বি. মাছি ইত্যাদির ডিম বা পোকা ॥ গরুর কান্ধের ঘায়ে আসাই পরিয়ে।

আসাকা=[চা]—বিণ. অপরিষ্কৃত ॥ আসাকা দুদ্ খাইস্ না [আ+ছাঁকা]।

আসাটা=[ম]—বিণ. অমার্জিত, অশ্লীলভাষী ॥ পোলাডা বর আসাটা। [আ+ছাঁটা]।

আসাডা=[ব]—বিণ. ফাজিল ॥ [দেখ আসাটা]।

আসানক্=[ম]—ক্রি. বিণ. অতর্কিত, অপ্রত্যাশিত ॥ এমুন্ আসানক্ কৈ খাইক্যা আইয়া পরুল। [<আচানক হিং]।
২=[ম, ঢা, সি]—বিণ. চমৎকার, আশ্চর্যজনক ॥ তোমার আসানক্ কথায় খুশি ঐসি। [পূর্বে দেখ]।

আসানো=[কুম]—বি. খাওয়ার পর মুখ ধোয়া ॥ [আঁচান < আচমন সং]।

আসান্‌কাত্তা=[সি]—বিণ. আশ্চর্যান্বিত, অবাক ॥ ই খতা হুনিয়া আসান্‌কাত্তা লাগি গেসিল্। [আচানক হিং=হঠাৎ]।

আসান্‌খাতা=[সি]—বিণ. অশ্রুত পূর্ব ॥ লোক্‌টা খালি আসান্‌খাতা খতা কয়। [অসঙ্গত]।

আসান্‌গা=[ম]—বিণ. বিস্ময়কর আশ্চর্যজনক ॥ [আচম্বা হিং]।

আসাবুইয়া=[ম]—বিণ. ভিত্তিহীন॥ তোমার লাকান্ আসাবুইয়া লোক্ নাই। [দেখ আসাবুয়া, আচাভুয়া]।

আসাবুয়া=[সি]—বিণ. অদৃষ্টপূর্ব ॥ খি আসাবুয়া জিনিশ আনস? [দেখ আচাভুয়া]।

আসাব্বা=[ম, ঢা]—বিণ. বিকট, বিশ্রী ॥ মরা লাশ্‌টা ফুইলা আসাব্বা হৈয়া রৈসে। [<অসভ্য]।

আসাবা=[বা]—বিণ. আজগুবি ॥ আসাবা গপ্প বাদ্ দে। [আসাদে]।

আসারি=[পা]—বি. ডাঁটি ॥ হালের আসারি। [আছাড়ি=আছাড়]।

আসার্=[ম]—বি. আচর, টক ॥ গরমের শময় আসার্ বর শাদ্। [আচার]।
২=[বা]—বি. আবর্জনা ॥ গরের পাসোত্ এত আসার্ ক্যা? [অসার]।
৩=[কুম]—বি. বাট, হাতল ॥ দার্ আসার্‌ডা লাগাও। [আছাড়]।

আসার্‌গোডা=[চট্ট]—বি. এক জাতীয় টক ফল, ॥ [আচার+গোটা=ফল]।

আসার্‌পিসার্=[কুম, ম]—বি. ওলট, পালট, হোঁচট ॥ আন্‌দাইরা পথ্ দিয়া আটতে আসার্‌পিসার্ খাইসি। [আছাড় +পিছাড় সহশব্দ ; পচাড় হিং]।

আসার্‌বিসর্=[সি]—বি. পদস্খলন ॥ [আছাড় + বিছড় সহশব্দ ; বিচলনা হিং=পিছলানো]।

আসি=[চা]—বি. হাঁচি ॥ 'হাপের আসি বান্দায় বুঝে।' [<হাঁচি]।

আসিয়াল্=[সি]—বি. জঞ্জাল ॥ গবর্ আসিয়াল্ শাপ্ কর। [<ওছ <উচ্ছ+ইয়াল প্র.]।

আসিলা=[পা]—বি. কাল দাগ ॥ তার মুখে আসিলা বরা। [<আঁচিল]।
২=[কুম]—বি. আরশুলা ॥ [<আরশলা]।

আসিলাইল্=[ম]—বিণ. খোসা বা বাকল ছাড়ান নহে এইরূপ, কর্কশ, অমার্জিত ॥ আসিলাইল্ আল্। [আ (না +ছিলা+ইল প্র.]।

আসুইল্যা=[ম]—বিণ. যাহার খোসা ছাড়ান হয় নাই ॥ আসুইল্যা কলাডা কাম্‌পে খাবি? [আ (না) ছিলা+ +ইয়া প্র]।

আসুইল্‌লা=[কুম, ঢা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ এ্যাত আসুইল্‌লা বাত্ খাইস না। [আ(না)+সহ+ইলা প্র.]।

আসুক্কা=[নো]—ক্রি. বিণ. হঠাৎ, অপ্রস্তুতভাবে ॥ হিতে আসুক্‌কা আইসে। [উচক اچک হিং]।

আসুত্=[কু]—বিণ. অপবিত্র বস্তু ॥ আসুত্‌গায়ে নামাজ্ পর্‌তে নেই। [<অছুত হিং]।

আসুদা=[কুম, ম]—বিণ. অনভ্যস্ত ॥ আসুদা মাইন্‌শ্যারে এই কাম দিজ না। [আসূদহ آسوده ফা.=পরিতৃপ্ত]।
২=[বা, ফ]—ক্রি. বিণ. প্রয়োজনাতিরিক্ত ॥ আইয্ আসুদা খাইয়া ফালাইসি। [পূর্বে দেখ]।
৩=[নো, সি]—বিণ. পরিপূর্ণ তৃপ্তির সঙ্গে ॥ আসুদা কৈরা খাইসে। [পূর্বে দেখ]।
৪=[সি]—বি. গালি বিশেষ ॥ আসুদা বেডি। [আ (স্বার্থে)+চুদা√চুদ্= সহবাস করা, দেখ অচুদি]।

আস্মুদ্দা=[কুম, নো, সি]—বিণ. প্রবল ইচ্ছা, তৃপ্তি ॥ আসুদ্দা পুরাইয়া খাও। [দেখ আসুদা]।

আস্রন্=[নো]—ক্রি. আঁচড় দেওয়া ॥ বিলাইয়ে আরে আস্রি দিসে। [<আঁচড়+অন প্র.]।

আস্লি=[চট্ট]—বি. গলার হার ॥ মাইয়াউয়ার্ গলার্ আস্লি। [<হাঁসুলি]।

আসেউ=[য]—অব্য. ঘৃণা ব্যঞ্জক ॥ আসেউ, মানুশ্ এ্যামন্ নিচ্' হয়। [<আঃ ছিঃ]।

আস্যাকা=[য]—বিণ. অসেঁকা ॥ আস্যাকা লুডি খাইতাম্ না। [<অ+সেঁকা]।

আসোব্যা=[য]—বিণ. ধৈর্যহীন ॥ তুই বব আসোব্যা। [<অসভ্য; তুঃ দেখ আসাবুবা]।

আস্কা=[কুম, নো, রং]—ক্রি. বিণ. অকস্মাৎ, হঠাৎ ॥ তার্ উপ্রে অ.স্কা বিপদ্ আইল্। [দেখ আচকা]।

২=[কুম]—ক্রি. বিণ. আজ ॥ আস্কা হারাদিনৈ আমি বারিত্ আসি। [<আজিকা]।

আস্ক্যার্=[কুম]—ক্রি. বিণ. সম্ভবতঃ ॥ আস্ক্যার্ হিতে আইয্ বারিত্ আইব। [আকসর اکثر আঃ=প্রায়ই]।

আসড়াপেসড়ি=[খু]—ক্রি. বিণ. ছটফট ॥ [আছাড়ি+পিছাড়ি; সহশব্দ. পছার হিং]।

আস্ত পাওয়া=[য]—ক্রি. সর্বস্ব হারানো ॥ ব্যাডা মাম্লা কৈরা এ্যাবারে আস্ত পাইল। [আস্ত=গোটা+পাওয়া]।

আস্তর্ বিস্তর্=[রা]—বি. আদর-আপ্যায়ন ॥ তারা আমারে খুব আস্তর্ বিস্তর্ করে। [আস্তর<আদর+বিস্তর অনুঃ]।

আস্ত লাউ=[কুম]—বিণ. বোকার হদ্দ ॥ তার পোলাডা এ্যাককেরে আস্ত লাউ [মূলার্থ গোটা লাউ]।

আস্তা=[য, চা, মি]—বিণ. সম্পূর্ণ ॥ আস্তা আম্ডা খা। [=আস্ত+আ]।

২=[চট্ট]—বি. খিলান ॥ আস্তা সারা শক্ত হৈত ন।

৩=[দি, পা]—বি. রাস্তা ॥ খানে আস্তা ভাঙি গ্যাছে। [<রাস্তহ্ راسته ফা.]।

৪=[পা]—বি. নৌকার পানি উঠা বন্ধ করিবার জন্য দেয় গাবসুড়কি, প্রলেপ বিশেষ ॥ [<আস্তর]।

৫=[নো]—বি. বাঁশের শলাকার তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥ ম্যাগ্ আইলে আস্তায় খুব্ মাস্ পাওয়া যায়।

আস্তা খাস্তা=[রং]—ক্রি. বিণ. নষ্ট ॥ তামাক্‌গুলা আস্তা খাস্তা করিস্ না [<আসতা অনুঃ+খাসতা خسته ফা.=নষ্ট]।

আস্তারা=[নো]—বিণ. খাঁটি ॥ আস্তারা কতা ক।

আস্তারি হিস্তরি=[নো]—ক্রি. বিণ. ইতস্ততঃ চিন্তা করিয়া ॥ আস্তারি হিস্তরি কাম্ডা শুরু কৈর্‌লাম্।

আস্তারে=[নো]—বিণ. একেবারে ॥ ব্যাডাডা আস্তারে যংলি। [<য়কসর یکسر ফা.+এ বিভক্তি]।

আস্তিকাল্=[রং]—বি. প্রতিজ্ঞা ॥ মনে মনে আসতিকাল করয়া কাম্ কর। [ইসতিকলাল استقلال আঃ=দৃঢ় চিত্ততা]।

আস্তিক্=[বা, খু]—বি. অভ্যর্থনা, যত্ন, আপ্যায়ন ॥ ও বাড়ি যামু কি হর্‌তে মোডে আস্তিক নাই। [<আন্তরিক]।

২=[নো]—বি. আন্দাজ ॥ আস্তিক্ করি কতা কৈস্ না?

আস্তুরা=[সি]—বি. ক্ষুর ॥ আস্তুরা খান্ দারাও। [উস্তরহ্ استره ফা.]।

আস্তেকুড়্=[খু]—বিণ. বদমাইশ ॥ আস্তেকুড়্‌সেলের কি ল্যাহা পড়া অয়? [<আঁস্তাকুড়]।

আস্তেগুর্=[খু]—বি. আঁস্তাকুড় ॥ যুনদাল গুনো আস্তেগুরে ফ্যাল্। [আঁস্তাকুড়]।

আস্তেরিয়া=[রং]—বিণ. ভিন্ন মতাবলম্বী, অনৈক্যবাদী ॥

আস্তোরা=[সি]—বি. ছুরি, ছোড়া ॥ ইসোকুরা আস্তোরা দি আতৃ খাডি লাইসে। [দেখ আস্তুরা]।

আস্মানি=[চট্ট]—বিণ. গুজব ॥ আস্মানি কতা ন কৈস্। [আস্মানী آسمانی ফা.]।

আস্মান্‌তারা=[রা]—বি. একটি ধানের নাম ॥ [দেখ আস্মানি+তারা]।

আস্মুইডা=[কুম]—বি. এক প্রকার ধান ॥

আস্রা=[কুম]—বি. নারিকেলের মালা ॥ আস্রার মৈদ্যে নাইরল্ থাহে।

২=[য, রং]—বি. খোঁচা, আঁচড়া ॥ তার শৈল্‌লে কাডার আস্রা লাগ্‌সে। [<আঁচড়া]।

৩=[ঢা]—বি. ক্ষেতের আগাছা ধ্বংস করার যন্ত্র ॥ দানু খ্যাতে আস্রা দ্যাওন্ লাগে। [<আঁচড়া]।

৪=[য]—বি. আশ্রয়, ভরসাস্থল ॥ গরিবের আস্রা কেঐ নাই ॥[<আশ্রয়]।

আস্লা=[য]—বি. জোয়ালের সহিত মহিষ বাঁধিবার জন্য ব্যবহৃত বেতের কাঠি বিশেষ ॥

আস্‌সা গোসের ডাওয়া=[য]—ক্রি. রীতিমত প্রহার করা, মার দেওয়া ॥ [আচ্ছা গোছের=ভাল রকমের]।

আস্সান্=[চট্ট]—বি. আকাশ ॥ আস্মানত্ মেউলা (মেঘলা) নাই। [দেখ আস্মানি]।

আস্সাব্=[চট্ট]—ক্রি. বিণ. বিনা কারণে, অমনি ॥ তেঁ আস্সাব পোয়া-উয়ারে মারে। [আ+সবব سبب আঃ =কারণ]।

আহয্=[ফ]—বি. শিশুর জন্ম ॥ [<আউজ<অশৌচ সং]।

আহটি=[রা]—বি. বেড় ॥ জোরে হাট্‌তে গ্যালে তার পায়ে আহটি লাগে।

২=[রা]—বি. লম্ফঝম্প ॥ তোমার আহটিই সার্।

আহট্=[কুম, সি]—বি. সাড়া ॥ কিশের য্যান্ আহট্ পাওয়া গ্যাল্। [আহট آهٹ হিং=পদশব্দ]।

আহড়্ বিহড়্=[খু]—বি. আড়াল ॥ দুশ্‌ট লোকে আহড়্ বিহড়ে নুকায়া

মানুশের্ অন্যায় করে।

আহনে=[য]— ক্রি. বিণ. এখানে ॥ আহনে গেলি তারে বাড়ি পাওয়া যাবে নানে। [<এখনে]।

আহন্=[ম, ফ, ঢা]—ক্রি. আসা ॥ যল্‌দি আহ না মিয়া ।।[<আসন=আসা]।

আহমনা=[রা]—বি. তৃপ্তির পর আর খাইতে বা ব্যবহার করিতে ইচ্ছা না হওয়ার অবস্থা ॥

আহর্=[রা]—বি. বাঁধা ॥ ম্যালা আহর্ আছে, তুই ই কাম পার্‌বি না।

২=[সি]—বি. আষাঢ় ॥ আহর্ মাশ্। [<আষাঢ়]।

আহল্=[কুম]—বি. বুদ্ধি ॥ বৌডার আহল্ কম। [<আকল<'আক্‌ল্ عقل আং]।

২=[ঢা]—বিণ. যাহা এখনো ভাঙা হয় নাই ॥ আহল্ যমি চৈ'তে গরুর খুব্ কশ্‌ট অয়। [<আ=(না অর্থে) +হল্=কর্ষণ করা]।

৩=[খু]—বি. আড়াল ॥

আহশা=[পা] — বি. কলা ॥ [দেখ আকাশিয়া, আহাইশ্যা]।

আহা=[ম, খু]—বি. চুল্লী, উনুন ॥ গুতায়ে আহাডা ভাংগে ফেল্‌লি (খু)। [আকা<আখা<সং উখ্য=স্থালী, পক্ক মাংসাদি; অর্থপ্র.]।

২=[ফ]—বি. চুলার অঙ্গার ॥ আহার উপ্‌রে কাপর্ দর্ শুকাই যাবেনে।

৩=[খু, বা]—বি. কাধ, ঘাড় ॥ আমার আহা বেথা করে। [<আঁস<অংস সং]।

আহাই=[বা]—বি. আশা, আকাঙক্ষা ॥ আহাই মিডাইয়া খাও। [আশা+ই]।

আহাইতলি = [কুম] — বি. বগল ॥ আহাইতলিত্ এক্‌টা হোরা ঐসে। [দেখ আহাইতল্]।

আহাইতল্ = [কুম]— বি. বগল ॥ আহাইতলের লোম্ শাফ্ করা উচি'ত। [দেখ আহা+তল; মূলার্থ স্কন্ধতল]।

আহাইদ্দা=[ঢা]—বিণ. বাজে, অপ্রাসঙ্গিক ॥ আহাইদ্দা প্যাচ'াল্ এলা খো।

আহাইলা=[পা]—বি. কলা ॥[<আকাশিলা<আকাশ+ইলা প্র.]।

আহাইল্=[ম]—বি. কাঁকর ॥ চা'ইলের মৈদ্দে আহাইল্ আসে।

২=[ম]—বি. এক প্রকার শক্ত মাটি ॥ আহাইলা মাডিত্ ফশল্ অয় না। [<আটাইল<আঁটা+ইল (মাটি)]।

আহাইল্‌তলা=[ম]—বি. বগল ॥ [দেখ আহাইতল্]।

আহাইশ্যা = [পা] — বি. কলা ॥ [<আকাইশ্যা<আকাশ+ইয়া প্র.]।

আহাউল্=[চট্ট]—অব্য. গরুকে ডাকিবার শব্দ বিশেষ ॥ আহাউল্ আয়।

আহাংকা=[বা]--বি. আকাঙ্ক্ষা ॥ এ্যাত আহাংকা করা বালা না।[<আকাঙক্ষা]।

আহাংরা=[বা]—বিণ. বেয়াড়া, খামখেয়ালী, অবাধ্য ॥ পোলাডা বর আহাংরা।

আহাকার্=[ঢা]--বি. হাহাকার, অভাব, লোভ ॥ অর্ আহাকার্ আর্ কমে না [<হাহাকার]।

২=[ঢা]—বি. কামনা, ইচ্ছা ॥ অর্ আমাগ লগে শমন্দ করনের বর আহাকার্। [আহাকা<আকাঙক্ষা+ (র) স্বার্থে]।

আহাগৈ=[রং]—ক্রি. বিণ. আন্দাজে, অনুমানে ॥ জানে না শুনে না আহাগৈ এক্‌টা কথা কয়।

২=[রং]—ক্রি. বিণ হঠাৎ ॥ আহাগৈ আগ্যা অয় হাজির্ হৈল্।

আহাগো=[নো]—সর্ব. আমাদের ॥ আহাগো ট্যায়াটোয়া নাই। [<আমাগো আমাদের]।

আহায্=[ঢা]—বি. দুশমনি, শত্রুতা ॥ [<আখজ<আখয্ اخذ আং]।

আহাতলি=[ম]—বি. কাঁখতলি, বগল ॥ আহাতলিত্ লুহাইলা কি? [দেখ আহাইতল্]

আহাতাহা=[ম]—বি. দ্বিধা, সঙ্কোচ ॥

২=[কুম]—ক্রি. বিণ. ব্যতিব্যস্ততা ॥ আহাতাহা কৈরা খাইও না।

আহাদ্দিকালের বাহাদি=[রা]—বি. অতি বৃদ্ধ ॥ [<আদি কালের বাদি; (বাদি=জ্ঞানী পণ্ডিত) অথবা আদ্দি কালের বদ্দ্যি (বুড়ো)]।

আহান্=[ঢা]—ক্রি. বিণ. এখানে ॥ আহান্ তর্ কি কাম? [=এহান< এখান]।

আহানা বাহানা=[বং]—বি. ওজর আপত্তি ॥ ঐলা আহানা বাহানা ছাড়েক্ তুই। [<আহানা অনু: + বহানহ্ بهانه ফা.]।

আহানারা=[পা]—সর্ব.<আপনারা ॥ আহানারা কনে যাইবেন্?

আহানো=[ঢা]—ক্রি. বাতাস করা ॥ বব গরম্ একটু আহাইয়া দে।

আহাবাহা=[পা]—বি. আদর ॥ সাওয়াটাকে আহাবাহা কর। [<আস বস <আইস বইস]।

২=[কুম]—ক্রি. বিণ. অস্পষ্ট ॥ এত আহাবাহা কৈরা কতা কৈস্ না।

৩=[ম, পা, কু, ফ]— বি. অস্থিরতা, চাঞ্চল্য ॥ অত আহাবাহার কি কাম।

আহাবিহে=[য]—বি. অস্থিরতা প্রকাশ ॥ যন্ হলি আহাবিহে কর্‌বি নে।

আহাম্মকের চর্‌কি = [রং] — বিণ. কাণ্ডজ্ঞান হীন ॥ তুই এক্‌টা আহাম্মকের চর্‌কি। [আহ্‌মক احمق আং+ এর (সম্বন্ধে)+চরখী چرخی ফা.]।

আহারা=[ঢা]— বিণ. অকেজো ॥ 'আহারা নাপ্‌তের দামা বরা খুব'— প্রবাদ। [<আ+কার (কার্য সং)+ আ প্র.]।

আহার্=[ম]—বি. আকার ॥ লোক্‌টার আহার বালা না। [<আকার]।

২=[ঢা]—বি. আষাঢ় ॥ [<আষাঢ়]।

আহার্‌দা=[ঢা]—বি. হয়রান, বিরক্ত ॥ হারা দিন্ চু'লার পিসে থাক্‌তে থাক্‌তে আহার্‌দা ঐয়া গেসি। [আযর্‌দাহ্ آزرده ফা.]।

আহালি=[ফ, বা]—বি. চাউলে মিশ্রিত কাঁকর বা বালি ॥ চা'উলে আহালি বরা। [দেখ আহাইল্]।

২=[পা]—বি. কলা ॥[দেখ আহাইলা]।

৩=[বা]—বি. দাঁতের গোড়ার শক্ত ময়লা, আবর্জনা ॥

আহালে=[য]—বি. বাঁশের গোড়ার কাটা অংশ বিশেষ ॥

আহাল্=[ম, ঢা, খু]—বি. আকাল, দুর্ভিক্ষ ॥ [<আকাল; অকাল হিং]।

২=[বা]—বি. চুল্লী। আহালে আগুন্ আসে? [<আখান=আখা+ন (অতিরিক্ত)]।

আহাল্দার্=[বা]--বি. রান্নাঘর ॥ আহাল্দারে যাইস্ না। [দেখ আহাল+দার্ ১৩ ফা.]।

আহাশ=[ফ]—বি. কলা ॥ [দেখ আহাইশ্যা]।

আহাশ্=[বা]—বি. আকাশ॥ আহাশের তারা। [<আকাশ]।

আহাশ্পাতাল্=[ঢা, কুম]—বি. হাসপাতাল ॥ ওশ্ না দিলে আহাশ্ পাতালে রুগি বর্তি করে না। [=আ (অতিরিক্ত)+হাসপাতাল]।

আহিতান্=[ম, ঢা]—ক্রি. বিণ. বালিশ বিনা॥ আহিতানে হুইস্ না। [আ (=না)+শিথান(বালিশ)<শীর্ষস্থান]।

আহিবাহি=[ফ]—বি. বাসি খাদ্য সামগ্রী॥ আহিবাহি খাইয়া কাম্ কর। [আহি অনু:+বাসি]।

আহিল্ দিহিল্=[রা]—ক্রি. বিণ. সদিচ্ছা সহকারে, স্ফূর্তির সহিত॥

আহু=[বা]—বিণ. ভীষণ ॥ আহু জঙ্গল ॥

আহুইস্সা=[নো]—বিণ. স্থূল, মোটা॥ [আ(না)+সূচ+ইয়া প্র.]।

২=[নো]--বিণ. কুৎসিৎ লোক॥

আহুগ্রোশ্=[রা]—বি. পেট॥ এ্যাত খাবাও তোর আহুগ্রোশ্ ভরে না? [<রাহুগ্রাস]।

আহুচু'রা=[ম]—বিণ. বোকা॥ হে আস্ত্রা একখান্ আহুচু'রা লোক্।

আহুট্=[য]—বি. আব্দার॥ পোলাপানের আহুটে আর বাঁচি'না। [আখুট্=<অবাষ্টি সং]।

আহুতাহু=[ঢা]—বি. হাহুতাশ॥ ঘরের্ চো'ডে স্যাবাডা আহুতাহু কর্তাসে। [অনু.]।

আহুত্তা=[ম]--বিণ. নির্গুণ, অসার॥ লোকটা দেখ্তে হুনতেই মোডা, আশলে আহুত্তা। [বাহুতর<বাহাতুরে]।

আহুর্=[খু, য]—বিণ. ইক্ষুর॥ আহুর চি'নি॥ [<আখুর=আখের]।

আহুলাবাহুলা=[রং]—বিণ. এলোমেলো, আগোছালো। [আউলা বাউলা <আকুল ব্যাকুল]।

আহুশ্=[সি]—বি. আসক্তি॥ বাইশকুপ্ দ্যাহনের আহুশ্। [<হাউশ<হওস্ هوس ফা.; বর্ণ বিপর্যয়]।

আহেদিন্=[য]—বি. আগামী কল্য॥ আমি আহেদিন যামু [আসে দিন]।

আহ্যায্=[পা]—বি. সখ, আকাঙক্ষা, ইচ্ছা, বাসনা, খাহেশ॥ এই বিয়াতে তার আহ্যায্ আসে।

২=[ম,ঢা,কুম]—বি. আক্রোশ, শত্রুতা, বিদ্বেষভাব, হিংসা॥ বাইয়ে বাইয়ে এত আহ্যায্ কেরে? [দেখ আহায]।

আহ্যাট্যারা=[পা]--বিণ. হৃদয়বিদারক, অবিবেচনা প্রসূত, অসহ্য॥ তার কথাটা আহ্যাট্যারা গোসের।

২=[ফ]—বিণ. অকেজো, অলস॥ স্যারাতো বর আহ্যাট্যারা।

আহৈয়্যা=[ঢা]--বিণ. ছোট, শিশু॥ আহৈয়্যা পোলাডা কার্? [অশৌচ+ইয়া প্র.]

আহৈট্=[ফ]--বি. আব্দার॥ [দেখ আহুট্]।

আহোঁত্=[রা] — বি. আড়াল॥ আহোঁতে কে রে?

আহোচ্'রা=[ঢা]—বিণ. নোংরা, অপরিস্কার॥ স্যারাডা যবর্ আহোচ্'রা।

আহোট্=[ঢা]—বি. আব্দার॥ [দেখ আহৈট্]।

আহোড্=[রা]—বি. জখম॥ গরুটাক্ আহোড্ করয়া ফ্যালাইছে।[<আহত]।

আহোয়ে আনা=[য]—ক্রি. গুছাইয়া আনা॥ বিচ্'লিগুলা আহোয়ে আন্।

আহোরি=[ঢা]—বি. তালের আঁটির শাঁস॥ আডের দিন্ আহোরি খামু।

আহোর্=[কু, পা]—বিণ. কঠিন, কষ্ট সাপেক্ষ॥ আহোর্ কাম্। [<আহড় =লড়াই হিং]।

আহোশা=[পা]—বি. মাকড়সার জাল॥

আহুরাত্তা=[ঢা]—বি. গালি বিশেষ॥ আহ্রাইদ্যারে দেখ্তাম চা'ই না।

আহুশা=[চট্ট]—বিণ. দু:সাহসী॥ ইতে বর আহ্শা [<সাহস+আ প্র.]।

ই=[চা]—বিণ. এই ।। ই কতা কৈস্ না। [<এই]।

২=[কুম]—অব্য. অবজ্ঞাসূচক ধ্বনি, কী ।। ই, কিতা কৈলা ? [<ই:]।

ইঅত্=[চট্ট]—ক্রি. বিণ. এইখানে ।। [<এইখান+ত (সপ্তমীর বিভক্তি)]।

ইআদ্রা=[সি]—ক্রি. বিণ. ইদানিং ।। ইআদ্রা আমি যাইতাম্ নায় ।। [<এই আজিকার]।

ইআন্ = [চট্ট] — বিণ. এইটি ।। [<এইখান]।

ইও=[সি]—সর্ব. ইয়ে—সাধারণতঃ কোন কিছুর নাম মনে না থাকিলে বলা হয় ।। [<ইহা]।

ইওনু=[চট্ট]—ক্রি.- বিণ.<এখনই ।।

ইওল্=[বা]—বি. হিমেল বাতাস।। [<হীওল<শীঅল<শীতল]।

২=[কুম]—বি. পশুর সঙ্গমেচ্ছা ।। গরুডা ইওল্ গ্যাসে।

ইং=[কুম]—বি. হিং ।। এক তোলা ইং আইন্ন। [<হিং<হিঙ্গু সং]।

ইংকরা=[খু]—ক্রি. এইরূপ করা, কোন ভঙ্গিমা নকল করা ।। [<এই করা]।

ইংকা=[রা]—ক্রি. বিণ. এই রকম ।। তুই জে ইংকা কর্বুতা মুই জানো। [<এই+কা প্র.]

ইংকার্—[কুম,চা]—বি. ঘৃণা ।। কেঐরে ইংকার কৈর না। [<ইন্কার انکار আং (=অস্বীকার)]।

২=[পা]—বি. অহঙ্কার, গর্ব ।। গরিবের্ ইংকার্ নাই। [<অহঙ্কার]।

ইংকিত্ করা=[চা]—ক্রি. ঘৃণা করা ।। গরিবেরে ইংকিত্ কৈর না। [<ইঙ্গিত করা]।

ইংকুরা=[বা]—বিণ. হিংসুটে ।। হিংকুরা বাই। [দেখ ইংকার্]।

ইংকুরাপনা=[বা]—বি. ঈর্ষ্যাপরায়ণতা ।। ইংকুরাপনা করা কি তোমার্ শোবা পায়। [দেখ ইংকুরা+পনা প্র.]।

ইংগাইংগা করা=[খু]—ক্রি. তোষামোদ করা ।। ওকে ইংগাইংগা কর্সো ক্যারে। [<আজ্ঞা আজ্ঞা করা]।

ইংগানো=[বা]—ক্রি. গুতা দেওয়া, শিং দিয়া আঘাত করা ।। শার্টা বর ইংগায়। [<শিংগান, শিং<শৃঙ্গ; নামধাতু]।

২=[য]—ক্রি. বিদ্ধ হওয়া ।। খালি পায়ে হাঁট্তে কাঁটা ইংগে গ্যাল্। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

ইংগাল্=[বা]—বি. পান ইত্যাদিতে যুক্ত পোকার বাসা ।। পানে ইংগাল্ দ্যাহা যায়।

ইংগি=[রং]—বি. জামা ।। [অঙ্গরক্ষক শব্দের স. রূ.]।

ইংগ্যাত্=[ফ]—বি. অবজ্ঞা ।। কেঐরে ইংগ্যাত্ কৈর না। [দেখ ইংকিত্ করা]।

ইংটানো=[চা]—ক্রি. ক্ষতিকরা ।। ওকি তোমারে ইংটাইসে ? [ইংটা <ইষ্টঅ <ইষ্টক+আনো প্র.; নামধাতু]।

ইংরিশন্, ইংরেশন্, ইংলিশন্ = [কুম, পা]—বি. ইন্জেক্শন ।। আমি ইংরিশন্ দিতাম্ না। [<ইন্জেক্শন injection ইং]।

ইংশা = [কুম, চা, সি]—বি. হিংসা ।। [<হিংসা]।

ইঁকিড়া=[রা]—বি. নলখাগড়া ।। [<উখ্খড়া<উলুখড়; অক্রা হিং]।

ইঁক্কা=[চট্ট]—বি. এদিকে ।। ইঁক্কা আইও যাই। [এই মুখিয়া<এই মুখ+ইয়া প্র.]।

ইঁক্ড়া=[রা]—বি. খড় ।। [দেখ ইঁকিড়া]।

ইঁক্রা=[রা]—বিণ. হিংসুক ।। [দেখ ইংকুরা]।

ইঁচ'র্=[ব]—বিণ. দুষ্ট প্রকৃতির, নাছোড়বান্দা ।। [<ইতর]।

ইঁচ'া=[পা]—বি. চিংড়ি মাছ ।। [দেখ ইচিং, ইচিলা, ইচ্লা]।

ইঁটা=[পা]—বি. মাছ বিশেষ ।। ইঁটা মাসের কাঁটা বড়।

ইঁয়ান্=[নো, চট্ট]—সর্ব এইটি, ইহা ।। [<এই+খান]।

ইকরিয়া=[ম]—বি. হাঁড়ি পাতিলের ভাঙ্গা টুকরা ভর্তি জমি ।। ইকরিয়া যমিত্ ফশল্ অয় না। [দেখ ইকর্+ইয়া প্র.]।

২=[সি]—বি. ক্ষুদ্র পাখি বিশেষ ।।

ইকর্=[ম,সি]—বি. নল খাগড়া জাতীয় তৃণ, এক রকম ছোট গাছ ।। ইকরের্ কলম্ বালা অয়। [দেখ ইঁকিড়া]।

২=[কুম]—বি. বাঁশের ছোট টুকরা ।। তার্ পাওত ইকরের্ খোচ'া লাগ্সে।

ইকর্বিকর্=[ব]—ক্রি. বিণ. ইতস্ততঃ ।। [অনু.]।

ইকা=[সি]—বি. বুকের পার্শ্ব ।।

২=[সি]—বি. গরুর পিছনের দুই পায়ের সন্ধিস্থল ।। গরুর ইকা বায় পার্ মারি ধর্লায় নি ?

ইকান্ হিকান্=[সি]—বি. সর্বস্থান, এইস্থান ও সেইস্থান ।। আমার লাগ্যা ইকান্ হিকান্ শমান। [<এখান সেখান]।

ইকারি=[ম]—বি. পানদান ।। ইকারিত্ পান্ নাই।

ইকিরিমিকিরি কথা=[ম]—বি. দুর্বোধ্য কথা ।। শাহেব্গো ইকিরিমিকিরি কথা বুঝি না। [অনু.]।

ইক্=[কু,পা]—সর্ব. ইহাকে ।। [<ইহাক <ইহাকে]।

ইক্কা=[কুম]—বি. কাশিতে কাশিতে শ্বাস বন্ধ হওয়ার ভাব ।। [<হিক্কা]।
২=[বা]—ক্রি. বিণ. কোন জিনিসের জন্য বারবার (বলা) ।।

ইক্কানি=[চট্ট]—বিণ. অতিক্ষুদ্র, সামান্য ।। [<একখানি]।

ইক্কিনি=[চট্ট]—বিণ. ছোট ।। ইক্কিনি ইক্কিনি ইগা মাস্ ন আনিশ্ । [<একখানি, একটুখানি]।

ইক্খন্=[ঢা]—ক্রি. বিণ. এই মুহূর্ত্তে ।। ইক্খনুই আমি যামু। [<এইক্ষণ]।

ইক্চি'বিক্চি'=[কু]—বিণ. এলোমেলো, নকশাদার। বৈটিতে অনেক্ ইক্চি'বিক্চি' সবি আসে। [অনু.]।

ইক্টা=[রা]—সর্ব. এইটা ।। ইক্টা কার্ ? [<এইটা]।

ইক্ড়েবিক্ড়ে=[খু]—বিণ. আঁকাবাঁকা ।। ইক্ড়েবিক্ড়ে ল্যাখা। [<অষ্টবক্রট]।

ইক্তারি = [কুম, ঢা] — বি. ইচ্ছা, কর্ত্তৃত্ব ।। নিয্ ইক্তারিতে কাম্ কর। [<ইখ্তিয়ার اختیار আং+ই প্র.]।

ইক্না = [ব] — সর্ব. ইনি ।। ইক্না কে ? [<এই+কনা প্র.]।

ইক্পির্=[সি]—বি. সাধু সন্ন্যাসী ।।

ইক্রা=[য]—বিণ. সক্ষম, উপযোগী, যোগ্য ।। সে এ কামের্ ইক্রা না।

ইক্রানো =[রা]— ক্রি দৌরাত্ম্য বা অত্যাচার করা ।। তুই ইক্রাবা লাগ্‌লু ক্যান্ ?

ইক্রি=[ফ, রা]—বি. সাদা রঙের ইক্ষু বিশেষ ।। [<ইক্ষু+রি প্র.]।

ইক্শা=[ব]—বি. রিক্সা ।। ইক্শায় চৈ'ড়া [<রিকশ rickshaw ইং ; আসলে জাপানী শব্দ]।

ইখান=[কুম]—ক্রি. বিণ. এইখানে ।। ইখান কেঐ নাই [<এইখানে]।

ইখান্=[কুম]—সর্ব. ইহা ।। ইখান্ তোমার্ চু'লি। [<এইখান]।

ইগা=[কুম, নো]—সর্ব. এইটা ।। ইগাকার্ গরু ? [<এই+গা]।

ইগানা=[ব]—বি. আত্মীয় ।। যেখানে নাই ইগানা, সেখানে বাশ্ করো না। [<یگانه এগানহ্ ফা.]।

ইগার্=[ফ]— সর্ব. ইহাদের ।। ইগার্ মা বাপ্ নাই। [<ইহা+গার সম্বন্ধের বহুবচনের বিভক্তি]।

ইগিন্=[চট্ট]—সর্ব. এইগুলি ।। ইগিন্ দি আর্ কি ঐব ? [=এইগুলিন]।

ইগু=[গি]—সর্ব. এইটা ।। ইগু আমার্ কলম্। [এই+গো]।

ইগুতা=[সি]—সর্ব. ইহা ।। ইগুতা দিয়া কি কর্বায় ? [<এই + গুতা= গোটা]।

ইগুলা=[চট্ট]—সর্ব. এইগুলি ।। ইগুলা কি ? [<এইগুলা]।

ইগ্যা=[নো]—বিণ. একটা ।। ইগ্যা ঐশা দ্যান্ বাবা। [<এক+গা]।

ইগ্গা=[চট্ট]—বিণ. একটা ।। আঁরে ইগ্গা ট্যায়া দ্যাও। [এক+গা]।

ইগ্গিসা=[ঢা]—বিণ. একটু, অল্প ।। ইগ্গিসা খাবার্ দ্যাও। [এক+গাছা ; তুং সা হিং]।

ইচ'া=[গি]—ক্রি. গ্রহণ করা ।। ইচ'্যা দ্যাখ্ কোন্ডা বালা। [<উঞ্ছ]।

ইচ'াইচ'া লাগা=[নো]—ক্রি. বিরূপ অনুভূত হওয়া ।। [অনু.]।

ইচ'াদল্=[ম]—বি. জলজ ঘাস বিশেষ ।।

ইচ'ারবিচ'ার=[ঢা, নো]—বি. ভালমন্দ বিচার বোধ ।। হেইতার্ কোন ইচ'ার্ বিচ'ার্ নাই। [ইচ'ার অনুঃ ; বিচার]।

ইচ'ালি=[ঢা, বা]—বি. যত্ন ।। শামির্ ইচ'ালি খ্যাদ্‌নত্ কৈরো।

ইচি'=[চট্ট]—বি. চিংড়ি মাছ ।। [দেখ ইচিলা, ইচ্‌লা]।

ইচি'চি' = [বা] — অব্য. ছিঃ ছিঃ ।। ইচি'চি', বেডির্ শরম্ নাই। [<ইঃ ছিঃ ছিঃ]।

ইচি'বিয়া=[সি]— বি. স্বয়ম্বর প্রথায় বিবাহ ।। বেডিডা ইচি'বিয়া বৈসে। [<ইচি'য়া<ইচ্ছাইঅ প্রাং<ইচ্ছাকৃত সং ; বিয়া<বিবাহ ; দেখ ইসিয়াবর্]।

ইচিলা=[দি]—বি. চিংড়িমাছ ।। [দেখ ইচি']।

ইচৈ'ন্=[চট্ট]—বি. জল সেচনের পাত্র বিশেষ ।। ইচৈ'ন দি খমিতে পানি দাও। [<হেচনী<সেচনী]।

ইচ্'=[ফ]—অব্য. ইশ্ ।। ইচ্' মার্ দেখি ? [ইস্]।
২=[বা]—অব্য. না ।। ইচ্', আমি কৈ নাই। [<ইস্]।

ইচ্'ড়ানো=[কু]—ক্রি. আঁচড় দেওয়া ।। [<আঁচড়ানো]।

ইচ্'রানো=[সি]—ক্রি. পাট কাঠি হইতে পাট ছাড়ানো ।। [দেখ ইচ্ড়ানো ; অর্থ প্র.]।

ইচ্‌লা=[রং]—বি. চিংড়িমাছ ।। 'খোড় উড়ুম্বর্ ইচ্‌লা মাছে, খাইলে মুখের অরুচি ঘুচে' (কবিকঙ্কণ) ।। [দেখ ইচিলা]।
২=[খু]—বি. বৃষ্টির ঝাপটা ।। ইচ্'লা আশে দর্যা বন্দ কর।

ইছাওত্=[রা]—ক্রি. বিণ. এদিকে ।। ইছাওত্ চুঁড়ে পামু না।

ইজশ্শরি=[রা]—বি. রেজেষ্ট্রি ।। মরার্ আগে ইজশ্শরি কৈরা দ্যাও। [<রেজেষ্ট্রি registry ইং]।

ইজোফা=[রা]—বি. উপরি ।। ইজোফা বাইখে বিক্রি কর্। [ইযাফঃ استعفا আং]।

ইযড়্ = [নো]— বি. ক্লীব (গালি অর্থে) ।। [< হিজড়া হিং]।

ইযর্=[পা]— বি. ঘরের সম্মুখে বসিবার স্থান, মাচা ।।

ইযল্=[ঢা, চট্ট]— বি. হিজল ।। ইযল্ ফুলের্ মালা গাথ। [<হিজল]।

ইযল্গোডা=[ঢা কুম]—বি. হিজল গাছের গোটা ।। ইযল্ গোডা মাইন্‌ষের্ কামে লাগে। [< হিজল গোটা]।

ইযলের্ ঘরিমরি= [সি] — বি. হিজল গাছের ছাল বাকল ।।

ইযাত্যা=[কুম]— বিণ. এইরূপ ।। ইযাত্যা কতা আর্ হুনি নাই। [< এই জাতীয়]।

ইযাত্=[বা, সি]—বিণ. এইরূপ ।। ইযাত্ মানুষ্ আর্ দেহি না। [<এই

আত=জাতি]।
ইবাপা=[ম, চা]—বি. বেণী, বাড়তি॥ [দেখ ইজোকা]।
ইবারি=[চা]—বি. কাঠের চামচ॥ ইবারি দিয়া বাত্ উডাও। [দেখ ইবেইর্, ইবের্, ইবুলা]।
ইবার্=[চট্ট]—বি, চার পকেটওয়ালা সার্ট॥
২=[কু, পা, কুম]—বি. এজাহার॥ থানায় ইবার্ দ্যাও। [ইযহার اظہار আং]।
ইবার্‌বন্দোর্ গিরো=[সি]—বি. দূরের সম্পর্ক॥ 'তিন্ না তেরো, ইবার্-বন্দোর্ গিরো' (প্রবাদ)। [আভিধানিক অর্থ ইবারবন্দের গ্রন্থি; গেরো <গিরহ্ گرہ ফা.]।
ইবিবিবি=[কুম]—বিণ. আঁকাবাঁকা॥ ইবিবিবি ল্যাহা। [হিজিবিজি]।
ইবির্‌বিবির্=[ব]—বি. গোলমাল॥ কি ইবির্ বিবির্ শুরু করস্? [অনু.]।
ইবিশন্=[ম]—বি. ইনকেজশন॥ কলেরার্ ইবিশন্ দ্যাও। [ইন্‌জেক্‌শন Injection ইং]।
ইবুলি=[চা]—বি. সামান্য লাল ও চিকন আমন ধান বিশেষ॥
ইবুল্‌দাগা=[ক]—বিণ. অত্যধিক মার খাওয়া॥ [হিজল+দাগা<দাগ=চিহ্ন; মূল অর্থ হিজলের ছড়ির আঘাতে যাহার শরীরে দাগ হইয়াছে]।
ইবেইর্=[ফ]—বি. কাঠের চামচ বিশেষ॥ ইবেইর্‌ডা লও, তর্‌কারিডা নাড়ি।
ইবের্=[ব]—বি. লবণ উঠাইবার কাঠের ছোট চামচ॥ [দেখ ইবেইর্]।
ইব্‌বা=[নো]—বিণ. একটা॥ ইব্বা গরু দিয়া কি আল্ চ'লে? [<এক+আ=গা]।
২=[ম]—সর্ব. এইটি॥ ইব্বা কে, আমি বানি না।
ইব্‌লা=[বা]—বি. তরকারী নাড়ার কাঠের চামচ॥
ইব্‌লাবিব্‌লা=[সি]—বি. নিকৃষ্ট বস্তু॥ [অনু.]।
ইব্‌লি=[ক]—বি. এক প্রকার আমন ধান॥
ইটা=[সি]—বি. ঢিল॥ ইটা মার্‌ল কে রে? [<ইট্টঅ প্রাং<ইষ্টক সং]।
২=[সি, মি]—সর্ব. এইটা॥ ইটা কিরে? [<এটা]।
ইটাইটি=[রা]—বি. ঢিল ছোড়াছুড়ি॥ [ইট+আ, ইট+ই; ব্যতিহারার্থে]।
ইটাংগি=[ম]—বি. ঢিল বা গোলাকার বস্তু নিক্ষেপ॥ [ইটান (নাম ধাতু)+গি প্র.<কি]।
ইটা ধরা=[ম]—ক্রি. ইটের গাথুনি শুরু করা॥ [ইটা+ধরা]।
ইটানি=[ব, রা]—ক্রি.বিণ. এইদিকে॥ ইটানি ফশল্ ভাল হছে (রা)।
২=[রা]—বিণ. দুষ্ট॥ ছোড়াটা খুব্ ইটানি। [ইটান (ইট ছোড়া)+ই প্র.; আভিধানিক অর্থে যে ইট ছোড়ে]।
ইটাপাট্‌লি=[রা]—বি. আমন ধান বিশেষ॥
ইটাবারি=[চা, কুম]—বি. ঢেলা ভাঙ্গিবার কাঠের মুগুর বিশেষ॥ ইটাবারি দিয়া চা'হা বাংগ। [<ইটা=ঢেলা+বাড়ি=আঘাত]।
ইটামংগোর্=[পা]—বি. জমির বড় বড় ঢেলা ভাঙ্গিবার মুগুর॥ [দেখ ইটা; মঙ্গর<মুগগর প্রাং<মুদ্গর সং]।
ইটামাছ্=[রং]—বি. রিটা মাছ॥ [ইটা <রিটা]।
ইটামাটি=[ম]—বি. এটেল মাটি॥ [ইটা=ইটের ন্যায় শক্ত+মাটি]।
ইটামুগুর্=[পা]—বি. মাটির ঢেলা ভাঙ্গিবার মুগুর বিশেষ॥ [দেখ ইটা মংগোর]।
ইটু=[ক]—বিণ. অল্প একটু॥ ইটু দুদ্ খাও। [একটু]।
ইটেল্=[ব, খু]—বি. মাটির বড় খণ্ড, ঢেলা॥ [ইট+এল প্র.]।
ইট্যা=[পা]—বি. মাটির ঢেলা॥ [<ইটিয়া=ইট+ইয়া (স্বার্থে) প্র.।]
ইট্যাল্=[ক]—বি. ঢিল॥ [<ইট+ইয়াল প্র.; দেখ ইডাল্]।
ইট্‌কল্=[চা]—বি. ইট॥ ব্যাডাডা ইট্‌কল্ বাংগার কাম্ কৈরা খায়। [ইট+কল; পাটকেল শব্দের সাদৃশ্যে]।
ইট্‌কুন্‌টি=[ফ]—বিণ. ছোট॥ ইট্-কুন্‌টি মাইয়া। [<একটুকুনটি]।
ইট্‌টকুন্‌টি=[পা]—বিণ. অল্প, একটু॥ 'ইট্‌টকুনটি পানি, ক্যা গো কি যানি' (গ্রাম্য ছড়া)। [দেখ ইট্‌কুন্‌টি]।
ইট্‌টিনি=[খু]—বি. টিপ্পনী॥ তুমি পিসন্ দে ইট্‌টিনি কাটো ক্যানে? [<টিপ্পনী; স্থিতিবিপর্যয়]।
ইট্‌টুহানি=[কুম, চা]—বিণ. একটু-খানি॥ ইট্‌টুহানি পোলার্ এ্যাতবর কতা? [<একটুখানি]।
ইঠা=[সি]—সর্ব. ইহা, এইটা॥ **ইঠা** কার্ গরুরে? [<এইটা]।
ইঠে=[দি]—ক্রি. বিণ. এইখানে॥ ইঠে আয়্ বাহে। [<এই+ঠাঁই]।
ইডা=[কুম]—সর্ব. ইহা, এইটা॥ ইডা দা কি কাম্। [<এইটা]।
২=[চা, কুম]—বি. উনুনের ঝিঁক॥ পাহালের্ (=চুল্লীর) ইডা বাইংগা গ্যাসে। [<ইটা=ইট]।
৩=[চা, ম]—বি. ঢিল॥ বরৈ গাস্‌টাত্ ইডা দেয় ক্যাডায়্? [<ইটা=ইট]।
৪=[য, খু]—সর্ব. সে (কাহারও নাম মনে না থাকিলে ব্যবহৃত হয়)॥ ইডা কৈ গ্যাসে রে? [<এইটা]।
ইডানো=[চা,]—ক্রি. ঢিল নিক্ষেপ করা॥ বরৈ গাস্‌ডাত্ ইডায়্ কে রে? [<ইটানো; নামধাতু]।
ইডাবারি=[চা, ম]—বি. মাটির ঢেলা ভাঙ্গিবার মুগুর॥ ইডাবারি দিয়া খ্যাতের্ চা'হা বাংগে। [দেখ ইটাবারি]।
ইডামুংগৈর্=[চা]—বি. ঢেলা ভাঙ্গিবার মুগুর॥ [দেখ ইটা মংগোর্]।
ইডাল্=[বা, খু]—বি. ঢিল॥ **ইডাল্** মারিস্ না। [দেখ ইট্যাল্]।
ইডাহিডা=[সি]—বি. আজে বাজে বস্তু॥ ইডাহিডা লৈয়া কাইয্যা কর ক্যা? [<এইটা সেইটা]।

ইডি=[কুম]—সর্ব. এইগুলি ॥ ইডি কার্‌ বৈ? [<এইটি]।

ইড্যা=[ম]—বি. ঢিলা ॥ ইড্যা দিয়া আম্‌ পার্‌। [<ইট+ইয়া প্র.]।

ইড্‌=[চা]—বি. ইট ॥ ইডের্‌ গর্‌। [<ইট]।

ইত্‌র কাতর্‌-[সি]—বিণ. অসভ্য ॥ [ইতর+কাতর অনু:]।

ইতা=[কুম, ম]—সর্ব. এইসব ॥ ইতা কি? [এই+তা=এইটা]।

২=[সি]—সর্ব ইগা ॥ ইতা কি কর? [পূর্বে দেখ]।

ইতাইন্‌=[সি]—সর্ব. এইগুলি ॥ ইতাইন্‌ তোমার্‌ নাই? [দেখ ইতা+আইন বহুবচনের বিভক্তি]।

ইতাউতা=[সি]—সর্ব. এইগুলি ॥ [<এটাওটা; ইহা কিংবা এই তা, উহা কিংবা ও+তা প্র.]।

ইতান্‌=[কুম, চা]—সর্ব. এইগুলি ॥ ইতান্‌ আবার কি? [দেখ ইতাইন্‌]।

ইতাপিতা=[ম]—বি. মুরুব্বির কথা, ডাক দোহাই ॥ হ্যায়্‌ ইতাপিতা মানে না। [পিতা+ইতা অনু:; তু: ইতাউতা]।

২=[সি]—বি. বাছবিচার ॥

ইতাবৈতা=[ম]—বি. দিগ্বিদিক। [দেখ ইতা+বৈতা অনু:; তু: ইতাউতা, ইতাপিতা]।

ইতারা=[চট্ট]—সর্ব. তাহারা ॥ ইতারা কিস্‌ বুঝে' না। [দেখ ইতা+রা]।

২=[চট্ট]—ক্রি. বিণ. এখন ॥ ইতারা ন খাইয়ম্‌ ॥ [দেখ ইতুতারা]।

ইতারে=[চট্ট]—সর্ব. তাহাকে (তুচ্ছার্থে) ॥ ইতারে আঁই দেইখ্‌খম্‌। [দেখ ইতা+রে কর্মকারকে]।

ইতার্‌ লাগি=[সি]—অব্য. এইজন্য ॥ ইতার্‌ লাগি এ্যাত বর উকিল্‌ আন্‌তায়্‌ আসিল্‌ না। [<এইটার লাগিয়া]।

ইতাহিতা=[সি]—সর্ব এটাওটা ॥ [দেখ ইতা+হিতা অনু:; তু: ইতাউতা]।

ইতি=[রং]—ক্রি. বিণ. এই দিকে ॥ ইতি আয়্‌। [<হেথায়]।

২=[ব]—বি. ময়লা, শেওলা ॥ তোমার্‌ গায়ে ইতি ভরা।

ইতিউতি করা=[কুম]—ক্রি. পরামর্শ করা ॥

ইতিহাশ্‌=[ব]—বি. উপহাস ॥ তাগো ইতিহাশে টিহন্‌ দায়। [উপহাসের স্থলে অশুদ্ধ প্রয়োগ]।

ইতুয়াল্‌লা=[পা]—বিণ. অল্প একটু ॥ ইতুয়াল্‌লা দুদ্‌ পৈড়া গেইচে'। [ইতু=এক+তু=টু; য়াল্‌লা <যর্র: ذره আ:]।

ইতে=[চা]—ক্রি. বিণ. ওখানে ॥ ইতে যাইস্‌ না। [<সেথা]।

২=[চট্ট]—সর্ব. সে ॥ ইতে আঁর্‌ বৈয়ান্‌ নৈ গেইয়ে। [<ইহা+তে বিভক্তি]।

৩=[বা]—সর্ব. উহাতে ॥ ইতে মাস্‌ পরে।

ইত্যারা=[চট্ট]—ক্রি. বিণ. এখন ॥ ইত্যারা কডে যাও? [<ইতি+বার]।

ইতুতর্‌=[পা]—ক্রি. বিণ. এখানে ॥ ইতুতর্‌ আইও। [<ইধর ادهر হিং]।

ইতুতারা=[চট্ট]-ক্রি. বিণ. এখন ॥ ইতুতারা যোয়ার্‌ ঐবো। [দেখ ইত্যারা]।

ইতুতি=[বং]—ক্রি. বিণ. এই দিকে ॥ ইতুতি আয়্‌ অতুতি যাইস্‌ না। [দেখ ইতি]।

ইতুতিকনা=[দি]—বিণ. একটুখানি ॥ ইতুতিকনা ভাত্‌ দিবেন্‌ বাহে? [এক+তি=টি; কণা]।

ইতুতি কিনা=[রং]—ক্রি. বিণ. এই দিকে একটু ॥ ইতুতিকিনা আঁয়্‌ তো। [দেখ ইতুতি+এক কণা=একটু]।

ইতুতিকুনা=[দি]—বিণ. অল্প ॥ মোক্‌ ইতুতিকুনা পান্‌ দ্যাও। [<একটু খানা]।

ইতুতি বিতুতি=[খু]—ক্রি. বিণ. তন্ন তন্ন ॥ ইতুতি বিতুতি করে খোব্‌ দ্দর্‌। [দেখ ইতুতি+বিতুতি অনু:]।

২=[ম, চা]—বি. সহায় সম্পদ ॥ বেডার ইতুতি বিতুতি নাই। [ইতুতি অনু:; বিত্তি <বিত্ত সং]।

ইতুতেয়ারি=[পা]—ক্রি. বিণ. এখন ॥ আমি ইতুতেয়ারি যাব। [<এইত এই বারই]।

ইতুব্যাভার্‌=[কু]—বি. আচার ব্যবহার ॥ তোদের্‌ ইতুব্যাভার্‌ বড় খারাপ্‌। [<রীতি ব্যবহার]।

ইতুরাইতুরি=[কুম]—বি. অসদ্ব্যবহার ॥ ইতুরা ইতুরি কর্‌লে মাইর্‌ খাইবা। [ইতর+আ+ইতর+ই; ব্যতিহারে]।

ইতুরানো-[চট্ট]—ক্রি. অযথা ভান করা ॥ ইতুরাইয়া কথা কওন্‌ ভালা না। [ইতর; নাম ধাতু]।

২=[রা]—ক্রি. নিষেধ সত্ত্বেও একই কথা বা ব্যবহারের পুনরাবৃত্তি করা, ন্যাকামি করা ॥ [পূবে দেখ]।

ইতুর‍্যা=[রা]—বি. ঠাট্টা ॥ বেশি ইতর‍্যা করা ভাল না। [ইতর+ইয়া প্র.]।

ইতলা=[খু]—বি. খবর ॥ [<ইত্তিলা' اطلاع আ:]।

ইদত্‌=[পা, চট্ট]—ক্রি. বিণ. সব সময় ॥ [<'ইদ্দত عدت আ:; অর্থের পরিবর্তন; মূলার্থ গণনা, নির্দিষ্ট সময়]।

ইদর্‌ পিদর্‌=[রা]—বি. ভালমন্দ, যত্ন ॥ নিজের শরিরের ইদর্‌ পিদর্‌ বুঝা উচিত্‌। [ইদর<ইধর হিং=এই দিক+পিধর অনু:]।

ইদা=[ব]—বি. আউশ ধান বিশেষ ॥

ইদানি=[বা]—বি. অতিক্ষুদ্র পোকা বিশেষ ॥

ইদানিরি=[খু]—ক্রি. বিণ. আজ কাল ॥ [<ইদানিং]।

ইদানো=[খু, য]—ক্রি. ফুটা ॥ পায়ে এ্যাক্‌টা কাঁটা ইদাইসে। [<হিনানো<সিঁদানো<সিন্ধানো]।

ইদি=[রং]—ক্রি. বিণ. এই দিক দিয়া ॥ ইদি আয়। [<এই দিক]।

ইদিনে=[চট্ট]—ক্রি. বিণ. এই দিনে. পরে কোন একদিনে ॥ [<এ দিনে]।

ইদিন্‌কার্‌=[দি]—বিণ. অল্পদিনের,

অয়েক দিন পূর্বের ।। ইদিন্কার্ কথা মনে থাকে না ? [<এদিনকার]।

ইদি বারমাশ্=[কুম]—ক্রি. বিণ. সারা বৎসর ।। হেইতারা ইদি বারমাশ্ ঘবর্-কশ্ট করে। [ইদি<ইতি+বার মাস]।

ইদ্যা=[নো]—বি. ঈদের মৌসুম ।। ইদ্যাত্ বেড়াইতাম্ যামু। ['ঈদ عيد আঃ+ইয়া প্র.]।

ইদ্খোলা=[চট্ট]—বি. ঈদের মাঠ ।। [ঈদ+খোলা=মুক্তস্থান]।

ইদ্দা=[ম]—বি. উচেছ, তরকারী বিশেষ ।। ইদ্দা তিতা লাগে।

ইধার্=[দি]—ক্রি. বিণ. এই দিকে ।। ইধার্ দিয়া আও। [ইধর হিং]।

ইনি=[রা]—বি. সর্পের শ্রেণী বিশেষ ।। ইনি শাপ্ শহজে কাম্ড়ায় না।

ইনু=[ম]—ক্রি. বিণ. এখানে ।। ইনু আর্ এক্টু। [<এখানে]।

ইনো=[সি]—ক্রি. বিণ. এখানে ।। ইনো দেখ্লাম্। [<এখানে]।

ইনোর্=[সি]—বিণ. এখানকার ।। ইনোর্ ব্যাতা হিনো মেয় না এ্যামন্ ব্যাটারে কে খাওয়াইতো ? [এখানকার ; দেখ ইনো+র সম্বন্ধে]।

ইন্=[সি]-বিণ. হীন ।। আন্লায় আমাগো ইন্ কর্সৈন্, তাই কৈলায়। [<হীন]।

ইন্কুয়ারি=[দি]-বি. তালাশ, খোঁজ ।। দারগা আইছিল্ ইন্কুয়ারি কর্বার্। [<এন্কুয়ারী, enquiry ইং]।

ইন্ক্যালাপ্=[চট্ট]—বি. খাম ।। ইন্ক্যালাপে চি'ডি ল্যাখ্। [<এন্ভেলপ envelope ইং]।

ইন্গ্যালব্=[চা]—বি. লেফাকা, খাম ।। ইন্গ্যালবে চি'ডি বৈরা পাডাও। [দেখ ইন্ক্যালাপ্]।

ইন্চি'য়ারা=[চা]—ক্রি. ফাঁকি মারা, খোসামুদি করা, অনুরোধ করা ।। ইন্চি'বাইরা হ্যার্তে ট্যাহা আদাই কর্সি।

ইন্যন্পিন্যন্=[কুম]—বি. গড়িমসি ।। এ্যাত্ত ইন্যন্পিন্যন্ কর্লে গারি পাইতা না। [অনু.]।

ইন্যামি=[সি]—বিণ. দায়ী ।। আমি এ্যার্ লাইগ্যা ইন্যামি। [<ইল্যাম الزام আঃ=অপরাধ+ই প্র.]

ইন্যাম্=[সি]—বি. শেষ ।। ই কাম্ ইন্যাম্ ঐসেনি ? [<আঞ্জাম انجام ফা.]।

ইন্যারি=[নো]—বি. নারিকেলের মালার তৈরী চামচ বিশেষ ।।

ইন্যিনার্=[কুম]—বি. ইঞ্জিনিয়ার ।। তার্ পোলায় বর ইন্যিনার্ ঐসে। [<ইন্জিনিয়ার্ engineer ইং]।

ইন্যিরি=[খু, চট্ট]—বি. ইংরেজী ।। তোমার্ ইন্যিরি কতা বুঝি' না (খু)। [<ইংরেজী]।

ইন্যির্=[ম]—বি. কৃমি ।। প্যাডে ইন্যির্ ঐসে। [অজীর্ণ]।

ইন্যিল্=[চা কুম]—বি. গাড়ীর ইঞ্জিন ।। রয়াল্ গারির্ ইন্যিলে খালি হুক্কোর্ হুক্কোর্ করে। [<এন্জিন্ engine ইং]।

ইন্যিলের গাড়ি=[কুম, চা]—বি. রেলগাড়ী ।।

ইন্ট্যাটন্=[পা]—বি. ইন্জেক্শন্ ।। আমি কলেরার্ ইন্ট্যাটন্ লৈমু। [<injection ইং]।

ইন্ডা=[চট্ট]—বি. ঢিল ।। ইন্ডা দিল্ কেডারে ? [<ইঁটা=ইট]।

ইন্তা=[কুম]—বি. ইয়ত্তা ।। কত মানুশ্ দ্যাহা যায়, তার ইন্তা নাই। [<ইয়ত্তা কিংবা <ইন্তিহা' انتهاء আঃ=শেষ]।

২=[রা]—বি. বিবেচনা ।। [<ইন্তিবাহ্ انتباه আঃ=সাবধানতা]।

ইন্তার্ছে=[রা]—ক্রি. বিণ. মজা-করিয়া ।। তুই একা একা ইন্তার্ছে খাচ্ছু। [<এন্তার<entaro পোর্তু.=দেদার+সে হিং পঞ্চমীর বিভক্তি]।

ইন্তি=[সি]—বি. শেষ ।। তার্ দুক্খের ইন্তি নাই। [দেখ ইন্তা]।

ইন্তিবিসাল্=[চা]—বি. জেরা ।। আইয়ে ক্কাইল্ মাবুলার্ ইন্তিবিসালু ঐব। [ইস্তিফ্সার استفسار আঃ=পরীক্ষা]।

ইন্দরা=[কুম]—বি. পাতকুয়া ।। ইন্দরার্ পানি ঠান্ডা। [<ইন্দরা<ইন্দ্রাগার ; ইন্দারা হিং]।

ইন্দা=[খু]—বিণ. এই রকম ।। ইন্দা কাম্ কর্তে কয়েসে ক্যাডা ?

২=[রং]—বি. মাছ বিশেষ ।।

ইন্দাল্লা=[সি]—বি. মৃতব্যক্তির নামে লোককে খাওয়ানো, শ্রাদ্ধ ।। ['ইন্দিল্লহ্ عند الله আঃ=আল্লাহের নিকট]।

ইন্দি=[পা, চট্ট]—ক্রি. বিণ. এই-দিকে ।। ইন্দি যাও। [এখান দিয়া]।

ইন্দিউন্দি=[পা, চট্ট]—ক্রি. বিণ. এদিকে ওদিকে ।। [দেখ ইন্দি + উন্দি<ওখান দিয়া]।

ইন্দিরা=[কুম, ম]—বি. ইঁদারা, কূপ ।। [দেখ ইন্দরা]।

ইন্দিশন্=[ম]—বি. ইন্জেকশন ।। [দেখ ইন্ট্যাটন্]।

ইন্দু=[চা, কুম, সি]—বি. হিন্দু ।। [<হিন্দু]।

ইন্দুইরাকুমা=[চা]—বি. এক প্রকার বিষধর সর্প ।।

ইন্দুর্শাইল্=[রা]—বি. একটি ধানের নাম ।। [<ইন্দ্রশালি]।

ইন্দে=[খু]—ক্রি. বিণ. এখান দিয়া ।। ইন্দে আমাগো বাড়ি যাইতে অয়্। [<এখান দিয়া]।

ইন্দেরা=[খু]—বি. ইঁদারা, কূপ ।। [দেখ ইন্দরা, ইন্দিরা]।

ইন্দো=[সি]—বি. হিন্দু ।। [দেখ ইন্দু]।

ইন্ধিওন্ধি=[চট্ট]—ক্রি. বিণ. এদিক ওদিক ।। ইন্ধিওন্ধি কি দ্যাখ্সো ? [দেখ ইন্দি উন্দি]।

ইন্নবিন্ন=[খু]—বি. অনুরোধ ।। অত ইন্ন বিন্ন ভাল লাগে না। [<অনুনয় বিনয়]।

ইন্মাত্=[খু]—বি. অবজ্ঞা, ঘৃণা, উপহাস ।। [<হীনতা বা হীনত্ব]।

ইন্‌লিশন্‌=[ঢা]—বি. ইন্‌জেক্‌শান॥ কলেরার ইন্‌লিশন্‌ লও। [দেখ ইন্‌দিশন্‌]।

ইপাকি=[বা]— বি. মাটির তৈরী পাতিলের ঢাকনি॥

ইপাকে উপাকে=[দি]— ক্রি. বিণ. এদিকে ওদিকে॥ ইপাকে উপাকে কি দ্যাখ? [<এপাখে ওপাখে; পাখে <পক্ষ]।

ইপার্‌তাকি=[সি]— অব্য. এপার হইতে॥ ইপার্‌ তাকি হিপার্‌ দ্যাহা যায় না। [<এপার থাকি(=থাকিয়া)]।

ইপ্‌তা=[ঢা]— বি. অন্ত, শেষ॥ আডে আইয়্‌গা মাইন্‌শ্যার্‌ ইপ্‌তা নাই। [দেখ ইন্‌তা]।

ইফুযি=[ম]—বি. বাস্তুত্যাগী, মোহাজের॥ [<রিফিউজী refugee ইং]।

ইবা=[চট্ট]— সর্ব. এইটা, সেইটা॥ ইবা কোন্‌? [< এ + বা = টা প্র.]।

ইবাকত্‌=[কুম]—বি. দম॥ তোমার ইবাকত্‌ বেশি না।

ইবায়্‌=[সি]—ক্রি. বিণ. এইদিকে॥ ইবায় পথ্‌ নাই। [< এই বাগে]।

ইবায়্‌দি=[সি]— ক্রি. বিণ. এইদিক দিয়া॥ ইবায়দি যাইবা কৈ? [< এই বাগে দিয়া]।

ইবায়্‌ হিবায়্‌=[সি]—ক্রি.বিণ. এদিকে সেদিকে॥ [< এই বাগে + ঐ বাগে]।

ইবার্‌=[ম]—ক্রি. বিণ. এইবার, এই বৎসর॥ [< এই+বার]।

ইব্যা=[পা]— ক্রি. বিণ. এই রকম॥ ইব্যা কৈরা কাম্‌ কর্‌লে চ'ল্‌বে না। [এই+ভাব+এ বিভক্তি]।

ইব্‌লাস্‌=[মি]— বিণ. অপরিষ্কার॥ এই বারির্‌ হগল্‌ মাইন্‌শেই ইব্‌লাস্‌। [<ইব্‌লীস্‌ ابليس আং=শয়তান]।

ইব্‌লিসের ব্যাটা=[দি]— বি. মন্দ লোকের পুত্র॥

ইভিত্তি=[দি]—ক্রি. বিণ. এই দিকে॥ ইভিত্তি আইবোক্‌ ক্যানে বাহে। [< এই ভিতে]।

ইমা=[ক]— অব্য. পর্যন্ত॥ খ্যাতে কোমর্‌ ইমা থান্‌ ঐসে। [<হীমা <সীমা]।

ইমান্‌ ব্যাচ'।=[ম]— ক্রি. প্রতিজ্ঞা ভঙ্গ করা, বিবেক বুদ্ধি পরিহার করা॥ [ইমান<ঈমান ايمان আং+বেচা= বিক্রয় করা]।

ইমার্‌ভিতি=[দি]—ক্রি. বিণ. ইহাদের দিকে॥ ইমার্‌ ভিতি কেউ আশে নাই? [ইমা + র সম্বন্ধে + ভিতে=দিকে; দেখ ইভিতি]।

ইমিলে=[চট্ট]—ক্রি. বিণ. ঐ দিকে॥ ইমিলে গ্যালে রাস্‌তা পাইবা। [< এই + মিলে = দিকে]।

ইমিশ্‌ টিমিশ্‌=[সি]— বি. দ্বিধা॥ হকল্‌ কামেও তোমার্‌ ইমিশ্‌ টিমিশ্‌। [অনু.]।

ইম্‌=[কুম, নো]—বিণ. হিম, ঠাণ্ডা॥ তোমার শৈল্‌ডা এ্যাত ইম্‌ ক্যা?

ইম্‌নি=[রা]—ক্রি. বিণ. নিজ পছন্দে॥ ইম্‌নি ইম্‌নি কোন কাজ্‌ করা জায়্‌? [< অমনি]।

২=[রা]— ক্রি. বিণ. বিনা দামে॥ ইম্‌নি কি আর্‌ কিছু পাইবা? [পূর্বে দেখ]।

ইম্‌ম=[সি]— বি. হিম॥ বর ইম্‌ম পর্‌সে। [<হিম]।

ইম্‌মতি=[কুম]— বিণ. সাহসী॥ ইম্‌মতি মানুশ্‌। [দেখ ইম্‌মত্‌]।

ইম্‌মত্‌=[কুম]—বি. সাহস॥ তার খুব ইম্‌মত্‌ আসে। [হিম্মত همت আং]।

ইম্‌মে=[ফ]— ক্রি, বিণ. এদিকে। ইম্‌মে আয়্‌। [এই মুহে<মুখে]।

ইয়্‌ঁতু=[চট্ট]— ক্রি. বিণ. এখানে, ইহাতে॥ আঁই বৈয়ান্‌ ইয়্‌ঁতু রাইখ্যে। [<ইহাতে]।

ইয়্‌ল্‌=[চট্ট]— বি. ঠাণ্ডা বাতাস॥ [< দেখ ইওল্‌]।

ইয়া=[কুম, চট্ট]— সর্ব. এইটা॥ ইয়া কি রকম্‌? [< ইহা]।

২=[কুম, ঢা]—অব্য. কথা বলিবার সময় বক্তব্য বিষয়ে চিন্তা করা বা নাম না বলিয়া কোন কিছুর ইঙ্গিত দেওয়ার জন্য 'ইয়া' উচ্চারণ করা হয়॥ ইয়া, কতাডা বুইল্যা, গেসি কি না কৈতাসিলাম্‌?

৩=[কুম]—অব্য. হে, ওহে॥ ইয়া, কলম্‌ডা কৈ? [<য়া يا আং]।

৪=[দি]— অব্য. বিস্ময় বা অবিশ্বাস জনিত ভাবপ্রকাশক শব্দ॥

ইয়াইদ্‌=[ঢা, সি]—বি. স্মরণ॥ আমার্‌ কতা ইয়াইদ্‌ রাইখ্যো। [য়াদ ياد ফা.]।

ইয়াও=[রা]— বি. ইপ্সিত বস্তু বা কথা॥ মুই বলিছি ইয়াও, বাড়ি জাঁমু।

ইয়াকত্‌=[সি]—বি. লাভ, সঞ্চয়॥ খরচ্‌' বেশি ঐসে না, বাক্‌কা ইয়াকত্‌ ঐসে। [য়াফ্‌ত يافت ফা.=প্রাপ্তি]।

ইয়াতা=[সি]—বি. লাঙ্গলের সহিত ঈশ যুক্ত করার জন্য কাঠের অতিরিক্ত টুকরা বিশেষ॥

ইয়াতে=[রং]—সর্ব. ইহার দ্বারা॥ যে কোন ব্যারাম্‌ ইয়াতে শার্‌বে। [<ইহাতে]।

২=[রং]—সর্ব. ইহার মধ্যে॥ ইয়াতে কি আছে। [পূর্বে দেখ]।

ইয়ানি=[সি]—বিণ. বেশী॥ তর্‌কারি ইয়ানি ঐসে, আর্‌ না।

ইয়ানো হিয়ানো=[কুম]—ক্রি. বিণ. এখানে সেখানে॥ ইয়ানো হিয়ানো ঘুর্‌তাস কিয়ারে? [<এখান সেখানে]।

ইয়ান্‌=[নো]—বি. এইস্থান॥ ইয়ান্‌তুন্‌ চৈ'লা যাও। [<এই খান]।

২=[সি]—বি. ঈশান॥ ইয়ান্‌ কোনে ম্যাগ্‌ দ্যাহা যায়। [<ঈশান]।

ইয়ান্‌দি=[চট্ট]—ক্রি. বিণ. এখানে॥ ইয়ান্‌দি কতা ন কৈও। [<এখানে]।

ইয়ার্‌=[ক]—সর্ব. সে॥ ইয়ার্‌ এই কাম্‌ কর্‌সে। [<সেই]।

ইয়ারানা=[সি]—বি. দোস্তী, বন্ধুত্ব॥ বেশি ইয়ারানা বাল না। [ইয়ার<য়ার يار ফা.+আনা প্র.]।

ইয়ার্‌স্যাল্‌=[দি]—বি. রিহার্সেল॥ আপনা [illegible] পালের্‌ ইয়ার্‌ [illegible] হচ্ছো? [<রিহার্সাল Rehearsal ইং]

ইয়াল্=[চট্ট]—বি. শৃগাল॥ [<হিয়াল <শিয়াল<শৃগাল সং]।
২=[পা]—বিণ. ঠাণ্ডা ॥ একৃগাদি ইয়াল্ পৈর্‌সে। [দেখ ইওল্]।
ইয়াল্লাই=[কুম]—অব্য. এইজন্য ॥ [<ইহার লাগিয়া]।
ইয়াহোতা=[গি]—বি. লাঙ্গলকে ঈষের সঙ্গে যুক্ত করিবার জন্য ব্যবহৃত কাঠ বা বাঁশ খণ্ড ॥ [দেখ ইয়াতা]।
ইয়েকাট্=[রং]—বি. পুকুর॥ আমাদের্ ইয়েকাটে এবার্ খুব্ মাছ্ আছে।
ইয়্যাল্=[পা]—বিণ. ঠাণ্ডা॥ [দেখ ইওল্]।
ইয়োডা=[ম]—সর্ব. এটাও॥ ইয়োডা তোমার্ কাম্। [<ইহাওটা=এটাও]।
ইরা=[চট্ট]—সর্ব. ইহারা॥ ইরা এ্যাহানে কি করে? [<এরা]।
২=[ঢা]—বিণ. পটু॥ তুইও এই কামের্ ইরা। [হীবা; অর্থপ্র.]।
৩=[কুম]—বি.<হীরা॥ ইরার দার।
ইরাত্=[ব]—বি. বিবাহের যৌতুক॥ পাচ্' টাকা ইরাত্ পাসে।
ইরাদ্=[রং]—বিণ. সস্তা॥ আইজ্‌কাইল্ কোন জিনিশ্ ইরাদ্ না।
ইরামন্=[কুম]—বি. রূপকথার পাখী॥ [<হীরামন]।
ইরার্‌কশ্=[ফ]—বি. এক প্রকার কষ॥ পাও নশ্‌ট ঐয়া গ্যাসে, ইরার্‌কশ্ দিতে ঐব। [<হীরাকস]।
ইরাল্=[সি]—বি. প্রতিহিংসা, শত্রুতা॥ আমার্ লগে ইরাল্ মিটাইতায় খাল্লা ঐসো।
ইরি=[পা]—অব্য. দুঃখসূচক শব্দ॥
ইর‍্যাত্=[রং]—বিণ. সস্তা॥ ধান্ চাউলের্ দর্ এক্‌টু ইর‍্যাত্। [দেখ ইরাদ্]।
ইর্=[কু]—সর্ব. ইহার॥ ইর্ মধ্যে পানি আসে। [<এর কিংবা ইহার]।
২=[ঢা]—বি. পাটের আঁশ ছাড়াইবার জন্য পানিতে বাঁধা বাঁশ ইত্যাদি।
৩=[খু, বা]—বি. জমির সীমা নির্দেশক উঁচু জায়গা, বাঁধ, আইল॥

ইর্‌যিনা=[নো]—বিণ. দুর্বল॥ [<জীর্ণ; বর্ণ বিপর্যয়]।
ইলত্ বিলত্=[চট্ট]—ক্রি. বিণ. যেখানে সেখানে॥ ইলত্ বিলত্ থুথু ফালাও ক্যা? [অনু.]।
ইলদ্=[ম]—বি. ফোঁড়া॥ তার প্যাডের মৈদ্যে এ্যাক্‌টা ইলদ্ ঐসে। [<ইল্লত علت আং=রোগ]।
ইলা=[সি]—ক্রি. বিণ. এই রকম॥ ইলা কাপর্ পিন্‌স ক্যা। [<এই+লা (প্রকার অর্থে) প্র.]।
২=[কুম,সি]—সর্ব. সে, এই লোকটা॥ ইলা আমার্ নাতি। [<এই+লা=টা প্র. কিংবা লা<লোঅ প্রাং<লোক সং]।
৩=[ম, কুম]—বি. ঠাণ্ডাবাতাস॥ <হিঅল<সীঅল প্রাং<শীতল সং]।
৪=[ঢা, কুম]—ক্রি. সাড়া দেওয়া॥ কত কৈলাম, তার্ মনডা এট্টু ইলুল না। [<হেলা]।
ইলাই=[কুম]—বি. তামাক দেওয়ার পর আবার তাহাকে গ্রহণ॥ ইলাই বান্দা। [হীলঃ حیلہ আং=কৌশল]।
ইলাইবিলাই=[দি]—অব্য. অমঙ্গলের আশঙ্কা প্রকাশক শব্দ॥ ইলাইবিলাই অমন্ কথা কৈয়ানি। [<আলাই বালাই; বিলাই <বালাই <বলা' بلا আং বিপদ; আলাই অনু:]।
ইলাকা=[ঢা]—বি. অঞ্চল, স্থান॥ এই ইলাকায় খুব্ চো'র্ ডাহাইত্ আসে। [ইলাক: علاقہ আং]।
ইলাগ=[কুম]—সর্ব. তাহাদের॥ ইলাগ বারি কৈ? [দেখ' ইলা+গ ষষ্ঠীর বহুবচনের বিভক্তি=দের]।
ইলান্=[সি]—বিণ. এইরকম॥ ইলান্ কাম্ আর্ কৈর না। [এই+লান (প্রকার অর্থে) প্র.; তুং ইলা]।
ইলাব্‌বাল্যা=[ম]—অব্য. বিস্ময় সূচক শব্দ॥ ইলাব্‌বাল্যারে, বোয়াল্ মাস্ মাইরা আন্‌সে।
ইলামি=[পা, রা]—বি. সেলাম॥ [<হেলামী <সেলামী <সলাম سلام

আং+ই প্র.]।
ইলাম্=[রা]—বি. পুরস্কার॥ নৌকা বাইচে ইলাম পাইছি। [<ইনু'আম انعام আং]।
ইলাম্‌দি=[রা]—বিণ. মূর্খ॥ ইলাম্‌দি ছোড়াটাকে হাকা।
ইলারে=[কুম]—সর্ব. তাহাকে॥ ইলারে বৈতে দ্যাও। [দেখ ইলা+রে কর্মের বিভক্তি]।
ইলাল্=[কুম]—বিণ. একগুঁয়ে॥ গ্যারাড়া যবর্ ইলাল্।
ইলিশন্=[ফ]—বি.<ইন্‌জেকশান॥ [injection ইং]।
ইলিশ্‌ডিলিশ্=[ব, বা]—বি. আলস্য॥ ইলিশ্‌ডিলিশ্ না করে এবার্ উঠ্। [ইলিশ<আলস্য+ডিলিশ অনু:]।
ইলুলু=[পা]—বি. খুশী॥ তর্ এ্যাত ইলুলু লাইগ্‌চে' ক্যা? [<উলু উলু]।
ইলেক টিরি=[কুম]—বি. বিদ্যুৎ॥ ইলেক্‌টিরির্ বাতৃতি। [<ইলেক্‌ট্রিক electric ইং]।
ইলে বিলে=[ম]—ক্রি. বিণ. নদীনালায়॥ ইলেবিলে ঝাপ্ দি মরচ্'-ক্যান্? [ইলে অনু:; বিল=ঝিল]।
ইল্যাক্=[কুম]—বি. চক্ষের পলক॥ ইল্যাকে হ্যায় চৈ'লা গ্যাল্।
ইল্‌ডা দ্যাওয়া=[ঢা]—ক্রি. ঢিল ছোঁড়া॥ আম গাস্‌টাত্ ইল্‌ডা দিস্ না। [ইল্‌ডা<ইঁটা=ইট]।
ইল্‌পিত্=[সি]—বিণ. দুর্বল, ভঙ্গুর॥
ইল্‌ফি=[সি]—বি. বিদ্রূপ॥ লোকটা হকল্ কথাতি ইল্‌ফি করে। [<উল্‌ফত্ الفت আং=প্রীতি, অন্তরঙ্গতা; অর্থের বিকৃতি]।
ইল্‌বাশ্যা=[ফ]—বিণ. হিংসুটে॥ লোকটা বড় ইল্‌বাশ্যা। [<ইব্‌লীস ابلیس আং+ইয়া প্র.]।
ইল্‌বিশ্=[কুম,নো]—বিণ. শয়তান, দুষ্ট॥ ইল্‌বিশ্ পোলা। [দেখ ইল্‌বাশ্যা]।
ইল্‌লত্=[সি]—বি. বড় কৃমি॥ তার্ প্যাডে ইল্‌লত্ ঐসে। [দেখ ইলদ্]।
২=[ঢা]—বি. বর্ধিত ব্রণ বা মাংস

পিও। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[কু,পা]—বি. শূকর॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৪=[ব,রা]—বি. ময়লা॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৫=[রং]—বিণ. লজ্জাহীন॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

ইল্লত্‌বালাই=[ফ]—বিণ. অপছন্দনীয়, নিন্দনীয়॥

ইল্লা=[ঢা, কু]—বি. ভরসা॥ আল্লার উপর্ ইল্লা কৈর‍্যা থাহ। [<হীলঃ حيلة আং]।

২=[ঢা, কুম]—বি. সমর্পণ, উৎসর্গ॥ খোদার নামে ইল্লা কর। [হবালঃ حوالة আং]।

৩=[চট্ট, কুম]—বি. হিল্লা, ব্যবস্থা॥ মাইয়াডার একটা ইল্লা কর। [দেখ ইল্লা]।

৪=[পা]—বি. ইলিশ মাছ॥ [<ইল্শা=ইলিশ]।

ইল্লাত্=[চট্ট]—বি. মূল কারণ॥ ইল্লাত্ না যাইন্যা কি বিচ'র্ কর্‌বা? [<'ইল্লত علت আং]।

২=[কুম,খু]—বিণ. নোংরা॥ লোক্‌টা বর ইল্লাত্। [দেখ ইল্লত্]।

ইল্লাফিল্লা=[সি]—বি উত্তরাধিকারী॥ রহিমের ইল্লা ফিল্লা নাই। [<হীলঃ আং+ফিল্লা অনু.]।

ইল্লাল্লার্ পাড়ি=[ম]—বি. দুর্গম পাড়ি॥ [ইল্লাল্লহ্ الله আং; লা ইলাহ ইল্লাহ (আল্লাহ্ ব্যতীত উপাস্য নাই) কলিমা পড়িয়া পাড়ি]।

ইল্লিত্=[কু,পা]—বি. ময়লা, আবর্জনা॥ [দেখ ইল্লত্]।

ইল্লিয়ারে=[ম]—অব্য. হায় হায়॥ ইল্লিয়ারে। গোল্ডা দিতাল্লামনা। [<ইয়া অল্লহ্ يالله আং=হে আল্লাহ+রে অব্য.]।

ইল্ল্যাত্=[পা,কু,য]—বিণ. অপবিত্র, পিশাচ॥ ওর্ মত ইল্ল্যাত্ আর্ নাই। [দেখ ইল্লাত্]।

ইল লোচ্=[রং]—বিণ. বেহায়া, অধম॥ লোক্‌টা বড় ইল্লোচ্। [দেখ ইল্লত্]।

ইল্লোজ্=[রং]—বিণ. লজ্জাহীন॥ ইল্লোজ্ মেয়েটা চায় ক্যাহনে? [নির্লজ্জ]।

ইল্লোত্=[কু,পা]—বি. ময়লা, আবর্জনা॥ [দেখ ইল্লত্]।

ইল্‌শি=[কু]—বি. ইলিশ॥ [<ইলিশ]।

ইশা=[ঢা, কুম, বা]—বি. অংশ, ভাগ॥ আংগ বাইত্ পাচ্' ইশা আসে। [<হিস্‌সঃ حصه আং]।

ইশাতা=[ফ]—বি. লাঙ্গলের ঈষের গোড়ার গোঁজ॥ [দেখ ইশাপুতা]।

ইশাপুতা=[ম]—বি. লাঙ্গলের ঈষের কীলক বিশেষ॥ [ইশা<ঈষা+পুত=যাহা প্রোথিত করা হয়]।

ইশাব্=[ঢা,কুম,ম,সি]—বি. হিসাব॥ ইশাব্ কৈর‍্যা দ্যাহ, কত ঐসে। [<হিসাব حساب আং]।

ইশু=[ঢা]—বি. অনুমান, আন্দাজ॥ ইশু কৈর‍্যা ক দেহি, কয় ট্যাহাদা কাপর্‌ডা আন্‌সি। [ইস্যু issue ইং]।

২=[কুম]—ক্রি. বিণ. ইতস্ততঃ॥ আমার্ কতায় তুই ইশু করিস্ না।

ইশুম্=[ম]—ক্রি.বিণ. এখন॥ ইশুম্ কৈ যাও? [এ সময়]।

ইশো=[খু]—বি. সন্দেহ॥

ইশোন্‌কার্=[ব]—বি. রেশন কার্ড॥ হামার্ ইশোন্‌কার্ পাই নাই। [<রেশন কার্ড ration card ইং]।

ইশ্‌কাতর্=[রা]—বি. সোনা রূপার গহনা রাখার বাক্স॥ ইশ্‌কাতর্‌ডা শাব্‌ধানে রাখ। [এস্‌ক্রিতোয়ার escritoireইং (পুরাতন ফ্রেঞ্চ হইতে)]।

ইশ্‌কারি=[কুম]—বি. আস্কারা, ঠাট্টা। আমর্ লগে ইশ্‌কারি কৈর না। [<আশ্‌কারা آشكارا ফা.=প্রকাশ]।

২=[ম]—বি. মাতব্বরী॥ আর্ ইশ্‌কারি করিস্ না।

ইশ্‌কি=[পা]—বি. যৌনলালসা॥ [ইশ্‌কি<'ইশক عشق আং+ই প্র.; আক্ষরিক অর্থ প্রেমিকতা]।

ইশ্‌কুটুম্=[ম]—বি. কুটুম পাখি, আত্মীয় স্বজন॥ [<ইষ্ট কুটুম্ব]।

ইশ্‌কুরুপ্=[ম]—বি. স্ক্রু, প্যাঁচ॥ [দেখ ইস্‌কুলুপ্]।

ইশ্‌কৈতা=[ম]—বিণ. হিংসুটে॥ [<হিংসুক+ইতা প্র.]।

ইশ্‌টম্=[সি]—বি.টিকেট॥ পোশ্‌টাফিশ্ থাইক্যা ইশ্‌টম্ আইন্যা। [<স্ট্যাম্প stamp ইং]।

ইশ্‌টাইল্যা=[রা]—বিণ. খিটখিটে মেজাজের, হিংসুটে॥ লোক্‌টা বড় ইশ্‌টাইল্যা। [<আঁশ+টান+ইয়া প্র.; তুং হিংসুটে]।

ইশ্‌টাম্=[ম]—বি. টিকেট॥ এই খাম্‌ডাত্ ইশ্‌টাম্ লাগাইয়া ডাক্ বাক্‌শত্ ফালাইয়া দিও। [দেখ ইশ্‌টম্]।

ইশ্‌টাম্‌বর্=[ফ]—বি. মোহর যুক্ত কাগজ॥ পাশ্‌শ ট্যাহার্ দলিলে কয় ট্যাহার্ ইশ্‌টাম্‌বর্ লাগ্‌ব? [দেখ ইশ্‌টম্]।

ইশ্‌টি=[পা—বি. কুটুম্ব, আত্মীয়॥ [<ইষ্ট]।

ইশ্‌টিক্কিন্=[ব,রা,সি]—বি. মোজা॥ [<স্টকিং stocking ইং]।

ইশ্‌টি মাইল্=[ফ]—বি. জাহাজ॥ [স্টীমার streamer ইং]।

ইশ্‌টিশিন্=[পা]—বি. মোজা॥ ইশ্‌টিশিন্ সারা কি যুতা পরা যায়? [দেখ ইশ্‌টিফিন্]।

ঐডি=[কু, পা]—অব্য. ঐটা।। ঐডি রাখ্‌তে হবিরে। [<ঐ+টি]।

ঐডে=[খু]—অব্য. ঐটা।। ঐডে কি ? [<ঐ+ডে=টা]।

ঐতরিক্=[কু, পা]—ক্রি. বিণ. ঐ পর্যন্ত।। ঐতরিক্ তোক্ যাতি হবিরে। [ঐ তলক্; ঐ তরফ শব্দের সাদৃশ্যে ঐ তরিক; দেখ ঐতিরিক্]।

ঐতা=[ম]—অব্য. ঐগুলি।। ঐতা কি ? [ঐ+টা]।

ঐতানি=[ম]—বিণ. ঐ পরিমাণ।। ঐ তানি দুদ্ আন্‌সো ? [<ঐ+তানি (=টুকু)]।

ঐতানে=[চা]—ক্রি. বিণ. ওখানে।। ঐতানে যাইস্ না। [<ওই স্থানে]।

ঐতারত্=[চট্ট]—সর্ব. তাহাদের, অপরের।। ঐ তারত্ গর্‌বা আইয়ে।

ঐতারিদ্=[কু, পা]—বি. ঐ পর্যন্ত।। ঐ তারিদ্ তোক্ যাতি হবিরে। [দেখ ঐতরিক্]।

ঐতি=[খু, রা]—সর্ব. ঐ লোক।। এই কাম্‌টা ঐতি করিচে (রা)। [<ঐটি; টি (তুচ্ছার্থে)]।

ঐতিরিক্=[কু, পা]—ক্রি. বিণ. ঐ পর্যন্ত।। ঐতিরিক্ আমার্ কাম্। [দেখ ঐতরিক্]।

ঐতিরিনি=[কু, পা]—ক্রি. বিণ. ঐ পর্যন্ত।। ঐতিরিনি আমার্ কাম্। [দেখ ঐতরিক্+খানি]।

ঐত্=[রং]—সর্ব. সেই।। ঐত্ মানুশিটা হামাক্ মারিচে। [<ঐ+ত]।

ঐত্‌কার্=[দি]—ক্রি. বিণ. ঐখানকার।। তুই যেইঠে গেইছিলু ঐত্‌কার্ পানি ভাল। [<ঐঠাঁই+কার সম্বন্ধে বিভক্তি]।

ঐত্‌ত=[ম]—অব্য. ঐ জন্য (দৃঢ়তা সূচক)।। ঐত্‌ত আমি এই কান্‌ডা কর্‌সি। [ঐ+ত=(নিশ্চয়ার্থে)<ঐ জন্যইত]।

২=[ঢা, ম]—অব্য. এই তো।। ঐত্‌ত হ্যায়্ আইসে। [<এই তো]।

৩=[কুম, নো]—অব্য. ওখানে।। [<ঐ+ত(নির্দেশ সূচক)]।

ঐত্‌তাসি=[ম]—বি. এক প্রকার ফল।।

ঐত্‌ত্যা=[কুম]—বি. অভীষ্ট সিদ্ধির জন্য কাহারও দরজায় ধর্ণা।। ঐত্‌ত্যা দিয়া পৈরা থাক্‌লে লাব্ ঐত না। [<হত্যা]।

ঐদ=[কুম]—অব্য. ঐ যে।। ঐদ, বারি দ্যাহা যায়্। [<ঐ তো]।

ঐদা=[দি]—অব্য. ঐ দেখ।। ঐদা, ইদের্ চাদ্। [<ঐ দেখ]।

ঐদাজে=[রং]—ক্রি. বিণ. ঐ ভাবে।।

আঁয় ঐদানে শৌগ্ উড়ি দিলে। [<ঐ ধরণে]।

ঐদান্=[রং]—বিণ. ঐ রকম।। মোর্ শাথে ঐদান্ না করিশ্ বাহে। [<ঐ+ধরণ]।

ঐদ্যা=[ঢা]—বি. উচ্চৈঃ।। ঐদ্যা তর্ হারি তিতা। [<উগ্ৰতা<উচ্চৈঃ]।

ঐদোন্=[রং]—বিণ. ঐ রকম।। মোর্ শাথে ঐদোন্ না করিশ্ বাহে। [দেখ ঐদান্]।

ঐদ্=[রং]—বি. রৌদ্র।। ঐদে বেড়াইছ্ না। [<রইদ্=রোদ<রৌদ্র]।

ঐদ্কা=[রং]—বিণ. উচ্ছিষ্ট, বাসি।। ঐদ্কা ভাত্গুটি কুত্তাক্ দে। [<আধিক্য; অর্থ বিকৃতি]।

২=[রং]—বিণ. বাজে, অকেজো।। তুই কুনাক্ ঐদ্কা কতা নিয়া আলু।

ঐদ্গ্যা=[রং]—বিণ. অতিরিক্ত।। খুব্ জে ঐদ্গ্যা দরদ্? [<আধিক্য]।

ঐনা=[রং]—অব্য. ঐযে।। ঐনা পাকা আম্টা দ্যাখা জায়। [<ঐ+না=নির্দেশ সূচক]।

ঐন্যা=[ম]—বিণ. খয়েরী বংবিশিষ্ট।। ঐন্যা রংগের্ সাগলডা আরাইয়া গ্যাসে। [<আগুনিয়া]।

২=[পা]—বিণ. পাগল।। কুত্তাডা ঐন্যা ঐচে'। [<হন্যা]।

ঐন্=[চট্ট]—বি. আগুন।। ঐন্ নাই। [<আগিন <আগনি <অগ্নি প্রাং <অগ্নি সং]।

২=[কুম]—বি. চিরুনি।। বাউযের্ ঐন্ডা ক্যাডায় নিসে? [তুং চট্ট—হনী (চিরুনি) >হইন>অইন্; দেখ অনি]।

ঐন্ কডেনি মালা=[চট্ট]—বি. আগুন তোলার হাতা।। [দেখ ঐন্; কডেনি <কাড়ানি <কড্ঢনী প্রাং <কর্ষণী সং+মালা]।

ঐন্না=[চট্ট]—অব্য. এখনই।। ঐন্না যাও। [<এখনই]।

২=[কুম]—বিণ. বিভিন্ন রঙের।। আমার্ ঐন্না সাগলের্ তিন্ডা বাচ্'চা ঐসে। [দেখ ঐন্যা]।

৩=[ম]—বি. ঐগুলি।। ঐন্না কার্ লাইগ্যা আন্স? [ঐ+গুলিন+আ প্র.]।

ঐবা=[চট্ট]—অব্য. ঐটি।। ঐবা কার্? [<ঐ+বা প্র.]।

ঐব্বা=[ম]—অব্য. ওরে বাবা (ব্যঙ্গার্থে)।। ঐব্বা, মুহেরে এমুন্ চু'ন্ বানাইস কিয়্যারে? [<ওহে বাবা]।

ঐব্ব্যা=[কুম]—বিণ. হাবা।। এইডা তর্ লাহান্ ঐব্ব্যার্ কাম্ না। [<হাবা]।

ঐভ্যালা=[রং]—ক্রি. বিণ. ঐ সময়।। ঐভ্যালাত্ না গেছিনু ওর্টে। [<ঐ+বেলা]।

ঐমুই=[চট্ট]—ক্রি. বিণ. ঐমুখী।। ঐমুই ন যাইশ্। [<ওই মুহি<ওই মুখী]।

ঐয়্ঁত্=[চট্ট]—ক্রি. বিণ. ঐস্থানে।। ঐয়্ঁত্ যাই বৈ থাক্? [ঐ থান+ত অধিকরণে]।

ঐয়্ঁন্=[চট্ট]—বিণ. ঐগুলি।। বিনিশ্ ঐয়্ঁন্ কার্? [ঐ খানি]।

ঐয়্যা=[কু, পা]—অব্য. ক্ষোভসূচক।। ঐয়্যা। সিড়্যা গ্যাল্। [<ঐ যা]।

ঐয়া=[কুম, সি]—অস. ক্রি. হইয়া, পক্ষ লইয়া।। আমার্ ঐয়া দুইডা কতা কও। [<হইয়া]।

২=[কুম, সি]—অব্য. মধ্য দিয়া, প্রান্ত দিয়া।। বাযাব্ ঐয়া বাইত্ যামু। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বিণ. যাহা হইয়াছে।। ঐয়া বাত্ খাইয়া যাও। [<হওয়া]।

৪=[ফ]—সর্ব. উহা, ঐ।। তোমার্ ঐয়া করন্ উচি'ত্ না। [<উহা]।

ঐয়ান্=[চট্ট]—অব্য. ঐটি।। ঐয়ান্ কার্? [<ঐ+খান(=খানা)]।

ঐয়ে=[খু]—অব্য. ঐ জিনিস।। ঐয়ের্ মৈদ্যে কি? [<ঐ+এ]।

ঐর=[কুম]—ক্রি. বিণ. ঐখানে।। বৈ ঐর রাখ্লি। [<ঐখানে]।

ঐরা=[সি]—বিণ. অকর্মণ্য।। [আরারহ্ آوارہ ফা.]।

ঐরানো=[কুম, ঢা]—ক্রি. ঘুমের ঘোরে হাত পা ছুঁড়িয়া অস্থিরতা প্রকাশ করা।। গুমের্ মৈদ্দে ঐতে ববর্ ঐরায়্। [দেখ ঐরান্; নাম ধাতু]।

ঐরান্=[কুম]—বিণ. ব্যস্ত।। এ্যামন্ ঐরান্ কৈর না। [<হয়রান حیران আং]।

২=[রং, ফ]—বিণ. ভীষণ, ঘন।। ঐরান্ জংগল (রং)। [<বীরান ویران ফা.]।

৩=[রা, চট্ট]—বিণ. নিশ্চিহ্ন, শ্মশান, প্রায় নির্জন।। কলেরায় গাওটা ঐরান্ ঐ গেচে (রা)। [পূর্বে দেখ]।

৪=[কুম, ঢা]—বিণ. পাগল।। মিসিল্ দ্যাহনের্ লাইগ্যা ঐরান্ ঐসে। [দেখ ঐরান্]।

৫=[চট্ট কুম]—ক্রি. বিণ. হুলস্থুল, ভীষণকাণ্ড।। শাহেব্ গরত্ আই ঐরান্ গরি ফেলাইয়ে। [দেখ ঐরান্]।

৬=[ম]—বিণ. বিস্তীর্ণ (মাঠ)।। [দেখ ঐরান্$_2$]।

ঐরি=[কু, পা]—অব্য. ঐযে।। ঐরি! ঐ দ্যাক্। [<ঐরে]।

২=[সি]—বিণ. অকর্মণ্য।। [<দেখ ঐরা+ই প্র.]।

ঐরিঐরি=[কু, পা]—অব্য. ঐরে ঐরে।। ঐরি ঐরি বুবু, তোর্ সাওতা পলাইল্। [<ঐ রে]।

ঐরেড্ডি=[কুম]—ক্রি. বিণ. কোন নির্দিষ্ট স্থানের।। এ্যাহানের্ বিনিশ্-গুলা আন্লি, ঐরেড্ডি আন্লি না? [<ঐ ঠাঁইয়ের টি]।

ঐর্ ঘন্=[চট্ট]—ক্রি. রাখা।। টঁ্যায়া গুইন্ ঐর্ যে।

ঐর্ বৈর্=[ফ]—বি. বিপদ।। বাপ মা মরনে আমার্ উপর্ দিয়া ঐর্ বৈর্ গ্যাসে। [তুং অহির তহির হিং; তুং চট্টগ্রামে আজর তাজর = ঝামেলা, বিপদ আপদ]।

ঐল=[কুম]—অব্য. সমবয়সী মেয়েদের

প্রতি সম্বোধন সূচক ।। ঐল তুই যাইস্না। [<ওলো]।

২=[চা, ফ]—অব্য. আচ্ছা, হঁা।। ঐল, তুই য্যাম্নে কস্ হ্যামনেই ঐব। [<হইল]।

ঐলা=[সি]—সর্ব. ঐলোক ।। ঐলা আনারে গাইল্ দিসে। [<ঐ+লা=<লোক]।

২=[দি]—অব্য. ঐগুলি ।। ঐলা ট্যাকা হলে গরু কিনা জাবি বাহে। [<ঐ গুলা]।

ঐলাগ=[কুম, চা]—সর্ব. তাহাদিগকে ।। ঐলাগ কৈস্ আইত। [দেখ ঐলা+গো=দের, দিগকে]।

ঐল্তা=[বং]—বি, ঘরের চারিধারে মাটিদ্বারা বাঁধানো বেড়ার নীচের অংশ ।। ঐল্তা চাইব্ডা মুছেক্তো। [<আলি+তা প্র.]।

ঐল্তানি=[রা]—বি. চালের পানি পড়ার স্থান।। [<ওলতি পানি হিং]।

ঐল্দা=[ম, কুম]—বিণ. পীতবর্ণ ।। ঐলদা গরু। [<হলিদা <হলিদ্দা প্রাং<হরিদ্রা সং]।

ঐশদ্=[রং]—বি. ঔষধ ।। ঐশদ্ খাও। [<ঔষধ]।

ঐশন্=[ম]—ক্রি. অপেক্ষা করা ।। ঐশ, তারে কতাডা কৈয়া আই।

ঐশা=[সি]—বি. সন্ধ্যা ও মধ্যরাত্রির মাঝামাঝি নামাজের সময়, এশা ।। [<'ইশা' عشاء আং]।

ঐশোদ্=[রং]--বি. <ঔষধ ।।

ঐশোবর্=[সি]—বিণ. অনেক, এতগুলি ।। শবাত্ ঐশোবর্ মানুশ্ আইসিল্। [<একশ+উপর =শতাধিক]।

ঐশ্=[রং]— অব্য. বিস্ময়সূচক ।। ঐশ্ কাম্ ঐছে। [<ইশ্]।

ঐশ্ঠক্খন্=[ম]— বি. অষ্ট প্রহর ।। তারে ঐশ্ঠক্খন্ পাহারা দিয়া রাহন্ লাগে। [<অষ্টক্ষণ]।

ঐশ্লামি=[ম]— বি. গায়ে পড়িয়া ঠাট্টা মস্কারি, গা ঘষলাম ।। যাও, অত ঐশ্লামি কৈর না। [<আইশ্লামি = আইশ্না<আশ্নাঈ' آشنائی ফা.+আমি ভাবার্থে; তুং পাগলামি, ফাজলামি]।

ঐশ্শালা = [খু] — বি. বিরক্তি ।। [<আলস্য, স্থিতি বিপর্যয়]।

ঐসাতৈসা=[চট্ট]—বি. ঐকথা সেইকথা, আজেবাজে কথা ।। ঐসা তৈসা কৈ তাঁরে ভুলাইতে্ পার্তি ন। [<অয়সা তয়সা হিং]।

ঐস্তে=[দি]—ক্রি.বিণ. ঐখান থেকে ।। ঐস্তে এক্টা ইঁটা নি আয়্। [<ঐ স্থান+তে=হইতে]।

ঐহানে=[ম]--ক্রি. বিণ. ঐখানে ।। ঐহানে কি ঐসে ? [<ঐখানে]।

ঐহিনি=[কুম, নো]—ক্রি. বিণ. ঐ পর্যন্ত ।। আইয়্ ঐহিনি কন্। [<ঐখানি]।

ও

ওঅডা=[চট্ট]—অব্য. তাচ্ছিল্যসূচক ।। ওঅডা, তোঁয়ার্ বাযে কহন্ বাইশ্কোপ্ সিনেমা দেইখ্যোনি ? [<ও বেটা =ও হে বেটা]।

ওওরে=[পা] — অব্য. ঐদিকে ।। রহিম্ ওওরে গ্যাসে।

ওওলা = [বা] — বি. পুংবিড়াল ।। ওওলা বিলাই দুধ্বাত্ খাইলাইসে। [<হোলা]।

ওংগা = [কুম, চা, ম] -- বি. শিশুর ক্রন্দন ধ্বনি ।। [অনু.]।

ওংগাইনা=[রা]—বি. তন্দ্রাভাব ।। [উংঘ্না হিং]।

ওংগানি গোংগানি=[চা]—অব্য. অসুস্থ অবস্থায় কাতরানি।। [ধ্বন্যা.]।

ওংগানো = [চা] — ক্রি. ঝিমানো ।। পরাত্ খৈয়া ওংগাইলে দুয়া দিমু। [দেখ ওংগাইনা]।

ওংরা পোংরা=[কুম]—বিণ. জারজ ।। এইশব্ ওংরা পোংরা মাইন্শের্ লগে চৈ'ল্ল না।

ওঁআদ্খন্=[চট্ট]—ক্রি. (পা দিয়া) মাড়ানো ।। পাও দি ধান্ ওঁআদ্ধে। [আঁওধা হিং = উলটপালট; নাম ধাতু]।

ওঁক্যাড়=[রা]—বি. ঘরের ছাদ ।। ঘরের্ ওঁক্যাড়ে পিঁয়াজ্ রাখিচি।

ওঁক্ড়া=[রা]— বি. ইঁদুর প্রভৃতির মাটি ।। ইন্দুরে ঘরে ওঁক্ড়া তুল্যা উর‍্যা ফেলিচে।

ওঁক্তা=[রা]— বিণ. বোকা ।। তুমি এ্যাকজন্ ওঁক্তা মান্শি।

ওঁগাদি= [চট্ট]— ক্রি. বিণ. সামনে।। ওঁগাদি চাও। [<ওই দিকে, বর্ণ বিপর্যয়]।

ওঁচ'ল্=[চট্ট]— বিণ. উচ্চ ।। হিতার্ মাতা হক্কলত্তুন্ ওঁচ'ল্। [<উচল ম. বাং <উচ্চ+ল স্বার্থে]।

ওঁচা=[চট্ট]—বি. ঢেঁকির একটি অঙ্গ ।।

২ = [চট্ট] — বি. মুগুর ।। ওঁচ'া দি খুঁটি গাঁর্।

ওঁচ'ারা=[য]--বি. বারান্দা ।। [<উসারা হিং]।

ওঁচ'ার্=[চট্ট]—বি. সংবাদ ।। হিতারে ওঁচ'ার্ দ্যাও।

ওঁটানো=[রা]—ক্রি. কাহাকেও লক্ষ্য করিয়া কিছু উঠানো ।। অয়্ হামাক্ দ্যাখ্যা ওঁটাইন্ [<উঠানো]।

ওঁট্=[ব, রা]—বি. ঠোঁট ।। শিতে ওঁট ফাটে। [<ওষ্ঠ]।

ওঁড্=[চট্ট]--বি. উট ।। ওঁডত্ চ'রিনি?

[<উট, উঁট হিং <উষ্ট্র সং]।

ওঁত্=[রা]—বি. আড়াল ॥ ওঁতে দাঁড়ায়্যা কি শুন্‌ছ ? [<ওত]।

ওঁদা=[চট্ট]—বিণ. অধোমুখ, উপুড় ॥ ওঁদা হৈ ন হুইস্। [ধাঁওবা হিং< অবমূর্ধা সং]।

ওঁয়ারন্=[চট্ট]—ক্রি. বদনজর দেওয়া ॥ খাওনের্ অক্ত ফৈরায়্ ওঁয়ার্‌লে প্যাড ব্যারাম্ হয়্ ॥

ওঁয়্=[দি]—সর্ব. সে ॥ ওঁয্ হামাক্ মারিছে।

ওঁরলা=[চট্টা]—বি. পাখির গলার নীচের খাদ্যাধার ॥ ভাত্ খাই কুরাব্ ওঁরলা বর হৈয়ে।

ওঁরানো=[চট্ট]—ক্রি. মাড়ানো ॥ ধান্ ওঁরাও।

ওঁর্=[দি]—সর্ব. ও, সে ॥

ওকত্ বকত্=[খু]—বি. সময় অসময় ॥ [<বক্ত্ وقت আং + বে বক্ত্ بے وقت ফা.+আং]।

ওকা=[বং]—বি. বমি ॥ [<হিক্কা]।

ওকানো=[রং]—ক্রি. বমি করা ॥ মানুশিটা ওকায়্ ক্যানে ? [দেখ ওকা+আনো প্র. ; নাম ধাতু]।

ওকার্গান্তি=[ফ]—বি. শিশুদের গলায় ব্যবহৃত তাবিজ ॥

ওকি=[কু, য, পা]—সর্ব. ওকে, তাহাকে ॥ ওকি ডাক্‌দি তুল্‌তো। [<ওকে <উহাকে]।

ওকিডা=[কু, য, পা]—সর্ব. সে কে ॥ ওকিডা গ্যাল্‌রে ? [<ওকে+টা (তচ্ছার্থে)]

ওকিন্=[কু, য, পা]—ক্রি. বিণ. ঐখানে ॥ ওকিন্ থাক্‌তি হবি। [<ওখানে=ওইখানে]।

ওক্যা=[বা]—ক্রি. বিণ. উহা কেন ॥ রহিম্ ওক্যা কর ?

ওক্যানে=[কু]—ক্রি. বিণ. ওখানে। ওক্যানে যাইস্ না। [<ওইখানে]।

ওক্যান্=[কু, য, পা, খু]—ক্রি. বিণ. ঐখানে ॥ ওক্যান্ কি দ্যাখা যায়্ ? [দেখ ওকিন্, ওক্যানে]।

ওকোল্=[চা, ম, কু]—বি. নাঠামাছ, মাছ বিশেষ ॥ ওকোল্ মাস্ অনেকেই খায়্ না।

২=[কু]—বি. জল নাড়া ॥ পুকুরে মাস্ ওকোল্ দ্যায়্।

ওক্=[কু, দি, য, পা]—সর্ব. তাহাকে ॥ ওক্ ডাক্ দে। [<ওকে=উহাকে]।

২=[কুম, য]—বি. বমি ॥ [দেখ ওকা ; অনু.]।

ওক্‌কর্=[কুম]—বি. দাবী, মুরোদ ॥ ওক্‌কর্ কৈর্যা মামু আমারে কলেযে বর্‌তি কৈরা দিসে।

ওক্‌কা=[কুম]—বিণ. একটা ॥ আমারে ওক্‌কা ট্যাহা দ্যাও। [<এক+কা =টা]।

ওক্‌কানি=[কুম]—বি. ফুঁপানি, দীর্ঘ নিঃশ্বাস ॥ কান্‌তে কান্‌তে সেরিডার্ ওক্‌কানি উট্‌সে। [<হিক্কা+নি প্র.]।

ওক্‌কুম্=[চট্ট]—বি. শকুন ॥ ওক্‌কুম্ মরা গরু খায়্। [<হকুন <শকুন সং ; অন্যরূপ হক্‌কুন, হক্‌কুম]।

ওক্‌টু=[রং]—বি. টুপি ॥ ওক্‌টু মাথায়্ দিয়্যা নামাজ্ পড়।

ওক্‌ড়া=[রা]—বিণ. ভীষণ, খুব ॥ মানুশিটা এ্যাকেবারে ওক্‌ড়া চাশা।

ওক্‌ত গ্যালে মদন্ গোশাই=[ম]—বি. অসময়ে পস্তানো ॥ এ্যাহন্ খুব্ খাট্‌বা ওক্‌ত গ্যালে মদন্ গোশাই। [বক্ত্ وقت আং]।

ওক্‌না=[রং]—অব্য. এই দ্রব্যগুলি ॥ ওক্‌না হামাক্ দে ক্যানে। [<ওগুনা <ওগুলা]।

ওক্‌রানো=[রং]—ক্রি. তুলিয়া ফেলা ॥ চারাগাছ্‌গুলা ওক্‌রালু কে ? [<উখ্‌ড়ানো <উৎক্ষোদন সং]।

২=[ফ, চা]—ক্রি. দেখিয়া আশ্চর্যান্বিত হওয়া, চোখ লাগা ॥ মাইনশের্ কি শবাব্ কেঅর্ এ্যাক্‌টা বালা যিনিশ্ দ্যাখ্‌লেই খালি ওক্‌রায়্।

৩=[চা]—ক্রি. গলাধঃকরণ করা ॥ বাইল্যা মাসে আদার্ ওক্‌রায়্।

ওক্‌রোদ্=[ম]—বি. অনুরোধ, আব্দার ॥ [<উপরোধ]।

ওক্‌লানো=[রং]—ক্রি. উদ্‌গিরণ করা ॥ খাতি না খাতি ওক্‌কালু ?

ওক্‌শা=[রা, ব]—বি. একপ্রকার বড় পাখি, ঈগল ॥

ওখন্=[দি]—অব্য. তখন ॥ ওখন্ তুই কুন্‌ঠে ছিলি ? [তখন]।

ওখল্=[র]—বি. কাষ্ঠনির্মিত তামাক কুটার যন্ত্র ॥ [উক্‌খল প্রাং<উদুখল সং]।

ওখা=[ব]—বিণ. একরোখা, এক-গুঁয়ে ॥ লোক্‌টা ব্যাযায়্ ওখা। [রোখা]।

ওখামোসা=[ব]—বি. অবশিষ্ট ॥ [<উখা সং=হাঁড়ী +মোছা=উখামোছা]।

ওখোল্‌দান্=[ম]—বি. ধান ভানার কাঠের তৈরী পাত্র ॥ [ওখোল্ (দেখ ওখল্)+দান دان ফা. প্র.]।

ওখ্‌নি=[রা]—অব্য. ঐ বেলা, বৈকাল বেলা ॥ এখন্ জাই ওখ্‌নি আশিম্। [<ঐ ক্ষণ+ই]।

ওখ্‌রা=[ম]—বি. নারিকেলের মালার তৈরী চামচ ॥ [<ওখড়া]।

২=[কুম]—বিণ. যাহার বাড়ী ঘর নাই, ঘর জামাই ॥ ওখ্‌রার্ কাসে মাইয়া বিয়া দিও না।

৩=[কু]—বিণ. উচিছষ্ট, এ টো ॥ ওখ্‌রা বাত্ ফ্যালায়া দে।

ওখ্‌রাদিয়া=[রা—বিণ. যে খাদ্যদ্রব্য নষ্ট করে ॥ ছাওয়াটা খুব্ ওখ্‌রাদিয়া।

ওগলি=[কুম]—বি. যে পাত্রে ধান ভানা হয় ॥ ওগলিতে বারা বানা অয়্। [<উখলি<উদুখল+ই ; দেখ ওখল্ ; উখ্‌লী হিং]।

ওগল্=[কুম]—বি. ধান মাড়াই খড়কুটা কুড়াইবার যন্ত্র ॥

২=[কু]—বি. সন্ধান, তালাশ ॥ কি ওগল্ কর ?

ওগার্=[ম]—বি. মাচা ॥ ওগারে মট্‌কা আসে।

২=[খু]—বি. হিক্কা ॥ কলেরা রুগির্ ওগার্ উঠেসে। [<উদ্‌গার]।

ওগু=[ম]—অব্য. ঐটা ॥ ওগু আমারে দ্যাও। [ঐ+গো=টা ; গো হিং]।

ওগুন্=[খু]—অব্য. ঐগুলি ॥ ওগুন্ কার্ বৈ ? [<ওগুলিন=ওগুলোন]।

ওগুলের্ গুন্নি=[নো]—বি. হোগলা গাছের গুঁড়ি ॥ ওগুলের্ গুন্নির্ হিড়া (=পিঁড়ি) বালা। [<হোগলার গুঁড়ি]।

ওগুল্=[কুম]—বি. টাকি জাতীয় মাছ॥ ওগুল্ মাস্ লোকে খায়্ না।

ওগ্যার্= [য]— সর্ব. ওদের ॥ ওগ্যার্ বারি যামু। [<ওদের=উহ্‌াদের ; গের =দের]।

ওগোর্=[চট্ট]—অব্য. সেই ঘর ॥ [<ঐ ঘর]।

ওগোল্ পাতা=[বা]—বি. হোগলা-পাতা ॥ ওগোল্ পাতা দিয়া চ'াড়াই অয়্। [হোগল পাতা=হোগলা-পাতা]।

ওগ্= [রং] — বি. রোগ, ব্যাধি॥ ওলাউঠা দারুন্ ওগ্। [<রোগ]।

ওগ্ গিন্=[ফ]—অব্য. ছিঃ ॥ ওগ্ গিন্ এমন্ কাম্‌ও মাইন্‌শে করে ? [=ওহ +ঘিন্<ঘৃণা]।

ওগ্‌গো=[খু]—অব্য. ঐটি ॥ ওগ্‌গো না এ্যাগ্‌গো আমি দ্যাহি। [ঐ+গো =টি]।

ওগ্‌দানো=[বা—ক্রি. বমি করা॥ খাইয়াই শব্ ওগ্‌দাইয়া দিলি। [<ওগ্‌রানো <উদ্‌গিরণ]।

ওগ্‌রা=[কুম]—বি. মাছ ধরার জন্য বাঁশের তৈরী যন্ত্র ॥

ওগ্‌রানো=[রা]—ক্রি. চর্বণ করা। গরুগুলি ওগ্‌রাইয়া খাইতাসে। [<উগ্‌রানো<উদ্‌গিরণ ; বি. ওগ্‌রানি]।

ওগ্‌লা = [কুম, ঢা] — বি. হোগলার চাটাই ॥ ওগ্‌লাত্ হো। [<হোগলা]।

২=[পা]—ক্রি. বিণ. মূল্যহীন, অর্থহীন ॥ এ্যাত কৈর‍্যা বুঝাইলাম্ তুই আমার্ ওগ্‌লা বুঝ্‌লি।

ওগ্‌লানো=[ম]—ক্রি. ভাতের মাড় গালা ॥ বাত্ ওগ্‌লাও, আমি কামে যাইতাম্। [<উগ্‌লানো <উদ্‌গিলন সং]।

২=[রং]—ক্রি. বমি করা ॥ শৌগ ওশুধ্ ওগ্‌লায়া ফ্যালোচে। [পূর্বে দেখ]।

৩ = [ম] — ক্রি. ফিরাইয়া দেওয়া ॥ [মূল অর্থ বমি করা, উদগিরণ. উদ্‌গিলণ সং]।

ওচলিয়া=[রং]—অস. ক্রি. উছ্‌লাইয়া ॥ আইল্‌টা ওচলিয়া গেইছে। [<উছ্‌লিয়া =উছ্‌লিয়া ; <উছল <উচ্ছল সং ; নাম ধাতু]।

ওচ'া=[বা]—বি. জমির শস্যের উপরে পতিত কচুরী পানা ॥ দান্ খ্যাতে ওচ'া পর্‌সে।

২= [কুম, ফ]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥ ওচ'া দিয়া মাস্ দর।

৩= [বা] —বিণ. উঁচু ॥ ওচ'া গর্। [<উঁচা]।

৪=[ম]—বি. ছাই গোবর ফেলার এক প্রকার বাঁশের ঝুড়ি॥

ওচ'ানো=[বা]—ক্রি. আরম্ভ করা ॥ কথা না হুন্‌লে মাইর্ ওচ'ামু। [<উঁচানো]।

২=[পা]—ক্রি. উপর হইতে বাছিয়া লওয়া ॥ খ্যার্‌গুলা দানের্ থাক্‌ক্যা ওচ'ায়া লও। [ওঁছা<উঞ্ছ + আনো প্র. ; নাম ধাতু]।

ওচ'ায়া থাকা=[পা] — ক্রি. প্রস্তুত হইয়া থাকা ॥ অয়্ খাওয়ার্ লাইগ্যা ওচ'ায়া থাহে। [=উঁচাইয়া থাকা= উচ্চ হইয়া থাকা]।

ওচ'ার্ = [কুম]— বি. মাছ ধরিবার জাল ॥ ওচ'ার্ দিয়া গাংগে বর মাস্ দরে।

ওচি= [ম]— বি. আবর্জনা পরিষ্কার করিবার পাত্র ॥

ওচ্যার্ লাঠি=[ম]—বি. শবদাহের সময় ব্যবহৃত বাঁশের লাঠি ॥ [ওচ্যা (দেখ ওচ্')+র (সম্বন্ধে)+লাঠি]।

ওচোর্ মোচোর্ করা=[ঢা, ফ]—ক্রি. ইতস্তত: করা ॥ [<ওচোর অনু:+মোচড়+করা]।

ওচ্'=[ফ]— বি. শুকনা জায়গা ॥ পানি থাইক্যা উইঠ্যা ওচে খাড়াও।

২=[ফ]—বিণ. উঁচু ॥ ঐ বাগাডা খুব ওচ্'। [<উঁচু<উচ্চ]।

ওচ্'না=[য]—বি. মাছ ধরার সরঞ্জাম বিশেষ ॥

ওচ্'পার্=[ঢা]—বিণ. শেষ॥ তর্ যান্ ওচ্'পার্ কৈরা হালামু। [<উসপার হিং]।

ওচ্'রা = [ঢা, ম] — বি. বারান্দা ॥ ওচ্'রায় আইয়া বও। [দেখ ওঁচ'রা]।

ওচ্'লা= [খু] — বিণ. পুরুষত্বহীন ॥ [<ওঁচা<উঞ্ছ+ল ; মূল অর্থ তুচ্ছ]।

ওচ্'লানো=[খু]—ক্রি. বড়গুলি বাছিয়া লওয়া ॥ আলুগুলা ওচ্'লাও। [ওঁচলা <উঞ্ছ সং+লা প্র. ; ওঁচলা (নাম ধাতু) আনো প্র.]।

ওছানি=[রং]— বি. বিছানার চাদর ॥ মোর্ এক্‌খানা ওছানি লাগ্‌ব।

ওজা=[রং]—বি. মন্ত্রচিকিৎসক, বৈদ্য, ওঝা ॥ শাপের্ বিশ্ ওজায়্ ঝাড়ে। [<ওঝা <উপাধ্যায় সং]।

২=[রং]—বি. রোজা ॥ গরমের্ দিনে ওজা থাকা বড় কশ্‌ট। [রোযহ্ روزه ফা.]।

ওজ্‌জা=[রা]—অব্য. ধ্বনি বিশেষ ॥ ওজ্‌জা, আমার্ হাত খাকি পড়্যা গ্যাল্। [<ঐ যা]।

ওজ্‌জানো = [রা] — ক্রি. ভুলিয়া যাওয়া ॥

ওযনি=[পা] — বিণ. মাপমত. দেহের আকার অনুযায়ী ॥ তোমার্ যামাটা ওযনি হয়্যাসে। [<ওযন وزن আং +ই প্র.]।

২=[গ]—বিণ. ভারী ॥ বোঝাডা খুব্ ওযনি। [পূর্বে দেখ]।

ওযন্ বুইয্যা মুগুর্ চ'াচ'া—[প]—ক্রি. ক্ষমতা বুঝিয়া সেই অনুপাতে আয়োজন করা ॥ [মূল অর্থ কাজের ওজন বুঝিয়া মুগুর চাঁচা]।

ওযর্ ফুযর্=[চট্ট]—ক্রি. বিণ. বিরক্তি প্রকাশ ॥ ['উযর عذر আং+ফুযর অনু:]।

ওযা=[পা]—বি. রোজা ॥ [দেখ ওজা]।

ওবাইয়া=[ফ]--ক্রি. বিণ. থাকিয়া থাকিয়া ॥ মাইয়্যাটা ওবাইয়া শাবারাইত্ কান্সে।

ওযাগর্=[খু]—বি. অজগর সাপ॥ [<অজাগর <অজগর]।

ওযানো = [বা]— ক্রি. কাতরানো ॥ অশুখের্ কশ্টে ওযাইত্যাসে।

২=[ফ]—ক্রি. বেশী বাড়িয়া যাওয়া ॥ দান্ ওযাইয়া গ্যাসে, কাইটা না দিলে সরা ঐবো না।

ওযিবি=[কু, পা]— বি. কোন্দল ॥ শাহা বাবুগর্ নিবার্ মন্নি ওযিবি কর্সে।

ওযুক্=[কু]— বি. রোগবিশেষ ॥ লোক্টা কি ওযুকে মরেসে? [<অসুখ]।

ওযুরি=[ম, কুম, চা, নো]—বি. নাড়ি-ভুঁড়ি ॥ [উঝড়ী হিং]।

ওযুর্ = [ম, কুম]— বি. আপত্তি ॥ [<ওজর<'উযর্ عذر আং]।

ওযেওযে=[কুম]—ক্রি. বিণ. সমান সমান ॥ এই ব্যালার্ বাত্ হগলের্ ওযে ওযে ঐসে। [ওযে=ওজু<ঋজু +এ]।

ওযেবাযেশোদ্ = [পা]— বি. কিছুর বদলে কিছু দিয়া শোধ, সমপরিমাণ বা সম মূল্যের জিনিস দিয়া শোধ॥ [<'ইওয্ ব'ইওয عوض بعوض ; 'ইওয আং, ব ফা.=শোধ]।

ওযেবায্করা=[কু]—ক্রি. অদল বদল করা, বিনিময় করা ॥ [দেখ ওযে বাযে শোদ্]।

ওযেবাজ্ = [কু]— বি. শোধ ॥ [দেখ ওযেবায্ করা]।

ওয্=[কু]—বি. পশুর ভুঁড়ি ॥ অনে-কেই সাগলের্ ওয্ খায্। [<ওঝ হিং]।

ওটা=[য, খু, বা]—বি. হাঁড়ি বা পাত্র রাখার জন্য মাটির তৈরী স্তূপ, মাটির সিঁড়ি ॥ [<ওঠা=উত্থান]।

২=[ম]—বি. কাটা পাট গাছের মাটির নীচের অংশ (যাহা জ্বালানীরূপে ব্যবহার করা যায়)॥

৩=[সি]—বি. কাদাখোঁচা পাখী ॥

ওটানি=[ব, রা]— ক্রি. বিণ. সেই দিকে ॥ [ওঠানে=ঐ স্থানে]।

ওটার্= [রা] বি. ছালার মুখ বাঁধার দড়ি ॥

ওটৈ=[রং]—ক্রি. বি. ঐখানেই ॥ ওটৈ উক্টাও, পাবু এলায়্। [ও+ঠাঁই]।

ওট্=[ফ]—বি. ঠোঁট ॥ পান খাইয়া ওট্ লাল্ বানাইসে। [ওঠ<ওষ্ঠ]।

ওট্কা ওট্কি = [চা] — বি. ঘৃণা, নিন্দা ॥ এত ওট্কাওট্কি বালা না।

ওট্কানো=[কুম]— ক্রি. বমি করা ॥ খুহি বার্ বার ওট্কাইতাসে। [ওঠ-কানো, ওঠ√উঠ; নামধাতু; তুং ওলাউঠা]।

২=[ম]—ক্রি. ডাকা ॥

ওট্কাপোট্কা= [চা]— ক্রি. বিণ. বেশী খাওয়ার দরুন বমি বমি ভাব॥ এ্যাত গুলি বাত্ খাওনে আমার ওট্কা পোট্কা কর্তাসে। [ওট্কা, (দেখ ওট্কানো)+পোট্কা অনু:]।

ওট্কি বাওয়া=[চা]—ক্রি. ভুক্ত দ্রব্য ফিরিয়া আসিবার ভাব হওয়া॥ স্যারাডায়্ কি খাইয়া খালি খালি ওট্কি বাইতাসে। [ওট্কি (দেখ ওট্কানো) +বাওয়া=বাহা√বাহ্]।

ওট্কোরা= [চা]— বিণ. উপর দিকে চাহিয়া পথ হাঁটে যে ॥ ওট্কোরা মাইয়াডা পয়্শাডা দেখ্ল না।

ওট্টাওট্টা = [চা] — বি. খেলা বিশেষ ॥

ওট্টিটি=[ম]—বি. একপ্রকার ছোট পাখী॥ ওট্টিটি হৈক্এর্ মতন্ এদিগ্ নাইস্তে লাগে। [=টিটিভ]।

ওট্টে=[ক]—ক্রি. বিণ. ঐখানে ॥ ওট্টে কেঐ যাও না, হাপ্ আসে। [<ঐ+ঠে=ঐ ঠাঁই]।

ওট্মোট্=[ব]—বি. ওষ্ঠ ॥ ওট্মোট্ কাম্রায় ক্যা? [দেখ ওট্+মোট অনু:]।

ওট্রা=[পা]—অব্য. শব্দ বিশেষ॥ 'ওট্রারে মোট্রা, মৈশ্মারা কোট্রা।' [গ্রাম্য ছেলেমেয়েরা একটি বিশেষ খেলায় ইহা ব্যবহার করে]।

ওঠক্বৈঠক্=[রা]— বি. মেলামেশা ॥ আমার্ শাথে তার্ ওঠক্ বৈঠক্ নাই। [<ওঠক=উঠা+বৈঠক=বসা ; উঠা-বসা=মেলামেশা]।

ওঠাক্=[রং]—অব্য. ঐদল ॥

ওঠি=[রা]—অব্য. ওখানে ॥ ওঠি যাও। [<ঐ ঠাঁই]।

ওঠুলি=[ম]—বিণ. বাস্তুহারা, মোহা-জের ॥ [ওঠ√উঠ্+উলি প্র.]।

ওঠে থাকি= [রং] — ক্রি. বিণ. ওখান হইতে ॥ ওঠে থাকি চলি আয়্ বাহে। [<ঐ ঠাঁই থেকে]।

ওঠ্=[রং]—বি. ওষ্ঠ ॥ ছাওয়াটার্ আডা ওঠ্। [দেখ ওট্]।

ওঠ্ সেম্রি তর্ বিয়া= [চা, ক]—পূর্ব প্রস্তুতি ছাড়া কোন কাজে তাড়া-হুড়া ॥ কওয়া নাই বোলা নাই ওঠ্ সেম্রি তর্ বিয়া কৈলে ক্যাম্নে যাই? [সাধু ভাষায়—ওঠ ছুঁড়ী তোর বিয়ে]।

ওডা=[চা]—অব্য. ওটা (মানুষকে)॥ ওডা এক্টা বদ্। [<ওটা (তুচ্ছার্থে)]।

২=[ম, কুম]—বি. বাঁশের মূল॥ ওডা লাক্রির্ কামে খুব্ বালা।

৩= [চট্, খু, বা]—বি. কচুরী পানার জঞ্জাল ॥

৪=[ম, কুম] — বি. মূল॥ গাস্টার্ ওডা শুদ্দা তুইল্যা লাইসে।

৫=[ফ, কুম]—বি. বারান্দা, সিঁড়ি॥ গরের্ ওডাত্ বওয়া ঠিক্ না। [দেখ ওটা]।

৬ = [কুম] — বি. যে উপরের দিকে চাহিয়া পথ চলে ॥ ওডার্ মতন্ চৈ'ল্ল না। [<উর্ট ; অর্থান্তর]।

ওডানি=[চট্]—বি. বমি॥ এই বদ্গন্দে ওডানি আইয়ের্। [<উঠানি=(উর্ধ্ব-গতি) উদ্গার অর্থে ; তুং ওলাউঠা]।

ওডিয়ার্=[চট্]—বিণ. ওখানকার ॥ ওডিয়ার্ মাইনুশের্ গরে আঁরার্ মিল্ নাই। [<ওডি<ওঠাঁই+য়ার=কার

সম্বন্ধের বিভক্তি]।

ওডুক্=[বা]— ক্রি. বিণ. এইটুকু ॥ ওডুক্ কি দ্যাও ? [<ওটুক=ঐটুকু]।

ওডুর্=[সি]—বিণ. কিঞ্চিৎ, অল্প ॥ ওডুর্ ত্যাল্ দ্যাও। [অত দূর (=পরিমান বুঝাইতে)]।

ওড্ডা খাওয়া=[ফ]—ক্রি. তুচ্ছভাবে উপেক্ষা করা ॥ [হোঁচট খাওয়া]।

ওতত্=[রং]—ক্রি. বিণ. আড়ালে ॥ ওতত্ ক্যান্ গেইল্যান্ বাহে ? [ওত +ত্ (অধিকরণে)]।

ওতন্=[কুম]—বি. সামর্থ্য ॥ দশ্টাহার্ ওতন্ নাই, আবার্ পোদ্দারি করে ?

ওতর্ =[কু, ফ, য, পা,]— অব্য. ওখানে, সেখানে, ঐ দিকে ॥

ওতা=[সি]—অব্য. এইগুলি ॥ ওতা তোম্রা কৈ পাইলায় ? [<ও+তা =গুলি]।

২=[কুম] — বি. গরম ॥ খুব্ ওতা পর্সে। [<উত্তাও<উত্তাপ]।

ওতাওতা = [সি] — অব্য. ইত্যাদি ইত্যাদি, ইহা ইহা ॥ তাইন্ আমার্ কাসে ওতা ওতা কৈসুইন্। [<এটা ওটা]।

ওতারে=[কু]—বি. ঐ ধারে ॥ ওতারে যাইশ্ না। [<ওধারে=ঐ ধারে]।

ওত্তার্=[চা, কুম] — বি. জেলেদের মাছ ধরার লম্বা নৌকা ॥ ওতার্ নাও ডেউয়ে ডুবে না।

২=[ম, কুম]— বি. যাদু ইত্যাদির প্রতিকারসূচক ঝাড়া বা ফুঁক ॥

৩=[ম]—বি. স্রোত ॥ গাংগে যে ওতার্ মাস্ দরন্ দায়্।

ওতার্ যাল্ = [চা] — বি. নিক্ষেপ করিয়া মাছ ধরিবার জাল ॥ ওতার্-যাল্ দ্যা এক্টা খ্যাও দে।

ওতার্ পরা=[ম]—বি. রোগ নিবারণের জন্য পানি পড়া ॥ যা, মনৈ শাবের্ কাসেতৃতে ওতার্ পরা আন্গ্যা। [<উত্তর < অবতারণ সং + পরা< পড়া]।

ওতালা=[কুম]—বিণ. পাগলা, বেহুশ, চঞ্চল, অস্থির ॥ মনু যরে ওতালা ঐসে। [<উতলা]।

ওতি=[চট্ট]—সর্ব. সে (স্ত্রী) ॥ [ঐ+ তি]।

ওতিল্=[সি]—ক্রি. বিণ. এই তিলে, এই মুহূর্তে ॥ ওতিল্ আমি যাইতাম্ পার্তাম্ নায়্। [<এই তিলে]।

ওতুর্=[পা]—বি. আতুর, যে নড়িতে চড়িতে পারেনা, কঠিন রোগী ॥ [<আতুর]।

ওতো=[পা]—অব্য. ওটা ॥ ওতো কি ? [<ওটা]।

ওতোন্ = [খু] — বি. কষ্ট, খাটুনি ॥ সেলেমেয়ে মানুশ্ কর্তি ওতোন্ আসে। [দেখ ওতন্]।

ওতোলন্=[ফ]—ক্রি. অবতরণ করা ॥ নাও থাইক্যা ওতোল্। [<উত্তরণ]।

ওত্=[খু] — বি. চালের উপর খড় বাঁধিয়া রাখার চটি ॥

ওত্রানো=[ফ]— ক্রি. ভাত ফুটার সময় ফুলিয়া উঠা ॥ [=উথলানো]।

ওত্লা=[কুম]—বি. খুব গভীর পঙ্কিল স্থান ॥ ওত্লায়্ গরু পর্লে উডান্ যায়্ না।

ওদন্=[কুম]—অব্য. হে পুত্র (সম্বোধনে) ॥ ওদন্, কৈ গেসিলা ? [<ও+ ধন (=পুত্র)]।

ওদন পাশন্=[য]— বি. অন্নপ্রাশন ॥ [<ওদন=অন্ন+প্রাশন]।

ওদরি = [চট্ট] — বি. উদরী, রোগ বিশেষ ॥ [<উদরী]।

ওদর্ সোদর্=[চট্ট]—ক্রি. বিণ. বেহিসাব ॥ ওদর্ সোদর্ ট্যাহা খরচ্ ন গরিশ্। [<এধার+সে ধার]।

ওদল্=[নো]—বিণ. অমান্য ॥ আঁই কোনুদিন্ উকুম্ (হুকুম) ওদল্ করি ন। [<'উদুল عدول আং]।

২=[চট্ট]—বি. আপত্তি ॥ [পূর্বে দেখ]।

ওদা=[চট্ট]— বি. আদা ॥ ওদার্ রশ্ প্যাডর্ কামরে বর বালা। [<আদা]।

২=[কুম, ম, চা]— বিণ. আর্দ্র, কমজক ॥ ওদা চাঁইল্। [<আর্দ্র]।

৩=[ফ]—বিণ. বাসি ॥ 'খিদায় না চিনে আইল্না ওদা'। [পূর্বে দেখ]।

৪=[পা]—বিণ. মদ্দা, হুলা, পুরুষ, হৃষ্টপুষ্ট ॥ ওদা বিলাই দুদ্ খায়া গ্যাসে।

ওদাইয়া যাওয়া = [ম, কুম]—ক্রি. ভিজিয়া যাওয়া, নেতাইয়া যাওয়া ॥ ওদাইয়া গ্যালে পিডা মযা লাগে না। [দেখ ওদা২+ইয়া অস. ক্রি. বিভক্তি +যাওয়া]।

ওদাড়্=[ব]—বি. পাটের আঁশ।

ওদা দানের্ খৈ=[ম]—বিণ. নিকৃষ্ট ॥ এইডা এ্যাহাবারে ওদা দানের্ খৈ। [দেখ ওদা +ধানের খই]।

ওদানি = [খু]— ক্রি. বিণ. কিছু দিন আগে ॥ ওদানি তারা ধনি ঐসে। [<ইদানীং]।

ওদানো=[খু, চট্ট]—ক্রি. সামান্য ভিজিয়া যাওয়া, ভিজিয়া স্যাঁতসেঁতে হওয়া ॥ ধান্ ব্যায়াক্ ওদাই গেইয়ে। [দেখ ওদা২+আনো প্র.]।

ওদান্=[রং]—বিণ. এরূপ, অমন ॥ তুই ওদান্ কতা কৈছ্ না। [<ওধরণ]।

ওদান্ ম্যাদান্ = [নো]—ক্রি. ইতস্ততঃ চিন্তা করা ॥ [<ওধরণ সেধরণ]।

ওদাম্=[ম, কুম]—বিণ. ঢাকনাশূন্য, অনাচ্ছাদিত ॥ বাতের্ পাইলাডা ওদাম্ ক্যারে ? [<উদাম<উ ...]।

ওদারন=[কুম]—ক্রি. তুলিয়া ফেলা ॥ মোর্গার্ চামুরা ওদাইরা লাও। [<উদ্ধরণ]।

ওদার্ = [চা] — [illegible] পাটিশাক ॥ ওদার্ শাকুনি রান্দার [illegible] লাগে।

ওদিমা=[ম]—ক্রি. [illegible] দিনা, নোকাডো পুরিয়া বেড়াইয়া ॥ ওদিমা [illegible] ক্যামনে চল্বো ?

ওদু দ্যাওয়া=[চা]—ক্রি. বাদা, পুনরায় দেখা দেওয়া। আয়গা মর্দা [illegible] ওদু দিসে।

ওদুল্=[চট্ট]—বি. অতিক্রম ॥ হিতে দুই মাইল্ পত্ ওদুল্ কৈর্গে। [দেখ ওদল্]।

ওছল্ করা=[রা]—ক্রি. প্রতিজ্ঞা বা কথা রক্ষা করা ॥

ওদো=[কুম]—বি. উদ্দেশ, সন্ধান ॥ আমি ওদো পাই নাই। [<হদ্দ ১৮ আং]।

ওদোর্=[বং]—বি. পেট ॥ তোর্ কি ওদোর্ ভরে না? [<উদর]।

ওদ্=[চট্ট, নো]—বি. সন্ধান, খোঁজ, ঠিকানা ॥ পোয়াউয়ার্ ওদ্ ন পাই। [দেখ ওদো]।

ওদ্‌গি=[রা]—ক্রি. বিণ. ঐ দিকে ॥ ওদ্‌গি যাইও না। [ঐদিকে=দিকে]।

ওদ্‌ড়া=[রং]—বি. এক প্রকার গাছ ॥

ওদ্‌দু=[ম]—অব্য. বা রে, আহা ॥ ওদ্‌দু, তর্ কতা মোনে আসিল্‌না।

ওদ্যা মদ্যা = [পা] — বি. যেমন তেমন লোক ॥ এটা ওদ্দ্যামদ্দ্যার্ কাম্ না। [<অধঃ+ইয়া+মধ্য+ইয়া (অধঃ এবং মধ্য স্তরের)]।

ওদ্‌রা=[ব]—বি. পাট বিশেষ ॥

ওদ্‌রানো=[চট্ট]—ক্রি. চামড়ার উপরিভাগ ঘর্ষণে থেৎলাইয়া বা চাঁছিয়া যাওয়া ॥ কাওটের্ লগে গশা খাই হিত্তাঁর্ চাম্‌রা ওদ্‌রাই গেইয়ে। [<উদ্ধরণ]।

২=[রং]—ক্রি. কোন বিষয়ে জানিয়া ও অন্যের কাছে শুনার জন্য পুনঃ পুনঃ জেদ করা ॥ [পূর্বে দেখ]।

ওদ্‌লা ওলানো=[খু]—ক্রি. মুখ ভার করা ॥ [ওদ্‌লা+ওলানো (=নামানো) <অবতারণ]।

ওনা=[ম]—বি. গাভীর স্তনের বাঁট ॥ গরুর ওনাডা খুব্ মোডা।

ওনানো=[ম]—ক্রি. মুষড়িয়া পড়া ॥ এদ্‌দুল্যা ম্যান্‌নত্ কর্‌লেই এ্যাহাবারে ওনাইয়া যায়্। [উনা<উন্‌হ প্রাং< উষ্ণ সং (নাম ধাতু)+আনো প্র.; মূল অর্থ গরম হওয়া কিংবা উনা<উন্ন (√ উদ্ সং=ভিজা।) নাম ধাতু+আনো প্র.]।

ও নারে=[কু, পা]—অব্য. নিষেধসূচক ॥ ওনারে, উহা আনি নাই। [ও, নারে]।

ওনার্=[কু, য, পা]—সর্ব. উঁহার, তাঁহার ॥ ওনার্ আম্‌মা আমার্ খালা হন্। [উনি শব্দের সম্বন্ধ পদে]।

ওনাপিনা=[চট্ট]-ক্রি. বিণ. বিরক্তি প্রকাশ ॥ এ্যাত ওনাপিনা কর কিয়র্ লাই? [অনু.]।

ওনাপ্যানা=[ম, ঢা]—ক্রি. বিণ. প্যান্ প্যানানি, খুঁতখুঁত ॥ এও ওনাপ্যানা কর ক্যারে? [দেখ ওনাপিনা]।

ওনাহানা=[চট্ট]—বি. অসন্তোষ ॥ ট্যায়া কম্ দিওনে হিতে ওনাহানা কৈর্‌গে। [দেখ ওনাপিনা]।

ওনি=[চট্ট]—বি. চিরুনি ॥

ওনু=[ম]—ক্রি. বিণ. ওখানে ॥ ওনু তোমার্ যাওয়া ঠিক্ না। [<ওখানে]।

ওনে=[সি]—অব্য. হইতে. চেয়ে ॥ এ্যাগ্‌না ওনে ব্যাগ্‌না বালা। [<হন্তে =হইতে]।

ওন্=[কুম]—বি. ঢেঁকির উদূখল পরিমাণ ॥ এক্ ওন্ চাঁইল্ কার।

ওন্ খোনা ত্তাওয়া=[রা]—ক্রি. খোঁটা দেওয়া ॥

ওন্‌চি=[রা]—বি. নারিকেল ॥

ওন্‌চোঁনা=[পা]—ক্রি. আগুনের তাপে শুকানো, সিদ্ধকরার পর রৌদ্রে না দিয়া চুলার উপরে শুকানো ॥ [<উষ্ণানো]।

ওন্‌তা=[কুম, ঢা]—বি. গরম, তাপ ॥ খুব্ ওন্‌তা পর্‌সে। [<উণ্‌হত্ত প্রাং<উষ্ণত্ব সং]।

ওন্‌দল্=[কুম, ফ]—বি. তরল কাদা, জলীয় আগাছার পচা শিকড় ॥ এই পুগুর্‌ডাত্ খুব্ ওন্‌দল্ আসে।

ওন্‌দরা=[চট্ট]—বি. এক প্রকার সামুদ্রিক মাছ ॥ ওন্‌দরা মাসত্ হোয়াদ্ কম্।

ওন্‌দা=[ম, ঢা, রা, ব, রং]—বি. পুরুষ বিড়াল ॥

২=[ঢা, রং]—বিণ. গালফুলা, গম্ভীর ॥ অয় ওন্‌দা হয়্যা বশি আছে (রং)।

৩=[ঢা]—বিণ. উপুড় ॥ স্যারাডা ওন্‌দা ঐয়া রৈসে। [অঁওধা হিং <অবমূর্ধা সং]।

৪=[কুম]—বিণ. বোকা ॥ স্যারাডা এ্যাক্‌ক্যারে ওন্‌দা।

ওন্‌দা বিল্লাই—[ব]—বিণ. দুষ্টু, ভিজে বেড়াল ॥ [দেখ ওন্‌দা+বিড়াল]।

ওন্‌দারা=[কুম]—বি. এক প্রকার বড় মাছ ॥ ওন্‌দারা মাস্ বালা না।

ওন্‌না=[ফ]— বিণ. সিক্ত, স্যাঁৎসেঁতে ॥ লাক্‌রিগুলি ওন্‌না ঐ খারাপ্ ঐয়া গ্যাসে। [√উন্দ্ সং= আর্দ্র হওয়া]।

ওন্‌না করা=[পা]—ক্রি. অভিমান করা ॥ কথায় কথায় তুই অত ওন্‌না করিশ্ ক্যান্? [উণ্‌হ প্রাং <উষ্ণ সং=ক্রোধ]।

ওন্‌হা=[রা]—বি. পূর্বের কথা উল্লেখ করিয়া খোঁটা ॥ বারে বারে ওন্‌হা দ্যাওয়া ভাল না। [উণ্‌হ প্রাং<উষ্ণ সং=ক্রোধ]

ওপর পাড়া = [রা] — বিণ. অনাহূত লোক, গায়ে পড়িয়া যে কথা বলিতে বা কাজ করিতে আসে ॥ [<উপর+পড়া]।

ওপাকে=[রং]—ক্রি. বিণ. ওদিকে ॥ তুই ওপাকে শো। [<ঐ+বাগে= দিকে]।

ওপ্‌শা = [ঢা] — বিণ. অল্প অল্প ভিজা ॥ ঠান্‌ডায় কাপর্‌ডা ওপ্‌শা ঐয়া গ্যাসে। [<অপ্পোস প্রাং <অল্পাবশ্যা সং=অল্প শিশির]।

ওফা=[ম]—বি. কাজ, ফল ॥ এই অশুদে তর্ ওফা কর্‌তো না। [রফা' ৬১ আং]।

২=[সি]—বিণ. টেকসই ॥ কাপর্‌ডা ওফা আসে। [পূর্বে দেখ]।

ওকাই=[কুম]—বি. শান্তি, সুখ ॥ এতিম্‌রে ঠগাই ওকাই ঐত না। [দেখ ওফা]।

ওফা দ্যাওয়া=[সি]—ক্রি. টেকসই হওয়া ॥ কাপর্‌ডা খুব্ ওফাই দিত না। [দেখ ওফা+দেওয়া]।

ওকানো=[বা]—ক্রি. খরচে কুলানো ॥

[দেখ ওকা+আনো প্র.; নাম ধাতু]।

ওকায়্=[ঢা]—বি. ভরসা, উন্নতি।। তর্ আর্ ওকায়্ ঐত না। [দেখ ওকা]।

ওকুলা=[ঢা—বিণ. অতিরিক্ত।। বাত্ সারা. ওকুলা চি'য়্ গরে আর্ কিস্যু নাই। ['উলূফ: علوف আং=ভাতা]।

ওবা=[ঢা, ম, কুম]—বি. কলেরা রোগ, কলেরা রোগের কাল্পনিক বাহক।। তারে ওবায়্ দর্সে। [<ৱবা' وبا আং]।

২=[পা]—ক্রি. বিণ. ওরকম, ঐভাব।। ওবা করিস্ না। [<ঐ+বা প্র.; তুং কিবা]।

৩=[সি, চট্ট]—অব্য. ওগো, ওহে ভাই।। ওবা, তোয়ার্ বিয়া হৈয়ে নি? [<ও ভাই=ওহে ভাই]।

৪=[কু, পা]—অব্য পুত্রস্থানীয় কাহাকেও সম্বোধনে ব্যবহৃত।। ওবা, কৈ যাও? [<ও বাপ <ওহে বাপু]।

ওবাবরো=[খু]—ক্রি. বিণ. ওদিকে।।

ওবায়্=[সি]—ক্রি. এইদিকে।। অ মিয়া আপ্নে ওবায়্ আওখা। [<ঐ+বাগে (=দিকে)+আস]

ওবাল্ দ্যাওয়া=[রা]—ক্রি. জলের নীচে জোরে শব্দ করা।।

ওবি=[ম]—ক্রি. বিণ. ঐভাবে।। যে মুন্ আসিল্ ওবি থুইয়্যা দে। [ঐ+বিহি প্রাং<বিধি সং]

২=[স]—ক্রি. বিণ. অকারণে।। ওবি ক্যানে যাবি? [দেখ ওবা,+ই]।

ওবুক্=[চট্ট]—অব্য. আশ্চর্যবোধক।। ওবুক্! তুমি ক্যাঅন্ মানুশ্। [<অদ্ভুত]।

ওবে=[পা]—ক্রি. বিণ. অমন, ঐরকম।। [দেখ ওবি]।

ওবৈ=[খু]—ক্রি. বিণ. ওদিকে।। [<ওবাগে]।

ওবৌ=[সি]—অব্য. ওহে ভাই।। ওবৌ, কৈ যাও? [<ওভাই]।

ওব্বাইশ্=[চট্ট]—অব্য. আশ্চর্যবোধক।। ওব্বাইশ্! তুই কৈলি কি?

ওমক্=[রং]—সর্ব. ওদের।। ওমক্ বাড়ি হামার্ বাড়ি থাকি দূর্।

ওমন্ধারান্তি=[রা]—বি. ইয়ার্কি।। ওমন্ধারান্তি করিস্ না ব'হে। [<অমনধরণ+টি; অমনধারা+টি]।

ওমা=[কু, পা]—বি. চিন্তা।। ওমা কর্লে শরিল্ খারাপ্ অয়্। [উম্হা প্রাং<উষ্মা সং=রাগ]।

২=[রা]—বি. গায়ের লোম।। [রোমা <রোম সং]।

ওমা ওমা যর্=[ম, পা]—বি. সামান্য জ্বর, কিঞ্চিৎ পরিমানে তাপ সঞ্চার।। [<উম<উম্হ প্রাং<উষ্মন্ সং+আ+জ্বর (মৃদু জ্বর অর্থে)]।

ওমাক্=[দি]—সর্ব. ওদেরকে।। ওমাক্ চিনিশ্ তুই? [ওমা+ক (বিভক্তি)]।

ওমাড়্=[রা]—বিণ. ফাঁকা।। কল্শের্ মুখটা অনেক্ ওমাড়্।

ওমার্=[দি, রং]—সর্ব. উহার, ওদের।। ওমার্ বাড়িত্ জা। [<উঁয়া<উহা+র (সম্বন্ধে)]।

ওমাশ্=[ঢা]—বি. নিঃশ্বাস।। এ্যাক্কেরে ওমাশ্ ফালাইবার্ শময়্ পাই না।। [উশমা<উষ্ম সং=নিঃশ্বাস]।

ওমিন্দ্যা=[পা]—ক্রি. বিণ. ঐদিক্ দিয়া।। চো'র্ডা ওমিন্দ্যা পালায়াগ্যাল্। [<অমন দিক দিয়া]।

ওমুরা=[ঢা, ম]—ক্রি. বিণ. ঐদিকে।। ওমুরা যাইস্ না। [<ও+মুড়া=প্রান্ত]।

ওমুহি=[বা]—ক্রি. বিণ. ঐদিক্।। ওমুহি যাইও না। [<ও+মুখি=মুখে (দিকে)]।

ওমোন্=[বা]—ক্রি. ফসল বপন করা।।

ওমোন্ পাওয়া=[খু]—ক্রি. অনুমান করা।। [<অনুমান পাওয়া]।

ওম্=[রং]—বি. পশম।। ওমের্ কাপড়ের্ খুব্ উশুম্। [<রোম]।

ওম্কা=ক্রি. বিণ. ঐ প্রকার, ঐরকম।। ওম্কা করিশ্ ক্যান্? [<অমন+কা]।

ওম্তা=[কুম]—বি. গরম।। ওম্তা-লাগ্তাসে। [ওম<উম্হ প্রাং<উষ্ম সং+তা প্র.]।

ওম্দে=[চট্ট]—ক্রি. বিণ. ঐদিক্ দিয়া।। ওম্দে ন যাইও বা, বাঘর্ ডর্। [<ওমন+দি=দিয়া]।

ওম্না=[চট্ট]—বি. স্ত্রী জননেন্দ্রিয়।।

ওম্নে=[ব, রা]—ক্রি. বিণ. ওদিকে।। ওম্নে জা (রা)। [<অমন+এ]।

ওম্মা=[ঢা]—অব্য. আশ্চর্যবোধক।। ওম্মা এত্ দূগ্গ্যা বাত্ আন্লি কাম্নে? [<ওমা]।

ওম্মার্=[রং]—সর্ব. তাহাদের।। [দেখ ওমার্]।

ওম্মারেমা=[চট্ট]—অব্য. ও মাগো মা।। ওম্মারেমা, কত্ত্তারা হাপ্! [<ও মারে মা]।

ওম্মুর্=[কুম]—বি. বয়স।। এ্যাত ওম্মুর্ ঐসে, ত গিয়ান্ (জ্ঞান) ঐল্না। [<'উমর্ عمر আং]।

ওম্মে=[বা]—ক্রি. বিণ. ওদিকে।। ওম্মে যাও কৈ? [দেখ ওম্নে]।

ওম্মোরা=[পা]—ক্রি. বিণ. ঐ দিকে।। ওম্মোরা যা। [<ঐ+মুড়া=প্রান্ত]।

ওম্রা=[রং, ম]—সর্ব. উহারা, তাহারা।। ওম্রা ব্যাবাক্ কবিয়া ফ্যালালে।

ওম্রায়্=[রং]—সর্ব. ওরাই।। ওম্রায় তো কোদাল্ খান্ দিয়া গেইচে। [দেখ ওম্রা+য়]।

ওম্লা খান্=[সি]—ক্রি. বিণ. এইরূপ।। ওম্লাখান্ আর্ কৈর না বা।

ওম্শানো=[রং]—ক্রি. খোঁজ করা।।

ওয়া=[ম, ফ]—সর্ব. উহা।। ওয়া কি [<উহা]।

২=[রং]—বি. রোয়া, যে ধান্য রোপন করা হয়।। [<রোয়া]।

৩=[পা]—বি. কাঁঠালের কোষ।। [রোয়া=কোয়া (=কোষ)]।

৪=[চট্ট]—অব্য. ওহে, ও সাহেব।। ওয়া চো'দ্রি শাব্ আইয়েন্। [<ওহে]।

৫=[কুম]—বি. মাটি উঠাইবার পাত্র।। মাডি কাট্তে ওয়া লাগে।

৬=[রং]—বি. লোম, পশম।।

[<রোঁয়া]।

ওয়াইক্যা = [ম, কুম] — বিণ. লম্বা, ওয়াক পাখীর মত লম্বা যে ।। [<ওয়াক (=পাখী বিশেষ)+ইয়া প্র.]।

ওয়াইন্‌না=[চট্ট]—বিণ. সমান, এক রকম, অনুরূপ ।। ই পাঁওত্ চোঁদ্‌রির্ ওয়াইন্‌না কয়্ যন্ আসে ? [<সমান +ইয়া প্র.]।

ওয়াইলা= [চট্ট]— বি. গবাদি পশুর ভুক্তাবশিষ্ট খড় খৈল ইত্যাদি ।।

ওয়াইল্=[ম]— বি. নরকবিশেষ ।। তুই ওয়াইল্ দুযকে যাইবি। [রয়ল ويل আং]।

ওয়াক্= [কুম]-- ক্রি. বিণ. অবাক, আশ্চর্য ।। দ্যার্‌বুরি পোলার্ কতা হুন্‌লে ওয়াক্ লাগে। [<অবাক]।

ওয়া চোয়া=[রং]—বি. শিশুর ক্রন্দন ।। ছাওয়াটা ওয়াচোয়া করে ক্যা। [ধ্বন্যা.]।

ওয়াযি=[চট্ট]—বিণ. সামাজিক ।। ওয়াযি মানুশ্। [<সমাজী কিংবা রজীহ وجيه আং=সৌভাগ্যবান, সুন্দর]।

ওয়ায্‌যান্= [সো]— বিণ. নছিহত কারী, যে ওয়াজ করে ।। তাইন্ এ্যাক্‌যন্ বালা ওয়ায্‌যান্। [<র'য وعظ আং+জানা]।

ওয়াতলপ্=[রং]—বি. খোঁজ খবর ।।

ওয়াদানি=[রং]—বি. হাতের অলঙ্কার ।। বুড়ি ওয়াদানি দুডা চুরি করিছে।

ওশান্‌না=[পা]—বি. গৃহপালিত পশুর সঙ্গমেচ্ছা ।।

ওয়াপ্=[ম]— বি. বন বিড়াল ।। ওয়াপে মুরগি দৈরা নিসে।

ওয়া বাড়ি=[রং]—বি. রোয়া ক্ষেত ।। [<রোয়া বাড়ী]।

ওয়া ভোয়া=[রং]—বি. সীমা, সংখ্যা ।।

ওয়ায়্ = [কুম]— সর্ব. তিনি, সে ।। আইয্ কয়্‌দিন্ দৈরা ওয়ায়্ আইয়ে না। [<উহায়]।

ওয়ারা=[চট্ট]—বিণ. হিসাবের বহির্ভুত, অতিরিক্ত ।। বিশ্ আরি দান্ মাপি তিন্ শ্যার্ ওয়ারা পাইয়ে। [<বারা হিং]।

ওয়ারা দ্যাখানো=[চট্ট]—ক্রি. আকারে ইঙ্গিতে কথা বলা বা সতর্ক করা ।।

ওয়ারি = [কুম] — বি. বদনজর ।। ফহির্‌ডায়্ ওয়ারি দিসে।

২ = [ঢা] — বি. তাঁতের কাপড়ের পানা ঠিক রাখার জন্য চিকন সুঁইযুক্ত লাঠি ।।

ওয়ার্=[চট্ট]—বি. বেত্র ।। ওয়ার্ মারি ফারি ফ্যালাইয়ম্।

২=[ঢা, কুম]—বি. খুল, প্রস্থ ।। লুং গিডার্ ওয়ার্ কত ? [<ওয়ার <অবসর]।

৩=[রা]—বি. সেলাই ।। জালে ওয়ার্ দ্যাও।

৪=[ম]—বি. বালিশের আচ্ছাদন ।। আমার্ বাইলশের্ ওয়ার্ কালা ঐয়া গ্যাসে, দওন্ লাগ্‌ব। [<ওয়াড়]।

ওয়ার্ করা=[ঢা]—ক্রি. কাটিয়া খণ্ড খণ্ড করা ।। ডাহাইতে তারে ওয়ার্ কৈর‍্যা হালাইসে। [<বার হিং+করা]।

ওয়ার্ দ্যাহানো=[চট্ট]—ক্রি. তুলনা দেওয়া ।। হিতার্ লাগে আঁর্ ওয়ার্ দ্যাহাও ক্যা ?

ওয়ার্ লাগা=[খু]—ক্রি. ছোট শিশুর বাতাস লাগা ।।

ওয়ার্ হওয়া=[খু]—ক্রি. ধারালো অস্ত্রের আঘাতের মত কাটিয়া যাওয়া, অধিক কাটিয়া যাওয়া ।। [<বার হিং+হওয়া]।

ওয়ালা=[ম, কুম]—বিণ. যাহার বাড়ী ঘর নাই, অন্যের বাড়ীতে থাকে এমন ।। [<আবারাহ آوارہ ফা.]।

ওয়ালি = [ঢা] — বি. ওকালতী ।। [<ওকালী=ওকালতী]।

২=[রা]—বি. শীত কালে গরুর ঘরে বিছানো খড় ।।

৩=[ম]—বি. বড়শীর সুতার যে অংশ জলের নীচে থাকে ।।

ওয়ালে করা=[পা]—ক্রি. খাইতে না পারা, উচ্ছিষ্ট করা (গরুর বেলায় প্রযোজ্য) ।। গরু অনেক্ গাশ্ ওয়ালে কর্‌সে।

ওয়াল্যা=[পা]—বিণ. গৃহপালিত জন্তুর এঁটো ।। ওয়াল্যা খ্যাড়্‌গুলো রৈদে দ্যাও।

ওয়াল্ চুয়াল্ = [রা] — বি. সাড়া শব্দ ।। রোগির্ কোন ওয়াল্‌চুয়াল্ নাই, ক্যান্ ? [অনু.]।

ওয়াশে=[পা]—বি. আবর্জনা ।। এত ওয়াশে ক্যান্ ?

ওয়াশেতা=[কুম, নো]—বি. মধ্যস্থতা ।। [<বাসিতঃ واسطہ আং]।

ওয়াশ্=[ম]—বি. খাবি ।। মাসে ওয়াশ্ করে। [<উয়াস<উচ্ছ্বাস <উৎশ্বাস সং]।

ওয়াহশি=[কুম] — বিণ. অসভ্য ।। [বহ্‌শী وحشی আং]।

ওয়্যাক্কা=[চট্ট]—ক্রি. বিণ. ঐদিকে ।। ওয়াক্কা যাও ক্যান্ ? [<এদিকে]।

ওয়্‌ওয়্= [সি] — অব্য. হাঁ হাঁ ।। ওয়্‌ওয়্ টিগ্ কৈস্‌ইন্। [=হয় হয়=হাঁ হাঁ]।

ওর= [কুম] — ক্রি. বিণ. সন্নিকটে ।। ওর থাক্‌লেও মন্ পুরে। [ওর হিং= কিনারা, ধার]।

ওরং=[পা, ফ, খু]—বি. খেজুরের গুড় বানাইবার জন্য ব্যবহৃত নারিকেলের মালার হাতা বা চামচ বিশেষ ।।

ওরক্=[চট্ট]—বি. পুস্তকের পৃষ্ঠা ।। তিন ওরক্ উল্‌টাইয়া পড়্। [<বরক ورق আং]।

ওরন্=[ঢা, চট্ট, ব, রা]—বি. নারিকেল মালার তৈরী হাতা বা চামচ ।। ওরন্ দিয়া ডাইল্ নার (ঢা)। [<ওড়ন]।

ওরপ্= [ম]— বি. পারিবারিক বা ব্যক্তিগত গোপনীয়তা, গুপ্তস্থান, লজ্জা ।। ওরপ্ হগল্ বেলা ঢাইক্যা রাহন্ লাগে। [<ওরৎ <আওরত عورت আং]।

ওরম্=[কুম, কু]—বি. মুড়ি ।। ওরমের্ মোয়া বর মজা (কুম)। [<ভড়ুম]।

ওরম্‌বাই=[চট্ট]—বি. বতিবাত ।। ছিতার্ ওরম্‌বাই ঐয়ে। [ওরুম+ই ভাষার্থে]।

ওরল্=[ফ]— বি. নারিকেলের মালার তৈরী হাতা বা চামচ ।।
২=[চট]—বি. গাছের কোটর ।। ওরলে পৈখর্ বাশা আসে। [<খোড়ল]।
৩=[ফ]—বি. অড়হর।। মাউবারা ওরলের্ ডাইল্ খায্। [<অড়হর]।
ওরল ব্যায়শ=[কুম]—ক্রি. বিণ. আড়ামোড়া, গা ভাঙ্গা।। [অনু.]।
ওরা=[পা]—অব্য. ঐরকম।। দুনিয়ার্ হাল্ ওরাই।
২=[ম]—বিণ. উপার্জনক্ষম।। পোলাডা অহন্ ওরা ঐসে।
৩=[চট]—বি. বাঁশের তৈরী ধান রাখার পাত্র।। এক ওরাত্ দশ্ শ্যার্ ধান্ ধৈর্ব।
৪=[খু]—বি. বোনা ধান গাছের বীজ, আবোনা ধানের শীষের মতন হওয়ার অবস্থা ।।
৫=[ফ]—বি. ফোড়া ।। গতর ওরা ঐসে।
৬=[ঢা]—বি. এক শ্রেণীর বাঁশ।। ওর বাশের্ লগ্গি বালা।
৭=[ম]—বি. দাঁতের গোড়া ফোলা রোগ ।। তার্ দাত ওরা ঐসে।
ওরাক্যারা=[কুম]— বি. কাজের বিশৃংখলা ।। কামের্ শময় ওরাক্যারা খুবৈ খারাপ্ লাগে।
ওরাক্=[ম]—বিণ. সমস্ত ।। ওরাক্ গাডেই চ'র্ পর্সে।
ওরাগার্=[কুম]—ক্রি. বিণ. সর্বদা।। ওরাগারৈ এই দরে বেচি'।
ওরা গাস্=[খু]—বি. কেওড়া গাছ।।
ওরাগ্=[ম]—বিণ সমস্ত, সম্পূর্ণ ।।
ওরাত্=[রং]—ক্রি. বিণ. ধারে (বিছানার)।। ওরাত্ শুইলি ক্যান্? [ওর হিং (=কিনারা, ধার)+তে=এ]।
ওরাদ্=[কুম]—বি. পরিমাণ।। নিযের্ বলের্ ওরাদ্ না বুইঝ্যা এই কামে আত্ দিও না। [বরাদ্দ]।
ওরাধান্=[খু]—বি. এক প্রকার ধান।।
ওরানো=[পা, রা]—ক্রি. ভাগ করিয়া দিতে পারা, নির্দিষ্ট সংখ্যার মধ্যে বন্টন শেষ করিতে পারা।।
২=[রং]—ক্রি. লুকাইয়া থাকা ।। কোন্‌টে জে মান্‌শিটা ওরালু?
৩=[পা]—ক্রি. শেষ করা।। দান্ কাইট্যা ওরাইস্ আইয়্। [<ওর হিং+আন]।
৪=[বা]—ক্রি. কোন কিছু দেখিয়া দীর্ঘ নিঃশ্বাস ফেলা ।। মাইন্‌শের্ অত ট্যাহা দেইখ্যা ওরাইস্ না।
৫=[চট, সি]—ক্রি. বি. পায়ের তলে রাখিয়া মাড়ানো ।। তোঁয়ার্ দান্ ওরানো ন ঐয়ে (চট)?
ওরান্=[রা]-বিণ. নষ্ট ।। ধান্ খ্যাতৃটা ওরান্ কর্ল কার্ গরু? [<বীরান ویران ফা.]।
ওরাক্যারা=[কুম]-বি. কাজের ভিড়।। চৈত্ মাশে খুব্ ওরাক্যারা লাগে।
ওরাবত্=[ফ]—বিণ. প্রকাণ্ড।। ওরাবত্ সাপ্। [ঐরাবত (বৃহৎ অর্থে)]।
ওরাব্যারা=[কুম]—বি. জ্বালা যন্ত্রণা।। চো'ক্ ওরাব্যারা কর্‌তাসে।
ওরামোরা করা=[পা]—ক্রি. কোন কিছু স্বীকার করিতে ইতস্ততঃ করা।। [<আড়া মোড়া করা]।
ওরায়া যাওয়া=[পা]—ক্রি. শেষ হইয়া যাওয়া।। কাম্‌ডো ওরায়া গ্যাসে। [<ওর হিং (=শেষ) হইয়া যাওয়া]।
ওরালি=[রা]—বি. উচ্ছিষ্ট (গরুর)।।
ওরাল্=[রা]—বি. নদীর তীর ।।
ওরি=[ম, কুম]—বি. সিম তরকারী ।। [<উরি<ইউর<শিউর প্রা· বাং<শিম্বী সং]।
২=[কু, পা, ম]—সর্ব. উহার।। ওরি এক্‌টা কাল গরু সিল্। [উহার+ই]।
ওরিকাটি=[ফ]—বি. মাছ বিশেষ।। ওরিকাটি মাস্ বেশি লড়ে না।
ওরুষ্=[খু]—বি. কোনও পীরের মৃত্যু দিন উপলক্ষে মহফিল।। [<'উরস عرس আং]।
ওরুফ্=[ফ]—বি. বর্ণ, শব্দ ।। এক্ ওরুফ্ মিসা কতা বিবনে কৈ নাই। [<হরুফ حرف আং]।
ওরে যাওয়া=[রং]—ক্রি. ফুরাইয়া যাওয়া ।। এবার্ হামার্ ভাত্ ওরে গেইছে। [দেখ ওর্রায়া যাওয়া]।
ওরেপারে=[ঢা]—ক্রি. বিণ. আপাদ মস্তক।। নাওডা ওরে পারে মাইষ্যা দ্যাও। [মূলার্থ এপারে ওপারে]।
ওরেফ্=[পা]—বিণ. কোনাকুনি, তেরছা।। ওরেফ্ কাপ্‌রের্ যাত্তিয়া বানাও।
ওরেয়াত্=[ফ]—বিণ. পুরোপুরি ।। হে ওরেয়াত্ এই যমিটাই পাইবো।
ওরোক করা=[পা]—ক্রি. একধেয়ানে তাকানো, পলকহীননেত্রে চাওয়া।। ভুখাইনা গরুর্ মতো ওরোক্ কর্যা চা'য়্যা রৈস ক্যা?
ওরোত্=[রং]—ক্রি. বিণ. আড়ালে।। ওরোত্ গাল্ দিও না। [ওর+ত অধিকরণে]।
২=[রা]—বি. শেষ প্রান্ত ।। আগোত্ খায় আর্ ওরোত্ শোতে। [<ওর হিং (=শেষ)+ত কারকের বিভক্তি]।
ওরোত্‌গোরোত্=[রং]—ক্রি. বিণ. সঙ্কোচ।। কতা বুল্‌তে এত ওরোত্-গোরোত্ কর ক্যান্? [অনু.]।
ওরোধ্=[ব]—বিণ. গোটা, ষোল আনা ।। ওরোধ্ দশ্ ট্যাকার্ এক্‌টা নোট্ পাইসি।
ওরোলা=[ঢা]—বি. বড় কালো পিঁপড়া ।। ওরোলার্ কামুরে যবর্ বিশ্।
ওরোল্=[ফ]—বি. অড়হর।। ওরোল্ খুব্ বালা ডাইল্। [<অড়হর]।
ওর্=[ঢা]—বি. পার্শ্ব ।। [ওর হিং= কিনারা]।
২=[কুম]—বি. গাভীর স্তন।। গাইওর্ ওর দুদ্ নাই।
ওর্‌কটি=[সি]—বি. লাঙ্গলের একটি উপকরণ।। ওর্‌কটি দিয়া লাংগল্‌ডা মযবুত্ করনা ক্যানে?
ওর্‌কা=[ফ]—বি. ঘর জামাই ।।
ওর্‌ঠে=[দি]—অব্য. তার কাছে ।। ওর্‌ঠে মোর্ কিছু পাওনা ছিল।

[<ওর+ঠাঁই=উহার ঠাঁই]।

ওর্‌ধায়্‌=[খু]—ক্রি. বিণ. অকারণে ।। কামের্‌ লোক্‌ ওর্‌ধায়্‌ বণি থাক্‌তি পারে না।

ওর্‌পার্‌=[ম]—বি. তাড়াহুড়া ।। ওর্‌-পার্‌ কৈরা কাম্‌ কর্‌লে বালা অয়্‌না।
২=[কুম]—ক্রি. বিণ. লণ্ডভণ্ড, তোলপাড় ।। আত্‌তিএ পুকুরের্‌ পানি ওর্‌পার কৈরা দিসে।

ওর্‌ফুল্‌=[চট্ট]—বি. রক্তজবা ফুল ।। ওর্‌ফুল বর লাল্‌। [<ওড় ফুল]।

ওর্‌মায়া=[কুম.]—বি. বর্বর ।। ওর্‌মায়ার্‌ মত কাম্‌ কৈর না। [<ওরম্বা, ওড়ম্বা]।

ওর্‌রা বাশ্‌=[ফ]—বি. এক প্রকার বাঁশ ।।

ওর্‌শ=[চট্ট]—বি. অর্শরোগ ।। হিতার্‌ ওর্‌শ বিমার্‌ ঐ গেইয়ে। [<অর্শ]।

ওর্‌শা=[ফ]—বি. বারান্দা ।। ওর্‌শাত্‌ ব। [দেখ ওর্‌সা]।

ওর্‌শা গর্‌=[ফ]—বি. রান্না ঘর ।। [দেখ ওর্‌শা+ঘর]।

ওর্‌শারে=[নো]—ক্রি. বিণ. অনবরত ।। হিতে ওর্‌শারে আঁরে ত্যাক্ত করে।

ওর্‌সা=[চ, কুম]—বি. ঘরের বারান্দা ।। ওর্‌সাত্‌ ম্যায়্‌মানের্‌ বৈবার্‌ দ্যাও। [<উসারা হিং<উপশালা সং]।

ওর্‌হ=[খু]—অব্য. গরু তাড়ানোর সঙ্কেত ।। ওর্‌হ বায়্‌ গরু।

ওলা=[ফ]—বিণ. অকর্মণ্য ।। ওলা মানুশ্‌। [<আউল প্রাং<আকুল সং]।
২=[কু]—বিণ. অনির্মল। ওলা রশের্‌ গুর্‌ বালা অয়্‌না।
৩=[চট্ট]—বিণ. ঠাণ্ডা ।। হিতার্‌ গাও যারে ওলা ঐয়ে। [<ওলা হিং<উঅল প্রাং<উপল সং=তুষার; কিংবা ওল্ল প্রাং<আর্দ্র সং]।
৪=[বা]—বিণ. অণ্ডকোষবিশিষ্ট, হোলা (বিড়াল কুকুর) ।। ওলা বিলাই। [<হোলা]।
৫=[ম]—ক্রি. বিণ. ঐভাবে ।। ওলা আটিও।
৬=[চা, চট্ট]—বি. বৃষ্টির সহিত পতিত শিলা ।। [উঅল প্রাং<উপল সং]।
৭=[কুম]—বিণ. সেরা, শ্রেষ্ঠ ।। ঐ বর ব্যাডাডা পালের্‌ ওলা। [<আওলা اولی আং]।
৮=[চট্ট]—বি. মিষ্টি বিশেষের নাম ।। চাহার্‌ ওলা বর ভালা।

ওলাওলা=[পা]—বিণ. মোটাসোটা ।। মোরগ্‌টা ব্যাশ্‌ ওলাওলা। [অনু.]।

ওলাক্‌খনে=[ফ]—বিণ. লক্ষ্মীছাড়া, অলক্ষুণে ।। তোমার্‌ মত ওলাক্‌খনে লোক্‌ নাই। [<অলক্ষণে <অলক্ষণ সং+এ<ইয়া প্র.]।

ওলাক্‌খানা=[রা]—বিণ. ধ্বংসকারী ।। [<অলক্ষনা<অলক্ষণ সং+আ]।

ওলাগুড়্‌=[খু]—বি. ঝোলাগুড় ।।

ওলাডাবা=[খু]—বি. খেলা বিশেষ, গরুর গাড়ীর দুই প্রান্তের ভারসাম্য বজায় রাখিয়া ছেলেমেয়েদের এক প্রকার খেলা ।। [<ওলা দাবা; গাড়ির পিছে ভারী হইলে ওলা এবং সামনে ভারী হইলে দাবা; দেখ ওলার্‌; দাবা√ দাব্‌]।

ওলানি=[চট্ট]—বি. নিম্ন ।। [দেখ ওলানো]।
২=[কুম]—বি. গরুর স্তন ।। গাইডার্‌ ওলনিত্‌ দুদে বার্‌ ঐসে।

ওলানো=[চট্ট, কুম]—ক্রি. চুলা হইতে কোন পাতিল তোলা বা নামানো। সালনের্‌ পাইলাড়া ওলাও। [<ওলান <ওআলন প্রাং<অবতারণ সং]।
২=[খু, বা]—ক্রি. অবতরণ করা ।। নায়েত্‌তে ওলাও। [পূর্বে দেখ]।
৩=[ফ, কুম]—ক্রি. তাজা হওয়া ।। বর পিয়াইয়্‌গুলা বিশ্‌টিতে ওলাইয়া উট্‌সে।
৪=[চট্ট]—ক্রি. পাকা ।। গাসের্‌ গৈয়া গুনা ওলাইয়ে।
৫=[চট্ট]—ক্রি. ভিজিয়া নরম হইয়া ফুলিয়া উঠা ।। রুটি পানি পড়ি ওলাই উইঠে। [ওল্ল প্রাং<আর্দ্র সং (নাম ধাতু)+আনো প্র.]।

ওলান্‌=[পা চা]—বি. গাভীর দুধের বাঁট ।। গাইয়ের্‌ ওলান্‌ডা বর্‌।
২=[সি]—বিণ. ওরকম ।। ওলান্‌ কাম্‌ তুমার্‌ উচিত্‌ ঐতয়্‌নি?

ওলাম্‌ গোলাম্‌=[পা]—বি. অসভ্য, নীচ জাত ।। এ্যামন্‌ খাসিঅত্‌ ওল'ম্‌ গোলামেরাই করে। [<ওলাম অনু: +গুলাম غلام আং]।

ওলাম্‌বায়্যা=[পা]—বি. অকর্মণ্য ।। ওলাম্‌বায়্যা হয়্যা আর্‌ কয়্‌দিন্‌ খাবি? [<ওরম্বা]।

ওলারশ্‌=[খু]—বি. ঘোলা রস ।।

ওলার্‌=[রং]—বিণ. গাড়ীর পিছন দিকে বেশি বোঝাই ।। গাড়ি ওলার্‌ হচে। [দেখ ওলাডাবা; ওলার <ওলাড় হিং]।

ওলার্‌ বিশ্‌ খোলায়্‌=[ম]—অব্য. আক্রোশে অন্যকে দোষারূপ ।। তার্‌ লগে না পাইরা বুঝি অহন্‌ ওলার্‌ বিশ্‌ খোলায়্‌ ডাল্‌তাস?

ওলাহ্‌=[রা]—বি. পোড়া ।। কাঁচা ছোলার্‌ ওলাহ্‌ খুব্‌ মজা।

ওলু=[কুম, চা]—বি. উই ।। ওলু কাপর্‌ কাইট্যা নাশ্‌ কর্‌সে।

ওলুইশ্‌=[কুম, চা]—বি. ছারপোকা ।। [<উড়ুশ<উদ্দংশ সং]।

ওলেবালে=[কম]—অব্য. কেহই না (তুচ্ছার্থে) ।। তোমারে কার্‌ ওলে বালে যিগায়্‌?

ওল্যা=[চা]—বি. কালো বড় পিঁপড়ার মত পোকা বিশেষ ।। মিটাইর্‌ মৈদ্দে ওল্যা বরা।

ওল্‌=[ক]—বি. অণ্ডকোষ (ব্যঙ্গার্থে কিছুইনা) ।। তুমি আমার্‌ ওল্‌ বাল। [<হোল]।
২=[চট্ট]—বি. বেঙের ছাতা ।। গরর্‌ কোনাত্‌ ওল্‌ হৈয়ে।
৩=[চট্ট]—বি. স্যাঁতসেতে স্থানে রক্ষিত বস্তুর উপর পতিত শেওলার আবরণ ।। ভরকারিত্‌ পাইলাত্‌ ওল্‌ পৈর্‌গে।
৪=[রং]—বি. এক প্রকার ছোট জাল।।

ওল্কম্=[সি]—বি. গলার ভিতর ।। অগুদ্ডা ওল্কমে ডুহাইয়া দ্যাও। [<হল্কুম حلقوم আং]।

ওল্কা=[চা]—বি. ঘরের দরজা লাগাই- বার খিল ।। ওল্কা লাগাইয়া হোও। [<হুড়কা]।

ওল্কাম্রি=[ফ] — বি. পাপড়ি, অণ্ডকোষের চর্মরোগ ।। ওল্কাম্রি গোয়াইচ'্যা ব্যারাম্ । [<হোল+ কামড়ি]।

ওল্ ক্যালা=[কু]--বি. যাহার গায়ের চামড়া উঠিয়া গিয়াছে ।।

ওল্গা=[ফ]— বি. হোগলা, বড় চাটাই ।। [<হোগলা ; বর্ণ বিপর্যয়]।

ওল্গানো=[চট্ট]—ক্রি. মুখ হইতে ফেলিয়া দেওয়া ।। সাওযালে মুখাকি দদ্ ওল্গাই দিল্ । [<ওগলানো]।

ওল্ গোলান্নি=[ফ]--বি. গণ্ডগোলের সৃষ্টি ।। [বরগলানী ورغلانی ফা.]।

ওল্ডিপুল্ডি=[ন, কুম]—ক্রি. বিণ. ওলট পালট ।। প্যাডের্ বিশে রুগি উল্ডি পুল্ডি খাইতাসে। [উল্টা পাল্টা <অলট্ট পালট্ট প্রাং.<অপর্যস্ত পর্যস্ত সং]।

ওল্ তানি=[রা]— বি. ঘরের চাল হইতে পানি পড়িবার স্থান ।। [<ওলতী+পানী হিং]।

ওল্তি=[কুম]—বি. যে স্থানে ঘরের ছাদের পানি পড়ে ।। ওল্তিত্ খাড়ৈস্ না, বিয্যা যাবি। [<ওলতী হিং]।

ওল্দান্=[চট্ট]—বি, থুথু ফেলিবার পাত্র ।। [<ওগোলদান <উগাল হিং +দান دان ফা.]।

ওল্দি=[ম, বা]—বি. হলুদ ।। তর- কারিত্ ওল্দি বেশি পর্সে। [<হলদি]।

ওল্না=[পা]—বি. নিন্দা ।। পরের্ ওল্না কর ক্যা ? [<উলাহনা হিং <অবগর্হণ সং]।

ওল্না তুল্না = [কুম, চা] বি. খোঁটা বা তুলনা। পাচু' ট্যাহা দিয়াই এত ওল্না তুল্না দ্যাও ? [দেখ ওল্না +তুলনা]।

ওল্বা দ্যাওয়া= [ম]— ক্রি. অধিক খাদ্য এক সাথে গিলিয়া ফেলা ।। ওল্বা দিয়া খাইয়া ফালাও তরাতরি।

ওল্মা=[ম]—বি. রোগাটে অবস্থা ।। গরুডা দিন্ দিন্ ওল্মায় পর্তাসে।

ওল্লা=[ফ]—বি. এক প্রকার বড় পিঁপড়া ।।

ওল্হরি=[চট্ট] — বি. ধন, সম্পদ (ব্যঙ্গার্থে)।। তোঁয়ার্ ওল্হরিত্ আঁর্ কি লাব্ ?

ওল্হরি তুল্হরি=[চট্ট]—বি. ধন, সম্পদ (ব্যঙ্গার্থে) ।।

ওশা=[কুম] -বি. রাজ মিস্ত্রিদের ব্যব- হৃত উপকরণ বিশেষ ।।

২ =[য]—বি. শিশির।। শিতের্ শকালে খুব্ ওশা পড়ে [<ওসা প্রাং<অবশ্যা সং; তুং ওস্ হিং]।

ওশাওশা=[কুম]—বিণ. স্ফীত।। তর্ মুখ্ ওশাওশা মনে অয়্ ক্যা।

ওশাঘর্=[খু] বি. রান্না ঘর ।। [দেখ ওর্শা গর্]।

ওশানো=[খু]—ক্রি. শুরু করা ।। যে কায্ ওশাইসি শ্যাশ্ হলি বাঁচি' ।

২=[খু]—ক্রি. ঢেঁকিতে ধান ভানা ।। [<উঅাসন প্রাং<উৎকাশন সং]।

ওশারা তোলা = [রা]— ক্রি. কোন কাজের শুরু করা ।। তুইতো ওশারা তুল্লি।

ওশারানো=[রা]--ক্রি. ধান ইত্যাদি শুকাইতে ঢালিয়া দেওয়া ।।

ওশারে পোশারে=[রং]— ক্রি. বিণ. দৈর্ঘ্যে প্রস্থে ।। জামাটা বেশ ওশারে পোশারে আছে। [<ওসারে+প্রসারে ; দেখ ওসার্]।

ওশার্=[দি]—বিণ. প্রশস্ত, চওড়া ।। [<অবসার]।

ওশিগ্ পোশাক্=[খু]— বি. জামা- কাপড় ।। ওশিগ্পোশাকে শব্ ট্যাকা খরচ্' । [<ওশিগ অনু:+পোশাক]।

ওশ্যা=[ক, বা]—বি. রান্না ঘর ।। [দেখ ওশাঘর্]।

ওশুন্=[রং]—বি. রশুন ।। [<রসুন]।

ওশোক্=[ম]—বি. এলাকা ।। আপ্না ওশোকের্ মায়া ক্যাডায় সার্তো চায় ?

ওশোধ্= [য]—বি. ঔষধ ।। ওশোধ্ খাবিনে। [<ঔষধ]।

ওশ্= [ম, চা] — বি, শিশির, ঠাণ্ডা হাওয়া ।। শিতের্ রাইত্ ওশ্ শৈয্য অয়্ না। [দেখ ওশা]।

ওশ্কা=[চট্ট]—বি. ফুলা ।। রোগে পোয়াউয়ার্ মুখ ওশ্কা ঐয়ে। [<ফোস্কা]।

ওশ্কাটি=[দি]—বি. চুল্লীতে আগুন ঠেলিবার কাঠি ।।

ওশ্কাল্=[সি]—ক্রি. বিণ. অসময়ে।। হিতে এ্যাকেবারে ওশ্কালে আইসে। [<অ+সকাল]।

ওশ্টানো = [রং] — ক্রি. সঙ্গমেচ্ছা হওয়া ।। বক্রিটা ওশ্টাল্ কবে ?

ওশ্নাই= [চা] — বিণ. কিছু কম শুকনা ।। ওশ্নাই দান্ বান্লে চ'াইল্ বাইংগা যায়্ । [অ+শুকনা+ই প্র.]।

ওশ্নানো=[ফ]—ক্রি. আধাভাজা করা। মাছ্গুলি ওশ্নাইয়া রাখ্ ।

ওশ্মারা=[রং]—বি. অন্যের বাড়ী।। দাওটা ওশ্মারা থাক্যা আন্।

ওশ্মিশ্=[ব, রা]—বি. মিশ্রণ ।। তেলে পানি ওশ্মিশ কৈর্য্যা ঘায়ে দ্যাও। [<ওশ অনু:+মিশ্=মিশ্রণ]।

ওশ্শা=[বা]—বি. খাবার ঘর (রান্না- ঘর) ।। [দেখ ওশ্যা]।

ওশ্শি=[বা]— বি. শিম ।। ওশ্শির্ শ্যার্ কত ?

ওসা=[চা, ফ]—বিণ. আগুনের তাপে শুকানো বা ভাজা ।। ওসা দানের্ বাতে মযা কম্ ।

২ =[কুম]—বি. বাঁশের অথবা কাপড়ের তৈরী মাছ ধরার ত্রিকোণাকার যন্ত্র বিশেষ।

৩ = [চা] — বিণ. বাছা, সেরা ।। বাবারেত্তন্ ওসা বিনিশ্ কিন্যা আইন্নন ।

৪=[কুম]—বি. ধান ভানার মুষল বা দণ্ডের মাথার লোহার বেষ্টনী ।। [দেখ ওঁচা]।

ওসা বাইতে যারি গাম্‌=[না]—ধান ভানিতে শিবের গীত।। ওসা বাইতে যারি গান্‌ যুইর না, আমি কৈ কি আর্‌ তুমি কও কি ?

ওসাওসা=[ফ]—ক্রি. বিণ. তুচ্ছ তাচ্ছিল্য ।। আমারে ওসাওসা বাব ক্যান্‌ ? [উশ্+তুচ্ছ]।

ওসাওসি=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি।। ওসাওসি কৈরা কাম্‌ডা কর।

ওসাগাইরা=[ম]—বিণ. কাণ্ডজ্ঞানহীন।।

ওসার্‌=[কুম]—বি. বহর ।। কাপর্‌ডার্‌ ওসার্‌ কত ? [<ওসার<প্রসার=প্রসার]।

ওস্থলন্‌=[কুম]—বি. বৃদ্ধি, বাড়।। মির্‌গি ব্যামোডা তার্‌ ওস্থলন্‌ দিসে। [<উচ্ছলন]।

ওসোড়্‌=[খু]—বি. হোঁচট ।। এত ওসোড়্‌ খাস্‌ ক্যান্‌ ? [<আছাড়]।

ওসোহাত্‌=[খু]—বি. সামর্থ ।। আমার্‌ ওসোহাত্‌ নাই। [রস্‌'আত رسعت আ:]।

ওস্‌=[ফ]—বি. উদ্ধার ।। ওস্‌হার্‌ সেতো অহন্‌ আমার্‌ কাসে্‌ আইব্যা ক্যা ?

২=[চা]—অব্য. এখন।। আমি ওস্‌ যাইতাম্‌ পার্‌তাম্‌ না।

ওস্‌কা=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ।। ওস্‌কা টান্‌ দিও না, দুক্‌খু পাইয়াম্‌। [উচ্‌কা হিং]।

ওস্‌তা=[ব, ফ]—বি. যে খতনার কাজ করে, হাজ্জাম।।

ওস্‌তাযি=[ম]—বি. দক্ষতা ।। এ কামে তার্‌ বেশ্‌ ওস্‌তাযি আসে। [দেখ ওস্‌তায+ই]।

ওস্‌তায্‌=[ম]—বি. ওস্তাদ ।। তাইন্‌ আমার্‌ ওস্‌তায্‌। [<উস্‌তায اُستاد আ: অথবা <উস্‌তাদ اُستاد ফা.]।

ওস্‌তারা=[চট্ট]—বি. ক্ষুর ।। ওস্‌তারা বর ধার্‌। [<উস্‌তুরা اُسترا অথবা উস্‌তুরহ اُسترہ ফা.]।

ওস্‌থুর্‌=[চা]—বিণ. পূর্ণ যুবতী ।। [<স্ত্রী]।

ওস্‌ফোর্‌=[ম]—বি. মীমাংসা ।। দুই দিন্‌ বাদে এই ডার্‌ এক্‌টা ওস্‌ফোর্‌ কর্‌বাম্‌। [দেখ ওচ্‌পার্‌]।

ওস্‌লা=[কুম]—বি. পশলা ।। এক্‌ ওস্‌লা ম্যাগ্‌ ঐসে। [<পশলা]।

ওহা=[চট্ট]—অব্য. হায় হায়, আবেগব্যঞ্জক ।। ওহা। হিতে বুঝি আর্‌ ন আইব। [<ও হায়]।

২=[পা]—বি. হুক্কা ।। ওহাটা হাবায়্যা আন্‌। [<হুঁকা]।

৩=[পা]—বি. বোকা ।। ওহার্‌ মত কাম্‌ডা কর্‌সাও।

ওহি=[কুম]—বি. মাথার চুল টানিয়া ফুটান ।। নাতিন্‌ লো আমার্‌ মাথাত্‌ কয়্‌ডা ওহি দে।

ওহে=[দি]—সর্ব. সে ।। ওহে কার্‌ ব্যাটা ? [<ও=অতিরিক্ত শব্দ+হে<সে]।

ওহো=[কুম]—অব্য. না-সূচক ।। ওহো আমি খাইতাম্‌ না। [<উঁহু]।

ওহোনি=[য, পা]—ক্রি. বিণ. ঐ স্থানে, ওখানে।। বৈডাতো ওহোনি আসে। [<ওখানে]।

ওহোন্‌তনে=[ফ]—ক্রি. বিণ. সেইখান হইতে ।। ওহোন্‌তনে কে আইল্‌ ? [ওহোন + তনে; ওহান < ওস্থান; তনে—খনে অপাদানের বিভক্তি]।

ঔ

ঔ=[সি]—অব্য. ঐ ।। ঔ যে দ্যাহা যায়্‌। [<ঐ]।

২=[পা]—অব্য. ওহে ।। ঔ গাওয়া, তোর্‌ খানস্‌ ক্যা ? [<ও=ওহে]।

ঔঁল=[চট্ট]—বি আঙ্গুল ।। 'ঊয়্‌ ঔঁলে খি ন উডে'। [<আঙুল]।

ঔগ্যা=[ফ]—অব্য. [illegible] ।। ঔগ্যা তোমার্‌ কি অয়্‌ ? [... +গা=টা]।

২=[কুম, নো]—বিণ. একটা ।। আমারে ঔগ্যা দে, খাই। [<এক+উযা অথবা এক্+গা (=টা অর্থে)]।

ঔগ্যা ক্যাম্‌রা=[কুম, নো]—বি. বড় কাঁকড়া ।। চ'রে বর বর ঔগ্যা ক্যামরা গাওয়া যায়্‌। [<ঔগ্যা+কাঁকড়া]।

ঔগ্‌গুয়া=[চট্ট]—বিণ. একটা ।। ঔগ্‌গুয়া ট্যাঁয়া দ্যাও [<এক্=এক+উয়া প্র.]।

ঔগ্‌লা=[কুম]—বিণ. একটা ।। ঔগ্‌লা ট্যাহা দে। [<এক+লা=টা]।।

ঔঝাপ্‌=[চট্ট]—বি. আবর্জনা, জঞ্জাল।। ঘরত্‌ ঔঝাপ্‌ ভরা। [দেখ আউঝাপ্‌]।

ঔট্‌টে=[কুম, নো]—বি. হরিতকী ।। ঔট্‌টে খাইতে খুব্‌ মযা। [<হরটই<হরতই<হরতকী]।

ঔঠে=[রা]—অব্য. ঐখানে ।। ঔঠে আবি ক্যানে ? [<ঐ+ঠাঁই]।

ঔডা=[চট্ট]—অব্য. ও বেটা, হে, ওহে (তুচ্ছার্থে) ।। 'ওডা ডাইলে ঘোডা খায়্‌'। [<ঐ+বেটা]।

ঔতাত্‌=[কুম]—বি. এতদঞ্চলে।। ঔতাত্‌ দান্‌ খুব্‌ বালা হয়্‌। [=ইহাতে]।

ঔতানি কতা=[সি]—অব্য. ইহা নাকি কথা ।। আমার্‌ ট্যাহা দিবা না, ঔতানি কতা ? [<এই+তানি(=টুকু)]।

ঔত্‌=[সি]—ক্রি. বিণ. এইখানে।। আমি ঔত্‌ আসি। [<ঐ+তে<ঐ স্থানে]।

ঔত্‌তা পৌত্‌তা=[চা]—বিণ. বাজে. অতিরিক্ত, অকেজো ।। দাওরাত বাসেত্‌

মানু এ্যাকটাও আহে নাই, খালি ঔত্‌তো পৌত্‌তা আইসে। [অনু.]।

ঔত্‌তো=[সি]—অব্য. এই যে।। ঔত্‌তো হিতে বারিত্‌ আইসে। [<এইতো]।

ঔদ্‌দা=[সি]—বি. অনুগ্রহ, অহঙ্কার, উপকারের কথা ।। এ্যাত ঔদদা দ্যাখাও কিতা ? [<ঔদ্ধত্য ; তুং হুদ্দা (চট্ট)]।

২=[বা. খু. সি]—বি সীমানা, জমির আইল ঠিক রাখিবার তৃণ বিশেষ।। [<চন্দ্র ১৯ আং]।

ঔনিয়া=[বা]—বিণ. যাহা হইবার ।। যা ঔনিয়া তা নিয়া এ্যাত গুন্‌গুবি লাগ্‌বো না। [<হওনীয়]।

ঔনু=[সি]—অব্য. এই যে।। ঔনু নাওখান্‌ দ্যাহা যায়। [ঐ+যেন]।

ঔন্‌=[চট্ট]—বি. আগুন।। [<আগুন <আগুনি<অগ্‌নি প্রা:<অগ্নি সং]।

ঔন্‌গা=[চট্ট]—অব্য এখনই ।। ঔনগা অ'াই ন যাইয়ুম। [ঔন্‌<এখন+গা <কা, তুং আজিকা, কালিকা]।

ঔম্যা=[কুম]—অব্য. বিস্ময়সূচক ।। ঔম্যা, তোমার্‌ আবার্‌ কি ঐল্‌ ? [<ওমা]।

ঔরপি=[কুম]—বি. ছল চাতুরী ।। ঔরপি কর্‌নের্‌ যাগা পাওনা বুঝি।

ঔরাদারা=[কম]—বি মৌখিক বা কৃত্রিম সমবেদনা ।। নে নে, আর্‌ ঔরাদারা দ্যাহাইস্‌ না।

ঔর্‌=[চট্ট]—বি. আড়াল ।। ঔরে গিয়াই চ'। [<আড় কিংবা অপর]।

২=[চট্ট]—বি. উপর ।। ঔরে যাই ইডা মারে ক্যাডা ? [<ওপর<উপর]।

ঔলাকান্‌=[সি]—ক্রি. বিণ এইভাবে।। ঔলাকান্‌ কয়া কতা হে আমারে কৈল্‌।

ঔলানো=[চট্ট]—ক্রি. পথরোধ করা, বাধা দেওয়া ।। ফির্‌বার্‌ পথত্‌ হিতারে ঔলিস্‌। [<আগলানো]।

ঔল্‌=[চট্ট]—বিণ. আকুল ।। পোয়ারে দ্যাহনের্‌ লাই ঔল্‌ হৈয়ে। [<আউল <আকুল সং]।

ঔল্‌কুল্‌=[কুম]—বি. আশ্রয়, উপায় ।। আর ঔল্‌কুল্‌ দেখি না। [ঔল্‌<উর =এপার+কুল=ওপার]।

ঔল্‌খৌল্‌=[চট্ট]—বিণ. এলোমেলো ।। যিনিশ্‌ পত্তর্‌ ঔল্‌খৌল্‌ গরি ফ্যালাইয়ে। [আউল্‌ খাউল্‌ ; আউল্‌=এলোমেলো, খাউল্‌ অনু: , তুং আউলখাউল]।

ঔল্‌যারা=[কুম]—বিণ. সর্বকনিষ্ঠ ।। এইডা তার্‌ ঔল্‌যারা পোলা। [<হোল =অণ্ডকোষ+ঝাড়া = উজাড় করা ; ঝাড়িয়া ফেলা]।

ঔল্‌ফাল্‌=[কুম]—বি. রাগের মাথায় হাত পা নাড়া ।। অত ঔল্‌ফাল্‌ করস্‌ ক্যারে ? [ঔল্‌ অনু:+ফাল= লাফ]।

ঔশুদ্‌=[কুম, চা]—বি. ঔষধ ।। প্যাডের্‌ ব্যারামের্‌ ঔশুদ্‌ খাও। [<ঔষধ]।

ঔসানো=[চট্ট]—ক্রি. বাধা দেওয়া ।। ফির্‌বার্‌ পথত্‌ হিতারে ঔসিস্‌। [দেখ ঔলানো]।

ই

ই=[চা]—বিণ. এই ।। ই কতা কৈস্ না। [<এই]।

২=[কুম]—অব্য. অবজ্ঞাসূচক ধ্বনি, কী ।। ই, কিতা কৈলা ? [<ই:]।

ইঅত্=[চট্ট]—ক্রি. বিণ. এইখানে ।। [<এইখান+ত (সপ্তমীর বিভক্তি)]।

ইআদ্রা=[সি]—ক্রি. বিণ. ইদানিং ।। ইআদ্রা আমি যাইতাম্ নায় ।। [<এই আজিকার]।

ইআন্ = [চট্ট] — বিণ. এইটি ।। [<এইখান]।

ইও=[সি]—সর্ব. ইয়ে—সাধারণতঃ কোন কিছুর নাম মনে না থাকিলে বলা হয় ।। [<ইহা]।

ইওনু=[চট্ট]—ক্রি. বিণ.<এখনই ।।

ইওল্=[বা]—বি. হিমেল বাতাস।। [<হীওল<শীঅল<শীতল]।

২=[কুম]—বি. পশুর সঙ্গমেচ্ছা ।। গরুডা ইওল্ গ্যাসে।

ইং=[কুম]—বি. হিং ।। এক তোলা ইং আইন্‌ন। [<হিং<হিঙ্গু সং]।

ইংকরা=[খু]—ক্রি. এইরূপ করা, কোন ভঙ্গিমা নকল করা ।। [<এই করা]।

ইংকা=[রা]—ক্রি. বিণ. এই রকম ।। তুই জে ইংকা কর্‌বু.তা মুই জানো। [<এই+কা প্র.]

ইংকার্—[কুম,চা]—বি. ঘৃণা ।। কেঐরে ইংকার কৈর না। [<ইন্‌কার إنكار আং (=অস্বীকার)]।

২=[পা]—বি. অহঙ্কার, গর্ব ।। গরিবের্ ইংকার্ নাই। [<অহঙ্কার]।

ইংকিত্ করা=[চা]—ক্রি. ঘৃণা করা ।। গরিবেরে ইংকিত্ কৈর না। [<ইঙ্গিত করা]।

ইংকুরা=[বা]—বিণ. হিংসুটে ।। হিংকুরা বাই। [দেখ ইংকার্]।

ইংকুরাপনা=[বা]—বি. ঈর্ষ্যাপরায়ণতা ।। ইংকুরাপনা করা কি তোমার্ শোবা পায়। [দেখ ইংকুরা+পনা প্র.]।

ইংগাইংগা করা=[খু]—ক্রি. তোষামোদ করা ।। ওকে ইংগাইংগা কর্‌সো ক্যারে। [<আজ্ঞা আজ্ঞা করা]।

ইংগানো=[বা]—ক্রি. গুতা দেওয়া, শিং দিয়া আঘাত করা ।। শার্‌টা বর ইংগায়। [<শিংগান, শিং<শৃঙ্গ; নামধাতু]।

২=[য]—ক্রি. বিদ্ধ হওয়া ।। খালি পায়ে হাঁট্‌তে কাঁটা ইংগে গ্যাল্। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

ইংগাল্=[বা]—বি. পান ইত্যাদিতে যুক্ত পোকার বাসা ।। পানে ইংগাল্ দ্যাহা যায়।

ইংগি=[রং]—বি. জামা ।। [অঙ্গরক্ষক শব্দের স. রূ.]।

ইংগ্যাত্=[ফ]—বি. অবজ্ঞা ।। কেঐরে ইংগ্যাত্ কৈর না। [দেখ ইংকিত্ করা]।

ইংটানো=[চা]—ক্রি. ক্ষতিকরা ।। ওকি তোমারে ইংটাইসে ? [ইংটা <ইষ্টঅ <ইষ্টক+আনো প্র.; নামধাতু]।

ইংরিশন্, ইংরেশন্, ইংলিশন্ = [কুম, পা]—বি. ইন্‌জেক্‌শন ।। আমি ইংরিশন্ দিতাম্ না। [<ইন্‌জেক্‌শন injection ইং]।

ইংশা = [কুম, চা, সি]—বি. হিংসা ।। [<হিংসা]।

ইঁকিড়া=[রা] — বি. নলখাগড়া ।। [<উখ্‌খড়া<উলুখড়; অক্‌রা হিং]।

ইঁক্‌কা=[চট্ট]—বি. এদিকে ।। ইঁক্‌কা আইও যাই। [এই মুখিয়া<এই মুখ+ইয়া প্র.]।

ইঁক্‌ড়া=[রা]— বি. খড় ।। [দেখ ইঁকিড়া]।

ইঁক্‌রা=[রা]—বিণ. হিংসুক ।। [দেখ ইংকুরা]।

ইঁচ্‌র্=[ব] — বিণ. দুষ্ট প্রকৃতির, নাছোড়বান্দা ।। [<ইতর]।

ইঁচ্‌া=[পা]—বি. চিংড়ি মাছ ।। [দেখ ইচিং, ইচিলা, ইচ্‌লা]।

ইঁটা=[পা]—বি. মাছ বিশেষ ।। ইঁটা মাসের কাঁটা বড়।

ইঁয়ান্=[নো, চট্ট]—সর্ব এইটি, ইহা ।। [<এই+খান]।

ইকরিয়া=[ম]—বি. হাঁড়ি পাতিলের ভাঙ্গা টুকরা ভর্তি জমি।। ইকরিয়া যমিত্ ফশল্ অয় না। [দেখ ইকর্ + ইয়া প্র.]।

২=[সি]—বি. ক্ষুদ্র পাখি বিশেষ ।।

ইকর্=[ম,সি]—বি. নল খাগড়া জাতীয় তৃণ, এক রকম ছোট গাছ ।। ইকরের্ কলম্ বালা অয়। [দেখ ইঁকিড়া]।

২=[কুম]—বি. বাঁশের ছোট টুকরা ।। তার্ পাওত ইকরের্ খোচা লাগ্‌সে।

ইকর্‌বিকর্=[ব]—ক্রি. বিণ. ইতস্ততঃ ।। [অনু.]।

ইকা=[সি]—বি. বুকের পার্শ্ব ।।

২=[সি]—বি. গরুর পিছনের দুই পায়ের সন্ধিস্থল।। গরুর ইকা বায় পার্ মারি ধর্‌লায় নি ?

ইকান্ হিকান্=[সি]—বি. সর্বস্থান, এইস্থান ও সেইস্থান ।। আমার লাগ্যা ইকান্ হিকান্ শমান। [<এখান সেখান]।

ইকারি=[ম]—বি. পানদান ।। ইকারিত্ পান্ নাই।

ইকিরিমিকিরি কথা=[ম]—বি. দুর্বোধ্য কথা ।। শাহেব্‌গো ইকিরিমিকিরি কথা বুঝি না। [অনু.]।

ইক্=[কু,পা]—সর্ব. ইহাকে ।। [<ইহাক <ইহাকে]।

ইক্কা=[কুম]—বি. কাশিতে কাশিতে শ্বাস বন্ধ হওয়ার ভাব ॥ [<হিক্কা]।
উফা=[সি]—বি. স্থায়ী ।। ঐ বারির্‌ মানুশ্‌ও উফা অয়্‌ না। [দেখ উফয়্‌]।

উফাং=[বা]—বি. উল্টা পথ ।। লোক্‌টা আইয়্‌কাইল্‌ উফাং দৈর্‌ সে।

উফাদিগ্‌=[রা]—বিণ. প্রয়োজনাতিরিক্ত, বাড়্‌তি, অযোগ্য, নিকৃষ্ট ।। উফাদিগ্‌ খাবার্‌ গরিব্‌কে দাও। [<উপ (অতিরিক্ত)+অধিক]।

উফাধিক্‌=[রা]—বিণ. অকেজো ।। উফাধিক্‌ কাকর্‌ বের্‌ করে দাও।

উফাশ্‌=[চা, সি]—বি. উপবাস ।। কয়্‌ দিন্‌ উফাশ্‌ থাহা যায়্‌ ? [দেখ উপাশ্‌]।

উফিডুফি=[রা]—বিণ. অত্যন্ত বেশী ।। খাওয়া একেবারে উফিডুফি হৈছে।

উফুইত্‌=[কুম]—বি. উপুড় ।। উফুইত্‌ কৈরা রাখ্‌। [দেখ উপোত্‌]।

উফে=[খু]—বি. আগায় হুক লাগানো বাঁশের দণ্ড ।।

উফ্‌ কথা=[য]—বি. রূপকথা ।। উফ্‌ কথা শুন্‌তে ভাল লাগে। [<রূপকথা]।

উফ্‌পাওয়া=[সি]—ক্রি. প্রশ্রয় পাওয়া। [দেখ উপ্‌]।

উফ্‌ ফুরাইয়া=[ফ]—ক্রি. বিণ. হঠাৎ ।। উফ্‌ ফুরাইয়া তোমার্‌ কথা মনে পর্‌লো।

উফ্‌রা=[সি]—বিণ. সমাজচ্যুত ।। উফ্‌রা মেয়ে।

২=[সি]—বিণ. অতিরিক্ত, অবশিষ্ট, উদ্‌বৃত্ত ।। উফ্‌রা বিনিশ্‌ পাই না। [<উপরা ; উপর+আ (স্বার্থে) কিংবা রাফির رافر আং=প্রচুর]।

উফ্‌রানো=[চা]—ক্রি. তুলিয়া ফেলা ।। তুফানে গাস্‌টা উফ্‌রাইয়া হালাইসে। [<উপ্‌রানো<উৎপাটন]।

উফ্‌রি=[সি]—বি. কলেরা, ওলাউঠা ।। হি বারিত্‌ উফ্‌রি লাগ্‌সে। [<উপরি=ওঠা ; যেমন ওলা উঠা]।

উফ্‌রি বাব্‌=[চা]—বি. রোগ বিশেষ (যে রোগ হইলে দাঁত কিড়মিড়ায় ও হাত পা ঠানে) ।। সেরিডার্‌ উফ্‌রি বাব্‌ ঐসে। [দেখ উপ্‌রি+ভাব]।

উফ্‌র‍্যাদ্‌=[ফ]—বি. তোষামোদ ।। সে এম্‌নে আশে বালা, আমি উফ্‌র‍্যাদ্‌ 'করে আন্‌তে চ'াইনা। [<উপরোধ]।

উবত্‌=[রং]—বিণ. ঊর্ধ্ব ।। উবতের্‌ মুখি চাশ্‌ ক্যাঁ ? [<উত্ত প্রাং<ঊর্ধ্ব সং +ত<ত্য সং যথা নিতি<নিত্য সং]।

২=[ব]—বিণ. চিৎ ।।

উবদ্‌=[রা]—বিণ. ঊর্ধ্বমুখী ।। উবদ্‌ হয়ে কি দ্যাকোচেরে ? [দেখ উবত্‌]।

উবরৈন্‌না=[নো]—বিণ. অতিরিক্ত। উবরৈন্‌না বাত্‌ হালাই দে। [<উপরি +না প্র.[।

উবল্‌, উবোল্‌=[খু]—বি. সন্ধান ।। তার্‌ উবল্‌ পালে কি ?

উবস্‌তর্‌=[সি,চা,ফ]—বিণ. উলংগ ।। উবস্‌তর্‌ মাইয়া। [উ(=অ)+বস্তর <বস্ত্র]।

উবা=[চট্ট]—বি. সোজা, খাড়া ।। উবা ঐ খাড়াও। [<উত্ত প্রাং<ঊর্ধ্ব সং]।

২=[ম]—বি. মূর্তি ।। উবার্‌ মতন্‌ খারৈয়া রৈসশ্‌ কেরে ? •

৩=[সি]—বি. মহামারী ।। তোরে উবায়্‌ নেউখ্‌। [ববা وبا আং]।

৪=[সি]—বি. অস্থায়ী ঘর ।। দানের্‌ লাগি এখান্‌ উবা বানাই লও।

উবাইত্যা=[ফ]—বি. খোঁচা লাগিয়া উঠা চামড়া ।। [দেখ উপ্‌তা]।

উবাং=[রং]—বিণ. চঞ্চলমতি, অবিশ্বাসী ।। হোটা এক্‌টা উবাং লোক্‌।

উবাংগি=[রং]—বিণ. চঞ্চলমতি ।। তুই উবাংগিটার্‌ কথা বাদ্‌ দে।

উবাং মার্‌কা=[রং]—বিণ. চঞ্চলমতি, অবিশ্বাসী ।। তোর্‌ মত উবাং মার্‌কা আর্‌ নাই। [দেখ উবাং+মার্কা< Marca পোর্ত্তু.]।

উবাচি'ক্‌=[সি]—বি. উপর্যুপরি চীৎ'কার ।। [উভ+চিক্‌ <চিক্কার < চিৎকার ; তুং উভরায়]।

উবাত্যা=[ফ]—বি. পায়ের তলার উঠা চামড়া ।। উবাত্যা উঠ্‌লে হাটুতে কশ্‌টো হয়্‌।

উবাদ্‌দারা=[পা]—বি. উৎপাত, ছোটখাটো অত্যাচার, ছুটাছুটি ।। সেলেপেলের্‌ উবাদ্‌দারায়্‌ টেহা দায়্‌। [< উপদ্রব]।

উবানো=[সি]—ক্রি. দাঁড়ানো ।। উবাইয়া রৈলায়্‌ কেনে ? [উবা<ঊর্ধ্ব+আনো প্র. (নামধাতু)]।

২=[পা, রং]—ক্রি. বহন করা ।। তুই খুব্‌ ভার্‌ উবাইশ্‌। [উব্বহন প্রাং <উদ্‌বহন সং]।

৩=[চা]—ক্রি. জড়াইয়া কথা বলা ।। করিম্‌ উবাইয়া কতা বলে।

৪=[চা] — ক্রি. শস্য বোনার পর পুনরায় জমিতে চাষ দেওয়া ।। এখন্‌ না উবাইলে খেতে দান্‌ যালাইত না।

উবারন্‌=[কুম, নো]—ক্রি. মূলোচ্ছেদ হওয়া, সমূলে উৎপাটিত হওয়া, ধানক্ষেত ভাঙিয়া পুনরায় বপন করা ।। [<উপাড়<উপ্পাড়ণ প্রাং<উৎপাটন সং]।

উবার্‌=[পা]—বি. বিশ্রাম ।। একটু উবার্‌ নেও। [অবসর]।

২=[রা]—বি. নিরন্তর প্রবহমান উৎস, কূপ ।। বোরো ধান্‌ উবারের্‌ জলে হয়্‌।

উবাশ্‌=[রা]—বি. উপবাস ।। শারাদিন্‌ উবাশ্‌ আছোঁ। [দেখ উপাশ্‌]।

উবি=[সি, য, খু[—বি. খাড়া, চতা ।। গর্‌খানির্‌ উবি আট্‌ আত্‌। [<উব <উত্ত প্রাং<ঊর্ধ্ব সং+ই প্র.]।

২=[কুম]—বি. বাঁশের দরজার খুঁটি ।।

৩=[নো, ক]—বি. ঘরের বেড়ার

কাঠ।। উবি বালা না ঐলে বেরাও বালা অয়্ না।

৪=[ঢা]—বি. নৌকায় দাঁড় বাঁধিবার জন্য ব্যবহৃত বংশ খণ্ড।।

৫=[য]—বি. গভীরতা।। গর্ তটাব্ উবি দুই হাত্।

উবু=[ঢা, ম]—বিণ. পিছনের দিকে খোঁপার আকারে উঁচু।। উবু কৈরা চু'ল্ বান্দো। [<উব<উত্ত প্রাং <উর্ধ্ব সং। উ সমীভবনে যথা উচু <উচ্চ]।

উবুইত্=[কুম]—ক্রি. বিণ. উপুড়।। উবুইত্ ঐয়া হুইত না। [দেখ উত্]।

উবুঝরন্–[কু]–ক্রি. বিণ. অঝোরে, বিরামহীন ভাবে।। মেয়েটা উনুঝরনে্ কাঁদ্সে।

উবুডুবু–[ঢা]—বি. অসুবিধা।। এই বসর্ আমি খুব্ উবুডুবুত্ আসি।

উবুড়্–[খু]—ক্রি. বিণ. উপুড়।। উবুড়্ হয়ে শুইও না। [ওবুড়<ওমুণ্ড প্রাং< অবমূর্দ্ধা কিংবা<অবমুণ্ড সং]।

উবুত্লেংরা—[কুম]–বি. চোর কাঁটা।। উবুত্লেংরা কাপ্রে লাগ্লে পর্তো চ'য়্ না।

উবুদি–[পা]—বিণ. রূপসী।। উবুদি। কন্যা। [<রূপবতী]।

উবুদ্–[ঢা]–বিণ. উলটা।। কল্শিডা উবুদ্ কর। [দেখ উত্]।

উবুরি=[বা]—বি. কাঠের বড় নৌকা।।

উবুরায়্–[গ]—ক্রি. বিণ. উচ্চৈঃস্বরে।। উবুরায় ডাক্ না দিলে গুমেত্তে উটত না। [উন্ত<উর্ধ্ব+রায়<রব]।

উবুস্তুর্=[ডা]—বিণ. উলঙ্গ, ন্যাংটা, বয়স্ক।। কত বর মাইয়াডা উবুস্তুর্ ঐয়া রৈসে। [দেখ উবস্তর্]।

উবুহু=[ম]—বিণ. হুবুহু, অবিকল।। যেমন আসিল্, উবুহু তেমনৈ আসে। [<হুবহু<হুবহু هوبهو আং <সে সেই]।

উবে=[ফ]—অব্য. একেবারে।। আমার্ কাসে উবে এক্টি ট্যাহাও নাই।

২=[সি]=বি. উচ্চতায়।। গর্ডা উবে পুনর আত্। [<উন্ত প্রাং<উর্ধ্ব সং]।

৩=[ম, ঢা]—ক্রি. বিণ. সম্পূর্ণরূপে।। তুপানে বারিগর্ উবে বাইংগা গেসে।

উব্যাযালা=[পা]—বি. ঘোর বিপদ, উপায়হীনতা, জলে কুমীর ডাঙায় বাঘ থাকার মতো অবস্থা।। [উভয়+জ্বালা]।

উবৈরা যাওয়া=[ঢা]—ক্রি. খাওয়ার পর উদ্বৃত্ত থাকা।। বাত্ অনেক্ উবৈরা গেসে।

উব্—[কুম]–বি. গভীরতা, পুরুত্ব।। চ'াইর ইন্চি' উবে মাডি কাড। [দেখ উবে]।

২=[কুম]—বি. আনন্দ।। বেশি উব্ বালা না। [হুব্ব حب আং=ভালবাসা; দেখ উপ্]।

৩=[ফ]—বি. উচ্চতা।। তোমার্ গরের্ উব্ কয়্ আত্? [দেখ উব্]।

উব্জশ্যা=[বা]—বিণ. অনাহুত, অযাচিত।। উব্জশ্যা কথার্ দাম্ নাই।

উব্জানো=[রং]—ক্রি. উৎপন্ন হওয়া।। ঐ খেতত্ মেলা ধান্ উব্জায়্। [<উপজানো; উপজ<উপ্পজ্জ প্রাং< উৎপদ্য সং+আন প্র.]।

উব্ড়ানো=[রা]—ক্রি. তুলিয়া ফেলা।। ঘাশ্গুলা উব্রে ফেল্। [<উপ্ড়ানো <উৎপাটন]।

উব্দা=[ম]—বিণ. উল্টা, উপুড়।। উব্দা কাম্ কৈর না। [<অবমূর্দ্ধা সং; অঁওধা হিং; দেখ উত্]।

উব্দাইন্না=[সি]—বিণ. ঢালু, খাড়া।। উব্দাইনা যায়্গা দিয়া চ'লা কশ্টোকর্। <উব্ধা<উর্ধ্ব সং+ইনা প্র.]।

উব্দাচে'াখা=[ব]—বিণ. উর্ধ্বদিকে চোখ যার, অন্যমনস্ক।। এমন্ উব্দা চে'াখা সেলে আর্ দেখি না। [উব্দা< উদ্ধ<উর্ধ্ব সং+চোখ+আ প্র.]

উব্দ্যা=[ফ]—বিণ. উলটা।। একেবারে উব্দ্যা বেপার্। [দেখ উব্দা]।

উব্দো=[কু]—ক্রি. বিণ. বিনা আসনে বিনা পিঁড়িতে।। ভাত্ খাওয়ার্ শময়্ উব্দো হয়ে বশা বিসৃষ্টি দেখায়্। [দেখ উব্দো চে'াখা]।

উব্দো উঠা=[খু]—ক্রি. হাত পায়ের নখ কাটিতে চামড়া উঠা।।

উব্দো খাব্দো=[য]—বিণ. অসমান।। উব্দো খাব্দো রাস্তা। [তুং এবড়ো খেবড়ো; অনু.]।

উব্নানো=[রং]—ক্রি. বহন করা।। [দেখ উবানো]।

উব্বুত্=[ম]–বি. উপুড়।। উব্বুত্ ঐয়া কি বাত্ খাওয়া যায়্? [দেখ উত্, উপ্তা, উবুদ্, উবুইত্]।

উব্বে=[সি]—অব্য. শিন্নি মানিতে ছেলেরা প্রথমে এই শব্দ উচ্চারণ করে।। 'উব্বে। শিকি লবে শিকি লরে, শিকি বাইয়া টেকা পরে।'

উব্রা=[কুম]—বি. সড়ক।। ইবার্ দানের্ উপ্রে উব্রা লাগ্সে। [দেখ উপ্রি]।

২=[নো]—বি. পোকায় ধান কাটার অবস্থা।।

উব্রা খাওয়া=[বং]—ক্রি. উপুড় হওয়া।। তুঁই উবুরা খায়া আচার্ পালু। [<উপুড়+খাওয়া=হওয়া; দেখ উবুর্]।

উব্রা জাওয়া=[রা]—ক্রি. পড়িয়া যাওয়া, হোঁচট খাওয়া।। [দেখ উব্রা খাওয়া]।

উব্রানো=[ঢা]—ক্রি. ঢালা।। চ'াইল্গুলা উব্রাইয়া রাখ্। [<উভরানো হিং]।

২=[রং]—ক্রি. দড়ির পাক খুলিয়া যাওয়া।। দড়িখানা উব্রি গেল্।

৩=[বা]—ক্রি. বেশী হওয়া, উঠাইয়া রাখা।। অত উব্রাইতে গেলে মান্ থাক্বে না। [দেখ উব্রানো]।

উব্রান্যু=[খু]—বিণ. ফাজিল, চালাক।। এক্ নম্বরের্ উব্রান্যু।

উব্রি জাওয়া=[রা, রং]—ক্রি. দড়ির উলটা পাক খাওয়া।। দড়িখান্ উব্রি যায়্ছে।

উব্লানো=[রং]—ক্রি. ফেলিয়া দেওয়া।। কেনে উব্লাশ্ বায়্? [উব্লানা হিং—

ফুটান, সিদ্ধ করা]।

উব্‌লি আশা = [রা]—ক্রি. ফেরৎ আসা ।। এমন মজা হৈছে যে মুখত্‌ দিয়ে উব্‌লি আইশে।

উব্‌হা=[কুম]—বি. শস্যের মড়ক ।। আম্‌রার্‌ খেত উব্‌হা লাগ্‌সে।

উব্‌হাটু=[খু]—বি. দুই পায়ের উপর ভর দিয়া বসার ভঙ্গি।। উব্‌হাটুতে বশি ভাত্‌ খাওয়া যায়্‌ না। [উব<উবু < উর্ধ্ব +হাঁটু ; দেখ উবু]।

উভাউভি করা= [রা] — ক্রি. যেখানে সেখানে মাটি খোঁড়া ।। [<কুব<কোপ ; কুবাকুবি করা]।

উভ্‌রানো=[রা]—ক্রি. দড়ির পাক খুলিয়া দেওয়া, উপচাইয়া যাওয়া ।। পোখোর্‌ ভরে উভ্‌রে গেছে। [উভারনা হিং]।

উভ্‌র্যাহ্‌=[কু]—বি. পুনরায় চাষ ।। দিঘির্‌ বাট্‌টা উভ্‌র্যাহ্‌ দে।

উমা=[ঢা]—বি. গরুর কৃত্রিম বাচ্চা ।। উমা হিলাইয়া গাই দোয়াইমু। [<উঅমা<উপমা ; অর্থ প্র.]।

২=[ফ]—বিণ. বোকা ।। এই ব্যাডায়্‌ এ্যাক্‌কালে উমা। [<উম্মী আং]।

৩=[সি]—বি. গুঁতা ।।

৪=[ফ]—বি. মৃদু গরম, ঈষদুষ্ণ ।। [<উম্মা প্রাং <উষ্মা সং]।

৫=[ম]—বি. গণ্ডগোল ।। এত উমা কিয়্যার্‌ ? [<উম্মা <উধ্‌মা <উধম হিং<উদ্যম সং]।

৬=[পা]—অব্য. ও মা ।। উমা, কত বড় তুফান্‌। [<ও+মা]।

৭=[নো]—বি. পলিমাটি ।।

৮=[সি]—বি. শ্বাস ।।

উমাইয়া = [সি] — ক্রি. বিণ. গরম হইয়া ।। আইয়্‌ বর উমাইয়া উঠ্‌সে। [দেখ উমা৪]।

উমাইন্‌না=[নো]—বিণ. গবমে নষ্ট হইয়াছে এমন ।। উমাইন্‌না দানের্‌ বাত্‌ মযা না। [<উমানিয়া ; দেখ উমা৪]।

২=[ঢা]—বি. বাহিরের বা অন্য লোকের ছেলে, যাহাকে দূর হইতে আনিয়া সম্পত্তির মালিক করিয়া দেওয়া হইয়াছে এমন ব্যক্তি ।। কোন্‌হানের্‌ এ্যাক্‌ উমাইন্‌ন্যারে আইন্‌না বারিত্‌ ঠাঁই দিয়া লাইসে।

উমাইন্‌না পোক্‌=[ঢা]—বি. মুরগীর গাত্রজাত পোকা বিশেষ ।। মুর্‌গিরে উমাইন্‌না পোকে দর্‌সে।

উমাই পাওয়া=[বা]—ক্রি. সংকুলান হওয়া ।। প্যাটে উমাই পায়্‌ না তবুও খায়্‌।

উমাইয়া=[নো]—বিণ. বাজে, নষ্ট ।।

২=[কুম]--ক্রি. বিণ. না জিরাইয়া, জোরে শোরে ।। তে উমাইয়া কায্‌ করে। [দেখ উমা+ইয়া প্র.]।

উমাইল্‌ধুমাইল্‌=[রং]—বি. জাঁক-জমক ।। [দেখ উমালি ধুমালি]

উমাইল্‌লা=[বা]—বিণ. যে অন্যের বাড়ীতে থাকে ।।

উমাউমা=[পা, ঢা]—বিণ. অল্প অল্প ।। আইয়্‌ কয়্‌দিন্‌ দৈরা উমাউমা যর্‌। [<উনা<উন সং]।

উমাউমা চুঁমা চুঁমা=[ম]—বি. যথেষ্ট আদর ও সোহাগ ।। যামাইরে হগলেই পৈলা উমাউমা চুঁমা চুঁমা করে। [উমা<ওমা (আশ্চর্য বোধক) ; চুমা <চুম্বন ; অর্থ প্র.]।

উমাক্=[ফ]—বি. ফুটিকাটা ।। কৈ মাসে উমাক্ দিসে।

২=[রং]—সর্ব. ঐ লোককে ।। উমাক্ আর্‌ কত কৈম্‌ ? [<উহাকে]।

উমাক্‌লাক্= [রং]— অব্য. ঐ সকল লোককে ।। উমাক্‌লাক্ আর কত কৈম্‌ ?

উমাদুমা=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। [উমা অনু:+দুমা <ধুম+আ প্র.]।

উমাদ্যাক্=[রং]—সর্ব. ঐ লোক-দিগকে ।। উমাদ্যাক্ কৈতে কৈতে আর্‌ কবার্‌ মনায়্‌ না। [উহাদিগকে]।

উমানি=[রা, রং]—বি. ছোট মাছির ন্যায় পোকা বিশেষ ।। উমানির্‌ কামড়ের্‌ জালায়্‌ গরুটা ছট্‌ফট্‌ করোচে।

২=[সি]—বিণ. অকর্মণ্য ।। [দেখ উমাইল্‌লা]।

৩=[সি]—বি. মেঘলাদিনের গুমোট অবস্থা ।। [<উমা+নি ; দেখ উমা৪]।

৪=[সি]—বি. ডিমে তা দেওয়ায় রত হাঁস মুরগী ।। উমানি মুর্‌গিডারে বৈতে দ্যাও।

৫=[কুম]—বি. জমি বপনের পর আবার চাষ দেওয়া ।। উমানি না দিলে দান্‌ বালা কৈরা অয়্‌ না ।।

উমানিয়া=[ম]—বিণ. অন্যের বাড়িতে বাস করে যে ।। লোক্‌টা উমানিয়া [দেখ উমাইল্‌লা]।

উমানে মানুশ্‌=[পা]—বিণ. গণ্ডগোল পাকায় যে।। উমানে মানুশের্‌ শান্‌নে দাড়াইস্‌ না।

উমান্যা=[সি]— বিণ. যাহার নিজের বাড়ি ঘর নাই, যে পরের বাড়িতে থাকে ।। [দেখ উমাইল্‌লা]।

উমানো=[চট্ট, কুম]—ক্রি. আর্দ্রতা ও উষ্ণতা হেতু শস্যাদিতে চিতি বা ছাতা পড়া ও পচিয়া যাওয়া ।। ধান্‌ উমাই গেইয়ে। [উমা <উষ্মা+আনো প্র. ; নামধাতু]।

২=[বা]—ক্রি. গুটিসুটি দিয়া থাকা ।। মোর্‌গাডা উমাইয়া রৈসে। [উংঘ্‌না হিং=তন্দ্রা যাওয়া]।

৩=[বা]—ক্রি. কোনও কিছুকে হেয় প্রতিপন্ন করা, গর্ব করা ।। [<অপমান ; নামধাতু]।

উমান্‌ = [পা]— বি. খেয়াল, লক্ষ্য ।। শব্‌দিকেই উমান্‌ করা উচি'ত্‌। [<উম্মান<অনুমান]।

২=[রং,রা]—বি. আন্দাজ ।। হাতের্‌ উমানে ভাতের্‌ চাউল্‌। [পূর্বে দেখ]।

উমান্‌নিয়া= [খু] — বিণ. পরগাছা, পরাশ্রয়ী ।। ওত বিয়া করি শশুর্‌ বাড়ি উমান্‌নিয়া রৈসে। [দেখ উমাইল্‌লা]।

উমায়্‌=[রং]—অব্য. ঐ সকল লোক ।।

উমারা=[রং]—বিণ. ঐ লোকগুলি ।। উমারা মোটেও কামত্‌ না আয়্‌।

উমারা করা= [ফ] — ক্রি. ডিমে তা

দেওয়া ।। মর্‌গিড়া উমাবা কর্‌তাসে ।

উমার্=[পা]—সর্ব. তাহার ।। উমার্ নাম কি ? [<উঁহার=উহার]।

উমার্‌টে=[রং]—ক্রি. বিণ. ঐ লোকের নিকট ।। উমার্‌টে জাইন্ ক্যানে ? [দেখ উমার্]।

উমালি=[বং] ক্রি. বিণ. [illegible] করিয়া ।। টাকা গুলি উমালি এরচু কর্‌লু । [দেখ উমা+আলি প্র.]।

উমালি ধুমালি=[রং]—ক্রি. বিণ. অত্যন্ত জাঁকজমকের সহিত ।। এ্যাতগুলা ট্যাকা উমালি ধুমালি করি শ্যাশ্ কর্‌লু বর্‌টা দিনতে। [দেখ উমালি+ধুমালি অনু:]।

উমাল্=[পা]—বি. রুমাল ।। [<রুমাল رومال ফা.]।

উমাহুল=[চা]—ক্রি.বিণ. অল্প অল্প ।। শালগুড়া উমাহুল কৈরা খাইস্ ।

উমি=[পা, য, ফ]—বিণ. সাধারণ, মধ্যবিত্ত, অযোগ্য, মূর্খ, অপ্রোয়জনীয়, অনাহূত ।। এটা উমি মান্‌শির্ কাম্‌না । [<উম্মী امی আং]।

২=[নো]—ক্রি. বিণ. ঐ দিকে ।। উমি খুব্ খারাপ্ যাগা । [<ঐ মুহে< ঐ মুখে]।

উমুন্যা=[পা]—বিণ. দুর্দান্ত ।। [দেখ উমা$_২$+উনিয়া প্র.]।

উমেদার্=[সি]—বিণ. সন্তানসম্ভবা ।। [উম্মীদ্‌বর امیدور ফা.=আশাকারী বা আশাকারিণী]।

উম্যান্=[রা]—বি. আন্দাজ, অনুমান ।। পরের্ উপর্ খাশ্, উম্যান্ পাছ্ না তো ? [<অনুমান]।

উমোঝামা=[রং]—বিণ. প্রসবকালে যে জাতকের গুহ্যদেশ প্রথমে জরায়ুদ্বার দিয়া বাহির হয় ।।

উমোন্=[খু]—বি. টের, হুঁশ ।। পরের্ বাড়ি খাও আর্ উমোন্ পাওনা, খাতি কতডি লাগে । [দেখ উম্যান্]।

উম্=[কুম]—বি. গরম ।। ল্যাপ গাও দিলে উম্ লাগে । [<উম্ম প্রা<উষ্ম সং]।

া=[কুম]—ক্রি. বিণ. এখন ।। উম্‌কা কৈ যাও ?

উম্‌চাইয়া উঠা=[রং]—ক্রি. বিছানা হইতে হঠাৎ জোর করিয়া উঠিবার চেষ্টা করা ।। খালি বারে বারে উম্‌চাইয়া উঠিছে ক্যানে এ্যাত ?

উম্‌চা, উম্‌চা=[কুম]—বিণ. একটু একটু গরম ।। দুদ্‌টা উম্‌চা উম্‌চা লাগে । [উম্<উষ্ণ সং+চা প্র.]।

উম্‌টি দ্যাওয়া=[খু]—ক্রি. ওৎ পাতা ।। য্যাহানে শ্যাহানে উম্‌টি দ্যাও ক্যানে ?

উম্‌ডো=[বা]—ক্রি. বিণ. হঠাৎ, আচমকা ।। উম্‌ডো কোন কামে হাত্ দ্যাওয়া বালা না ।

উম্‌তা=[সি]—বি. গরম ।। বর উম্‌তার্ গি (লাগছে) । [দেখ উম্+তা]।

উম্‌তালা=[কুম]—বি. গরম ।। উম্‌তালাব্ লাইগ্যা মোডেই ঘুম্ আইয়ে না । [দেখ উম্‌তা+লা প্র.]।

উম্‌ত্যা=[ম]—বি. গরম, তাপ ।। ল্যাপে ব্যাশ্ উম্‌ত্যা লাগে। [দেখ উম্‌তা]।

উম্ দ্যাওয়া=[য]—ক্রি. ডিমে তা দেওয়া ।। [দেখ উম্]।

উম্‌ধুম্=[ব]—বি, ধুমধাম ।। বিয়ার্ উম্‌ধুম্ পড়্‌সে। [ধুম ; উম্ অনু:]।

২=[খু]—বি. গণ্ডগোল । [উধম হিং<উদ্দম সং কিংবা পূর্বে দেখ ; তু: উমা$_৪$]।

উম্‌নি=[রা]—ক্রি. বিণ. এমনি, খালি খালি, ঐ দিকে ।। [<অমনি]।

উম্‌নি গরম্=[সি]—বিণ. ঈষদুষ্ণ ।। উম্‌নি গরম্ দুদ্ । [দেখ উম্‌নি+গরম گرم ফা.]।

উম্‌বত্=[চট্ট]—বিণ. সমকালীন ।। [হম্‌রকত همرقس ফা.]।

উম্‌বায়্=[খু]—বিণ. ঐ দিকে ।। উম্‌বায় যাইস্ না । [ওঁ বায়<ও ভাগে]।

উম্‌বারি=[চা]—বি. ধান খড় ইত্যাদি আলগা করার জন্য বাঁশের তৈরী যন্ত্র ।।

উম্ বৈয়্যন্=[চট্ট]—ক্রি. ডিমে তা দিতে বসা ।। হাঁশি উম্ বৈয়ে । [দেখ উম্ ; বইয়ন<বইসন=বসা]।

বিশেষ ।।

উম্‌ভির্ কুম্‌ভির্=[রং]—বি. কুমির ।। ছাড়েক উম্‌ভির্ কুম্‌ভিরের্ কথা। [কুম্ভীর ; উম্‌ভির অনু:]।

উম্‌মত্=[ম]—ক্রি. বিণ. ভীষণ শব্দ করিয়া ।। [ধ্বন্য.]।

উম্‌মাই=[ম]—অব্য. বিস্ময়সূচক ।। উম্‌মাই, মুশল্‌মানে আবার্ এইতা কয় নাহি । [<ও মাই=হে মা]।

উম্‌মাতে=[খু]—ক্রি. বিণ. ঐ দিকে ।। উম্‌মাতে যাইস্ না ।

উম্‌মাদি=[কম]—বি. হাহুতাশ, শোক, কান্নাকাটি, শোরগোল ।। [<উন্মাদ +ই প্র.]।

উম্‌মায়্=[খু]—ক্রি. বিণ. ঐ দিকে ।। উম্‌মায় গে কিম্‌বার্ যাবো ? [<উম্‌মুই <ওঁ মুই<ওই মুখী]।

উম্‌মি=[রং]—বিণ. জিম্মাদার লোক ।। [<অর্মী <আমীন امین আং]।

উম্‌মুইর‍্যা=[কুম, নো]—বিণ. খাড়া পাড়যুক্ত, গভীর ।। উম্‌মুইর‍্যা পুগুর্ ।

উম্‌মুত্‌তি, উম্‌মাত্‌তি=[সি]—ক্রি. বিণ. হঠাৎ ।। উম্‌মুত্‌তি পুক্‌রিত্ পর্‌সে ।। [দেখ উম্‌মত্+ইয়া প্র.]।

উম্‌মুরি=[সি]—ক্রি. বিণ. হঠাৎ ।। উম্‌মুরি ম্যাগ্ আইলো । [<হুড়মুড় +ই]।

উম্‌মুর্=[কুম]—অব্য. ধুম ধুম শব্দ ।। স্যারাডার্ পিডে উম্‌মর্ কৈরা কত্‌তারা কিল্‌ডা দিল্ ।

উম্‌মুর্ দুম্‌মুর্=[চা]—বি. চোটপাট।। উম্‌মুর্ দুম্‌মুর্ কৈর‍্যা কি আর্ ঐব ? [ধ্বন্য.]।

উম্‌ম্যাদ্=[রং]—বি. বিশ্বাস ।। তার্ কথা মোর্ উম্‌ম্যাদ্ । [উম্মীদ امید ফা. ; অর্থ প্র.]।

২=[রং]—বি. পড়তা, অনুমান ।। এই বেগুনটা এ্যাক্‌শ্যার্ হবার্ উম্‌ম্যাদ্ পাঁও । [অর্থ প্র.]।

উম্‌রা=[রং, পা]—সর্ব. তাহারা ।। উম্‌রা চ'ল্যা গ্যালে (পা) । [<উঁহারা <উহারা]।

উম্‌রা কাড়া=[নো]—ক্রি. ডিম পাড়ার পর মুরগীর কর কর শব্দ করা ॥

উমরাল্‌=[রং]—বি. রুমাল ॥ উমরাল্‌ খান্‌ মোর্‌ নাদেশ্‌ ক্যানে তুই ? [দেখ উমাল্‌ ; বর্ণ বিপর্যয়]।

উম্‌রো ধুম্‌রো=[য]—বিণ. এলোপাথাড়ি ॥ চে'ার্‌টাকে উম্‌রো ধুম্‌রো মার্‌ দেয়া হস্‌সে।

উম্‌লি=[সি]—বিণ. ঈষৎ গরম ॥ [দেখ উম্‌+লি প্র.]।

উম্‌লি উঠা=[রং]—ক্রি. অতিরিক্ত স্বাদ হেতু খাদ্য রুচি বহির্ভুত হওয়া ॥ এমন্‌ মজা হৈছে জে উম্‌লি উঠিছে।

২=[রং]—ক্রি. আচম্বিতে বিছানা হইতে উঠা ॥ ক্যানে তুই উম্‌লি উঠিছ্‌ ? [দেখ উম্‌চাইয়া উঠা]।

উয়া=[বি, বা, রং]—বি. রুয়া ॥ উয়ার্‌ কাঠ্‌। [<রুয়া]।

২=[ব, রা]—বি. তুলা ॥ উয়ার্‌ ল্যাপ্‌। [রূঈ হিং]।

৩=[চট্ট]—অব্য. টি ॥ পোয়াউয়া বর বালা। [<গুয়া]।

৪=[চট্ট]—বিণ. দণ্ডায়মান, খাড়া, একগুঁয়ে, দৃঢ়সঙ্কল্প ॥ হিতে যাইবার্‌ নাই উয়া হৈয়ে।

৫=[সি]—বি. নিঃশ্বাস প্রশ্বাস ॥ তুমি মোরে উয়া পালাও খা ? [<উমা=উম্‌+আ প্র. (উষ্মন্‌)]।

উয়াইর্‌=[চট্ট]—বি. মাচার নীচের অংশ ॥ [দেখ উগার্‌]।

উয়াইল্‌=[ম]—বিণ. হেলায় নষ্ট ॥

উয়াক্‌=[রং]—সর্ব. উহাকে ॥ উয়াক্‌ খবর্‌ দে। [<উহাক+উহা+ক (বিভক্তি)]।

উয়া গাড়া=[দি]—ক্রি. ধান রোপণ করা ॥ [<রোয়া=রোপণ করা+গাড়া=পোতা]।

উয়াগো=[ম]—সর্ব. উহাদের ॥ [<উহা+গো (সম্বন্ধ)]।

উয়াগ্‌=[চা]—বি. বক সদৃশ্য পাখী বিশেষ ॥

উয়াডিয়া=[বা]—বিণ. অনাহুত, অবাঞ্ছিত ॥ উয়াডিয়া মাতুব্বর্‌।

উয়াধান্‌=[দি]—বি. রোপিত ধান ॥ [<রোয়া+ধান]।

উয়ানি জমি=[দি]—বি. যে জমিতে ধান রোপণ করা হয় ॥ [দেখ উয়া+আনি প্র.]।

উয়ানো=[সি]—ক্রি. ধানের খোসা ছাড়ানো ॥

উয়াপিঠা=[সি]—বি. শ্বাসরোধ ॥ বেশি খাইলে উয়াপিঠা ঐব। [<উমা<উমা+পিঠা]।

উয়াবায়ু=[চট্ট]—ক্রি. বিণ. উড়তি, লোকপরম্পরা ॥ [উড়া বায়ু]।

উয়াবৈঠা=[চট্ট]—ক্রি. বিণ. পায়ের গোড়ালির উপর ভর করিয়া ॥ আঁঅনে ঔয়া বৈঠা বৈসেন্‌ কিয়েল্লাই ? [উভা<উব্‌ভ প্রাং<উর্ধ্ব সং+বয়ঠা হিং]।

উয়াম্‌মা=[সি]—বি. আশা ॥ মিয়ার্‌ উয়াম্‌মা তো আর্‌ কম্‌ নায়্‌।

উয়ার্‌=[কু-পা]—বি. ওয়াড়, কভার ॥ বালিশের্‌ উয়ার্‌। [<ওয়াড়<ব়াড় হিং]।

২=[চট্ট]—বি. চাউল ডাইল রাখার বাঁশের তৈরী মাচা ॥ [দেখ উগার্‌]।

৩=[সি]—বি. আঘাত ॥ দে, খেচিয়া উয়ার্‌ দে। [<বাড় হিং]।

৪=[কু, পা,রং]—সর্ব. উপর, তাহার ॥

উয়ার্‌ পার্‌ হওয়া=[সি]—বি. এফোঁড় ওফোঁড় হওয়া ॥ [<ওয়ার পার<বাড় পার হিং ; ওয়ার<অবার সং=নিকটস্থ পার ; পার=দূরবর্তী পার ; এপার হইতে ওপার]।

উয়ালা=[চট্ট]—বি. শলাকার তৈরী মধ্যভাগে দণ্ডবিশিষ্ট চক্র ॥

উয়ালি=[রং]—বি. রুয়ার জন্য ব্যবহৃত বাঁশ ॥ [<রুয়ালি]।

উয়াল্‌=[কুম]—বি. বমি ॥ [<উকাল<উগাল হিং<উগ্‌গিলন প্রাং <উদ্‌গিরণ সং]।

উয়াল্লা=[রং]—সর্ব. ঐ সকল লোকের ॥ উয়াল্লা আন্‌ছিস্‌ ক্যানে ? [<ঐগুলা]।

উয়াশন্‌=[সি]—ক্রি. উঠানো ॥ নাওর্‌ গলৈখান্‌ ধুরা উয়াশেন্‌, এক্‌টা লোয়া মারি দেই।

উয়াশা=[সি]—বি. শখ ॥ আমার্‌ উয়াশা আসিল্‌। [<উয়াস<হবস هوس আং+আ প্র.]।

উয়াশ্‌=[সি, য]—বি. আরাম, সাহায্য ॥ খোরা উয়াশ্‌ দে, বর ঠেক্‌সিরে। [<অবকাশ ; অর্থ প্র.]।

২=[চা]—বি. নিঃশ্বাস ॥ উয়াশ্‌ ফালানের্‌ ওক্‌তঅ আমার্‌ নাই [দেখ উয়া]।

৩=[চট্ট]—বি. উপবাস ॥ ফৈর্‌ উআ উয়াশ্‌ কাআশ্‌ করে। [<উপবাস]।

উয়াশ্‌কাশ্‌=[চট্ট]—বি. উপবাস ॥ ফৈরা ব্যাডায়্‌ উয়াশ্‌কাশ্‌ করে। [কাশ অনু:]।

উয়াশ্‌শ্যা=[চট্ট]—বিণ. অনাহারী ॥ [<উয়াসিয়া<উপবাসিয়া<উপবাস+ইয়া প্র.]।

উয়্যের্‌=[রা, দি, ক]—সর্ব. উহার ॥ উয়্যের্‌ বাড়ি হামি চিনি (রা)। [<উহার]।

উয়্যা=[সি, ম]—সর্ব. উহা ॥ উয়্যা কি ? [<উহা]।

২=[চট্ট]—বিণ. অগ্রগামী ॥ [<উয়্যা<উজান]।

উর=[চা, কুম]—বি. নিকট, কাছ ॥ ঘিনিশ্‌টা উরে থুইয়া দুরুই বিসারে। [<উরো<উরঃ সং=বক্ষস্থল]।

উরখ্‌=[সি]—বি. পৃষ্ঠা ॥ চা'ইর্‌ উরখ্‌ লেখি লাইসি। [<ওরক<ব়রক ورق আং]।

উরন্‌=[চা]—ক্রি. গায়ে দেওয়া ॥ খ্যাতা উইরা হুইয়া থাক্‌। [<ওড়না হিং<ওএডচণ প্রাং <অববেষ্টন সং]।

২=[কুম, নো]—ক্রি. পানি পড়া ॥

৩=[খু]—ক্রি. স্ফূর্তি করা ॥ [<উড়ন উড্ডয়ন (<উৎ+√ডী+অন) সং ; অর্থ প্র.]।

৪=[কুম]—ক্রি. উদ্‌বৃত্ত থাকা ॥ তর্‌কারি উরিসে। [উপর+ন প্র.

(নামধাতু) ; তুঃ উনরনা হিং]।
উরল্=[রং]—বি. একপ্রকার মাছ ।। মাছ্ খাবিত উরল্ মাচ্ ।
উরল্ দ্যাওয়া=[সি]—ক্রি. ঔজ্জ্বল্য বিকিরণ করা ।।
উরা=[পা, চট্ট]—বি. গোয়ালঘর ।। উবাব্ গোবর্ শাফ্ কর্ (পা)।
২=[ম]—বি ধানক্ষেতের ঘাস বিশেষ ।।
৩=[ঢা, সি]—বি. টুকরি, গোবর ফেলার ঝুড়ি বা ঝাঁকা ।। উরা সারা গোবর্ ফালান্ যায্ না। [দেখ উড়ি]।
৪=[ঢা]—বি. একপ্রকার বাঁশ ।। উরা বাশের্ দাম্ বেশি।
৫=[চট্ট]—বি. বাড়ির পার্শ্ব ।। বিলত্ খাই উরাত্ আই লাদে। [দেখ+ উর্+আ প্র.]।
৬=[খু]—বি. অতিরিক্ত ।। এ্যাক্ ট্যাকার্ উরা তাকে দিস্ না। [<উঅরা<উবরা<উপর+আ প্র.]।
৭=[সি]—বি. উরু ।। [<উরু]।
৮=[সি]—বি. পাহারা দিবার জন্য নাড়ার তৈরী ঘর ।। তারা মাঠে উরাত্ থাইক্কা ধান্ পাহারা দ্যায়্।
৯=[পা, কু, রা, কুম, সি]—বি. খড় কুটার স্তূপ ।। [<উড়া<উড়ানিয়া]।
১০=[খু, কুম]—বি. চাষের সময় লাঙ্গলে আটকায় এমন আবর্জনা ।।
১১=[সি]—ক্রি. অংশীদার হওয়া ।।
উরাইত্যা=[কুম]—বিণ. উড়নচণ্ডী, বেখেয়ালি ।। এ্যামুন্ উরাইত্যা পোলা দেহি নাই। [<উড়া√উড়+হাত+ ইয়া ; যে সব উড়াইয়া দেয়]।
উরাইয়া যাওয়া=[কুম]—ক্রি. পচিয়া নরম হইয়া যাওয়া ।। দুয়ারের্ তক্তা উরাইয়া গ্যাসে।
উরাইল্যা=[কুম]—বিণ. দূরের ।। উরা-ইল্যা বাযের্ এ্যাত বর কথা। [দেখ উরাইল্লা ; অর্থ প্র.]।
উরাইল্লা=[কুম]—বিণ. উড়ন্ত ।। উরাইল্লা পৈক্ শিহার্ করন্ শিদা না। [<উড়√উড্+আল+ইয়া প্র.]।
উরাউরি=[কুম]—বি. গোলযোগ ।। বাযারে উরাউরি লাগ্‌সে। [<হুড়া-হুড়ি]।
২=[চট্ট]—অব্য. উপর্যুপরি, অবিরাম ।। আঁর্ উরাউরি হাত্‌দিন যর্ আসিল্। [<উঅরাউঅরি<উপরাউপরি <উপর্যু পরি]।
৩=[কুম]—বি. বাচালতা ।। তোমার্ উরাউরি বালা দ্যাহায্ না।
উরাংগি=[ম]—বি. উড়ানি, উপর দিয়া ছোড়া ।। কাপব্‌ড়া উরাংগি দিয়া দ্যাও। [উড়ান√উড্+গি]।
উরা কতা=[কুম, ঢা]—বি. ভিত্তিহীন কথা ।। উরা কতাত্ কান্ দিস্ না। [<উড়া কথা]
উরাক্=[ম]—বিণ. সমস্ত, সবটুকু ।। কাপব্‌খান্ উরাক্ সিরা্য গ্যাসে।
উরাযাল্=[ফ, ম]—বি. নিক্ষেপ করিয়া পাখী বা মাছ মারার জাল ।। উরা যাল্ দিয়া মাস্ মারন্ শিদা। [<উড়াজাল =ঝাঁকিজাল]।
উরাত্=[সি]—বি. শিম ।। [দেখ উড়ি]।
২=[ব, রা, ম]—বি. উরু ।। তার্ উরাত ফোরা ঐসে। [<উরত <উরু+ত (স্বার্থে)]।
উরাত্ঠাশা=[রা]—বি. বাঁশের তৈরী মাছ ধরার যন্ত্র। [দেখ উরাত্+ঠাশা ; অর্থপ্র.]।
উরাথ=[দি]—বি. উরু ।। মেয়েটার্ উরাথ্ কি শুন্দর্।
উরানি=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ। [√উড়+আনি প্র.]।
২=[বা]—বি. ঘরের পাতলা ছাউনি ।।
উরানিয়া=[সি]—বিণ. বাতাসে ভাসিয়া বেড়ায় এমন আবর্জনা ।।
উরান্যা কাঠ্=[খু]—বি. বাজে কাঠ ।। উরান্যা কাঠ দিয়া নাও হয্ না।
উরানো=[কুম]—ক্রি. কমানো ।। [<উড়ানো√উড্ ; অর্থ প্র.]।
২=[সি]—ক্রি. কাপড় জড়াইয়া দেওয়া ।। [<ওঢানা হিং ; ওঢ়না ক্রিয়ার প্রযোজক রূপ]।
৩=[চট্ট]—ক্রি. ঘরের চাল হইতে চুয়াইয়া পানি পড়া ।। ইন্নি কওা ন যায়্, চ'াল্ উরের্। [দেখ উরন্]।
৪=[ম]—ক্রি. উঁচু করা ।। মাথা উরাইয়া খারাইস ক্যা ?
৫=[ঢা]—ক্রি. উপেক্ষা করা, তুচ্ছ তাচ্ছিল্য করা ।। বেশি উরাইয়া আমারে বিপদে হালাইও না। [দেখ উরানো]।
উরাপুরা=[পা]—বিণ. ভিত্তিহীন ।। উরাপুরা খবর্। [<উড়া+পুড়া অনু:]।
উরাব্যানা=[কুম]—ক্রি. কম পড়া, কম হওয়া ।।
উরাব্যারা=[খু, দি]—বি. বাধা, অসু-বিধা ।। আমার্ চোক্‌টা উরাব্যারা করে (দি)। [=অড়্‌বড়্ হিং]।
২=[সি]—বি. সম্মুখে ঘোরাফিরা ।। ইন উরাব্যারা কৈরো না। [<উড়া-বেড়া ; বেড়া=বেড়ানো]
উরাম্=[খু]—ক্রি. বিণ. ঐরূপ ।। উরাম্ করিস্‌নি বোল্‌তিসি। [<ওবকম]।
উরালি=[সি]—বি, বাতাস বাহিত আব-র্জনা ।। [দেখ উড়ানি]।
উরাল্=[বা]—ক্রি· বিণ. গরুর গাড়ীর পিছন দিক ভারী ।। [<ওরা<ওঅর প্রাং <অবতর+ল প্র.; ভারবশতঃ অবনত ; তুঃ উলড়্‌না হিং]।
উরাল্ দ্যাওয়া=[ঢা, ম, কুম, ফ]—ক্রি. উড়িয়া যাওয়া ।। পৈক্‌ডা উরাল্ দিয়া এক্ গাসেত্‌তনে আরেক্ গাসে গ্যাল্। [<উড়াল দেওয়া]।
উরাশ্=[ফ]—বি. অর্শ। [<অরশ্ <অর্শ]।
উরাস্ ভমি=[কুম]—বি. মেয়েদের ফুলহাতা জামা ।।
উরি=[সি]—বি. শিম ।। অখন্ উরির্ শ্যার্ কত? [দেখ উড়ি]।
২=[কুম, নো]—বি. ধানু গাছের মত ঘাস বিশেষ ।। [দেখ উড়ি]।
৩=[কু]—বি. উইপোকা ।। শাইরে শাইরে উরির্ ঢিপি। [<উই ; র বর্ণাগম]
৪=[কু, পা]—অব্য. ওরে, ওহে ।। উরি বুবু, কড়ি গ্যাল্? [<ওরে]।

৫=[কু,পা]—সর্ব. তাহার ।। বৈটা উরি সিল্ । [<ওরই<উহারই]।
৬=[ম]—বিণ. যে কেবল ক্ষতি করে ।। পোলাডা যবর্ উরি । [<উড়ি <উড়ানিয়া ; দেখ উরানো]।
৭=[কুম্]—বি. হালের বা জোয়ালের ডান দিক ।।
৮=[সি]—বি. ইঙ্গিতপূর্ণ ডাক ।। চে'ারে উরি দ্যায় [<উলি]।
৯=[সি]—বি. ছোট টুকরি ।।
উরি দ্যাওয়া=[সি]—ক্রি. সমস্বরে চীৎকার করা, হৈ চৈ করা ।। হিয়াল্ উরি দিতাসে । [<উলি]।
উরিয়া=[সি]—বিণ. বিদেশী, অস্থায়ী [<উড়]।
উরিয়া ফুরিয়া=[রং]—ক্রি. বিণ. নিঃসম্বল হইয়া ।। উরিয়া ফুরিয়া দেখুলু তো ক্যামন্ মজা ? [<উড়াইয়া ।। ফুরাইয়া]।
উরিবুরি=[চা]—বিণ. জরুরী, দরকারী ।। আমার্ এই উরিবুরি কামের্ শময় কেঐরে পাইলাম্ না । [দেখ উরাউরি]।
উরিমুরি=[চা]—ক্রি. বিণ. তাড়াহুড়া, অতিশীঘ্র ।। উরিমুরি কৈর‍্যা কোনু কাম্ করন্ বালা না । [<হুড়াহুড়ী]।
২=[কুম]—বি. ডিগবাজী ।। এত উরিমুরি খাও ক্যারে ? [<হুমুড়ি <হুমড়ি]।
৩=[ম]—বি. গোলমাল ।।
উরুইংগা=[চট্ট]—বিণ. রুক্ষ্মমেজাজী ।। হিতে অগ্গুয়া উরুইংগা গাউর্ ।
উরুইশ্=[ম]—বি. ছারপোকা ।। [উড়স হিং<উদ্দংশী সং]।
উরুচ্'=[গ]—বি. বাৎসরিক বিরাট মহফিল ।। [<'উরস عرس আং]।
উরুটে=[খু]—বিণ. অনুর্বর, ফসলবিহীন ।। মালিক্ মরি যাওরার্ বারির্ ভিটে উরুটে হয়্যা গ্যাসে ।
উরুত্=[ম]—বি. উরু ।। তার্ উরুত্টা ফুল্যা গ্যাসে । [দেখ উরাত্]।
উরুত্কম্বল্=[ম]—বি. বাহ্যবারের অন্তঃআবরণ ।। হাগ্তে হাগ্তে উরুত্ কম্বল্ ফাড়্সে । [দেখ উরুত+কম্বল]।
উরু দ্যাখানো=[পা]—ক্রি. আশা দেওয়া ।। উরু দেখায়া আর্ কয়্দিন্ গুরাইবা ? [দেখ উরু+দেখানো ; ব্যাঙ্গার্থে ; 'সঙ্গমের আশা দেওয়া' হইতে কথাটির উৎপত্তি]।
উরুন্=[রং, দি]—বি. ধানভানার জন্য গর্তবিশিষ্ট কাঠের গুঁড়ি ।। উরুন্ গাইন্টা দি কুটেক্ । [<উরুল<উরূহল <উদুখল সং]।
উরুম্=[কুম]—বি. মুড়ি ।। [<হুড়ুম]।
২=[কুম]—ক্রি. বিণ. হুড়মুড় করিয়া ।। তুফানে উরুম্ কৈর‍্যা গাস্টা পৈরা গ্যাল্ [<হুড়ুম ধ্বন্যা.]।
৩=[সি]—বি. নৌকার নীচের দিকের ছিদ্রপথে ব্যবহৃত ন্যাকড়া ।। উরুম্ খৈ বগ্বগ্ করি পানি উঠের্ ।
উরুম্ উরুম্=[চট্ট]—বি. উড়ি উড়ি ভাব, অস্থিরতা, অস্বস্তি ।। বিদেশত্ মন খালি উরুম্ উরুম্ করের্ । [<উড়িব উড়িব]।
উরুম্ দুরুম্=[চা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। কাম্ডা উরুম্ দুরুম্ কৈর‍্যা কর । [=হুড়ুম দুড়ুম]।
উরুমবা=[ম]—বিণ. নিকৃষ্ট, হেয় ।। লোক্টা উরুম্বা গুশ্টির্ ।
২=[কুম]—বিণ. বোকা ।। তুই এ্যাক্টা উরুম্বা ।
উরুয়া=[বা]—বি. জেলে নৌকার নোঙ্গরের সাথে বাঁধা চোঙ্গা ।। উরুয়া বাশ্যা গ্যালে গ্যারাপি তুল্মু কি কর‍্যা ?
২=[রা]—বি. কাঠের অস্ত্র বিশেষ ।।
উরুরুরু=[সি]—বি. হুলুধ্বনি ।। [<উলুলু=উলু+উলু]।
উরুলি=[চট্ট]—বি. লাল বিষাক্ত পিঁপড়া বিশেষ ।।
উরুশ্=[কুম]—বি. অর্শরোগ ।। [<ওরশ<অর্শ]।
২=[চা]—বি. ছারপোকা ।। [দেখ উরুইশ্]।
উরুশ্শা=[ম]—বিণ. এলোমেলো ।।
উরুস্তুল্=[চা]—বি. হুলুস্থুল ।। ইলেক্শানের্ উরুস্তুল্ পৈর‍্যা গ্যাসে । [<হুলুস্থুল]।
উরে=[চট্ট]—অব্য. উপরে ।। হন্মলর্ উবে ন বৈশ্ । [<উপরে]।
২=[র,রা]—অস. ক্রি. গায়ে দিয়া ।। [<উড়ে <উড়িয়া <উঢ়্না হিং ; মহাপ্রানতা লোপ ; তুঃ উড়ানি]।
উরের্ বাপ্রে=[কু, পা]—অব্য. ভয়সূচক ।। উরের্ বাপ্রে, কত বড় শাপ্ । [<ওরে+বাপরে]।
উরে শারে=[ম]—ক্রি. বিণ. দৈর্ঘ্যে প্রস্থে ।। কাপর্ডা উরে শারে সিরয়া গ্যাসে । [ওরে (দৈর্ঘ্যে)+ওশারে (প্রস্থে)]।
উর‍্যাত্=[ফ]—বি. উরু ।। পাট্খ্যাতে উর‍্যাত্ পানি ঐচে' । [দেখ উরাত্]।
উর‍্যাশ্=[ফ]—বি. ছারপোকা ।। [দেখ উরুইশ্]।
উরো=[খু]—বি. ধানজাতীয় আগাছা ।। ধানে অনেক্ উরো হয়্যাসে ।
২=[বা]—বি. সামনে ।। আমি হগল্ শময় আপ্নের্ উরো আসি । [দেখ উর+ও]।
উরোদরি=[খু]—বি. খেজুর ও তাল গাছে পাত্র ঝুলাইয়া রাখার দড়ি ।। [উড়েদড়ি]।
উরোন্=[খু]—ক্রি. স্ফূর্তি করিয়া বেড়ানো ।। লোক্টা খালি উরোই বেড়ায় । [দেখ উরন্]।।
উর্=[ম]—বি. বক্ষ, বুক ।। মুইট্কাডারে উরে লৈয়া হোও ।। [<উরস <উরস্ সং]।
২=[ম, কুম, সি]—বি. গাভীর স্তন বা বাঁট ।। দুদাল্ গাই উরে চি'নন্ যায় । [<উঅর<উদর ; অর্থ প্র.]।
৩=[চট্ট]—বি. শূকর ।। উরর্ বাচ্'চা কোথাকার্ । [<উয়র<হূঅর <শূকর]।
৪=[ম]—বি. শেষ ।। আর্ খ্যান্তা উর্ ঐসে । [<ওর]।

৫=[পা]—বি. লুট ॥ আম্ চপ্টে উর্ হচে'।

৬=[ফ]—বি. মানুষের ভীড় ॥ ...বের্ মধ্যে যাইস্ না। [<ছড়]।

৭=[চট্ট]—অব্য. উপর ॥ ...বের্ চা'লের্ উরত্ কাউয়া ডাকের্।
[<উগর<উপর]।

৮=[বা]—সর্ব. উহার ॥ উর্‌টে কোথায়্? [<উয়াব<উহার]।

৯=[সি]—বিণ. সম্পূর্ণ ॥ [দেখ উর্]।

১০=[সি]—বি. ধার ॥ উরে দ্যাওনে একমন্ দানে তিন্ মন্ পাইসি। [<উআর<উধার হিং]।

১১=[কুম]—বি.ঘোলা ॥ উর্ পানি খাইস্ না।

উর্‌ইয়াম্‌=[ফ]—বি. গাছবিশেষ ॥

উর্‌উরি=[সি]—অব্য. শব্দ বিশেষ ॥ মানুশে উর্‌উরি ডাকের্। [ধ্বন্যা.]।

উর্‌কা=[কুম, চা, সি]—বি. দরজার খিল, ছিটকিনি, হুড়কা ॥ দুয়ারের্ উর্‌কাডা লাগাইয়া দেও ॥ [<ছড়্‌কা <হুড়ক্ক সং]।

উর্‌কা বুর্‌কা=[চা]—বিণ. এলোমেলো অগোছাল ॥ অব্ মাতার্ চু'ল্ এমুন্ উর্‌কা বুরকা ক্যা? [অনু.]।

উর্‌কি=[ম]—বি. শুরু, আরম্ভ ॥

উর্‌খানিয়া=[চট্ট]—বিণ. ক্ষয়িষ্ণু, নড়বড়ে ॥ খুটিউয়া উর্‌খানিয়া হৈ গ্যাসে। [<উখ্‌ড়ানিয়া (<উৎকর্ষণ সং); বর্ণ বিপর্যয়]।

উর্‌গান্‌=[ম]—বি. ফেরৎ ॥

উর্‌গো=[খু]—সর্ব. উহাদের ॥ [<উয়ার <উহার+গো=দের]।

উর্‌গুন্যা=[চট্ট]—বিণ. ঘুনে খাওয়া, প্রায় পচা, ছাতাধরা ॥ মরিচ্'চু'ন্ দুই মাশোত্ উর্‌গুন্যা হৈ গেইয়ে।

উর্‌চু'ংগা=[চা, ফ, পা]—বি. আরশুলা জাতীয় পোকা বিশেষ ॥ [উচুংগা]।

উর্‌জানো=[বা]—ক্রি. উৎপাদন করা ॥ [<অর্জানো<অর্জন সং]।

উর্‌যা=[ম, বা]—বি. উচ্ছে তরকারী ॥ [দেখ উইচ্ছা]।

উর্‌বুর্=[বা]—বি. গণ্ডগোল ॥ অনেক্ মাইন্‌শের উর্‌বুর্ হোনা যায়্।

উর্‌ভাংগা=[কুম]—বি. আরশুলা জাতীয় একপ্রকার ছোট পোকা ॥ [দেখ উর্‌চ'ংগা]।

উর্‌তি=[খু]—বিণ. বাকী, অবশিষ্ট ॥ উর্‌তি ট্যাহাডা ফ্যারত্ দে।

উর্‌তুন্‌=[চট্ট]—অব্য. উপর হইতে ॥ 'উর্‌তুন পরে বুঝি তিন্ ঠ্যাং উগা করি' —ধাঁধাঁ। [<উপর+তুন=হইতে]।

উর্‌দা=[সি]—বিণ. উল্টা ॥

উর্‌দি উঠা=[সি]—ক্রি. বমি হওয়া ॥

উর্‌দু=[পা]—বিণ. বোকা। [<উরদু; অর্থ বিকৃতি]।

উর্‌নি [সি]—বি. স্ত্রীলোকের গায়ের চাদর ॥ [<উড়ানি; তুঃ ওড়না হিং]।

উর্‌পা=[কুম]—বিণ. পানিতে নষ্ট ॥ গ্যাসে বসর্ দান্ উর্‌পা যায়্ নো। [<উপ্‌ড়া <উৎপাড়িত প্রাঃ <উৎপাটিত সং]।

উর্‌পাড়ে যাওয়া বা আশা=[রা]—ক্রি. কোনকিছুর লোভে ঝাঁকে ঝাঁকে বা দলে দলে ভীড় করা ॥ মাছ্ দেখ্যা লোক্ শোমানে উর্ পাড়ে যায়্। [উর <হুড়]।

উর্‌পাত্‌=[কুম]—বি. উরু, রান ॥ আমার্ উর্‌পাতে কোরা ঐসে। [দেখ উরাত্]।

উর্‌পার্‌=[খু]—ক্রি. বিণ. একদিক হইতে অন্যদিক পর্যন্ত ॥ [দেখ উয়ার্ পার্]।

উর্‌প্যার্‌মুই=[নো]—ক্রি. বিণ. উপরের দিকে ॥ উর্‌প্যার্ মুই চ'াও। [দেখ উর্‌মুই; উরপের=উপর+এর; বর্ণ বিপর্যয়]।

উর্‌বং=[রা, রং]—বিণ. ভবঘুরে ছন্নছাড়া, বোকা ॥

উর্‌বাবা=[কুম, নো]—বি. হট্টগোল ॥ [<হুড়ভাজা]।

উর্‌বা যাওয়া=[নো, কুম, খু]—ক্রি. নষ্ট হওয়া, জলিয়া যাওয়া, ফসল না হওয়া ॥ বসির্ দান্ এইবার্ উর্‌বা গ্যাসে (খু)। [দেখ উর্‌পা]।

উর্‌মা=[বা]—বিণ. নোংরা, ময়লাটে ॥ উর্‌মা স্যারাডারে খ্যাদা। [<ওড়ুম্বা]।

উর্‌মাই=[চট্ট]—বি. দাপাদাপি ॥

উর্‌মান্‌=[ফ]—বিণ. অপরিষ্কৃত, নোংরা। লোক্‌টা বর উর্‌মান্। [দেখ উর্‌মা]।

উর্‌মাল্‌=[দি]—বি. রুমাল ॥ পকেটে উর্‌মাল্ রাখা দর্‌কার্। [দেখ উমাল্]।

উর্‌মুই=[না, কুম]—ক্রি. বিণ. উপরের দিকে ॥ উর্‌মুই স্যাপাইলে আপ্‌না গাও হবে। [<উপরমুই<উপরমুখী]।

উর্‌মুরি=[ম, সি]—ক্রি. বিণ. হঠাৎ, তাড়াতাড়ি ॥ এমন্ উর্‌মুরি কৈত্তে আইলা? [দেখ উরিমুরি]।

উর্‌মে=[রা]—ক্রি. বিণ. রাগের সহিত, বেগে ॥ শে তার্ বৌকে উর্‌মে আশি মার্‌লো।

উর্‌ম্যান্‌দা=[খু]—বিণ. স্থূল, খুব মোটা ॥ উর্‌ম্যান্‌দা লাশ্।

উর্‌ম্যাল্‌=[রা]—বি. রুমাল। [দেখ উমাল্]।

উর্‌মৈ=[ফ]—বি. একপ্রকার অখাদ্য ফল ॥ উর্‌মৈগুলা কিহার্‌তে পার্‌গোত্?

উর্‌ লাগানো=[সি]—ক্রি. লাভ পাওয়া ॥ ব্যাডা পান্‌শ ট্যাহা উর্ লাগাইয়া দনি ঐয়া গ্যাসে। [দেখ উর্$_{১০}$+লাগান]।

উর্‌সিলা=[সি]—বি. চালের ছিদ্রপথে ঘরে পতিত বৃষ্টি। [উচিছুলা ম. বাং]।

উর্‌গুম্যা দয়া=[পা]—ক্রি. বৃষ্টিপাতে নষ্ট হওয়া বা পচিয়া যাওয়া ॥

উর্‌সাগর্‌=[কুম]—বি. রন্ধনশালা ॥ [উরসা<রসুই; বর্ণ বিপর্যয়; দেখ উশাই+ঘর]।

উর্‌হি=[রা, খু, দি]—বি. ভাত নড়াচড়া করিবার নারিকেলের মালার তৈরী একপ্রকার চামচ বা হাতা ॥

উর্‌হো=[পা, কু, মা]—বি. কৈয়ের ছোয়া ॥

উলট্ কম্‌লি=[ঢা]—বি. একপ্রকার গাছ ॥

উলট্ কাজড়্=[রা]—বি. একশ্রেণীর গাছ ॥

উলট্ কোমর্=[পা]—বি. একশ্রেণীর গাছ (ইহার ডাঁটা ভিজাইয়া খাওয়া উপকারী) ॥

উলম্=[চট্ট]—বি. উদর ॥ [দেখ উর্$_{২}$]।

উলশ্=[সি]—বি. ছারপোকা ॥ [দেখ উরুইশ্]।

২=[য]—বি. লাঠি খেলার লাফ ॥ [<উলাস<উল্লাস সং ; অর্থ. প্র]।

উলশ্ কাটা=[খু]—ক্রি. জলের ভিতর মাছের পুচ্ছ সঞ্চালন করা ॥ [দেখ উলশ্$_{২}$]।

উলা=[দি]—সর্ব. ঐগুলা ॥ উলা কথা রাখেক্ ? [<ওউলা <ওগুলা <ঐগুলা]।

২=সি]—ক্রি. বিণ. এইভাবে ॥ উলা বেতমেযের্ মত কতা কও ক্যা ?

৩=[সি]—বি. পুরুষবিড়াল, হুলো বিড়াল ॥ [<হুলা]।

৪=[রং]— বিণ. উঁচু ॥ গাড়ির্ পেছনের্ দিক্ বোঝাই বলি শাম্‌নের্ দিকে উলা হছে। [ওলা = উলাব হিং]।

৫=[সি]—বি. কার্তিক মাসের শেষ-দিন ॥ 'আইয্ উলা কাইল্ বোলা।'

৬=[ম]—বি. চৈতালী হাওয়া, ঘূর্ণি বায়ু, কালবৈশাখী ঝড় ॥

৭=[দি]—বি. গাড়ির চাকায় বা ঢেঁকির মুষলে ব্যবহৃত গোলাকৃতি লোহা ॥ উলা থাক্‌লে চাকার্ মুখ্ শহজে ফাটে না।

৮=[য, কু ফ]—বি. রৌদ্রতাপে বিনষ্ট বা পচা খেজুর বা তালের রস, তাড়ি ॥ উলা খালে নেশা হয়্।

উলাইলুলা=[নো]—বিণ. আদুরে ॥ উলাইলুলা সাইনা। [<অলাইলুলা <আলাইললা<আলাল+ইয়া প্র.]।

উলাউলি=[ম]—বি. গোলমাল, চীৎকার [<হুলাহুলি<হুলহুলী সং]।

উলা করা=[রা]—ক্রি. উল্টা করা ॥ গাড়ি উলা করিছ্ না। [দেখ উলা$_{৪}$]॥

উলাক্=[ফ]—বি. উল্লেখ ॥ গোপন্ কথা উলাক্ না করাই বালা। [<উল্লাক <উল্লেখ]।

উলাক্‌খানে = [য, খু, কু] — বিণ. দুর্ভাগা ॥ ওটা একেবারেই উলাক্‌খানে। [<অলক্‌খনে<অলক্ষুণে]।

উলাক্ খান্যা=[পা]—বিণ. যে শুধু খাইতে পারে ॥ [দেখ উলাক্‌খানে : অর্থের বিকৃতি]।

উলাগাবা=[ম]—বি. আলোচনা ॥ বাযে উলাগাবায্ লাব্ কি ?

উলাটুলা = [সি] — বি. পুংবিড়াল ॥ আইয্ এখটা উলাটুলা আইলনি ? [উলা<গোলা+টুলা অনু:]।

উলাত্‌নি=[ম]—বি. ঘরের চালের বর্ধিতাংশ ॥ উলাত্‌নি দিয়া ম্যাগের্ পানি পবে। [ওলতী হিং]।

উলানি=[কুম, নো]—বি. মশার ন্যায় দংশনকারী এক প্রকার পোকা ॥ উলানির্ কামরে বরৈ (বড়শি) বাওন্ যায়্ না।

২=[ঢা]—বি. উল্লাস, খুশি ॥ উলানির্ ঘালায়্ আব্ বাচে' না।

উলানো=[কুম, ম ঢা]—ক্রি. উনান হইতে তোলা বা নামানো ॥ বেযুন্‌ডা পাহাল্ থাইক্যা উলাইয়া রাহ। [<ওলানো<ওআবন প্রাং<অবতারণ সং]।

২=[ঢা,নো, খু, সি, ম]—ক্রি. উত্যক্ত করা, ক্ষেপাইয়া তোলা, প্ররোচনা দেওয়া ॥ তরা গোঁয়া মানুশ্‌টারে এক্-কেলে উলাইয়া তুলস্‌ত্। [<উল্বণ ; নামধাতু]।

৩=[নো]—ক্রি. উদিত হওয়া ॥ অহনো চাঁ'ন্ উলায়্ নাই। [দেখ ; উলন্]।

৪=[ম]—ক্রি. বর্ধিত হওয়া ॥ গোল্ আলুগুলি বেশ্ উলাইগে।

৫=[ম]—ক্রি. মাটির নীচের শস্য ফলা ॥ খেতে গোল্‌আলু এখন্‌ও উলায়্ নাই।

৬=[সি]—ক্রি. কার্তিক মাসে জমিতে পাতা ছন ইত্যাদি রাখা ॥ [<উলু ; নামধাতু]।

উলাফিয়া=[ম]—বিণ. নির্বোধ, নিরেট ॥ [দেখ উলুফ]।

উলাবুলা=[ম]—বিণ. মোটাসোটা ॥ বক্‌রির্ বাচ্'চ'াডা খুব্ উলাবুলা।

উলাব্যালা = [রা] — বি. অবেলা ॥ [<উনা+বেলা]।

উলাম্যালা=[কু, খু, দি]—বি. আনন্দ, উৎসব ॥ উলামেলা কিযের্ ? [মেলা+উলা ; অনু.]।

২=[খু, য, ম]—বি. সামাজিকতা, খাতির, মহব্বত ॥

৩=[ম]—ক্রি.বিণ. এলোমেলো ॥ উলা মেলা কৈর্যা কাম্ কর ক্যা ? [উলা <আউল<আকুল+ম্যালা অনু:]।

উলার্ ভায়া=[রং]—ক্রি. বিণ. ঐগুলি-সহ ॥ উলার্ ভায়া নিছু। [উলার <ওউলার <ঐগুলার+ভাঁয়া <ভাতে হিং=সদৃশ ; দেখ উলা]।

উলাল্=[নো, ঢা, কুম, চট্ট]—বি. আনন্দ ॥ উলালে গা হাড়ি যায়ের্। [<উল্লাস]।

২=[রা]—বি. আরাম, বিশ্রাম ॥ গরুটারে উলাল্ দাও।

উলাশ্ করা=[বা]—ক্রি. জানিয়াও না জানার ভান করা ॥ [<উল্লাস ; অর্থ প্র.]।

উলা হওয়া=[ফ]—ক্রি. উল্টাইয়া যাওয়া। গারিখালি উলা হয়্ ক্যা। [<ওলা ; দেখ উলা$_{৪}$]।

উলি=[কুম, সি, ফ]—বি. উই পোকা ॥ উলিতে বৈ কাটে। [দেখ উরি (র=ল) কিংবা উঅলিআ প্রাং উপদিকা সং]।

২=[ম]—বি. ধুম ॥ পুশ্ মাশে পিডা খাওনের উলি পর্যা যায়্। [দেখ উলি$_{৩}$]।

৩=[সি]—বি. হোলী উৎসব ॥ হিন্দুরা উলি খেলাত্ খুব্ ফুর্তি করে। [হোলী<হোলাকা সং]।

৪=[সি]—অব্য. ওয়ালা, যুক্ত, বিশিষ্ট। চৌদ্দরি শাব্ শিংউলি বলদ্ কিনুসে।

[<বালী হিং]।

৫=[খু]—বি. রুলার ॥ উলি দিয়া খাতায় দাগ্ টানে। [<রুলি< roller ইং]।

৬=[ম]—বি. দিশাহারা ভাব॥ অত্-লোক্ দেইখ্যা উলি লাইগ্যা গেসে গা।

৭=[পা]—বি. শোলা বা খড়কটার আলো ॥ [<আলোঈ<আলোকী]।

উলিতুয়া=[কুম]—বি. উই পোকার উঠানো মাটির স্তূপ ॥ [উলি<উপদিকা সং+তুয়া (স্তূপ)]।

উলিবিলি=[রা]—ক্রি. বিণ. ব্যাতি-ব্যস্ত ॥ হামাক উলিবিলি করিছ্ না। [<এলোবিলি<আকুলী ব্যাকুলী]।

উলিরায়্=[ফ]—বি. একপ্রকার উড়ন্ত উই॥ আগে হুনসি উলিবায্ ওট্লে বিশ্টি অয। [দেখ উলি+রাজ]।

উলি লাগা=[ম]—ক্রি. বুদ্ধিভ্রম হওয়া॥ বুইর‍্যা বয়্শেতো উলি লাগবৈ। [দেখ; উলি৬]।

উলু=[সি]—বি. গাভীর স্তন॥ [<উলুইন <ওলান]

২=[পা]—বি. ঝাড়ু॥ উলু দিয়া গর যাড়্। [দেখ উলু৪; অর্থ প্র.]।

৩=[কুম, চা]—বি. উইপোকা॥ দুই মোন্ পাট্ উলুয়ে কাইট্টা লাইসে। [দেখ উলি]।

৪=[পা, কুম]—বি. একপ্রকার সরু ঘাস বা ছন ॥

উলুইন্=[সি]—বি. গাভীর স্তন॥ গাইয়ে উলুইন্ নামাই দিসে। [দেখ উলু]।

উলুইয়্যা=[কুম]—বি. হুলো বিড়াল॥ উলুইয়্যায় ইন্দুর্ মারে। [উলাই <হুলা]।

উলুংগা = [দি]—বিণ. খালি, শূন্য, উলঙ্গ॥ উলুংগা গতরে থাক্লে জাড়্ লাগ্‌বো। [<উলংগ]।

উলুংগা ঘুলুংগা=[ম]—বিণ. এলো-মেলো॥ উলুংগা ঘুলুংগা ঐয়া বৈসো ক্যান্? [দেখ উলুংগা+ঘুলুংগা অনু: =উচ্ছৃঙ্খল]।

উলুক্=[খু]—বি. পেচক॥ উলুকের্ গোস্‌ত্ খাওয়া যায়্ না। [<উলুক, উলুক]।

উলুক্ ভুলুক্= [রং, বা, রা]—বি. উঁকি॥ কেনে বায়্ উলুক্ ভুলুক্ নাগাছিস্ (রা)। [দেখ উলুকি ভুলুকি]।

উলুখুলু=[কু]—বিণ. শিথিল, অবিন্যস্ত॥ উলুখুলু চুল্। [<উলুখুলু <আলুথালু]।

উলুচ্ পুলুচ্ করা=[রা]—ক্রি. বিণ. ক্যামপীড়ায় চঞ্চলতা প্রকাশ করা, ভরা আবেগে মদমত্ত হওয়া॥ [অনু.]।

উলুজ ঘর্= [রা]—বি সমবেত চীৎকার। [দেখ উলুযোগার্]।

উলুযোগার্=[পা]—বি. ঐক্যধ্বনি, সমস্বরে চীৎকার॥ [<হুলু জোকার]।

উলুতুবর্ খাড়ি=[সি]—বিণ. কিম্ভূত কিমাকার॥

উলুপ্ বান্=[বা]—বি. প্রলাপ॥ বেশি শময়্ বাচ্'বোনা, উলুপ্‌বান্ আরম্ভ ঐয়া গেসে। [<পলাবন প্রাং<প্রলাপন সং; উ আগম এবং স্থিতি বিপর্যয়]।

উলুফা=[চা]—বি. নাশ্‌তা॥ [<'উলুফ: علوفہ <আং=খোরাক; অর্থ প্র.]।

উলুবুয়া=[সি]—বি. সর্পবিশেষ॥

উলুমুশ্= [কুম]—বি. গোঁয়ার গোবিন্দ॥ হের্ উলুমুশের্ চ'ল্‌তিডা গেল্ না।

উলুম্বরা=[ম]—বিণ. বোম্বেটে, ছন্নছাড়া॥ উলুম্বরা সেলে। [দেখ উলম্বা; <ওড়ম্বা]।

উলুম্বা=[ম]—বিণ. অলস প্রকৃতির॥ [=উরুম্বা=ওড়ম্বা]।

উলুমবুশাই=[সি]—বিণ. যে অধিক ময়লা কাপড় পরে॥ [দেখ উলুম্বা+সাঁই]।

উলুম্ব্যারে=[ধ]—বিণ. ভবঘুরে॥ উলুম্ব্যারে লোক্কে কেহ বিশ্‌শাশ্ করে না। [দেখ উলুম্বা]।

উলুশ্ =[কুম, চা]—বি. ছারপোকা॥ খেতায়্ উলুশ্ বরা।

২=[খু]—বি. মাছের পুচ্ছদ্বারা জল সঞ্চালন॥ [<উল্লাস]।

উলুসন্=[সি, নো]—বি. ছন বিশেষ॥ উলুসন্দি চ'াল্ সাইসি। [দেখ উলু +ছন]।

উলুস্‌না=[সি]—বিণ. এলোমেলো॥ [<উল্‌ঝন্ হিং+আ প্র.]।

উলে আশা=[রা]—ক্রি. নামিয়া আসা॥ [দেখ উলানো]।

উলেবালে=[সি]—ক্রি বিণ. সমস্ত, শেষ পর্যন্ত॥ [রঙ্গপুরের বুলিতে আলে ভালে]।

উল্যা=[রা]—বি. গরুর গাড়ির চাকায় ব্যবহৃত লোহার বেড়॥ [দেখ উলা]।

২=[রা]—বি, ঘর বিশেষ॥

উল্যামেরা=[নো]—বিণ. দুর্ভাগা॥

উলৈন্=[সি]—বি. গাভীর স্তন॥ গাইডার্ উলৈন্ খুব্ বর। [<ওলান]।

উলোঝ'াড়্=[খু, য]—বি. কাশবন॥ [<উলু ঝাড়]।

উলো না থুলো=[সি]—ক্রি. বিণ. হঠাৎ॥ উলো না থুলো এ্যাক্ যিয়াফত্ পাইলাম্।

উলোফা=[পা]—বি. কর্মহীন অবস্থা॥ [দেখ উল্‌ফ]।

উল্=[রা]—বি. কাঠপেন্সিল॥ [<উডেন্ (পেন্সিল) wooden pencil ইং]।

২=[পা]—বি. খোঁজ, ঠিকানা, খবর॥ [<ওর]।

৩=[পা]—বি. ধানের হুল বা শুঙ্গা॥ [<হুল]।

৪=[ম]—বি. অণ্ডকোষ॥ [<হোল]।

৫=[ম]—বি. কচু বিশেষ। [<ওল]।

উল্‌উল্যা=[কুম, নো]—বি. অধন, ঠাসাঠাসি নয় এইরূপ॥ চা'উলের্ ডোল্‌ডা উল্‌উল্যা রাইখ্যা না।

উল্ করা=[রা বি]—ক্রি. খোঁজ করা॥ [দেখ উল্২]।

উল্‌কা =[পা]—বি. দরজার খিল, হুড্‌কা॥ [<হুড়কা]।

২=[ফ, চট্ট]—বিণ. অতিরিক্ত,

বাজে ।। মেধ্‌বানে উল্‌কা মাইন্‌শেও খাইয়ে। [<আলুফা]।

উল্‌কি=[ম]—বি. উদুখল।। উল্‌কিতে সাতু কর্‌। [<উখলি<উদুখল + ই প্র. ; বর্ণ বিপর্যয়]।

উল্‌কিনা=[কু]—বি. তুলনা, খোঁটা গঞ্জনা।। [দেখ উল্‌কুনা]।

উল্‌কি ভুল্‌কি=[রা, ব]—বি. উঁকি-ঝুঁকি।। উল্‌কি ভুল্‌কি মারিছ্‌ না (র)। [দেখ উলুক্‌ ভুলুক্‌]।

উল্‌কুচি'=[ঢা]—বি. উস্কানি।। তুইতো উল্‌কুচি' লাগাবার্‌ যম্‌।

২=[রং]—বি. ঝগড়া, ফ্যাসাদ।। ও শব্‌শময়্‌ উল্‌কুচি নাগেয়া বেড়াচ্ছে।

উল্‌কুচ্‌নি=[রং]—বি. উস্কানি।।

উল্‌কুনা=[রং]—বি. তুলনা, খোঁটা।। হুলুলা উল্‌কুনা আর্‌ দেইছ্‌ না তাক কয়া দিলুঁ। [দেখ উল্‌কিনা]।

উল্‌গানো=[ফ]—ক্রি. উত্তোলন।। এই গাস্‌টা উল্‌গাইস্‌ না। [<আল্‌গা+আনো প্র. ; নামধাতু]।

উল্‌গুলা = [পা] — বিণ. ঢিলা।। [আলগা+উলা প্র.]।

উল্‌ঘুল্‌=[ব] — বিণ. এলোমেলো, অসংলগ্ন।। 'চে'ংড়ি তোর্‌ উল্‌ঘুল্‌ চু'লে চি'লে দিবো ডিম্‌' (ছড়া)। [=উল্‌ঝলল্‌ ; তুং উল্‌ ঝলুল্‌ হিং]।

উল্‌টা=[কুম]—বি. হোঁচট, পায়ে আঘাত।।

উল্‌টা ভোল্‌টা=[রং]—বি. ঘোরা-ফেরা [ভোলটা অনু:]।

উল্‌টামারি=[ঢা]—বিণ. বিপরীত।। কর্‌লাম্‌ বালার্‌ লাইগ্যা, ফল্‌ ঐল্‌ উল্‌টামারি।

উল্‌টি=[ব]—বি. উঠানের যে স্থানে ঘরের পানি পড়ে।। [<ওলতী হিং ; দেখ উল্‌তি]।

উল্‌ডাকুই=[চট্ট]—বিণ. একগুঁয়ে, উল্টা কাজ করে যে।। তে এক্‌বেরে উল্‌ডাকুই। [<উল্‌টাক্কাই <উলটা-কারী]।

উল্‌ডাপাক=[ঢা]—বি. যে পাকে দড়ি প্রভৃতি খুলিয়া যায়, প্রতিকূল অবস্থা।। উল্‌ডাপাক্‌ দিয়া দরিডা খুইল্যা হালাইসি। [<উলটা+পাক]।

উল্‌ডাবাও=[ঢা]—বিণ. বিপরীত আব-হাওয়া, বিপরীত পরিবেশ।। হারা রাইতে কি ক্যান্‌বাস্‌ কর্‌লা, অহনে দেহি উল্‌ডা বাও। [<উলটা বায়ু]।

উল্‌ডা হুল্‌ডা=[চট্ট]—বিণ. উলটা পালটা।। উল্‌ডা হলডা কথা ন কৈশ্‌। [<উল্‌টা পাল্‌টা]।

উল্‌ডি পুল্‌ডি=[কুম]— ক্রি. বিণ. ডিগ্‌বাজী।। উল্‌টি পুল্‌টি খাইয়া পরসে। [<উল্‌টি পুল্‌টি]।

উল্‌তি=[ঢা, কুম]—বি. চাল হইতে বৃষ্টির পানি যেখানে পড়ে।। [দেখ উল্‌টি <ওলতী হিং]।

উল্‌না=[ম]— বি. গাভীর স্তন।। উল্‌নাডা দুদে টন্‌টন্‌ কর্‌তাসে। [<ওলান+আ প্র.]।

উল্‌পরানি=[সি]—বিণ. সঙ্কীর্ণমনা।। [<উন+পরান+ই প্র.]।

উল্‌পুলা=[ম]—বিণ. আলগা, নরম।। মাটি উল্‌পুলা কৈর‍্যা দিলে বালা অয়্‌।

উল্‌ফ=[য]—বিণ. বাজে।। উল্‌ফ্‌ কাযে শময়্‌ নশ্‌ট করো না। [দেখ উলুফা ; অর্থ প্র.]।

উল্‌ফা=[ফ]—বি. বাজে কথা।। উল্‌ফা কও কেন্‌? [দেখ উলুফা]।

উল্‌ফুল্‌=[চট্ট]—বি. রক্তজবা ফুল।। উল্‌ফুল্‌ কি শুন্দর্‌। [<ওড় ফুল]।

উল্‌ফো খরচ্‌=[রং]— বিণ. অযথা খরচ।। উল্‌ফো খরচ্‌ ভাল না। [দেখ উলুফা+ও প্র.]।

উল্‌বুলন্‌=[কুম]—ক্রি. মোচড়ান।। গন্‌ধের্‌ চে'াটে পেট্‌ উল্‌বুলাইয়া উডে।

উল্‌বুল্যা=[ফ]—বিণ. এলোমেলো।। চু'ল্‌গুলান্‌ উল্‌বুল্যা দেহা যায়্‌ ক্যান্‌?

উল্‌মাইল্‌=[সি]—বি. গণ্ডগোল।। ই এক্‌ উল্‌মাইল্‌ পরি গেসে।

উল্‌মাইশ্‌=[সি]—বি. ইশারা, পাত্তা।। এক যারা উল্‌মাইশ্‌ পাইলাম্‌ না।

উল্‌মাদিনি=[ম] — বিণ. উন্মাদিনী।। এই উল্‌মাদিনি মাইয়ালা কয়্‌ কি? [<উন্মাদিনী]।

উল্‌মুলা=[ম]—বিণ. উস্‌কো খুসকো।। [=এলোমেলো]।

উল্‌মুল্‌=[রা]— বি. আগাগোড়া।। তার্‌ কথার্‌ উল্‌মুল্‌ কিছুই বুঝি না। [উল অনু:]।

উল্‌লা=[নো]—বি. গরুর গাড়ির চাকার লোহার বেড়।। [দেখ উলা]।

২=[ফ, য]—বি. বড় কালো পিঁপড়া বিশেষ, ডাঁইয়ে।। উল্‌লার্‌ কামরে বর বেথা।

৩=[কুম]—বি. নলখাগড়া জাতীয় গুল্ম বিশেষ।।

৪=[কুম]—বি. ঘরের চালা হইতে যে স্থানে পানি পড়ে।।

উল্‌লাও=[রং]— বিণ. ঐ সমস্ত।। হাঁ হাঁ, উল্‌লাও হামার্‌। [<ওউলা <ওগুলা]।

উল্‌লানো=[রং]—ক্রি. এলোমেলো-করা।। কেনে জিনিশ্‌লা উল্‌লাইছ্‌ বাহে? [<আউলানো<আউল<আকুল +(নামধাতু) আনো প্র.]।

উল্‌লাপাতিল্‌=[ফ]—বি. খেজুরের রস জাল দিবার মাটির লম্বা পাতিল।।

উল্‌লাফা=[ব]—বি. লাভ।। ব্যাবশাত্‌ উল্‌লাফা খুব্‌। [দেখ উলুফা ; অর্থ প্র.]।

উল্‌লামুরা=[নো]—বি. যাহার কোনও অধিকার নাই।। উল্‌লামুরার্‌ মত হওরের্‌ বারিত্‌ থাই লাব্‌ কি? [দেখ উল্যানেরা]।

উল্‌লাল্‌=[কুম]—বি. খুশী।। বিয়ার্‌ দিনে হোলাহাইনের্‌ উল্‌লাল্‌ বেশি। [<উল্লাস]।

উল্‌লি=[রং] — বি. খোঁজ।। [দেখ উলু]।

উল্‌লিয়া=[সি]—বি. পুরুষ বিড়াল।। [<হোল+ইয়া প্র.]।

উল্‌লিশুল্‌লি=[রং] — বি. হুঁশ, আক্কেল।। কথা কওয়ার্‌ উল্‌লি শুল্‌লি নাই।

উল্‌লু=[রং]—বি. বোকা।। তুই কতায়্‌

কতায়্ উয়াক উল্লু করি দিশ্।
[<উল্লু<উলুক = পেঁচা; তুঃ উল্লু হিং; অর্থ প্র.; তুঃ উল্লু বনানা হিং]।

উল্লুক্ ভুল্লুক্=[রং]—ক্রি. বিণ. উঁকিঝুঁকি॥ কেনে বায়্ উল্লুক্ ভুল্লুক্ লাগাছিশ্? [দেখ উলুক্ ভুলুক্]।

উল্লুশ্ = [ঢা]—বি. ছারপোকা॥ [দেখ উরুশ্]।

উল্লে = [রং]—বি. চাচা॥ এতিম্ ছাওয়াটা উল্লের্ কাছোত্ থাকে।

উল্লৈ = [সি]—ক্রি. বিণ. হুলুস্থুল॥ বাল্কু দেইখ্যা পুয়াগুইন্ উল্লৈ যুর্ল। [<হুললই<হুল্লোড় বা হল্লা]।

উল্শানো=[খু, য]—ক্রি. উপচাইয়া উঠা॥ অধিক্ তাপে দুধ্ উল্শে উঠে। [<উচ্লানো<উচ্ছলন; বর্ণ বিপর্যয়]।

২=[রং]—ক্রি. উৎসাহিত হওয়া॥ ঐ কামোত্ উল্শিছ্ না কেন্? [<উল্লাস+আনো; নামধাতু]।

উল্শে = [রং]—অস. ক্রি. হৈ চৈ করিয়া॥ ঝগ্ড়া লাগাবার জন্যে উল্শে বেড়াইছিশ্।

উল্হাই=[দি]—বি. উল্লাস॥ পহিলা বানের্ পানি, মাছের্ খালি উল্হাই লাগ্ছে। [<উল্শাই<উল্লাস+আই]।

উল্হাই করা=[রং]—ক্রি. যাচ্ছেতাই করিয়া উড়াইয়া দেওয়া বা নষ্ট করা॥

উল্হ্যানা=[পা]—বি. খোঁটা, কথার দ্বারা আঘাত॥ [উলাহ্না হিং]।

উশম্=[রা]—বি. গরম॥ [<উষ্ম]।

উশল্= [ম]—বি. জমা, আদায়॥ [<উসুল<বসুল وصول আং]।

উশা=[রং, রা]—বিণ. সিদ্ধ॥ উশা চাউল্ [<উষ্মা]।

২ = [রা]—বি. গরম॥ [<উশা <উষ্মা]।

৩=[ম]—বি. রাজমিস্ত্রীদের কাজের জন্য কাঠের তৈরী উপকরণ বিশেষ॥

৪=[ম]—বি. সংকেত॥

উশাই=[পা]—বি. রান্নাঘর॥ উশাই ঘর্। [<রসুই]।

উশাক্=[কুম]—বি. ডুব কাটা, শ্বাস নেওয়া॥ কৈ মাস্ উশাক্ দিসে। [<উষ্মা+ক (স্বার্থে)]।

উশান্যা=[স]—বিণ. যাহার ঘর বাড়ি, নাই॥ [<উস্সান্ন (<উৎসন্ন)+ইয়া প্র.]।

উশানো=[ব, রং, রা]—ক্রি. সিদ্ধ করা॥ [দেখ উশা+আনো প্র.]।

২=[সি]—ক্রি. পানির নীচ হইতে শ্বাস নিবার জন্য মাছের ভাসিয়া উঠা॥ বিলে মাস্ উশাইতাসে। [দেখ উশা (নামধাতু)+আনো প্র.]।

উশারা=[বা, সি, ঢা]—বি. বারান্দা॥ [<উপশালা; তুঃ উসারা হিং]।

উশার্=[কুম, চট্ট, রা]—বিণ. সারহীন. নরম॥ উশার্ কাডে আল্মারি পোক্তা অয়্ না (কুম)। [<অসার]।

২=[রা]—বি. অবসর, কাজের চাপের হ্রাস॥ আমার্ এক্টুও উশার্ নাই। [<ওশর<অবসর]।

৩= [ম]—বি. চওড়া॥ কাপড়ের্ উশার্ কত? [<ওসার<প্রসার]।

৪=[খু]—বি. গুল্ম বিশেষ॥ উশার্ মুল্ অশুধের্ অনুপানে লাগে। [<উশীর, উষীর]।

উশাল্=[চট্ট]—বি. খন্তা (ইহার একমাথা সরু থাকে—খন্তার পরিবর্তে ইহা দ্বারা মাটিতে গর্ত করা হয়)॥ [<উ (স্বার্থে)+শলা<শলাকা]।

উশি=[পা]—বি. কপি তরকারী॥

২=[ব]—বি, সন্ধান॥ তার্ কোন উশি পাস্সি না।

৩=[রা]—বি. আরম্ভ॥ বিবাদের্ উশি কোথায়্ তা জান কি?

উশিট্টাল্=[ম]—বি. আবর্জনা ফেলার জায়গা॥ [<উচিচ্চট<উচিছ্‌ট+স্থল কিংবা আল <শালা]।

উশিপুশি=[রা]—বি. কাঁক॥ এত খেয়েছে যে পেটে এক্টু উশিপুশিও নাই।

২=[খু]—বি. তন্দ্রা, অর্ধজাগরণ॥

উশিবুশি=[সি]—বি. ঘুম না আসার দরুণ অস্বস্তি॥ কাইল্ রাইতে উশিবুশিত্ কাডাইসি। [=উস্ পিস্]।

উশিলা=[নো]—বি. উপায়॥ গরিবের্ কোনো উশিলা শহরে অয়্ না। [<বসীলঃ وسيله আং]।

উশিল্যা পরা=[ম]—ক্রি. চালের ছিদ্র দিয়া পানি পড়া॥ ঘরে উশিল্যা পর্তাসে। [=উচ্ছিলা+পড়া]।

উশুনা=[দি]—বিণ. সিদ্ধ॥ উশুনা ধানের্ পুশুনা পিড়া। [দেখ উশানো]।

উশুবুশু=[ঢা]—বি. বেশী খাওয়ার জন্য অসুস্থতা, অস্থিরতা, ব্যস্ততা॥ পেড্টা হাপনে কেমুন্ উশুবুশু লাগ্তাসে। [দেখ উশিবুশি]।

উশুম্=[রা]—বি. তা॥ মুর্গি উশুমত্ বশিছে। [দেখ উশম্]।

২=[রা, রং, ব]—বি. গরম॥ লেপে আর্ উশুম্ নাই।

উশুম্ কুশুম্=[ব]—বিণ. উষ্ণ॥ উশুম্ কুশুম্ পানি দিয়ে অশুদ্ খাই। [<উষ্ণ কবোষ্ণ]।

উশুম্ বুশুম্ লাগা=[সি]—ক্রি. অস্বস্তি লাগা॥

উশুল্=[ফ]—বি. ওয়াশীল, আদায়॥ আমি যেই রহম্ বাবে পারি তোর্ ট্যাহা উশুল্ করুমৈ। [দেখ উশল্]।

উশুল্ করা=[ম]—ক্রি. প্রতিশোধ লওয়া॥ আমি ইযার্ উশুল্ না কৈরা সার্মু? [দেখ উশুল্]।

উশ্যা=[ম]—বি. গোস্বা, রাগ॥ তার্ কতায়্ উশ্যা কর্লা? [<উষ্মা]।

উশ্যান্যা= [ম, রা]—বিণ. সিদ্ধ॥ [<দেখ উশানো]।

উশোঝ'মা=[ব]—বিণ. প্রসবকালে যাহার পা আগে বাহির হয়॥ উশোঝ'মা লোক্ পুকুরে নাম্তে ডর্ পায়্।

উশ্=[ব, চট্ট]—বি. কুয়াশা॥ উশর্ পানি তুই শরি আইউন্।' [ওস্ হিং <ওসা প্রাং<অবশ্যা সং]।

২=[কুম, ম, ঢা]—বি. হুঁশ, সাবধান॥ উশ্ কৈরা চলিশ্। [<হোশ্ هوش ফা.]।

৩=[চট্ট]—বি. ঝর্ণা ॥ উশের্‌ পানি বর ঠান্‌ডা। [<উহ্‌<উচ্ছ<উৎস]।
৪=[চট্ট]—বি. মাছ কুচিলা সাপ কাঁকড়া প্রভৃতির গর্ত বা সুরঙ্গ ॥
৫=[রা]—বি. ছিদ্র ॥ ভাতাভাত্‌ উশ্‌ আসে।
৬=[রা]—বি. ঢেঁকির উদুখল ॥
উশ্‌কা=[সি]—বিণ. যুবতী ॥ উশ্‌কা মাইয়া।
উশ্‌কাটা=[খু]—ক্রি. শ্বাস টানা ॥ [দেখ উশানো$_2$+কাটা]।
উশ্‌কাঠি=[রা]—বি. চুলার আগুন উসকাইবার দণ্ড বিশেষ ॥
উশ্‌কানা=[পা]—বিণ. বুদ্ধিহীন ॥ [হোশ هوش ফা.+কানা; তুং দিন-কানা]।
উশ্‌কানি=[রা]—বি. ইঙ্গিত, প্ররোচনা ॥ [<উস্কানি]।
উশ্‌কানো=[দি]—ক্রি. খুলিয়া ফেলা ॥ গতরের্‌ গাম্‌ছাটা উশ্‌কাইয়া থো। [<উচ্‌কানো; উচ্‌কনা হিং]।
উশ্‌কিটান্‌=[সি]—বি. হেঁচকা টান ॥ উশ্‌কিটান্‌ দিয়া দরিডা সির্‌। [<হুশকি<হেঁচকা]।
উশ্‌খুশ্‌=[ফ]—ক্রি. বিণ. মনে মনে বিরক্ত ॥ আমারে দেক্‌লেই শে উশ্‌খুশ্‌ করে। [=উস্‌খুস]।
উশ্‌টম্ব=[ম]—বি. উপলক্ষ ॥ ইদের্‌ উশ্‌টম্বে বৌত্‌ টেহা গেসে। [অশ্‌টম্ব <অষ্টমই<অষ্টমী; হিন্দুদের পর্ব বিশেষ; অর্থ প্র.]।
উশ্‌টা=[কুম]—বি. বক ধরার ফাঁদ ॥ উশ্‌টা পাত্যা থও।
২=[রা, ব, দি]—বি. হোঁচট ॥ দেখে-শুনে না হাট্‌লে উশ্‌টা খাবে। [<উছটা <হোঁচট+আ প্র.]।
৩=[বা]—বি. উচ্ছিষ্ট ॥ আমি কারো উশ্‌টা খাবু না। [<উশিট্‌ঠ<উচ্ছিষ্ট]।
৪=[পা]—বি. ফোস্কা ॥
৫=[ম]—বি. চড় ॥ গালে উশ্‌টা মার্‌লে ॥ [দেখ উশ্‌টা$_2$; অর্থ প্র.]।
উশ্‌টাইয়া=[সি]—অস. ক্রি. পদাঘাত করিতে করিতে ॥ [দেখ উশ্‌টা$_2$+ইয়া অস. ক্রি. বিভক্তি]।
উশ্‌টা উশ্‌টি=[সি, ঢা]—বি. লাথালাথি ॥ পোলাপানে উশ্‌টা উশ্‌টি লাগাইসে। [দেখ উশ্‌টা$_2$]।
২=[রা]—বি. চটাচটি, রাগারাগি ॥ [দেখ উশ্‌টা$_2$; অর্থ প্র.]।
উশ্‌টানো=[রং]—ক্রি. গরু মহিষ প্রভৃতির কাম প্রবৃত্তি জাগা ॥ হামার্‌ ছাগল্‌টা উশ্‌টাইছে।
২=[ঢা, কুম]—ক্রি. পদাঘাত করা ॥ উশ্‌টাইয়া অর্‌ কাহাইল্‌ বাংযু। [দেখ উশ্‌টা$_2$+নো প্র.]।
৩=[ফ]—ক্রি. উপেক্ষা করা ॥ [দেখ উশ্‌টা$_2$+নো; অর্থ প্র.]।
উশ্‌টি=[রং, ব]—বি. বক ধরিবার ফাঁদ বিশেষ ॥ উশ্‌টিতে বগ্‌লা পড়্‌ছে (রং)। [দেখ উশ্‌টা]।
২=[রং]—বি. মাছ ধরার ছোট যন্ত্র বিশেষ ॥ উশ্‌টিত্‌ বোয়াল ফান্‌দাইছে।
উশ্‌টুংগা=[ম]—বি. ঘুঘুরে পোকা ॥ [দেখ উচুংগা]।
উশ্‌টুম্‌=[চা, খু]—বি. উপলক্ষ ॥ কোন্‌ উশ্‌টুমে যামু? [দেখ উশ্‌টম্ব]।
২=[ফ, কু]—বি. আরম্ভ, উপক্রম ॥ এখন্‌ কামের্‌ কতা উশ্‌টুম্‌ কর।
উশ্‌টুম্বু=[ম]—বি. কোনও কাজের উদ্যোগকারী মূল ব্যক্তি ॥ তিনিই এ কামের্‌ উশ্‌টুম্বু। [দেখ উশ্‌টম্ব]।
২=[রা]—বি. আরম্ভ ॥ ছেলেটির্‌ আবার্‌ জর্‌ উশ্‌টুম্বু হচে।
উশ্‌টে=[ব, রা]—ক্রি. বিণ. রাগান্বিত অবস্থায় লাফাইয়া ॥ লোক্‌টা উশ্‌টে তার্‌ বৌকে মার্‌তে গেল্‌।
উশ্‌ঠা=[কুম, নো]—বি. উচ্ছে তর-কারী, করলা ॥ [<উচ্ছে]।
উশ্‌ঠি=[রা]—বি. বক ইত্যাদি পাখি ধরার যন্ত্র বিশেষ। [দেখ উশ্‌টা]।
উশ্‌ঠুংগা=[রা]—বি. পতঙ্গ বিশেষ ॥ [দেখ উচুংগা]।
উশ্‌না=[ম]—বিণ. গরম ॥ কেচ্ছারে উশ্‌না পানি কালায়্‌? [উশ<উষ্ণ+না প্র.]।
উশ্‌না আলু=[রং]—বি. সিদ্ধ আলু ॥ [দেখ উশন্‌]।
উশ্‌ নিউশ্‌=[নো]—বি. বদদোয়া, কু খেয়াল বা কামনা ॥ রাড়ি বুড়ির্‌ উশ্‌ নিউশ্‌।
উশ্‌ বিশ্‌=[পা]—বি. পীড়া, যন্ত্রণা, অশান্তি, কোন কিছু প্রকাশ করিতে না পারার ভাব ॥
উশ্‌মা=[সি]—বি. কাঁকড়া ॥ গ্গরের্‌ মদ্দে উশ্‌মার্‌ গন্দ কেরে?
উশ্‌মানি=[রং]—বি. ডিমে তা দেওয়া ॥ নাল্‌ মুর্‌গিটা উশ্‌মানি বৈশাছে। [<উষ্ম+আনি প্র.]।
উশ্‌মার্‌=[দি]—সর্ব. উহাদের, তাহা-দের ॥ উশ্‌মার্‌ বাড়ি কুন্‌ঠে?
উশ্‌ম্যা=[রং]—বি. ডিমে তা দেওয়া ॥ নাল্‌ মুর্‌গিটা উশ্‌ম্যা বৈশাছে। [<উষ্ম+আ প্র.]।
উশ্‌রানো=[রা]—ক্রি. আরম্ভ করা ॥ কাজ্‌ উশ্‌রায়া আও কৈ? [উশ্‌র্‌<শুরু <শুরু' شروع আং+আনো প্র.; নামধাতু; তুং উরুকি]।
উশ্‌লানো=[কুম]—ক্রি. নাড়া দেওয়া। নিবা আগুন্‌ আর্‌ উশ্‌লাইও না। [<উছ লানো]॥
উশ্‌শানো=[রা]—ক্রি. কোন কার্য শুরু করা ॥ [দেখ উশ্‌রানো]।
২=[রং]—ক্রি. এড়াইয়া যাওয়া ॥ কাঁয়্‌ জানে জে জিনিশ্‌লা উশ্‌শি জাইবে।
উশ্‌শি=[ফ]—বি. শিম ॥ উশ্‌শি তর্‌কারি।
উশ্‌শে=[রং]—অস. ক্রি. চোয়াইয়া ॥ ছেন্‌দা পাইলা থাকি দুধ্‌গুলা উশ্‌শে পৈল্‌। [<উপ্‌চে<উৎপত্য সং]।
উসর্‌ পাসর্‌=[খু]—বি. বাধাবিঘ্ন অতিক্রমের চেষ্টা ॥
উসল্‌কেতু=[সি]—বিণ. ছলনাকারী ॥ উসল্‌কেতুর্‌ লগে চৈ'ল্‌ল না। [উছল <ছল+কেতু=কেতুগ্রহ]।
উসা=[ম]—বিণ. বাছাইকরা ॥ উসা মাস্‌। [<উচ্ছিত]।

১=[য]—বিণ. ভাজা।। উসা চ'উল্‌ কিনে কেন্‌ ?

৩=[ঢা]—বি. আস্তর ঘষিয়া সমতল বা পালিশ করিবার যন্ত্র ।। উসা দিয়া গশা দেও।

৪=[ম]—বিণ. অপ্রয়োজনীয় ।। আমি ঐলাম্‌ গিয়া এই বারির্‌ উসা মানু। [<উচ্ছ]।

উসাই=[স]—বি. আনন্দ ।। আইয়্‌ তোমার্‌ উসাইর্‌ দিন্‌। [<উৎসাহ]।

উসাইদ্যা=[চট্ট]—বিণ. অপব্যয়ী, খরচে পটু ।। তোন্‌নান্‌ উগাইদ্যা আঁই নঅ দেই। [<উচ্ছেদ+ইয়া প্র.]।

উসাউসি=[খু]—বি. প্রতিদ্বন্দ্বিতা ।।

উসাট্‌=[সি]—বিণ. দোহনের সময় লাথি মারে এমন ।। গাইটা উসাট্‌। [<উচাটিয়া<উচ্চাটন]।

উসাত্‌=[ঢা, কুম]—ক্রি. বমি।। হ্যার্‌ বুযির্‌ কলেরা ঐসে, খালি বারে বারে উসাত্‌ করে আর্‌ গাড যায়্‌। [<উৎসাদ]।

উসাদ্‌=[কুম]—বি. বমি ।। [দেখ উসাত্‌]।

উসাদ্যা=[কুম]—বিণ. ধ্বংসকারী, বিনাশকারী।। উসাদ্যা গাবুর্‌ ।। [দেখ উসাইদ্যা]।

উসানো=[চট্ট]—ক্রি. ছন দিয়া ছাওয়া ।। গর্‌আন্‌ উসাও।

২=[ফ]—ক্রি. চালের পচা ছন ঝাড়া ।। চ'ল্‌ডা উসাও। [<উৎসাদন]।

৩=[ব]—ক্রি. চালের ছানি উঠাইয়া ফেলা ।। [দেখ উসানো২]।

৪=[সি]—ক্রি. বাছিয়া লওয়া ।।

৫=[ফ]—ক্রি. মারার উপক্রম করা ।। উসানের শাথে শাথে পে দৌর্‌ দ্যা পালাইল্‌।

৬=[ঢা]—ক্রি. অগ্রসর হওয়া ।। বাতাশের্‌ চোঁডে নাওডা উসাইতে পারে না। [<উথানো]।

৭=[বা]—ক্রি পুরাতন বাঁধন খোলা ।। [<দেখ উগানো২]।

উসাপিস্‌=[সি]—বি. অস্বস্তি।। আর্‌ থাকুম না, উসাপিস্‌ লাগ্‌তাসে। [উস্‌পিস্‌]।

উসারা=[ম]—বি. বারান্দা ।। [দেখ উশারা]।

উসালেন্‌=[কুম]—ক্রি. নাড়িয়া দেওয়া ।। আগুনের্‌ পাইলাডা উসাইল্‌লা দ্যাও। [<উচ্চালন]।

২=[কুম]—ক্রি. খোলা ।। গর্‌ডার্‌ চ'ল্‌ উসান। [উঁছ্‌<উঞ্চ সং+আন; নামধাতু]।

উসাল্‌=[সি, কুম]—বি. বমি ।। তে উসাল্‌ করিগর্‌ বরাই হালাইসে। [দেখ উগাদ্‌]।

উসি=[কুম]—বি. তালি ।। আমার্‌ নাওডাত্‌ উসি দিতে ঐব।

উসিত্‌=[সি]—বি. আহারের অবশিষ্টাংশ, উচ্ছিষ্ট ।। কেঐর্‌ উসিত্‌ খাওন্‌ ঠিক্‌ না। [<উচ্ছিষ্ট]।

উসিবিসি=[সি]—বি. ঝামেলা ।। এত উসিবিসি পোআইতাম্‌ না।

উসিয়াল্‌লা=[সি]—বি. বদৌলত, অন্যের সাহায্য ।। তোমার্‌ উসিয়াল্‌লায়্‌ আমার্‌ এই কাম্‌ ঐসে। [দেখ উচি'লা]।

উসিল্‌লা=[সি]—বি. উপায়, কারণ অবলম্বন ।। [দেখ উচি'লা]।

২=[ঢা, ম]=বি. ছুতা ।। উসিল্‌লা দৈরা হইয়া থাক্‌লে চ'ল্‌ত না। [দেখ উচি'লা]।

উসুরা=[ঢা] -বি. ঘরের বারান্দা ।। [দেখ উশারা]।

উসুল্‌=[নো]—বি. কারণ।। রোগের্‌ উসুল্‌ বাইর্‌ কর। [<আসল্‌ اصل আং]।

উসুল্‌লা=[নো]—বি. উপলক্ষ ।। হিতার্‌ উসুল্‌লায়্‌ বালা ঐসি। [দেখ উচি'লা]।

উস্যাট্‌=[পা]—বি. <হোঁচট ।।

উসোট্‌=[চ]—বিণ. বেয়াড়া, অধৈর্য ।। উসোট্‌ গাইটা লাথি মারে। [দেখ উসাট্‌]।

উসোয়ে চালা=[ব]—ক্রি. উপেক্ষা করা ।। আমার্‌ কথাগুলি উসোয়ে চালুলে। [উস্থায়ে<উস্থাইয়া<উস্থ (নামধাতু)+ইয়া প্র.]।

উস্‌উসা=[ব]—বিণ. উঁচু ।।

উস্‌কানো=[ক]—ক্রি. ক্রোধান্বিত করা, সাহায্য করা, পক্ষপাতিত্ব করা ।। এত উস্‌কাই দ্যাও ক্যা ? [উস্কানো<উৎকাশন সং; তুং উসকানা, উক্‌সানা হিং]।

উস্‌টা=[ঢা]—বি. বাধা ।। কাম্‌ডায়্‌ খালি উস্‌টা লাগে। [<হোঁচট]।

উস্‌তা=[রা]—বিণ. খৎনা কারী ।। [<উস্তাদ]।

২=[পা]—বি. উচ্ছে, করলা ।। উস্‌তা তর্‌কারি তিতা লাগে। [দেখ উইস্‌তা]।

উস্‌তিত্‌=[চট্ট]—বিণ. উপস্থিত ।। আশামি উস্‌তিত্‌। [<উপস্থিত]।

উস্‌তুর্‌=[ঢা]—বি. বয়স্কা, বিবাহের উপযুক্তা ।। উস্‌তুর্‌ মাইয়াডার্‌ বিয়া অয়্‌ না ক্যেরে? [<স্ত্রী; দেখ উচ্‌'থুর্‌]।

উস্‌তে=[খু]—বি. উচ্ছে ।। [দেখ উস্‌তা]।

উস্‌নিত্তলা=[ফ]—বি. খড়ের চালের বাহিরের অংশ ।। উস্‌নিত্তলায়্‌ মাইরা কি কর?

উস্‌প্যাস্‌=[ঢা]—বি. বিশৃঙ্খলা ।। বাগ্নির্‌ উস্‌প্যাসে যাইতাম্‌ পারি না।

উস্‌রাগর্‌=[কুম]—বি. পাকঘর ।। [<রসুই ঘর]।

উস্‌লত্‌=[ঢা, ম, সি]—বি. উপলক্ষ, ছুতা, অছিলা ।। আপ্‌নের্‌ উস্‌লেত্তে আমার্‌ এই কাম্‌ডা ঐল্‌। [দেখ উচি'লা]।

উস্‌লা=[সি]—ক্রি. বিণ. বাড়াবাড়ি, উচ্ছৃঙ্খল ।। ই উস্‌লা ঐল্‌ কেন্‌রে?

উস্‌লানো=[ম]—ক্রি. বাছাই করা ।। হে উস্‌লাইয়া বালা যিনিশ্‌ নিসে। [দেখ উচ্‌'লানো১]।

২=[ঢা]—ক্রি. উপেক্ষা করা ।। তুই শব্‌কাযে আমার্‌ কতা উস্‌লাইয়া

চ'লস্ ।·
৩=[ফ]—ক্রি. ঝাড়িয়া ফেলা ।। কুশি খর্ গুলো উস্লাঁরে ফ্যাল্ । [<উচ্ছালন কিংবা উচ্চালন] ।

উস্ল্যাত্=[পা, ফ, কু]—বি. সূত্র, অছিলা ।। বয়্নার্ যা কোন্ উস্ল্যাত্ পেলেই ঝ'গ্র্যা করে । [দেখ উচি'লা] ।

উস্লোত্=[য]—বি. বিপদ ।। নানা উস্লোতে পরিসি ।

উস্সব্=[চট্ট, ক]—বি. উৎসব ।। পুত্রার্ বিয়ার্ উস্সব্ । [<উৎসব] ।

উস্সল্=[চট্ট]—বি. আদায়, ওয়াশীল ।। খাযানা উস্সলের্ ভার্ হিতার্ উপ্রে । [<রসুল وصول আং] ।
২=[চট্ট]—বি. নীতি ।। হিতার্ দলের্ কোন উস্সল্ নাই । [উসূল<আসল اصل আং শব্দের বহব.=মূল, নিয়ম] ।
৩=[চট্ট]—বি. মন্ত্র বা যাদুর প্রভাবে কিছু খাইয়া ক্ষতিগ্রস্ত হইলে তাহা হইতে আরোগ্য লাভের ব্যবস্থা ।।

উস্সিলা=[ম]—বি. বৃষ্টির সময় ঘরের চাল হইতে পড়া পানি ।। উস্সিলার্ পানি কি খাওন্ যায় ?

উস্সিস্=[নো, কুম]—বি. লোভ, খাইবার ইচ্ছা, খাইতে না পাওয়ার জন্য আফসোস ।। পোলাপানে খাওন্ দেইক্লেই উস্সিস্ করে ।

উস্সুর্=[খু]—বিণ. ভরপুর ।। পানি পুরে একেবারে উস্সুর্ হয়্যা গ্যাসে ।

উহগার্=[খু]—বি. উপকার ।। [<উগ্-গার <উপকার] ।

উহা=[ফ, পা]—বি, হুক্কা ।। উহাত্ তামুক্ বর্ । [<হুক্ক: حقه আং] ।

উহা কুট্লা=[সি]—বিণ. কোনও আকস্মিক কারণে শ্বাসরোধ ।। পুরাডা উহাকুট্লা হৈ গেসে । [<উঁশা <উশ্বান=শ্বাস] ।

উহাল্=[কুম] —বি. শস্য হানি ।। বৈন্যায় এইবার্ খেত্ উহাল্ গ্যাসে । [<অকাল<আকাল ; অর্থ প্র.] ।

উহাশ্=[পা]—বি. বাজপাখী ।। উনুনি গাসের্ আগায় উহাশ্ বৈশা আসে । [দেখ উকাশ্] ।

উহুম্=[ফ]—বি. আদেশ, নির্দেশ ।। আল্লার্ উহুম্ সারা এক্টা পাতাও নরে না । [উকুম <হুক্ম حكم আং] ।

উহুরানো=[য]—ক্রি. পালে পালে দৌড়ানো ।। শারা পেয়ে গরুগুলি উহুরেসে ।

উহুন্=[ম]—বি. শকুন ।। [<হকুন <শকুন]

উহুন্ মারা=[য]—ক্রি. বক্র কটাক্ষ করা । আমার্ দিকে তুমি উহুন্ মার কেন্ ?

উহ্যা=[ফ]—বি. হুক্কা ।। [দেখ উহা] ।

উহৈল্=[বা]—বি. বমি ।।

উহো=[য]—বি. হুকা ।। উহোত্ তামুক ভর্ । [<হুকো ; দেখ উহ্যা] ।

এ

এআই=[কুম]—অস. ক্রি. সব কাজ সারিয়া ।। আঁই এআই আইসি ।

এই অক্কে=[চা]—অব্য. এই দিক দিয়া ।। [<এই মুক্কে<এই+মুখ+এ অধিকরণে কিংবা <এই দিকে] ।

এই আইল্ বিলা=[ম]—অব্য. এই আসিল বলিয়া ।। শবুর্ করো, এই আইল্ বিলা । [<এই+আইল< আসিল+বলিয়া] ।

এই এক্খানা হাত্পা=[রা, কুম]—বিণ. খুব মোটা সোটা ।।

এইও=[কুম]—অব্য. সম্বোধন সূচক ।। এইও কতা হুইন্না যাও । [<এই +ও] ।

এইংকা=[রং]—বিণ. এই রকম, এমন ।। এইংকা কাম্ না করিশ্ বাহে ।

এই কাইত্=[চট্ট]—ক্রি.বিণ. এখানে ।। এই কাইত্ আর্ ন আইস্সম্ । [<এই +ঠাঁই+ত অধিকরণে] ।

এই কিস্তা=[চা কম]—ক্রি. বিণ. এই বার ।। এই কিত্তা বিয়া কর্মু । [<এই +কিস্তা <কিস্ত قسط আং] ।

এই ক্যানে=[রা]—অব্য. অতএব ।। [এই+কারণে] ।

এই ক্যান্বেল্=[খু]— ক্রি. বিণ. এতক্ষণ পর্যন্ত ।। এই ক্যান্ বেল্ তোর মন্সি বশি আসি । [<এইক্ষণ <এতক্ষণ+বেলা] ।

এইক্কন্ = [কুম] — ক্রি. বিণ. এখন ।। এইক্কন্ কোনু কাম্ নাই । [<এইক্ষণ] ।

এই ক্কা=[চট্ট]— ক্রি. বিণ. এখানে, এই দিকে ।। এইক্কা আইও না । [দেখ এইঅক্কে] ।

এই ক্কানো=[চা]—ক্রি. শোকে দুঃখে ঘনঘন শ্বাস প্রশ্বাস ত্যাগ করা ।। মাইরের্ চোটে এইক্কাতে শুরু কর্সে । [দেখ হিক্কা+আনো ; নাম ধাতু] ।

এইখদ্যা=[রা]—বি. উকুন ।।

এই ঘড়ি=[দি]—ক্রি. বিণ. এইমাত্র ।। [<এই+ঘড়ি=সময়] ।

এই চোঁডে=[কুম]—ক্রি. বিণ. এই বারে ।। এই চোঁডে তরে দেহামু । [<এই চোটে] ।

এইচ্'চা=[নো] – বিণ. এইরূপ ।। এইচ্'চা কর ক্যা ? [<অয়সা হিং] ।
২=[চা]—অস. ক্রি. সেচন করিয়া ।। পানি এইচ্'চা মাস্ ধর্মু । [<হেইচ্চা <সেঁচিয়া] ।

এইজাম্রি=[রা]—বি. লবণ তুলিবার

চামচ ॥

এইয়্ যা=[চট্ট]—বিণ· একটা ॥ আমার্ নাগ্যা এইয়্যা ডাব্ আইন্যো। [<এক +দা প্র·]।

এইট্ টে=[ফ] — ক্রি. বিণ. এই খানে ॥ এইট্ টে আয়্ । [<এই ঠাঁই]।

এইঠে=[দি]—ক্রি. বিণ. এইখানে ॥ এইঠে তোর্ বাপের্ কি ? [দেখ এইট্ টে]।

এইডা—[ঢা]—সর্ব. এইটা ॥ এইডা এ্যাহন্ পাই না। [<এইটা]।

এই ডুত্ তে=[ম]—ক্রি.বিণ. এইমাত্র ॥ আমি এইডুতুতে হিরান্ দিয়া আইলাম্। [<এই টুকুতে]।

এইতড়ি = [পা, কু] — অব্য. এই পর্যন্ত ॥ এইতড়ি পড়া রৈল্ । [<এইত তলাক <এই+তলক হিং]।

এইতা=[ম]—অব্য. ইহা ॥ এইতা দিয়া কি অয়্ ? [<এই+তা]।

এইতান্=[ঢা]—সর্ব. এই সকল লোক ॥ এইতানের্ যালায্ মর্ লাম্, কৈ যাই। [এইতা+ন বহুব.র বিভক্তি]।

২=[ঢা]—সর্ব. এইগুলি ॥ এইতান্ আমার্ কাসে কৈও না। [পূর্বে দেখ]।

এইতান্ হেইতান্=[ঢা]- বি. সামান্য জিনিস ॥ এইতান্ হেইতানে প্যাড্ বরে ? [দেখ এইতান্ +হেইতান অনু:]।

এইতারে = [কম] — সর্ব. তাহাকে (পুং) ॥ এইতারে ডাক্‌সে। [দেখ এইতা+রে বিভক্তি]।

এইতুরি=[নো]—ক্রি. বিণ. এই পর্যন্ত ॥ [দেখ এইতড়ি]।

এই ত্যালা=[ফ]—ক্রি. বিণ· এখন ॥ আমি এইত্যালা যাইম্ । [<এইত+ বেলা=এখন]।

এইতো=[ঢা]—ক্রি. বিণ. এইখানে। এইতো আমি। [<এই+ত]।

এইত্ তরে=[পা]— ক্রি. বিণ. এই-দিকে ॥ এইতৃতরে আয়্ ।

এইত্ তলাক্ = [ঢা] — অব্য. এই পর্যন্ত ॥ এইতৃতলাক্ আমার্ বাগা। [<এই+তলক হিং]।

এইত্ তলাম্ = [ঢা] — বিণ. এই পর্যন্ত ॥ এইতৃতলামৈ শেশ্, আর্ ওগ বাইরে যাইতাম্ না। [দেখ এইত্-তলাক্]।

এইত্ তারা=[রা]—ক্রি. বিণ. এই-মাত্র ॥ এইতৃতারা আইলাম্ । [<এই-মাত্র]।

এইত্ তে=[দি]— ক্রি. বিণ. এখান হইতে ॥ এইতৃতে শর্, নৈলে থাপড় দিমু ॥ [<এই আন তেরে=এইখান থেকে]।

এই দান্ তি=[রং]—বিণ. এইরূপ ॥ এই দান্‌তি কথা আছিল্ নায়্ । [<এই+ধরণ+তে (সপ্তমী বিভক্তি)]।

এই দির্=[খু]—ক্রি. বিণ. এইদিকে ॥ এইদির্ আয়্ । [<এইদিক]।

এইন্=[ম]—ক্রি. বিণ. এখন ॥ এইন্ কি তুমি হাডে যাইবা। [<এখন]।

২=[সি]—সর্ব. ইনি ॥ এইন্ আমার্ মামু। [<ইনি]।

এইন্ ডো=[ম]—ক্রি. বিণ. এখানে ॥ এইন্‌ডো আয়্ । [<এই খানটা]।

এইন্ থিকা=[ম]— ক্রি· বিণ. এখান হইতে ॥ তুমি এইন্‌থিকা যাও। [<এই-হান থাইকা <এইখান থেকে]।

এইন্ না = [দি] — বিণ. একটুকু ॥ [<এইখানি]।

এই পাইল্ = [কুম] — ক্রি· বিণ. এদিক ॥ কুত্তাডা এই পাইলে গেসে। [<এই পাই (দিক)+ল]।

এইবার্ কা=[ঢা]—ক্রি. বিণ. এইবার ॥ এইবার্‌কা দ্যাশের্ অবস্থা খারাপ্ । [এইবার+কা]।

এই বেইল্=[ঢা]—বি. সকালবেলা ॥ আমি এইবেইলে খাইমু না। [<এই +বেইল>বেলী=বেলা]।

এইবেরা= [চট]— ক্রি. বিণ. এইবার ॥ এই বেরা বিয়া কৈর্ মু। [<এইবার]।

এইয়িন্=[চট]— অব্য. এইগুলি ॥ [<এই+গুলিন=গুলি]।

এইয়ুন্ = [চট]— অব্য. এইগুলি ॥ এইয়ুন্ দিয়া কি লাভ্ হৈব ? [দেখ এইয়িন্]।

এইয়ে=[কুম]—সর্ব. ইহাই ॥ এইয়ে পথ্, এই পথে যাও। [<এই+ই]।

এইয়্যা= [চট]— অস. ক্রি. রাখিয়া, থুইয়া ॥ কাপড়্‌খান্ এইয়্যা দিতে গুমাই পড়িয়ে। [এড়িয়া √ এড় ; দেখ এইর্ য়্যা]।

২=[ম] — অব্য. এইতো ॥ এইয়্যা কার্ ঐয়্যা গেসেগ্যা। [<এই+যা]।

এইরা = [চট]— ক্রি. বিণ. এইবার, এখন ॥ [<এই+বারা=বার]।

এইরা খাওয়া = [বা]— ক্রি. কাড়িয়া খাওয়া ॥ [এইরা<এড়িয়া+খাওয়া]।

এইর্ য়্যা=[কুম]—অস. ক্রি. রাখিয়া, থুইয়া ॥ কলম্‌ডা এইর্ য়্যা দেও। [দেখ এইয়্যা]।

এইলা=[ঢা, কুম]—সর্ব. সে ॥ এইলা আমার্ সোডুপুতুত্তুর্ । [<এই + লা=টা]।

২=[রং, দি]—বিণ. এই সমস্ত, এই-গুলি ॥ এইলা কথা তোঁক কার্ কৈল্ (রং)। [<এইউলা<এইগুলা]।

এইল্ চামো=[রং]—বি. ইয়ারকি ॥ তুই মোর্ গুদ্দায়্ এইল্‌চামো করিছু্ কেন্ ? [<এইল্‌চা+আমো ভাবার্থে]।

এইল্ লা= [ঢা, কুম, ম] — বিণ. এই রকম ॥ [এই+লা=প্রকার]।

এইশারা=[বা]—ক্রি. বিণ. এইবার ॥

এইসা গেইসা=[ম]—বি. ছোট ছোট ॥ [দেখ এইচ্‌'চা'; গেইসা অনু:]।

এইস্ তে=[সি]—ক্রি. বিণ. এখানে হইতে ॥ [এই স্থান+তে=হইতে]।

এইস্ সা=[কুম]—বিণ. এইরকম ॥ এইস্‌সা শোনার্ মানুশ্ আর্ নাই। [দেখ এই'চ্'চা]।

এউক্কা=[বা]—বিণ. একটি ॥ আমার্ মোডে এউক্কা পোলা। [<এক+উয়া <ওয়া ; বর্ণ বিপর্যয় ; দেখ এওগা]

এউক্গা = [কুম] — বিণ. একটি ॥ এউক্‌গা আম্ দেও। [দেখ এউক্কা]।

এউক্রানো=[ফ]—ক্রি· বিকৃত করিয়া

কাঁদা ।। [<কুকরান<কুকরা+আন]।

এউতা=[সি]—ক্রি. বিণ. ইহা ।। তুমিও এউতা বানো। [<এ+ও+তা]।

এউয়া=[সি]—বিণ. স্বামী পরিত্যক্তা ।। এউয়া বেটি এখন্ কি করে? [বেওয়া <বেবহ্ بیوه ফা.]।

এউরামো=[ফ]—বি. পানি ঘোলা করা ।। পানি এউরাইস্ না। [<আউড়ান]।

এউলা=[সি]—বি. আমলকী ।। এউলায় বালা আচ'ার্ অয়্। [<আমলাই <আমলকী]।

২=[রা]—বি. কাশ জাতীয় ঘাস ।। এউলা দি ঘর্ ছালে বেশি দিন্ টিকে না। [<উলা<উলু]।

এউলা এউলি=[সি]—বি. কোলাকুলি ।। [=কেউলা কেউলি=কোলাকুলি]।

এউল্লো=[চট্ট]—বিণ. এইরকম ।। এউল্লো মানুশ্ আর্ আঁই ন দেই। [এই+লো=প্রকার]।

এউশা বেউশা=[সি]—বি. মিঠাই, সন্দেশ ।। এউশা বেউশা লৈ শশুর্ বারি যাইবাম্।

এওগা=[ঢা]—বিণ. একটা ।। এওগা টেহা দ্যাও। [<এওগ্গা<এক্ গোআ <এক গোটা]।

এংকার্=[সি]—বি. উপহাস ।। [<ইনকার انکار আং=অস্বীকার]।

এংকুর্=[ম]—বি. সাবাস ।। [এনকোর encore ফ্রে.]।

এংগুল্=[কুম]—বি. দরজার চৌকাট আটকাইবার ছিদ্রযুক্ত লোহার পাত ।। [<অগ্গল<অর্গল সং]।

এঁচিঁ=[খু]—বি. মাছ ধরিবার সরঞ্জাম ।।

এঁড়ি=[কু]—বি. হালের বামাদিক ।।

এঁড়ির্ মা কেডি=[চট্ট]—বিণ. বাজে লোক ।। এঁড়ির্ মা কেডি তুইত মাতস্ না।

এঁতুতে=[চট্ট]—ক্রি. বিণ. এখন ।। হিতে এঁতুতে চ'লি গেইল্ গৈ ।। [<এইত্ত>এইমাত্র]।

২=[চট্ট]—ক্রি. বিণ. এইসময়ে ।। [<এই বক্ত وقت আং + এ (বিভক্তি)]।

এঁরূমে=[চট্ট]—ক্রি. বিণ. এইরূপে, এই ভাবে ।। [<এমনে]।

এঁয়েক্কা=[চট্ট]—বিণ. এইদিকে ।। [দেখ এই অক্কে]।

এঁয়েত্তা=[কু]—বিণ. এইরূপ ।। এঁয়েতুতা কথা আর্ কোবে না। [<এই+তা]।

এঁহুঁ=[চট্ট]—অব্য. না, না ।। [=উহুঁ]।

একিকালে=[রং]—ক্রি. বিণ. একেবারে ।। একিকালে শগৈ খালি। [<একই কালে]।

একুনা=[রা]—বিণ. এতটুকুন ।। মোকে একুনা পানি দ্যাও। [<এক+উন +আ]।

একুর্=[ঢা]—বি. আমন ধান বিশেষ ।।

এক্কৈ=[চট্ট]—বিণ. একই ।। হিতারা এক্কৈ মায়ের্ পোয়া। [<এক+ই]।

এক্খুন্=[চট্ট]—ক্রি. বিণ. এখন ।। [<একখন<এইক্ষণ]।

এক্ডে=[রা]—ক্রি. বিণ. এইদিকে ।। [<একটেরে]।

এখুন্=[পা, কু]—ক্রি বিণ. এখন ।। এখুন্ কডি যাবু? [<এখন]।

এখুর্ দেওয়া=[কম]—ক্রি. আগাইয়া দেওয়া ।।

এগিন্=[চট্ট]—বিণ. এইগুলি ।। [<এইগুলি=গুলিন]।

এগু=[সি]—বিণ. একটি ।। এগু বরৈ দেরে বা। [দেখ এওগা]।

এগুইলুলা=[চট্ট]—বিণ. বলিষ্ঠ ।। এগুইলুলা পোয়া। [<এক গোঁ+ইলা প্র.]।

এগুয়া=[সি]—বি. এক প্রকার মাছ ।।

এগুলাইচ'=[কম]—বিণ. এইগুলি ।। [এইগুলি+চ]।

এগুুর্=[কুম]—বিণ. যাহার একহাত

এচিঁ=[সি]—বি. হাঁচি ।। এচি' দাও কেন্? [<হাঁচি]।

এচ্কি=[সি]—বি. হিক্কা, হেঁচকি ।। [<হেঁচকি]।

২=[চট্ট]—বি. ভেষজ ছোট গাছ বিশেষ ।।

এচ্কি মেচ্কি=[চট্ট]—বি. ছেলে মেয়েদের খেলা বিশেষ ।। পোয়া হগল্ এচ্কি মেচ্কি খেলের্।

এজি=[রং]—বি. চাকু, ছোট ছুরি ।। এজিখান্ দি নখ্ কাট্মু।

এটি=[রা]—ক্রি. বিণ. এখানে, এস্থানে ।। [<এঠাঁই]।

এটু=[পা, কু]—বিণ. অল্প ।। আমাক এটুতিনি খাবা দে। [<একটু]।

এটু বেটু=[সি]—বি. ছোট পাত্র ।। এটু বেটু কন্ডা নাইনি ইডা রাখ্বার্ লাগি। [এটু অনু:+বেটু <বাটি+উয়া প্র.]।

এট্টুআনিক্=[কুম]—বিণ. অল্প, কতটুকু, ছোট ।। আরে এট্টুআনিক্ সালুন্ দিসে। [<একটু খানি+ক]।

এট্টুক্=[কু]—বিণ. অল্প পরিমাণ ।। [<একটুক]।

এট্টুনোক্=[কুম]—বিণ. অতি সামান্য ।। [<এতটুকুন; বর্ণ বিপর্যয়]।

এট্টুশ্খান্, এট্টুশখানি=[খু]—বিণ. সামান্য, ক্ষুদ্র ।। [দেখ এট্টু আনিক্]।

এট্টুহান্=[কুম]—বিণ. অল্প, ক্ষুদ্র, ছোট ।। এট্টুহান্ পানিত্ মাস্ গুলি মার্মু। [দেখ এট্টুশ্খান্]।

এঠি=[রা]—ক্রি. বিণ. এখানে ।। এঠি আইশ্। [দেখ এটি]।

এডিন্=[কুম]—বিণ. এইগুলি ।। এডিন্ দিয়া আমি কি কর্মু। [দেখ এগিন্]।

এডিয়ার্=[চট্ট]—ক্রি. বিণ. এখানকার, এই জায়গার ।। [<এ দিককার]।

এডুক্কুন্=[খু]—বিণ. অল্প ।। এডুক্কুন্ ত্যাল্ দ্যাও। [<এই টুকুন]।

এড়ি=[ব]—বিণ. পায়ের গোড়ালি ।। কেমন্ যুতা হে, পায়ের্ এড়ি চোকে

না। [এড়ী হিং]।
২=[নো]—ক্রি. বিণ. এখানে ॥ আহ এড়ি আসি। [দেখ এঠি]।
৩=[চট্ট]-- বি. এক ॥ [<একটি]।
এড়িবেড়ি=[না]—বিণ. বিশৃঙ্খলা, গোলমাল ॥ [=কেরাবেরা]।
এড়িয়া যাওয়া= [রং]—ক্রি. ত্যক্ত হওয়া ॥ অতো এড়িয়ে গেলি কেনে ? [<এড়াইয়া √এড়্]।
এতরি=[কুম]- বিণ. অনেক ॥ হ্যায়্ এতরি মাস্ পাইসে। [<এততি <এতটি]।
এতি=[রা]— বিণ. শৈবাল জাতীয় আবর্জনা ॥
২=[কুম] —সর্ব. এই (স্ত্রীলোক)টি ॥ এতির্ যালায্ গরে আই না।
এতিন্=[নো]—সর্ব. তিনি, উনি ॥ [<এতি+ন (সম্মানার্থে)]।
এতিল্কু=[সি]—ক্রি. বিণ. এখন ॥ এতিল্কু আমি আব্ কি তার্ কর্মু। [এই তলক]।
এতুডি=[কু]—বিণ. অল্প ॥ এতুডি মুড়ি খাইবার্ চ'ায়্ না। [এতটি (স্বল্পার্থে)]।
এতুত্=[সি]—অব্য. ইহাতে॥ এতুত্ কিতা। [এইতাত < এইতা + ত (বিভক্তি)]।
এতুন্গুয়া=[চট্ট]— বিণ. এতগুলি ॥ [<এত গুলা]।
এত্তি=[ম]—ক্রি. বিণ. অল্প ॥ এত্তি এত্তি কৈরা ঐ অনেক্ অয়্। [দেখ এতুডি]।
২=[রং]—ক্রি. বিণ. এখন ॥ মুই এতৃতি ভাত্ খাইছি ॥ [এইতি< এইতো]।
৩=[রং] — ক্রি. বিণ. এইদিকে ॥ এতৃতি আইশো ॥ [এদি<এইদিক]।
এত্তি আত্তি=[ম]—বিণ. একটু আধটু ॥ [এটু আডু<একটু আধটু]।
এত্তিবার্=[চা]—ক্রি. বিণ. এইমাত্র ॥ এতৃতিবার্ বাইতু আইলাম্ ॥ [দেখ এতৃতি+বার]।
এত্তিবিল্=[চা]—ক্রি. বিণ. এই মাত্র ॥ এত্তিবিল্ নাইতু আইলাম্। [দেখ এত্তি₂+বিল<বেলা]।
এত্তিয়ার্=[চট্ট]— ক্রি. বিণ. এই ক্ষণে ॥ এত্তিয়ার্ বারিত্ যাইয়ম্। [দেখ এত্তিবার্]।
এত্তু=[ম]—বিণ. সামান্য পরিমাণ ॥ [<এটু<একটু]।
২ = [চা]— ক্রি. বিণ. এখানে ॥ [<এই+ত]।
এত্তুন্= [চট্ট] — ক্রি. বিণ. ইহা হইতে ॥ [<এই তুতে<এই থুনে= থেকে]।
এত্তুম্=[নো]—বিণ. এত, অধিক ॥
২=[পা]—বিণ. এতবড় ॥
এত্তেলি=[রা]—ক্রি. বিণ. এখনি ॥
এত্থে=[কুম]—ক্রি.বিণ. এই ভাবে ॥ তোমার্ কাপর্ডা এত্থে তৈরি কর।
এথি=[রা]—ক্রি. বিণ. এখানে॥ এথি মানুশের্ খুব্ ভিড়্ ॥ [দেখ এঠি]।
এদুগ্গুয়া=[চট্ট]—বিণ. এতগুলি ॥ [দেখ এতুন্গুয়া]।
এদুঘ্ঘা=[চট্ট]—বিণ. এতটুকু ॥
এদে=[ফ]—ক্রি. বিণ. এইদিকে ॥ তুমি এদে যাও ॥ [<এইদে<এই দিকে]।
২=[ফ]—অব্য. এই (সম্বোধনে) ॥ [<এই+দেখ্ ; তুং হেদে]।
এদো= [খু]— বিণ. বন্ধ্যা। গাইটা এদো ॥
২=[খু]—বিণ. জংগলময়, তিমিরাচ্ছন্ন ॥ যায়্গাটা এদো। [<এঁদো <আঁধুয়া<অন্ধুয়া<অন্ধ+উয়া]।
এদ্পি=[রা]—ক্রি. বিণ. এইদিকে॥ [<এদিগুই<এইদিকে]।
এদ্দুল্লা= [ম]— বিণ. এতটুক ॥ এদ্দুল্লা পুলার্ মুহে এ্যাত কতা।
এন্নি=[রা]—বি. এক প্রকার সর্প ॥
এনু=[চা]--বি. এক (গ্রাম্য ডাংগুটি খেলার গণনা—এনু দুনো, তেনো ইত্যাদি) ॥ [দুনোর সাদৃশ্যে]।
এনুবারি = [চা] — বি. গ্রাম্য ডাংগুটি খেলা বিশেষ ॥
এনৈর্=[সি]— বিণ. একরকম টক ফল ॥
এন্তির্ গরু=[নো]—বি. হালের বামদিকের গরু ।
এন্তুল্লা= [চট]— বিণ. এরূপ ॥ এন্তুল্লা কথা ন কও বা। [<এই তুল্য]।
এন্তে=[চট্ট]—ক্রি. বিণ. এই স্থানে ॥ এন্তে কিঅর্ নাই আইঅ ॥ [<এঅন্ থানে<এমন স্থানে]
এন্তো=[নো] — ক্রি. বিণ. বিনা পয়সায় ॥ [< এমনিতে <এমন+ই+তে (বিভক্তি)]।
এন্দা=[কুম]— ক্রি. বিণ. এইদিক দিয়া ॥ এন্দা বাযারে যাও। [<এইহান দিয়া< ইখান দিয়া]।
এন্দার্=[পা]—বিণ. এইরকম, এইরূপ ॥ এন্দার্ আম্ উয়ার্ বাগানে নাই। [<এঅন ধারা<এমন ধারা]।
এন্ঝির্ বেটি পেন্ঝি=[চা]—অব্য. যেমন মা তেমন মেয়ে ॥ [বাগ্বিধি]।
এন্দু=[পা]—বি. হিন্দু ॥ [<হেন্দু <হিন্দু ; هندو ফা.]।
এন্দুর্=[ম]—বি. ইঁদুর ॥ এন্দুরে কাপর্ কাইটা নাশ্ কর্সে। [<ইন্দুর]।
এন্দুর্কানি= [রা]— বি. একপ্রকার শ্যাওলা ॥
এন্নো = [কুম] —ক্রি. বিণ. একলা, একাকী ॥ মুই এন্নো বাযারে যাইতে পার্মুনা। [দেখ এনু]।
এপিডোবি=[ব]—বি. এফিডেবিট ॥ মাম্লায় এপিডোবি করান্ লাগ্বো। [<অ্যাফিডেভিট affidavit ইং]।
এফি=[ফ]—ক্রি. বিণ. এদিকে॥ এফি আয়্। [এই পাইল=দিক্]।
এফিল্=[কুম]— ক্রি. বিণ. এদিকে ॥ এফিল্ আইঅ। [দেখ এফি]।
এবি=[পা] — ক্রি. বিণ. এখনই ॥ [এবাই<এই বারেই<এই ভাবেই<এই +ভাব+এ+ই]।
এবিরা=[চট্ট]—ক্রি. বিণ. এই বার ॥ [এ

+বারে]।

এবিরানা=[চট্ট]—ক্রি. বিণ. এই বার ॥ [দেখ এবিরা+না অব্য.]।

এবেই=[পা, ফ]—ক্রি. বিণ. এমনই, শুধু শুধু ॥ এবেই বল্লাম্ রাগ্ করো না ॥ [<এই ভাবেই ; দেখ এবৈই]।

এবৈ=[ব]—ক্রি. বিণ. নিকটে, কাছে, এইদিকে ॥ [দেখ এফি]।

এবৈই=[পা]—ক্রি. বিণ. শুধু শুধু ॥ [দেখ এবেই]।

এভি=[রা]—ক্রি. বিণ. এখানে ॥ [দেখ এফি]।

এভুল্না = [নো] — ক্রি. বিণ. এই প্রকার ॥ এ ভুল্না কার্ বার্ দেখ্ সনি। [দেখ এন্তুল্না]।

এমি=[নো]—ক্রি. বিণ. এদিকে ॥ এমি আয়্ [<এই মুহে<এইমুখে]॥

এমিক্কা = [নো] — ক্রি. বিণ. এই দিকে ॥ [<এ মুখ+ইয়া প্র.]।

এমিন্=[পা]—ক্রি. বিণ. এ দিক্ ॥ এমিন্ দিয়া যাও। [<এ মুহীন <এ মুখীন]।

এমিন্দ্যা=[পা]—ক্রি. বিণ. এই দিক্ দিয়া। এমিন্দ্যা তার্ বাড়ি পাবা। [দেখ এমিন্+দিয়া]।

এমিহিন্ = [ফ] — ক্রি. বিণ. এই দিকে ॥ এমিহিন্ যাও কৈ ॥ [দেখ এমিন্]।

এমু=[চা]—ক্রি. বিণ. এমন ॥ এমু কর ক্যান্। [<এমন,]।

এমুই=[নো, চট্ট]—ক্রি. বিণ. এদিকে, এই মুখী ॥ হিতে এমুই আইয়েরে (চট্ট)। [<এই মুহে<এই মুখে]।

এমুইত্তা=[কুম]—বিণ. এই রকম, এই রূপ ॥ এমুইত্তা মানুশ্ আমি দেখি নাই ॥ [<এই মত+ইয়া প্র.]।

এমুই হেমুই=[চট্ট]—ক্রি. বিণ. এ দিক্ সেদিক্ ॥ এমুই হেমুই না যাইও। [দেখ এমুই ; হেমুই<হে মুহে<সেমুখে]।

এমুত্তার্=[চট্ট]—বিণ. এমন, এই-রূপ ॥ [এমত+কার]।

এমুন্=[কম]—ক্রি. বিণ. এই দিক্ দিয়া ॥ এমুন্ দিয়া গর যাইও না। [দেখ এমুই+ন(স্বার্থে)]।

এমুহান্=[চট্ট]—বি. এরূপ জায়গা ॥ [<এমন থান<এমন স্থান]।

এমুহি=[কুম]—বিণ. এদিকে ॥ এমুহি আইও। [দেখ এমুই]।

এমেলা=[সি]—বিণ. এই রকম ॥

এম্নিদে=[ব]—ক্রি. বিণ. এই পথ দিয়া ॥ এম্নিদে যা ॥ [<এমন+ই +দিয়া]।

এম্নু=[সি]—ক্রি. বিণ. অনর্থক ॥ এম্নু আইস্লাম্ ॥ [<এমন ; তুং এম্নৈ ; অর্থ প্র.]।

এম্নৈ = [চা, কুম]—ক্রি. বিণ. অনর্থক। এম্নৈ আইসি। [<এমন + ই]

এম্বি=[ম]—ক্রি. বিণ. এইদিকে ॥ হ্যায় এম্বি যায় ॥ [এম=এই+বি <ভি<ভিত]।

এম্বিলা=[চট্ট]—অব্য. তাহা হইলে॥ এম্বিলা তুই আর্ ওহানে ন যাস্ ॥ [<এমন অইলে<এমন হইলে]।

এম্বৈলা=[কুম]—ক্রি. বিণ. এই রূপ-ভাবে ॥ [<এমন বইলা <এমন বলিয়া]।

এয়া=[চট্ট]—অব্য. এখন, ওহে ॥ এয়া তুই কডে যাশ্ ॥ [<এ+ও]।

এয়াই=[চট্ট]—ক্রি. বিণ. একাধারে ॥ [<একাই]।

২=[নো]—বিণ. একা, একাকী ॥ [<একা+ই]।

এয়াচ'র্=[ম, চা, কুম]—ক্রি. বিণ. একাকার ॥ সব্ এয়াচ'র্ ঐয়া গ্যাসে। [<একাকার]।

এয়াটি'ন্=[চট্ট]—বিণ. বৃহৎ ॥

এয়াত্তুন্=[চট্ট]—ক্রি. বিণ. ইহা হইতে ॥ এয়াত্তুন্ বড় যাস্ আর্ ন আসে। [<ইহা+ত+তুন্ (তুনে, থুনে=হইতে থেকে)]।

এয়াবার্=[ম]—ক্রি. বিণ. একেবারেই ॥ [<একবার <একেবার <একইবার <এক+ই+বার]।

এয়েচ'তার্=[খু]—ক্রি. বিণ. একত্র ॥ ক ভাই এয়েচ'তার্ হোয়ে থাকে দেখি ॥ [<একত্তর<একত্র]।

এরি=[চা]—বি. পদাঘাত ॥ [দেখ এড়ি]।

২=[চট্ট]—বিণ. ছাড়া, মুক্ত ॥ [<আউরি<আরারহ্ آزاد ফা.]।

৩=[ম]—বিণ. বুদ্ধিহীনা ॥ [এড়= বধির+ই স্ত্রীলিঙ্গে ; অর্থ প্র.]।

৪=[সি]—বিণ. স্বামিত্যাগিনী ॥ 'এরি তনে রারি বালা পেথ্ তনে পানি বালা' (প্রবাদ)। [√এড়=ত্যাগ করা]।

এরিঅ=[নো]—অব্য. ওহে ॥ এরিঅ কথা হোনো ॥ [<এই+রে+ও]॥

এরির্=[পা, কু]—সর্ব. ইহার ॥ [<এ <ইহা+র+ই+র সম্বন্ধে=ইহার]।

এরু = [সি]—বিণ. এত সামান্য ॥ হারাদিনে এরু কাম্ কর্লায় নি? [<একটু]।

এরুইতা = [সি] — বিণ. এতটুকু ॥ এরুইতা বাত্ ॥ [দেখ এরু+ই+তা]।

এরুতা=[সি]—ক্রি. বিণ. এই মাত্র ॥ এরুতায় কিতা খাইব। [দেখ এরু +তা]।

২=[সি]—ক্রি. বিণ. অতি অল্প ॥ তুমি রোয় এরুতা খাও?

এরুম্বায়্=[কুম]—ক্রি. বিণ. এই-রূপে ॥ এরুম্বায় কতা কৈও না। [<এই+রকম+ভাবে]।

এরুয়া=[ফ]—বি. হুকা রাখার মেটে-পাত্র বিশেষ ॥ ওক্কাডা এরুয়ার্ উপ্রে থো।

এরুর্=[ম]—সর্ব. ইহার ॥ এরুর্ লাইগ্যা এত কশ্ট ॥ [দেখ এরির্]।

এরে হুইন্যা = [চা] — অব্য. এই শুনিয়া ॥ এরে হুইন্যা রাইত্ বৈন্যা আবার্ ঘুম্ অয়্ নাই। [<এইরে< ইহারে; হুইন্যা<শুনিয়া]।

এরে হুনি=[সি]—অব্য. ইহা শুনিয়া ॥ এরে হুনি তাইন্ খুব্ গোশা ঐলেন্। [দেখ এরে হুইন্যা]।

এরৈ=[নো]—অব্য. দেখুন ॥ এরৈ

আনুনে কনানে বৈসেন্। [<এ+রে ; কিংবা <হের]।

২=[চট্ট]—ক্রি. বিণ. এখানে॥ [<এই +রে+এই]।

৩=[সি]—বিণ. এত সামান্য॥ হারা-দিনে এরৈ রুযি কর্লি।

৪=[নো]—ক্রি. বিণ. এদিক॥

এয়োয়া=[রা]—বি. সরু শলাকাবিশিষ্ট মাছ শিকারের যন্ত্র বিশেষ॥

এলাগাত্=[খু]—ক্রি. বিণ. এই পর্যন্ত॥ এলাগাত্ বালৈ আসি। [লেগায়েত হিং]।

এলি=[বা]—বি. বেড়ি, ফাঁসি॥

২=[কুম]—বি. ধান রোপণ করিবার সময়কার গীত, কোরাস গান॥

এলিপাতা=[খু]—বি. গোল পাতা॥

এলুয়া খেড়্=[রং]—বি. উলুখড়॥ এলুয়া খেড়ে ঘর্ডা ছাইছে। [<উলু]।

এলৈসা=[পা]—বি. একপ্রকার শাক॥ [হেলেঞ্চা]।

এল্কু=[সি]—ক্রি. বিণ. এখন॥ এল্কু আমি আর্ তারে রাই না॥

এল্গেলাম্=[সি]—বি. অবহেলা, আলস্য॥ [<আইলাম+গেলাম]।

এল্ফেল্=[কুম]—বি. চুলের চাট বিশেষ [<অ্যালফেট্ <অ্যালবাট্ albert ইং; Prince Albert কর্তৃক প্রবর্তিত বলিয়া এই নাম]।

এল্ছি=[ম]—ক্রি. বিণ. সরিয়া গিয়া॥

এশন্কাট্=[ম]—বি. রেশনকার্ড॥ আমার্ এশন্কাট্ আরাইয়া গ্যাসে। [<Raton card ইং]।

এশম্=[ম]—বি. বিয়ের কনে॥ 'এশম্ নাচে' খণম্ পাইয়া তোম্রা নাচ' ক্যা'?

এশান্=[বা]—ক্রি. লাগানো বা ছোঁয়ানো॥ [<অর্সান]।

এশিখেশি=[পা]—বিণ. আত্মীয়-স্বজন॥ [এশি অনু:+খেশী<খেশ خويش ফা.+ই]।

এশির্=[সি]—বিণ. মাতৃহীন, নাবালক॥ [<য়সীর یسر আং]।

এশ্ক=[রা]—ক্রি. বিণ. এমনি॥

এশ্কার্=[ম]—বি. তুচ্ছ তাচ্ছিল্য॥ হ্যায় আমারে এশ্কার্ কর্লো। [<অস্সীকার<অস্বীকার, কিংবা দেখ এশ্খেরা]।

এশ্কি=[ম.চা]—বি. ঠাট্টা, কৌতুক॥ [<'ইশক عشق আং = প্রেম + ই; অর্থের বিকার; তুং ইয়ারকি]।

এশ্কু=[নো]—বি. শক্তি॥ এশ্কুতে কুলাইত না। [দেখ এশ্কি; অর্থ প্র.]।

এশ্কেরা=[চট্ট]—বি. ঠাট্টা॥ [<মুখ্র: سخره আং]।

এশ্কে=[ফ]—বি. ভালোবাসা, প্রেম॥ [<'ইশ্ক عشق আং]।

এশ্খেরা=[সি]—বি. অবহেলা, তুচ্ছ॥ অত এশ্খেরা করিও না। [দেখ এশ্কেরা]।

এশ্মা=[সি]—বি. পার্শ্ব॥

এশ্মার্=[রা]—সর্ব. ইহাদের॥ হামি এশ্মার্ বায়িত্ আশি না। [<এ সবার <এ সব্বার (মধ্য বাং)]।

এশ্শরৈয়া=[নো]—ক্রি. বিণ. একা একা॥ বেনা কর্চ'। এশ্শরেইয়া কাম্ করে॥ [<এয়েশ্বর অইয়া<একেশ্বর হইয়া]।

এশ্শানো=[কুম]—ক্রি. রাখা॥ [<অর্সানো]।

এসিক্=[রা]—অব্য. ঘৃণাসূচক॥ [<এ +ছি+ক]।

এসির্=[সি]—বিণ. যাহার মা বাপ মারা গিয়াছে। [দেখ এশির্]।

এসিলা=[রং]—বিণ. ঈদৃশ॥ এসিলা কাম্ না করিশ্। [<অয়সী হিং+লা]।

এসু=[সি]—বি. বাঁশের তৈরি মাছ মারার একপ্রকার যন্ত্র॥

এস্কি=[কুম]—বি. শেষ নিঃশ্বাস॥ এক্টা এস্কি দিয়া দম্ গেল্। [হেঁচকি]।

এস্তার্=[সি]—বি. একতার॥ যাই এস্তার্ খুলিগা। [<ইফ্তার افطار আং]।

এস্তেক্=[খু]—অব্য. পর্যন্ত॥ [<ইস্তক্ হিং]।

এস্তো=[কুম]—বি. লাঙলের ঈশকে শক্তিভাবে আটকাইবার জন্য ব্যবহৃত কাষ্ঠখণ্ড॥

এস্থাবা=[পা]—বি. তালাক॥ [<ইস্তেকা<ইস্তিফা' استعفاء আং; অর্থ প্র.]।

এহাশারা=[চট্ট]—বিণ. এদিক্ ওদিক্ সমান॥ [<এহাহারা <একাকারা <এক+আকার+আ]।

২=[কুম]—বিণ. মিশ্রিত॥ পানি আর দুদ্ এহাশারা হৈ গ্যাসে। [পূর্বে দেখ]।

এহি=[কুম]—বি. শেষ নিঃশ্বাস॥ এক্টা এহি দিয়া দম্ গেল।

এহিন্=[কুম]—বি. একিন, দৃঢ় বিশ্বাস॥ ওস্তাদের্ কথা একিন্ করা উচি'ত্॥ [<য়কীন يقين আং]।

এহিমনে=[রং]—ক্রি. বিণ. এইরূপ॥ [<এইমনে<এমনে]।

এহুন্=[পা, কু]—ক্রি. বিণ. এখন॥ এহুনৈ যাবো॥ [দেখ এখুন্]।

এহুরা=[চা]—বি. সাদা ও লাল রংঙের আমন ধান বিশেষ॥

২=[কু]—বিণ. এতটুকু॥ এহুরা পোলাডা পাক্না কথা কয়্। [<এক্-কুরা<এক টুকরা]।

এহেনে=[পা]—ক্রি. বিণ. এখানে॥ এ হেনে ফ্যালাও। [এই হানে<এই খানে<এই স্থানে]।

এহেন্দে=[পা]—ক্রি. বিণ. এখান দিয়া॥ এহেন্দে যাবার্ রাস্তা। [<এই হান দিয়া<এইখান দিয়া]।

এহেরে=[চা]—ক্রি. বিণ. একেবারে॥ তারে এহেরে মাইরা ফেলামু। [<এহের<একেবারে<এক+ই+বার +এ (বিভক্তি)]।

এহে হে=[খু]—অব্য. আক্ষেপসূচক॥ [আহা হা]।

এ্যাআন্=[চট্ট]—ক্রি. বিণ. এমন ভাবে ॥ কাম্ ডা এ্যাআন্ পাইত্ তো ? [<এমন]।

এ্যাই=[চট্ট]—সর্ব. আমি। এ্যাই ন যাইয়ুম্। [<আমি]।

এ্যাএ্যা করা=[বা]—ক্রি. প্যান প্যান করিয়া কাঁদা ॥ [<এঁ্যা এঁ্যা করা]।

এ্যাও=[কু, পা]—অব্য. এই ॥ এ্যাও কি কর্ তি চ'াও ॥ [<এই]।

২=[বা, য]—সর্ব. এইটিও ॥ এ্যাও হ্যারে দিয়া দ্যাও ॥ [<ইহা]।

৩=[রং]—বি. শব্দ ॥ ছাওয়াটা নিন্-দত্ এ্যাও করি উঠ্ লো।

এ্যাওক্ টা=[ম]—ক্রি. বিণ. একটার পর একটা ॥ এ্যাওক্ টা বাশ্ দিয়া চে'গার্ দিসে। [<একেকটা ; এক+এক+ টা]।

এ্যাওয্=[কুম]—বি. বদল ॥ বালা যমিনেব্ লগে বুরা যমিনের্ এ্যাওয্ অয্ না। ['ইবয্ عوض আং]।

এ্যাওয্ ফের্=[খু]—বি. বদল ॥ [দেখ এ্যাওয্+ফের্ হিং (বদল)]।

এ্যাওত্=[খু] — বি. জোর ঠাণ্ডা বাতাস ॥

২=[কুম]—বি. নৌকার জল ফেলার পাত্র ॥ টিনের্ এ্যাওত্ টা লও। [<সেঁউতি]।

৩ = [সি] — বি. হেমন্তকাল ॥ [<হেমন্ত]।

এ্যাওন্=[খু]—অব্য. এখন ॥ এ্যাওন্ যা। [<এখন]।

এ্যাওর্=[বা]—বিণ. খোলা, আলগা ॥ এ্যাওর্ পানি খাইতে নাই।

এ্যাওর্ ত্যাওর্—[ম]— বি. মার প্যাঁচ ॥ আমি এত এ্যাওর্ ত্যাওর্ বুঝি না।

এ্যাংকা=[রা]—সর্ব. ইহা ॥ এ্যাংকা কেংকা কাম্। [<এমন+কা অথবা এই+কা]।

২=[রা]—বি. তৃপ্তি ॥ মোর্ ছল্ এতো খায্ তাও এ্যাংকা নাই। [<আকাঙ্ক্ষা ; অর্থের বিকৃতি]।

এ্যাংকার্=[ম]—বি. ঘৃণা, অবহেলা ॥ গরিব্ বৈলা তারে এ্যাংকার্ কৈরো না। [ইন্ কার انکار আং=অস্বীকার]।

২=[রা]—বি. খাওয়ার আগ্রহ, তৃপ্তি ॥

এ্যাংখা=[চট]—বিণ. এমন ॥ [দেখ এ্যাংকা]।

এ্যাংগল্=[সি] — বি. কুকুর ॥ এ্যাংগলর্ বাচ্'চ'ায্ ঠ্যাকাইসে। [<হেঙ্গল (কুকুরের মত লোভী)]।

এ্যাংগল্ মেকুর্=[সি] — বিণ. নেহায়েৎ নগণ্য ॥ [দেখ এ্যাংগল্+মেকুর (বিড়াল)]।

এ্যাংগা=[পা]—বি. ঘরের চাল দাঁড় করাইয়া রাখার অবস্থা ॥ চ'াল্ দুইটা এ্যাংগা দিয়া রাখো ॥

২=[পা]—বি. মাছ ধরার উপকরণ ॥

৩=[চট্ট]—অব্য. এখন ॥ এ্যাংগা বাযারে চ'লো ॥ [<এখন+গা=কা ; তুং এ্যাংকা]।

এ্যাংগা দাব্ রানো=[পা]—ক্রি. মাছ ধরার ফন্দি করা ॥ সেলেরা বাদলের্ দিনে এ্যাংগা দাব্রিয়া মাস্ দরে। [<দেখ এ্যাংগা + দাবড়ানো ; √দাবড়া+আন]।

এ্যাংগা পারা=[পা]— ক্রি. বারবার কাহাকেও কিছু জিজ্ঞাসা করা ॥ এতো এ্যাংগা পার ক্যা ? [<হাঁগা পাড়া]।

এ্যাংপেংগা=[বং]—বিণ. চিত্রবিচিত্র, রং বেরং ॥

এ্যাংগা বেংগা=[কুম]—বি. একপ্রকার লতা। [অনু.]।

২=[চট]—বি. গেছো আলু ॥ খাঁই এ্যাংগা বেংগা ন খাই।

এ্যাংগোর্=[কু]—বি. কুকুর ॥ [দেখ এ্যাংগল্]।

এ্যাংচ'াক্ক=[সি]— বিণ. খিটখিটে, বদ মেজাজী ॥

এ্যাংটে=[পা]—বি. একপ্রকার ঘাস ॥ এ্যাংটে গাশে গাইয়্ দুদ্ বারে ॥

এ্যাংনা=[দি]—বিণ. সবে ধন নীলমণি ॥ ঐ এ্যাংনা ছাওয়াল্ মর্ লে ওর্ কি আশা। [<এক না<এক+খানা]।

এ্যাং বেং=[সি]—বি. খেলায় মাটিতে পা দিয়া গণনার এক দুই ॥ এ্যাং বেং, তিন্ ঠ্যাং।

এ্যাংরা=[ম]— বি. খুঁটি ॥ দুয়ারের্ এ্যাংরাটা বাইংগা গেসে ॥

২=[য]—বিণ. পাজী ॥

এ্যাংরানো=[ঢা]— ক্রি. নাড়াচাড়া করা ॥ কাডালের্ কোয়াগুলো এ্যাংরাইস্ না। [<আঙুলানো<আঙুল +আনো ; নামধাতু]।

এ্যাংলা=[বা]—বি. বোকা, নির্বোধ ॥ এ্যাংলার্ মত কর কেন্ ? [<হ্যাংলা]।

২=[চ]—বিণ. রোগা ॥ পোলাডা যবর্ এ্যাংলা ॥

এ্যাংলানো=[পা] — ক্রি. একজনের কথার মধ্যে অন্য লোকের কথা বলা। [দেখ এ্যাংবানো]।

২=[রা]—ক্রি. দুষ্টামি করা ॥

এ্যাংসাইরা=[ঢা]—বিণ. যে সহজে বিরক্ত হয় ॥ এ্যাংসাইরা মানুশ্ কি গিরস্ তির্ কাম্ কর্ বার্ পারে।

এঁ্যাক্ ড়া=[রা] — বিণ. হিংসুক, অহঙ্কারী ॥ [হেকড় হিং]।

২=[ব]—বিণ. একক ॥ এঁ্যাক্ ড়া বাচ্'চ'া। [<এক+টা]।

এঁ্যাচে=[কু]—বিণ. অতিরিক্ত জ্বাল হেতু গন্ধযুক্ত ॥ [আঁচ<অর্চি সং +ইয়া প্র.]।

২=[কু]—বিণ. লবণাক্ত ॥

এঁ্যাচ পাচ=[ব]— বিণ. আঁটসাঁট ॥

[=আঁট সাঁট]।

এঁ্যাড়া=[নো]—বি. দাঁতের মাড়ি বা গোড়া ॥ তর্ দাঁতের্ এঁড়া খুলি হালাম্ ॥

এঁ্যাতাব্রা=[চট্ট]—বিণ. একদিন অন্তর হয় এমন ॥ ইতে এঁ্যাতাবা ষরে ভুগ্‌সে। [<একান্তর+আ]।

এঁ্যানে=[চট্ট]—ক্রি. বিণ. এইরূপে, এই ভাবে ॥ বোয়াউয়া এঁ্যানে রাখ্। [<এমনে]

এঁ্যাহে=[রা]—সর্ব. এই ব্যক্তিই ॥ এঁ্যাহেই চুরি কর্‌ছে ॥ [<এই-ই]।

এঁ্যাহো=[খু]—বি. ষাঁড়ের ডাক ॥ [ধ্বন্যা.]।

এ্যাকর্=[পা]—বি. এক (সংখ্যা), এক প্রকার খেলার শুরু ॥

এ্যাকস্‌তর্, এ্যাকস্‌তার্, এ্যাকস্‌তোমারে=[পা, খু]—ক্রি. বিণ. এক সঙ্গে ॥ এ্যাকস্তোমারে শব্‌গুলা দ্যাও। [<একস্তর<একত্র]।

এ্যাকাইষ্=[ঢা]—ক্রি. বিণ. অনবরত ॥ অয়্ এ্যাকাইষ্ হিদ্দ চা'ইলের্ বাত্ খাইসে। [<একজায় < এক+জা ﺟﺎ ফা.]।

এ্যাকাএ্যাকি=[য]—বিণ. একাকী ॥ [<একাকী]।

এ্যাকাংগি=[সি]—বিণ. নিঃসঙ্গী। এ্যাকাংগি মানুশ্‌টা কারো কাসে যায়্ না। [দেখ এ্যাকাএ্যাকি কিংবা একংগ হিং+ই]।

এ্যাকাচো'রা=[ঢা]—বিণ. যে একা থাকিতে ভালোবাসে ॥ তুই বর এ্যাকাচো'রা। [<একেশ্বর+আ প্র.]।

এ্যাকাযুত্=[ম]—বি. একতা ॥ এ্যাকাযুতে শক্‌তি বারে ॥ [<একজোট]।

এ্যাকাদ্‌রা=[ঢা]—বিণ. দুইএকটা ॥ এ্যাকাদ্‌রা ট্যাহা দ্যাও। [<এক+আধ+রা=টা]॥

এ্যাকানিদা=[সি]—বি. অভাবগ্রস্ত, দুর্ভিক্ষপীড়িত ॥

এ্যাকারাল্=[চট্ট]—বি. শপথনামা ॥ এ্যাকারাল্ দিয়া ন। [<ইক্‌রার اقرار

আঃ]।

এ্যাকার্=[খু]—বি. বমি ॥ এ্যাকার্ করে যে মলি।

এ্যাকাশ্‌শারি=[চট্ট]—ক্রি. বিণ. একেলা ॥ এ্যাকাশ্‌শারি কোহ্‌বে ইহান আইলা। [একেশ্বর+ই প্র.]।

এ্যাকাশ্‌শৈরা=[ঢা]—বিণ. একাকী ॥ এ্যাকাশ্‌শৈরা লোক্‌টা বর কশ্‌টে আসে। [<একেশ্বর+ইয়া প্র.]।

এ্যাকুন্=[কু, পা]—অব্য. এখন ॥ [<এখন]।

এ্যাকুন্‌কার্=[কু, পা]—ক্রি. বিণ. এখনকার ॥ এ্যাকুন্‌কার্ মত বিদায় হ। [<এখন+কার]।

এ্যাকেটে=[রং]—ক্রি. বিণ. একত্র ॥ শৌগ একেটে কর্ ॥ [<একট্ট প্রাং <একত্র সং; ইকট্‌ঠা, ইখট্টা হিং]।

এ্যাকেত্‌তার্=[খু]—বিণ. একত্র ॥ তারা শব্ ভাই এ্যাকেত্তার্। [<একত্তর<একত্র]।

এ্যাকেনে=[কু]—ক্রি. বিণ. এখানে ॥ এ্যাকেনে বোশো। [<এখানে]।

২=[বা]—ক্রি. বিণ. আবার ॥ তবে এ্যাকেনে বল্ মারি। [<again ইং]।

এ্যাকেস্‌তার্=[খু]—বিণ. একসাথে ॥ চা'উল্ ডাউল্ এ্যাকেস্তার্ আন্‌সো ॥ [দেখ এ্যাকেত্তার্]।

এ্যাকো=[কুম]—বি. গিঁট ॥ বাশের্ এ্যাকো। [<এঁকো<অংকুয়া<অঙ্ক সং+উয়া প্র.]।

এ্যাকোষা=[চট্ট]—বিণ. অনেক ॥

এ্যাকোটে=[রং]—ক্রি. বিণ. একত্র ॥ শৌগ্ বেচিকিনি এ্যাকোটে করিচে। [দেখ এ্যাকেটে]।

এ্যাকোন্=[খু]—অব্য. এখন ॥ এ্যাকোন্ যা। [<এখন]।

এ্যাকোয়াইষ্‌যা=[চট্ট]—বিণ. এককথার। এ্যাকোয়াইষ্‌যা মানুশ্ পাওয়া ভার্ ॥ [<এক+আবাষ آواز ফা. +ইয়া প্র.]।

এ্যাকোশ্‌শর্=[ম]—ক্রি. বিণ. একেলা ॥ মাইয়াডা পরে এ্যাকোশ্‌শর্

আসে। [<একেশ্বর]।

এ্যাক্‌আংগি=[সি]—বিণ. অসামাজিক ॥ তোমার্ বাই এ্যাক্‌আংগি। [দেখ এ্যাকংগি]।

এ্যাক্‌আডু=[ঢা]—বিণ. হাটু সমান ॥ এহান্‌দা এ্যাক্‌আডু পানি। [<এক+হাঁটু]।

এ্যাক্‌আরা=[ম]—বিণ. চারি বা আট মন পরিমাণ ॥ খ্যাতটাত্ এ্যাক্ আরা দান্ ঐসে। [<এক+আড়া]।

এ্যাক্‌আয়্‌লা=[চট্ট]—বিণ. একবার মাত্র ঢেঁকিতে ছাঁটা ॥ এ্যাক্ আয়্‌লা দান্ ঢেঁইত্ রৈয়ে। [<এক+আলা =এলানো]।

এ্যাক্‌আল্‌ডা=[ঢা]—বি. ধান হইতে খোসা ছাড়ানোর প্রথম অবস্থা ॥ এ্যাক্ আল্‌ডার্ চা'উল্ খারো।

এ্যাক্‌আল্‌না=[কুম]—বিণ. একবার ভানা ॥ এ্যাক্ আল্‌না চা'ইল্ খাওন্ যায়্‌না। [<এক+আলা=এলানো]।

এ্যাক্‌কদ্‌দা=[চট্ট]—বিণ. একখান ॥ এ্যাক্‌কদ্‌দা শাষ্‌পান্ ভাড়া কর্। [<এক+টা]।

এ্যাক্‌কল্=[খু]—ক্রি. বিণ. নিরবিচ্ছিন্ন ॥ এক্‌কল্ পানি হবে। [<একল]।

এ্যাক্‌কা=[সি]—বি. একফোটা চিহ্নিত তাস ॥ এ্যাক্‌কা কিতা তোমার্ আতত্ নি? [<এক্কা; ইক্‌কা হিং]।

এ্যাক্‌কাইটা=[কুম]—বি. লোহার শিকের মাছ মারা যন্ত্র ॥ [<এক+কাঁটা]।

এ্যাক্‌কাইতা কথা=[রং]—বি. একগুঁয়ে কথা ॥ রাখ্ তোর্ এ্যাক্ কাইতা কথা ॥ [<এক কাত (=দিক্)+ইয়া প্র.+কথা]।

এ্যাক্‌কাত্‌রা=[ব, ঢা, কুম, পা]—বিণ. এককোঁটা ॥ [<এক+কত্‌রঃ قطرہ আঃ]।

এ্যাক্‌কানা=[চট্ট]—বিণ. অতি অল্প ॥ এ্যাক্‌কানা দুদ্। [<এক+কণা]।

এ্যাক্‌কোডা=[চট্ট]—বিণ. অতি

সামান্য ॥ এ্যাক্ ফোডা তেল্ । [এক +ফোঁটা]।

এ্যাক্‌কানি=[চা]—বি. অনুতাপ ॥ এত এ্যাক্‌কানি বালা লাগে না । <এউক <হিক্কা+আনি প্র.]।

এ্যাক্‌কানো=[রং]—ক্রি. বিণ. এক-স্থানে ॥ [<একখানে]।

এ্যাক্‌কান্=[চট্ট]—বিণ. একখানা ॥ এ্যাক্‌কান্ ট্যাহা দ্যাও। [<এক খান] ।

এ্যাক্‌কান্‌দি=[চট্ট]—ক্রি. বিণ. এক জায়গা দিয়া ॥ লোক্ এ্যাক্‌কান্‌দি যাইতাসে। [দেখ এ্যাক্‌কানো + দি <দিয়া] ।

এ্যাক্‌কারে=[কুম, নো] ক্রি বিণ. একেবারে ॥ তবে এ্যাক্‌কারে মাইরা ফেলামু। [<একেবারে] ।

এ্যাক্‌কার্=[কুম]— বিণ. অতিশয় ॥ [<একেবারে]।

২=[কুম]—ক্রি. বিণ. একবার ॥ আমি এ্যাক্‌কার্ যাইমু । [<একবার]॥

এ্যাক্‌কালে=[বা]—ক্রি. বিণ. একে-বারে ॥ এ্যাক্‌কালে শব্ দিয়া দিসি। [<এক+কাল+এ বিভক্তি] ।

এ্যাক্‌কাল্=[ফ]—ক্রি. বিণ. এক-সময় ॥ এ্যাক্‌কাল্ আম্‌রাও যোয়ান্ আসিলাম্ । [<এক+কাল] ।

২=[ফ]—বিণ. একেবারে ॥ আম্ বা এক্‌টা খালাম্ এ্যাক্‌কাল্ গাস্ পাকা। [পূর্বে দেখ]।

এ্যাক্‌কিনি=[চট্ট]— বিণ. ছোট ॥ এ্যাক্‌কিনি মাইয়া [<এতখানি=ছোট অর্থে; অথবা এক+কণি<কণিকা= এককণা]।

এ্যাক্‌কেনা=[চট্ট]— বিণ. সামান্য ॥ আরো এ্যাক্‌কেনা চিঁনি দ্যাও। [<এক কণা] ।

এ্যাক্‌কেরে=[কুম]—ক্রি. বিণ. একে-বারে ॥ হে এ্যাক্‌কেরেই বিলা কথা কয় না । [দেখ এ্যাক্‌কারে]।

এ্যাক্‌কেলে=[চা]— ক্রি. বিণ. একে-বারে ॥ [দেখ এ্যাক্‌কাল্]।

এ্যাক্‌কৌঁয়র্=[চট্ট]—বিণ. এক-কোমর ॥ এ্যাক্‌কৌঁয়র্ পানি॥ [<এক কোমর<কমর্ کمر ফা.]।

এ্যাক্‌কোত্‌তন লঙ্গতি=[চট্ট]—ক্রি. বিণ. প্রথম হইতে লইয়া ॥ [একক+ তন (অপাদানে) +লঅতি <লাগতি< লাগাত<লেগায়ত لغایت আং]।

এ্যাক্‌কোয়া=[চট্ট]—বিণ. সামান্য ॥ আর্ এ্যাক্‌কোয়া দুদ্ দে। [এক+ গুয়া=টুকু]।

এ্যাক্‌কোর্=[চট্ট]—বি. একপার্শ্ব ॥ এ্যাক্‌কোরে যাই বৈও। [এক+কোর =পার্শ্ব]।

এ্যাককোশ্‌টা=[কুম]—বিণ. এক-গাছি ॥ এ্যাক্‌কোশ্‌টা পাট্ । [<এক +কোষ্ট=টা]।

এ্যাক্‌খন্‌ন্যা=[চট্ট]— ক্রি. বিণ. এখন ॥ [<এখন+আ] ।

এ্যাক্‌খাদো=[পা]—বি. ষোল বিঘা, জমির পরিমাণ ॥ [<এক খাদা]।

এ্যাক্‌খানো=[সি] — ক্রি. বিণ. একত্রে ॥ তারা শব্‌বাই এ্যাক্‌খানো আসে। [<একখানে]।

এ্যাক্‌খালো=[চট্ট] — ক্রি. বিণ. এক-বার ॥ এ্যাক্‌খালো কৈযুয্ । [দেখ এ্যাক্‌কাল্]।

এ্যাক্‌খুট্‌টা=[চট্ট] — বিণ. চালু, খাড়া ॥ এই এ্যাক্‌খুট্‌টা পার্‌দি নদিত্ নাম্‌তি পার্‌তি ন ।

এ্যাক্‌গরৈয়া=[কুম]— বি. একঘরে বাড়ী, সমাজচ্যুত লোক ॥ [এক+ঘর +ইয়া প্র.]।

এ্যাক্‌গর্‌যা=[চট্ট]—বিণ. এক ঘরে, সমাজচ্যুত ॥ হিতারে এ্যাক্‌গর্‌বা কর্‌সে। [দেখ এ্যাক্‌গৈরা]।

এ্যাক্‌গলৈয়া=[চা]—বি. বড় নৌকার পিছনের বৈঠা উঠাইয়া গলুই হইতে লগি দিয়া বাইয়া বাইবার নিয়ম ॥ বৈডাডা উডাইয়া থুইয়া নাওডা এ্যাক্ গলৈয়া বাও । [এক+গলুই (=নৌকার অগ্রভাগ)+ইয়া]।

এক্‌গাইস্=[ম] — বিণ. একটা ॥ এ্যাক্‌গাইস্ দরা দিবানি। [এক গাছি]।

এ্যাক্‌গাদি=[পা]— বিণ. প্রচুর ॥ এ্যাক্‌গাদি বৈ। [এক+গাদি=গাদা]।

এ্যাক্‌গাসি=[চট্ট]— বিণ. মাত্র গাছ দিয়া তৈরী ॥ এ্যাক্‌গাসি নাও। [এক +গাছ+ই প্র.]।

এ্যাক্‌গিস্‌তে=[কুম] — ক্রি. বিণ. এক সময়ে ॥ এ্যাক্‌গিস্‌তে পুরিতে গেস্‌লাম্ । [এক+কিস্ত .. আং+এ (অধিকরণে)] ।

এ্যাক্‌গিড়ু=[চা] — বিণ. গোঁড়ালি সমান ॥ এ্যাক্‌গিড়ু পানি দিয়া কত মাস্ উঠ্‌তাসে। [<এক গিঁঠু<গিঁঠ <গ্রন্থি সং]।

এ্যাক্‌গু=[সি] — বিণ. একটা ॥ এ্যাক্‌গু পয়্‌শা দ্যাও। [<এক+গু; তুং একগা]।

এ্যাক্‌গুইয়া=[চা]—বিণ. একগুঁয়ে ॥ এ্যাক্‌গুইয়া সাওয়াল্ কেউ পসন্দ করে না । [<একগুঁয়ে; এক+গোঁ+ ইয়া প্র.]।

এ্যাক্‌গুল্‌লা=[চট্ট]—বিণ. একবারে মাত্র একটা বাচ্চা হয় এমন ॥ এ্যাক্-গুল্‌লা সাগি এইবার্ বাচ্‌চ'া দেইয়ে।

এ্যাক্‌গৈরা=[চা] — বিণ. একঘরে, সমাজচ্যুত ॥ চু'রি করনে আলিরে তারা এ্যাক্‌গৈরা কর্‌সে। [একঘরে =একঘরিয়া]।

এ্যাক্‌গোয়া=[পা]—বিণ. একমত ॥ [<এক+গোঁ+আ প্র.]।

এ্যাক্‌ঘরা=[রা]—বিণ. সমাজচ্যুত ॥ তুমি এ্যাক্‌ঘরা মানুশ্ । [দেখ এ্যাক্-গৈরা] ।

এ্যাক্‌ঘুড়িক্=[চট্ট] — ক্রি. বিণ. সামান্য ক্ষণ। [এক+ঘড়ি (=সময় অর্থে)+ক]।

এ্যাক্‌ঘোরা=[রা]—বিণ. সমাজচ্যুত ॥ মজিদ্‌কে চুরির্ দায়ে এ্যাক্‌ঘোরা কর্‌লো। [দেখ এ্যাক্‌গৈরা]।

এ্যাক্‌চ'রা=[ম] — বি. খিচুড়ি ॥ বিশ্‌টির্ দিনে অনেকেই এ্যাক্‌চ'রা

খায়্‌।

এক্‌চ'লা=[চা]—বি. দিনে গরু বাঁধিয়া রাখিবার ছাপরা ॥ গরুগুলি এ্যাক্‌-চ'লায়্‌ বাইন্‌দা থোও। [<এক+চাল+আ স্বার্থে]।

এ্যাক্‌চ'াইটা=[চা]—বিণ. এক-চোটিয়া ॥ এ্যাক্‌চ'াইটা বোটে এবার্‌-পার্‌ কর্‌লাম্‌। [<একচোটিয়া = এক চেটে]।

এ্যাক্‌চালা=[রং]—বি. অভ্যাস ॥ হেটু তোর্‌ কোন্‌ এ্যাক্‌চালা। [<এক+চাল+আ]।

এ্যাক্‌চিত্তে=[রং]—ক্রি. বিণ. এক-মনে ॥ এ্যাক্‌চিত্তে কাম্‌ কর্‌। [<এক+চিত্তে<চিত্তে]।

এ্যাক্‌চি'ন্‌তু=[খু]—ক্রি. বিণ. সামান্য ॥ আমায়্‌ এ্যাক্‌চি'ন্‌তু দিশ্‌ ॥ [<এক+চিমৃটি]।

এ্যাক্‌চি'ন্‌তুশ্‌=[খু]—বিণ. সামান্য ॥ এ্যাক্‌চি'ন্‌তুশ্‌ পান্‌ আমাকে দিশ্‌ কেন্‌। [দেখ এ্যাক্‌-চি'ন্‌তু]।

এ্যাক্‌চির্‌=[রং]—বি. কোনও জিনিসের কিছু অংশ ॥ দে কেনে কুম্‌ড়াটার্‌ এ্যাক্‌চির্‌। [এক+চির (খণ্ড)]।

এ্যাকচে'রিয়া=[সি]—বিণ. খিটমিটে স্বভাবের ॥ [দেখ এ্যাংচারু+ইয়া]।

এ্যাকজগ্‌গোর্‌=[রা]—বিণ. অনেক ॥ এ্যাক্‌জগ্‌গোর্‌ টাকা শে নশ্‌ট করেছে। [এক+যজ্ঞের]।

এ্যাক্‌জাই=[বং]—ক্রি. বিণ. বার বার ॥ এ্যাক্‌জাই এক্‌কথা কবার্‌ লাগ্‌ছিশ্‌। [<একজাই]।

এ্যাক্‌জায়্‌=[রা]—ক্রি. বিণ. বার বার। এ্যাক্‌জায়্‌ জ্বালাতন্‌ কোরিছ্‌ না। [দেখ এ্যাক্‌জাই]।

এ্যাক্‌যন্‌না=[কুম]—বিণ. খানিকটা, যৎকিঞ্চিৎ ॥ [দেখ এ্যাক্‌যরা]।

এ্যাক্‌যরা=[সি]—বিণ, যৎসামান্য ॥ এ্যাক্‌যরা তেল্‌। [<যর্র: ০,১ আং]।

এ্যাক্‌যাইট্‌=[চা]—বি. এক পশলা ॥ এ্যাক্‌যাইট্‌ দান্‌ বোন্‌।

এ্যাক্‌যোতাড়্‌=[য]—বিণ. একত্র ॥ [<এক+জোট+ড় (স্বার্থে) প্র.]।

এ্যাক্‌যোত্‌=[পা, খু]—বি. একখানা লাঙল ॥ এ্যাক্‌যোতে আর্‌ কতডা যমি উটিত্‌ পারো। [এক+জোত]।

এ্যাক্‌ঝ'াই=[খু]—ক্রি. বিণ. বার বার ॥ দেখ্‌লে কিরম্‌ এ্যাকঝ'াই যালায়্‌ আমারে। [দেখ এ্যাক্‌জাই]।

এ্যাক্‌টাক্‌কোর্‌=[রং]—বিণ. এক বিঘত ॥ এ্যাক্‌টাক্‌কোর্‌ জমি নিয়া এত মারামারি।

এ্যাক্‌টাণ্ডইরা=[পা]—বিণ. একগুঁয়ে, জেদি ॥

এ্যাক্‌টাহুরা=[ম]—বিণ. হিংসুক ॥ অবা এ্যাক্‌টাহুরাপানা কর ক্যা। [<এক+ঠাকুর+আ প্র.]।

এ্যাক্‌টিম্‌=[কুম]—বি. বদলি ॥ তার্‌ এ্যাক্‌টিমে কাম্‌ করে। [<একটিং acting ইং]।

এ্যাক্‌টিয়া=[রং]—বিণ. নিঃসঙ্গ ॥ এ্যাক্‌টিয়া বাড়িত্‌ মানুশ্‌ থাক্‌তে ভয়্‌ লাগে। [একট+ইয়া প্র.]।

এ্যাক্‌টুখাইন্‌ন্যা=[কুম]—বিণ. ছোট ॥ এ্যাক্‌টুখ্যাইন্‌না পোলা। [<একটু খানা]।

এ্যাক্‌টুখান্‌ডা=[কু]—বিণ. অল্প, ছোট ॥ [একটু খান+টা]।

এ্যাক্‌টুখিনেক্‌=[কু]—বিণ. অল্প ॥ এ্যাক্‌টুখিনেক্‌ পানি ॥ [<একটু খানেক, একটু খানিক]।

এ্যাক্‌টুশ্‌কুনি=[কু]—বিণ. একটু খানি, অল্প ॥ [<একটুক খানি]।

এ্যাক্‌ঠাহ্‌রা=[সি]—বিণ. একগুঁয়ে ॥ এ্যাক্‌ঠাহ্‌রা মানু। [<এক+ঠাহর+আ (স্বার্থে)]।

এ্যাক্‌ঠিকি=[ব, রা]—ক্রি. বিণ. একস্থানে, একত্র ॥ তারা শব্‌ ভাই এ্যাক্‌ঠিকি খায়্‌। [একঠাঁই+কি প্র.]।

এ্যাক্‌ঠে=[রা]—ক্রি. বিণ. একত্র ॥ শব্‌ এ্যাক্‌ঠে বৈরা লও। [<এক+ঠে<ঠাঁই ; তুং একটা হিং]।

এ্যাক্‌ঠেইংগা=[ম]—বিণ. এক পায়ে ভর দিয়া দাঁড়ায় যে ॥ [<এক+ঠেঙ্‌ (টাঙ্‌ হিং)+আ প্র.]।

এ্যাক্‌ঠোকর্‌=[চা]—বিণ. মুষ্টি পরিমাণ ॥ আর্‌ এ্যাক্‌ঠোকর্‌ বাত্‌ দ্যাও। [<এক+ঠোকর (=পরিমাণ বুঝাইবার জন্য)]।

এ্যাক্‌ডন্‌=[রা]—ক্রি. বিণ. সামান্য সময় ॥ এ্যাক্‌ডনের্‌ মদ্‌ধেই আশি। [<এক+দণ্ড]।

এ্যাক্‌ডাউব্‌বা=[চা]—বিণ. দুই-হাতের তালু একত্র করিয়া যতটুকু লওয়া যায় সেই পরিমাণ ॥ [<এক+ডাব্বা=ডাবা]।

এ্যাক্‌ডাল্‌লা=[চট্ট]—বিণ. পক্ষপাত-দুষ্ট, একদিকে ঢালু বা কাৎ। [এক+ঢাল আ+প্র.]।

এ্যাক্‌তন্‌ ভেক্‌তন্‌=[রং]—ক্রি. বিণ. যেমন তেমন, কোনও প্রকারে ॥ এ্যাক্‌তন্‌ভেক্‌তন্‌ কাম্‌টা কর্‌বাহে। [অনু.]।

এ্যাক্‌তিবিল্‌=[সি]—ক্রি. বিণ. সামান্য সময় ॥ এ্যাক্‌তিবিল্‌ থারও। [<একটু+বেলা]।

এ্যাক্‌তিশ্‌=[চট্ট]—বি., বিণ. এক-ত্রিশ ॥ আঁই এ্যাক্‌তিশ্‌ ট্যাহা হাও-লাত্‌ কর্‌সি। [<একত্রিশ]।

এ্যাক্‌তে এ্যাক্‌তে=[পা]—ক্রি. বিণ. পরপর ॥ এ্যাক্‌তে এ্যাক্‌তে আইশ। [<একে একে=এক+তে]।

এ্যাক্‌থা=[সি]—বি. একটা কথা ॥ এ্যাক্‌থা হুনি যাওরে বাই। [<এক+কথা]।

এ্যাক্‌ থাপ্‌ড়া=[রং]—বিণ. হাত ভরা ॥ দেব কোন্‌ এ্যাক্‌ থাপ্‌ড়া গোশ্‌ত। [<এক থাবড়া ; থাপড়+আ]।

এ্যাক্‌দর্‌রা=[ম]—বিণ. একদ্বার-বিশিষ্ট ॥ এ্যাক্‌দর্‌রা গরে কি বাতাশ্‌ যায়। [<এক+দুয়ার <দ্বার সং+আ প্র.]।

এ্যাক্‌দাইরা=[চা]—বিণ. ডালাপালা-

হীন গাছ ।। এ্যাক্‌দাইরা গাস্‌ বাশ্‌ সারা উডান্‌ যায়্‌ না। [<এক+দাঁড়া <দণ্ড সং]।

এ্যাক্‌দাঁইড়্গ্যা=[চট্ট]—বিণ. গাছ বিশেষ ।। এ্যাক্‌দাঁইড়্গ্যা গাসের্‌ তুন্‌ অশুদয়্‌। [দেখ এ্যাক্‌দাইরা]।

এ্যাক্‌দাত্তি=[রং]—বিণ. যাহার একটি দাঁত হইয়াছে ।। এ্যাক্‌দাতি বাছুর্‌। [<এক+দাঁত+ই প্র.]।

এ্যাক্‌দানি=[রা]—বি. হাতের অলংকার বিশেষ ।।

এ্যাক্‌দান্‌=[পা]—বিণ. অল্প, একটু, একরত্তি ।। [<এক ধান (=পরিমাণ)]।

এ্যাক্‌দায়্‌=[দি]—ক্রি. বিণ. একদম ।। তুই এ্যাক্‌দায়্‌ কথা শুনিছ্‌ না। [<একদম یک دم ফা.

এ্যাক্‌দাহা=[রা]—ক্রি. বিণ. সকল সময় ।।

এ্যাক্‌দিরা=[রং]—বিণ. অপরিষ্কার ।। ছাওয়াটার্‌ শরির্‌ এ্যাক্‌দিরা হছে।

এ্যাক্‌দিশ্‌=[কুম]—বি., বিণ. একত্রিশ ।। এহানে এ্যাক্‌দিশ্‌ পাল্‌লা দান্‌ এসে। [<একত্রিশ]।
২=[চট্ট]—বি., বিণ. এগার, ১১ ।। এইখেতে এ্যাক্‌দিশ্‌ মন্‌ ধান্‌ হয়্‌। [<একাদশ]।

এ্যাক্‌ধাক্‌কার্‌ মান্‌শি= [রং]—বি. তুচ্ছ ব্যক্তি ।। তুই তো এ্যাক্‌ধাক্‌কার্‌ মানুশি। [এক ধাক্কার মানুষ (তুচ্ছার্থে)]।

এ্যাক্‌নটুয়া=[রং]—বিণ. চঞ্চলমতি ।। তুই এ্যাক্‌নটুয়া বাঁয়্‌। [<এক+নটুয়া <নট+উয়া প্র.]।

এ্যাক্‌নলা=[খু]—বিণ. এক মুঠা ।। এ্যাক্‌নলা ভাত্‌ দে। [এক+নলা <নবালহ্‌ نواله ফা.=গ্রাস, অল্প পরিমাণ; দেখ এ্যাক্‌নালা]।

এ্যাক্‌না=[কুম]—বিণ. অল্প ।। এ্যাক্‌না নাস্‌ দিবু ।। [<একখানা]।
২=[রং]—অব্য. ইহা, এইটি ।। এ্যাক্‌না মোর ছাঁওয়া। [<এইখানা]।

এ্যাক্‌নাত্তা=[রং]—বি. কানের নীচের অংশ ।। কানের্‌ এ্যাক্‌নাতা ছিড়ি ফ্যালাইছে। [এক+নাতা=লতি]।

এ্যাক্‌নাতে=[রং]—ক্রি. বিণ. অল্পতে ।। এ্যাক্‌নাতে বেজার্‌ হবার্‌ নাগে। [দেখ এ্যাক্‌না+তে]।

এ্যাক্‌নাদ্দি=[রং]—বিণ. এক দলা ।। এ্যাক্‌নাদি ছাগলের্‌ গু ।। [<এক+নাদী=গুটিকাকৃতি পুরীষ]।

এ্যাক্‌ন্‌দুক্‌না=[রং]—ক্রি. বিণ. এক এক ।। এ্যাক্‌না দুক্‌না শগলে আইল্‌। [<একখানা+দুইখানা]।

এ্যাক্‌নাপাশু=[রং]—বিণ. যে অত্যন্ত লজ্জাহীন ভাব আত্মীয়ের বাড়ীতে থাকে ।। তুই বড় এ্যাক্‌নাপাশু লোক্‌।

এ্যাক্‌নাপোক্‌না=[ঢা]—বি. ভাবভঙ্গী ।।

এ্যাক্‌নামিয়া=[রং]—বিণ. জেদি ।। তুই বড় এ্যাক্‌নামিয়া ।। [এক+নাম+ইয়া প্র.]।

এ্যাক্‌নালা=[য]—বিণ. এক লোকমা ।। এ্যাক্‌নালা ভাত্‌ খা। [দেখ এ্যাক্‌নলা]।

এ্যাক্‌নালুচো=[খু]—বিণ. লোভীর একশেষ ।। [<এক+লালচ হিং <লালসা সং+ইয়া প্র.]।

এ্যাক্‌নিয়াশে=[চট্ট]—ক্রি. বিণ. একদমে ।। [<এক+নিশ্বাসে]

এ্যাক্‌পাইয়া=[সি]—বি. একপেয়ে ।। [<এক+পা<পাদ সং+ইয়া প্র.]।

এ্যাক্‌পাইস্‌সা=[চট্ট]—বিণ. একধারে ।। [<এক+পাশ <পার্শ্ব+ইয়া প্র.]।

এ্যাক্‌পাট্‌ট্যা=[চট্ট]—বিণ. একদলভুক্ত ।। [<এককাট্টা <ইকট্ঠা হিং কিংবা দেখ এ্যাক্‌পাট্টি]।

এ্যাক্‌পাট্‌টি=[ঢা]—ক্রি. বিণ. একদল ।। এ্যাক্‌পাট্টি বাইন্দা আমার্‌ পাসে নাগ্‌সে। [<এক+পার্টি party ইং]।

এ্যাক্‌পারাইশ্যা=[পা]—ক্রি. বিণ. ক্রমাগত ।।

এ্যাক্‌পালা=[রং]—ক্রি. বিণ. এক জায়গা ।। আয়েক্‌ এ্যাক্‌পালাতে চিনুন দিয়া ।।

এ্যাক্‌পাশিয়া=[রং]—বিণ. যে পাশ কাটাইয়া যায় এমন, হিংসুক ।। তার্‌ নান্‌ এ্যাক্‌পাশিয়া আর্‌ দেখি না। [<এক+পাশ<পার্শ্ব+ইয়া প্র.]।

এ্যাক্‌পিটা=[রা]—বিণ. সমান ।। জমি তামান্‌ এ্যাক্‌পিটা। [<এক+পিঠ+আ প্র.]।

এ্যাক্‌পিরা=[সি]—বিণ. এক পীরের মুরিদ ।। তারা এ্যাক্‌পিরা বাই। [<এক+পীর پیر ফা.+আ প্র.]।

এ্যাক্‌পুরুশ্‌=[ঢা]—বিণ. মাথা সমান ।। এ বসর্‌ এ্যাক্‌পুরুশ্‌ পাট্‌ খুব্‌ কম্‌ এসে। [<এক+পুরুষ=মানুষ (সমান উচচ)]।

এ্যাক্‌প্যাট্‌খাইয়া=[ঢা]—বিণ. পেটুক ।। কার্‌যের্‌ নামে কিসুনা কেবল্‌ এ্যাক্‌প্যাট্‌খাইয়া ।। [<এক পেট+খাইয়ে<খাওইয়া]।

এ্যাক্‌পোর্‌ ওদনে=[ম]—ক্রি. বিণ. একপ্রহর বেলায় ।। আমি এ্যাক্‌পোর্‌ ওদনে পানতা খাইসি। [<এক+প্রহর+ওদন=খানা+এ (সপ্তমী)]।

এ্যাক্‌ফরু=[সি]—বিণ. একস্তর ।। এক ফরু কাপর্‌ গায়ে দিও না। [<এক+ফের=ফেরতা]।

এ্যাক্‌বাইন্‌কা=[ম]—বিণ. একশ্রেণীর ।।

এ্যাকবাইয়া=[রং]—বিণ. জেদী, একগুঁয়ে ।। তুই বড় এ্যাক্‌বাইয়া লোক্‌। [এক ভাব+ইয়া প্র.]।

এ্যাক্‌বাত্তি=[ব, রা]—ক্রি. বিণ. বারে বারে ।। এ্যাক্‌বাত্তি এক্‌কথা না কৈশ্‌। [এক+বার+তি]।

এ্যাক্‌বাপা=[খ]—বিণ. এক কথার ।। [এক+বাপ+আ প্র.]।।

এ্যাক্‌বুরি আয়েক্‌ বুরির্‌ শাশুরি=[কুম]—অক্ষম লোক অক্ষম লোকের সঙ্গী ।।

এ্যাক্‌বেরেত্তা=[চট্ট]—ক্রি. বিণ. একেবারে ।। হেই শব্‌ কথাত্‌ এ্যাক্‌বেরেত্তা

কান্‌ ন দিশ্‌। [এক+বার+তা]।

এ্যাক্‌বৈঠা=[বা]—বিণ. এক বৈঠা বিশিষ্ট॥ [<এক+বৈঠা]।

এ্যাক্‌বোলা=[সি]—বিণ. যে ব্যক্তির ধার ধারে না॥ হেয়্‌ এক বোলা মানুশ্‌।[<এক+বোল+আ প্র.]।

এ্যাক্‌মআলা=[চট্ট]—বিণ. এক-তালা॥ এ্যাক্‌মআলা বাড়ি। [<এক মহলা]।

এ্যাক্‌মাইতে=[য]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি॥ এ্যাকমাইতে যাইস্‌গা।

এ্যাক্‌মাল্‌লাই=[চা, কুম]—বিণ. একতালা॥ এ্যাক্‌মাল্‌লাই দালান্‌॥ [<এক+মহলা+ই প্র.]।

এ্যাক্‌মুইক্‌কা=[য]—বিণ. জেদী, একগুঁয়ে॥ [<এক+মুখ+ইয়া প্র.= একমুখো]।

এ্যাক্‌মুট্‌=[কু]—বিণ. একমুঠা॥ এ্যাক্‌মুট্‌ চ'ল্‌ ভিক্‌খি দেবে। [<এক+মুঠ<মুষ্টি সং]।

এ্যাক্‌মুডুম্‌=[চট্ট]—বি. মুষ্টিবদ্ধ হাতের দৈর্ঘ্য॥ [<এক + মুঠুম < মুষ্টিমেয়]।

এ্যাক্‌মুনি=[রং]—ক্রি. বিণ. এখনি, তৎক্ষণাৎ॥ [<এক্ষনি, এখনি]।

এ্যাক্‌মুহিবায়্‌=[ম]—ক্রি. বিণ. এক-দিক হইতে॥ এ্যাক্‌মুহিবায়্‌ খাইল্‌ নিয়া। [<এক+মুখি+বায়<বাগে= দিকে]।

এ্যাক্‌মোত্‌তোবা=[খু]—ক্রি. বিণ. এক কালীন॥ বকেয়া খাব্‌না এ্যাক্‌মোত্‌তোবা শোধ্‌ কর্‌লাম্‌। [<এক+মর্‌তবঃ مرتبه আং]।

এ্যাক্‌মোত্‌তোর্‌=[খু]—বি. ক্ষণিক॥ এ্যাক্‌মোত্‌তোরে কাম্‌-শারো। [<এক মুহূর্ত]।

এ্যাক্‌মোস্‌তোবা=[খু]—ক্রি. বিণ. এককালীন॥ বকেয়া খাব্‌না এ্যাক্‌-মোস্‌তবা শোধ্‌ কর্‌লাম্‌। [দেখ এ্যাক্‌মোত্‌তোবা কিংবা মোস্‌ তাবা <মুশ্‌ত مشت ফা.]।

এ্যাক্‌রা=[য]—বিণ. একমাত্র॥ এ্যাক্‌রা পোলা মৈরা গেল্‌। [এক+রা=টা]।

২=[রং]—বি. কবুল॥ খুদার্‌ কথা এ্যাক্‌রা কর। [<ইক্‌রার اقرار আং]।

৩=[রা]—বি. পায়রা॥

এ্যাক্‌রাই=[য]—ক্রি.বিণ. একমত॥ শকলে এ্যাক্‌রাই হৈয়া যাও। [<এক +রায় رای আং]।

এ্যাক্‌রান্‌শিরা=[সি]—বিণ. স্বার্থ-পর॥ মানুশ্‌টা বর এ্যাক্‌রান্‌শিরা।

এ্যাক্‌রা ব্যাক্‌রা=[কুম]—বিণ. আঁকা বাঁকা॥ এ্যাক্‌রা ব্যাক্‌রা কৈরা লেইখ না। [<আঁকা+রা+বাঁকা+রা]।

এ্যাক্‌রাম্‌=[য]—বি. যাত্রা॥ আম্‌রা বিকালে এ্যাক্‌রাম্‌ করিব। [<ইক্‌রাম اکرام আং=সম্মান করা]।

এ্যাক্‌রুখ্‌খা=[সি]—বি. রুক্ষ স্বভাবী॥ [<এক রোখা]।

এ্যাক্‌রে=[পা, সি]—ক্রি. বিণ. একে-বারে॥ তুই এ্যাক্‌রে কোনও কামের্‌ না। [<একেবারে]।

এ্যাক্‌রৈগ্যা=[পা]—বিণ. একগুঁয়ে॥ এ্যাক্‌রৈগ্যা সেলে। [<এক+রগ رگ ফা.+ইয়া প্র.]।

এ্যাক্‌রোশ্‌=[সি]—ক্রি. বিণ. অবিরাম ভাবে॥ এ্যাক্‌রোশে বারিত যাইতাম্‌গি।

এ্যাক্‌লক্‌তা=[খু]—ক্রি. বিণ. এক-সমেত॥ পাট্‌গুলি এ্যাক্‌লক্‌তা বিক্‌রি কর্‌। [<য়ক+লখত لخت ফা.=অংশ]।

এ্যাক্‌লগে=[সি]—ক্রি. বিণ. এক-সঙ্গে॥ আম্‌রা এ্যাক্‌লগে গেলে তুমার্‌ শুবিদা। [<এক+লগে= সঙ্গে; √লগ্‌ সং]।

এ্যাক্‌লা=[সি]—বিণ. একজন॥ ঐ গরে এ্যাক্‌লা লোক্‌ আসে। [<এক +লা=টা]।

২=[চা]—বিণ. একাকী॥ এ্যাক্‌লা আইসি এ্যাক্‌লা যামু। [<একেলা]।

এ্যাক্‌লাক্‌কোলা=[রং]—ক্রি. বিণ. শুধু একা॥ মুই এ্যাক্‌লাক্‌কোলা তোমার্‌ বাড়ি জাবার্‌ শময়্‌ পাইনে।

এ্যাক্‌লাচ'া=[চা]—বিণ. একপ্রস্থ॥ এ্যাক্‌লাচ'া গুন্‌ দিয়া মাস্‌ ধরার্‌ যামু॥

এ্যাক্‌লামদম্‌=[য]—বিণ. স্বাধীন॥ শে এ্যাক্‌লামদন্‌ গুইরা বেরায়্‌। [<একলা+মতন]।

এ্যাক্‌লোংগা=[চা]—বিণ. সোজা॥ গাস্‌টা বর এ্যাক্‌লোংগা।

এ্যাক্‌শা=[চা, কুম, সি]—বিণ. একা-কার, একত্র॥ দানে চ'াইলে এ্যাক্‌শা॥ [<এক্‌শা হিং]।

এ্যাক্‌শাইত্‌=[য, চা, কুম]—ক্রি. বিণ. কিছুক্ষণ॥ এ্যাক্‌শাইতের্‌ মদ্‌দে আইয়া পর্‌বা। [দেখ এ্যাক্‌সায়াত্‌]।

এ্যাক্‌শাইলা=[রং]—বিণ. যে এক-পক্ষে থাকে॥ লোক্‌টা এ্যাক্‌শাইলা ছাড়া দোশোইলা না।

এ্যাক্‌শাটা=[রং]—ক্রি. বিণ. বরা-বর॥ এ্যাক্‌কাম্‌ এ্যাক্‌শাটা না করিশ্‌ বাহে।

এ্যাক্‌শাড়ে=[য]—বিণ. যে মিশুক নয়॥ [<য়ক্‌সর্‌ یکسر ফা. + এ <ইয়া প্র.]।

এ্যাক্‌শালিয়া=[রং]—বিণ. যাহার বয়স একবৎসর॥ এ্যাক্‌শালিয়া ঘোড়া॥ [<এক+সাল+ইয়া অথবা< এক+সন+ইয়া প্র.]।

এ্যাক্‌শান্‌জ=[রং]—ক্রি. বিণ. এক-কালে॥ এ্যাক্‌শান্‌জ শৌগ্‌ মাম্‌শে ছাওয়া আছিল।

এ্যাক্‌শারা করা=[কুম]—ক্রি. চূড়ান্ত করা॥ বৈক্যা এ্যাক্‌শারা কর্‌লো বেরে। [<য়ক্‌সর یکسر ফা. + আ (স্বার্থে)]।

এ্যাক্‌শার্‌=[কুম]—ক্রি. বিণ. একে-বারে॥ এ্যাক্‌শার্‌ বারিত্‌ যাও। [দেখ এ্যাক্‌শারা করা]।

এ্যাক্‌শোইন্‌না=[পা]—বিণ. এক-গুঁয়ে॥

এ্যাক্‌সল্‌লা=[পা]—বিণ. সাধারণ

একটু ॥ আর্‌ এ্যাক্‌সল্‌সা কাপর্‌ ঐলেই ঐত]।

এ্যাক্‌সাইট্‌ট = [চট্ট]—বি., বিণ. একষট্টি, ৬১ ॥ [<একষট্টি]।

এ্যাক্‌সাইয়া= [ক]—বিণ. সমান॥ এ্যাক্‌সাইয়া বেতের্‌ আগ্‌গুলা শব্‌ কাটো। [<একসা+ইয়া প্র.]।

এ্যাক্‌সানি=[কুম]—বিণ. সমকক্ষ॥ আম্‌রা তিন্‌যনে এ্যাক্‌সানি লোক্‌। [<এক + সানি ثانی আং কিংবা একসা+নি প্র.; দেখ এ্যাক্‌সাইয়া]।

এ্যাক্‌সামা=[ম]—বিণ. একপ্রকার॥ এই মাস্‌কডা এ্যাক্‌সামা। [<এক+সমান]।

এ্যাক্‌সায়াত্‌=[চট্ট]—ক্রি. বিণ. কিছুক্ষণ॥ [এক+সা'আত ساعت আং]।

এ্যাক্‌সারে=[কুম, নো]—বিণ., ক্রি. বিণ. মোটেই॥ অয়্‌ এ্যাক্‌সারে বারি যায়্‌না।

এ্যাক্‌সার্‌=[কুম]—বিণ. একান্ত॥ তাইন্‌ এ্যাক্‌সার্‌ শোযা মানুশ্‌। [<য়ক্‌সর یکسر ফা.]।
২=[খু]—ক্রি. বিণ. সোজা॥ এ্যাক্‌সার্‌ দক্‌খিন্‌ দিকে যাও। [পূর্বে দেখ]।

এ্যাক্‌সালি=[কুম]—বি. পাঁচ মন॥ [<এক+ছালি=ছালা<স্থালী সং]।

এ্যাক্‌সেদি=[সি]—বিণ. এক কোপে যাহা কাটা যায়॥ এ্যাক্‌সেদি বাশ্‌। [<এক+ছেদি=(ছেদন)]।

এ্যাক্‌সের্‌=[বা]—বিণ. বিণ. একদম॥ এ্যাক্‌সের্‌ বাযে কথা। [দেখ এ্যাক্‌সার্‌]।

এ্যাক্‌স্যাটা=[চট্ট]—বিণ., ক্রি. বিণ. একচেটিয়া, একধার হইতে অন্যধার পর্যন্ত॥ [<একচেটিয়া]।

এ্যাক্‌স্যার্‌=[সি]—বি. রাগের মাথায় মার ধোর॥

এ্যাক্‌হরি=[সি]—বিণ. একটা॥ আমার্‌ সাগি এ্যাক্‌হরি পাটার্‌ বাচ্'চা দিলে॥

এ্যাক্‌হল্লা=[চট্ট] — ক্রি. বিণ. একধার॥

এ্যাক্‌হাইক্‌= [ক]—বিণ. একমুখওয়ালা॥ [<এক + হা = (মুখ) + ইকা]।

এ্যাক্‌হারা=[ঢা]— ক্রি. বিণ. একভাঁজ॥ হুতাডা এ্যাক্‌হারা কৈরা বান্‌দ। [<একহারা]।

এ্যাক্‌হালি = [সি] — বি. গণনা বিশেষ, পাঁচটা বা ছয়টা॥ এ্যাক্‌হালি আম্‌দ্যাও। [<এক হালি]।

এ্যাখানিকে=[দি]—ক্রি. বিণ. এখনই॥ ওই এ্যাখানিকে আশ্‌ছি। [<এই+ক্ষণিকে]।

এ্যাখান্‌দে=[রা]—ক্রি. বিণ. এই পথদিয়া॥ এ্যাখান্‌দে ঐখান্‌দে দুই খান্‌দে জাইতে পারে। [<এই খান দিয়া]।

এ্যাখুন্‌ = [রা] — অব্য. এখন॥ [<এখন]।

এ্যাখুন্‌কির্‌=[পা, কু]—ক্রি. বিণ. এখনকার॥ এ্যাখুন্‌কির্‌ মতুন্‌ নাই গো॥ [এখন কার]।

এ্যাখেরা=[ঢা]—ক্রি. বিণ. একভাঁজ॥ হুতাডা এ্যাখেরা কৈরা বান্‌দ। [দেখ এ্যাক্‌হারা]।

এ্যাখেলে=[দি]—ক্রি. বিণ. একেবারে এ্যাখেলে চলি জা।

এ্যাখোন্‌ ত্যাখোন্‌=[ব, রা]—বি. মমূর্ষু অবস্থা॥ 'রোগির্‌ এ্যাখোন্‌ ত্যাখোন্‌ ডাক্‌তারের্‌ ছয়্‌মাশ্‌' (রা)। [<এখন তখন]।

এ্যাখ্‌খাইয়ি = [ম] — ক্রি. বিণ. বারবার॥ এ্যাক্‌খাইয়ি সেলেটা কান্‌দে ক্যা ?

এ্যাখ্‌তা=[সি]—বি. কোন লোভনীয় জিনিস॥ গান্‌ কওরে, এ্যাখ্‌তা খাওয়াইমুনে॥ [<এক+তা=টা]।

এ্যাখ্‌নো=[সি]—ক্রি. বিণ. একান্নবর্তী॥ আম্‌রা এ্যাখ্‌নো আসি। [<একান্ন]।

এ্যাখ্‌মত্‌=[য]—বি. ক্ষমতা, হিকমত॥ তর্‌ এ্যাখ্‌মত্‌ দেইখা থুইসি। [<হিক্‌মত্‌ حکمت আং]।

এ্যাখ্‌লা=[কুম]—ক্রি. বিণ. একাকী॥ এ্যাখ্‌লা গরে থাইকো না। [দেখ এ্যাক্‌লা₂]।

এ্যাগর্‌ ত্যাগর্‌=[ম]—বি. খেলার দম বিশেষ॥ 'এ্যাগর্‌ ত্যাগর্‌ কুন্‌বিযালা, দশ্‌ বারডা মাইরা ফাল্লা' (ছড়া)। '[অনু]।

এ্যাগা=[দি]—অব্য. সম্বোধন সূচক॥ [<হঁ্যাগা]।

এ্যাগাযোগা =[খু] — বিণ. বিশ্রী॥ হাতের্‌ লেখা এ্যাগাযোগা। [<আঁকাজোকা]।

এ্যাগাত্‌ এ্যাগ্‌গলি=[চট্ট]—বি. খুব ভাব॥ ইতাবার্‌ মদ্‌দে এ্যাগাত্‌ এ্যাগ্‌গলি। [এক গাত<গাত্র+এক গলা +ই]।

এ্যাগানা=[সি]—বিণ. আত্মীয়, যাহার সঙ্গে বিবাহ নিষিদ্ধ॥ [<য়গানহ্‌ یگانه ফা.]।

এ্যাগানো=[দি]—ক্রি. রক্ষা করা, বিপদ হইতে বাঁচানো॥

এ্যাগালা=[কুম] — ক্রি. বিণ. এই পার্শ্বে॥ রাস্‌তার্‌ এ্যাগালা করিম্‌রার্‌ বারি।

এ্যাগ্‌কা = [কুম] — বিণ. এক॥ এ্যাগ্‌কা ট্যাহা দেও। [<এক + গা =টা]।

এ্যাগ্‌গেনা = [য] — বি. গিরগিটি জাতীয় জীব॥ এ্যাগ্‌গেনাডা সাইরা যাবুকি ?

এ্যাগ্‌শা=[ঢা]—বি., বিণ. একত্রিশ, ৩১॥ [দেখ এ্যাক্‌দিশা, এ্যাক্‌দিশ্‌]।

এ্যাগ্‌না = [ঢা, সি] — বিণ. আপন, আত্মীয়॥ [দেখ এ্যাগানা]।
২=[রা]—বি. উঠান, চত্বর॥ এ্যাগ্‌নাত্‌ ঝাড়্‌ দ্যাও। [<আঙ্গিনা<অঙ্গন সং]।

এ্যাগ্‌না কুটুম্‌=[চট্ট]—বিণ. নিকট আত্মীয়॥ [দেখ এ্যাগ্‌না + কুটুম = কুটুম্ব]।

এ্যাগ্‌না বেগ্‌না=[য]—বি. আপনপর॥ তার্‌ এ্যাগ্‌না বেগ্‌না ক্যাও

নেই ।। [দেখ এ্যাগ্না + বেগানহ্ بیگانه ফা.]।

এ্যাগ্ বাব্=[ঢা]—বিণ. একরকম, পূর্বের অবস্থামত।। রোগির্ অবস্তা এ্যাগ্বাব্ ।। [<এক ভাব]।

এ্যাগ্ রা=[বা]—বিণ. একটি।। এ্যাগ্রা ট্যাহা দি যা। [<এক+রা=ড়া<ডা<টা]।

এ্যাগ্ রানো=[ম]—ক্রি. অতিবিক্ত পাকা ।। কাডল্ডা পাহ্যা এ্যাগ্রাইয়া গেসে।

এ্যাগ্রে রাখা=[ফ]—ক্রি. পাহারা দেওয়া, ঘেরাও করিয়া রাখা ।।

এ্যাঘ্ড়ু=[রা] — ক্রি. বিণ. এখন।। এ্যাঘ্ড়ু জেতে পার্বো না।। [<এই ঘড়ি]।

এ্যাচ'র্=[য]—বি. আঁচড়্, দাগ।। বিড়ালে নখ্ দি এ্যাচ'র্ দিল্। [<আঁচড়]।

এ্যাচ'া=[বা]—অব্য. এদিকে।। এ্যাচ'া বাই এক্টা কথা হোনো। [<এই+চাও=এদিকে চাও]।

২=[বা]—ক্রি. সেঁচা, অন্য স্থানে ফেলানো।। আপিহান্ লৈয়া পানি এ্যাচে'া।। [<সেঁচা=সেঁচন<সিঞ্চন]।

এ্যাচ'াবেযা=[য]—বিণ. এলোমেলো।। মাথার্ চু'ল্গুলা এ্যাচ'াবেযা ক্যা।।

এ্যাচ্'কা=[বা, খু]—বিণ. আন্দাজের।। এ্যাচ্কা হিশাব্ ঠিক্অয্ নাই। [<আচ্কা]।

২=[সি]—বি. দাপট।। যরের্ (ঝড়ের) এ্যাচ্'কাত্ কি যোর্। [<হেঁচকা]।

৩=[রা]—ক্রি. বিণ. চমকিয়া।। এ্যাচ্কা উঠ্লেজে। [আচম্কা]।

৪=[কুম]—বি.—বি. পতনোন্মুখ গৃহ রক্ষার্থে বাঁকা ভাবে লাগানো খুঁটি।। গর্ডাত্ এ্যাচ্'কা লাগাও।

এ্যাচ্ চ'ানো=[বা]—ক্রি. এইদিকে চাওয়া।। এ্যাচ্'চ'ান্ আপ্নি কি খানেন্? [<এই+চা+আনো প্র.]।

এ্যাচ্ না=[সি]—বি. চালু জায়গা।। যে এ্যাচ্নাতে আসায্ খাইনে।

এ্যাচ্'পার্=[ঢা]—বি. খতম।। তোর্ যান্ এ্যাচ্'পার্ কৈরা হালামু। [<ইস্পার হিং; অর্ধ বিকৃতি]।

এ্যাচ'প্যাচ'=[সি]—বি. খুঁটিনাটি।। আমি ইতার্ এ্যাচ্'প্যাচ্' অত বুঝি না। [<এ্যাচ্ (অনু:)+পঁ্যাচ]।

এ্যাচ্'রা=[চা]—বি. দুধ প্রভৃতির পোড়া অংশ।। দুদের্ এ্যাচ্'রা খাইতে বালা।

এ্যাচ্'রা এ্যাচ্'রি=[পা]—বি. হুড়াহুড়ি।। [অনু.; হেঁচড়া হেঁচড়ি]।

এ্যাচ্'লা=[পা, য]—বি. ঘরের চাল বাঁধার দড়ি ।।

২=[ফ]—বি. ঝাপটা।। বিশুটির্ এ্যাচ্'লায্ গুড়াগুলো শব্ খৈয়া পড়্সে। [<সেঁচা+লা স্বার্থে]।

এ্যাচ্'লানো=[ঢা]—ক্রি. ছিটানো।। এ্যাচ্'লাইয়া ড্যাংগা খ্যাতে পানি দ্যাও। [দেখ এ্যাচ্'লা+আনো প্র.]।

এ্যাজাই=[রং]—বি. লেপ।। [<রযাঈ হিং]।

এ্যাযা=[সি]—অস. ক্রি. ভিজিয়া।। শব্ এ্যাযা গেসে।

২=[সি]—বি. ভেজা, ঠিকা।। বেরাটায্ এ্যাযা দ্যাও।

এ্যায়াহার্=[সি]—বি. এজাহার।। [ইয্হার اظهار আং]।

এ্যাযাপ্=[চট্ট]—বি. বিয়ের প্রস্তাব।।

এ্যাযার্ ব্যাযার্=[ব]—বিণ. অসন্তুষ্ট।। অতো এ্যাযার্ ব্যাযার্ ক্যান্। [<এ্যাজার অনু:+বেজার بیزار ফা.]।

এ্যাযালা=[ম]—বিণ. একটু, অল্প।। এ্যাযালা যমি। [<এক+যরা<যর্রঃ ذره আং]।

এ্যাযাল্ ব্যাযাল্=[চা]—বি. অসুবিধা।। তোমার্ কোনু এ্যাযাল্ ব্যাযাল্ নাই, যেখান খুশি যাও।

এ্যাযাল্লাহানি=[পা]—বিণ. একটুখানি।। দুদ্ এ্যাযাল্লাহানি নাযাই পৈড়্চে'। [এক জাররা বা জর্রা+খানি; দেখ এ্যাযালা]।

এ্যাযে=[ক]—বি. যাদান।। এ্যাযে কর্তে না পার্লি পড়া পার্বি কেম্নে। [<হিজা' هجاء আং]।

এ্যাযে করা=[পা]—ক্রি. বুঝিবার জন্য বার বার জিজ্ঞাসা করা।। [দেখ এ্যাযে+করা]।

এ্যাযেদা=[পা]—অব্য. ওগো, এইযে।। [<এই যে দেখ]।

এ্যাযোদো=[পা]—অব্য. এইতো, ঐই দেখ।। [দেখ এ্যাযেদা]।

এ্যায্=[ম]—বিণ. একটা।। এ্যায্ কথা হুনেন্। [<এই যে কিংবা<এক যে]।।

এ্যায্যোত্=[নো]—বি. সম্মান।। এ্যায্যোত্ হুর্মত্ আল্লার্ আত্। ['ইয্যত عزت আং]।

এ্যায্মত্ খাওয়া=[সি]—ক্রি. দুর্বল হওয়া।। লাঠির্ বারি খাই পাগ্লা কুত্তা এ্যায্মত্ খাই নৈল্। [হযীমত هزیمت আং]।

এ্যায্মালিক্=[নো]—ক্রি. বিণ. একত্রে, একসাথে।। এ্যায্মালিকে দোকান্ অত যগ্ড়া অয্ এ্যাল্লাই। [<ইজ্মালী اجمالی আং]।

এ্যায্রা কাঁটা=[চট্ট]—বি. জলজ উদ্ভিদ বিশেষ।।

এ্যায্রা বেয্রা=[চ]—বি. অসুবিধা, জঞ্জাল।। তোমার্ কোনু এ্যায্রা বেয্রা নাই।

এ্যায্রাল্ ব্যায্রাল্=[ঢা]—বি. কাজের অসুবিধা।। কোনু এ্যায্রাল্ ব্যায্রাল্ না থাক্লে বিয়া ঐতে পারে।

এ্যায্লা=[চট্ট]—বি. জলজ উদ্ভিদ্ বিশেষ।। দিঘিডা এ্যায্লায্ ভরা।

২=[ম, ব]—বিণ. অল্প, সামান্য।। আমারে এ্যায্লা পানি দ্যাও। [দেখ এ্যাযালা]।

এ্যাটা উচ'ান্=[পা]—বিণ. উঁচুনীচু।। এ্যাটা উচ'ান্ পথ্।। [হেট+আ প্র.; উঁচা+ন প্র.]।

এ্যাটাটেংরা=[সি]—বিণ. ছোটবড়।। যাশ্গুলান্ এ্যাটাটেংরা বৈলা কম্ দামে দিল্সে। [হেটা+টেং<তুঙ্গ

সং+রা প্র.]।

এ্যাটাটেম্‌রা=[য]—বিণ. উঁচুনীচু॥ এ্যাটাটেম্‌রা পত্ দিয়া চ'লন্ মুশ্‌কিল্। [দেখ এ্যাটাটেংরা]।

এ্যাটানে ওটানে=[চট্ট]—ক্রি. বিণ. এদিকে ওদিকে॥ এ্যাটানে ওটানে যাইস্ না॥ [<এ ঠানে+ও ঠানে <এস্থানে+ও স্থানে]।

এ্যাটে=[রা, রং]—ক্রি. বিণ. এখানে, ওখানে॥ এ্যাটে আইলাম্। [<এই+ঠাঁই]।

এ্যাটেই=[রং]—ক্রি. বিণ. এইখানে॥ মুই এ্যাটেই থুনু॥ [<এ ঠাঁই<এই ঠাই]।

এ্যাট্ উপ্‌রি=[পা]—ক্রি. বিণ. উপর্যুপরি। এ্যাট্‌উপরি বিপদে কেউ শাহায্য করে না। [এ্যাট<হেট+উপরি]।

এ্যাট্‌কি=[চা, য]—বি. হিক্কা॥ এ্যাট্‌কি শুরু ঐসে রুগিডা আর্ বাচ্'তো না। [দেখ ওট্‌কি]।

এ্যাট্‌কিনি=[চট্ট]—বিণ. বদলি॥ [<একটিং acting ইং]।

এ্যাট্‌কিন্=[কুম]—বি. বদল॥ এ্যাট্‌কিন দিয়া কি শব্ কাম্ অয়্? [দেখ এ্যাট্‌কিনি]।

এ্যাট্‌টা=[খু]—বিণ. একটা॥ এ্যাট্‌টা ট্যাকা দ্যাও॥ [<এক+টা]।

এ্যাট্‌টানো=[কুম]—ক্রি. রাখা॥ ঠিক্‌মত যিনিশ্‌টা এ্যাট্‌টো।

এ্যাঠায়্=[ম]—ক্রি. বিণ. এখানে॥ এ্যাঠায়্ আয়্॥ [দেখ এ্যাটে]।

এ্যাঠেন্‌টা=[রা]—ক্রি. বিণ. এখানে, এই জায়গায়॥ এ্যাঠেন্‌টা বশ্॥ [<এঠাঁই+টা]।

এ্যাডাই=[য]—ক্রি. বিণ. এখানে॥ এ্যাডাই আছন্। [দেখ এ্যাঠায়্]।

এ্যাডা ডাইর্=[কুম]—বিণ. এবড়ো খেবড়ো॥ নৌকার্ পাটাতন্‌ডা এ্যাডা-ডাইর্।

এ্যাডা বুড়ি=[বা]—ক্রি. বিণ. পর পর, পিঠাপিঠি॥ হেয়্ এডাবুড়ি বাচ্'চ' পোয়া হৈসে॥

এ্যাড্ডে=[চট্ট]—ক্রি. বিণ. এইস্থানে॥ [দেখ এ্যাটে]।

এ্যাড্‌টে=[ম]—ক্রি. বিণ. এইস্থানে॥ এ্যাড্‌টে রাখ্॥ [দেখ এ্যাডে]।

এ্যাড্‌রে=[ম]—ক্রি. বিণ. এখানে॥ এ্যাড্‌রে বৈয়া রৈস ক্যা॥ [<এ+ধারে=এই ধারে]।

এ্যাড়া=[বা]—বিণ. খালি॥ ছাওবাডা এ্যাড়া হাতে দাঁড়াতে পাবে। [√এড়্]।

২=[রা]—বি. খাবার জিনিস, (বিশেষ অর্থে) ভাত॥ ফকির্‌ডারে কিছু এ্যাড়া দ্যাও।

৩=[রা]—বি. ঢিলা, শৈথিল্য॥ আমি খেলায় এ্যাড়া দিলাম্। [√এড়্]।

৪=[খু, য]—বি. অণ্ডকোষ॥ [<এঁড়্ <অণ্ড সং]।

৫=[খু]—বিণ. বন্য, পরিত্যক্ত॥ এ্যাড়া বিশ্ লাগে ঘা হোলো। [√এড়্]।

এ্যাড়াটে=[খু]—বিণ. নোংরা॥ তুই এ্যাক্‌টা এ্যাড়াটে নাকি? [<এড়াটে, এড়াটিয়া]।

এ্যাড়া থাকা=[খু]—ক্রি. স্বাভাবিক ভাবে বাদ পড়া॥ খ্যাত্ নিড়াইতে গেলে অনেক্ ঘাশ্ এ্যাড়া থাকে। [√এড়্]।

এ্যাড়ানো=[খু]—ক্রি. বাদ দেওয়া॥ [<এড়ানো√এড়্]।

এ্যাড়েং তেড়েং=[রং]—বিণ. এলোমেলো॥ জিনিশ্‌টা এ্যাড়েং তেড়েং করে ফেল্‌লি ক্যান্?

এ্যাড়েং বেড়েং=[রং]—বিণ. এলো মেলো॥ জিনিশ্‌টা এ্যাড়েং বেড়েং করে ফেলাইশ্ ক্যান্? [দেখ এ্যাড়েং তেড়েং]।

এ্যাড়েদিন্=[খু]—ক্রি. বিণ. কিছুদিন আগে॥ এ্যাড়ে দিন্ আইলাম্। [√এড়্]।

এ্যাড়ো=[খু]—বি. ত্রিফলাযুক্ত অস্ত্রবিশেষ॥ এ্যাড়ো দিয়ে এক্‌টা কুকুর কুপায়ে মার্‌চে'।

২=[কু]—বি. ছোট খাট দণ্ড॥

এ্যাড়ৈ=[কু]—অব্য. ওহে, ওগো॥ এ্যাড়ৈ এ্যাকেলা কুথি যান্?

এ্যাড়োট্=[খু]—বিণ. ঢিলা॥ ইডা এ্যাড়োট্ করে যুড়্‌লি ক্যান্।

এ্যাড়্=[য]—বি. অণ্ডকোষ, হোলা॥ তোর্ এ্যাড়্ যে দেহি বড় মোটা হোলো। [দেখ এ্যাড়া]।

এ্যাতক্=[কুম]—ক্রি. বিণ. এই পর্যন্ত॥ এ্যাতক্ লেইখাই শ্যাশ্ কর্‌লাম্। [<এই+তক হিং]।

এ্যাতকট=[চট্ট]—বিণ. এতগুলি॥ [দেখ এ্যাতক্‌টিন্]।

এ্যাতক্‌টিন্=[কুম]—বিণ. এতগুলি॥ এ্যাতক্‌টিন্ বাত্ হালাইলা কেরে? [<এত+কটি=কয়টি+ন স্বার্থে প্র.]।

এ্যাতগ্‌গুন্=[চট্ট]—বিণ. এতবেশী॥ এ্যাতগ্‌গুন্ মাস্‌নিয়া কি কর্‌বো। [<এত গুলিন, এত গুলোন]।

এ্যাতন্=[কুম]—সর্ব. তিনি॥ এ্যাতন্ আমার্ বন্দু।

এ্যাতবানা=[পা]—বিণ. এতবড়॥ নদির্ কোলে এই এ্যাতবানা মাস্ দেখ্‌লাম্।

এ্যাত্তর্=[বা]—ক্রি. বিণ. এখানে, এদিকে॥ হামি এত্তর্ আছি॥

এ্যাতাই=[কুম]—সর্ব. সে (স্ত্রী)॥ এ্যাতাই আস্‌তা চো'গল্‌খোর্। [সে+তাই]।

এ্যাতাইন্=[চট্ট]—বিণ. এতগুলি॥ এ্যাতাইন্ দোশ্ ন দিয়্যু। [<এত-গুলি=গুলি]।

এ্যাতাইল্=[কুম]—বি. মাটিতে গর্ত করার কাঠের তৈরী লাঠি বিশেষ॥ এ্যাতাইল্ দিয়া গাতা কর্।

এ্যাতাকদ্=[চট্ট]—বি. বিশ্বাস॥ হিতানরে আঁর্ এ্যাতাকদ্ নাই। [<ই'তিকাদ اعتقاد আং]।

এ্যাতাক্‌কিন্=[চট্ট]—বিণ. এতগুলি॥ এ্যাতাক্‌কিন্ ভাত্ দিয় ন

পাড়িম্। [দেখ এ্যাতগুগুন্]।

এ্যাতাগাইন্ = [নো] — বিণ. এতগুলা ॥ এ্যাতাগাইন্ বাত্ ফেলাইয়া দিলি। [দেখ এ্যাতগুগুন্]।

এ্যাতাগেতা=[ম]—বিণ. অনেকগুলি॥ তার্ এ্যাতাগেতা পোলাপান্।

এ্যাতাত্=[ব]—ক্রি. বিণ. এ পর্যন্ত॥ [<এই+তক ; দেখ এ্যাতক্]।

এ্যাতানো=[কুম]—ক্রি. হাড় ভাঙ্গা পরিশ্রম করিয়া জোরে জোরে শ্বাস নেওয়া॥

এ্যাতায়াত্ = [কুম] — বি. আদেশ পালন॥ আল্লার্ এ্যাতায়াত্ কর। [<ইতা'আত اطاعت আং]।

এ্যাতায়্=[বা]— ক্রি. বিণ. এখানে॥ এ্যাতায়্ কেউ নাই॥ [<এথায়<হেথায় =হেথা]।

এ্যাতারা = [চট্ট] — সর্ব. তাহারা॥ এ্যাতারা আঁর্ কথা হুনে না।

এ্যাতালা বেতালা =[ম] — বিণ. এলোমেলো, গোলমেলে॥ এ্যাতালা বেতালা কথা কৈয়্যো না। [বেতালা+ এ্যাতালা অনু:]।

এ্যাতাহানে=[ঢা]—ক্রি. বিণ. এতক্ষণে॥ পোলাডা এ্যাতাহানে কান্-তাসে। [<এতক্ষনে]।

এ্যাতুগুইলি = [কু, পা] — বিণ. এই পরিমাণ॥ [<এত+গুলি বা গুলিন]।

এ্যাতেল্লাই=[চট্ট]—অব্য. এইজন্য॥ [<এতের লাগি=ইহার লাগিয়া]।

এ্যাত্যাল্=[ব]—বি. রৌদ্রে ধান্যাদি শুকাইবাব জন্য ব্যবহৃত চাটাই বা মাদুর। [দেখ আতাইল্]।

এ্যাতো আনি= [কুম]—বিণ. এতখানি, এতগুলা ॥ এ্যাতোআনি দুদ্ নশ্‌ট ঐসে। [<এত+খানি]।

এ্যাতোক্‌টিন্=[কুম]—বিণ. এতগুলা ॥ এ্যাতোক্‌টিন্ আম্ কে খাইল্। [<এত+কাট+ন অতিরিক্ত প্র.; দেখ এ্যাতক্‌টিন্]।

এ্যাতো গুলাইচ্=[কুম]—বিণ. এতগুলা॥ [<এতগুলি+চ (স্বার্থে)]।

ওমা ওমা যর্=[ম, পা]—বি. সামান্য জ্বর, কিঞ্চিৎ পরিমানে তাপ সঞ্চার॥ [<উম<উম্হ প্রাং <উষ্মন্ সং+আ+জ্বর (মৃদু জ্বর অর্থে)]।

ওমাক্=[দি]—সর্ব. ওদেরকে॥ ওমাক্ চিনিশ্ তুই? [ওমা+ক (বিভক্তি)]।

ওমাড়্=[রা]—বিণ. ফাঁকা॥ কল্শের্ মুখটা অনেক্ ওমাড়্।

ওমার্=[দি, রং]—সর্ব. উহার, ওদের॥ ওমার্ বাড়িতু জা। [<উঁয়া<উহা+র (সম্বন্ধে)]।

ওমাশ্=[ঢা]—বি. নিঃশ্বাস॥ এ্যাক্-কেরে ওমাশ্ ফালাইবার্ শময়্ পাই না॥ [উশমা<উষ্ম সং=নিঃশ্বাস]।

ওমিন্দ্যা=[পা]—ক্রি. বিণ. ঐদিক্ দিয়া॥ চো'র্ডা ওমিন্দ্যা পালায়া-গ্যাল্। [<অমন দিক দিয়া]।

ওমুরা=[ঢা, ম]—ক্রি. বিণ. ঐদিকে॥ ওমুরা যাইস্ না। [<ও+মুড়া=প্রান্ত]।

ওমুহি=[বা]—ক্রি. বিণ. ঐদিক্॥ ওমুহি যাইও না। [<ও+মুখি=মুখে (দিকে)]।

ওমোন্=[বা]—ক্রি. ফসল বপন করা॥

ওমোন্ পাওয়া=[খু]—ক্রি. অনুমান করা॥ [<অনুমান পাওয়া]।

ওম্=[রং]—বি. পশম॥ ওমের্ কাপড়ের্ খুব্ উশুম্। [<রোম]।

ওম্কা=ক্রি. বিণ. ঐ প্রকার, ঐরকম॥ ওম্কা করিশ্ ক্যান্? [<অমন+কা]।

ওম্তা=[কুম]—বি. গরম॥ ওম্তা-লাগ্তাসে। [ওম<উম্হ প্রাং <উষ্ম সং+তা প্র.]।

ওম্দে=[চট্ট]—ক্রি. বিণ. ঐদিক্ দিয়া॥ ওম্দে ন যাইও বা, বাঘর্ ডর্। [<ওমন+দি=দিয়া]।

ওম্না=[চট্ট]—বি. স্ত্রী জননেন্দ্রিয়॥

ওম্নে=[ব, রা]—ক্রি. বিণ. ওদিকে॥ ওম্নে জা (রা)। [<অমন+এ]।

ওম্মা=[ঢা]—অব্য. আশ্চর্যবোধক॥ ওম্মা এত্ দুগ্গ্যা বাত্ আন্লি কাম্নে? [<ওমা]।

ওম্মার্=[রং]— সর্ব. তাহাদের॥ [দেখ ওমার্]।

ওম্মারেমা=[চট্ট]—অব্য. ও মাগো মা॥ ওম্মারেমা, কত্তারা হাপ্। [<ও মারে মা]।

ওম্মুর্=[কুম]-বি. বয়স॥ এ্যাত ওম্মুর্ ঐসে, ত গিয়ান্ (জ্ঞান) ঐল্না। [<'উমর্ عمر আং]।

ওম্মে=[বা]—ক্রি. বিণ. ওদিকে॥ ওম্মে যাও কৈ? [দেখ ওম্নে]।

ওম্মোরা = [পা]—ক্রি. বিণ. ঐ দিকে॥ ওম্মোরা যা। [<ঐ+মুড়া=প্রান্ত]।

ওম্রা=[রং, ম]—সর্ব. উহারা, তাহারা॥ ওম্রা ব্যাবাক্ কবিয়া ফ্যালালে।

ওম্রায়্=[রং]—সর্ব. ওরাই॥ ওম্রায় তো কোদাল্ খান্ দিয়া গেইচে। [দেখ ওম্রা+য়]।

ওম্লা খান্=[সি]—ক্রি. বিণ. এই-রূপ॥ ওম্লাখান্ আর্ কৈর না বা।

ওম্শানো=[রং]—ক্রি. খোঁজ করা॥

ওয়া=[ম, ফ]—সর্ব. উহা॥ ওয়া কি [<উহা]।

২=[রং]—বি. রোয়া, যে ধান্য রোপন করা হয়॥ [<রোয়া]।

৩=[পা]—বি. কাঁঠালের কোষ॥ [রোয়া=কোয়া (=কোষ)]।

৪=[চট্ট]—অব্য. ওহে, ও সাহেব॥ ওয়া চৌ'দ্রি শাব্ আইয়্যেন্। [<ওহে]।

৫=[কুম]—বি. মাটি উঠাইবার পাত্র॥ মাডি কাইট্তে ওয়া লাগে।

৬=[রং]—বি. লোম, পশম॥

[<রোঁয়া]।

ওয়াইক্যা = [ম, কুম]—বিণ. লম্বা, ওয়াক পাখীর মত লম্বা যে ॥ [<ওয়াক (=পাখী বিশেষ)+ইয়া প্র.]।

ওয়াইন্‌না=[চট্ট]—বিণ. সমান, এক রকম, অনুরূপ ॥ ই পাঁওত্ চৌদ্দরির্ ওয়াইন্‌না কয়্ যন্ আসে ? [<সমান +ইয়া প্র.]।

ওয়াইলা=[চট্ট]—বি. গবাদি পশুর ভুক্তাবশিষ্ট খড় খৈল ইত্যাদি ॥

ওয়াইল্=[ম]—বি. নরকবিশেষ ॥ তুই ওয়াইল্ দুযকে যাইবি। [রয়ল ويل আং]।

ওয়াক্=[কুম]—ক্রি. বিণ. অবাক, আশ্চর্য ॥ দ্যার্‌বুরি পোলার্ কতা হুন্‌লে ওয়াক্ লাগে। [<অবাক]।

ওয়া চোয়া=[রং]—বি. শিশুর ক্রন্দন ॥ ছাওয়াটা ওয়াচোয়া করে ক্যা। [ধ্বন্যা.]।

ওয়াযি=[চট্ট]—বিণ. সামাজিক ॥ ওয়াযি মানুশ্। [<সমাজী কিংবা রজীহ وجيه আং=সৌভাগ্যবান, সুন্দর]।

ওয়ায্‌যান্=[সো]—বিণ. নছিহত কারী, যে ওয়াজ করে ॥ তাইন্ এ্যাক্‌যন্ বালা ওয়ায্‌যান্। [<র'য وعظ আং+জানা]।

ওয়াডলপ্=[রং]—বি. খোঁজ খবর ॥

ওয়াদানি=[রং]—বি. হাতের অলঙ্কার ॥ বুড়ি ওয়াদানি দুড়া চুরি করিছে।

ওয়ান্‌মা=[পা]—বি. গৃহপালিত পশুর সঙ্গমেচ্ছা ॥

ওয়াপ্=[ম]—বি. বন বিড়াল ॥ ওয়াপে মুরগি দৈরা নিসে।

ওয়া বাড়ি=[রং]—বি. রোয়া ক্ষেত ॥ [<রোয়া বাড়ী]।

ওয়া ভোয়া=[রং]—বি. সীমা, সংখ্যা ॥

ওয়ায়্ = [কুম]—সর্ব. তিনি, সে ॥ আইয্ কয়্‌দিন্ দৈরা ওয়ায়্ আইয়ে না। [<উহায়]।

ওয়ারা=[চট্ট]—বিণ. হিসাবের বহির্ভূত, অতিরিক্ত ॥ বিশ্ আরি দান্ মাপি তিন্ শ্যার্ ওয়ারা পাইয়ে।

[<বারা হিং]।

ওয়ারা দ্যাখানো=[চট্ট]—ক্রি. আকারে ইঙ্গিতে কথা বলা বা সতর্ক করা ॥

ওয়ারি = [কুম] — বি. বদনজর ॥ ফহির্‌ডায়্ ওয়ারি দিসে।

২ = [ঢা] — বি. তাঁতের কাপড়ের পানা ঠিক রাখার জন্য চিকন সুঁইযুক্ত লাঠি ॥

ওয়ার্=[চট্ট]—বি. বেত্র ॥ ওয়ার্ মারি ফারি ফ্যালাইয়ম্।

২=[ঢা, কুম]—বি. ঝুল, প্রস্থ ॥ লুং গিডার্ ওয়ার্ কত ? [<ওয়ার <অবসর]।

৩=[রা]—বি. সেলাই ॥ জালে ওয়ার্ দ্যাও।

৪=[ম]—বি. বালিশের আচ্ছাদন ॥ আমার্ বাইল্‌শের্ ওয়ার্ কালা ঐয়া গ্যাসে, দওন্ লাগ্‌ব। [<ওয়াড়]।

ওয়ার্ করা=[ঢা]—ক্রি. কাটিয়া খণ্ড খণ্ড করা ॥ ডাহাইতে তারে ওয়ার্ কৈর‍্যা হালাইসে। [<বার হিং+করা]।

ওয়ার্ দ্যাহানো=[চট্ট]—ক্রি. তুলনা দেওয়া ॥ হিতার্ লাগে আঁর্ ওয়ার্ দ্যাহাও ক্যা ?

ওয়ার্ লাগা=[খু]—ক্রি. ছোট শিশুর বাতাস লাগা ॥

ওয়ার্ হওয়া=[খু]—ক্রি. ধারালো অস্ত্রের আঘাতের মত কাটিয়া যাওয়া, অধিক কাটিয়া যাওয়া ॥ [<বার হিং+হওয়া]।

ওয়ালা=[ম, কুম]—বিণ. যাহার বাড়ী ঘর নাই, অন্যের বাড়ীতে থাকে এমন ॥ [<আবারাহ آوارہ ফা.]।

ওয়ালি = [ঢা] — বি. ওকালতী ॥ [<ওকালী=ওকালতী]।

২=[রা]—বি. শীত কালে গরুর ঘরে বিছানো খড় ॥

৩=[ম]—বি. বড়শীর সূতার যে অংশ জলের নীচে থাকে ॥

ওয়ালো করা=[পা]—ক্রি. খাইতে না পারা, উচ্ছিষ্ট করা (গরুর বেলায় প্রযোজ্য) ॥ গরু অনেক্ ঘাশ্ ওয়ালো করস্ে।

ওয়াল্যা=[পা]—বিণ. গৃহপালিত জন্তুর এঁটো ॥ ওয়াল্যা খ্যাড়্‌গুলো রৈদে দ্যাও।

ওয়াল্ চুয়াল্ = [রা] — বি. সাড়া শব্দ ॥ রোগির্ কোন ওয়াল্‌চুয়াল্ নাই ক্যান্ ? [অনু.]।

ওয়াশে=[পা]—বি. আবর্জনা ॥ এত ওয়াশে ক্যান্ ?

ওয়াশেতা=[কুম, নো]—বি. মধ্যস্থতা ॥ [<বাসিতঃ واسطہ আং]।

ওয়াশ্=[ম]—বি. খাবি ॥ মাসে ওয়াশ্ করে। [<উয়াস<উচ্ছাস<উৎশ্বাস সং]।

ওয়াহশি=[কুম] — বিণ. অসভ্য ॥ [বহ্‌শী وحشی আং]।

ওয়্যাক্‌কা=[চট্ট]—ক্রি. বিণ. ঐদিকে ॥ ওয়াক্‌কা যাও ক্যান্ ? [<এদিকে]।

ওয়্‌ওয়্ = [সি] — অব্য. হাঁ হাঁ ॥ ওয়্‌ওয়্ টিগ্ কৈস্‌ইন্। [=হয় হয়=হাঁ হাঁ]।

ওর=[কুম] — ক্রি. বিণ. সন্নিকটে ॥ ওর থাক্‌লেও মন্ পুরে। [ওর হিং= কিনারা, ধার]।

ওরং=[পা, ফ, খু]—বি. খেজুরের গুড় বানাইবার জন্য ব্যবহৃত নারিকেলের মালার হাতা বা চামচ বিশেষ ॥

ওরক্=[চট্ট]—বি. পুস্তকের পৃষ্ঠা ॥ তিন ওরক্ উল্‌টাইয়া পড়্। [<বরক ورق আং]।

ওরন্=[ঢা, চট্ট, ব, রা]—বি. নারিকেল মালার তৈরী হাতা বা চামচ ॥ ওরন্ দিয়া ডাইল্ নার (ঢা)। [<ওড়ন]।

ওরপ্ = [ম]—বি. পারিবারিক বা ব্যক্তিগত গোপনীয়তা, গুপ্তস্থান, লজ্জা ॥ ওরপ্ হগল্ বেলা ঢাইক্যা রাহন্ লাগে। [<ওরৎ <আওরত عورت আং]।

ওরম্=[কুম, কু]—বি. মুড়ি ॥ ওরমের্ মোয়া বর মযা (কুম)। [<হুড়ুম]।

ওরম্‌বাই=[চট্ট]—বি. বতিজন ॥ ছিতার্ ওরম্‌বাই ঐয়ে। [ওড়্যা+ই ভাষার্থে]।

ওরল্=[ফ]— বি. নারিকেলের মালার তৈরী হাতা বা চামচ।।
২=[চট্ট]—বি. গাছের কোটর।। ওরলে পৈখর্ বাশা আসে। [<খোড়ল]।
৩=[ফ]—বি. অড়হর।। মাউবারা ওরলের্ ডাইল্ খায়্। [<অড়হর]।
ওরল্ব্যায়শ=[কুম]— ক্রি. বিণ. আড়ামোড়া, গা ভাঙ্গা।। [অনু.]।
ওরা=[পা]—অব্য. ঐরকম।। দুনিয়ার্ হাল্ ওরাই।
২=[ম]—বিণ. উপার্জনক্ষম।। পোলাডা অহন্ ওরা ঐসে।
৩=[চট্ট]—বি. বাঁশের তৈরী ধান রাখার পাত্র।। এক ওরাত্ দশ্ শ্যার্ ধান্ ধৈর্ব।
৪=[খু]—বি. বোনা ধান গাছের বীজ, আবোনা ধানের শীষের মতন হওয়ার অবস্থা।।
৫=[ফ]—বি. ফোড়া।। গতর ওরা ঐসে।
৬=[ঢা]—বি. এক শ্রেণীর বাঁশ।। ওর বাশের্ লগ্গি বালা।
৭=[ম]—বি. দাঁতের গোড়া ফোলা রোগ।। তার্ দাত ওরা ঐসে।
ওরাক্যারা=[কুম]— বি. কাজের বিশৃংখলা।। কামের্ শময় ওরাক্যারা খুবৈ খারাপ্ লাগে।
ওরাক্=[ম]—বিণ. সমস্ত।। ওরাক্ গাঙেই চ'র্ পর্সে।
ওরাগার্=[কুম]—ক্রি. বিণ. সর্বদা।। ওরাগারৈ এই দরে বেচি'।
ওরা গাস্=[খু]—বি. কেওড়া গাছ।।
ওরাগ্=[ম]—বিণ সমস্ত, সম্পূর্ণ।।
ওরাত্=[রং]—ক্রি. বিণ. ধারে (বিছানার)।। ওরাত্ শুইলি ক্যান্? [ওর হিং (=কিনারা, ধার)+তে=এ]।
ওরাদ্=[কুম]—বি. পরিমাণ।। নিযের্ বলের্ ওরাদ্ না বুইযা এই কামে আত্ দিও না। [বরাদ্দ]।
ওরাধান্=[খু]—বি. এক প্রকার ধান।।
ওরানো=[পা, রা]—ক্রি. ভাগ করিয়া দিতে পারা, নির্দিষ্ট সংখ্যার মধ্যে বন্টন শেষ করিতে পারা।।
২=[রং]—ক্রি. লুকাইয়া থাকা।। কোন্টে জে মানশিটা ওরালু?
৩=[পা]—ক্রি. শেষ করা।। দান্ কাইট্যা ওরাইস্ আইয়্। [<ওর হিং+আন]।
৪=[বা]—ক্রি. কোন কিছু দেখিয়া দীর্ঘ নিঃশ্বাস ফেলা।। মাইন্শের্ অত ট্যাহা দেইখ্যা ওরাইস্ না।
৫=[চট্ট, সি]—ক্রি. বি. পায়ের তলে রাখিয়া মাড়ানো।। তোঁয়াব্ দান্ ওরানো ন ঐয়ে (চট্ট)?
ওরান্=[রা]- বিণ. নষ্ট।। ধান্ খ্যাতটা ওরান্ কর্ল কার্ গরু? [<বীরান ویران ফা.]।
ওরাক্যারা=[কুম] - বি. কাজের ভিড়।। চৈত্ মাশে খুব্ ওরাক্যারা লাগে।
ওরাবত্=[ফ]—বিণ. প্রকাণ্ড।। ওরাবত্ হাপ্। [ঐরাবত (বৃহৎ অর্থে)]।
ওরাব্যারা=[কুম]—বি. জ্বালা যন্ত্রণা।। চৌক্ ওরাব্যারা কর্তাসে।
ওরামোরা করা=[পা]—ক্রি. কোন কিছু স্বীকার করিতে ইতস্ততঃ করা।। [<আড়া মোড়া করা]।
ওরায়া যাওয়া=[পা]—ক্রি. শেষ হইয়া যাওয়া।। কাম্ডো ওরায়া গ্যাসে। [<ওর হিং (=শেষ) হইয়া যাওয়া]।
ওরালি=[রা]—বি. উচ্ছিষ্ট (গরুর)।।
ওরাল্=[রা]—বি. নদীর তীর।।
ওরি=[ম, কুম]—বি. সিম তরকারী।। [<উরি<ইউর<শিউর প্রা. বাং<শিম্বী সং]।
২=[কু, পা, ম]—সর্ব. উহার।। ওরি এক্টা কাল গরু সিল্। [উহার+ই]।
ওরিকাটি=[ফ]—বি. মাছ বিশেষ।। ওরিকাটি মাস্ বেশি লড়ে না।
ওরুষ্=[খু]—বি. কোনও পীরের মৃত্যু দিন উপলক্ষে মহফিল।। [<'উরস عرس আং]।
ওরুফ্=[ফ]—বি. বর্ণ, শব্দ।। এক্ ওরুফ্ মিসা কতা বিবনে কৈ নাই। [<হরুফ حروف আং]।
ওরে যাওয়া=[রং] — ক্রি. ফুরাইয়া যাওয়া।। এবার্ হামার্ ভাত্ ওরে গেইছে। [দেখ ওর্রায়া যাওয়া]।
ওরেপারে=[ঢা]— ক্রি. বিণ. আপাদ মস্তক।। নাওডা ওরে পারে মাইখ্যা দ্যাও। [মূলার্থ এপারে ওপারে]।
ওরেফ্=[পা]— বিণ. কোনাকুনি, তেরছা।। ওরেফ্ কাপ্রের্ যাতিয়া বানাও।
ওরেয়াত্=[ফ]— বিণ. পুরোপুরি।। হে ওরেয়াত্ এই যমিটাই পাইবো।
ওরোক করা=[পা]—ক্রি. একধেয়ানে তাকানো, পলকহীননেত্রে চাওয়া।। ভুখাইনা গরুর্ মতো ওরোক্ কর্যা চা'য়্যা রৈস ক্যা?
ওরোত্=[রং]—ক্রি. বিণ. আড়ালে।। ওরোত্ গাল্ দিও না। [ওর+ত অধিকরণে]।
২=[রা]—বি. শেষ প্রান্ত।। আগোত্ খায় আর্ ওরোত্ শোতে। [<ওর হিং (=শেষ)+ত কারকের বিভক্তি]।
ওরোত্গোরোত্=[রং]—ক্রি. বিণ. সঙ্কোচ।। কতা বুল্তে এত ওরোত্গোরোত্ কর ক্যান্? [অনু.]।
ওরোথ্=[ব]— বিণ. গোটা, ষোল আনা।। ওরোথ্ দশ্ ট্যাকার্ এক্টা নোট্ পাইসি।
ওরোলা=[ঢা] -- বি. বড় কালো পিঁপড়া।। ওরোলার্ কামুরে যবব্ বিশ্।
ওরোল্=[ফ]—বি. অড়হর।। ওরোল্ খুব্ বালা ডাইল্। [<অড়হর]।
ওর্=[ঢা]—বি. পার্শ্ব।। [ওর হিং= কিনারা]।
২=[কুম]—বি. গাভীর স্তন।। গাইওর্ ওর দুদ্ নাই।
ওর্কটি=[সি]—বি. লাঙ্গলের একটি উপকরণ।। ওর্কটি দিয়া লাংগলডা মযবুত্ করনা ক্যানে?
ওর্কা=[ফ]—বি. ঘর জামাই।।
ওর্ঠে=[দি]— অব্য. তার কাছে।। ওর্ঠে মোর্ কিছু পাওনা ছিল।

[<ওর+ঠাঁই=উহার ঠাঁই]।

ওর্ধায়্=[খু]—ক্রি. বিণ. অকারণে।। কাযের্ লোক্ ওর্ধায়্ বণি থাক্তি পারে না।

ওর্পার্=[ম]—বি. তাড়াহুড়া।। ওর্-পার্ কৈরা কাম্ কর্লে বালা অয়্না।
২=[কুম]—ক্রি. বিণ. লণ্ডভণ্ড, তোলপাড়।। আত্তিএ পুকুরের্ পানি ওর্-পার কৈরা দিসে।

ওর্ফুল্=[চট্ট]—বি. রক্তজবা ফুল।। ওর্ফুল বর লাল্। [<ওড় ফুল]।

ওর্মায়া=[কুম.]—বি. বর্বর।। ওর্ মায়ার্ মত কাম্ কৈর না। [<ওরম্বা, ওড়ম্বা]।

ওর্রা বাশ্=[ফ]—বি. এক প্রকার বাঁশ।।

ওর্শ=[চট্ট]—বি. অর্শরোগ।। হিতার্ ওর্শ বিমার্ ঐ গেইয়ে। [<অর্শ]।

ওর্শা=[ফ]—বি. বারান্দা।। ওর্শাত্ ব। [দেখ ওর্সা]।

ওর্শা গর্=[ফ]—বি. রান্না ঘর।। [দেখ ওর্শা+ঘর]।

ওর্শারে=[নো]—ক্রি. বিণ. অনবরত।। হিতে ওর্শারে আঁরে ত্যাক্ত করে।

ওর্সা=[চ, কুম]—বি. ঘরের বারান্দা।। ওর্সাত্ ম্যায়্বানের্ বৈবার্ দ্যাও। [<উসারা হিং<উপশালা সং]।

ওর্হ=[খু]—অব্য. গরু তাড়ানোর সঙ্কেত।। ওর্হ বায়্ গরু।

ওলা=[ফ]—বিণ. অকর্মণ্য।। ওলা মানুশ্। [<আউল প্রাং<আকুল সং]।
২=[কু]—বিণ. অনির্মল। ওলা রশের্ গুর্ বালা অয়্না।
৩=[চট্ট]—বিণ. ঠাণ্ডা।। হিতার্ গাও যারে ওলা ঐয়ে। [<ওলা হিং<উপল প্রাং<উপল সং=তুষার; কিংবা ওল্ল প্রাং<আর্দ্র সং]।
৪=[বা]—বিণ. অণ্ডকোষবিশিষ্ট, হোলা (বিড়াল কুকুর)।। ওলা বিলাই। [<হোলা]।
৫=[ম]—ক্রি. বিণ. ঐভাবে।। ওলা আটিও।
৬=[চা, চট্ট]—বি. বৃষ্টির সহিত পতিত শিলা।। [উপল প্রাং<উপল সং]।
৭=[কুম]—বিণ. সেরা, শ্রেষ্ঠ।। ঐ বর ব্যাডাডা পালের্ ওলা। [<আওলা اولی আং]।
৮=[চট্ট]—বি. মিষ্টি বিশেষের নাম।। চাহার্ ওলা বর ভালা।

ওলাওলা=[পা]—বিণ. মোটাসোটা।। মোরগ্টা ব্যাশ্ ওলাওলা। [অনু.]।

ওলাক্খনে=[ফ]—বিণ. লক্ষ্মীছাড়া, অলক্ষুণে।। তোমার্ মত ওলাক্খনে লোক্ নাই। [<অলক্ষণে <অলক্ষণ সং+এ<ইয়া প্র.]।

ওলাক্খানা=[রা]—বিণ. ধ্বংসকারী।। [<অলক্ষনা<অলক্ষণ সং+আ]।

ওলাগুড়্=[খু]—বি. ঝোলাগুড়।।

ওলাডাবা=[খু]—বি. খেলা বিশেষ, গরুর গাড়ীর দুই প্রান্তের ভারসাম্য বজায় রাখিয়া ছেলেমেয়েদের এক প্রকার খেলা।। [<ওলা দাবা; গাড়ির পিছে ভারী হইলে ওলা এবং সামনে ভারী হইলে দাবা; দেখ ওলার্; দাবা√দাব্]।

ওলানি=[চট্ট]—বি. নিম্ন।। [দেখ ওলানো]।
২=[কুম]—বি. গরুর স্তন।। গাইডার্ ওলনিত্ দুদে বার্ ঐসে।

ওলানো=[চট্ট, কুম]—ক্রি. চুলা হইতে কোন পাতিল তোলা বা নামানো। সালনের্ পাইলাডা ওলাও। [<ওলান <ওআলন প্রাং<অবতারণ সং]।
২=[খু, বা]—ক্রি. অবতরণ করা।। নায়েত্তে ওলাও। [পূর্বে দেখ]।
৩=[ফ, কুম]—ক্রি. তাজা হওয়া।। বর পিয়াইয়্গুলা বিশ্টিতে ওলাইয়া উট্সে।
৪=[চট্ট]—ক্রি. পাকা।। গাসের্ গৈয়া গুনা ওলাইয়ে।
৫=[চট্ট]—ক্রি. ভিজিয়া নরম হইয়া ফুলিয়া উঠা।। রুটি পানি পড়ি ওলাই উইঠে। [ওল্ল প্রাং<আর্দ্র সং (নাম ধাতু)+আনো প্র.]।

ওলান্=[পা চা]—বি. গাভীর দুধের বাঁট।। গাইয়ের্ ওলান্ডা বর্।
২=[পি]—বিণ. ওরকম।। ওলান্ কাম্ তুমার্ উচিত্ ঐতয়্নি?

ওলাম্ গোলাম্=[পা]—বি. অসভ্য, নীচ জাত।। এ্যামন্ খাসিঅত্ ওল'ম্ গোলামেরাই করে। [<ওলাম অনু: +গুলাম غلام আং]।

ওলাম্বায়্যা=[পা]—বি. অকর্মণ্য।। ওলাম্বায়্যা হয়্যা আর্ কয়্দিন্ খাবি? [<ওরম্বা]।

ওলারশ্=[খু]—বি. ঘোলা রস।।

ওলার্=[রং]—বিণ. গাড়ীর পিছন দিকে বেশি বোঝাই।। গাড়ি ওলার্ হচে। [দেখ ওলাডাবা; ওলার <ওলাড় হিং]।

ওলার্ বিশ্ খোলায়্=[ম]—অব্য. আক্রোশে অন্যকে দোষারূপ।। তার্ লগে না পাইরা বুঝি অহন্ ওলার্ বিশ্ খোলায়্ ডাল্তাস?

ওলাহ্=[রা]—বি. পোড়া।। কাঁচা ছোলার্ ওলাহ্ খুব্ মজা।

ওলু=[কুম, চা]—বি. উই।। ওলু কাপর্ কাইট্যা নাশ্ কর্সে।

ওলুইশ্=[কুম, চা]—বি. ছারপোকা।। [<উড়ুশ<উদ্দংশ সং]।

ওলেবালে=[কম]—অব্য. কেহই না (তুচ্ছার্থে)।। তোমারে কার্ ওলে বালে বিগায়্?

ওল্যা=[চা]—বি. কালো বড় পিঁপড়ার মত পোকা বিশেষ।। মিটাইর্ বৈদ্দে ওল্যা বরা।

ওল্=[ক]—বি. অণ্ডকোষ (ব্যঙ্গার্থে কিছুইনা)।। তুমি আমার্ ওল্ বাল। [<হোল]।
২=[চট্ট]—বি. ব্যেঙের ছাতা।। গরুর্ কোনাত্ ওল্ হৈয়ে।
৩=[চট্ট]—বি. স্যাঁতসেতে স্থানে রক্ষিত বস্তুর উপর পতিত শেওলার আবরণ।। তরকারির্ পাইলাত্ ওল্ পৈর্গে।
৪=[রং]—বি. এক প্রকার ছোট জাল।।

ওল্কম্=[সি]—বি. গলার ভিতর ॥ অগুদ্ডা ওল্কমে ডুহাইয়া দ্যাও। [<হল্কুম حلقوم আং]।

ওল্কা=[চা]—বি. ঘরের দরজা লাগাইবার খিল ॥ ওল্ক্যা লাগাইয়া হোও। [<হুড়কা]।

ওল্কাম্রি=[ফ] — বি. পাপড়ি, অণ্ডকোষের চর্মরোগ ॥ ওল্কাম্রি সোয়াইচ্যা ব্যারাম্। [<হোল+কামড়ি]।

ওল্ ক্যালা=[কু]—বি. যাহার গায়ের চামড়া উঠিয়া গিয়াছে ॥

ওল্গা=[ফ]— বি. হোগলা, বড় চাটাই ॥ [<হোগলা ; বর্ণ বিপর্যয়]।

ওল্গানো=[চট্ট]—ক্রি. মুখ হইতে ফেলিয়া দেওয়া ॥ সাওয়ালে মুখাকি দদ্ ওল্গাই দিল্। [<ওগলানো]।

ওল্ গোলানি=[ফ]—বি. গণ্ডগোলের সৃষ্টি ॥ [বরগলানী ور غلانی ফা.]।

ওল্ডিপুল্ডি=[ন, কুম]—ক্রি. বিণ. ওলট পালট ॥ প্যাডের্ বিশে কগি উল্ডি পুল্ডি খাইতাসে। [উলটা পাল্টা <অলট্ট পালট্ট প্রাং <অপর্যস্ত পর্যস্ত সং]।

ওল্তানি=[রা]—বি. ঘরের চাল হইতে পানি পড়িবার স্থান ॥ [<ওলতী+পানী হিং]।

ওল্তি=[কুম]—বি. যে স্থানে ঘরের ছাদের পানি পড়ে ॥ ওল্তিত্ খাড়ৈস্ না, বিযুয্যা যাবি। [<ওলতী হিং]।

ওল্দান্=[চট্ট]—বি, থুথু ফেলিবার পাত্র ॥ [<ওগোলদান <উগাল হিং +দান دان ফা.]।

ওল্দি=[ম, বা]—বি. হলুদ ॥ তরকারিত্ ওল্দি বেশি পর্সে। [<হলদি]।

ওল্না=[পা]—বি. নিন্দা ॥ পরের্ ওল্না কর ক্যা ? [<উলাহনা হিং <অবগর্হণ সং]।

ওল্না তুল্না = [কুম, চা] বি. খোঁটা বা তুলনা। পাচু' ট্যাহা দিয়াই এত ওল্না তুল্না দ্যাও ? [দেখ ওল্না +তুলনা]।

ওল্বা দ্যাওয়া= [ম]— ক্রি. অধিক খাদ্য এক সাথে গিলিয়া ফেলা ॥ ওল্বা দিয়া খাইয়া ফালাও তরাতরি।

ওল্মা=[ম]—বি. রোগাটে অবস্থা ॥ গরুডা দিন্ দিন্ ওল্মায় পর্তাসে।

ওল্লা=[ফ]—বি. এক প্রকার বড় পিঁপড়া ॥

ওল্হরি=[চট্ট] — বি. ধন, সম্পদ (ব্যঙ্গার্থে)॥ তোঁয়ার্ ওল্হরিত্ আঁর্ কি লাব্ ?

ওল্হরি তুল্হরি=[চট্ট]—বি. ধন, সম্পদ (ব্যঙ্গার্থে) ॥

ওশা=[কুম] -বি. রাজ মিস্ত্রিদের ব্যবহৃত উপকরণ বিশেষ ॥

২ =[য]—বি. শিশির ॥ শিতের্ শকালে খুব্ ওশা পড়ে [<ওসা প্রাং<অবশ্যা সং ; তুং ওস্ হিং]।

ওশাওশা=[কুম]—বিণ. স্ফীত ॥ তর্ মুখ্ ওশাওশা মনে অয়্ ক্যা।

ওশাঘর্=[খু] বি. রান্না ঘর ॥ [দেখ ওর্শা গর্]।

ওশানো=[খু]—ক্রি. শুরু করা ॥ যে কায্ ওশাইসি শ্যাশ্ হলি বাঁচি'।

২=[খু]—ক্রি. ঢেঁকিতে ধান ভানা ॥ [<উঅাসন প্রাং<উৎকাশন সং]।

ওশারা তোলা = [রা]— ক্রি. কোন কাজের শুরু করা ॥ তুইতো ওশারা তুল্লি।

ওশারানো=[রা]—ক্রি. ধান ইত্যাদি শুকাইতে ঢালিয়া দেওয়া ॥

ওশারে পোশারে=[রং]— ক্রি. বিণ. দৈর্ঘ্যে প্রস্থে ॥ জামাটা বেশ ওশারে পোশারে আছে। [<ওসারে+প্রসারে ; দেখ ওসার্]।

ওশার্=[দি]—বিণ. প্রশস্ত, চওড়া ॥ [<অবসার]।

ওশিগ্ পোশাক্=[খু]— বি. জামাকাপড় ॥ ওশিগ্পোশাকে শব্ ট্যাকা খরচ'। [<ওশিগ অনু:+পোশাক]।

ওশ্যা=[ফ, বা]—বি. রান্না ঘর ॥ [দেখ ওশাঘর্]।

ওশুন্=[রং]—বি. রশুন ॥ [<রসুন]।

ওশোক্=[ম]—বি. এলাকা ॥ আপ্না ওশোকের্ মায়া ক্যাডায়্ সার্তো চায় ?

ওশোধ্=[য]—বি. ঔষধ ॥ ওশোধ্ খাবিনে। [<ঔষধ]।

ওশ্=[ম, চা] — বি, শিশির, ঠাণ্ডা হাওয়া ॥ শিতের্ রাইত্ ওশ্ শৈহ্য অয়্ না। [দেখ ওশা]।

ওশ্কা=[চট্ট]—বি. ফুলা ॥ রোগে পোয়াউয়ার্ মুখ ওশ্কা ঐয়ে। [<ফোস্কা]।

ওশ্কাটি=[দি]—বি. চুল্লীতে আগুন ঠেলিবার কাঠি ॥

ওশ্কাল্=[সি]—ক্রি. বিণ. অসময়ে ॥ হিতে এ্যাকেবারে ওশ্কালে আইসে। [<অ+সকাল]।

ওশ্টানো = [রং] — ক্রি. সঙ্গমেচ্ছা হওয়া ॥ বক্রিটা ওশ্টাল্ কবে ?

ওশ্নাই= [চা] — বিণ. কিছু কম শুকনা ॥ ওশ্নাই দান্ বান্লে চাইল্ বাইংগা যায়্। [অ+শুকনা+ই প্র.]।

ওশ্নানো=[ফ]—ক্রি. আধাভাজা করা। মাথ্গুলি ওশ্নাইয়া রাখ্।

ওশ্মারা=[রং]—বি. অন্যের বাড়ী ॥ দাওটা ওশ্মারা থাক্যা আন্।

ওশ্মিশ্=[ব, রা]—বি. মিশ্রণ ॥ তেলে পানি ওশ্মিশ কৈর‍্যা গায়ে দ্যাও। [<ওশ অনু:+মিশ্=মিশ্রণ]।

ওশ্শা=[বা]—বি. খাবার ঘর (রান্নাঘর) ॥ [দেখ ওশ্যা]।

ওশ্শি=[বা]— বি. শিম ॥ ওশ্শির্ শ্যার্ কত ?

ওসা=[চা, ফ]—বিণ. আগুনের তাপে শুকানো বা ভাজা ॥ ওসা দানের্ বাতে মযা কম্।

২ =[কুম]—বি. বাঁশের অথবা কাপড়ের তৈরী মাছ ধরার ত্রিকোণাকার যন্ত্র বিশেষ।

৩ = [চা] — বিণ. বাছা, সেরা ॥ বাবারেত্তন্ ওসা বিনিশ্ কিন্যা আইন্ন।

৪=[কুম]—বি. ধান ভানার মুষল বা দণ্ডের মাথার লোহার বেষ্টনী ॥ [দেখ ওঁচা]।

ওসা বাইত্তে যারি গাম্‌=[কা]—ধান ভানিতে শিবের গীত॥ ওসা বাইতে যারি গান্‌ যুইর না, আমি কৈ কি আর্‌ তুমি কও কি ?

ওসাওসা=[ফ]—ক্রি. বিণ. তুচ্ছ তাচ্ছিল্য ॥ আমারে ওসাওসা বাব ক্যান্‌ ? [উষ্ণ+তুচ্ছ]।

ওসাওসি=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি॥ ওসাওসি কৈরা কাম্‌ডা কর।

ওসাগাইরা=[ম]—বিণ. কাণ্ডজ্ঞানহীন॥

ওসার্‌=[কুম]—বি. বহর ॥ কাপর্‌ডার্‌ ওসার্‌ কত ? [<ওসার<প্রসার=প্রসার]।

ওস্থলন্‌=[কুম]—বি. বৃদ্ধি, বাড়॥ মির্‌গি ব্যামোডা তার্‌ ওস্থলন্‌ দিসে। [<উচ্ছলন]।

ওসোড়্‌=[খু]—বি. হোঁচট॥ এত ওসোড়্‌ খাস্‌ ক্যান্‌ ? [<আছাড়]।

ওসোহাত্‌=[খু]—বি. সামর্থ॥ আমার্‌ ওসোহাত্‌ নাই। [রস্‌'আত رسعت আ:]।

ওস্‌=[ফ]—বি. উদ্ধার॥ ওস্‌হার্‌ সেতো অহন্‌ আমার্‌ কাসে্‌ আইব্যা ক্যা ?

২=[চা]—অব্য. এখন॥ আমি ওস্‌ যাইতাম্‌ পার্‌তাম্‌ না।

ওস্‌কা=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ॥ ওস্‌কা টান্‌ দিও না, দুক্‌খু পাইয়াম্‌। [উচ্‌কা হিং]।

ওস্‌তা=[ব, ফ]—বি. যে খতনার কাজ করে, হাজ্জাম॥

ওস্‌তাযি=[ম]—বি. দক্ষতা॥ এ কামে তার্‌ বেশ্‌ ওস্‌তাযি আসে। [দেখ ওস্‌তায+ই]।

ওস্তায্‌=[ম]—বি. ওস্তাদ॥ তাইন্‌ আমার্‌ ওস্‌তায্‌। [<উস্‌তায اُستاذ আ: অথবা <উস্‌তাদ اُستاد ফা.]।

ওস্‌তারা=[চট্ট]—বি. ক্ষুর॥ ওস্‌তারা বর ধার্‌। [<উস্‌তুরা اُسترا অথবা উস্‌তুরহ اُستره ফা.]।

ওস্‌থুর্‌=[চা]—বিণ. পূর্ণ যুবতী॥ [<স্ত্রী]।

ওস্‌ফোর্‌=[ম]—বি. মীমাংসা॥ দুই দিন্‌ বাদে এই ডার্‌ এক্‌টা ওস্‌ফোর্‌ কর্‌বাম্‌। [দেখ ওচ্‌পার্‌]।

ওস্‌লা=[কুম]—বি. পশলা॥ এক্‌ ওস্‌লা ম্যাগ্‌ ঐসে। [<পশলা]।

ওহা=[চট্ট]—অব্য. হায় হায়, আবেগব্যঞ্জক॥ ওহা! হিতে বুঝি আর্‌ ন আইব। [<ও হায়]।

২=[পা]—বি. হুক্কা॥ ওহাটা হাযায়্যা আন্‌। [<হুঁকা]।

৩=[পা]—বি. বোকা॥ ওহার্‌ মত কাম্‌ডা কর্‌সাও।

ওহি=[কুম]—বি. মাথার চুল টানিয়া ফুটান॥ নাত্তিন্‌ লো আমার্‌ মাথাত্‌ কয়্‌ডা ওহি দে।

ওহে=[দি]—সর্ব. সে॥ ওহে কার্‌ ব্যাটা ? [<ও=অতিরিক্ত শব্দ+হে<সে]।

ওহো=[কুম]—অব্য. না-সূচক॥ ওহো আমি খাইতাম্‌ না। [<উঁহু]।

ওহোনি=[য, পা]—ক্রি. বিণ. ঐ স্থানে, ওখানে॥ বৈডাতো ওহোনি আসে। [<ওখানে]।

ওহোন্‌তনে=[ফ]—ক্রি. বিণ. সেইখান হইতে॥ ওহোন্‌তনে কে আইল্‌ ? [ওহোন+তনে; ওহান<ওস্থান; তনে=খনে অপাদানের বিভক্তি]।

ঔ

ঔ=[সি]—অব্য. ঐ॥ ঔ যে দ্যাহা যায়্‌। [<ঐ]।

২=[পা]—অব্য. ওহে॥ ঔ গাওয়া, তোর্‌ গানস্‌ ক্যা ? [<ও=ওহে]।

ঔঁল=[চট্ট]—বি. আঙুল॥ 'উয়্‌ ঔঁলে ঝি ন উডে। [<আঙুল]।

ঔগ্যা=[ফ]—[illegible] ॥ ঔগ্যা তোমার্‌ কি অয়্‌ ? [illegible]গা=টা]।

২=[কুম, নো]—বিণ. একটা॥ আমারে ঔগ্যা [illegible] দে, খাই। [<এক+উযা অথবা এক্‌+গা (=টা অর্থে)]।

ঔগ্যা ক্যাম্‌রা=[কুম, নো]—বি. বড় কাঁকড়া॥ চ'রে বর বর ঔগ্যা ক্যাম্‌রা পাওয়া যায়্‌। [<ঔগ্যা+কাঁকড়া]।

ঔগ্‌গুয়া=[চট্ট]—বিণ. একটা॥ ঔগ্‌গুয়া ট্যায়াঁ দ্যাও [<এক্‌=এক+উয়া প্র.]।

ঔগ্‌লা=[কুম]—বিণ. একটা॥ ঔগ্‌লা ট্যাহা দে। [<এক+লা=টা]॥

ঔঝ'াপ্‌=[চট্ট]—বি. আবর্জনা, জঞ্জাল॥ ঘরত্‌ ঔঝ'াপ্‌ ভরা। [দেখ আউঝাপ্‌]।

ঔট্‌টে=[কুম, নো]—বি. হরিতকী॥ ঔট্‌টে খাইতে খুব্‌ মযা। [<হরটই<হরতই<হরতকী]।

ঔঠে=[রা]—অব্য. ঐখানে॥ ঔঠে আনি ক্যানে ? [<ঐ+ঠাঁই]।

ঔডা=[চট্ট]—অব্য. ও বেটা, হে, ও হে (তুচ্ছার্থে)॥ 'ওডা ডাইলে ঘোডা খায়্‌'। [<ঐ+বেটা]।

ঔতাত্‌=[কুম]—বি. এতদঞ্চলে॥ ঔতাত্‌ দান্‌ খুব্‌ বালা হয়্‌। [=ইহাতে]।

ঔতানি কতা=[সি]—অব্য. ইহা নাকি কথা॥ আমার্‌ ট্যাহা দিবা না, ঔতানি কতা ? [<এই+তানি(=টুকু)]।

ঔত্‌=[সি]—ক্রি. বিণ. এইখানে॥ আমি ঔত্‌ আসি। [<ঐ+তে<ঐ স্থানে]।

ঔত্‌তা পোৌত্‌তা=[চা]—বিণ. বাজে, অতিরিক্ত, অকেজো॥ দাওয়াত কামের্‌

মানু এ্যাকটাও আহে নাই, খালি ঔত্‌তো পৌত্‌তা আইসে। [অনু.]।

ঔত্‌তো=[সি]—অব্য. এই যে।। ঔত্‌তো হিতে বারিত্‌ আইসে। [<এইতো]।

ঔদ্‌দা=[সি]—বি. অনুগ্রহ, অহঙ্কার, উপকারের কথা ।। এ্যাত ঔদদা দ্যাখাও কিতা ? [<ঔদ্ধত্য ; তুং হুদ্দা (চট্ট)]।

২=[বা. খু সি]—বি সীমানা, জমির আইল ঠিক রাখিবার তৃণ বিশেষ।। [<চন্দ্র ১৯ আং] ।

ঔনিয়্যা=[বা]—বিণ. যাহা হইবার ।। যা ঔনিয়্যা তা নিয়্যা এ্যাত গুত্‌গুবি লাগ্‌বো না। [<হওনীয়]।

ঔনু=[সি]—অব্য. এই যে।। ঔনু নাওখান্‌ দ্যাহা যায়্‌ । [ঐ+যেন]।

ঔন্‌=[চট্ট]—বি. আগুন ।। [<আগুন <আগুনি<অগ্‌গি প্রাঃ<অগ্নি সং]।

ঔন্‌গা=[চট্ট]—অব্য এখনই ।। ঔনগা অঁাই ন যাইয়ম্‌ । [ঔন্‌<এখন+গা <কা, তুং আজিকা, কালিকা]।

ঔম্যা=[কুম]—অব্য. বিস্ময়সূচক ।। ঔম্যা, তোমার্‌ আবার্‌ কি ঐল্‌ ? [<ওমা]।

ঔরূপি=[কুম]—বি. ছল চাতুরী।। ঔরূপি করনের্‌ যাগা পাওনা বুঝি।

ঔরাদারা=[কম] — বি মৌখিক বা কৃত্রিম সমবেদনা ।। নে নে, আর্‌ ঔরাদারা দ্যাহাইস্‌ না।

ঔর্‌=[চট্ট] — বি. আড়াল ।। ঔরে গিয়াই চ'। [<আড় কিংবা অপর]।

২=[চট্ট]—বি. উপর ।। ঔরে যাই ইডা মারে ক্যাডা ? [<ওপর<উপর]।

ঔলাকান্‌=[সি]—ক্রি. বিণ এইভাবে।। ঔলাকান্‌ কয়্যা কতা হে আমারে কৈল্‌।

ঔলানো=[চট্ট]—ক্রি. পথরোধ করা, বাধা দেওয়া ।। ফির্‌বার্‌ পথত্‌ হিতারে ঔলিস্‌ । [<আগলানো]।

ঔল্‌=[চট্ট]—বিণ. আকুল ।। পোয়ারে দ্যাহনের্‌ লাই ঔল্‌ হৈয়ে। [<আউল <আকুল সং]।

ঔল্‌কুল্‌=[কুম]—বি. আশ্রয়, উপায়।। আর ঔল্‌কুল্‌ দেখি না। [ঔল্‌<উর =এপার+কুল=ওপার]।

ঔল্‌খোল্‌ = [চট্ট]— বিণ. এলোমেলো ।। যিনিশ্‌ পত্তর্‌ ঔল্‌খোল্‌ গরি ফ্যালাইয়ে। [আউল্‌ খাউল্‌ ; আউল্‌=এলোমেলো, খাউল্‌ অনুঃ, তুং আউলঝাউল]।

ঔল্‌ঝারা=[কুম]—বিণ. সর্বকনিষ্ঠ ।। এইডা তার্‌ ঔল্‌ঝারা পোলা। [<ছোল =অণ্ডকোষ+ঝাড়া = উজাড় করা ; ঝাড়িয়া ফেলা]।

ঔল্‌ফাল্‌=[কুম]—বি. রাগের মাথায় হাত পা নাড়া ।। অত ঔল্‌ফাল্‌ করস্‌ ক্যারে ? [ঔল্‌ অনুঃ+ফাল= লাফ]।

ঔশুদ্‌ = [কুম, চা] — বি. ঔষধ।। প্যাডের্‌ ব্যারামের্‌ ঔশুদ্‌ খাও। [<ঔষধ]।

ঔসানো=[চট্ট]— ক্রি. বাধা দেওয়া ।। ফির্‌বার্‌ পথত্‌ হিতারে ঔসিস্‌। [দেখ ঔলানো]।

ক

ক=[খু]—বি. কাঁঠালের কোষ ॥ [<কোয়া<কোষ]।

২=[খু]—বি. মইয়ের কাঠি ॥

কঅয্=[চট্ট]—বি. কাগজ ॥ হিতারা কঅযের্ ব্যাব্‌গা করে। [<কাগজ <কাগয کاغذ আং, ফা. (<কায়গদ চীনা)]।

কঅর্=[চট্ট]—বি. কাপড় ॥ কঅর্ পিন্‌ধম্। [<কাপড়]।

কওয্=[চট্ট]—বি. কাগজ ॥ [দেখ কঅয্]।

কওনে=[কুম]—ক্রি. বিণ. কখন ॥ আই কওনে বাত্ খাইউম্? [<কখন +এ]।

কওবল্=[কুম, ফ, নো]—বি. আয়ত্ত ॥ তাক কওবলে পাইসি। [<কবল]।

কওমদ্‌দন্=[চট্ট]—ক্রি. বি. কথা বলা ॥ [কও<কহা+মাতন=মাতা]।

কওয়াকয়ি=[সি]—বি. বলাবলি ॥ কিতা কওয়াকয়ি করের্? [কহাকহি =বলাবলি]।

কওর্=[ফ, য, পা]—বি. চাটাই বা বাঁশের তৈরী ঝাঁপ ॥ [<কিবাড় کواڑ হিং<কপাট সং]।

কওলা=[সি, ম, কুম]—বি. বিক্রয় দলিল ॥ [<কবাল: قبالہ আং]।

কওলানো=[চট্ট]—ক্রি. আংশিক উন্মুক্ত করা ॥ দুয়ার্ কওলাও।

২=[য]—ক্রি. অহঙ্কারের সাথে প্রচার করা ॥ অত কওলাস্‌নে। [<কহলানো √কহ্+লা প্রযোজক ক্রিয়ার প্র.+ আনো প্র.; কহ্‌লানা হিং]।

ক'অত্‌তে=[চট্ট]—ক্রি. বিণ. কখন ॥ কঁঅত্‌তে যাইবা? [<কোন্+অক্‌তে <ওক্‌ত وقت আং +এ বিভক্তি]।

ক'অরানো=[চট্ট]—ক্রি. কামড়ানো ॥ মশায্ কঁঅরাইলে ম্যালেরিয়া অয্। [<কামড়ানো]।

ক'অলা=[চট্ট]—বি. কমলা ॥ [<কমলা]।

ক'অল্=[চট্ট]—বি. ঘুঘু পাখী। [<কোয়েল<কোকিল, অর্থ প্র.]।

ক'কানো=[রা, দি]—ক্রি. কোঁকানো, কাতরানো ॥ ব্যাদ্‌নায্ শে কঁকাছে ॥ [কঁক্ ধন্যা.+আনো প্র.]।

ক'ক্‌ড়ানো=[রং]—ক্রি. জড়সড় হইয়া থাকা ॥ মানুশ্‌টা কঁক্‌রায় কেনে? [<কোঁকড়ানো]।

ক'ক্‌লাশ্=[রা. ব]—বিণ. অস্থি-সার ॥ দিন্ দিন্ শে জেন্ কঁকলাশ্ হচে (রা)। [<কৃকলাশ; অর্থ প্র.]।

ক'চ্=[রা, দি]—বি. কোঁচা ॥ ধুতির কঁচ্‌টা আম্‌লাই ধর্ ॥ [কোঁচ=কোঁচা <কচ্ছ সং]।

ক'যি=[চট্ট]—বি. কাগজী লেবু ॥ [<কাগযি کاغذی আং]।

ক'টল্=[দি]—বি. কাঁঠাল ॥ [কাঁঠাল; দেখ কঠোয়াল্]।

ক'ডে=[চট্ট]—ক্রি. বিণ. কোথায় ॥ আঁনে কডে যান্? [<কোন্+ডে= ঠেঁ<ঠাঁই]।

ক'ত্‌ক'ত্=[রং]—অব্য. শব্দ বিশেষ ॥ [ধন্যা.]।

ক'ত্‌তে=[চট্ট]—অব্য. কাহারো নিকট ॥ গোয়ালের্ দৈ গোয়ালে কঁত্‌তে খারাপ্ কয়্‌না। [<কোন+ থে=ঠে<ঠাঁই]।

ক'য়ত্‌তে=[চট্ট]—ক্রি. বিণ. কখন ॥ তুঁই কঁয়ত্‌তে আইস? [দেখ কঁঅত্‌তে]।

ক'য়ন্=[চট্ট]—ক্রি. বিণ. কেমন ॥ তুঁই কঁয়ন্ আস? [<কেমন]।

ক'রা=[রং]—বি. আঁটি ॥ আমের্ কঁরা কশ্‌টা নাগে। [<কড়া]।

ক'র্=[চট্ট]—বি.<কামড় ॥

ক'লা=[চট্ট]—বি. কমলা ॥ তুই কঁলা ন খাইশ্। [<কঁঅলা<কমলা]।

ক'ল্=[চট্ট]—বি. ঘুঘু পাখী ॥ [দেখ কঁঅল্]।

ককা=[সি]—বি. কাঠবিড়ালী ॥ ককায্ কাটল্ খাইলাইসে।

ককানো =[চা]—ক্রি. বি. কাতর ক্রন্দন ॥ [দেখ কঁকানো]।

ককি=[চা]—অব্য. কিছুই না ॥ ককি, আমিতো কিসু দ্যাহি না। [কই কি; অথবা কও কি।]

ককিয়া=[রং]—বি. পেঁপে। [দেখ ককৈয়া]

ককৈয়া=[নো]—বি. পেঁপে। [papaya পোর্তু.]।

কক্=[সি]—বিণ. কয়েক ॥ কক্‌টা মাস্ পাইসি। [<কয়েক]।

কক্‌কা=[চা]—বি. ছোট ছেলে-মেয়েদিগকে ভয় দেখাইবার জন্য কল্পিত জন্তু বিশেষ ॥ ঐ দেখ্ কক্‌কা আছে, কান্‌দিস্ না।

কক্‌কা ধরা=[খু]—ক্রি. অধিক কাঁদি-বার ফলে শিশুদের দম ধরিয়া যাওয়া ॥

কক্‌চ'া=[খু]—বি. গাছ বিশেষ ॥ কক্‌চ'া গাসে বেড়া হয়।

কক্‌টা=[সি]—বিণ. কয়েকটা ॥ দারোগা চো'র্ দৈরা কক্‌টা গল্‌লা দিসে। [<কয়েকটা]।

কক্‌না=[রং]—বিণ. কয়জন ॥ খেতে কক্‌না কাম্‌লা লৈছ। [<কয়খানা বা কয় জন+আ (স্বার্থে)]।

কখ্‌রা=[রং]—বি. মেটে ॥ গরুটার্ রং কখ্‌রা।

কগা=[সি]—বি. শ্বাসনালী ॥ বেশি মাতিস্ না কগা সিরি লাইমু।

কগ্‌ল্=[সি]—বি. ঝগড়া ॥ কিতার্ লাগি অযথা কগুল্ বারাইবায়?

কগ্‌ছান্=[রা]—ক্রি. বি. গলায় দরদ ঢালিয়া কাঁদ কাঁদ ভাবে কোন কিছুর জন্য অনুরোধ ॥

কগ্‌দিন্‌=[নো]—ক্রি. বিণ. কয়েকদিন ॥ কগ্‌দিন্‌ বাদে হেইতে বিদেশে চ'লি গেল্‌। [দেখ কক্‌+দিন]।

কগ্‌রাকারি=[ম]—বিণ. খুব কৃপণ ॥ এ্যাই রকুম্‌ কগ্‌রাকারি মানুশ্‌ আর দ্যাহি নাই। [ঝগড়াকারী; অর্থ প্র.]।

কচ'ন্‌=[কুম]—ক্রি. কুলা দিয়া ঝারিয়া নিচে জমানো ॥ চ'াউল্‌ডি কচি' লাও।

কচ'ন্‌ দেওয়া=[য]—ক্রি. মার দেওয়া ॥ তোর্‌ পিটি কচ'ন্‌ দিমু।

কচর্‌=[রা, রং]—বিণ. ইঁচড়ে পাকা, অকালপক্ব ॥ এমন্‌ কচর্‌ ছেলে আর্‌ দেখিনি।

কচর্‌ কচর্‌=[রং]—বি. অত্যন্ত ব্যস্ততা, রাগ ॥ তুই কচর্‌ কচর্‌ করিস্‌ না। [অনু.]।

কচ'ল্‌=[চট্ট]—বিণ. নরম ॥ কচ'ল্‌ ভাত্‌।

কচ'ল্‌মচ'ল্‌=[সি]—বি. হাতাহাতি ॥ সেলেডা খালি কচ'ল্‌মচ'ল্‌ করে?

কচ'া=[পা, কু]—বিণ. বড় ॥ ক'চা কাঁঠাল্‌।

২=[ফ, ব]—বি. জিওল গাছ, গাছ বিশেষ ॥

৩=[সি]—বি. ক্ষেতে পানি সেচনের কুণ্ড ॥

৪=[বা, ফ]—বি. গাছের ছোট ডাল ॥ এ্যাক্‌হান্‌ কচ'া বাইংগা আন্‌, অরে মধা দেহাই। [<কঞ্চি]।

৫=[ম, কুম]—বি. এক প্রকার আগাছা ॥

৬=[পা]—বি. মোটা লাঠি ॥

৭=[ফ]—বি. সরু বাঁশ বিশেষ ॥ কচা'র সনৃগে নৌকা বান্‌দ।

৮=[ব, রং]—বি. এক প্রকার মাছ ॥

কচ'াং=[বা]—বি. গণ্ডগোল ॥ মিয়া তুমি বর কচা'ং কর্‌বার্‌ পার। [<কচাল]।

কচাং কচাং=[রং]—অব্য. কচ্‌ কচ্‌ ॥ কাচিখান্‌ কচাং কচাং করি কাটিছে। [ধ্বন্যা.]।

কচ'াকচি'=[য]—বি. ঠেলাঠেলি ॥ এ্যাতনোক্‌, কচ'াকচি' নাগ্‌সে।

কচ'াকচ্‌'=[য]—অব্য. তাড়াতাড়ি ॥ কচ'াকচ্‌' ধান্‌ কাটি এল। [ধ্বন্যা.]।

কচ'াকাইটা=[কু]—বিণ. খুব বড় ॥ [দেখ কচ'া]।

কচ'া গাস্‌=[খু]—বি. কষায় রস বিশিষ্ট আগাছা ॥

কচ'াড়ে=[কু]—বিণ. বড়, বিরাট ॥ কচ'াড়ে লাঠি দি মার্‌দে। [দেখ কচ'া+ড়ে প্র.]।

কচ'ানো=[বা]—ক্রি. নিড়ানো ॥ যমিডা কচ'াইও।

২=[রা, দি]—ক্রি. মাজা, কচলানো ॥ গরুর্‌ গতর্‌টা কচ'াই ধুই দে। [<কচলানো]।

কচ'া পান্যাট্‌=[পা]—বি. ভীষণভাবে প্রহার ॥

কচ'ারত্‌=[সি]—বি. লোকসান, ক্ষতি ॥ ইবারে কচ'ারত্‌ যাইবার্‌ কতা। [<খসারত্‌ خسارت আং]।

কচাল্‌=[রা]—বি. দর কষাকষি ॥ এত কচাল্‌ কর কেন্‌?

২=[পা]—বিণ. ভিজা ॥ কচ'াল্‌ যমি।

কচ'াল্‌ল্যা=[ম]—বিণ. ঝগড়াটে ॥ কচ'াল্‌ল্যা পোলা। [<কচাল+ইয়া প্র.]।

কচি=[রা, ব]—বি. ঘরের চালের বাঁশ ॥

২=[বা]—বি. নৌকা বাঁধার উপকরণ ॥ কচি' সাইরা নাও বান্‌দ।

কচি' ড্যাহা=[কুম]—বি. ছোট বাছুর ॥ ইডা এহেবারে কচি' ড্যাহা। [কচি=শিশু+ড্যাহা=বাছুর]।

কচি' দেওয়া=[ম]—ক্রি. ছিদ্র পথে খিল প্রবেশ করান ॥ চিয়'ারের্‌ আতল্‌ডায় কচি' দ্যাও।

কচু'=[চা, চট্ট]—বি. বাজে, কিছুই না ॥ তুমি যান আমার্‌ কচু'। [<কচু; অর্থ প্র.]।

২=[কুম]—বি. আদর, অভ্যর্থনা ॥ কচু' না কর্‌লে যাই ক্যেন্‌নে?

কচু'টা=[সি]—বি. গামছা, ছোট কাপড় ॥ কচু'টা বিযাইয়া গোসল্‌ কর্‌। [<কাছটি<কচ্ছটিকা সং]।

কচু'ডি=[বা]—বি. কচুরিপানা ॥ কচু'ডিতে গাং সাইয়া গেসে। [<কচুরি]।

কচু'য়া=[চট্ট]—বিণ. সবুজ রং বিশিষ্ট ॥ কচু'য়া ধানের্‌ রোয়া। [কাঁচা+উয়া প্র.]।

কচু'র্‌=[কুম]—বি. অন্যায় ॥ [<কসূর قصور আং]।

কচু'র্‌ নাইল্‌=[ফ]—বি. কচু গাছের ডাঁটা ॥ কচু'র নাইলের্‌ তর্‌কারি বালা। [<কচুর নাল]।

কচু'র্‌ পোঁপা=[চট্ট]—বি. কচুর ফুল ॥ [কচু+র(সম্বন্ধে)+পোঁপা <পুপ্‌ফ প্রাং <পুষ্প সং]।

কচু'র্‌ সাড়া=[চট্ট]—বিণ. বাজে ॥ কচু'র্‌ সাড়া কথা।

কচো=[দি]—বি. জলচর পাখি বিশেষ ॥

কচে'াডন্‌=[চট্ট]—ক্রি. জলিয়া উঠা ॥ পেটের্‌ ভোগে পোয়াউয়ার্‌ কলিযা কচে'াডে।

কচে'াল্‌=[খু]—বি. বিরক্তি, গোলমাল ॥ সেলেটা ভারি কচে'াল্‌ কর্‌তি পারে। [<কচাল]।

কচ্‌=[রা]—বি. আমের আঁটি ॥

২=[ব]—বি. এক প্রকার গাছ ॥

৩=[সি]—বি. ভেজাল, ধানের চিটা ॥ আপ্‌নার্‌ দানে কচ্‌' আসে।

৪=[রা]—বিণ. বাঁকা ॥ দেওয়াল্‌টা কচ্‌ হয়ে গেছে। [<কজ্‌ کژ ফা.]।

৫=[রং]—বি. অংশ, হিস্যা ॥ তাক এক্‌টা কচ্‌ দেইশ্‌।

৬=[পা]—ক্রি. বিণ. সোজাসুজি ॥ গুইরা না যায়্যা কচে' যাও।

কচ্‌'কচ'া=[চা]—বিণ. খুব কচি ॥ লাউডা এক্‌কেলে কচ্‌'কচ'া। [<কচি; আতিশয্যার্থে দ্বিত্ব]।

কচ্‌'কচ'াইয়া=[ক]—বিণ. টাটকা ॥ কচ্‌'কচ'াইয়া হাগ্‌ হব্‌বি খাওয়া বাল ॥

[<দেখ কচ্'কৈস্সা]।

কচ্'কচ'ানো=[রং]—ক্রি. বকবক করা, বাজে বকা ॥ মোর্ শাথে কেন্ এত কচ্'কচ'াইশ্ ? [<কচ্‌কচ্ (নাম ধাতু)+আনো প্র.]।

২=[রা]—ক্রি. আগ্রহ দেখানো ॥ পার্‌বেন্ না খালি কচ্‌কচায়্।

কচ্'কাচি'=[য]—বি. ঝগড়া, বিরাগ॥ বেশি কচ্'কচি' করো না। [অনু.]।

কচ্‌কচে=[রং]—বি. তীক্ষ্ণ ॥ কচ্‌কচে চাকু। [ধ্বন্যা.]।

২=[সি]—বি.অব্যক্ত বেদনা ॥ [পুর্বে দেখ]।

কচ্'চ'া=[রং]—বি. কাঁকর ॥ এই চাউলত্ কচ্‌কা বেশি।

কচ্'কানো=[ম]—ক্রি. চিবানো ॥ এত পান্ কচ্'কাও ক্যা ? [কচ্‌কা (নাম ধাতু)+আনো প্র.]।

২=[সি]—ক্রি. মচ্‌কানো ॥ [পূর্বে দেখ]।

কচ্'কৈস্সা=[নো]—বিণ. তাজা ॥ [অনু. ; তুং কচকচে]।

কচ্'চ'া=[কুম]—বি. সবুজ॥ কচ্'চ'া রংগের্ শারি।] <কাঁচা ; <কচচা کچا হিং]।

কচ্‌চাল্=[রা]—বিণ ক্রূর॥ বড় কচ্‌চাল্। [<কচাল]।

২=[ফ]—বি. ঘরের চাল ॥

কচ্‌চুল্=[রা]—বি. বড় চামচ ॥ এক কচ্‌চুল্ নুন্ দাও [<কর্‌চুল হিং]।

কচ্'ড়া=[খু]—বিণ. পোনা, ছোট ॥ কঁচ্'ড়া মাস্ রোগির্ পত্থ। [<কাঁচা (বা কচি)+ড়া প্র. ; অথবা <কচ্‌রা کچرا হিং=শিশুর ভুঁড়ি ;অর্থ প্র.]।

২=[চট্ট]—বিণ. সঁ্যাৎসেঁতে, ভিজা ॥ থ্যাত্ উয়া কচ্'ড়া রৈয়ে। [<কাঁচড় হিং=কাদা ; অর্থ প্র.]।

৩=[রং]—বিণ. খারাপ ॥ কচ্‌ড়া পাট্। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কচ্' দেওয়া=[বা]—ক্রি. পর পর সাজাইয়া রাখা বৈগুনা কচ্' দিয়া রাখ্।

কচ্'বি=[সি]—বি. বেশ্যা, গালি বিশেষ ॥ ই বেটি কচ্'বি। [<কস্‌বী کسبی হিং <কসব্ کسب আং=পেশা+ই প্র. ; তুং পেশাকার]।

কচ্'মা=[সি]—বি. মাটির নীচে প্রাপ্ত জ্বালানী কাঠ বা কয়লা ॥ আম্‌রার বোর যমিনে কচ্'মার্ বাগ্ আসে।

২=[ঢা, ম, নো,]—বিণ. কচি ॥ কচ্'মা দেইখ্যা এ্যাক্‌টা মুরগ্ আইন।

কচ্'রা=[খু]—বিণ. অপরিণত, পোনা ॥ কচ্'রা শোল্ খাতি কি আর্ ভাল লাগ্‌বে। [=কচ্‌রা کچرا হিং ; অর্থ বিকৃতি ; দেখ কচ্‌ড়া]।

২=[ফ, সি]—বি. দড়ি ॥ এ্যাক্‌গাস্ কচ্'রা আন্।

কচ্'লাকচ্'লি=[সি]—বি. ঢলাঢলি, ঠেলাঠেলি॥ এত কচ্'লাকচ্'লি ক্যান্ ?

কচ্'লানি= [য] — বি. ইয়ার্কি, বিরক্তি ॥ এ শব্ কচ্'লানি চ'ল্‌বি না।

কচ্'লানো=[ফ, ঢা]—ক্রি. তোষা-মোদ করা ॥ কাম্ কর্‌তের্ কালেই কচ্‌লানো লাগে, খাইতের্ কালে কচ্-'লান্ লাগে না।

কচ্‌ল্যা=[রা]—বি. ঔষধ বিশেষ ॥ [<কুচিলা ; কচ্‌লা হিং]।

২=[রা]—বি. মাছের পেটের তৈলাক্ত থলি ॥

কয্যা=[সি]—বি. ভুল, অপরাধ॥ ইতা কয্যা ঐ গেসে বাই মাফ্ করিও। [<কয্যা' قضاء আং=বিধান, ভাগ্য ; অর্থের্ বিকৃতি]।

কয্যা বিল্‌লা=[সি]—ক্রি. বিণ. কদাচিৎ ॥ তাইন্ কয্যাবিল্‌লা আইযুন্। [কয্যা' বিল্লাহ قضاء بالله আং=ভাগ্য আল্লাহ্‌র নিকট]।

কয্=[চট্ট]—বি. কাগজ ॥ [দেখ কঅয্]।

কয্‌য=[চট্ট]—বি. ঋণ ॥ হ্যাতে ট্যায়া কয্‌য কৈরে। [<কর্জ قرض আং ; ফা. উচ্চারণে]।

কটক্=[ঢা]—বিণ.অকাল পক্ব ॥ কটক্ পোলার্ কথা শুনলে অবাক্ লাগে।

২=[রং]—বি. ফল হওয়ার পর ফুলের অবশিষ্ট অংশ ॥

কটক্ তারা=[ঢা]—বি. এক প্রকার আউশ ধান ॥

কটক্ ধরা=] রং]—ক্রি. ফুল ধরা ॥ গাছ্‌টা খালি কটক্ ধরিল, তাতে মরে গেল্। [দেখ কট্‌ক]।

কটরা=[সি]—বি. কৌটা, পিতলের বাটি ॥ এক্ কটরা পানি। [<কটোরা کٹورا হিং]।

কটর্ মটর্=[কুম]—বি. গোলমাল ॥ কাযের মাযে বহুত্ কিস্‌সু কটর্ মটর্ আসে। [অনু. ; তুং খটর্ মটর্]।

কটশ্=[রং]—বিণ. শক্ত ॥ পাকৃটা কটশ্ হইচে।

কটা=[রা, ব]—বিণ. মিশ্ররঙের ॥ কটারং বাঘ্ দেখ্‌লে ভয় করে। [কটা =পিঙ্গল বর্ণ ; অর্থ প্র.]।

২=[পা]—বিণ. বেতামিজ, অতি চালাক, অকাল পক্ব ॥ সেলেটা বর কটা।

৩=[সি, ঢা]—বি. কাঠবিড়ালী ॥ কটায় ফল্ খায়।

৪=[পা] বিণ. কষা ॥ [কটু+আ প্র. (স্বার্থে)]।

কটাইমযর্=[সি]—বি. নিম্নস্তরের লোক ॥ হকল্ কটাইমযর্ মন্‌তিরি ঐ গেসৈন্।

কটাইয়া=[সি]—ক্রি বিণ. শুধু অগ্রভাগ ধরিয়া ॥ ধান্ কটাইয়া কাট্।

কটাং=[পা]—বি. তামাসা ॥ বেশি কটাং করিস্ না।

কটাকটি=[পা]—বি. তুমুল প্রতি-যোগিতা ॥

কটা বানর্=[ম]—বি. কাঠ বিড়ালী॥ কটা বানরে হর্‌রিগুলা খাইয়া হার্‌ল। [<দেখ কটা৩+বাঁদর]।

কটামি=[ম]—বি. দুষ্টামি ॥ সেলেটা কটামিতে বর উস্তাদ্। [দেখ কটা+মি.প্র.]।

কাঁট=[বা]—ক্রি. বিণ. কোথায় ॥ কাঁট যাবা ? [<কোঠি<কোন্+ঠাঁই]।

২=[দি]—বি. গুহ্যদ্বার ॥

কাটিয়া=[দি]—বিণ. কৃপণ ॥

কট্‌য়া=[দি, রা, য, খু]—বি. কৌটা ॥ কটুয়াতে পয়্‌শা আছে নি। [<কৌটা]।

কট্‌য়াল্=[ম]—বি. কোটাল ॥ কটুয়ালের্ পুতের্ লগে রাযার্ পুতের্ দুস্‌তি। [<কোট্‌বাল <কোষ্ঠপাল সং=কোটাল]।

কটে=[খু]—বিণ. খাট, ছোট, বেঁটে ॥ কটে খেযুর্ গাস্।

কটৈ=[রং]—ক্রি. বিণ. কোথায় ॥ কাটাইর্ খান্ কটৈরে? [<কো ঠাই <কোন্+ঠাঁই]।

কটো=[খু]—বি. লম্বা লগি ॥

কট্=[ঢা, কুম]—বি. বন্ধক, সাময়িক পত্তন, laese ॥ বিশ্ টেহায় এই যমিডা কট্ লিসি। [<কিত্তু ﻂﻗ আং]।

২=[রা, কুম]—বি. পার্শ্ব ॥ এক কটে শুয়া যায়্ না। [দেখ কঠ্]।

৩=[পা]—বি. খাজনা ॥ যমিনের্ কট্ দেওন্ লাইগ্‌ব। [দেখ কট্]।

কট্‌কটা=[সি]—বিণ. গাঢ় ॥ কট্‌কটা লাল্। [তুং টক্‌টকা]।

২=[সি]—বিণ. বুড়া, কঙ্কালসার ॥ কট্‌কটা মুরুগের মাংশ বেযায় শক্‌ত। [অনু.]।

৩=[রা]—বিণ. কাচা, অপক্ব ॥ এমন কট্‌কটা আনারশ্‌টা কেনে পাড়্‌লু?

৪=[ঢা, পা, সি, রং]—বিণ. শক্ত ॥ কট্‌কটা গুয়া। [অনু.]।

কট্‌কটানো=[দি, রা]—ক্রি. খোঁচাখুচি করা ॥ লোক্‌টির্‌ত কাম্ নাই, খালি কট্‌কটায়ে বেড়াচ্‌ছে। [√ কট্‌কট্ (নাম ধাতু)+আনো প্র.]।

কট্‌কাটিয়া=[রা, দি]—বিণ. শক্ত, বখিল ॥ লোক্‌টা বড় কট্‌কটিয়া।

কট্‌কটে=[খু]—বিণ. টাট্‌কা ॥ কট্‌কটে যায়্‌রুল্।

২=[খু]—বিণ. খর, প্রখর ॥ কট্‌কটে রোদ্। [অনু.]।

কট্‌কট্যা=[চট্ট]—বিণ. তীব্র ঝাল বিশিষ্ট ॥ চেংগুইরা মৈচ্' বেশি কট্‌কট্যা।

২=[চট্ট]—বি. ঝাঁঝালো গন্ধ ॥ মুতর্ কট্‌কট্যা লাই হঁরত্ টিগিত্ ন পারির্।

কট্‌কট্=[ঢা]—বি. চেঁচামেচি ॥ কট্‌কট্ করিস্ না সেরা। [অনু.]।

কট্‌কডানো=[চট্ট]—ক্রি. ডিমপাড়ার পর মুরগীর ডাকা ॥ কিয়র্ ধমকে কুঁরায় কট্‌কডায়? [কট্‌কটানো; ধ্বন্যা.]।

২=[ফ]—ক্রি. ঝগড়া বা কলহ করা ॥ শাদা না পায়, লান্‌দের লগি কট্‌কডায়। [পূবে দেখ]।

কট্‌কাওলা=[কুম]—বি. বন্ধকী কাওলা ॥ যমিডা কট্ কাওলা কর্‌সি। [<কিত্তু কবাল: ﻗﺒﺎﻟﻪ ﻂﻗ আং]।

কট্‌কাপ্‌ন্‌চি=[ব, রা]—বি. সপ্তর্ষী মণ্ডল ॥

কট্‌কিনা=[নো]—বি. কড়া শাসন ॥ হোলাআন্‌রে কট্‌কিনা করন্ লাগে।

কট্‌কে ধুতি=[য]—বি. মাঠে কাজ করার জন্য ছোট ধুতি বিশেষ ॥

কট্‌কৈট্‌টা=[ম]—বিণ. কংকালসার ॥ অশুখে হে কট্‌কৈট্‌টা ঐয়া গ্যাসে।

কট্‌টা=[সি]—বি. বাটি, পেয়ালা ॥ এক্ কট্‌টা সালন্। [<কটোরা کٹورا হিং]।

২=[কুম]—বি. বাতি ॥ কট্‌টা বালাও। [পূর্বে দেখ]।

কট্‌টিন্=[কুম]—বিণ. কৃপণ ॥ হের বাহে কট্‌টিন্ আসে। [<কঠিন]।

কট্‌ঠাই=[কুম]—বি. কাপড় না ভিজাইয়া পার ॥ এই খালে কট্‌ঠাই দিবনি? [<কটি(=হাঁটু)+ঠাঁই=থৈ]।

কট্‌তি=[চট্ট]—বি. মেটে বদনা ॥

কট্‌বেল্=[দি]—বি. কৎবেল ॥ [< কৎবেল<কপিথ+বিল্ব সং]।

কট্‌মটি=[রং]—বি. চঞ্চলতা, ব্যতিব্যস্ততা ॥

কট্‌মট্ করা=[সি]—ক্রি. দুর্বোধ্য কথা বলা ॥ পন্‌ডিত্ হক্‌লে খালি কট্‌মট্ করি কিতা কৈন্ আমরা বুঝি না। [অনু.]।

কট্‌রা লাগা=[দি]—ক্রি. সংকুচিত হওয়া ॥ জোর্ লোহা কট্‌রা লাগ্‌ছে।

কঠা=[সি]—বি. চোয়াল ॥ কঠাত্ বিশ্ করের্। [<কণ্ঠা; কণ্ঠ+আ]।

২=[দি, রা]—বি. মেটে কোঠাঘর ॥ [<কোঠা]।

৩=[সি]—বি. মাঠে পতিত ধান ॥ সেলেমেয়েরা কঠা থুবাইসে।

৪=[রা]—বিণ. অপেক্ষাকৃত ছোট ॥ আঁর্ এড়োটা কঠা।

৫=[চট্ট]—বি. সোনার গোটছড়া ॥ [দেখ কঠা]।

কঠিনে পড়া=[রা]—ক্রি. অভাবের সূত্রপাত হওয়া ॥ শে বর কঠিনে পোলো। [<কঠিনে(=কঠিন সময়ে= অভাবে)+পড়া]।

কঠোয়াল্=[দি, রা]—বি. কাঁঠাল ॥ [<কণ্ঠোআল ম. বাং=কাঁঠাল]।

কঠ্=[রা]—বি. পার্শ্ব ॥ এক কঠে শোয়া ঠিক্ না। [দেখ কট্]।

কড করা=[সি]—ক্রি. ব্যবসা করা ॥ তোমার্ ঠেকাগুইন্ দাও, কড করি দেখি দুই পয়্‌শা আয়েনি।

কডক্‌তারা=[ঢা]—বি. আউশ ধান বিশেষ ॥

কড়রা=[কুম, ঢা]—বি. পেয়ালা ॥ কড়রাত্ সালুন্ ডাল। [দেখ কটরা]।

কডর্ কডর্=[নো]—বি. ঝগড়াঝাটি ॥ হড়ি বৌএ কডর্ কডর্ কৈলে ওখন্ থায়ে না। [<কটর কটর; অনু.]।

কডর্ মডর্=[সি]—অব্য. খট্‌খট্, শব্দ বিশেষ ॥ গরের্ মারে ইন্‌দুরে কডর্ মডর্ করে। [<কটর মটর; অনু.]।

২=[কুম]—বিণ. অস্পষ্ট ॥ কডর্ মডর্ লেখুইয়া পড়েয়া লৈ বর মশ্‌কিল্। [পূর্বে দেখ]।

কডা=[বা]—বি. গেছো ইঁদুর ॥ নারকল্ কডায় কাটে। [দেখ কটা৩]।

২=[রা, খু]—বিণ. কয়টা ॥ কার্ বাপের্ কডা মাথা দেখ্‌বো। [<কয়+ডা=টা]।

৩=[কুম]—বিণ. লবণাক্ত, বেশী লবণ যুক্ত ॥ সালন্ডা কডা লাগে। [< কটা=কটু]।

৪=[ম]—বিণ. হাড্ডিসার ॥ ঐ রহম্ কডা মানুশ্ আর্ দেহি নাই।

কডাই=[ম]—অব্য. কোনখানে ॥ কডাই যাও? [<কোন্+ঠাঁই]।

কডা কাঁডি=[ফ]—বি. মুশকিল ॥ বালা কতা কৈলেই কডাকডি লাগে।

কডাক্ খরা=[ম]—বি. জাল বিশেষ, বড় ছিপ জাল ॥

কডা লাগা=[চা]—ক্রি. বঞ্চিত না হওয়া ॥ মাইয়্যাডা কডা লাইগ্যা রৈসে।

কডি=[চা]—বি. বঁড়শির ফাৎনা ॥ কডি ডুইব্যা গেসেগা, বরে যোর্ দে।

২=[ম]—বি. লাঙ্গলের মুঠি বা হাতে ধরিবার অংশ ॥

৩=[চা]—বি. কাঠ বিড়ালী ॥ কডি তরিতর্কারি কিস্সুই আস্ত রাখে নাই।

৪=[ব]—অব্য. কেন ॥

কডে=[চট, নো]—ক্রি. বিণ. কোথায় ॥ কডে যাও? [<কোন্+ঠে=ঠাঁই]।

কডোর্=[রা]—বি. কোলা ব্যাঙ ॥

কড্=[চা]—বি. এক বছরের জন্য বন্ধক ॥ তিরিশ্ টেহা দিয়া খ্যাত্ কড্ দিসি। [দেখ কট্]।

কড্ডালো=[রং]—ক্রি. কাৎ করিয়া ফেলা ॥

কড়ত্=[পা]—বি. দীর্ঘ পদক্ষেপ ॥ কড়ত্ ফালায়া চ'ল্।

কড়া=[দি]—বি. ঘোড়ার চাবুক ॥ [<কোড়া کوڑا হিং]।

২=[রা]—বি. পোকা বিশেষ ॥ কড়া কাম্ড়ালে বিশ্ লাগে না।

৩=[ব, রা]—বি. ছোট মাছ ॥ কড়া-গুলা পুকুরে ছেড়ে দাও (রা)।

কড়াত্=[খু]—বি. মেঘের গর্জন ॥ [ধ্বন্যা.]।

২=[রং]—বি. এক প্রকার শব্দ ॥ চ্যাংড়াখান্ এক্ শমানে কড়াত্ করিচে। [ধ্বন্যা.]।

কড়া পানি=[য]—বি. গন্ধযুক্ত পানি, বাসি পানি ॥ হুক্কার কড়া পানি ফেলাই দে ॥ [কড়া<কটা<কটু+পানি]।

কড়ালি=[রা]—বি. কচি আম ॥ ঝাল দিয়া কড়ালি খাতে ভাল লাগে।

কড়াল্=[খু]—বি. অংগীকার ॥ [<করার قرار আং]।

কড়াহ্=[খু]—বি. মাগুর মাছের পোনা ॥

কড়ি=[রা]—বিণ. চীনা মাটীর তৈরী থালা ॥ দাঁয়ে আলে কড়ির্ থালে ভাত্ দেশ্।

২=[রা]—বিণ. কচি ॥ কড়ি ডাবের্ জল্।

কড়ি কাশ্ন্দি=[খু]—বিণ. কৃপণ ॥

কড়ি কিশ্টা=[ব]—বিণ. কৃপণ ॥ লোকটা যবর্ কড়ি কিশ্টা। [দেখ করি কিশ্টা]।

কড়িয়া=[রং]—বি. মেয়েদের অলং-কার বিশেষ ॥ [<কড়া<কটক সং]।

কড়ুয়া=[রং]—বিণ. পরিমাণে অধিক, খুব বেশী ॥ তরকারিত্ কড়ুয়া হল্দি দিছে। [<কড়ুবা کڑوا হিং= তিক্ত স্বাদ অর্থে]।

২=[দি]—বিণ. অধিক লবণ বিশিষ্ট ॥ কড়ুয়া তর্কারি খাওয়া কি যায়? [পূর্বে দেখ]

৩=[রা]—বি. সরিষা ॥ কড়ুয়া তৈল্।

কড়ে কড়ে=[রা]—ক্রি. বিণ. ক্রমে ক্রমে [= এক কড়া করিয়া; কড়ে <কড়া <*কওড়া <কবড্ডঅ প্রাং <কপর্দক সং+এ বিভক্তি]।

২=[খু]—ক্রি. বিণ. কড়ায় গণ্ডায় ॥ কড়ে কড়ে হিশাব্ চাই। [পূর্বে দেখ]।

কড়েয়া=[রং]—বি. কড়াই ॥ [<কড়াই <কটাহ সং]।

কড়োই=[খুব—বি. কড়াই ॥ [দেখ কড়েয়া]।

কড়ো কড়ো ভাত্=[য]—বিণ. ঠাণ্ডা ও শুকনা ভাত ॥ [কড়কড়ি বা কড়কড়ে ভাত]।

কড়োচ'া করা=[কু]—ক্রি. জোর তাগাদা করা ॥ কড়োচ'া করি যা [কড়চা<কড়া+চা প্র.]।

কড়্=[রা]—বি. দিক্ ॥ কোন কড়ে আচো?

২=[খু]—বি. হাতের মোটা চুড়ি বিশেষ ॥ [<কড়া<কটক সং]।

৩=[রং]—বিণ. কচি ॥ কড় আম্ খাতে কশ্টি লাগে। [=কড়া (কচি)]।

কড়্ কড়া=[কু]—বিণ. গরম ॥ [দেখ কড়ো কড়ো ভাত]।

কড়্ কড়ানি=[পা]—বি. বিরক্তি, অসহ্য বোধ ॥ [অনু.]।

কড়্ কড়ানো=[য, খু]—ক্রি. শব্দ করা ॥ মুরগিডা ডিম্ দিবি, তাই কড়্ কড়াস্সে। [কড়কড় ধ্বন্যা.+আনো প্র.]

কড়্ কাড়িয়া=[দি]—বিণ. মড় মড়ে ॥ খাবার গুলি কড়্ কড়িয়া হৈ গেছে। [=কড় কড়ে]

কড়্ কড়্=[রা]—বি. শব্দ ॥ মুরগিটা কড়্ কড়্ করে। [<ধ্বন্যা.]।

কড়্ কা[কু]—বি. চুঙ্গি ॥ কড়্ কা না হলে বাতিতে তেল্ ঢালার্ অশুবিধা হয়।

কড়্ চ'া=[কু]—বি. প্রশ্ন ॥

কড়্ পড়া=[খু]—ক্রি ক্ষতের উপর শক্ত চামড়ার সৃষ্টি হওয়া ॥ গরুর্ কান্ধের্ ঘায়ে কড়্ পরেছে।

কড়্ পা=[দি, পা, রা]—বি. বাঁশের তৈরী খুব বড় ডালি বা ধামা ॥

২=[কু]—বি. তরল পদর্থ বোতলে ঢালিবার জন্য ব্যবহৃত চুঙ্গি ॥

কত আমল্=[সি]—বি. বহুদিন ॥ আমার্ চাঁদর্খানার্ কত আমল্ গেল। [<কত+'আমল عمل আং]।

কত কাইল্যা=[চা]—বিণ. অনেক পুরাতন ॥ আমার্ কত কাইল্যা গর্। [<কত+কাল+ইয়া]।

কত কালান্তি=[রং]—বিণ. বহু দিনের পুরাতন ॥ কত কালান্তি কথা। [<কত+কালান্ত+ই প্র.]।

কত কালিয়া=[রং]—বিণ. বহুকাল আগের ॥ কত কালিয়া পুরানা কথা। [দেখ কতকাইল্যা]।

কত কোন্ডা=[কুম]—সর্ব. কেহ কেহ ॥ কতকোন্ডায় প্রতি কর্তা পারে। [<কত+গণ্ডা]।

কতক্কন্=[চট্ট]—ক্রি. বিণ. কতক্ষণ ॥ কতক্কন্ ঝিঁমাত্থায় কথা কও ক্যা ? [<কতক্ষণ]॥

কতগিলা=[রং]—বিণ. কি পরিমাণ॥ কতগিলা টাকা আন্‌চিশ্ বাঁয় ? [< কত+গুলা]।

কত গোনা=[দি, রা]—বিণ. কতটুকু॥ কতগোনা ভাত্ খালুরে। [<কত+ গোনা=গুনা<গুলা]।

কতগোন্ডায়=[ঢা]—বি. কতলোক॥ কত গোন্ডায় যাইব ? [দেখ কত-কোন্ডা+এ বিভক্তি]।

কতন্=[রং]—বি. কথা বার্তা ॥ কতন্ কাতন্ শব্ ঠিক্ ঠাক্ হৈছিল্ ? [<কথন]।

কতবালা=[রং]—বিণ. কতকগুলি ॥ কতবালা টাকা ঘুশ্ চায়ছে বাহে ? [<কত+বালা প্র.]।

কতবৈল্=[সি]—বি. কত সময়॥ আর্ কতবৈল্ দেরি কর্‌তে পারি ?

কতরাটে=[রং]—ক্রি. বিণ. কতস্থানে॥ কতরাটে গেলু কাজ্ এক্‌টেও হয় নাই। [কত+রাটে<রাষ্ট্রে ?]।

কতর্=[ব, রা]—বি. কবুতর ॥ [<কবুতর کبوتر ফা.]।

কত হ্‌রাব্‌ড়ি=[ম]—বি. বহু অব-র্জনা ॥ কত হ্‌রাব্‌ড়ি দলা ঐসে।

কতা=[কুম]—বি. কাঁঠালের বিচিহীন কোষ, কোষের চারিপাশের লম্বা লম্বা আঁশ॥ কতাগুলি খুব মিডা।

কতাইন্=[চট, নো,]—বিণ. কতখানি, কতগুলি ॥ এন্‌তে কতাইন্ নিবা ? [<কত+খানি] ॥

কতা কাটা=[ঢা]—ক্রি. অন্যের কথা এড়াইয়া যাওয়া ॥ তুমি এত কথা কাটতে চাও কেন ? [<কথা+কাটা]।

কতাক্‌কিন্=[চট্ট]—বিণ. কতখানি॥

কতারি=[কুম]—বিণ. কতকগুলি ॥ আরে বাবারে, কতারি মাস্ দর্‌স ? [<কত+রি=টি]।

কতি=[রা]—অব্য. কোথায় ॥ কতি জাইবা ? [<কোথা]।

২=[খু]—অস. ক্রি. বলিতে॥ কি কতি কি কৈশ্ ? [<কহিতে]।

কতিয়া=[রা]—বি. জমির আইল বিশেষ ॥ [<কাঁতি<কাঁত<কান্ত+ ই প্র.]

কতু=[নো]—ক্রি. বিণ. কোথা হইতে॥ কতু আইসত্ ? [<কোথা+তু= হইতে]।

২=[কুম, ফ]—বি. কোচে ব্যবহৃত লৌহ শলাকা॥ কতুগুলা বেশ্ শক্‌তো।

কতুকি=[চট্ট, নো]—বিণ. যে খুব কথা বলে ॥ মাইয়াগা বড় কতুকি। [<কৌতুক+ই প্র. ; অথবা কথক+ ই প্র.]।

কতুগা=[চট্ট]—বিণ. কতকগুলি ॥ এন্‌তে কতুগা ধান্ ? [<কত+গা =টা]।

কতুলা=[রং]—বিণ. কতগুলা॥ তোর্ কতুলা টাকা হৈছে ? . [<কত+ গুলা]।

কতোকিনি=[সি]—ক্রি. বিণ. অনেক-খানি॥ কাম্‌ড়া কতোকিনি করিলাইসি। [<কতখানি]।

কতোরা=[খু]—বিণ. কতগুলি ॥ কতোরা লোক্ আইয়েছে। [<কত +রা বহু ব. প্র.]

কতোলা=[রং]—বিণ. কতকগুলি ॥ তোর্ কতোলা টাকা হৈছে ? [দেখ কতুলা]।

কত্ কতানো=[খু]—ক্রি. ছট্‌ফট্ করা। [কত্‌কত্ (নাম ধাতু)+আনো প্র.]॥

কত্‌কত্=[য]—অব্য. শব্দ বিশেষ ॥ কত্‌কত্ করি পানি খাও কেন্ ? [অনু.]।

কত্‌কনে=[চট্ট]—অব্য. কখন ॥ [কতক্ষণে]।

কত্‌কি=[রং]—বিণ. কত টাকার, কোন্ পরিমাণের ॥ হেটা কত্‌কি ভাগ্‌রে ? [<কত+কি=করিয়া, কৃষ্ণা সং]।

কত্‌কুন্=[ঢ]—ক্রি. বিণ. কতক্ষণ॥ কাম্‌ড়া কর্‌তে কত্‌কুন্ লাগে ? [<কতক্ষণ]।

কত্‌কের্=[ঢা, ফ]—বিণ. কত দামের॥ কত্‌কের্ মাস্ আন্‌স ? [<কতক+এর]।

কত্‌তকুন্‌না=[রং]—বিণ. কতকগুলি, কি পরিমাণ॥ কত্‌তকুন্‌না জিনিশ্ ধরে ? [<কতকগুলা]।

কত্‌তাডি=[কুম]—বিণ. অনেক-গুলি ॥ [<কত+ডি<টি]।

কত্‌তন্=[কুম]—ক্রি. বিণ. কোথা হইতে ॥ আঁই কত্‌তন্ টেঁয়া দিউম্ ? [<কোথা+তন=হইতে]।

কত্‌তর্=[চট্ট]—বিণ. কতবড় ॥ [<কতবড়]।

কত্‌তা=[ফ]—বিণ. অনেক॥ কত্‌তা মাস্ পাইস ?

২=[খু]—বিণ. তোমার্ কত্‌তা টাকা লাগ্‌বে ? [<কতটা]।

কত্‌তান্=[কুম]—বিণ. কতকিছু॥ খাওনের্ কত্‌তান্ যুগার্ কর্‌সি। [< কতখান]।

কত্‌তারা=[ঢা]—বিণ. কত বড় ॥ মাগ্‌গ মা, কত্‌তারা হাপ্ ? [<কত+ বড়]।

কত্‌তাহানি=[ঢা]—বিণ. অনেক-খানি ॥ আমারে কত্‌তাহানি দুদ্ দিস। [<কতক+খানি]।

কত্‌তি=[চট্ট]—বি. বদনার মত নল-বিশিষ্ট মেটে পাত্র॥ কত্‌তিত্ করি পানি খাই।

২=[পা, রং]—ক্রি. বিণ. কোথায়, কোনদিকে॥ কত্‌তি আইশ্ বাঁয় ? [<কোথাতে=কোথায় ; দেখ কত্‌ত্তে, কথাতে]।

৩=[খু]—অব্য. অপেক্ষা, চাইতে॥ রামের্ কত্‌তি শ্যাম্ বড়। [<করিতে]।

কত্তু=[রং]—বি. ঘায়ের ঔষধ বিশেষ ॥

কত্তুক্=[চট্ট]—বিণ. ক্ষমতা সম্পন্ন॥ লোক্টা খুব কত্তুক্।

কত্তে=[চট্ট]—ক্রি.বিণ. কোথায়॥ কত্তে যাও? [<কোথা+তে]।

২=[কুম]—ক্রি. বিণ. কখন॥ তুঁই চাঁডিগাঁ কত্তে যাইবি? [দেখ কঁঅত্তে]।

কত্না=[য]—বিণ. কতটুকু॥ কত্না দূরে যাইব? [<কত+ না অব্য.; তুং কিত্না হিং]।

কত্মা=[ঢা]—বি. কাছিম, কচ্ছপ॥ তওলাডা কত্মায় ধরা।

কত্রা=[চট্ট]—বি. বিন্দু, ফোঁটা॥ [কত্র: قطرہ আং]।

২=[দি]—বি. ঢেঁকির খুঁটি॥

কত্রা কত্রা=[চট্ট]—ক্রি বিণ. ফোঁটা ফোঁটা, ইলশেগুড়ি॥ কত্রা কত্রা বিশ্টি পড়ের্। [দেখ কত্রা]।

কত্রাগিলা=[রং]—বিণ. কি পরিমাণ॥ কত্রাগিলা টাকা ঘুশ চায়ছে? [<কত+রা=টা+গুলা]।

কত্রি=[ঢা]—বিণ. বাচাল॥ এই মাইয়াডা এক্ নম্বর্ কত্রি। [<কথা +রি প্র.]।

কত্লা=[ঢা,কুম,সি]—বিণ. কতগুলি, কতটুকু॥ কত্লা মাস্ দর্সো? [< কত+লা=টা]।

কথর্=[চট্ট]—বিণ. কত বড়॥ কথর্ বাড়ি। [<কত+বড়]।

কথাকাটা=[রং]—বিণ. মিথ্যাবাদী॥ তোর্ মতো কথাকাটা আর্ দেখোঁ না। [কথা+কাটা]।

কথাকে=[রা]—বিণ. বাচাল, অতিরিক্ত কথা বলে যে॥ আমার ছোট মেয়েটা ভারি কথাকে। [<কথক+এ<ইয়া প্র.]।

কথাত্তে=[রং]—ক্রি.বিণ. কোনস্থানে॥ কথাতে বাবা/বাছে? [<কোথা+তে; দেখ কত্তে]।

কথায় বার হাত=[রং]—বিণ. গল্পবাজ, বড় বড় কথা বলে যে॥ তুইতো খালি কথার বার হাত।

কথার অদ্ করা=[সি]—ক্রি. দোষ ত্রুটি বাহির করা॥ [কথার+<হদ্ حد আং+করা]।

কথার্ বানিয়া=[রং]—বিণ. গল্পবাজ, বখাটে॥ তুইত খালি কথার্ বানিয়া। [<কথার+বেনিয়া<বণিক্]।

কথি=[পা]—ক্রি.বিণ. কোথায়॥ কথি যাইবা? [<কোথা<কুত্র সং]।

কথ্=[ম]—বি. খয়ের॥ [<কথ্ <কথা হিং.<কাথ সং]।

কথ্ত মতে=[কুম]—ক্রি. বিণ. কত-ভাবে,অনেক কথা বলিয়া॥ তারে কথ্ত মতে বুঝাইল্। [<কত+মতে= ভাবে]।

কদন্=[পা,চট্ট]—বি. কথন॥ [< কথন]।

কদর্=[রা]—বি. ধুন্দল, তরকারি বিশেষ॥ আমার্ জননি ঝিঙা আর্ কদর্ আনিশ্।

২=[য]—বি. পেঁপে॥

কদর্দাঁহা=[চট্ট]—বিণ. গুণগ্রাহী॥ [<কদর قدر আং+দাঁহা<দাঁ دان ফা.]।

কদা=[ব,রা]—বিণ. গামলা, মাটির গোলাকারপাত্র॥ [<কদ্হ قدح আং]।

২=[পা,চট্ট]—বি. কথা॥ কদা দিয়ে (দিয়েছে)। [<কথা]।

৩=[রং]—বি. পটল॥ কদা ছানা আর্ গর্ম ভাত্ খাতে ভাল।

কদাচাঁর্=[ম]—বিণ. নোংরা॥ বারিগর্ কদাচাঁর্ কৈরা রাখস্ ক্যা? [অর্থের বিকৃতি অথবা কদাকার]।

কদানো=[রা]—ক্রি. কোন কাজ বা জিনিষ অগ্রাহ্য করা॥ ওমকা কামোক্ হামি কদাই।

কদাল্ ধুয়া=[দি, রা]—ক্রি. কোদালের কাজ শেষ হইয়া যাওয়া॥ আজ্ থাকি মুই কদাল্ ধুই আছ। [<কোদাল <কুদ্দাল সং+ধোয়া]।

কদাল্ পাড়া=[দি, রা]—ক্রি. কোদ্লানো, মাটি কোপানো॥ কাইল্ জমিতে কদাল্ পাড়ি থুইয়। [<কোদাল+ পাড়া]।

কদি=[রা]—বি. গালি, মার॥ তোরা কদি না পেলে তাজু হবু না।

কদিন্=[কুম,নো]—ক্রি, বিণ. কবে॥ আঁই তোরে কদিন্ কৈসি? [<কয়দিন]।

কদ্আ=[চট্ট]—বিণ. কতকগুলি॥ [<কত+গুআ=গুলা, গো হিং]।

কদ্উন্=[চট্ট]—বিণ. কতকগুলি॥ [<কত+গুন=গুলা]।

কদ্গগা=[চট্ট]—বিণ. কতকগুলি॥ কদ্গগা মানুশ্ আঁইয়ে, আঁই ন চিঁনি। [দেখ কতুগা]।

কদ্নি=[চট্ট]—বিণ. কতকগুলি॥ [<কত+গুনি=গুলি]।

কদুয়া=[রং]—বিণ. কদুর তুল্য, মোটা॥ এটা কদুয়া আম্। [<কদু <কদ্দূ ফা. (=লাউ)+ইয়া প্র.]।

কদৈ=[রা]—বি. পায়ের গোড়ালি॥

কদো=[য]—বিণ. বিরক্তি উৎপাদক॥ কদো পোলা লয়ে বড় বালা।

কদ্=[খু]—বি. সুসিদ্ধ মশুর ডাল॥

২=[চট্ট]—বি. খয়ের॥ কদ্ ছাড়া পান্ মযা না। [দেখ কথ্]।

৩=[কুম, সি]—বি. শরীরের গঠন, আকৃতি॥ ময়না বাইট্যা কদের্। [<কদ্ قد আং]।

কদ্দা=[চট্ট]—বাটি, পাত্র॥ কদ্দাত্ করি চাঁ দ্যাও। [দেখ কদা]।

২=[নো, চট্ট]—বিণ. বড় খণ্ড, টুকরা॥ এক্ কদ্দা মাস্।

৩=[নো]—বি. ময়লা॥ গাবুঁদৈদে একসার্ কদ্দা বাধি গেসে। [<কাদা <কর্দম সং]।

কদ্দুন্=[চট্ট]—বি. কালো সুতা বিশেষ॥ মেলাত্ থাকি কদ্দুন্ আইন্য। [<করতোন قیطون তু.]।

কদ্দুম্=[রা, ব]—বি. কোমরে ব্যবহৃত সুতা বা ফিতা॥ 'বৈরাগি ও বলো, কদ্দুমও ছিঁর্লো।' [দেখ কদ্দুন্]।

কদ্বেল্=[ঢা]—বি. কাঠবেল, এক প্রকার টক বেল॥ [<কয়েথ<কপিথ +সং বেল<বিল্ব সং]।

কদ্মা=[চট্ট]—বি. একজাতীয় চর্ম-রোগ ।। আর্‌তুন্ কদ্মা ঐয়েরে গা খারাপ্ গরি ফেলাইয়ে ।

২=[রং]—বি. মেয়েদের কানের অলঙ্কার বিশেষ ।।

৩=[রং]—বি. এক প্রকার বড় পাখী ।।

৪=[ঢা, কুম]—বি. চিনিজাত মিষ্টি ।। [<কদম<কদম্ব+আ প্র. ; কদমের মত আকৃতি বিশিষ্ট]।

কদ্মা খাজা=[ব]—বি. এক প্রকার মিষ্টান্ন ।। [দেখ কদ্মা৪] ।

কদ্মাশর্=[রং]—বি. এক প্রকার বড়া পাখী ।। কদ্মাশুর্ পক্‌খিলা শব্ শময় দল্ বান্দি বেড়ায় ।

কদ্মি=[রা]—বি. মিষ্টি কুমরা ।।

কদ্মে=[য]—বি. কুমড়া তরকারি ।।

কদ্রানি=[সি]—বি. ইচ্ছা থাকা সত্ত্বেও অনিচ্ছা প্রকাশ ।।

কদ্রংগি=[খু]—বি. ভাবের আতিশয্য ।। তুমি এক্ কদরুংগি যুড়িস ! [<কদ(=কু<কুৎ)+রঙ্গ+ই প্র.]।

কদ্লানো=[রং]—ক্রি. খনন করা ।। হেখান্ কদ্‌লাইল্ কাঁয় ? [<কোদলানো<কোদাল+আনো প্র.]।

কদ্লির্ বোগ্=[ঢা]—বি.মেয়েদের গালি বিশেষ (অনেক খাওয়া অর্থে) ।। তর্ কদ্‌লির বোগ্ অহনও ঐল্ না ? [<কদলির ভোগ]।

কনক্ চু'রা=[ব]—বি. আমন ধান বিশেষ ।। [<কনকচূড়া]।

কনকচু'র্=[খু, রা]—বি. একটি ধানের নাম ।। কনক্‌চু'রের খৈ বড় ভালো । [<কনকচুর]।

কনক্তারা=[চট্ট]—বি. লাল রঙের আউশ ধান বিশেষ ।।

কনা=[বা]—অব্য. টি ।। ছাওয়াল কনা কান্দোচে । [<খানা]।

২=[নো]—বি. মাছের বাচ্চা ।। হৈল্ মাসে কনা দিসে । [<কনীয়স্ সং কিংবা কণা সং ; ক্ষুদ্র অর্থে]।

৩=[সি]—বি. ছোট ছেলে ।। কনা মিয়ার্ বারি কোন্‌ডে ? [পূর্বে দেখ]।

কনামনাই=[সি]—বিণ. ছোট ।। [কনাই<কনীয়স্ (অথবা কণা)+মনাই অনু:]

কনামনা=[সি]—বিণ. অতি ছোট ।। গাসে ইবার্ কনামনা দুইডা কাটাল্ ধর্‌সে । [দেখ কনামনাই]।

কনাদ্=[রা]—বিণ. সামান্য পরিমাণ ।। কনাদ্ চিড়া আচোল্, খায়ে আনু । [<কণা+দু'<দুই=অল্প অর্থে]।

কনাল্=[চট্ট]—বি. বাতাবি লেবু ।। পাকা কনাল্ ।

কনা শিংগার্=[য]—বি. বিয়ের কনের সাজসজ্জা । [<কন্যা+শিঙ্গার<শৃঙ্গার সং]।

কনি=[রং]—বি. নখ ।। হাতের্ কনি বড়ো হচে । [<কোণ+ই প্র.]।

২=[সি]—বিণ. ছোট মেয়ে ।। কনি বিবিরে কুথায় বিয়া দিসৈন্ ? [<কনি<কণিকা=ক্ষুদ্র অর্থে অথবা <কনীয়স্ সং]।

৩=[ঢা, কুম, সি, ফ]—বি. কনুই মারা আঘাত ।। গোলমাল কর্‌লে কনি খাবি । [<কনুই<কফোণি সং]।

কনিয্=[ম]—বি. বাঁদী, দাসী ।। আমারে কি কনিয্ পাইস যে, খাডাইয়া মার্‌বা ? [কনীয کنیز ফা.]।

কনি মারা=[ঢা]—ক্রি. কনুই মারা আঘাত করা ।। [<কনুই+মারা]।

কনিয়া যাল্=[ম]—বি. ঝাপি জাল ।। [কনুই+আ প্র.+জাল] ।

কনিয়ান্=[ম]—ক্রি. ঘুষি মারা ।। কথায় শায়েস্তা না ঐলে কনিয়াইয়া ঠিক্ করমু । [<কনুই+আন প্র.] ।

কনুয়া=[দি, রা]—বিণ. ঘর হইতে যে বড় বেশী বাহির হয় না ।। লোকটা বড় ঘর কনুয়া । [<কোন+ইয়া প্র.]

কনে=[চট্ট, নো]—সর্ব. কে ।। কনে আমার্ গেলাশ্‌টা ভাংঙ্গি ফেলাইসে ? [<কোন্+এ] ।

২=[রা]—ক্রি. বিণ. কোথায় ।। কনে জাও ? [<কোহানে<কোনখানে] ।

কনেকার্=[পা]—বিণ. কোথাকার ।। তুই কনেকার্ যাইলা বুত্ আইসশ্ ? [<কনে<কোনখানে+কার (সম্বন্ধে)]।

কনেক্=[রং]—বিণ. কিছু ।। হামাক কনেক্ মাছ দেন্ বাহে ।

কনেয়ালা=[য]—বি. বাক্‌পটু ।। হে মস্ত কনেয়ালা । [<কহ্‌নেওয়ালা হিং]।

কনোজ্=[দি]—বি. শিঙ্গী মাছ ।। কনোজের কাঁটায় বিশ্ আছে ।

কন্=[চট্ট]—অব্য. কোন্ ।। কন্ বাবারত্ যাবি ? [<কোন] ।

২=[পা]—অব্য. কোথায় ।। তুই কন্ যাশ্ ? [দেখ কনে] ।

কন্‌কনা=[সি]—বিণ. পরিষ্কার, নিরেট, ছিদ্রহীন ।। কন্‌কনা বাশ্ দি বারি মারি মাথা ফাটাই দিসে ।

কন্‌কনি=[সি, চট্ট]—বি. গোঁ গোঁ শব্দ ।। [ধন্যা.] ।

২=[ম]—বি. সখ ।। তার্ বিদ্যাশ্ যাওয়ার্ কন্‌কনি বেযায় বেশি ।

কন্‌কনিয়া=[রা, দি]—বিণ. কন্-কনে ।। কন্‌কনিয়া জার্ । [কন্‌কনে; অনু.] ।

কন্‌কনে=[খু]—বিণ. শক্ত ।। দড়িটা পাকের্ চোঁটে কন্‌কনে হৈ গেসে। [অনু.]।

কন্‌কন্‌না=[চট্ট]—বিণ. তীব্র ।। কন্-কন্‌না শিত্ । [দেখ কনকনিয়া; অনু.]।

কন্‌কাইত্=[চট্ট]—বি. কোন্ স্থানে ।। [কোন+কাত্=দিক] ।

কন্‌কার্=[পা]—বিণ. কোথাকার ।। কন্‌কার্ লোক ? [<কোহান্<কোন-খান্+কার (সম্বন্ধে)] ।

কন্‌কেয়ারি=[রা]—বি. গাছ বিশেষ ।।

কন্‌কের্=[য]—বিণ. কোথকার ।। কন্‌কের্ মিনিশ্ গো ? [দেখ কন্‌কার্]।

কন্‌কৈন্‌না=[কুম]—বিণ. কনকনে, শক্ত, পাকা ।। পোলাডা কন্‌কৈন্‌না আসে । [অনু.]

কন্‌গার্=[খু] বিণ. কোথাকার ।। ক'নগার্ লোক্ তুমি ? [দেখ কন্‌কার্]।

কন্চ'া=[ঢা]—বি. রাখালের হাতের লাঠি ॥ [<কম্চি قمچی তু.]।

কন্চি'=[সি]—বি. বেত ॥ [দেখ কন্চ'া]।

কন্চে'শন্=[খু]—বি. কমিশন ॥ অনেক্ টাকার্ যিনিশ্ কিন্লি কিস্তু কন্চে'শন্ পাওয়া যায়। [<কনসেশন concession ইং]।

কন্ষাল্=[ফ]—বি. পেরেক ॥

কন্ষিশ্=[সি]—বিণ. কৃপণ ॥ তুই বর কন্ষিশ্। [<কঞ্জুস হিং]।

কন্ষুষ্=[কুম]—বিণ. কৃপণ ॥ বেডাডা যবর্ কনযুষ্। [দেখ কন্ষিশ্]।

কন্ষ্যুশের্ আড়্=[পা]—বিণ. কৃপনের একশেষ॥ [<কঞ্জুসের হাড়]।

কন্টক্গ্যান্=[য]—বি. কাণ্ডজ্ঞান ॥ তোর্ মোটেই কন্টক্গ্যান্ নেই। [< কাণ্ডজ্ঞান]।

কন্টন্=[ঢা]—বি. বৈয়াম ॥ কন্টন্ বরা চি'নি।

কন্টা=[রং]—অব্য. কোন্টা ॥ কন্টা তোমার বাড়ি? [<কোন্টা]।

কন্ঠা=[সি]—বি. মহিষের হালের একটি উপকরণ ॥ তার্ হালের্ কন্টা বাংগি গেসে।

কন্ডক্তারা=[নো]—বি. এক প্রকার ধান ॥ [<কণ্টক তারা< কনকতারা]।

কন্ডক্দার্=[চট্ট]—বি. ঠিকাদার ॥ কন্ডক্দার্ ঘর্ বান্ধার্ কাম্ করের্। [<কণ্ট্রাক্টর contractor ইং]।

কন্ডলি=[সি]—বিণ. যে বিবাদ বাড়ায়, ঝগড়াটে ॥ তার্ শালাটা বর কন্ডলি। [<কোন্দল<কন্দল সং+ ই প্র.]।

কন্ডল্=[সি]—বি. ঝগড়া ॥ 'বেটি আর্ মাটি, কন্ডলের্ গাটি।' [< কোন্দল<কন্দল সং]।

২=[সি, কুম, নো, ঢা]—বি. কন্ট্রোল ॥ কন্ডলের চা'উল্ আন্নু। [<কন্ট্রোল control ইং]।

কন্ডা=[কুম]—বি. কণ্ঠা ॥ আমার্ কন্ডাত্ কাডা ঠেক্সে। [<কণ্ঠা]।

২=[চট্ট]—বি. অঙ্কুর ॥

কন্ডাই=[কুম]—ক্রি.বিণ. কোথায় ॥ তুই কন্ডায় গেস্লি? [<কোন্ ঠাঁই]।

কন্ডে=[চট্ট]—ক্রি. বিণ. কোন স্থানে ॥ [<কোন্+ঠেঁ<ঠাঁই]।

কন্ডেয়া=[রং]—বি. গালি বিশেষ ॥ তুই এক্ কন্ডেয়া শালা।

কন্ডেয়া আড়া=[রং]—বি. গালি বিশেষ ॥ মোর কন্ডেয়া আড়ার্ ঘর্।

কন্ডৈল্লা=[চট্ট]—বিণ. কি ধরণের ॥ ইডা কন্ডৈল্লা পোয়া। [< কোন্+ডৌল হিং+ইয়া প্র.]।

কন্ডোল্=[সি]—বি. গণ্ডগোল ॥ ইহানে কন্ডোল্ করো নায়্। [< কোন্দল<কন্দল সং]।

কন্ডোল্=[চট্ট]—ক্রি. বিণ. কোন প্রকারে॥ কনডোলে আঁরা দিন্ টানি। [দেখ কন্ডৈল্লা]।

কন্তা=[রং]—বি. কথা ॥ কি কন্তা কন বাহে?

কন্তারা=[চট্ট]—সর্ব. কাহারা ॥ কন্তারা গেইসে?

কন্থআ=[রং]—বিণ. অহংকারী, গর্বিত ॥ কন্থআ মানুশের্ গরত্ না যাইম্।

কন্দল্=[ঢা]—বি. ছেলেমেয়েদের কান্নাকাটি ॥ এক্যায় কন্দল্ করিস্ না। [<কন্দল সং]।

কন্দা=[কুম]—ক্রি. বিণ. কোন দিক দিয়া ॥ তুমি কন্দা যাইবা? [< কোনখান+দিয়া]।

কন্দি=[চট্ট]—ক্রি.বিণ. কোন পথ দিয়া, কোন দিক দিয়া ॥ কন্দি যাবি? [দেখ কন্দা]।

কন্দোলা=[ম]—বি. কানের দুল ॥ [<কর্ণ+দোলা<দুল]।

কন্দোল্=[য]—বি. বিচালি নাড়ার বাঁশের আঁকশি ॥

কন্নত্=[চট্ট]—ক্রি. বিণ. কোন খানে, কোন জায়গায় ॥ ইয়ান্ কন্নত্ রাইখ্যাস? [<কোন্+খান<স্থান সং+ত সপ্তমী]।

কন্না কন্নি=[নো]—বি. মারামারি ॥ কন্না কন্নি করি হালার্ হতেরা মৈল্ল। [দেখ কন্নানো]।

কন্নাত্=[রা]—বি. মুরগির জাত বিশেষ ॥ কন্নাত্ মুরগির্ দাম্ বেশি।

কন্নানো=[কুম]—ক্রি. কনুই দিয়া প্রহার করা ॥ [<কনুই+আন প্র.]।

কন্নান্=[চট্ট]—বিণ. কোনখানা ॥ কন্নান্ তোঁয়ার্ কাঅর্? [<কোন্+খান]।

কন্না বুয়াই=[সি]—বি. ভাবী ॥ কন্না বুয়াই নাইওর্ গেসেন্। [< কন্যা+বুয়া হিং]।

কন্নার্ মা দুলার্ মা=[বুন]—বিণ. দুমুখো ॥ এই বুবা বেডিডা কন্নার্ মা দুলার্ মা, তাইর্ কাসে কোন কতা কৈস্ না। [<কন্যার মাতা+<দুল্হা হিং+মাতা; মূল অর্থ—ক'নের মা, বরের মা]।

কন্নাল্=[চট্ট]—বি. বাতাবি লেবু বিশেষ ॥ কন্নাল্গুলা চা'র্ আনায় বেচ্'বে।

কন্নি=[রং]—বিণ. কর্মদক্ষ ॥ ভারি কন্নি তুমি, হামাক্ শিখাও। [< করনী]।

কন্নি=[ঢা]—বি. রাজ মিস্ত্রীর ব্যবহার্য খুরপী সদৃশ উপকরণ বিশেষ ॥ [<কনিক]।

কন্নিন্=[চট্ট]—বি. কোন্ বস্তুগুলি ॥ [<কোন্+গুনিন<গুলিন]।

কন্নুন্=[চট্ট]—সর্ব. কোনগুলি, কাহারা ॥ [<কোন্+গুন<গুলন <গুলিন]।

কন্নুয়া=[চট্ট]—অব্য. কোন্টা ॥ তোমার্ কলম্ কন্নুয়া? [<কোন্+ গুয়া=টা; তুং গো হিং]।

কন্নে=[কুম, ফ]—অব্য. কখন ॥ কন্নে তুই আইসিশ্? [<কখনে= কখন]।

কন্মুই=[চট্ট]—ক্রি.বিণ. কোন দিকে ॥ কন্মুই যাইবা? [<কোন্

+মুখী=দিকে]।

কাইশ্টা=[ম]—বি. পিতল তামা কাঁসা প্রভৃতি ধাতুর সঙ্গে তৈলের সংস্পর্শে সৃষ্ট গাদ ॥ [<কাঁস(< কাংস্য সং)+টা প্র.] ।

২=[রা,ব]—বিণ. কাচা ॥ কাইশ্টা আম্ টক্ । [<কাঁচা (কাঁচা)+টা প্র.]।

কাইসা=[ম]—বিণ. নাছোড়বান্দা ॥ এই কাইসাডার্ যালায় আর্ বাচি' না । [<কাঁচা (শিশু) ; অর্থ প্র.] ।

২=[নো, কুম, বা, ফ]—বি. ঝাড়ু, নারিকেলের শলার ঝাড়ু ॥ তোর্ নাহান্ বাতারের্ কপালে কাইস্যার্ বারি । [<কাছ (<কাছানো=মুছিয়া শাফ করা)+আ প্র.] ।

কাইসাল্=[পা]—বি. বড় নৌকা আটকাইয়া রাখিবার কাঠ বিশেষ ॥ কাইসালে নাও বান্দ ।

কাইস্যা=[চট্ট]—বি. কাশবন ॥ [দেখ কাইশ্যা] ।

কাইস্=[বা—বি. জেলে নৌকার এক পাশ ॥ তুমি ঐ কাইসে যাও [<কাছ (কচ্ছ) ; অর্থ প্র.

২=[ফ]—বি. আগাছা ॥ খেত দানের্ চ'াইতে কাইস্ বেশি ।

কাইস্ কাডা=[চা]—ক্রি. উপর হইতে কিছু কর্তন করিয়া রাখা ॥ এই দুগা মুরির্তন্ তুই আবার্ দুগা কাইস্ কাইট্যা রাখ্লি ? [কাছ (কচ্ছ<কক্ষ সং)+কাটা] ।

কাইস্তা=[ক]—বিণ. কাঁচা, প্রসব-কালীন ॥ কাইস্তা দুদ্ খাওয়া ঠিক্ না । [কাঁচা+তা প্র.] ।

কাইস্মা=[সি]—বিণ. বেশী আহার করে যে ॥ পুরাটা এক্কেরে কাইস্মা । [<কাছিম (<কচ্ছপ সং)+ইয়া প্র. ; অর্থ প্র.] ।

কাইস্লা=[ক]—বি. ঝাড়ু ॥ [দেখ কাইসা২] ।

২=[বা]—বি. লম্বা ও চিকণ পাতা-ওয়ালা ঘাস বিশেষ ॥ কাইস্লা দিয়া গরু সাইলে বেশ্ টিকে । [<কাশ+ ইয়া প্র.] ।

৩=[কুম]—বি. কাপড়ের পাড় ॥ [<কাছ (<কচ্ছ<কক্ষ সং)+ইয়া প্র.] ।

কাইস্লা পাত্=[চট্ট]—বি. বৃষ্টির নাম (যে বৃষ্টির অবিরাম বর্ষণের ফলে কাশবনে ফুল ফুটে) ॥ [দেখ কাইশ্যা+ পাত (<পাতন) ; অর্থ প্র.] ।

কাইস্লা বন্=[বা]—বি. কাশবন ॥ [দেখ কাইশ্যা+বন] ।

কাইস্লার্ সোফা =[চা]— বি. ক্ষেতের আলের সীমা নির্দেশক লম্বা তৃণ বিশেষের গুচ্ছ ॥ [দেখ কাইশ্যা +র (সম্বন্ধে)+সোফা< ছোবা (< স্তূপ) +আ প্র. ; অর্থ প্র.] ।

কাইস্সাল্=[ফ]—বি. বড় নৌকা বা জাহাজের কাছি, শিকল আটকাইবার দড়ি ॥ [কাছি+আল প্র.] ।

কাইহিয়া=[রা]—বি. মাড়োয়ারী ॥ [দেখ কাইয়া১] ।

কাউ=[বা, চট্ট]—বি. এক প্রকার টক ফল ॥ 'কাউ খাই আউ ডাউ' ।

২=[চট্ট]—বি.কাকা ॥ [<কাকু= কাকা] ।

৩=[কুম]—বি. এক প্রকার খেলার মধ্যে যাহাকে ধরিবার জন্য সকলে চেষ্টা করে ॥ কাউরে বের্ দ্যাও ।

৪=[চট্ট]—বি. বিশেষ লাভ বা আনন্দ ॥

কাউইন্যা=[কুম]—বিণ. স্বাভাবিক আকারের চেয়ে ছোট বীজ ॥ [দেখ কাঐন্+ইয়া প্র. ; অর্থ প্র.] ।

কাউইন্=[কুম]—বি. শস্য বিশেষ ॥ [দেখ কাঐন্] ।

কাউইরা=[কুম]—বি. পানি সেচন কালে দাঁড়াইবার জন্য বাঁশের ব্যবহৃত খুঁটি ॥ কাউইরার্ বান্ শক্তো কর্‌যা লাগাও ।

কাউইর্=[কুম]—বি. গরুর মুখবন্ধ,

বেতের তৈয়ারী কাপারী বা চাঁচ ॥ [দেখ কাপারি]।

কাউও=[খু]—বি. কাক ॥ [<কাক+ও প্র. ; তুং কর্‌রা হিং]।

কাউওকুরি=[য]—বি. শোরগোল, কান্নাকাটি ॥ সেলে পিলের কাউওকুরির্ যালায় ঘরে টেঁকা দায়।

কাউওড়ুম্=[খু]—বি. বৃক্ষের নাম বিশেষ ॥

কাউকাবারি=[ঢা]—বি. ঝগড়া বিবাদ ॥ হেগ দুই বাইয়ের্ কাউকাবারি আসেই। [অনু. ; কাউ+কাবা+রি= কাকের চীৎকার]।

কাউকাশাং=[রং]—বি. কোন কিছু নিয়া হট্টগোল ॥ [অনু.]।

কাউক্‌কা=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

কাউক্‌রা=[সি]—বি. এক প্রকার গুল্মজাতীয় উদ্ভিদ ॥

কাউক্‌রা হাগা=[সি]—বিণ. কৃপণ॥ লোক্‌টি বর কাউক্‌রা হাগা। [কাক+রা+হাগা ; কাকের ন্যায় মল ত্যাগ কারী অর্থাৎ যে বেশী খাদ্য ব্যয়ের ভয়ে অধিক মল ত্যাগ করে না ; অর্থ প্র.]।

কাউগাস্=[ঢা]—বি. এক প্রকার টক ফলের গাছ ॥ কাউগাসে অনেক্ কাউ ঐসে। [দেখ কাউ+গাছ]।

কাউচ'া=[সি]—বিণ. কুলটা, ছিনাল॥

কাউচ'ানো=[নো, চট্ট]—ক্রি. রাগ ও বিরক্তিতে গিজগিজ করা, ঝগড়া লাগাইবার উদ্দেশ্যে ঘ্যান্ ঘ্যান্ করা ॥ তার্ উন্নতি দেখি তারা খালি কাউচ'ায়।

কাউচাল্=[দি]—বি. ছটফটানি ॥ এত কাউচাল্ কর কেন্? [<কু+পেঁচাল (<প্যাঁচ+আল প্র.) ; অর্থ প্র.]।

কাউচি'=[ম]—বি. পাথরের টুকরা, কাঁকর ॥ পথ্‌টাত্ কাউচি' বর্‌য়া। [<কুচি]।

কাউচে'=[খু,কু]—বি. চুল কাটিবার কাঁচি বিশেষ ॥ কাউচে'তে ধার্ নেই। [<কাইচী তু.=কাঁচি]।

কাউটালি=[ব]—বি. মেয়েদের পেছনে পেছনে ঘুরা ॥ [<কু+টল (<টহল্ হিং)+ই প্র.; অর্থ প্র.]।

কাউটাল্=[কুম,রং]—বি. বিরক্তি, ঝঞ্ঝাট ॥ এত কাউটাল্ শওয়া যায় না (কুম)। [<কু+তাল]।

কাউটে=[খু]—বি. <কেউটে সাপ॥

কাউটেল্=[পা,রং]—বি. হাঙ্গামা ॥ কাউটেল্ করিস্ না বাহে। [দেখ কাউটাল্]।

কাউট্=[রা]—বি. কপাট, দরজা ॥ [<কপাট]।

কাউট্‌টা=[কুম, নো, ঢা]—বি. কচ্ছপ ॥ কাউট্টা ডিম্ পারে ॥ [<কওঠা<কমঠ সং+আ প্র.]।

কাউড্‌ডা=[বা]—বি. কাঠের তৈয়ারী গামলা বিশেষ ॥ [<কাঠ (<কাষ্ঠ সং)+উয়া প্র.]।

কাউড়্=[রা]—বি. দরজা, কপাট ॥ [কবাড়<কপাট]।

কাউড়্‌বাউড়্=[রা]—ক্রি. বিণ. অনুনয় বিনয় ॥ এটু কাউড়্ বাউড়্ কৈরা কও। [অনু.]।

কাউতাই=[কুম]—বি. <কাকুতি মিনতি ॥ কত কাউতাই কর্‌সে।

কাউতাইন্যা=[কুম]—বিণ. লম্বা, লিকলিকে ॥ [দেখ কাইতন্+ইয়া প্র.]।

কাউতালি=[খু]—বিণ. চালাকি ॥ কাউতালি শব্ শময় ভাল না। [দেখ কাউটাল্+ই প্র.]।

কাউতাল্=[বা]—বি. গোলমাল, সঙ্কট, প্যাঁচ ॥ শে খুব্ কাউতালে পরেসে। [দেখ কাউটাল্ ; অর্থ প্র.]।

কাউতি=[রং]—বি. সুপারী ॥

কাউত্=[খু]—বি. কায়স্থ ॥ মরা কাউতের্ শংগে কিশের্ কতা? [<কায়েত<কায়স্থ সং]।

কাউদে=[খু]—বি. এক প্রকার ধান॥

কাউনি=[রং]—বি. এক প্রকার শস্য ॥ [দেখ কাঙ্গুন্]।

কাউন্যা=[ক]—ক্রি. বিণ. কাটিয়া ॥ দুর্ কাউন্যা গেসে।

কাউন্=[পা]—বি. এক প্রকার শস্য ॥ কাউনের্ বাত্ খুব্ চিঁক্‌কন্ হয়। [দেখ কাঙ্গুন্]।

২=[ম]—বি. কাহন, ১২৮০ জনে এক 'কাউন' ॥ দুই কাউন্ লোক্ মিল্যা কাম্ কর্‌তাসে। [<কাহন]।

কাউন্‌দা=[বা]—বি. গরুর কাঁধে ঘায়ের মত রোগ বিশেষ ॥ গরুর কাউনদায় অশুদ্ লাগা। [<কাঁধ (<স্কন্ধ সং)+উয়া প্র. ; কান্ধে যা হয়]।

কাউন্ মাস্=[কুম]—বি. মাগুর জাতীয় এক প্রকার মাছ ॥ [<কাউন মাছ]।

কাউ ফল্=[খু]—বি. ফল বিশেষ ॥ কাউ ফল্ মেলা চু'কা। [দেখ কাউ+ফল]।

কাউফ্‌লা=[বা]—বিণ. কচা, ফল বিশেষ ॥

কাউবাউ=[কুম]—বি. বার বার যাচঞা ॥ ফহির্‌দের্ কাউবাউ করা শভাব্। [অনু.]।

কাউব্‌বান্=[কুম]—ক্রি. পানিতে হাবুডুবু খাওয়া ॥ পানিত্ পৈর্‌য়া কাউব্‌বাইতাসে। [<খাবি+আনো প্র. ; তুং খাবি খাওয়া]।

কাউমাউ=[সি]—বি. অস্পষ্ট রব ॥ [অনু.]।

কাউম্যা=[চট্ট]—বিণ. কর্মী ॥ কাউম্যাকে শবাই আদর্ করে। [কাম (<কর্ম সং)+ইয়া প্র.]।

কাউম্=[চট্ট]—বি. গোত্র ॥ হিত্তারার্ কাউম্ বহত্ ভালা। [<কওম্ আং]।

কাউম্‌লা=[সি]—বি. যারা কাজ করে॥ কাউম্‌লারা খেত গেসে [<কাম<কর্ম সং+লা প্র]।

কাউরল্=[খু]—বি. এক জাতীয় ফল ॥ [দেখ কাউ ফল]।

কাউয়া=[সি]—বিণ. যে বেশী কথা বলে ॥ তার্ পুত্ বর কাউয়া হৈসে। [কাক+উয়া প্র. ; কাকের ন্যায়

কা কা করে যে ; তুং কর্‌য়া کوا হিং]।

২=[রং]—বিণ. খেলো, কান পাতলা ॥ তুই মানুশ্‌টা কাউয়া। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. মাছ বিশেষ ॥

৪=[সি]—বিণ. বোকা ॥ কাউয়া বেটা হিরিবার্ চাইন্ বিয়া কর্‌তার্।[পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাউয়্যা=[চট্ট]—বি. বাঁশ ও বেতের কাজের সময় লাইন তৈরী করিতে ছিদ্র করার শলাকা বিশেষ ॥

কাউয়া কাউয়া=[খু]—বিণ. জীর্ণ-শীর্ণ ॥ অশুখে অশুখে শে একেবারে কাউয়া কাউয়া হৈসে। [দেখ কাউয়া ; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

কাউয়া কাটা=[পা]—বি. ক্ষুদ্র মাছ বিশেষ ॥

কাউয়া কাল্‌তাইয়া চ'লা=[সি]—ক্রি. কানকোর সাহায্যে শুকনায় মাছের চলা ॥ [=কই(মাছ)+কান্‌তা(< কান +তা=কানকো) +ইয়া+ চলা]।

কাউয়া কুলি=[চা]—বি. একটি ধানের নাম ॥

কাউয়া কুলি না জানা=[নো]—ক্রি. কেহই না জানা ॥ কাউয়া কুলি হেতার্ এই খবর্ জানে না। [<কাক+ কুলি(< কোকিলা)+না জানা]।

কাউয়া ক্যাচ'াল্=[কুম]—বি. আবোল তাবোল বকা ॥ কোন কামে গিয়া কাউয়া ক্যাচ'াল্ কৈর না। [দেখ কাউয়া+কচাল]

কাউয়া ক্যাচ্ 'ক্যাচি'=[সি, বা]—বি. কাকের মত সামান্য ব্যাপার লৈয়া হৈ চৈ ও কলহ ॥ [দেখ কাউয়া+ কচ্‌কচি]।

কাউয়া খিট্‌টি=[ব]—বি. বদনাম, কুনাম ॥ বৌডারে লিয়া কত কাউয়া খিট্‌টি হল। [দেখ কাউয়া+খিট্‌-খিট্+ই প্র.]।

কাউয়া গবন্=[চট্ট]—বি. কাক জমু, জুদে জাম ॥ [<দেখ কাউয়া +গ(দের)+জাম(ফল)]।

কাউয়া গালি=[বা]—বি. মুখের ঘা, ঠোঁটের প্রান্তের ঘা ॥ [দেখ কাউয়া +গাল+ই প্র. ; কাকের ঠোঁট-প্রান্তের ন্যায়]।

কাউয়া গুম্= [চা, কুম] —বি. কাকের মত পাতলা ঘুম, অর্ধ ঘুম ॥ হের্ খালি কাউয়া গুম্ গুমায় ॥ [দেখ কাউয়া+ঘুম]।

কাউয়া ঝিঝি=[বা]— বি. লাল পুষ্পবিশিষ্ট পরগাছা বিশেষ ॥

কাউয়া ঝিঝির্‌টাল্= [বা] —বি. বয়স অনুপাতে বড় হয় নাই অথচ কর্মঠ হইয়াছে এমন মানুষ ॥ [দেখ কাউয়া +ঝি ঝি+র(সম্বন্ধে)+টাল ٹال হিং ; অর্থ প্র.]।

কাউয়া টুরি=[পা]—বি. এক প্রকার আগাছা ॥

কাউয়া টেঁর্‌রা=[চট্ট]—বি. বাঁশের চটি বা কাইমের গোলাকৃতি বেড়া ॥ [দেখ কাউয়া+টেরা(<তির্যক্)]।

কাউয়া ঠোক্‌রি=[রা]—বি. বড় সবুজ পাতাবিশিষ্ট এক প্রকার জলজ আগাছা ॥

কাউয়া ডিমা=[পা, রা]—বি. গাছ বিশেষ ॥

কাউয়ানি=[নো]—বি. দুর্বল অবস্থা, দুর্বলতা প্রকাশ ॥ কাউয়ানিএ হেতার্ দিন্ গেল্। [<ককানি]।

২=[কুম]—বি. <কাহিনী ॥ 'কি কৈয়ার্ আমার্ দুকুখের কাউয়ানি, না কৈতে আইয়ে আউয়ানি'—গ্রাম্য ছড়া।

কাউয়া নিন্দ=[রং]—বি. কাকের মত ঘুম ॥ তোর্ খালি কাউয়া নিন্দ। [দেখ কাউয়া+নিন্দ<নিদ্রা সং ; তুং নীঁদ হিং]।

কাউয়া বেং=[নো]—বি. বড় ব্যাং ॥ [গায়ক ব্যাং কিংবা কাউয়া= কাক+বেং]।

কাউয়া বৈলাম্=[চট্ট]—বি. আউশ ধান বিশেষ ॥

কাউয়া মাল=[সি]—বি. বেলে মাছ ॥

কাউয়ামি=[সি]—বি. অন্যের জন্য অধীর হওয়ার ভাব ॥ [দেখ কাউয়া + মি প্র.]।

কাউয়া মেথেয়া=[চট্ট]—বিণ. বড় মাছরাঙা ॥

কাউয়া রংগি=[রং]—বি. নীলাম্বরী ॥ বৌয়ের লাগি কাউয়া-রংগি শাড়ি আন্‌বু বাহে। [দেখ কাউয়া+রং+ই প্র. ; অর্থ প্র.]

কাউয়া রাগি=[রং]—বিণ. যে রাগ করে ॥ তুই বড় কাউয়ারাগি লোক্। [দেখ কাউয়া+রাগ+ই প্র.]।

কাউয়া রাগ্=[রং]—বিণ. কাকের মত রাগ করে যে ॥ তোর্ মত কাউয়া রাগ্ আর্ দেখল্ না। [দেখ কাউয়া রাগি]।

কাউয়ার্ গু খাওয়ানো=[কুম]—ক্রি. সামান্য কথা শুনানো ॥ কার্‌চোঁয়া স্যারাডারে কাউয়ার্ গুও খাওয়ানো যায় না। [দেখ কাউয়া+র (সম্বন্ধে)+ গু(মল)=তুচ্ছ বস্তু]।

কাউয়ার্ ডাক্=[সি]—বি. খুব ভোর বেলা ॥ [দেখ কাউয়া+র(সম্বন্ধে) +ডাক ; অর্থ প্র.]।

কাউয়ার্ ডিমা=[রং]—বিণ. অত্যন্ত অন্ধকার ॥ দুনিয়াটা একেবারে কাউ-য়ার্ ডিমা করিছে। [দেখ কাউয়া+ র (সম্বন্ধে)+ডিম+আ প্র. ; অর্থ প্র.]।

কাউয়ার্ পান্‌তা=[চা]—বি. এক প্রকার বনজ ফল ॥ কাউয়ার্ পান্‌তা খাইতে বেশ্ বালা।

কাউয়ার্ লগুলি=[সি]—বি. মাকাল ফল ॥

কাউয়ালি=[ম]—বি. হৈ হল্লা ॥ কথায় কথায় কাওয়ালি করস্ কেরে ? [দেখ কাউয়া +আলি প্র.]।

কাউয়াল্=[চট্ট]—বি. গায়ক ॥ কবির্ পুয়ের্ নানু কাওয়াল্ খুব নায়কজা। [<কাব্বাল قوال আং=খুব বলিয়ে]।

কাউয়া শিরাল্=[সি]—বিণ. ধার্ত-

পর ॥ লোক্‌টা বর কাউয়া শিয়ান্‌ [দেখ কাউয়া+সেয়ান (<সজ্ঞান) অর্থ প্র.]।

কাউরা=[কুম]—বি. আঁখমাড়াই কলের খিল ॥

কাউরা কাউরি=[চা]—বি. টানা হেঁচড়া ॥ আম্‌গুলা নিয়া কাউরাকাউরি করিস্‌ না, শমান্‌ বাগ্‌ কৈরা খা। [<কাড়াকড়ি]।

কাউরানো=[কুম]—ক্রি. নিন্দা করা ॥ তুমি আমারে কাউরাও কেন্‌?

২=[রং]—ক্রি. পানিতে সাঁতার কাটা ॥ খুব করি কাউরাও।

কাউরি=[সি]—বি. দেওয়াল ও ছাদের মিলনস্থল ॥ চ'ালের কাউরিতে আশ্‌ থাহে।

কাউরে=[সি]—বি. দ্বিধায় ॥ হেতার্‌ মনের্‌ কাউরে এই খেতিটা কর্‌সে। [দেখ কাউর্‌+এ]।

কাউর্যা=[সি]—বি. ঘুঁটে ॥ কাউর্যা দিয়া খাদ্দ পাক্‌ হয়।

কাউর্‌=[সি]—বি. ঈর্ষা, জিঘাংসা, শত্রুতা ॥ অর্‌ লগে আমার্‌ কাউর্‌ আসে।

২=[রং]—বি. বাঁশের তৈরী দরজা, ঢাকনি ॥ মোর্‌ দুওরের্‌ কাউর্‌ নাই। [<কিবাড় کواڑ হিং<কপাট সং]।

৩=[রা]—বিণ. প্রতিপত্তিশালী ॥ [<ক্রোড়(=কোটিপতি); অর্থ প্র.]।

কাউর্‌ বাউর্‌=[পা]—বি. গণ্ডগোল, বিবাদ ॥ আমি বেশি কাউর্‌ বাউর্‌ পসন্দ করি না। [অনু.]।

২=[পা]—বিণ. এলোমেলো, বিশৃঙ্খল ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কাউর্‌ ধরা=[ব, রা]—ক্রি. জেদ করা ॥ ছেলেটা নতুন্‌ কাপড় জামার্‌ জন্নি কাউর্‌ ধর্‌ছে (রা)। [দেখ কাউর্‌+ধরা]।

কাউর্‌ বাউর্‌=[রা]—বি. অনুরোধ, লালসার ভাব ॥ চ্যাংরারা আবের্‌ জন্নি খুব কাউর্‌ বাউর্‌ করিছে। [অনু.]।

কাউর্‌ হাটি=[রং]—বি. হৈ হল্লা। [দেখ কাউরা+র(সম্বন্ধে)+হাট+ই প্র.]।

কাউলা কাউলি=[রং,কুম]—বি গোলমাল, চেঁচামেচি ॥ এত কাউলা কাউলি কিয়ের্‌? [দেখ কাউলানো]

২=[রং]—বি. অনুরোধ ॥ কিশের্‌ লাগি এত কাউলা কাউলি। [পূর্বে অর্থ দেখ; প্র.]।

কাউলানো=[রং]—ক্রি. অনুরোধ করা, কাতর আবেদন জানানো। একৃটা পয়শার্‌ জন্নি ফকির্‌টা কাউলাইতিছে। [কাউল<কাতর (নাম ধাতু)+আনো প্র.]।

কাউলুলি=[সি]—বি. মাকাল ফল ॥ কাউলুলি দেখ্‌তে বর শুন্দর্‌। [দেখ কাউয়ার্‌ লুলি]।

কাউলে=[খু]—বি. গবল ॥ [কাউয়ালী করবালী قوال আং]।

কাউল্‌=[ব,য,পা]—বি. গণ্ডগোল, বিরক্তি ॥ কাউল্‌ডো তুমি তো বাধাইলা (ব)। [<কোলাহল]।

কাউল্‌কা=[চা]—বি. আগামী কল্য ॥ কাউল্‌কা যামু। [কালি<কল্য সং+কা (বিভক্তি)]।

কাউল্‌খা=[কুম]—বি. গতকল্য বা আগামী কল্য ॥ কাউল্‌খা কুমিল্লা যায়ার্‌। [দেখ কাউল্‌কা]।

কাউল্‌লা=[সি]—বিণ. বধির ॥ মানুশ্‌টা কাউল্‌লা। [কালা]।

কাউশা কাউশি=[রং]—বি. ডাকাডাকি ॥ এত কাউশা কাউশি করিস্‌ না।

কাউশানো=[রা,ব]—ক্রি. আর্তনাদ করা, ছটফট করা ॥ কাউশায়া কি করবু,তোর্‌ বরাতে নাই।

২=[রং]—ক্রি. এক সমানে বার বার ডাকা ॥ এত কাউশাইশ্‌ কেনে?

৩=[রা]—ক্রি. লাফালাফি করা ॥ এত কাউশাও কেনে?

কাউশি=[রং]—বিণ. অত্যন্ত জরুরী ॥

কাউসালি=[পা]—বি. পীড়াপীড়ি ॥ অত কাউসালি করি মরর্‌ কর্‌লে, তহন্‌ যাওন্‌ লাগ্‌বি।

২=[সি]—বি. হৈ চৈ, বাদ বিসম্বাদ ॥

কাউস্‌=[সি]—বি. ক্রোধ ॥ দেখোদি পুয়ার্‌ কি বাতৃ কাউস্‌।

কাঐন্‌=[চা]—বি. কাউন, ধান্য বিশেষ ॥ কাঐন্‌ দি লারু অয়্‌। [<কাহন<কঙ্গুনী সং]।

কাঐর্‌=[সি]—বি. দুয়ারের উপরের দিককার ফাঁক ॥ কাঐর্‌ দ্যা খুব হাওয়া আইয়ে।

২=[কুম,সি,নো]—বি.বেতের তৈরী গরুর মুখবন্ধ ॥ [দেখ কাপারি]।

কাওই=[খু]—বি. চিরুনি ॥ [<কাঁকই<কঙ্কতিকা সং]।

কাওইরা=[কুম]—বি. আড়াআড়ি বাঁশ ॥ কাওইরা সারা কুন্‌ দিয়া পানি হিচ'া চ'লে না।

কাওইল্‌=[নো]—বি. মাটির তৈরী গোলাকার জিনিস ॥ [দেখ কাইল্‌]।

কাও গোটা=[চা]—বি. এক প্রকার ফল ॥

কাওচি'=[খু]—বি.<কাঁচি ॥ কাওচি' দি কি কর্‌বি?

কাওরা=[বা]—বিণ. ঝগড়াটে ॥

কাওতালি=[ব]—বি.বিপদ, অসুবিধা, গোলমাল ॥ [দেখ কাউটাল্‌]।

কাওন্‌=[কুম]—বি. এক প্রকার শস্য ॥ [দেখ কাঐন্‌]।

কাওয়া=[পা]—বিণ. সিদ্ধ ॥ উটি পিঠা কাওয়া কর্‌শিশ্‌।

২=[কুম]—বি.<খাওয়া ॥ হিতে কাওয়া লৈয়া খুব আমোদ্‌ করে।

কাওয়াইর্‌=[রং]—বি.কপাট ॥ কাওয়াইর্‌ বন্‌ কর্‌। [দেখ কাউর্‌২]।

কাওয়া কুজি=[চা]—বি.কালো মোটা শুঙ্গাওয়ালা ধান বিশেষ ॥ কাওয়া কুজি ধানের্‌ মুরি বালা অয়্‌।

কাওয়াব্‌=[পা]—বি. অঙ্গভঙ্গি ॥ বাকিতু কাওয়াব্‌ শুরু করিচাও। [<কাযাজ<কবাইদ قواعد আং=ড্রিল, প্যারেড]।

[illegible]=[কুম]—ক্রি. [illegible] ॥

ঘুরি কাওয়াইতে কাওয়াইতে যেউন্ । [<কাওপানো<ক্যাপ+আনো প্র.= কাপা] ।

কাওয়ার্ গোসল্=[সি]—বি. অসম্পূর্ণ গোসল ॥ [দেখ কাউয়া+র (সম্বন্ধে)+গুসল غسل আঃ] ।

কাওয়ার্ গুম্=[সি]—বিণ. খুব হালকা ঘুম ॥ [দেখ কাউয়া গুম্] ।

কাওরা=[ক, ম]—বি. প্যাঁচ ॥ বোবাডা দরি দ্যা কাওরা দে ।

২=[সি]—ক্রি. বিণ. কোনাকুনি ॥ কাওরা কৈরা বাইন্দ ।

৩=[ম]—বিণ. তর্কবাগীশ ॥ তোর্ মত কাওরা তো দেখিনি ।

কাওরা বেরা=[কুম]—বি. বাঁকা বেড়া ॥ কাওরা বেরা দেও ।

কাওর্=[চা]—বিণ. এতিম ॥ 'বাপ মরা দাওর্, মা মরা কাওর্'—প্রবাদ । [<কাতর প্রাঃ<কাতর সং ; অর্থ প্র.]।

২=[ম]—বি. লালচে দাগ ॥ এই চা'উলে কাওর্ আসে । [<কাঁওল< কামলা সং] ।

কাওলা=[চা]—বি. কবালা, লেখাপড়া ॥ যমিনুডা কাওলা কৈরা লবু । [<কবালঃ قبالة আঃ] ।

২=[বা]—বিণ.যে জিন পরী আনতে পারে ॥ আমাগো মজিশাবে এক্ মস্ বালা কাওলা ।

কাওলানো=[চা]—ক্রি. অহেতুক বেড়ান, ভ্রমণ করা ॥ হারাডা বিয়ান্ খালি কাওলাইয়া ফির্ লি ?

কাওলা কাওলি=[সি,ম]—বি.কোলাহল, জড়াজড়ি ॥ এমন্ কাওলা কাওলি কৈর না । [দেখ কাউলা কাউলি] ।

কাওলাবিলা=[কুম]—বি.গোলমাল ॥ কাওলাবিলা কৈর না । [অনু.] ।

কাওলালি=[কুম]—বি. গণ্ডগোল ॥ অত কাওলালি করস্ ক্যারে । [দেখ কাউলালি] ।

কাং=[বি]—বি. ঘাড় ॥ গরুর কাংগে আংগাল্ দাও । [কান্ধ<স্কন্ধ] ।

কাংকা=[রং]—বি. অব্য. কি রকম ॥ এংকো কাংকোরে ? [কেমন+কা] ।

কাংগাইল্=[চা]—বি. খড় নাড়িবার বাঁশের লাঠি বিশেষ ।

কাংগৈ=[চা, কুম, চট্ট]—বি. চিরুণি ॥ কাংগৈ দিয়া মাথাডা আছ্'রাও । [দেখ কাওই ; তুঃ কংঘী হিং] ।

কাংগো=[খু, য]—বি. এক প্রকার আগাছার নাম ॥

কাংগোর্=[রা]—বি. তিনটি কাটা ॥

কাংচা=[সি]—বিণ. কৃপণ ॥ তুই বর কাংচা ।

কাংড়া=[চা]—বিণ. জেদী, ঝগড়াটে ॥ কাংড়া বৌ লৈয়া গর্ করন্ বর বিপদ্ ।

কাংড়া=[খু]—বি.<কাঁকড়া ॥ হিন্দুরা কাংড়া খায় ॥

কাংলা মাছ্=[সি]—বি. শোল মাছ ।

কাংলো=[নো]—বি. কচা গাছ ॥

কাংশা=[চা]—বি. মাছের কানের ভিতরের কুলকি ॥ এই মাছ্টার্ কাংশা দলা ঐরা গ্যাসে । [কান+সা প্র.] ।

কাঁ=[চট্ট]—বি. কটিদেশ, কোমর ॥ [কাঁহ্<কাঁখ<কক্ষ] ।

কাঁআর্=[চট্ট]—বি. <কাবড় ॥

কাঁআল্লিশ্=[নো]—বি.কৃকলাস ॥ কাঁআল্লিশে মাইনুষের্ লৌ খাইনার্ । [<কাঁকলাস<কৃকলাস সং] ।

কাঁই=[নো]—বি. চিরুনি ॥ বাংগ্রা কাঁইদি মাতা আচু'ইচ্ লে আরাম্ করে । [দেখ কাওই] ।

২=[চট্ট]—বি. শেওলা ॥ বালত্ কাঁই পৈর্গে । [<কাথ সং] ।

৩=[ব, রা]—বিণ., বি. ছোট ॥ বড় আলু বিক্রি করি কাঁইগুলা রাখ্ । [কনি<কনীয়ঃ সং] ।

৪=[রা]—বি. তেঁতুলের বিচি ॥ চল্ জি, কাঁই খেলিগে । [কাঁই তামিল শব্দ] ।

৫=[ব,রা]—বিণ. কৃপণ ॥ তুই এমন্ কাঁই, দুডা পয়ষা দিলু না । [দেখ কাইয়া ; অর্থ প্র.]

৬=[ব, কু]—বিণ. মিথ্যাবাদী ॥ শালারা একেবারে কাঁই । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

কাঁইও=[রং]—অব্য. কেহ ॥ [কেহ +ও] ।

কাঁইচ্=[সি, চট্ট]—বি. কুঁচফল, ছোট জংলী ফল বিশেষ ॥ [<কুঁচ] ।

২=[চট্ট]—বি.ক্ষেতের আলের প্রান্তভাগ ॥ [দেখ কাইনচ্' ; অর্থ প্র.] ।

কাঁইঠাল্=[রা]—বি. <কাঁঠাল ॥

কাঁইদা=[চট্ট]—বি. ফল বিশেষ ॥ কাঁইদা ফল্ দেইখ্তে সুন্দর্ ।

কাঁইবিচি'=[ম]—বি. তেতুলের বিচি ॥ [দেখ কাঁই +বিচি<বীজ সং] ।

কাঁইর্=[নো]—বি. গরুর মুখের কাকারী—যাহা দিয়া গরুর মুখ বন্ধ করা হয় ॥ [দেখ কাইচ্] ।

কাঁইর্গা=[চট্ট]—বি. ডোল, বাঁশের তৈরী পাত্র বিশেষ ॥ ধানের কাঁইর্গাত্ ধান্ ভরা ।

কাঁইশাল্=[রা]—বি. শেওলা ॥ কাঁইশালের্ মাঝে ডুবে আবি জে ।

কাঁইস্নুড়ি=[চট্ট]—বি. যম, মৃত্যু ॥ তোঁয়ার্ লাই কি কাঁইসুড়ির আইয়েন ?

কাঁইস্ কাডা=[চট্ট]—ক্রি. জমির আলের ঘাস কাটিয়া পরিষ্কার করা ॥ [দেখ কাইচ্' +কাটা √কাট্(<কর্তন সং)] ।

কাঁইস্সা=[চট্ট]—বি. কাশ ॥ [দেখ কাইশ্যা] ।

কাঁইরা=[রা]—বি. এক প্রকার জলচর পাখী ॥

কাঁইয়্যা=[রং]—বি. মাড়োয়ারী ব্যবসায়ী ॥ [দেখ কাইয়া] ।

কাঁউকাঁউরা=[রং]—বিণ. খুব গরম ॥ কাঁউকাঁউরা দুধ ॥ [<কাঁউ কাঁউ (অনু.)+আ প্র.] ।

কাঁউমাঁউ=[রা]—বি. কাকুতি মিনতি ॥ কাঁউমাঁউ করোচে, দ্যাকুচো না । [অনু. ; তুঃ হউমাউ] ।

কাঁউরা=[রা, ব]—বি. ঘুঁটে, শুষ্ক গোবর ॥ কাঁউরা রোদে না দিলি বলে না (ব)।

কাউরে=[রা]—বি. শুক গোবরের ঘুঁটে।

কাঁঐর্=[নো]—বি. বেতের তৈরী গরুর মুখবন্ধ ॥ [দেখ কাইড়ু]।

কাঁওয়া=[চট্ট]—বি. কামরাঙা ॥ [কাম্‌রাঙা<কামরাঙ্গা]।

কাঁওল্=[রা, য]—বি. কামলা, রোগ বিশেষ ॥ ছলুডা হলুদা হচে, কাঁওল্ হচে নাকি (রা)?

কাঁকড়্=[রা]—বি. কাঁকড়া ॥ [<কাঁকড়<কর্কট সং+আ প্র.]।

কাঁ কাঁ=[চট্ট]—বি. হাহুতাশ ॥ খাও-নর্ লাই এত কাঁ কাঁ কর ক্যা? [অনু.]।

কাঁকানো=[রং]—বি. আচড়ানো ॥ ভাল করি মাথাটা কাঁকাচ্ছে। [কাঁকই (<কঙ্কতিকা সং)+আনো প্র.; নাম ধাতু]।

কাঁকিলা=[রা]—বি. লম্বা সিম বিশেষ ॥

২=[রা]—বিণ. হাড্ডিসার ॥ [<কঙ্কাল সং+ইয়া প্র.]।

কাঁকুয়া=[রং]—বি. অসময়ের ধান বিশেষ (এই ধানের আগায় ধারালো শুঁয়া থাকে) ॥ কাঁকুয়া কুড়াতে যাবু।

কাঁকেল্‌লা=[রা, দি]—বি. কাঁক-রোল ॥ গাছ থেকে কটা কাঁকেললা পাড়াও।

কাঁকৈল্=[রা]—বি. কোমর ॥ [কাঁকাল]

কাঁক্‌চ'া=[খু]—বি. মাড়াই শেষে অবশিষ্ট আস্ত সরিষার গাছ ॥

কাঁক্‌বাশে=[য, খু]—বিণ. কচি থাকিতে যে বাঁশের মাথা ভাঙিয়া যায় ॥ কাঁক্‌বাঁশে বাঁশ্ পাকা হয় না।

কাঁক্ ভাংগা=[রা]—বিণ. রতিক্রিয়ায় অপটু ॥ বোকাচোদা একেবারে কাঁক-ভাংগা। [কাঁক (<কক্ষ সং)+ভাংগা; অর্থ প্র.]।

কাঁক্‌রল্=[চট্ট]—বি. কাঁকরোল তর-কারী। [<কর্কোটক সং]।

কাঁক্‌লা=[রা]—বি. মাছ বিশেষ ॥

কাঁচ'ান=[ব]—বি. বেড়ার জন্য ব্যবহৃত বাঁশের শলাকা বিশেষ ॥

কাঁচল্=[রা]—বি. ভিটার নীচের জমি ॥ [কাছ(<কচ্ছ<কক্ষ সং)+আল প্র.]।

কাঁচ'া=[চট্ট]—বি. ধার, কিনারা ॥ গাঙ্গের কাঁচ'াদি আঁডিল্। [<কাছা<কচ্ছ সং]।

কাঁচান্‌নি=[রা]—বি. একটি ধানের নাম ॥

কাঁচ'মনি=[ব]—বি. এক প্রকার আউশ ধান ॥

কাঁচি' চে'রো=[চট্ট]—বি. কাস্তের মত ঠোঁট বিশিষ্ট পাখি বা বক বিশেষ ॥ [<কাঁচি(<কাস্তে)+চোরা অর্থাৎ কাঁচি যে চুরি করিয়াছে (বহুব্রী.)]।

কাঁচিয়া=[দি]—বি. কাস্তে ॥ ধান কাটা কাঁচিয়া। [<কাঁচি(<কাস্তে)+আ প্র.]।

কাঁচু=[ব, রা]—বি. শিশু ॥ কাঁচুকে দুধ দে। [<কাঁচা; আদরে উ প্র.]।

কাঁচুনি দেওয়া=[রং]—ক্রি. আলের বাঁধ শক্ত করিবার জন্য দেয় মাটি ॥ আইল্‌টাতু কাঁচুনি না দিলে না হয় যে বাহে।

কাঁচুয়া=[রং]—বি. কাঁচা ॥ হামাক তুই কাঁচুয়া ছল্ পালু নাকি? [কাঁচ(<কাঁচা)+উয়া প্র.]।

কাঁচ্=[রং]—বি. কোমরের নীচেকার পায়ের অংশ ॥ [<কাছ<কচ্ছ<কক্ষ সং অর্থ প্র.]।

কাঁচ্'করিয়া=[নো]—বি. এক প্রকার আম ॥ কাঁচ্'করিয়া আমের্ মোরব্বা বালা অয়। [<কাঁচ(<কাঁচা)+করি<কড়ি(<কপি সং)+আ প্র.]।

কাঁচ্'কলম্=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

কাঁজ্যাল্=[রা]—বি. কলার কলা গাছের মধ্যভাগ ॥ কাঁজ্যালের্ তরকারি অনেকেই খায়।

কাঁঝ্যা=[চট্ট]—বি. বাঁশ দ্বারা তৈরী শস্য রাখিবার পাত্র বিশেষ ॥ [দেখ কাইঝা]।

কাঁটাল্=[ব, পা]—বি. <কাঁঠাল ॥

কাঁটাকচু'=[খু, য]—বিণ. অপদার্থ, নাছোড়বান্দা ॥ কাঁটাকচু'টা শুধু পাস্ পাস্ ঘুরসে। [কাঁটাযুক্ত কচু, যাহা অখাদ্য; অর্থ প্র.।]

২=[খু, য]—বি. এক প্রকার কাঁটা-যুক্ত কচু ॥ [পূর্বে দেখ]।

কাঁটা কানলে=[ক]—বি. কাঁটাজাতীয় গাছগাছড়া

কাঁটাকুমোরাক্=[রা]—বি. কাঁটা-লতা বিশেষ ॥

কাঁটাখর্‌য়্যা=[রা]—বি. এক প্রকার কাঁটাযুক্ত আগাছা বা ডাঁটা ॥

কাঁটানেটে্=[কু]—বি. কাঁটাওয়ালা গাছগাছড়া বিশেষ। [কাঁটানটে]।

কাঁটাপাতাশি=[রা]—বি. মাছ বিশেষ ॥ কাঁটাপাতাশির্ কাঁটা বাইচ্যা খাইছ্।

কাঁটাবাজ্=[রা]—বি. হাতের অলং-কার বিশেষ ॥ [<কাঁটা +বাযু بازو ফা.=বাহু]।

কাঁটালৈটা=[রা]—বি. গাছ বিশেষ ॥ কাঁটালৈটায় কাপড়্ খান্ ছিড়্যা গেল্।

কাঁটাশি=[ব]—বি. ডাঁশ জাতীয় মাছি ॥ মেঘ্‌লা দিনে কাঁটাশির্ উত্ পাত্ বাড়ে।

কাঁটি=[রা ব]—বি. গালি বিশেষ ॥ ঐ কাঁটি তর্ নাম্ কি রে? [কাঠ (<কাষ্ট সং) +ই প্র.; অর্থ প্র.]।

কাঁটির্ বেটি কুড়ানি=[রা]— বি. গালি বিশেষ ॥ 'কাঁটির্ বেটি কুড়ানি মুখ্ ভাংবু ছিনি' —ছড়া।

কাঁট্‌কট্=[রা]—বি. নড়াচড়া, খেলাপ ॥ [অনু.]।

কাঁট্=[রা, য]—বি. যোনি ॥

কাঁঠালি=[রা]—বি. এক প্রকার আম ॥ কাঁঠালি আর্ তুই চিনিস্ না।

২=[খু]—বি. ডিমযুক্ত চিংড়ী মাছ ॥ কাঁঠালির যো'ল্ বড় চ'মৎকার্।

কাঁঠি=[রা]—বি. বাঁকি আলে [illegible] লোহার ছোট চাকা ॥ তোর্ কাঁঠি ক্ষয় হয়েছে।

কাঁড়ি=[নো]—বি. জালে ব্যবহৃত লোহার গুটি ॥ যালের্ কাঁড়ি ঠিক্ মতন্ অয় নাই। [দেখ কাঁঠি]।

কাঁড়ইল্লা=[নো]—বি. একপ্রকার আম॥ কাঁড়ুইল্লা আম্ হাইক্সে।

কাঁড়ল্=[ব]—বি. খড় নাড়িবার বাঁশের লাঠি ॥ [দেখ কাঁড়াল্]।

কাঁড়া=[রা]—বি. মহিষ॥ হামার্ কাড়া আছে।

২=[নো]—বি. গালি ॥ ওরে আইস্সা কৈরা কাঁড়া দে। [কাঁড়া (চাল ছাঁটা) ; অর্থ প্র.]।

৩=[চট্ট]—বি.উচ্চ বাঁধ বা পাড়ের ধার ॥ কাঁড়াত্ খারাইলে পড়ি যাইবনি। [<খাড়া]।

কাঁড়াল্=[রা]—বি. খড় ঝাড়ার বাঁশের তৈরী লাঠি ॥ [<কাঁড়ন (<কণ্ডন সং) +আল প্র.]।

কাঁড়ি=[খু]—বি. খড় বিচালি ॥ গরুর যন্যি কাঁড়ি আন্। [<খড়+ই প্র. ; অথবা কাণ্ড সং+ই প্র. ; অর্থ প্র.]।

কাঁড়্=[রা]—বিণ. গোকুলের ষাঁড় ॥ ছেলেটি একেবারে কাঁড়্ হয়েছে। [দেখ কাঁড়ি ; অর্থ প্র.]।

কাঁতা=[নো]—বি. কাঁথা ॥ [<কাঁথা <কন্থা সং]।

কাঁতারি=[রা]—বি. মাটির ছোট পাত্র ॥ গোয়ালেরা কাঁতারিত্ দৈ পাতে।

কাঁতার্=[রা]—বি. ইক্ষু মাড়াইকলে ব্যবহৃত প্রকাণ্ড কাষ্ঠদণ্ড বিশেষ ॥

কাঁতি=[ব, রা]—বি. ঘরের পিঁড়ি, ধার ॥ কাঁতি শক্ত না হলি দেওয়াল্ টেক্শৈ অয় না। [<কর্ণ সং)+তি প্র. ; অর্থ প্র.]।

২=[ব, রা]—বি. পুকুরের ধার ॥ কাঁতিতে কাদা ভরা। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাঁথা থান্=[চট্ট]—বি. মাঠের ধান বিশেষ ॥ [কাঁথার ন্যায়]।

কাঁথি=[রা]—বি. ধার, পাড় ॥ নদির্ ধারে কাঁথি। [দেখ কাঁতি,]।

২=[রা,ব]—বি.ভিত ॥ এই ঘরের্ কাঁথি মজুত্ নয়। [দেখ কাঁতি]।

কাঁদনর্=[চট্ট.]—ক্রি কান্না ॥ [<কাঁদন (<ক্রন্দন)+র (সম্বন্ধে)]।

কাঁদা=[রা]—বি. কাস্তে, কাঁচি ॥

কাঁদাল্=[চট্ট]—বি. ধান ও খড় নাড়ার লাঠি ॥ [দেখ কাঁদা+ আল প্র. ; অর্থ প্র.]।

কাঁদি=[চট্ট]—বি. বাঁধ ॥ [দেখ কাঁতি ; অর্থ প্র.]।

২=[নো]—বি. নূতন মাটি উঠানো উঁচু জায়গা ॥ কাঁদির্ উর্পে কলা-গাস্ লাগামু। [দেখ কাঁতি ; অর্থ প্র.]।

কাঁদি করা=[কু]—ক্রি. খেলায় বে-আইনিভাবে নিজের দিকে যুক্তি দেখানো, অন্যায়ের পক্ষে ঝগড়া করা ॥ [< কানদ (<স্কন্ধ সং)+ই প্র. +করা= ঘাড় করা]।

কাঁদোল্=[য]—বি. ধানের খড় নাড়িবার জন্য ব্যবহৃত বংশদণ্ড ॥ [দেখ কাঁদাল্]।

কাঁদ্নি=[চট্ট]—বি. কান্না ॥ তার্ কাঁদ্নি কুনিয়ারে ঔগ্গুয়া পৈশা দিলাম্। [<কাঁদন+ই প্র.]।

কাঁদ্রা=[ব]—বিণ. যে অত্যধিক কাঁদে ॥ কাঁদ্রা সেলে। [কাঁদ (কাঁদা)+রা প্র.]

কাঁধা=[চট্ট]—বি. হাঁড়ী কলসীর কান্দা বা মুখ ॥ কাঁধাত্ ধরি কল্শি আন্ উডাই দে। [কান্ধ(<স্কন্ধ সং)+ আ প্র.]।

২=[চট্ট]—বি. দা ছুরি ইত্যাদির ধারহীন দিক ॥ [পুর্বে দেখ]।

কাঁপা=[ব]—বি. নাভিপদ্ম ॥

২=[ব]—বি. ফ্রেম, কাঠামো ॥ তোর্ ঘুড়ির্ কাঁপা ভাল নয়, তাই উড়ে না।

কাঁপা কাটভাজি=[ব]—বি. বিরক্তি, দিকদারী ॥ লোক্টা কাঁপা কাটভাজি শুরু করেছে।

কাঁর্=[রং, দি]—সর্ব. কে ॥ কাঁর্ ভোক এই কথা কহিছ্। [<কের]।

কাঁর্তা=[রং]—সর্ব. কে ॥ [কে +ও+তা]।

কাঁরল্=[ব, রা]—বি. খড় চালার বাঁশ ॥ [দেখ কাঁড়াল্]।

২=[নো]—বি. কাঁকরোল, বন্যফল বিশেষ ॥ [দেখ. কাঁক্রল্]।

কাঁরাইন্=[রা]—বি.বাঁশের হুক বিশিষ্ট লাঠি ॥ কাঁরাইন্ দি খড়্গুলি মেলে দে। [দেখ কাঁড়াল্ ; কাঁড়া+ আন প্র.]।

কাঁরি=[দি]—বি. শক্ত খড় বিশেষ ॥ কাঁরি দি ঝাড়ু তৈরি হয়। [দেখ কাঁড়ি]।

২ =[রা, ব]—বি. খড়ের আঁটি ॥ কাঁরিগুলি রদে দে। [দেখ কাঁড়ি]।

কাঁলিশ্=[চট্ট]—বি. সরীসৃপজাতীয় প্রাণী বিশেষ ॥ [দেখ কাআল্লিশ্]।

কাঁশা=[রা]—বি. মাটির ছোট বাটি বা পাত্র ॥ [কাঁসা<কাংস্য]।

২=[রং]—বি.হাড়ীর মুখের ঢাকনি ॥ হাড়ির্ কাঁশাটা ভাইংগা গেইছে। [পুর্বে দেখ ; অর্থ প্র.]

কাঁশের্=[রা]—বি. ফল বিশেষ ॥

কাঁসা=[নো]—বিণ. <কাঁচা ॥ কাঁসা ক্যালা কত করি ?

২=[চট্ট]—বি. ধার, কিনারা ॥ [দেখ কাঁচা]।

কাঁস্ভাব্=[ব]—বি. রংতামাশা ॥ মানুশ্টা অত কাঁস্ভাব্ও যানে। [অনু.]।

কাঁহা=[দি]—অব্য. কৈ, কোথায় ? [<কহাঁ হিং]।

কাঁহার্=[চট্ট]—বি. পাল্কীবাহক ॥ চাইর যন্ কাঁহার্ বৌয়েরে পালকিত্ করি আনে। [কহার হিং]।

কাঁহাল্=[রং]—বিণ. খুব ঠাণ্ডা ॥ কাঁহাল্ পানি। [দেখ কাল্]।

কাঁহিশ্=[দি]—বি. জ্বালাতন ॥ আর কত কাঁহিশ্ করবি। [<কাহিশ کاهش ফা.=দুর্বলতা ; অর্থ প্র.]।

কাঁকড়্=[পা]—বি. <কাঁকুড়, ফল বিশেষ ॥ গরমো কাকড় খাইলে ঠান্ডা লাগে।

কাকর়্=[দি]—সর্ব. কাহাকেও ॥ এই বাড়ির় কাকয় দেখা জায় না। [< কাকেও <কাহাকে+ও]।

কাকর্=[বা]—বি. এক প্রকার তর-কারী ॥ [দেখ কাকড়্]।

কাকল্=[পা]—বি. কাঁখ, কাঁকাল ॥ [<কাঁকাল]।

কা কা=[চা]—অব্য. হায় হায়, হাহা-কার ॥ এত কা কা বালা লাগে না। [কাকের কা কা (ধ্বন্যা.); অর্থ প্র.]।

কাকাইল্=[সি]—বি. কাঁখ ॥ কাকাইলে ঠিল্লা লৈসে। [<কাঁকাল]।

কা কা করা=[সি]—ক্রি. গণ্ডগোল করা ॥ ইখানে কা কা কবিস্ না, যা। [দেখ কা কা+করা]।

কাকানো=[রং]—ক্রি. চুল আঁচড়ানো ॥ মাথাটা কাকাও। [দেখ কাঁকানো]।

কাকারঅ=[চট্ট]—সর্ব. কাকাদের ॥ কাকারঅ বারিত্ যাইয়র্। [কাকা+র (সম্বন্ধে)]।

কাকাল্=[সি]—বি. কাঁখ, কোমর ॥ [<কাঁকাল]।

কাকাল্লি=[রং]—বি. কাঁকরোল ॥ [দেখ কাঁক্রল্]।

কাকাল্ শমান্=[খু]—বিণ. কোমর পর্যন্ত ॥ কাকাল্ শমান্ পানি। [কাঁকাল+সমান]।

কাকি=[বা]—বি. নৌকার লগি রাখার খুঁটি ॥

২=[রং]—বি. বাড়ীর পিছন দিক ॥

কাকিনি=[চা]—বি. স্ত্রী মহিষ ॥

কাকিয়া=[সি]—বি. মাছ বিশেষ ॥

কাকুরা=[সি]—বি. এক প্রকার গুল্ম জাতীয় উদ্ভিদ ॥

কাকে=[খু, য]—অস. ক্রি. বাসন হইতে খাবার মুছিয়া ॥ খাবা বেশ্ কাকে খেয়ে ওঠ্।

কাকেল্লা=[রং]—বি. কাঁকরোল ॥

কাকো=[খু, কু]—বি. লম্বা ছড়ির মাথায় বাঁধা বড়শি ॥

২=[রং]—সর্ব. <কাহাকেও ॥

কাক্=[ম]—বিণ. জীর্ণশীর্ণ ॥ শুকা-ইয়া একেবারে কাক্ ঐয়া গেসে। [কাকের ন্যায়]।

২=[দি]—সর্ব. <কাহাকে ॥ এই কথাটা তুই কাক্ শুনালি?

৩=[চট্ট]—বি. ঢাকনি, ছিপি ॥ বতলর্ কাক্। [<কর্ক<কর্ক cork ইং]।

কাক্কিনি=[চা]—বি. স্ত্রী মহিষ ॥ [দেখ কাকিনি]।

কাক্কু=[কুম]—বি. কাকা, চাচা ॥ [কাকা; আদরে বর্ণ দ্বিত্ব এবং উ প্র.]।

২=[পা]—সর্ব. <কাহাকেও ॥ এ কথা যেন কাক্কু বলিস্ না।

৩=[রা]—বি. দোলনা ॥

কাক্‌চাঁ=[পা]—বি. শুষ্ক রাই সরিষা গাছের তৈরী ঝাড়। [দেখ কাঁকচাঁ; অর্থ প্র.]।

কাক্‌চাঁনো=[বা]—ক্রি. আঁচড়ানো ॥

কাক্‌চুয়া=[রা]—বি. পাখি বিশেষ ॥

কাক্‌জা=[রং]—বি. বড় লেবু ॥ কাক্জার় রস্ উপ্কারি। [<কাগজা (বৃহদার্থে); কাগজী লেবু]।

কাক্‌যা=[পা]—বি. রাই বা সরিষার মরা ডাঁটা ॥ [দেখ কাঁকচাঁ]।

কাক্‌টা=[খু]—বি. শুকনা পাট গাছ ॥

২=[খু]—বি. পাটের আঁশ ॥ কাক্টা নিয়ে দড়ি পাকাও।

কাক্‌টিনি=[রা]—ক্রি.বিণ. কাহারও নিকট হইতে ॥ [দেখ কাক্২+টিনি <ঠানে<স্থানে]।

কাক্‌টো=[খু]—বিণ. রোগা ॥ ছেলেটা বড় কাক্টো। [<কাক+টো প্র.; অথবা কককট<কর্কট সং+উ প্র.; অর্থ প্র.]।

কাক্‌ঠ্কৃরি=[ম]—বি. এক প্রকার ভেষজ গাছ ॥

কাক্‌ড়া=[দি]—বি. লোহার তৈরী আংটা বিশেষ ॥ [<কক্কট(<কটক সং)+আ প্র.; বর্ণ বিপর্যয়]।

২=[খু]—বি. গাছ বিশেষ ॥

কাক্‌ড়ি=[রা]—বি. বৃষ্টি না হইলেও জমিতে ফসল বোনার কাজ ॥ আমিও ভাই কাক্ড়ি কর্মু।

কাক্‌তানো=[চা]—ক্রি. শোকে চীৎ-কার ও আক্ষেপ করা ॥ [কাকুতি (< কাকুতি সং)+আনো প্র.; নাম ধাতু]।

কাক্‌না=[রং]—বি কলাগাছের খোড় ॥ কাক্না দি' ,ড়ে মাছ্ রাঁধো।

কাক্‌নি মহিশ্=[ম, সি, ফ]—বি. স্ত্রী মহিষ ॥ [দেখ কাকিনি]।

কাক্‌রল্=[ম, চা, কুম]—বি. কাঁক-রোল, তরকারী বিশেষ ॥ [দেখ কাঁক্রল্]।

কাক্‌রাইন্=[সি]—বি. বিশেষ ধরনের খালুই বা ডুলা ॥ কাক্রাইনের় বিতর় মাস্ থোও।

কাক্‌রোল্=[সি, ম, খু]—বি. তর-কারী বিশেষ ॥

কাক্‌লা=[রা]—বি. গরুর গাড়ীর পার্শ্বের দুইটি চিকন বাঁশ ॥

কাক্‌লাশ্=[কুম, ফ]—বি. গিরগিটি জাতীয় জীব ॥ [দেখ কাঁআল্লিশ্]।

২=[ম, পা, চা, কুম]—বিণ. শুষ্ক, কংকালসার ॥ স্যালেটা যরে বুগ্যা কাক্-লাশ্ ঐয়া গ্যাসে। [পূর্বে দেখ; অর্থ প্র. কিংবা কাকল<কঙ্কাল+আশ প্র.]।

কাক্‌লাশ্‌মুর্তি=[ম]—বিণ. কৃশ, কালো চেহারার ॥ [দেখ কাক্লাশ্ +মূর্তি]।

কাক্‌লি=[খু]—বি. চাঁছিয়া জমা করা বস্তু ॥ দুধের় হাড়ির় কাক্লি খুব্ মাখা ॥

কাক্‌সি মাস্=[কুম, নো]—বি. ছোট মাছ বিশেষ।

কাখাই, কাখ্ই=[চা, কুম]—বি. চিরুণি ॥ [দেখ কাওই]।

কাখ্যা দান্=[পা]—বি. এক প্রকার ধান ॥

কাগ=[চা, ম, কুম]—সর্ব. কাহাদের ॥ কাগ বাইত্ যাবি। [কা<কাহা+গ <গো]।

কাগজিয়া=[রং]—বি. স্ট্যাম্প বিক্রেতা, ভেণ্ডার ॥ কাগজিয়ার় বাড়ি থেকে এক্ খানা দলিল্ আন্। [কাগজ ১৫৮আং >ফা. (তুং কাগদ চীনা) +ইয়া প্র.]।

কাগত্=[কুম]—বি. কাগজ ॥ একটা কাগত্ দেও, চি'ঠি লেখ্‌মু। [<কাগজ]।

কাগা=[ম]—বি. কাক ॥ [কাক+আ প্র.]।

২=[বা]—বি. চাচা, কাকা ॥ [< কাকা]।

৩=[বা]—বি. খালা (প্রধানতঃ সম্বোধনে ব্যবহৃত) ॥

কাগানো=[খু]—ক্রি. অশ্লীল কথা বলা ॥ [দেখ কা কা+আনো প্র.; অর্থ প্র.]।

কাগাবাগা=[পা]—বি. কাকুতি মিনতি ॥ [অনু.]।

কাগারে=[পা]—সর্ব. কাহাদের ॥ নাওটা কাগারে? [কা+গারে সম্বন্ধের বহুবচনে; দেখ কাগোরে]।

কাগু=[কুম]—বি. চাচা ॥ [দেখ কাক্কু]।

২=[ফ]—বি. কাক ॥ কাগু ডাকে কা কা ॥ [কাক+উ প্র.]।

কাগে=[খু]—সর্ব. কাহাদের ॥ কাগের বাড়ি যাশ্? [কা+গে]।

কাগ্যা=[ম]—বিণ. কুৎসিত ॥ মানুশ্‌টা বর কাগ্যা। [কাক+ইয়া প্র.]।

কাগোরে=[পা]—সর্ব. কাহাদের ॥ কাগোরে কথা হুনমু, দিশাই পাই না।

কাগ্=[কুম চা]—বি. ছিপি ॥ বোতলের কাগ্‌ড়া আটকাও। [দেখ কাক্ ৩]।

২=[রা, সি]—বি. চোংগা, ফানেল ॥ [দেখ কাক্৩; অর্থ প্র.]।

কাগ্‌যি=[সি]—বি. কাঠ পেন্‌সিল ॥ [খাগ<খাগড়া+জি/চি প্র.]।

কাগ্‌যি বাদাম্=[চট্ট]—বি. বাদাম বিশেষ ॥

কাগ্‌যি লোক্=[চট্ট]—বিণ. অখাঁটি লোক ॥ [<কাগজ+ই প্র.=কাগজের ন্যায় পাতলা]।

কাগ্‌না=[ব, রা]—বি. কলাগাছের সার ॥ কাগ্‌না তর্কারি রেঁধে খাওয়া যায় ॥

কাগ্‌বা কড়ি=[ম]—বিণ. খুব কৃপণ ॥

কাগ্‌রাও=[ম]—বি. অস্পষ্ট আওয়াজ ॥ পিটুনি খাইয়্যা চো'র্‌টা কাগ্‌রাও কর্‌য়া কি যেন্ বলিল্।

কাঙ্=[রং, রা]—বি. পশুর স্কন্ধ ॥ বলদের্ কাঙে জোয়াল্। [কান্<স্কন্ধ]।

কাচ'র্=[ম]—বি. ময়লা ॥ কাপর অনেক্ কা'চর্ লাগ্‌সে। [<কচচর সং; তুং কীচর হিং]।

কাচল্=[রা]—বি. হালট, দুই উঁচু ভূমির মধ্যবর্তী নীচু দীর্ঘ পথ ॥ [দেখ কাঁচল্]।

কাচ'া=[ফ, খু]—বি. জমিতে পানি রাখিবার বাঁধ ॥ [দেখ কাঁচ'া]।

২=[চা]—বি. পরিখা, ডোবা ॥

৩=[পা]—বি. ছেঁচা বাঁশ, দা দিয়া থেঁৎলানো বাঁশ ॥

৪=[বা]—বি. বাড়ীর সীমানা ॥ বাড়ির্ পুব্ কাচ'া দিয়া রাস্‌তা। [দেখ কাঁচ'া, অর্থ প্র.]

৫=[খু, য]—বি. জমির আইল সংলগ্ন অংশ ॥ যমির্ কাচ'ার্ ধান্‌গুলো ভাল হয়েসে। [দেখ কাঁচ'া; অর্থ প্র]

৬=[য]—বি. গামছা জাতীয় ছোট কাপড় ॥ [কাছা (<কচ্ছ সং); অর্থ প্র.]

৭=[ফ]—বি. সমতল ভূমিতে মাটি ফেলিয়া তৈরী দীর্ঘ উঁচু স্থান ॥ কাচ'ায় কলা গাস্ অয়। [দেখ কাঁচ'া]।

কাচ'াইয়া=[কুম]—অস. ক্রি. একত্রিত করিয়া ॥ কাদামাটি কাচ'াইয়া শরাইয়া ফালা। [কাছা (< কাছানো =মুছিয়া নেওয়া)+ইয়া প্র.]।

কাচ'াইন্যা=[চা]—বিণ. অবশিষ্ট ॥ [দেখ কাঁচ'াইয়া; কাছা+ন+ইয়া]।

কাচ'া গাও খাওয়া=[খু]—ক্রি. অকালে মৃত সন্তান হওয়া ॥ [কাঁচা+খাওয়া; অর্থ প্র.]।

কাচ'া গাও খাওয়া=[চা]—ক্রি. অকালে মৃত সন্তান হওয়া ॥ [কাঁচা+গাও (<গাত্র সং)+খাওয়া; অর্থ প্র.]।

কাচাত্ কাচাত্=[রং]—বি. হাঁটিবার ফলে কোমরের ব্যথা ॥ কোমরটা মোর কাচাত্ কচাত্ করোছে। [অনু.]।

কাচ'ানি=[চা]—বি. খাওয়ার পরে যাহা বাঁচে ॥ [দেখ কাচ'াইন্যা]।

কাচ'ানো=[পা]—ক্রি. থেঁৎলা করা, স্থানে স্থানে কোপ দিয়ে কাটা ॥ বাশ্‌টা কাচ'াও। [<কুচি+আনো প্র.=কুচি কুচি করা]।

২=[পা]—ক্রি. হালের বৈঠা নাড়িয়া নৌকা চালানো ॥

৩=[চট্ট]—ক্রি. নিকটে আসা ॥

কাচ'া পোয়াতি=[ল]—বিণ. কচি শিশুর মাতা ॥ [<কাঁচা+পোয়াতী (<পোতবতী সং)]।

কাচ'ারিগর্=[কুম]—বি. বৈঠকখানা ॥ [<কাছারি (<কৃত্যগৃহ সং)+ঘর; অর্থ প্র.]।

কাচ'ার্ গর্=[কুম]—বি. বৈঠকখানা ॥ [দেখ কাচ'ারিগর্]।

কাচ'ালি=[ম]—বি. ছোট ছেলে মেয়ে ॥ [কাঁচা+লি প্র.]।

কাচাল্=[রং, রা, দি]—বি. জ্বালাতন, বিরক্ত ॥ আর্ কাচাল্ করিস্ না, ভাগ। [<কচাল]।

কাচ'া সুইট্‌কা=[চা, কুম, ম]—বি. নবজাত শিশু ॥ কাচ'া সুইটকা কান্‌দে ক্যান্? [<কাঁচা+ছোটকা+ইয়া প্র]।

কাচ'া সুইট্‌কা পাওয়া=[ম]—ক্রি. বুদ্ধিহীন মনে করা ॥ আমারে কি তুমি কাচ'া সুইট্‌কা পাইস নাকি। [দেখ কাচ'া সুইট্‌কা+পাওয়া; অর্থ প্র.]।

কাচ'া হুরুতা=[সি]—বি. দুধের শিশু ॥ কাচ'া হুরুতায় কান্‌সে। [< কাঁচা+সোরতা<ছোট+তা প্র.]।

কাচ'া হুরুরুতা=[সি]—বি. সদ্যজাত শিশু ॥ [দেখ কাচ'া হুরুতা]।

কাচি=[রা]—বিণ. কচি ॥ কাচি লাও।

২=[চা]—বিণ. নতুন, হালি ॥ গাইডা কাচি' বিয়াইন্যা। [কচি; অর্থ প্র.]।

কাচি' খোচ'া=[চা]—বি. এক প্রকার পাখি ॥

কাচি' চ'র্=[পা]—বি. নুতন চর॥ কাচি' চ'রের্ যমিতে তরমুয্ বালো হয়্। [কচি+চর; অর্থ প্র.]।

কাচি' দুদ্=[ফ]—বিণ. সদ্যপ্রসুত গাভীর দুধ॥ কাচি' দুধ্ খাওয়া যায়্ না। [<কাঁচা+দুধ]।

কাচি' বাসুর্=[সি]—বি. <কচি বাছুর॥

কাচি'লা=[ম]—বিণ. সদ্যপ্রসুত॥ কাচি'লা গাই॥ [দেখ কাচি'₁+লা প্র.]।

কাচু=[রা]—বি. কবুতরের ঘর বিশেষ॥

কাচুনি=[রা]—বি. শিশু॥ [< কাঁচা +নি প্র.]।

২=[দি]—বি. বগল॥ [<কাছ (< কক্ষ সং)+নি প্র.]।

কাচু'মাচু'=[ঢা]—বি. কাতরভাবে অনুনয় বিনয়॥ একটা পয়্শার্ লাইগ্যা ফকির্‌বেডা কাচু'মাচু' কর্‌তাসে। [অনু.]।

কাচুয়া=[রং, সি]—বিণ. কচি॥ কাচুয়া ছাওয়া (রং)। [কাঁচা+উয়া প্র.]।

কাচে'া=[সি, ফ]—বিণ. পেটুক, গালি বিশেষ॥ স্যারাডা বর কাচে'া। [দেখ কাচে'া₂; অর্থ প্র.]।

২=[সি]—বি. কাছিম॥

৩=[ম]—বি. ধান বিশেষ॥ কাচে'া দানের্ চা'উলের্ বাত্ বর গন্দ করে।

কাচ্'=[চট্ট]—বি. <কাজ॥

২=[ম, ঢা, কুম]—বি. চুড়ি॥ এক্ মুঠ্ কাচ্ পিন্‌দুয়্। [কাচ; অর্থ প্র.]।

৩=[কুম, ফ]—বি. চিচিঙ্গা॥

৪=[পা]—বি. ভান॥ কাচ্' কৈরা শুইয়া থাকিস্ না, কাম্ কর্।

৫=[ফ]—বি. ঘরের ভিটি॥ ঘরের্ কাচ্'টা নিচু'। [দেখ কাঁচ'া]।

৬=[রা]—বিণ. কাৎ, হেলানো॥ ঘর্‌টা একদিকে কাচ্' হৈয়্যাছে। [< কাৎ]।

কাচ্'কলয়্=[ক]—বি. আজল ধান বিশেষ॥

কাচ্'কি পোনা=[ঢা]—বি. পোনা মাছ॥ [কাঁচা+পোনা(<পোতাধান সং)]।

কাচ্'কে=[য]—বি. বাদলা॥ কাচ্‌কের্ মন্‌নি আর্ ঘরের্ বার্ হওয়া যায়্ না।

কাচ্'খিরা=[সি]—বিণ. অর্ধকাঁচা॥ আম্‌ড়া কাচ্'খিরা। [কাঁচা+খিরা= খীরা। خيرہ হিং=শসা]।

কাচ্' চে'াই=[য]—বি. কয়েকদিন ধরিয়া অবিরত বৃষ্টি॥ এই কাঁচ্‌চে'াইতে কোথায় যাব?

কাচ্‌ছে=[রা]—বি. কয়েকদিন ধরিয়া প্রবল বাতাস সহ মাঝারী ধরণের টিপ টিপ বৃষ্টি॥

কাচ্‌টা=[রং]—বি. কাচ॥ কাচ্‌টা ভাংলু কাঁয়? [কাচ+টা]।

কাচ্'ড়া=[বা, য]—বি. হাতে পাকানো মোটা দড়ি॥ শাড্‌টাক কাচ্'ড়া দি বাঁধ্। [কাচ<কাছি+ড়া<রা প্র.]

কাচ্'তলা=[সি]—বি. পায়খানা॥ কাচ্'তলায় যাইতানি? [দেখ কাইচা +তল+আ প্র.]।

কাচ্'তা=[সি]—বি. হা-ডু-ডু খেলার কোট॥ কা'চ্‌তা কাইট্‌টা মাঠ্‌টা নশ্‌ট কৈরা কালাইসে।

কাচ্'তি=[সি]—বিণ. কাঁচা, অপরিপক্ব॥ [কাঁচা+তি প্র.]।

কাচ্'নাচ'ানি=[ঢা]—বি. চৈত্রমাসের চড়কপুজা উপলক্ষে হিন্দুদের নাচগান ও কবিকের আসর॥ ল যাই, কাচ্‌নাচ'ানি দেইখ্যা আহি। [দেখ কাচ্'₄+নাচনি<নাচুনি]।

কাচ্'নি=[খু]—বি. বাঁশের তৈরী বেড়া॥

কাচ্'নি করা=[রং]—ক্রি. কাছা দেওয়া॥ [কাছ<কাছা+নি প্র. +করা]।

কাচ্'পরা=[কুম]—ক্রি. স্বেচ্ছায় পরাজয় বরণ করা॥ এই কাম্ না পারলে আমি আমার্ আতে কাচ্' পর্‌মু। [কাচ+পরা; অর্থ প্র.]।

কাচ্'মিঠা=[ঢা]—বিণ. যাহা কাঁচা অবস্থায়ই মিষ্ট॥ কাচ্‌মিঠা আমের্ গাস্। [কাঁচা+মিঠা]।

কাচ্'মির্‌কা=[কুম]—বি. তুঁতে॥ কাচ'মির্‌কা পুর্যা দাতে দিলে বেদ্‌না কমে।

কাচ্'মৌয়া=[সি]—বিণ. কাঁচা মিঠা॥ কাচ'মৌয়া আম্—কাচ'াই খাওয়া যায়্। [কাঁচা+মৌ(<মধু)+আ প্র.]।

কাচ্'রা=[সি]—বি. ময়লা॥ শাবান্ দিয়া শরিরের্ কাচ্'রা সারাও। [দেখ কাচ'র্+আ প্র.]।

কাচ্‌লা=[ব, রং, রা]—বিণ. বীজ বপনের জন্য তৈরী॥ [দেখ কাঁচল্]।

২=[ম]—বি. ধান ইত্যাদি সিদ্ধ করিবার বৃহৎ মাটির পাত্র॥

৩=[য, রা]—বি. ধানের কচি চারা॥ বিছোনের কাচ্‌লা উঠ্‌ছে (রা)। [কাঁচা +লা প্র.]।

কাচ্'লা সেলে=[ব]—বিণ. সদ্যোজাত শিশু॥ কাচ্'লা সেলে নিয়ে অত্‌দুর্ যাবে? [দেখ কাচ্‌লা₃+ছেলে]।

কাচ্'লি=[ব]—বি. অত্যন্ত ছোট জমি॥ কাচ্'লিত্ তাংকু বুনিচি'। [দেখ কাঁচল্]।

২=[সি]—বিণ. অত্যন্ত কচি॥ কা'চ্‌লি পোনা সারা উচি'ত্ না। [কাঁচা +লি প্র.]।

৩=[ফ]—বি. কৃত্রিম স্তন॥ [< কাঁচুলি<কঞ্চুলিকা সং]।

কাছত্=[দি]—বি. কাছে॥ আমার কাছত্ আয়্। [কাছ+ত বিভক্তি]।

কাছাড্=[রং]—বি. নদীর ধার॥ [<কছার کچہار হিং<কচ্ছ সং]।

কাছাপাড়া=[রা]—বিণ. চলনে চিলে চালা॥ [কাছা+পড়া (=পতিত)]।

কাছাবাছা=[রা]—বি. আকুলি বিকুলি॥ [অনু.]।

কাছুয়া=[রা]—বিণ. পেট(ব্যঙ্গার্থে)॥ অত খেয়েও তোর্ কাছুয়া ভরে না।

কাছ্=[রং]—বি. উরু॥ মোর কাছ্ কুদি বিষ্ ঐছে। [দেখ কাঁছ্]।

কাছ্য়া=[রা]—বি. <কাস্তে ॥ কাছ্ছা দিয়ে ধান্ কাটে।

কাছ্নি=[রা, দি]—বি. শিশু ॥ কাছনি কান্দোছে ॥ [কাঁচা+নি প্র.]।

কাছ্রা=[রং]—বি. কাছি ॥ নায়ের্ কাছরা ছিড়্যা গেইছে। [দেখ কাচ্'ড়া] ॥

কাছ্লা=[রং]—বি. মাছ বিশেষ ॥

২=[রং]—বি. কাপড়ের পাড় ॥ কাপড়ের্ কাছ্লাডা কাম্কর্যা। [<কাছ(<কচ্ছ সং)+লা প্র.]।

কাজা=[দি]—বি. বিলম্ব ॥ কাজা করি নামাজ্ পড়া ভাল না। [<কযা' قضاء আং]।

২=[রা]—বি. বিবাদ, মামলা ॥ বুড়া বয়শে কাজাকুজা ছাইড়া দ্যাও। [কযীয়: قضيه আং]।

কাজাক্=[রং]—বি. তিরস্কার ॥

কাজ্য়া=[দি]—বিণ. কাজের ॥ [কাজ (<কার্য)+উয়া প্র.]।

কাজ্=[রং]—বি. দ্বিতীয় বিবাহ ॥ [<কাজ<কজ্জ<কার্য্য সং ; অর্থ প্র.]।

কাজ্জি=[রা]—বি. দ্বিতীয় বিবাহ। মেয়েটার্ কাজ্জি পুরিছে। [দেখ কাজ্]।

কাজ্জি বাত্=[রা]—বি. সর্বনাশ ॥ ওঁই আমার্ কাজ্জি বাত্ করিছে। [<কার্য+ব'আদ بعد আং ; অর্থ প্র.]।

কাজ্লা=[রা]—বি. একটি ধানের নাম] ॥

কাযল=[সি]—বি. প্রদীপের কালি ॥ লেম্পর্ কাযল্ দি কালি বানাই লো। [< কাজল<কজ্জল সং]।

কাযল্কি=[চা]—বি. আমন ধান বিশেষ ॥

কাযল্ হাইল্=[চা]—বি. আমন ধান বিশেষ ॥ [দেখ কাযল্+হাইল <শালি]।

কাযা=[বা, য]—বিণ. নষ্ট ॥ ডিম্টা কাযা হৈয়া গেস্রে। [দেখ কাইষ্যা]।

২=[পা]—বি. বিবাদ, মামলা ॥ বুড়া বয়শে কাযা সাইড়া দ্যাও। [দেখ কাজা২]।

৩=[কুম]—ক্রি. বিণ. ঠেলা, চাপ ॥ ডিবার্ মুখ্ কাযা দিয়া তুল্।

৪=[কুম]—বি. বিপদ, প্রাণহানি ॥ তার্ উপ্‌রে এক্‌টা কাযা গ্যাসে। [কযা' قضاء আং=মৃত্যু]।

কাযানো=[কুম]—ক্রি. ঠেলা দেওয়া ॥ কাযাইয়া ফালাইয়া দিবি নাহি ? [দেখ কাযা৩ +নো প্র.]।

২=[পু, য]—ক্রি. অশ্লীল বাক্য বলা ॥ চুপ্ কর, কাযাইও না।

কাযি=[চা, ফ, রা]—বি. আমানি, অনেক দিনের ভিজানো টক চাউল ॥ কাযির্ যাউ খাইবা নাহি ? [<কাঁজি]।

২=[য]—বি. ভাতের মাড় ॥ ধোপারা কাপরে কাযি দ্যায়। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাযিমরা=[য,কুম,সি]—বিণ. আধা-মরা ॥ রৈদের তেযে মাস্ কাযিময়া ঐসে। [দেখ কাযা৪+মরা]।

কাযিমাযি=[য]—বি. চেঁচামেচি ॥ বেশি কাযিমাযি কর্‌লে মাইর্ খাইবি। [অনু.]।

কাযিয়া কেরেংকাল্= [সি]— বি. কলহ ॥ [দেখ কাজা২+কেলেংকার (<কলঙ্ককর সং) ; বর্ণবিপর্যয়]।

কাযিয়াখোর্=[য]—বিণ. ঝগ্‌ড়াটে ॥ বেটা বর কাযিয়াখোর্। [দেখ কাজা২ +খোর خور ফা ; তুং নেশাখোর ; অর্থ প্র.]।

কাযিয়া মাযিয়া=[সি]—বি. কলহ ॥ [দেখ কাজা২ ; মাযিয়া অনু:]।

কাযিরঅ=[চট্ট]—বি. কাজীদের ॥ [কাজী<কাযী قاضى আং+র (সম্বন্ধে)]।

কাযির্ আরি=[চা]—বি. কাঁজির হাঁড়ি ॥ কাযির্ আরিটা কুত্তায় বাংলো। [দেখ কাঁজি+র (সম্বন্ধে)+ হাঁড়ি(< হাণ্ডী সং)]।

কাযির্ পাল্লা=[বা]—বি. ভাত রসুন পানি ইত্যাদি মিশ্রিত পানির পাতিল বিশেষ ॥ ভয়ে কাযির্ পাল্লাত্ লুকাইসে। [দেখ কাঁজি+র (সম্বন্ধে)+ পালনা<পাইলা<পাতিল+আ প্র. বা <পাত্র+লা]।

কাযির্ বাত্=[ক]—বি. পঁচানো চাউলের ভাত ॥ [কাঁজি+র (সম্বন্ধে) +ভাত<ভক্ত সং)।

কাযির্ সরা=[চা]—বি. পচা চাউল দিয়া তৈরী ছোট ছোট পিঠা ॥ কাযির্ সরা খাইলে পেড্ বালা অয়। [কাঁজি +র(সম্বন্ধে)+ছড়া ; অর্থ প্র.]।

কাযুবাযু=[য]—বিণ. সংকুচিত ॥ চো'র্‌টা ধরা পৈড়া এক্‌কেরে কাযুবাযু হৈয়া পড়্‌সে। [অনু.=কাচুমাচু]।

কাযুয়া=[ব]—বিণ. কাজের, কর্মী ॥ [কাজ+উয়া প্র.]।

কাযুলি=[চা]—বি. এক প্রকার মাছ

কাযে=[য]—বিণ. পুরানো নষ্ট ॥ কাযে ডিম্ আন্‌স ক্যান্ ? [দেখ কাইষ্যা]।

২=[যু]—বি. ঝগড়া, কলহ ॥ এম্‌নি ভাবে রাত্‌দিন্ কাযে যরালি সোংশারে ভাটি লাগ্‌বে। [দেখ কাজা২]।

কাযেব=[চট্ট, য]—বিণ. মিথ্যুক ॥ লোক্‌টা এক্‌দম্ কাযেব্। [কাযিব كاذب আং]।

কাযে বাগে=[সি]—ক্রি.বিণ. প্রয়োজনে, ঠিক কাজে ॥ মাত্‌লে কাযে বাগে মাত। [কাজ+এ ; ভাগ+এ]।

কায্যা=[পা]—বিণ. নষ্ট, টক ॥ কায্যা ডিম্। [দেখ কাইষ্যা]।

কাযোল্=[কু]—বি. <কাজল ॥ চো'খে কাযোল্ দেয়্।

কায্ করা=[য]—ক্রি. বিবাহ করা ॥ দেখে শুনে এক্‌টা কায্ করে দাও। [দেখ কাজ+করা]।

কায্যম্=[নো]—বি.জামফল ॥ [<কাল জাম]।

কায্যাম্=[য]—বিণ. ডাহামিথ্যা ॥ কথাডা একেরে কায্যাম্। [কয্‌যাব كذاب আং ; অর্থ প্র.]।

কায্ দেওয়া=[ব]— ক্রি. বিবাহ দেওয়া ॥ সেলেডার্ এবার্ কায্ দিতে হবে। [দেখ কাজ+দেওয়া]।

কায্আয্=[সি]—বি. অনুনয় বিনয় ॥ হিতারে কায্আয্ করি রাযি করাইসি। [দেখ কাযুবাযু]।

কায্ মিন্তি=[সি]—বি. <কাকুতি মিনতি ॥ কায্ মিন্তি কর‍্যা অপরাদ্ মাপ্ করাই লাইসি।

কায্লা=[কুম]—বি. এক প্রকার পাটের নাম।

২=[বা]- -বি. লোহার খিল ॥

৩=[কুম, ম, দি, বা]—বিণ. কালো রং বিশিষ্ট ॥ কায্লা গাই। [কাজল (<কজ্জল সং)+আ প্র.]।

কায্লাম্=[সি]—বি. খিজালত ॥ কাব্ লগে কায্লাম্ কর। [?<কাযিল قاضل +আম প্র]।

কায্লি=[ব]—বি. ইক্ষুর শ্রেণী বিশেষ।

কাটা=[দি, পা]—বি. বেতের তৈরী ডালা ॥ এক্ কাটা ধান্ ধাব্ দেও চাচি, (পা)। [<কাঠা<কাষ্ঠ সং]।

২=[বা, ব, পা]—বি. মাছ ধরার জন্য নদীতে ডালপালা ফেলিয়া যে ব্যবস্থা করা হয় ॥ [<কাঠাম (<কাষ্ঠকর্ম সং); অর্থ প্র.]।

৩=[ক]—বি. পিঠা বিশেষ ॥ [<কাটা (<কাটনা হি: <কট্টন প্রা:<কর্তন সং)=কাটাপিঠা; অর্থ প্র]।

কাটাই=[রং]—বি ছুরি বিশেষ। কাটাইটা আন্ তরকারি কাটো। [কাটারি<কর্তরী সং]।

কাটাইর্=[রং]—বি. চাকু ॥ [দেখ কাটাই]।

কাটাইলা মাস্=[কুম]—বি মাছ বিশেষ ॥ কাটাইলা দর।

কাটাইল্=[সি, ঢা]—বি. ছুরি, ছোট দা, কাটারী ॥ [দেখ কাটাইর্]।

কাটাউ=[বং]—বি. রাগ, গরম ॥ তোর্ জে খুব্ কাটাউ বাহে? [<কাটা + আউ/আও প্র.]।

কাটাউ কাটাউ=[রং]—অব্য. এক প্রকার শব্দ ॥ [ধ্বন্যা.=খট্ খটা খট্]।

কাটা ওঠা=[খু]—ক্রি. বয়স্ক হওয়া ॥ সেলেটার এখোনও কাটা ওঠে নাই। [কাঁটা+উঠা; অর্থ প্র.]।

কাটাওলা=[সি]—বি. বর্ষাকালের এক প্রকার ঘাস ॥ কাটওলায় দান্ খাইলিসে। [কাঁটা+ৱালা ৬। হিং =কাঁটা বিশিষ্ট]।

কাটাকচু'=[খু]—বিণ. অপদার্থ ॥ কাটাকচু' সেলেটা খালি পারে শয়্তানি। [দেখ কাঁটাকচু]।

কাটাকামানি=[সি]—বি. দাঁড়িপাল্লা বিশেষ ॥ [কাঁটা+কামান (<কমান کمان ফা.=ধনুক)+ই প্র.; অর্থ প্র.]।

কাটাকুটা=[সি]—বি. কণ্টকাদি ॥ [কাটা (<কণ্টক সং)+কুটা (<কূট সং)]।

কাটা খুদিরা=[দি]—বি. কাঁটাযুক্ত শাক বিশেষ ॥ [কাঁটা+ক্ষুদ্রিকা]।

কাটা খুর‍্যা=[ফ]—বি. এক প্রকার কাঁটা যুক্ত আগাছা ॥ [দেখ কাটা-খুদিরা]।

কাটা খৈয়া=[ঢা]—বি. কাঁটাযুক্ত গাছ বিশেষ ॥ [দেখ কাটা খুদিরা]।

কাটা গোচ'া=[ঢা]—বি. পথের বাধা ॥ [কাঁটা+গোছা (<গুচ্ছ সং); অর্থ প্র.]।

কাটা ছিরা করা=[রং]—ক্রি. মন্ত্রপুত করা, ফুক দেওয়া ॥ ধাউয়াখানের একটা কাটা ছিরা করি নে কেনে। [কাটা(<কর্তন সং)+ছিরা(<ছেদন)+করা]।

কাটা দেওয়া=[খু]—ক্রি খাড়া হওয়া, সোজা হওয়া ॥ ভয়্তে তার্ গার্ নোয়া কাটা দেলে ॥ [কাঁটা+দেওয়া; কাঁটার ন্যায় শরীরের লোম খাড়া হইয়া উঠা]।

কাটানি=[রং]—বি. চোরাবালি ॥ কাটানিত্ পড়ে গরুটা এইজে ধর্-ফরাছে। [দেখ কাটা৩+নি প্র.; অর্থ প্র.]

কাটানটি=[ম]—বি. ছোট কাঁটাওয়ালা শাক বিশেষ ॥ [=কাঁটানটে]।

কাটান্=[পা]—বিণ. গভীর, আবর্তশীল ॥ দেখ কাটা৩+আন প্র.; অর্থ প্র.]।

কাটান্ দেওয়া=[ম]—ক্রি. গরুর বিচি ফেলা ॥ গরুটার্ এখনো কাটান্ দেয়া হয়্নি। [দেখ কাটা৩+ন+দেওয়া]।

কাটাবাস্=[ম]—বি. পাট ॥

কাটাবালা=[পা]—বি. বাজু, রৌপ্য নির্মিত গ্রাম্য মেয়েদের কব্জির গহনা বিশেষ ॥ 'হাতে দিব কাটাবালা, পায়ে দিব খাড়ু'—গীত। [দেখ কাটা + বালা (<বলয় সং)]।

কাটামারিশ্=[ঢা]—বি. ঔষধ জাতীয় গাছ বিশেষ ॥

কাটাম্=[রং]—বি. শারীরিক গঠন, আকৃতি ॥ লোক্টার্ কাটাম্ ভালো। [<কাঠামো<কাষ্ঠকর্ম সং]।

কাটারি=[খু]—বি. কাঁচি ॥ কাটারি দি ধান্ কাটে। [দেখ কাটাই]।

কাটারি আনায্=[পা]—বি. এক প্রকার বড় সিম তরকারী ॥ কাটারী আনায্ কত কৈরা শেব্?

কাটারি ভোগ্=[রা]—বি. একটি ধানের নাম ॥

কাটার্ কাটার্=[রং]—অব্য. এক প্রকার শব্দ ॥ তুই কাটার্ কাটার্ করিশ্ কেনে? [ধ্বন্যা.]।

কাটার্ কিটির্=[রং]—বি. হৈচৈ, গোলমাল ॥ এত কিশের্ কাটার্ কিটির্ বাহে? [অনু]।

কাটালা শিংগারা=[ঢা]—বি. পানিফল, ত্রিকোনাকার জলজ ফল বিশেষ ॥ [কাঁটা+ৱালা হিং+শিংগাড়া<শৃঙ্গাটক সং]।

কাটালি=[রং]—বিণ. কাঁঠালের মত ॥ কাটালি বান্না লাগে। [কাঁঠাল+ই প্র.]।

কাটালি চ'াপা=[ঢা]—বি. এক প্রকার ফুল ॥ [দেখ কাটালি+চাঁপা<চম্পা]।

কাটালেবু=[সি]—বি. কাগজি লেবু ॥ [দেখ কাটা (=কর্তিত, হয় যে)+লেবু]।

কাটালে বোবা=[ম]—বিণ. খুব ভারী ॥ [দেখ কাটা৩+আলী প্র.+

বোঝা=যে বোঝা কাটিয়া নামায়]।

কাটাল্=[রং]—বি. ঘন বন ।। বাঘ্ ডোকরায় কাটালে এক্‌লায় যাবু। [কাঁটা +আল প্র.]।

কাটাল্ পাখির বুলি=[সি] বিণ. অনিশ্চিত ।। তোর্ কথাতো কাটাল্ পাখির বুলি। [দেখ কাটা৩ + আল=যে পাখি শিকল কাটিয়া পালায়]।

কাটা হানা=[রং]—ক্রি. কাঁটা বিঁধা ।। আমার্ পায়ে কাটা হানিয়াছিল্। [কাঁটা +সান্ধা(< সান্ধানো = প্রবেশ করা)]।

কাটি=[বা]—বি. সুপারী গাছের শলাকা ।। সেলেটাকে একটা কাটি দি পিটান্ দিয়াসে। [<কাঠি]।

২=[রা, পা]—বি. শোচনীয় রূপে পরাজিত ব্যক্তি, গালি বিশেষ ।। যা যা কাটি, বেশি ফুটানি করিস্ না।

৩=[পা, রা. য]—বি. জেলেদের জালে ব্যবহৃত লোহা ।।

৪=[রা]—বিণ. দক্ষ, পারদর্শী ।। কাটি মোর্, তুই ... আর্ ... কেন্? [দেখ কাটা৩+ই প্র.; অর্থ প্র.]।

৫=[চট্ট]—বি. বাঁধ ।।

কাটি খরা=[পা]—বি. জাল বিশেষ ।। কাটি খরা দি লোকেরা মাস্ ধরে।

কাটি ঘা=[খু]—বি. সর্প দংশন ।। [দেখ কাটা৩+ই প্র.+ঘা (<ক্ষত সং); সুভাষনে]।

কাটু=[রা]—বিণ. শিশু ।। তুই কি কাটু জে কাজ্‌টা করতে পারবি না।

কাটুনি=[ঢা]—বি. যে মাছ কাটে।। [কোটা(<কুট্টন সং)+ই প্র.]।

কাটুয়া=[ঢা, য, সি]—বি. কচ্ছপ ।। ইনুরা কাটুয়ার্ গোস্ খায়। [দেখ কাউট্টা]।

২=[রং]—বি. কাঠের তৈরী বড় পাত্র ।। [কাঠ+উয়া প্র.]।

৩=[সি]—বিণ. কৃপণ ।। লোক্‌টা বর কাটুয়া। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কাটুয়াত্ গংগা=[রং]—বি. সামান্যতে অনেক, সামান্য খালেই গঙ্গা নদী।। [<কাঠুয়া=কাঠের খুরি+গঙ্গা]।

কাটুয়া নাগা=[রং]—বিণ. খুব অন্ধকার বা মলিন ।। কাটুয়া নাগা মুখ। [কাঠ সদৃশ মলিন; দেখ কাঠুয়া, নাগা <লাগা; অর্থ প্র.]।

কাটুয়া পান্ডু=[রং]—বি. এক প্রকার রোগ ।। [যে পাণ্ডুরোগে শরীর কাঠের ন্যায় হয়]।

কাটুয়ামি=[সি]—বি. কৃপণতা ।। দেখ কাটুয়া৩ +মি প্র.]।

কাটুরে=[য]—বি. মুর্দাকে যারা মাটি-দেয় ।। তার্ মা মারা গেলে গাঁয়ের্ লোক্ কাটুরে হয়ে এল। [খাট (<খট্টা)=শবাধার খাট+উরে প্র.]।

কাটুহেন্=[পা]—বি. চাকু ।। কাটুহেন্ দারা কাপর্ কাটা যায় না।

কাটেধান্=[খু, য]—বি. এক প্রকার ধানের নাম ।।

কাটানো=[চট্ট]—ক্রি. থলিতে কোন কিছু ঠাসিয়া রাখা ।। সালাত্ ধান্ কাট্যাই কাটাই ভর্।

কাটোয়াল্=[রং]—বি. কাঁঠাল ।। পাক্‌না কাটোয়াল্। [কণ্ঠোআল ম, বাং<কণ্টকফল সং]।

কাটোরা=[ব, বা]—বি. দোহনের সময় গাভীকে আটক রাখার স্থান ।। [<কোঠা +রা প্র.]।

২=[চট্ট]—বি পেয়ালা ।। [< কাটোরা<কটুরা। کٹورا হিং]।

কাটোল=[রং, পা]-বি. কাঁঠাল।। [দেখ কাটোয়াল্]।

কাটোল্ শফরি=[রং]—বি. আনারস ।। [কাঁটা+ওয়ালা হিং অথবা কাঠলের ন্যায়+সফরী سفری আং (উর্দু) =বিদেশাগত ফল; অর্থ প্র.]।

কাট্=[খু]—বি. কৃপণ, কিপটে ।। [<কাঠ<কাষ্ঠ সং, অর্থ প্র.]।

২=[বা]—বি. স্ত্রী-অঙ্গ।।

৩=[রা]—বি. তৈলের পাত্র। [< কৌটা]।

৪=[য, রা]—বি. তেলের ময়লা ।। ত্যাল্ গুলাত্ খালি কাট্। [কিট< কিট্ট সং]।

কাট্‌কা=[পা]—বিণ. বাকলওয়ালা ।। কাট্‌কা পাট্। [<কাঠ+কা=কাঠ বিশিষ্ট বা কাঠের ন্যায় শক্ত]।

২=[রা]=বি. মাথার মরামাস ।। তোর্ মাথায় কাট্‌কা ভরা। [দেখ কাট৪+কা]।

কাট্‌কি=[বা]—বি. ফাঁকি ।। এক্‌সার্ কাট্‌কি।

কাট্‌খৈ=[খু]—বি. নৌকার পানি সেচনের জন্য কাঠের তৈরী উপকরণ ।। [<কাঠ+কো প্র.]।

২=[খু]—বি. মৎস্য বিশেষ ।। যংগলে কাট্‌খৈ মাস্ পুব্ পাওয়া যায়।

কাট্‌টাল কলা=[চট্ট]—বি. কবরি কলা ।। [<কাঠ+আল (=বিচি); যে কলার বিচি কাঠের ন্যায় শক্ত]।

কাট্‌টল্ পাগ্=[চট্ট]—বি. পাখী বিশেষ (রাত্রিতে ডাকে এবং উহার ডাক 'কাট্‌টল্ পাগ্' এইরূপ শোনা যায়) ।।

কাট্‌টা=[কুম]—বি. কচ্ছপ ।। কাট্টা পানির তলে থাহে। [দেখ কাউট্টা]।

কাট্‌টা কাট্‌টা=[পা]—বিণ. বড় বড় ।। কাট্‌টা কাট্‌টা কৈ মাস্। [<কট্‌টা হিং=মোটা; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

কাট্‌টা গোলাম্=[সি]—বিণ. একেবারে নিকৃষ্ট স্বভাব ।। [কাট(< কানকাটা) + গুলাম غلام ফা. <আং]।

কাট্‌টা চুল্=[সি]—বি. কানের সমান করিয়া রাখা চুল ।। [<কান্টা< কান+টা প্র. +চুল]।

কাট্‌টি মারা=[ঢা]—ক্রি. ঠাট্টা করা ।। কাট্টি মাইরা কথা কও ক্যা?

কাট্‌টেশ্=[চট্ট]—বি. জলজ গুল্ম বিশেষ ।।

কাট্‌না=[খু, য]—বি. শপথ, সত্য ।। কাট্‌না কাটা।

কাট্‌নি=[সি]—বি. অসাক্ষাতে কাহারো বিরুদ্ধে অভিযোগ ।। [<কাট (<কুট সং)+নি প্র.]।

কাট্ পিপ্ড়া=[কু]—বি. বিষধর পিঁপড়া বিশেষ ॥ [<কাঠ+পিঁপড়া <পিপীলিকা সং]।

কাট্কান্দ=[খু]—বি. কাষ্ঠনির্মিত পাখী ধরার ফাঁদ বিশেষ । [কাঠ+ ফাঁদ]।

কাট্ফিশ্=[য]—বি. কোর্টফি ॥ আমার্ লাইগ্যা এক্টাহার্ কাট্ফিশ্ আন্বাইন্। [কোর্ট ফি< court fees ইং]।

কাট্মুরা=[রা]—বি. লোহার ফালের নীচেকার লাঙলের ছুঁচালো অংশ ॥ [< কাঠ+মুড়া<মুড্ড<মুণ্ড সং+আ]।

কাট্রা=[রা]—বি. শিম বিশেষ ॥ খাবিত কাট্রা বাশ্।

কাট্রাংগা=[খু, য]—বি. একটি ধানের নাম ॥

কাট্লগা=[ব, রা]—বি. নখের আগার সাদা শক্ত অংশ ॥ কাট্লগা কেটে ফেল্। [<কাঠ+লগা<নখা<নখ +আ প্র.]।

কাঠল্ শুপরি=[রা]—বি. আনা-রস ॥ [দেখ কাটোল্ শুপারি]।

কাঠা=[য]—বি. কচ্ছপ জাতীয় জলজ প্রাণী ॥ [দেখ কাউট্টা]।

২=[চট্ট, ঢা, সি, কুম]—বি. পাঁচ বা দশ সের পরিমান চাউল ধরে এইরূপ বেত্তের পাত্র ॥ কাঠা দি ধান্ মাপি নেও। [দেখ কাটা]।

৩=[দি, য, রা]—বি. মাছ ধরিবার জন্য বাঁশের তৈরী 'সগরার' (ত্রিকোনা-কার উপকরণ) মধ্যেকার ডালপালা ॥ ডাল্ কাট্তে হবে, শগ্রার্ কাঠা লাগ্বে। [কাঠ+আ প্র.]।

কাঠাই=[রং]—বি. চাকু, ছুরি ॥ কাঠাই দে মাছ কুটি। [দেখ কাটাই]।

কাঠাইল্=[দি]—বি. ছুরি ॥ কাঠাই-ল্দি মাছুটি কাট্। [দেখ কাটাইল্]।

কাঠাম্=[ঢা]—বি. ঘরের সাজ ॥ কাঠাম্ না ঐ গর অয় না। [দেখ কাটাম্]।

কাঠাল্কুশি=[বা]—বি. নয়না মাছ ॥ কাঠাল্কুশি মাস্ মযা না। [<কাঁঠাল+কোষ+ই]।

কাঠাল্ পাইক্=[সি]—বি. হলদে পাখী বিশেষ ॥ [পাকা কাঁঠালের রং এর ন্যায় রং বিশিষ্ট পাখী]।

কাঠি=[চট্ট]—বি. নদীর তীরের বাঁধ ॥ [দেখ কাটি]।

২=[দি]—বি. ছিপ, মাছ ধরার যন্ত্র ॥ কাঠিতে মাছ্ মার্তে যাবো। [<কাঠি<কাঠ+ই প্র.]।

৩=[চট্ট]—বি. ছোট রাস্তা ॥

৪=[বা]—বি. ধানের মাপ বিশেষ (৬৫ তোলা ওজনের ৩২ সেরে এক কাঠি হয়) ॥ [দেখ কাঠা১]।

কাঠিডাট্=[সি]—বিণ. স্বাস্থ্যবান্, অটুট ॥ [<কাঠ+ই প্র.+ডাঁট= শক্ত ; <দৃঢ় সং ?]।

কাঠিয়া=[সি]—বি. হালচাষের একটি উপকরণ ॥

কাঠিয়ারা=[সি]—বি. <কাঠুরিয়া ॥

কাঠির্=[য]—বি. সর্পদংশন ॥ কাঠির্ ঘায়ে লোক্টা মারা গেসে। [দেখ কাটি ঘা]।

কাঠুয়া=[ঢা]—বি. সুতার ॥ কাঠুয়ায় পান্শি বানায়। [<কাঠ+উয়া প্র.]।

কাঠেইর্=[দি]—বি. ছোট ছুরি ॥ [দেখ কাটাইর্]।

কাঠ্যাল্যা=[রা]—বি. কাঁঠালের দেশের লোক ॥ হামার বাড়িত্ কাঁঠ্যাল্যা আইশ্যাছে। [কাঁঠাল+ইয়া প্র.]।

কাঠৈল্=[চট্ট]—বি. কাঁঠাল ॥

কাঠোরা=[পা]—বি. মালবাহী নৌকার চারিদিকের বেড়া ॥ এত বোঝাই কর্স কেন্, কাঠোরা পানি পাইসে। [কাঠ+রা প্র.]।

কাঠ্কারবার্=[পা]—বি. কাঠের ব্যবসায় ॥ [কাঠ+কারবার]।

কাঠ্কুরালে=[]—বি. এক প্রকার পাখি। [কাঠ+কুড়াল (<কুঠার) +এ প্র.]।

কাঠ্কেওয়ারি=[ব, ঢা, কুম]—বি. কাঠের কপাটযুক্ত টিনের বেড়া ॥ টিনের্ গর কাঠ্কেওয়ারি না ঐলে শোবে না। [<কাঠ+কেওয়ার< কিবাড় হিং<কপাট সং+ই প্র.]।

কাঠ্ঠিয়ে কলমে=[য]—ক্রি. বিণ. সঠিকভাবে, অভ্রান্তভাবে ॥ তারে কাঠ্ঠিয়ে কলমে শব্ বানাইসি। [< কাঠি+এ+কলম+এ (বিভক্তি) ; হাতে কলমে]।

কাঠ্ঠোকর্=[খু]—বি. কাঠঠোকরা পাখি ॥ কাঠ্ঠোকর্ পাখির্ মাথায় ঝোপা আসে। [কাঠ+ঠোকর=কাঠ ঠোকরায় যে পাখী]।

কাঠ্তিল্=[রা]—বি. তিলের শ্রেণী বিশেষ ॥

কাঠ্বিয়েল্=[য]—বি. <কাঠ-বিড়াল ॥

কাডলের্ বতা=[ঢা]—বি. কাঁঠালের কোষবিহীন অংশ ॥ কাডলের্ বতাডা গরুরে দ্যাও। [কাঁঠাল+এর(বিভক্তি) +ভোঁতা]।

কাডল্=[কুম]—বি. <কাঁঠাল ॥

কাডাইয়া=[কুম]—বি. এক প্রকার বাঁশ ॥ কাডাইয়া বাঁশের্ বেতি বালা অয়।

কাডাইর্=[ঢা,কুম]—বি. ছুরি, ছোট দা ॥ কাডাইর্ দি মোরগ্ যবে কর্। [দেখ কাটাইর্]।

কাডাইরা=[কুম]—বি. এক প্রকার লম্বা মাছ ॥ কাডাইরা মাসের্ কুরি কড ?

কাডাইল্যা=[নো]—বিণ. গভীর ॥ হৈর্গাডা বড় কাডাইল্যা। [দেখ কাডাল্৩+ইয়া প্র.]।

কাডাইল্=[ফ,চট্ট,বা]—বি.ছোট দা ॥ তোমাগের্ কাডাইল্টা আমারে দ্যাও। [দেখ কাটাইল্]।

২=[কুম]—বি. জাঁতি ॥ কাডাইল্ দি শুয়ারি কাডে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাডাকাডি=[ফ]—বি. প্রবল প্রতিদ্ব-ন্দ্বিতা ॥ দুই দলে কাডাকাডি লাগ্সে। [<কাটাকাটি ; অর্থ প্র.]।

কাডা খালি=[ফ]—বি. দুই খালের

সংগমস্থল ॥ [কাটা+খাল+ই ; অর্থ প্র.]।

কাডা খুদ্‌দুইরা=[চা, কুম]—বি. এক প্রকার কাঁটাযুক্ত গাছ ॥ [দেখ কাটা খুদিরা]।

কাডানেশ্‌খর্=[চা]—বি. এক প্রকার ঔষধের গাছ ॥ কাডানেশ্‌খরের্ গাছ্ পাচ'নে লাগে।

কাডানো=[চা]—ক্রি. বড় হওয়া ॥ তোমার্ কির্‌কিরিয়ে. পোলাডা কাডায়্ না। [<কাঠ+আনো ; নামধাতু ; অর্থ প্র.]।

২=[চা]—ক্রি. বিচি ফেলা ॥ [< কাটানো=কর্তন করা ; অর্থ প্র.]।

কাডা পিডা=[চা]—বি. নারিকেল দুধ ইত্যাদি সহযোগে তৈয়ারী পিঠা বিশেষ ॥ [কাটা পিঠা ; দেখ কাটা৩]।

কাডা বান্=[চা]—বি. বাঁশের বেড়ার এক প্রকার বাঁধন ॥ বেড়াডাত্ কাডা-বান্ দ্যাও। [কাটা+বাঁধ (<বন্ধন সং)]।

কাডাম্=চা]—বি. প্রতিমার বাঁশের কাঠামো ॥ [দেখ কাটাম্]।

কাডায় কাডায়=[চা]—ক্রি,বিণ. ঠিক ঠিকমত, বেশিও নয় কমও নয়, মাপ মত, মুখে মুখে ॥ এক্কেলে কাডায় কাডায় পাচ্' শের্ চ'উল্ আন্। [< কাঁটায় কাঁটায়]।

কাডালি=[নো]—বি. চাপিলা মাছ ॥ কাডালি মাসে কাডা বরা।

কাডাল্=[চা]—বি. <কাঁঠাল ॥

২=[চা,ম]—বি. কাল, সময় ॥ শেশ্ কাডালে এ্যাই কাম্‌ডা কর্‌লি।

৩=[কুম]—বিণ. কাজের ॥ লোক্‌টা বর্ কাডাল্। [কাট (<কর্তন)+আল প্র. ; অর্থ প্র.]।

৪=[কুম]—বি. মাছের জন্য পানিতে ফেলা গাছ গাছালি ॥ গাতাডাত্ কাডাল্ দে। [কাঠ+আল প্র.]।

৫=[সি]—বি. স্রোত ॥ কাডালে নাও বায়া চ'লে। [<কোটাল=অমাবস্যা ও পুর্ণিমার জোয়ার]।

কাডা হিরা দেওয়া=[বা]—ক্রি. কণ্টকিত হওয়া, শিহরিত হওয়া ॥ [কাঁটা (=কণ্টক)+শিহরা(<শিহরণ)+দেওয়া=হওয়া]।

কাডি=[চা]—বি. পথ, রাস্তা ॥ কাডি দি হাডি যাও। [দেখ কাটি৪]।

২=[বা]—বি. পাঁজরের হাড় ॥ পাস্‌তে পড়্যা তার্ কাডি ভাংসে। [< কটি সং]।

৩=[বা]—বি. কাঠি ॥ এক কাডি দানের্ দাম্ দশ্ ট্যাহা। [<দেখ কাটা]।

৪=[ক]—বি. মাছ ধরার জালে ব্যবহৃত ছিদ্র বিশিষ্ট লোহা ॥ [দেখ কাটি৬]।

কাডিকুডি=[চা]—বি. কাটাকাটি বা দুষ্টামি ॥ এত কাডিকুডি করস্ কেন্? [<কাটিকুটি]।

কাডিস্=[ফ]—বি. কার্তুজ, বন্দুকের গুলি ॥ [<কার্টিজ cartridge ইং কিংবা কার্তুস cartouche ফ্রে.]।

কাডিয়া মাস্=[নো]—বি. ইলিশ মাছ ॥ [<কাঁটা+ইয়া প্র.+মাছ]।

কাডুইন্যা=[কুম]—বিণ. কাটা ॥ নায় কাডুইন্যা পোলায় আবার কি কৈরা ইশ্‌কুলে আশে। [কাট (<কর্তন)+উন+ইয়া প্র.=নাম কাটা]।

কাডুইর্‌গা=[কুম,নো]—বিণ. কঠিন, কৃপণ ॥ হে খুব্ কাডুইর্‌গা মানুশ্। [কাঠ+উরে+গা=মত]।

কাডুইল্যা বুঝাই=[চা]—বিণ. খুব বেশী বোঝাই ॥ নাওডা কাডুইল্যা বুঝাই ঐসে। [কাঁঠাল+ইয়া প্র.+বোঝাই]।

কাডুয়া=[সি]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥ কাডুয়াত্ এক্‌টা কাতল্ মাস্ বাধ্‌সে।

কাডে=[কুম]—বি. পার্শ্বে, ধারে ॥ নাওয়ের্ কাডে খারাইলে পানিত্ পৈরা যাবি।

কাডেম্=[কুম]—বি. প্রতিমা, প্রতিমূর্ত্তি ॥ হিন্দুপারা কাডেম্ দেখ্যা আয়্‌গা। [দেখ কাটাম্]।

কাডেল্যা মাইর্=[চা]—বি. শক্ত প্রহার ॥ চে'র্‌ডারে কাডেল্যামাইর্ দিসি। [<কাঁঠাল+ইয়া+মার ; যে পিটুনিতে কাঁঠাল পাকে, তেমনি পিটুনি বা মার]।

কাডেল্=[সি]—বি. ছোট দা ॥ কাডেলে খুব্ দার্। [দেখ কাঠাইল্]।

কাড্=[চা]—বি.<কাঠ ॥ শাল্ কাডে বালা নাও অয়্।

কাড্‌ডা=[কুম]—সর্ব. কাহারটা ॥ [কার<কাহার+টা]।

কাড়া=[দি]—বি. এক প্রকার অলঙ্কার ॥ [কড়া=আংটা ; অর্থ প্র.]।

২=[রা]—বি. গরুকে খাওয়াইবার খড় ॥ কাচা কাড়া গরু খায় ভালা। [খড়+আ প্র.]।

৩=[ম]—ক্রি. তোলা ॥ আমার্ পায় কাডাটা কাড়ে দেও? [কাড়া=কাড়িয়া নেওয়া ; অর্থ প্র.]।

৪=[পা]—বি. মুষ্টি ॥ সেরাডারে এক্ কাড়া বাত্ দে। [কড়া ; অর্থ প্র.]।

কাড়াই=[পা, রং]—বি. কড়াই ॥ কাড়াইটা পরিশ্‌কার্ কর্। [<কড়াই< কটাহ সং]।

কাড়াইল্=[রং]—বি. যে উপকরণদ্বারা ঘর ঝাড়া হয়, ঝাড়ু ॥ [ঝাড়া+ইল প্র.]।

কাড়াইয়া কাড়াইয়া=[খু]—ক্রি. বিণ. বার বার বলিয়া ॥ তাকো কাড়াইয়া কাড়াইয়া শব্ কথা মুনিসি। [কাড়া (< কাঁড়)+ইয়াপ্র.]।

কাড়াং কিড়িং=[রং]—অব্য. চিবানোর শব্দ ॥ কাড়াং কিড়িং করি খাবার্ খাচিশ্। [ধ্বন্যা.]।

কাড়া করা=[ম]—ক্রিং ঢেঁকি দ্বারা চাউল কাড়া ॥ [কাড়া (< কাঁড় < কণ্ড সং=চাউল নিস্তুষ করা)+করা]।

কাড়াত্=[রং]—অব্য. এক প্রকার শব্দ ॥ খালি চ্যাংড়াখান্ কাড়াত্ কর্‌ছে। [ধ্বন্যা.]।

কাড়াত্ কুড়ুত্=[রং]—ক্রি. বিণ. চিবানোর শব্দ ॥ চাউল্ ভাজা কাড়াত্ কুড়ুত্ করি খাচিশ্। [ধ্বন্যা]।

কাড়া দেওয়া=[রা, ফ]—ক্রি ঢ্যাঁড়া পিটাইয়া ঘোষণা করা ॥ [দেখ কারা +দেওয়া]।

কাড়ান্যা=[পা]—বিণ. যে চাউল কাড়া হইয়াছে ॥ [কাঁড়ান<কণ্ডন সং+ইয়া ; দেখ কাড়া করা]।

কাড়ানো=[কু]—ক্রি. কথা পাকা করিয়া নেওয়া ॥ কথা কাড়ালে আর্ ভয় নেই ॥ [<কাঁড়া (< কাঁড়< কণ্ড্ সং)+আনো প্র ; অর্থ প্র.]।

২=[কু]—ক্রি. গোয়াল ঘর পরিষ্কার করা ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[পা, নো]—ক্রি. মাঠের নাড়া পুড়িবার জন্য লাঙ্গল দিয়া এদিক সেদিক করা ॥ বাপু হাওরে নারা কাড়াইতে গেসে। [<কাঁড়া (< কাঁড় < কৃষ্ সং+আ)+আনো প্র.]।

৪=[কু]—ক্রি. রুটি তৈরী করিবার আগে চাউলের গুড়া গরম জলে মাখানো বা সিদ্ধ করা ॥

কাড়ান্তি=[রং]—বি. <ক্রান্তি, সামান্য পরিমাণ ॥ তোক এক্ কাড়ান্তি পরিমান্ ভাগ্ দিম্ না।

কাড়ান্ দেওয়া=[কু]—ক্রি. ছাড়ান দেওয়া, থামা ॥ বিশুটি কাড়ান্ দিয়েসে। [কাড়ান (মেঘ গর্জন); সংস্কার আছে যে, অধিক্ষণ বৃষ্টি হওয়ার পর মেঘ গর্জন করিলে বৃষ্টি থামিয়া যায় ; অর্থ প্র.]।

কাড়া পাহানো=[পা]—ক্রি. মুঠি পাকান, মুষ্টিবদ্ধ করা ॥ [<পাহানো <পাকানো]।

কাড়াল্=[খু]—বি. নৌকার পশ্চাৎ ভাগ ॥ কাড়ালে বসে নৌকা বায়। [<কাঁড়ার<কাণ্ডার<কণ্ণহার প্রাং< কর্ণধার সং ; অর্থ প্র.]।

কাড়াশি=[নো]—বি. সুতার সাথে থাকে যে কাঠি ॥

কাড়ি=[য]—বি. বাজু ॥

কাড়িয়া=[রং]—বি. বাঁশের মোটা চোঙ্গা ॥ [<কাঁড়িয়া=কেঁড়ে]।

২=[রং]—বি. দুল জাতীয় স্বর্ণালঙ্কার ॥ চারি আনা শোনা অলেই এক্ জোড়া কাড়িয়া অয়্।

কাড়ে=[খু, য, রা]—বি. ভাঁড়, কলসী, মাটীর পাত্র বিশেষ ॥ কাড়ে করে পানি আন্। [দেখ কাড়িয়া]।

কাড়েই=[দি]—বি. কড়াই ॥ লোহার্ কাড়েই। [দেখ কড়াই]।

কাড়োয়া=[দি]—বি. ঘটক ॥ 'কাড়োয়ার্ দাড়ি ভুরভুর্, কাড়োয়া গেইছে মদনপুর্'—গ্রাম্য ছড়া। [< ঘড়অ প্রাং<ঘটক সং+উয়া<উক্ত প্র.]।

কাড়্=[খু]—বি. <কাপড় ॥ আমার কাড় কৈ?

কাড়্না=[রং]—বি. দুগ্ধ মন্থন করিবার বাঁশ। [<কাঁড় (<কেঁড়ে)+না ; অর্থ প্র.]।

কাড়্হাই=[রং]—বি. কড়াই ॥ কড়্হাইটা ধোও। [দেখ কাড়াই]।

কাড়্হোয়া=[রং]—বি. বিয়ের ঘটক ॥ অর্ বেটির্ লাগি কাড়্হোয়া আইছে। [দেখ কাড়োয়া]।

কাতর্=[পা]—বি. অসুখ, ব্যাধি ॥ শক্ত কাতরে তার্ শরির্ বাইংগা গেসে। [<কাতর ; অর্থ প্র.]।

কাতা=[কুম]—বি. কাঁথা ॥ শিতে কাতা গাও দ্যায়্। [=কাঁথা <কন্থা সং]।

২=[ম]—বি. দা ধারানোর কাঠ ॥ কাতাডা বাংসে। [<কাঠ (<কাষ্ঠ সং) +আ প্র.]।

৩=[রা]—বি. দাঁড়িপাল্লা, খুঁটি ॥ [<কাঁটা <কণ্টক সং ; অর্থ প্র.]।

৪=[কুম, নো, ফ]—বি. বাঁশের কাঠি ॥ [দেখ কাতা$_2$; অর্থ প্র.]।

৫=[রা]—বি. বাঁশের চ্যাপ্টা লাঠি [দেখ কাতা$_2$]।

৬=[রা, দি, নো]—বি. খেজুর গাছ কাটিবার ছুরি, জবেহ করিবার ছুরি ॥ [<কত্তিআ প্রাং<কর্তৃকা সং]।

কাতাইয়া=[ম]—ক্রি. বিণ. গর্বের সহিত বা বেগে ॥ এত কাতাইয়া কৈ চ'ল্‌স? [<কাৎ হইয়া ; অর্থ প্র.]।

কাতাইর্=[চা]—বি. সারি ॥ কাতাইর্ বাইন্দা খারাও। [<কাতার<কতার قطار আং]।

কাতান্=[পা]—বি. খাড়াই, চড়াই ॥ [<কাৎ+আন প্র.]।

কাতানি=[য, রা]—বি. লোহা কাটার যন্ত্র বিশেষ ॥ [<catana পোর্তু. কিংবা<কর্তনী সং]।

কাতা নড্ডা=[ফ]—বি. আগাছা ॥ [=কাঁটা নটে]।

কাতানো=[চা, কুম]—ক্রি. কাঁটা ফুটানো ॥ শিং মাসে কাতাইসে। [<কাঁটা+আনো ; নাম ধাতু]।

২=[য]—ক্রি. নির্ধরিত করা ॥ ওর্ মাইনে কত কাতানো হয়েসে? [< কাটানো ; অর্থ প্র.]।

৩=[কুম]—ক্রি. কাটিয়া রাখা ॥ হাওলাতি ট্যাহাডা আমার্ মুনাফা পাইক্যা কাতাও। [<কাটানো = শোধ করা]।

৪=[পা]—ক্রি. ভাগ করা ॥ যমিটা কাতানো অয়্ নাই। [<কাতা (< কিত্'আ: قطعة আং)+আনো প্র.]।

কাতা মারা=[চা]—ক্রি. দুঁ মারা ॥ হগল্ মৈশে কাতা মারে না। [<গতা <গুঁতা]।

কাতারি=[পা]—বি. কলুর ঘানির তক্তা, দইয়ের হাঁড়ি রাখিবার তাক ॥ গোয়ালার্ বাড়িতে কাতারি বরা দৈ। [<কাট<কাঠ+আরি প্র. ; অর্থ প্র.]।

২=[সি]—বি. অপেক্ষাকৃত কম পানিতে জাত আমন ধান ॥ বন্যায়্ কাতারি ডুবি গেসে।

৩=[রা]—বিণ. মোটাসোটা ॥ লোক্টা বড় কাতারি।

৪=[বা]—বি. সারি ॥ কাতারি দিয়ে আট্। [দেখ কাতাইর্+ই প্র.]।

কাতালি=[চট্ট]—বি. পাণ্ডিত্য ॥ [<*কাতুলি<কৌতুহল+ই প্র.]।

কাতল্=[চট্ট]—বি. কাতলা মাছ। [<কাতল্]।

কাতি=[ঢা, ম]—বি. বাটি বা পাত্র ॥ কাতি দিয়া ডাইল্ আন্।

২=[ম]—বিণ. স্তরে স্তরে সজ্জিত ॥ কাতি কাতি কাপর্। [দেখ কাতাইর্; পাঁতি শব্দের সাদৃশ্যে]।

৩=[ঢা]—বি. ঢাকনাওয়ালা টিনের পাত্র ॥ কাতিতে চি'রা রাহ।

৪=[রং]—বি. চাউল ইত্যাদি মাপিবার টিনের ছোট পাত্র ॥ [পূর্বে দেখ]।

৫=[সি, ঢা, নো]—বি. কার্তিক ॥ কাতিমাশেও দুরগা পুযা অয়। [<কাতিআ<কাত্তিঅ<কার্তিক]।

৬=[কুম, সি, ঢা]—বি. নারিকেল ছোবড়ার তৈরী দড়ি ॥ এক্ শের্ কাতি দেও। [<কাতা+ই]।

৭=[ম, দি, রা]—বি. খেজুর গাছ কাটার ছুরি বা কাস্তে ॥ কাতিটা এনা চে'খাই আন্ (ম)। [দেখ কাটা৩; কর্তী হিং]।

কাতিকোডা=[চট্ট]—বি. আমন ধান বিশেষ ॥

কাতিমারা=[ম]—বিণ. যে বছর কার্তিক মাসে বাদলা হয় না ॥ কাতিমারা বসরে ফশল্ অয় না। [<কাতি(<কার্তিক)+মারা]।

কাতিয়া=[বা]—বি. থলে ॥ কাতিয়ার্ মৈদ্দে কি আসে?

২=সি]—বি গাদা বন্দুকের বারুদ গুলি রাখার ছোট মুখবিশিষ্ট বিশেষ ধরণের টিনের কৌটা ॥

কাতিয়া নাগা=[রং]—বিণ. মনঃক্ষুণ্ণ ॥ তুই বড় কাতিয়ানাগা।

কাতিরি=[দি]—বি. মাটির ছোট পাত্র ॥ দধির্ কাতিরি।

কাতির্ টিন্=[ঢা]—বি. কেরোসিন তৈলের টিন ॥ কাতির্ টিনের্ বেরা।

কাতিশাইল্=[রা]—বি. একটি ধানের নাম ॥ [<কাতিক শালি]।

কাতিশালি=[ব]—বি. আমন ধান বিশেষ ॥ [দেখ কাতিশাইল্]।

কাতিহাইল্=[ঢা]—বি. ধান বিশেষ ॥ [দেখ কাতিশাইল্]।

কাতুন্=[নো]—ক্রি. বিণ. কাহার থেকে ॥ কাতুন্ আইন্সত্? [<কা (<কাআ<কাহার) +তুন্ (=হইতে)]।

কাতুরি পাটা=[নো]—বি. রাজমিস্ত্রীর কাঠের যন্ত্র বিশেষ ॥

কাতুর্ কুতুর্=[পা]—বি. বাচালতা, ছেলেমি ভাব ॥ [অনু.]।

কাতে=[রং]—ক্রি. বিণ. কাহার নিকট ॥ কাতে এই কথা শুনচিশ্। [<কারতে<কাহার থেকে]।

কাতেন্=[য, খু]—বিণ. কার্তিক মাসে জাত ॥ এবার্কার্ কাতেন্ ধন্দ ভাল হৈসে। [<কাত্ < কার্তিক +এন প্র.]।

২=[খু]—বি. কার্তিক মাসের কয়েক দিনব্যাপী অবিরাম বৃষ্টি ॥ কাতিক্ মাশে কাতেন্ দিলি ধান্ ভালো হবি। [পূর্বে দেখ]।

কাতেন্ ফশল্=[খু]—বি. রবিশস্য ॥ এবার কাতেন্ ফশল্ ভালো হয়নি। [দেখ কাতেন+ফসল فصل আং=শস্য কর্তনের সময়]।

কাতে পাওয়া=[সি]—ক্রি. সুবিধায় পাওয়া ॥ কাতে পাইয়া তারে মার্লাম্। [দেখ কাত্+এ+পাওয়া]।

কাতেবিতে=[বা]—ক্রি. বিণ. সুযোগমত ॥ [<কাত্+এ(বিভক্তি); বিতে অনু:]।

কাত্যানি=[রা]—বি. চালের অগ্রভাগ ॥ কাত্যানি ভালা করে ছাঁটা হয়নি। [<কাৎ+ইয়া+আনি(যুগ্ম) প্র.]।

কাতোর্=[ম]—বি. গুড়িগুড়ি দীর্ঘস্থায়ী বৃষ্টি ॥ কাতোরের্ বালায় হগল্ কাম্ বন্দ। [<কত্‌র: قطره আং=বিন্দু]।

২=[পা]—বি. অসুখ, পীড়া ॥ কাতোরে বুগ্‌সি। [দেখ কাতর্]।

কাতোল্=[পা]—বি. কাতলা মাছ ॥ যালে কাতোল্ মাস্ উঠিচে'। [কাতল]।

কাত্=[কুম]—বি. অভাব ॥ দেশে বর কাত্ পর্‌সে। [কাহাত্<কহত্ قحط আং; দেখ কাহাত্]।

২=[রা]—বি. সুযোগ ॥ কাতে পাইলে তারে ছাড়্‌বো না।

৩=[রা]—বি. পালা, বাজী ॥ আরেক্ কাত্ খেইল্যা ল। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৪=[চট্ট]—বি. পণ্ডিত ॥ 'কাতের বিশ্ আঁত'। [<কায়েত<কায়স্থ সং; অর্থ প্র.]।

৫=[রা, ব]—বি. রস ॥ হর্তকির্ কাত্ খেলে জর্ থাকে না (রা)। [< ক্বাথ]।

কাত্‌কুত্=[খু]—বি. কুণ্ঠাবোধ ॥ দান্ কর্‌তে কাত্‌কুত্ কর কেন্? [অনু.]।

কাত্‌তানি=[ম, কুম, সি, বা, ঢা]—বি. কার্তিক মাসের ঝড় তুফান, বাদল ॥ 'কাত্‌তানির্ যরে কাউয়া বগ্ মরে'—গ্রাম্যছড়া। [কাত(<কার্তিক)+আনি প্র.]।

কাত্‌তিশাইল্=[ম]—বি. আমন ধান বিশেষ ॥ [দেখ কাতিশাইল্]।

কাত্‌তুন্=[চট্ট]—সর্ব. কাহার কাছে ॥ কাত্‌তুন্ ট'্যায় আসে, অাঁই ন যানি। [<কার<কাহার+তুন =থেকে]।

কাত্‌তে=[ঢা]—ক্রি.বিণ. কাহার কাছ হইতে ॥ কাত্‌তে ট্যাহা উদার্ আন্‌তাম্? [দেখ কাতে]।

কাত্‌রা=[ক, সি, কুম]—বিণ. সামান্য, একবিন্দু ॥ এক্ কাত্‌রা পানি দ্যাও। [কত্‌র: قطره আং]।

২=[ফ, ম]—বি. শূকর মারিবার অস্ত্র, লড়াই করিবার হাতিয়ার ॥ [<কাত (<কত্তই<কর্তরী সং)+রা প্র.]।

৩=[রা, দি, রং]—বি. ঢেঁকির গোড়ার দিকে মাটির নীচে প্রোথিত কাঠ, যূপকাষ্ঠ, হাড়িকাঠ ॥ [<কাঠ (<কাষ্ঠ সং)+রা প্র.]।

৪=[পা]—বি. পাতিল ॥ দৈয়ের্ কাত্রা।

কাত্রাই=[ফ]—বি. অস্ত্র বিশেষ ॥ কাত্রাই দি একটা খুন্ ঐসে। [দেখ কাত্রা]।

কাত্রাইয়া পড়া=[খু]—ক্রি. গলিয়া-পড়া ॥ তার্ কথা শুনি শে কাত্রাইয়া পড়িসে। [কাতর (নাম ধাতু)+ইয়া অস. ক্রি. বিভক্তি+পড়া]।

কাত্রা কাত্রি=[রং]—বি. চীৎকার, আকুলি বিকুলি ॥ বিশের্ চোটে কাত্রা কাত্রি নাগোচে। [দেখ কাতর+আ ; কাতর+ই ; অর্থ প্র.]।

২=[সি]—বিণ. বাঁকা ॥

কাত্রানো=[খু]—ক্রি. অনুরোধ করা ॥ বখিলের্ নিকট্ কাত্রাই কি লাভ্? [কাতর (নাম ধাতু)+আনো প্র. ; অর্থ প্র.]।

২=[সি]—ক্রি. চীৎকার করা ॥ এত কাত্রানো বালা নায়্। [পূর্বে দেখ]।

কাত্লা=[পা]—বি. পায়জামা ॥ কাত্লা পৈরা ইশ্কুলে যা। [< pantaloon ইং ; তুং পত্লুন হিং]।

২=[ম]—বি. হাফপ্যাণ্ট ॥ [পূর্ব দেখ]।

৩=[চা, খা]—বি. যে দুই খুঁটির উপর ঢেঁকি পাতা হয় ॥ [দেখ কাত্রা৩]।

৪=[রা]—বি. ভেষজ গাছ বিশেষ ॥ কাত্লা অশুখের্ কাজে লাগে।

কাত্লায় পাওয়া=[কু]—ক্রি. কবলে পাওয়া ॥ কদ্দিন্ আর্ পালাবে চাঁদ্ আয়্ তোমায় কাত্লায় পেয়েসি। [দেখ কাত্+লা+য়<এ (বিভক্তি) পাওয়া]।

কাথা=[দি]—বি. <কথা ॥ তোর্ কাথা শুনি মোর্ মাথা ঘুরে গেল্।

কাথালা=[চট্ট]—বি. কলসি ইত্যাদির ছোট ঢাকনি ॥

কাথি=[দি]—বি. কিনারা ॥

কাথর্কুথর্=[সি]—বি. কাতুকুতু ॥ [অনু.]।

কাদনে হালাই=[ব]—বি. বর্ষাকালের চাষ ॥ [<কুদিন (=বর্ষাকাল)+এ (বিভক্তি)+হালাই (<হাল+আই প্র.)]।

কাদা=[ম, কুম, চা, রং]—বি. মাটির গামলা বা বড় পেয়ালা ॥ [<কদ্হ قدح আং]।

২=[পা]—বি. হাঁড়ি পাতিলের গলদেশ ॥ [<কান্ধ (<স্কন্ধ)+আ প্র.]।

৩=[ব, রা]—বি. কান্দে ॥ [দেখ কাদ্দে]।

৪=[পা]—বি. তীর, পাড়ের উঁচু অংশ ॥ নদির কাদা খাইক্যা গুয়্যা আসি। [দেখ কাদা২]।

কাদাইনা=[চট্ট]—বিণ. গভীর কর্দমাক্ত গর্ত ॥ [<কাদা+ন+ইয়া প্র.]।

কাদাইল্=[পা]—বি. কলাগাছের মধ্যমাংশ ॥ কাদাইলের্ তরকারি অয়্।

কাদাড়ি=[রং]—বি. মাটির মালশা ॥ [<কাদা+হাঁড়ি]।

কাদানো=[ব]—ক্রি. ভগ্নোদ্যম হওয়া ॥ লড়াইয়ের্ আগেই কাদায়ে গেলে? [<কাদা (<কর্দম)+আনো প্র.; কাদা হইয়া যাওয়া ; অর্থ প্র.]।

কাদাল্=[পা]—বি. ধান মাড়াইবার বংশদণ্ড (যদ্দারা ধানের আঁটি ছড়ানো হয়—ইহার আগার দিকটা কিছু বাঁকা থাকে) ॥ [দেখ কাদা৩+আল প্র.]।

২=[পা]—বি. কলাগাছের মধ্যাংশ ॥ [দেখ কাদাইল্]।

কাদি করা=[ফ]—ক্রি. খেলায় বেআইনি ভাবে নিজের দিকে যুক্তি দেখানো, অন্যায় ঝগড়া করা ॥ [দেখ কানুটি ; কাদি<কাতি<কানুটি]।

কাদিমি=[সি]—বিণ. স্থায়ী ॥ সংসারে কোন কিছুই কাদিমি নয়্। [কদীম قدیم আং+ই প্র.]।

কাদিরা=[চট্ট]—বি. চেয়ার ॥ কাদিরায় বৈয়ে। [<কেদারা, caderio পোর্তু.]।

কাদ্ল্=[সি]—বি. বাঁশের বা কাঠের আংটাবিশিষ্ট দণ্ড (যাহা ধান মাড়াই বা খড়কুটা কুড়াইবার জন্য ব্যবহৃত হয়) ॥ [দেখ কাদাল্]।

কাদো=[রং, দি, রা]—বি. কাদা ॥ বর্ষায় কাদোতে হাঁটা দায়্। [কাদা<কর্দম সং]।

২=[রা, দি]—বিণ. (ধান রোপণের জন্য) তৈরী, প্রস্তুত ॥ জমি কাদো করা হচে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাদোয়ানি=[রং]—বিণ. কাদা মিশ্রিত, ঘোলাটে ॥ কাদোয়ানি পানি। [দেখ কাদো+আনি প্র.]।

কাদ্ অজা=[রং]—ক্রি. ধান্য রোপণ করা ॥ [<কাদা (দেখ কাদো)+য়<এ+অজা<উজজ<উৎপদ্য-সং]।

কাদ্ করা=[রং]—ক্রি. ধান বোনার জন্য জমি ঠিক করা ॥ [দেখ কাদো+করা]।

কাদ্দি=[রং]—বি. মাটির আলি বিশেষ ॥ আলুর্ কাদ্দি বাঁধতে হবে। [দেখ কাতি]।

কাদ্দে=[খু, ব]—বি. কান্ধে ॥ [<কান্ধে]।

কাদ্রা=[চা]—বি. তেলের ময়লা ॥ বোতলডায় অনেক্ কাদ্রা বসসে। [<কাদা<কর্দম+রা প্র.]।

কাদ্লেস্=[ব]—বি. আউশ ধান বিশেষ ॥

কানচের্ গল্তানি=[রা]—বি. ছোট ছোট শিং মাছ ॥ কানচের্ গল্তানি খালে বাতের্ বেদনা হয়।

কানচ্'=[পা]—বি. টিন, চৌকোণা টিনের আধার ॥ এক কানচ্' তেল্। [<কানেচ্‌ছা<কানেচ্‌ছাজা<কানেচ্-

চারা <ক্যানেস্তারা canastra পোর্তু.; দেখ কানেচ্‌'চা'রা]।
২=[ফ]—বি. হাঁড়ির গলার দড়ি ॥ [দেখ কানা+চ ; অর্থ প্র.]।
কানট্‌=[ব]—বিণ. বাঁকা ॥ [< কোণ+ট প্র.=কোণবিশিষ্ট]।
কানত্‌মুত্‌তা=[রা]—বি. (মেয়েলী) গালি বিশেষ ॥ [কান (<কর্ণ সং) +ত বিভক্তি+মুত্তা (<মূত্র) ; যাহার কানে মূত্রত্যাগ করিয়াছে]।
কানন্‌=[ম]—বি. <কানন, বাগান ॥
২=[ব]—বি. ছোট বিল ॥ কাননে মাস্‌ থাকে। [cenal ইং ?]।
কানা=[ব, বা]—বি. কলসী বা পাতিলের ভাংগা মুখ॥ [কান<কর্ণ সং+আ প্র.]।
২=[বা]—বিণ. কালা, বধির॥ [<কাণ সং ; অর্থ প্র. ; কিংবা< কালা]।
৩=[ঢা]—বিণ. পোকায় ধরা ॥ [দেখ কানা৫]।
৪=[কু]—বি. <কোণ॥ পাটার্‌ কানাটা বান্‌দ।
৫=[ফ]—বি. ঘাস বিশেষ ॥
৬=[নো]—বি. শাখা॥ গাস্‌টায়্‌ নোতুন্‌ কানা মেইল্‌সে। [দেখ কানা ; অর্থ প্র.]।
৭=[খু]—বি. ছিদ্র ॥ খুডিটা কানা করা হয়েসে ॥ [<কাণ সং ; অর্থ প্র.]।
কানাঅলায়্‌ পাওয়া=[ঢা, ম]—ক্রি. অন্ধকার রাত্রে পথ ভুলিয়া ধাঁধাঁয় পড়া॥ [কানা (<কাণ সং)+বালা بلا হিং ; গ্রাম্য সংস্কারে—অন্ধকারে পথের দিশা হারানো সম্বন্ধে অপদেবতার কল্পনা করা হয়]।
কানা আঁডাইয়া= [নো] — বিণ. খোঁচানো, বিরক্তিকর॥ [<কানা+ হাঁটা+ইয়া ; কানা(অন্ধ)কে পথ নির্দেশের ন্যায়]।
কানাই=[কুম]—বি. পুত্র, সন্তান॥ আমার্‌ কানাই ঐরা আমারে বাড়ু দ্যায়্‌ না। [<কাহ্নাঞি(<কৃষ্ণ)]।
২=[বা]—বি. আদরের ডাক॥ কানাই এ দিগে আয়্‌, দেখ্‌ তর্‌ লাগি কি আন্‌সি ? [পূর্বে দেখ]।
কানাইচ্‌'=[খু]—বি. ভাঁড়ের গলার দড়ি ॥ [দেখ কানচ্‌'২]।
কানাইচ্‌'চ'া=[নো]—বিণ. বেয়াড়া॥ মানুশ্‌টা বড় কানাইচ্‌'চ'া। [দেখ কানা৪ +চ+আ প্র. ; অর্থ প্র.]।
কানাইষ্‌=[খু]—বি. কলস বাঁধিবার দড়ি ॥ ঠিলের্‌ কানাইষ্‌ ধরে নিয়ে যা॥ [দেখ কানচ্‌'১]।
কানাইয়া=[কুম]—বি. নাপিত॥ [<কানাই<কাহ্নাঞি(<কৃষ্ণ) +আ প্র. ; অর্থ প্র.]।
২=[নো]—বি. আগাছা বিশেষ ॥
৩=[নো]—অস. ক্রি. কানে দড়ি পেঁচাইয়া ॥ [কান (নামধাতু)+ ইয়া প্র.]।
কানাই লরি=[ঢা]—বি. ঔষধ জাতীয় গাছ ॥ কানাই লরি পা'চনে লাগে।
কানাউল্‌লা=[ম]—বি. দিগ্‌ভ্রম, ভুলিয়া অন্য দিকে চলিয়া যাওয়ার মতো গোলক ধাঁধাঁ ॥ লোক্‌টারে কানাউল্‌লায়্‌ দর্‌সে। [দেখ কানাঅলায়্‌ পাওয়া]।
কানাওলায়্‌ দরা=[ঢা]—ক্রি. অন্ধকারে ধাঁধাঁ লাগিয়া ভুল পথে যাওয়া॥ আইয়্‌ রাইতে আমারে কানাওলায়্‌ দর্‌সিল্‌। [দরা<ধরা ; দেখ কানা অলায় পাওয়া]।
কানা করা=[সি]—ক্রি. ছিদ্র করা॥ [দেখ কানা৭+করা]।
কানা কডি=[কুম]—বি. কানের গোড়া ॥ থাবর্‌ দিয়া কানা কডি বাং। [<কান(<কর্ণ সং)+কটি]।
কানাকি=[সি]—বিণ. হিংসুক, দুষ্ট, নিন্দাসূচক ব্যংগোক্তি করে এমন ॥ কানাকির্‌ লগে মাতা ঠিক্‌ না। [< কীনহ্‌ কশ্‌ کینہ کش ফা.]।
২=[সি]—বি. বাঁশের গোড়ার কঞ্চি ॥ [দেখ কানা৬+কি প্র.]।
কানাকুকা=[পা]—বি. এক প্রকার পাখি ॥ কানাকুকা শাপ্‌ খায়্‌।
কানাকুরা=[ঢা]—বি.এক প্রকার ধান॥
কানাকুহা=[পা]—বি. পাখি বিশেষ ॥ [দেখ কানাকুকা]।
কানাকোকা=[ঢা]—বি. কানাকুয়া পাখি ॥ কানাকোকা হাপ্‌ খায়্‌। [দেখ কানাকুকা]।
কানাগবাল্‌=[ম, ঢা]—বি. বিপদ, অশুভ ॥ তর্‌ কানাগবাল্‌ ঐবো। [<কান(<কর্ণ সং)+আ+গোঁজ+ আল প্র.]।
কানাগুল্‌লা=[কুম]—বি. দিগ্‌ভ্রান্ত॥ রাইতে কানাগুলার্‌ মতন্‌ গুইরা মর্‌সি। [দেখ কানাউল্‌লা]।
কানাচ্‌'=[খ,ব]—বি. ভাঁড়ের মুখের দড়ি, খেজুর গাছে ঝুলানো রশি॥ [দেখ কানচ্‌'১]।
২=[খু,ব]—বি. বাড়ির পেছনের আবর্জনাময় স্থান॥ [দেখ কাইনচ্‌']।
কানাজ্‌=[রা]—বি. ভাতের ফেন॥
কানায্‌=[খু]—বি. খেজুর গাছে ঝুলাইবার জন্য পাত্রের গলায় ব্যবহৃত বিশেষ ধরণের দড়ি ॥ [দেখ কানচ্‌'২]।
কানাটির্‌=[রং]—বি. কিনারা॥[< কনারহ্‌ کنارہ ফা.+টি ; বর্ণ বিপর্যয়]।
কানাটোরা=[চট্ট]—বিণ. নীরস॥ [<কানা (<কাণ সং) +টেরা (< তির্যক্‌ সং) ; অর্থ.প্র.]।
কানাটোক্‌রা=[ঢা]—বিণ. অধম, নগণ্য॥ [দেখ কানাটোরা]।
কানাডি=[বা]—ক্রি. বিণ. কানে প্যাঁচ দিয়া ॥ [কান+আটি <আটা (<আটানো<অষ্ট সং)]।
কানানো=[রং]—ক্রি. পরোয়া করা॥ তোকে কেনে থোটেও কানায়্‌ না। [কান (নামধাতু)+আনো প্র.=কান দেওয়া]।
কানাপিক্‌=[রং]—বি. ভাপুয়া [illegible]॥ কানাপিক্‌ দি কেনুনে খাপিবু ?
কানা পক্‌রা=[সি]—বিণ. খুঁত

বিশিষ্ট ।। পৈশা যখন্‌ কম্‌, কানাপুকুরা আমৈ দেও । [দেখ কানা+পোক+রা প্র.] ।

কানাপোনা=[ফ]—বি. এক প্রকার ক্ষুদ্র মাছ ।। সেলেমেয়েরা পুকুরে কানাপোনা দরে ।

কানাফি=[সি]—বিণ. পোকায় খাওয়া ।।

কানা মারানি=[খু]—বিণ. চক্ষু থাকিতেও যে দেখে না (গালি) ।। শালার্‌ কানা মারানি, ঠাহর্‌ পাও না । [কানা+মারা+নি প্র.] ।

কানা মাস্‌=[ঢা]—বি. ফলই মাছ ।। [=কানলা মাছ] ।

কানারে আনা দেখানো=[পা, চট্ট]—ক্রি. অন্ধকে আয়না দেখানো অর্থাৎ অন্ধকে পথ দেখানো ।।

কানার্‌=[ম]—বি. তাঁবু ।। বাইদ্যারা কানার্‌ টানাইয়া খেইল্‌ দেহাইতাসে । [<কনাত قنات তু.] ।

কানাল্‌=[য. খু]—বি. ক্ষেতের আল নির্দেশক গাছ বিশেষ ।।

কানি=[পা]—বি. ২৫৬ বর্গহাতে এক কানি ।। তার্‌ দশ্‌ কানি যমি আসে ।

২=[খু]—বি. ধার ।। ঘরের্‌ এই কানিটি নিচু' । [কান (<কর্ণ সং) +ই প্র.] ।

৩=[বা]—বিণ. যে কানে শুনে না ।। [কালা+ই (স্ত্রীলিঙ্গে)] ।

৪=[সি]—বি. চুল বাঁধিবার ফিতা ।। কানিগাসা সিরি গেসেন্‌ ।

৫=[ম]—বিণ. কনিষ্ঠ ।। কানি আংগুল্‌ডা কাইট্‌টা গেসে । [< কনীয়স্‌ সং] ।

৬=[নো]—বি. কাশি ।। কানির্‌ লাই কতা কৈতাম্‌ হারি না ।

৭=[কুম, নো]—বি. অংশ ।। অঁয়ারে তিন্‌ কানি শুয়ারির্‌ সরা দ্যাও ।

৮=[সি]—বি. কিনারা ।। [দেখ কানা] ।

৯=[খু]—বি. বিষ ।।

১০=[কুম, বা, চা]—বিণ. অন্ধ, কানা ।। এই কানির গরের্‌ কানি, আমারে থুইয়া কেম্‌বে নানিগ বাইত্‌ গেসে । [<কানা<কাণ সং+ই স্ত্রীলিঙ্গে] ।

কানি আংগুল্‌=[সি]—বি. কনিষ্ট আঙ্গুল ।। [দেখ কানি৫+অঙ্গুলী] ।

কানি আগ্‌রা=[রং]—বিণ. কোনার পাহারাদার ।। তুই এক্‌টা কানি আগ্‌রা । [দেখ কানি২+আগলা= আগলায় যে] ।

কানি আরে=[সি]—ক্রি. বিণ. আড় নয়নে ।। [কানি<কাণ সং+ই প্র.+আড়ে] ।

কানি কাসা=[সি]—বি. ধার, নিকট ।। হিতার্‌ কানি কাসাত্‌ আর্‌ বারি নাই । [দেখ কানি২+কাছ+ আ প্র.] ।

কানি খেত্‌=[রং]—বি. এক বিঘা সাড়ে চারি কাঠা জমি বিশিষ্ট খেত ।। [দেখ কানি+ ক্ষেত<ক্ষেত্র] ।

কানি চৌ'খে=[সি]—ক্রি. বিণ. আড়চোখে ।। শশুরিয়ে বৌর্‌ বাই কানিচৌ'খে চা'ইল্‌ । [দেখ কানি আড়ে] ।

কানি দরি=[ফ]—বিণ. জোয়ালের দড়ি বিশেষ ।। [দেখ কানি৮ +দড়ি] ।

কানি নংগুল=[রং]—বিণ. কনিষ্ঠ আঙ্গুলী ।। কানি নংগুল আংগুট্‌ দেও । [দেখ কানি আংগুল্‌] ।

কানি মারা=[খু]—ক্রি. কাত হইয়া পড়া ।। [দেখ কানি৮+মারা ; অর্থ প্র.] ।

কানিয়া টুপি=[রং]—বিণ. কিস্তি টুপি ।। ইশ্‌কুলের্‌ ছাত্‌ররা কানিয়া টুপি লাগায়্‌ । [কান+ইয়া+টুপি] ।

কানি শিট্‌=[ঢা]—বি. পালের কোনার দড়ি বিশেষ ।। কানিশিট্‌টা আমার্‌ কাসে দেও ।

কানিহাটা=[খু]—বি. কই মাছ ।। কডা কানিহাটা পালি ? [<কান (<কর্ণ সং)+ই প্র.+হাঁটা=কানে (কানকোতে) যে হাঁটে] ।

কানুরা=[সি]—বিণ. নিকর্মা ।। লোক্‌টা কানুরার্‌ মত । [<কাম উরা <কাম চোরা=কাম চুরি করে যে] ।

কানুর্‌ পুড়া=[রা]—বিণ. অত্যন্ত দুঃখী ।। তার্‌ কথায়্‌ মন্‌টা আমার্‌ কানুর্‌ পুড়া ঐছে ।

কানশ্‌=[ঢা, ব]—বি. শিং মাছ ।।

কানে=[ম]—বি. পাড়ে ।। গাংগের্‌ কানে আইট্‌টো না । [দেখ কানা] ।

কানে কানে=[পা]—ক্রি. বিণ. কানায় কানায়, অল্পের জন্য ।। [দেখ কানে] ।

কানে কানে কুর্‌কুর্‌ করা=[কুম]—ক্রি. কান মন্ত্র দেওয়া, কুটনামি করা ।। [কুরকুর অনু.] ।

কানেচ্‌'চা'রা=[খু]—বি. টিন ।। এই কানেচ্‌'চা'রায়্‌ কি তৈল্‌ ? [দেখ কানচ্‌'] ।

কানে তালি দরা=[ঢা]—ক্রি. কানে কিছু না শুনা ।। এত চি'ল্লাইয়া কি ঐবো কানে তালি দরা সারা ? [=কানে তালা লাগা ; দরা<ধরা] ।

কানে শিংগে=[চট্ট]—ক্রি. বিণ. হাতে নাতে ।। [কান+এ ; শিং+এ বিভক্তি ; অর্থ প্র.] ।

কানে হাটা=[কুম] বিণ. তালকানা ।। [<কান+এ+হাটো] ।

কানো=[খু]—বি. হাঁড়ি ইত্যাদির গলা বা প্রান্ত ।। হাড়ির্‌ কানো ভাইংগা গেসে । [দেখ কানা] ।

কানোচ্‌'=[পা]—বি. কেরোসিনের টিন ।। কানোচে'র্‌ গর্‌ বেশি দিন্‌ টিকে না । [দেখ কানচ্‌'২] ।

কানোটি=[য]—বি. চড়, চাপড় ।। তোকে এখনি আমি কানোটি দিবানে । [<কান পট্টি ; অর্থ প্র. ; কনৌতী হিং] ।

কান্‌=[চট্ট]—বি. <কাঁধ ।। ভার্‌ বৈতে বৈতে কান্‌ ফাডি গেইয়ে ।

২=[রা, য]—বি.<কাঁদি ।। এক্‌ কান্‌ কলা বেবাক্‌ নিসে চো'রে ।

৩=[পা, চট্ট]—বিণ. কানা, অন্ধ ।। [<কাণ সং=একচক্ষু] ।

কান্‌কতা=[বা]—বি. গুপ্ত কথা, কানে কানে বলা কথা ।। কান্‌কতায়্‌

কায় নাই, খোলাখুলিই কও। [কান+কথা ; কানে কানে যে কথা বলা হয়]।

কান্ কাঁজ=[রা]—বি. গরুর গাড়ীর বাঁচানে ব্যবহৃত খিল বিশেষ ॥ [দেখ কান্ খিল]।

কান্কশি=[দি]—বি. মাছের কানকো ॥

কান্কাইয়া=[সি]—ক্রি.বিণ. খুব আস্তে আস্তে ॥ [কানকো(<কর্ণকূপ সং)+ইয়া অস. ক্রি.(বিভক্তি)]।

কান্কাটা=[রং]—বিণ. যে নিষেধ শুনে না ॥ তোর্ মত কান্কাটা আর্ দেখো না। [কান+কাটা ; অর্থ প্র.]।

২=[খু]—বিণ. লজ্জাহীন ॥ লোক্টা একেবারে কান্কাটা। [পূর্বে দেখ]।

কান্কাঠি=[য]—বি. ঢেঁকির আঁক-শলী ॥ ডেহির্ কান্কাঠি কাত্লার্ উপ্রে বর্ কৈরা থাহে। [<কান(<কর্ণ সং)+কাঠি]।

কান্কাড়া মুচি'=[চা, কুম]—বিণ. নির্লজ্জ ॥ এই কান্কাড়া মুচি'র কতা আর্ কৈছ' না। [দেখ কান্ কাটা+মুচি]।

কান্কাত্রানো=[য]—ক্রি. নাছোড়-বান্দার মত করা ॥ এখন্ কান্কাত্রালে কি হবে, এক্ খুচি' ধান্ও দিতে পার্বো না। [<কাঁদা+কাতরানো ; অর্থ প্র.]।

কান্কাশা=[রং]—বি. চোয়াল ॥ বল্টায় কয় চওড়ে কান্কাশা কাঁটে দেঁও। [দেখ কান্কশি ; কানপাটি]।

কান্কুইত্যারি=[পা, চট্ট]— বিণ. অসহ্য, কানে সহ্য হয় না এমন ॥ কান্কুইত্যারি কথা ন কৈশ্। [<কান+কর্তরী সং=কান কাটা]।

কান্কুইয়া=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

কান্খা=[চা]—বি. হাড়ি বা কলসীর মুখ ॥ ঠিলাটার্ কান্খা কাটা। [<কাঁধ(<স্কন্ধ সং) কিংবা<কর্ণ সং+খান(<খণ্ড সং) ; অর্থ প্র.]।

কান্ খাওয়া=[চা]—ক্রি. কথা গ্রাহ্য না করা, শুনিয়াও না শুনার ভান করা ॥ তর্ কান্ খাইসত্? [কান(<কর্ণ)+খাওয়া ; অর্থ প্র.]।

কান্ খাকো=[কুম]—বিণ. যে কথা গ্রাহ্য করে না ॥ মত্তি বড় কান্ খাকো [দেখ কান্ খাওয়া ; তুঃ কানখেকো]।

কান্ খাগো=[খু]—বিণ. যে ছেলে মোটেই কথা শুনে না ॥ কান্ খাগো সেলে নিয়ে বড় বিপদ্। [দেখ কান্ খাকো]।

কান্খিল্=[য]—বি. গাড়ীর বাঁশ বাঁধার কাছি বা খিল ॥ কানখিল্ সারা গাব়ির্ বাশ্ শক্ত অয় না। [<কান(<কর্ণ সং)+খিল(<কীলক সং)]।

কান্গরা=[সি]—বি. কানের নীচের দিক ॥ কান্গরায় চ'র্ দিল্? [<কান(<কর্ণ সং)+গোড়া]।

কান্ গাইট্যা=[চট্ট]—বি. শক্ত গিঁঠ, গোড়ার গিঁঠ ॥ কান্ গাইট্যার্ দিক্ দি বাঁশ্ ফাড়া কশ্ট। [কান<কাণ সং+গিঁট<গ্রন্থি সং+ইয়া প্র.]।

কান্গুড়া=[য, খু]—বি. নৌকার পিছনের গলুই ॥ [<কান (<কর্ণ সং)+গুড়া=নায়ের তক্তা বিশেষ]।

কান্ঘেচ্না=[রং]—বিণ. যে শুনিয়াও কথা গ্রাহ্য করে না ॥ তোর্ মত কান্ঘেচ্না মানুশি আর্ নাই। [<কান (<কর্ণ সং)+ঘষড়া (<ঘষড়ানো) +না প্র. ; অর্থ প্র.]।

কান্ঘেচেরা=[দি]—বিণ. যে না শোনার ভান করে ॥ [দেখ কান্ ঘেচ্না]।

কান্চট্টি=[রা]—বি. কানের গোড়া ॥ আজ তোর্ কান্চট্টি তুলে দিচ্ছি। [=কান পট্টি]।

কান্চ'ন্মালা=[ব]—বি. কনে ॥ কান্চ'ন্মালা বলে ভাশা শাবান্ মাখে। [কাঞ্চন মালা=রূপকথার রাজকুমারী ; অর্থ প্র.]।

কান্চল্=[দি]—বি. মাছের কানকো ॥

কান্চা=[রং, সি]—বি. কিনারা ॥ নাও কান্চাত্ ভিড়াও (রং)। [<কান (<কর্ণ সং)+চা প্র.]।

কান্চাটাই=[রং]— বি. মরা গাছে জাত লাগছে ব্যাঙের ছাতা ॥

কান্চ'াড়া=[কুম]—বি. কানের ক্ষত রোগ, আমগাছে জাত চাকের ন্যায় সাদা কৌতুক ॥ কান্চ'াড়া পুইরা দিলে কান্চ'াড়া বালা অয়। [কান্<কর্ণ+চ'াড়া <চাটা=চাট্না]।

কান্চ'াপ্টি=[চা]—বি. কানের পার্শ্ব ॥ এক্ থাবরে কান্চ'াপ্টি উরাইয়া দিমু। [<কান চাপাটি<কর্ণ চর্পটী সং]।

কান্চ'া বশ্=[য]—বি. কাঁচা বয়স ॥ মাইয়াডা কান্চ'াবশে রারি ঐসে। [<কাঁচা বয়স]।

কান্চ'াবা=[চা]—বি. চোয়াল ॥ থাব্রা দিয়া তর্ কান্চ'াবা উরাইয়া দিমু। [<কান+চাপা (<চর্পটী সং)]।

কান্চ'া বাড়ি=[পা]—বি. ঘরের পেছন, আনাচ কানাচ ॥ কান্চ'া বাড়িত্ পায়খানা রাখা ঠিক্ না। [দেখ কান্চা +বাড়ী ; অর্থ প্র.]।

কান্চা শোনি=[রং]—বিণ. কাঁচা সোনা ॥ 'তুই শামি মোর্ কান্চা শোনি'। [কাঁচা+সোনা(স্বর্ণ)]।

কান্চি'=[য, পা, ফ]—বি. বাড়ী বা ঘরের পশ্চাদ্ভাগ ॥ কান্চি'তে আবর্জনা ফেল্। [<কান(কর্ণ সং)+চিপ্র.]।

২=[পা]—বি. মেয়েদের প্রস্রাব খানা ॥ [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. কাঁচি ॥ বোতা কান্চি' দিয়া কি কাপর্ কাটা যায়? [কয়চী قیچی তু. ; তুঃ কঁয়চী হিং]।

কান্চি'কোনা=[চা, য]—বি. গৃহের পিছন দিক ॥ কান্চি' কোনাত্ খিছ'-রাইয়া দেখ্। [দেখ কান্চি'+কোনা]।

কান্চি'ত্ যাওয়া=[পা]—ক্রি. পায়খানা বা প্রস্রাব করিতে যাওয়া ॥ এত গন গন কান্চি'ত্ যাও কেন্? [দেখ কানচি', +ত(বিভক্তি)+যাওয়া ; অর্থ প্র.]।

কান্‌চিয়া=[রং]—বি. নালী বা বিশেষ ॥

কান্‌চু'রা=[কু]—বিণ. যে কানে শুনে না ॥ সেলেটা ভারি কান্‌চু'রা । [<কান+চোরা] ।

কান্‌চি'=[পা, কু]—বি. ঘরের পিছন দিক্ ॥ [দেখ কানাচ্'= কানাচ] ।

কান্‌চে'টা=[খু]—বি. শ্যাওলা জাতীয় কোঁড়ক বিশেষ ॥ [দেখ কান্‌চ'াড়া] ।

কান্‌চে'লা=[চা]—বি. কেঁচোর ন্যায় এক প্রকার প্রাণী ॥ কান্‌চে'লা কানে গেলে মানুশ্ মৈরা যায় । [< কান (কর্ণ সং)+চেলা=শতপদী কীট] ।

কান্‌চো=[দি]—বিণ. <কাঁচা ॥ এত কান্‌চো বয়শে লোক্‌টা মারা গেল্ ।

কান্‌চে'রা=[খু]—বিণ. কথা গ্রাহ্য করে না যে ॥ [দেখ কান্‌চু'রা] ।

কান্‌চে'রা পাত্‌লা=[চা]—বিণ. ফাঁকিবাজ, দুষ্ট ॥ [দেখ কান্‌চে'রা +(কান) পাতলা] ।

কান্‌জির্=[রা]—বি. উচ্ছিষ্ট ॥

কান্‌জাল্=[রা]—বি. কলার মোচা ॥

কান্‌জি অংগুলি=[রং]—বি. কনিষ্ঠ আংগুলের নখ ॥ তর্ কান্‌জি অংগুলি বড় ক্যা ? [দেখ কানিআংগুল] ।

কান্‌যাল্=[কুম, নো, ফ]—বি. কলাগাছের ভিতরের অংশ ॥ কান্‌যালের্ তর্‌কারি অনেকেই খায় । [< কিঞ্জল্ সং অর্থ প্র.] ।

২=[খু]—বি. গণ্ডগোল, ফ্যাসাদ ॥ কারু শাথে কান্‌যাল্ করো না । [< কোঁদল<কন্দল সং] ।

কান্‌যি=[সি]—বিণ. বাসি, উচ্ছিষ্ট ॥ [দেখ কাঁজি ; অর্থ প্র.] ।

২=[চা, কুম]—বি. অনেকদিনের ভেজা চাউল ॥ পেটের্ অশুখে কান্‌যির্ যাউ খাও । [দেখ কাঁজি] ।

কান্‌যির্ যাউ=[চা]—বি. কয়েকদিন ধরিয়া চাউল ভিজাইয়া রাখিয়া সেই চাউল দিয়া রাঁধা জাউ ॥[দেখ কান্‌যি$_{২}$ +র(সম্বন্ধে)+যাউ(<যবাগু)] ।

কান্‌টশ্=[বং]—বিণ. কানে খাটো, কানে কম শুনে যে ॥ [কান+টসা-ঠসা<?] ।

কান্‌টা=[রা, দি, ব, কুম]—বি. বাড়ীর আনাচকানাচ বা পিছনের দিক ॥ ঘরের্ কান্‌টায় আবর্জনা ভরা । [<কণ্ঠ+আ=উপকণ্ঠ] ।

২=[রং]—বি. হাঁড়ি বা ডেকচির মুখের প্রান্ত ॥ মাটির্ হাড়ির্ কান্‌টাটা ভাংগি ফ্যালালুরে ? [কান(<কর্ণ সং) +টা প্র.] ।

৩=[রা, ব, কু, খু]—বিণ. ফাটা, ভাংগা ॥ কান্‌টা পাতিল্ । [<কানা (<কাণ সং)+টা প্র. ; অর্থ প্র.] ।

৪=[পা]—বিণ. দুরন্ত ॥ কান্‌টা সাওয়াল্ দি কাম্ নাই । [? < অকাণ্ড=হঠাৎ ; অর্থ প্র.] ।

৫=[ফ]—বিণ. অযথা বাড়াবাড়ি করে যে ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

৬=[বা]—বিণ. বেহায়া, নির্লজ্জ ॥ [পূর্বে দেখ]

৭=[রা]—বি. শাকসব্জির ক্ষেত ॥

কান্‌টা কুন্‌টা=[রং]—বি. বাঁশের গিঁট ইত্যাদির আবর্জনা ॥

কান্‌টামি=[রা, সি, ব]—বি. তর্ক, প্রবঞ্চনা, ফাঁকি ॥ কান্‌টামি রেখে টাকা দ্যাও । [দেখ কান্‌টা$_{৫}$ +মি প্র.] ।

কান্‌টায়্ টান্‌টায়্=[রং]—ক্রি. বিণ. কিনারায় ॥ [<কানটা +য় বিভক্তি +টান্‌টায় অনু:] ।

কান্‌টাসে'ড়া=[য]—বিণ. বাঁদর, দুষ্ট ॥ এমন্ কান্‌টাসেঁড়া সেলেরে বাবা । [দেখ কান্‌টা+ছেঁড়া ; অর্থ প্র.] ।

কান্‌টাহার্=[রং]—বিণ. রাগী লোক ॥ তুই এক্‌টা কান্‌টাহার্ । [দেখ কান্‌টা$_{৪}$+হাড়<ষাঁড়<ষণ্ড] ।

কান্‌টি=[রং, য, রা]—বি. কিনারা ॥ মুই খুটার্ কান্‌টিত্ শুত্‌বার্ নয় । [দেখ কান্‌টা] ।

২=[পা]—বি. দা ॥ কান্‌টি দা বাশ্ কাট্‌তে হয় । [<কষ্টি প্রাং< কর্ত্রী সং] ।

৩=[দি]—বি. কাপড়ের ন্যাকড়া ॥ [<কান(<কর্ণ সং)+টি প্র.] ।

৪=[কু]—বি. ওজর, গোলমাল ॥ তুমি খেলায় বড় কান্‌টি কর । [দেখ কান্‌টা$_{৫}$ +ই প্র.] ।

কান্‌টি করা=[কু]—ক্রি. খেলায় বেআইনীভাবে নিজের দিকে যুক্তি দেখানো ॥ এত কান্‌টি কর্‌লে খেলা যায় না । [দেখ কান্‌টি$_{৪}$+করা] ।

কান্‌টে=[খু]—বিণ. কৃপণ ॥ [দেখ কান্‌টা$_{৫}$+এ প্র. ; অর্থ প্র.] ।

২=[য]—বি. তর্ক, বিবাদ, ফাঁকি, চালাকি ॥ অত কান্‌টে কর্‌লে তোর্ শাথে আর্ খেল্‌ব না । [দেখ কান্‌টি] ।

কান্‌ঠা=[দি]—বি. থালার কিনারা ॥ [দেখ কান্‌টা] ।

কান্‌ঠি=[বা, দি]—বি. কাপড়ের পাড় ॥ ওই শাড়ির্ কান্‌ঠিটা পছন্দ শৈ । [দেখ কান্‌টি$_{৩}$] ।

কান্‌ঠ্যা=[পা]—বিণ. মিথ্যাবাদী, ঝগড়াটে ॥ [দেখ কান্‌টে] ।

কান্‌ড=[কুম]—বি. কোল ॥ সুইট্-কাডারে কান্‌ডে ল । [<কাণ্ড সং ; অর্থ প্র.] ।

কান্‌ডা=[য, চট্ট, সি]—বিণ. একগুঁয়ে, হিংসুটে, ধূর্ত ॥ কান্‌ডার্ লগে খেলা যায় না । [দেখ কান্‌টা$_{৫}$] ।

২=[ফ]—বি. মাছের ঘাড় ॥ ইলিশ্ মাসের্ কান্‌ডা খুব মযা । [<কান্‌ধা <কাঁধ+আ প্র.] ।

৩=[নো]—বি. ঘুড়ির ভারসাম্য রক্ষার জন্য এক পার্শ্বে দেওয়া বস্ত্র বিশেষ ॥ [<কানদা<কান+টা প্র. ; অর্থ প্র.] ।

কান্‌ডাই=[রং]—বি. কড়াই ॥ [< কঁড়াই=কড়াই] ।

কান্‌ডানো=[কুম]—ক্রি. একগুঁয়েমি

করা ।। এ্যাত কান্‌ডাইস্ না । [দেখ কান্‌ডা (নামধাতু)+আনো প্র.]।

২=[য]—ক্রি. বাঁধা ।। খুটির্ সংগে দড়িটা কান্‌ডায়া থোও ।

কান্‌ডান্=[রা]—বি. খুঁটি ও চালের একত্র বন্ধন ।।

কান্‌ডামি=[ঢা, ম]—বি. গায়ের জোরে তর্ক, বাজে তর্ক, জেঠামি ।। [দেখ কান্‌টামি]।

কান্‌ডাশ্=[চট্ট]—বিণ. অপরিষ্কার।।

কান্‌ডা শারা=[কুম]—বিণ. অকেজো, উদাসীন ।। [<কাণ্ড সারা ; অর্থ প্র.]।

কান্‌ডি কারি=[চট্ট]—বি. অনুমান ।।

কান্‌ডু১=[ঢা]—বিণ. ঝগড়াটে, কৃপণ । তুই বর কান্‌ডু ।। [দেখ কান্‌টা৪+উ প্র.]।

কান্‌তলা=[পা]—বি. বগল ।। কান্‌তলার্ লোম্ ফালা ।। [<কাঁখতলা<কাঁখ+তল=অর্থ প্র.]।

কান্‌তা=[কুম, নো, ঢা, পা]—বি. বাঁশের খুটির মাথা ।। কান্‌তা না ঐলে খুটিতে বাশ্ বশান্ যায় না । [<কান (কর্ণ সং)+তা প্র.]।

২=[ঢা]—বি. নারিকেলের আঁশের দড়ি ।। কান্‌তা দিয়া গরের্ চা'ল্ বান্‌দে । [<কাতা]।

কান্‌তাই=[দি]—বি. কড়াই ।। কান্‌তাইয়ে মাছ ভাজা হয় । [<কানদি<কন্দ (< স্কন্দ সং)+আই প্র.]।

২=[রং, পা]—বি. কাটারী, ছোট দা ।। কান্‌তাই দা বাঁশ্‌টা কাট্ । [দেখ কান্‌টি১]।

৩=[ফ]—ক্রি. বিণ. খাঁজ কাটিয়া ।। বাল করি কান্‌তাই কাড়িস্ । [দেখ কান্‌তা+ইয়া প্র.]।

৪=[সি]—বি. পানের বড় গুচ্ছ ।। এক্ কান্‌তাই পান্ আন্ ।

কান্‌তানো=[সি]—ক্রি. পাশ কাটা ।। কান্‌তাইয়া গেলে ঐব কি, আমি দেখসি । [দেখ কান্‌টা+আনো প্র.]।

২=[কুম, নো, ঢা]—ক্রি. চোখা করা ।। বাশ্‌টা কান্‌তাও । [দেখ কান্‌তা+আনো প্র.]।

কান্‌তাল্=[কুম]—বিণ. তীক্ষ্ণ ।। বাশ্‌টা কান্‌তাল্ ঐসে । [দেখ কান্‌তা +আল প্র.]।

কান্‌তাসাড়া=[য]—বিণ. ভবঘুরে জাতীয় ।। কান্‌তাসাড়া লোক । [দেখ কান্‌ডাশারা]।

কান্‌তি=[পা]—বি. ছোট দা ।। [দেখ কান্‌তাই২]।

কান্‌তুড় কি=[রা]—বি. খরগোস ।। কান্‌তুড়কির্ মাংশ খাওয়া জায়েজ্ । [<কান (<কর্ণ সং)+তুরুকি (< তুর্ক ترک ফা.+ই প্র.)=দ্রুত চলে বলিয়া]।

কান্‌থা=[বা]—বিণ. কনকনে।। পানি কান্‌থা ঠান্‌ডা হয়ে গেছে ।

কান্‌থি=[ঢা]—বি. খুঁটির মাথার খাজ ।। অ বাই, খাম্ কয়ড়ায় কান্‌থি কাইটা দেও । [দেখ কান্‌তাই]।

কান্ থেত্‌লা=[বং]—বিণ. যে কথা শুনিয়াও গ্রাহ্য করে না, ইচ্ছামত কাজ করে যে ।। [<কান (<কর্ণ সং)+ থেঁৎলা ; অর্থ প্র.]।

কান্‌দড্যা=[রং]—বিণ. যে সব সময় কাঁদে।। ছাওয়াল্‌টা বড় কান্‌দড্যা। [<কান্দ+ড়িয়া প্র.=কাঁদুনে]।

কান্‌দর্=[দি, বা]—বি. বিল, নীচু জমি বিশেষ ।। 'জমি করি কান্‌দর, মাইয়া করি বান্‌দর'। [< কন্দর ; অর্থ প্র.]।

কান্‌দল্=[খু]—বি. গাছ বিশেষ ।।

২=[য]—বি. ধান বা খড় নাড়িবার লাঠি ।। কান্‌দল্ সাড়া খড়্ নাড়া অসুবিধা ।

কান্‌দা=[সি]—বি. নিকট ।। সে আমার্ কান্‌দা দিয়া গেল্ । [<কান্ধ (<স্কন্ধ সং)+আ প্র. ; অর্থ প্র.]।

২=[ঢা, বা]—বি. গ্রামের প্রান্ত, পাড়া ।। দক্‌খিন্ কান্‌দায় তার্ বাড়ি । [<পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[রা]—বি. মাটির ছোট পাত্র ।। কান্‌দা আর্ অন্ন কান্‌দা এক্ দাম্ । [কদ্‌হ قدح আং]।

৪=[বা]—বি. দাএর পিঠ ।। দাএর্ কান্‌দা । [পূর্বে দেখ]।

৫=[সি]—বি. কলার ছড়া ।। ই কলার্ কান্‌দার্ দাম্ কত ? [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৬=[রা]—বি. ইচঁড় কাঁঠাল ।।

৭=[দা, বা, সি]—বি. উঁচু জমি, খালের পাড়ের জমি ।। [পূর্বে দেখ : অর্থ প্র.]।

কান্‌দাকুটি=[সি]—বি. ক্রন্দন ।। আর্ কান্‌দাকুটি কর্‌বায় কেনে ? [< কাঁদা কাটা]।

কান্‌দাত্=[সি]—বি. নিকটে পার্শ্বে ।। [দেখ কান্‌দা+ত বিভক্তি]।

কান্‌দানি=[রং]—বি. প্রস্তুতি ।। দাওখানের্ কান্‌দানি কতদিন্ লাগ্‌বি ? [দেখ কান্‌তানো১]।

কান্‌দা বায়্=[সি]—ক্রি. বিণ. সোজাভাবে ।। এখান্ দিয়া কান্‌দাবায় যায়ের বা । [দেখ কান্‌দা২+ভাএ<ভাবে ; অর্থ প্র.]।

কান্‌দায়্ কোচ্‌রায়্=[রং] — বি. নিকটে নিকটে ।। বাড়ির্ কান্‌দায় কোচ্‌রায় আছে । [দেখ কান্‌দা+য় (বিভক্তি)+কাছ+রা+য় (বিভক্তি)]।

কান্‌দারা=[খু]—ক্রি. বিণ. কিরূপে।। এটা কর্‌নু কান্‌দারা ? [<কেমন+ধারা]।

২=[য]—বি. ফিতা ।। কান্‌দারা দিয়া চুল্ বান্ । [দেখ কানি৪ +দড়া<দড়ি =রশি]।

কান্‌দালিয়া=[দি]—বিণ. পল্লী-সম্বন্ধীয়, গ্রাম্য ।। লোক্‌টা একেবারে কান্‌দালিয়া । [দেখ কানদা২+আল + ইয়া প্র.]।

২=[য]—বিণ. কান্দায়, উঁচু ।। কান্‌দালিয়া যমি বালা না । [দেখ কান্‌দা৭ +আল+ইয়া প্র.]।

কান্‌দাল্=[পা, য]—বি. ধান নাড়িবার উপকরণ ।।

২=[দি]—বি. পল্লীঅঞ্চল ।। কান্-

দালের জমি ভাল। দেখ কানদা₂+আল প্র.]।

কান্দি=[কুম, রং, বা]—বি. জমির ভিতরের সারিবদ্ধ উঁচু অংশ ॥ [দেখ কানদা₁]।

২=[সি, খু]—বি. নদীর বা খালের পার্শ্বের উঁচু জমি ॥ যলের অভাবে এবার্ কান্দিত্ ধান্ অসেনি (খু)। [পূর্বে দেখ]।

৩=[ফ]—বি. ফসল বুনিবার রেখা ॥

৪=[ফ]—বি. গ্রাম, পাড়া, মহল্লা ॥ তোর্ বারি কোন্ কান্দি? [দেখ কানদা₂]।

৫=[কুম]—বি. চর বা বিল (যেখানে বোরো ধান জন্মে) ॥

৬=[পা]—বি. প্রস্রাব খানা ॥

৭=[ফ]—বি. জালের সূতা বিশেষ ॥

৮=[ম]—বি. ফিতা ॥ কান্দি দিয়া চুল্ বান্।

৯=[সি]—বি. কোনা ॥ [দেখ কানি₃ ;<কাঁদি ; অর্থ প্র.]।

১০=[ফ]—বি. এঁটো ॥ রাইতে কান্দির্ পানি বারে ফেলা বালা নয়।

১১=[ম]—বি. স্তূপ ॥ খেরের কান্দি। [<কানডি<কাণ্ড সং+ই প্র.]।

১২=[কুম, খু]—বি.<কাঁদি, আঁটি॥ এক্ কান্দি কলা।

কান্দ₁=[বং]—বি. যাহারা ইক্ষুর গুড় বানাইতে জানে ॥ নছব্ কান্দুক্ ডাকি আন্। [<কেন্দ ... আং=চিনি+উ প্র.]।

কান্দ₁ কান্দ₁=[সি]—বিণ. ক্রন্দনোন্মুখ ॥ [<কাঁদো কাঁদো]।

কান্দবু₁=[রং]—বিণ. কাঁদিয়ে ॥ ছাওয়াটা কান্দবু। [<কাঁদু+বু=কাঁদুনে]।

কান্দুয়া=[বা]—বি. বড় মাটির ঢেলা ॥ কান্দুয়া চাঁকা। [দেখ কান্দা₁ +উয়া প্র. ; অর্থ প্র.]।

২=[বা]—বি. কাঁধের ঘা ॥ গরুডার্ কান্দুয়া ঐসে। [কান্ধ (<স্কন্ধ সং)+উয়া ; অর্থ প্র.]।

কান্দরা=[রং]—বিণ. যে অনবরত কাঁদে। [কাঁদ্+রা প্র. ; দেখ কান্দবু]।

কান্দরামি=[সি]—বি. খেলায় অসৎ উপায় গ্রহণ ॥ তুমি খেলায় বড় কান্দুরামি করো। [দেখ কান্দেল্+আমি প্র.]।

কান্দে বারে=[সি]—ক্রি.বিণ. কাঁধে বহন করিয়া ॥ কাঁন্দে বারে বোঝাটা লৈ যা। [<স্কন্ধ+এ সপ্তমী+ভার+এ সপ্তমী]।

কান্দেল্=[খু]—বি. একগুঁয়েমি ॥ এত কান্দেল্ করলে চ'লবে কেন্? [<কোঁদল<কন্দল সং]।

কান্দ্যা=[ফ]—বি. পাত্রের কানা ॥ কলশ্ডার্ কান্দ্যাডা বাংসে কে? [<কান্ধ (<স্কন্ধ)+ইয়া প্র.]।

কান্দোন্=[য]—বি. ধান কুড়াইবার যন্ত্র বিশেষ ॥

কান্দোর্=[রা]—বি. রোয়া ধানের নীচু জমি, যেখানে সহজেই চারিদিকের পানি গড়াইয়া আসিয়া জমা হয় এইরূপ জমি ॥ [দেখ কান্দর্]।

কান্দোল্কুচে'=[খু]—বি. আলস্যবোধ ॥ কান্দোলকুচে' করিস্ না। [<খন্দোল (দেখ কান্দোর্)+কুঁচে (<কুচিক সং) ; অর্থ প্র.]।

কান্দোল্বোড়া=[খু, য]—বি. এক প্রকার নির্বিষ সাপ ॥ [দেখ কান্দোল্ কুচে' ; বোড়া=সর্প বিশেষ]।

কান্ধা=[রা]—বি. কাঁঠাল ॥ কান্ধার্ তরকারি গোস্তের্ মতন্ লাগে। [<কন্ঠা (<কণ্টকী সং)]।

২=[রা]—বি. কিনারা ॥ পুকুরের কান্ধায় আমাদের্ গাছ্। [<কান্ধ (<স্কন্ধ)+আ প্র. ; অর্থ প্র.]।

কান্ধাল্=[রং]—বি. জলা জায়গা ॥ কন্ধালত্ এইবার্ ভালা ধান্ হৈছে। [দেখ কান্দর্]।

কান্না কাটা=[কুম]—ক্রি. কাহারো পক্ষে কথা বলা ॥ [=কাঁদাকাটা]।

কান্নাগোল্=[বা]—বিণ.খামখেয়ালী, নিজের ইচ্ছামত কাজ করে যে ॥ [কানা (<কাণ সং)+গুল گل ফা.; অর্থ প্র.]।

কান্নি=[রা]—বি. কোন ॥ ঘরের্ কান্নি শরি গিছে। [<কন্ন<কণ সং+ই প্র. ; তুং কন্নী হিং]।

২=[ঢা]—বি. ঘুড়ি একদিকে কাত হইয়া উড়িলে তাহা সোজা করিবার জন্য অপরদিকে কাগজ দিয়া দেয় তার ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[রা]—বি. পাল সংযুক্ত দড়ি ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কান্পট্টি=[ঢা]—বি. কানের পার্শ্ব ॥ থাব্রা দিয়া কান্পট্টি উরাইয়া দিমু। [কান্পট্টি<কর্ণ ; তুং কানপট্টী হিং]।

কানপট্টি দরা=[ঢা]—ক্রি. কানে তালা লাগা ॥ তগ চেঁচাঁনিতে আমার্ কান্পট্টি দৈর‍্যা গেসে। [দেখ কান্ পট্টি+ধরা ; মাথাধরা]।

কান্পনা=[ম]—বি. অতিক্ষুদ্র এক প্রকার মাছ ॥ [<কাণ(অন্ধ)+পোনা]।

কান্ পাইত্তা=[কুম]—ক্রি. বিণ. চুপিচুপি, আড়াল হইতে ॥ মনুশ্ কতা কৈলে কান্ পাইত্তা হুনিশ্ ক্যান্? [<কান+পাতিয়া]।

কান্ পাওশা=[ফ]—বি. কানের দুল বা অলংকার ॥ কতডু শোনা দিয়া কান্পাওশা বানাইসো? [<কান-পাশা]।

কান্পাখি=[খু]—বি. কালো রং-এর পাখি বিশেষ (সুন্দরবনে পাওয়া যায়) ॥

কান্পাতা=[কুম, নো]—বি. কানের ঔষধ বিশেষ (কবিরাজী মতে) ॥ [<কর্ণপত্র]।

২=[রা]—বি. কানের অলংকার বিশেষ ॥ [দেখ কান্পাশা ; অর্থ প্র.]।

কান্ পাত্লা=[পা]—বিণ.যে সকলের কথা শোনে ॥ লোক্টা কান্ পাত্লা।

কান্পোরা পাক্কোন্=[চট]—বি. এক প্রকার পিঠা ॥ [পাক্কোন্=<পাক্বান হিং=পাকান পিঠা]।

কান্ বাবার্=[সি]—বি. ছনের ঘরের উপরের ছানি ॥

কান্‌বুচ'া=[ম]—বিণ. যে কথা শুনিয়াও শুনে না ॥ তুইতো বর কান্‌বুচ'ারে আরাম্‌যাদা। [<কান(<কর্ণ)+বোঁচা<ভোঁচা<ভোঁতা(< ব্যাহতা সং)]।

কান্‌বেরি=[রা]—বি. বাঁধন ॥ শালাক কন্‌বেরি দি আন্‌। [< কান+বেড়ি< বেড় (< বেষ্ট সং +ই)]।

কান্‌ফল্‌=[কুম]—বি. এক প্রকার ছোট মাছ ॥ কান্‌ফল্‌ কেউ খায় না।

কান্‌ফুল্‌=[খু]—বি. গাছ বিশেষ (ইহার পাতা ঔষধে ব্যবহার করা হয়) ॥ [<কর্ণফুল]।

কান্‌ ভাংতি=[বা]—বি. কুপরামর্শ, কুযুক্তি ॥ সে ভাবি কান্‌ ভাংতি দিতে পারে। [কান+ভাং(< ভাঙ্গানো) +তি প্র.]।

কান্‌ ভন্‌জান্‌=[বং]—বি. কুযুক্তি, কপটতা ॥ রাখ্‌ তোর্‌ কান্‌ ভান্‌জান্‌। [কান+ভাঙ্গান<ভাঙ্গানো]।

কান্‌মারা=[খু]—বিণ. এদিক ওদিক করে বা ভালভাবে উড়ে না এমন ॥ কান্‌মারা ঘুড়ি। [কান(<কর্ণ সং)+মারা=কাৎ হওয়া]।

২=[সি]—ক্রি. নীরব থাকা, না শুনা ॥ আমি কান্‌মারি পরি থাকি। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কান্‌মাস্‌=[সি, খু, য]—বি. মাগুর জাতীয় মাছ ॥

কান্‌মাড়ি=[বা, ব]—বি. চালের পিঠা ॥

কান্‌রি=[সি]—বিণ. উচ্ছিষ্ট ॥ কান্‌রি বাত্‌ মোরগ্‌রে দ্যাও। [< কান(<কর্ণ)+রি প্র.; বাসনের কিনারায় যে ভাত বা খাদ্যাংশ লাগিয়া থাকে]।

কান্‌লা=[সি]—বি মাছ বিশেষ ॥ কান্‌লা মাস্‌ নরম্‌।

২=[সি]—বি. মাছ বিশেষ ॥

কান্‌শটা=[কুম, নো]—বি. কানের ঔষধ ॥ [দেখ কান্‌চ'াডা]।

কান্‌শর্‌কি=[রং]—বি. এক প্রকার ক্ষুদ্র ও লম্বা জীব ॥ দেখিশ্‌, কান্‌শর্‌কিটা আবার্‌ কানত্‌ শান্দাইবে।

কান্‌শাকা=[রং]—বি. চোয়াল, কানের পার্শ্বের বড় হাড় ॥ এক্‌ চড়ে কান্‌শাকা ভাংগি দিমু। [<কান +চোপা]।

কান্‌শারা=[ব]—বি. কানের পাশের রগ ॥ তোর্‌ কান্‌শারা সেঁদে মার্‌ব এক্‌চ'ড়্‌। [<কান+শিরা]।

কান্‌শিশা=[বং]—বি. এক প্রকার আগাছা, দ্রোণ পুষ্প ॥ ভুঁইখান্‌ কান্‌শিশাতে ভরি গেছে।

কান্‌শ্যাকা=[রং]—বি. চিবুক ॥ এক্‌ চওড়ে তোর্‌ কান্‌শ্যাকা ফাটাইম্‌। [দেখ কান্‌শাকা]।

কান্‌শোকা=[রা]—বি. চোয়াল বা কানের নিম্নাংশ ॥ চর্‌দি কান্‌শোকা ফাটে দিমু। [দেখ কান্‌শাকা]।

কান্‌সাত্‌=[সি]—বি. কাছে ॥ কান্‌সাত্‌ আয়ে না। [দেখ কান্‌চা+ত সপ্তমী]।

কান্‌সাবা=[সি]—বি. কানের চারিপার্শ্ব ॥ [দেখ কান্‌ চা'বা]।

কান্‌সি=[ফ, পা]—বি. বাড়ির পিছন দিক, পার্শ্ব ॥ কানসিত্‌ পায়খানা করা অয়। [দেখ কান্‌চি']।

কান্‌সি কোনা=[ফ]—বি. অপরিষ্কার জায়গা ॥ বোউ, কান্‌সিকোনা যাইও না। [দেখ কানচি'+কোনা]।

কান্‌সিত্‌ যাওয়া=[খু]—ক্রি. প্রস্রাব করিতে যাওয়া ॥ [দেখ কান্‌চি'+ত বিভক্তি +যাওয়া]।

কান্‌ সেরা বাতাশ্‌ =[সি]—বি. প্রচণ্ড বাতাস ॥ শিতের্‌ দিনো কান্‌সেরা বাতাশ্‌ শুরু ঐসে। [কান+ছেঁড়া+বাতাস]।

কাপর্‌ বাচ'া=[চা]—ক্রি. পানির মধ্যে হাঁটিয়া যাইতে কাপড় না ভিজা ॥ এই খাল্‌ডা পার্‌ ঐতে কাপড় বাচ'ব্‌নি ? [<কাপড়+বাঁচা=না ভিজা]।

কাপর্‌ হওয়া=[ফ]—ক্রি. স্ত্রীলোকের মাসিক হওয়া ॥ [< কাপড় +হওয়া ; সুভাষণে]।

কাপর্‌ হারা=[চা]—ক্রি. খাল নালা পার হইবার সময় কাপর না ভিজা ॥ এইহান্‌ দিয়া কাপর্‌ হার্‌ব ? [< কাপড়+সারা=রক্ষা পাওয়া]।

কাপা=[য]—বি. ধানের চারা রোপণের জন্য দেড় হাত লম্বা বাঁশের চটি ॥

২ =[চা]—বি. নারিকেলের মালা ॥

৩=[চট্ট]—বি. বেতের তৈরী গরুর মুখ বন্ধ ॥ [দেখ কাপাই]।

৪=[ম]—বি. আঁটি ॥ হাট্‌ থাইক্যা এক্‌ কাপা সেত্‌ আনিশ্‌।

৫=[রা]—বি. পিয়াজ বা রসুন লাগানোর উপকরণ ॥ [দেখ কাপা]।

৬=[ব, চা, বা]—বি. মোটা লুংগির ন্যায় কাপড় বিশেষ ॥ [<কাপড়]।

৭=[বা]—বি. ফ্রেম, কাঠামো ॥

কাপাই=[রং]—বি. কার্পাস বস্ত্র ॥ কাপাইর্‌ দাম্‌ বেশি। [<কাপাইয়া <কাপাসিয়া<কার্পাস+ইয়া প্র.]।

২=[ম]—বি. গরুর মুখাবরণ ॥ কাপাই সারা গরু মাঠে নিস্‌ না। [দেখ কাপারি]।

কাপাই যাল্‌=[চট্ট]—বি. মাছ ধরিবার জাল বিশেষ ॥

কাপাট=[রং]—বি. কপাট, দরজা ॥ কাপাট্‌খান্‌ দে কেনে।

কাপাডি=[চা]—বি. হাডুডু জাতীয় খেলা ॥ [<কপাটি খেলা]।

কাপা ধরা=[রা]—ক্রি. ভান করা ॥ [<দেখ কাপ্‌=ছদ্মবেশ+ধরা]।

কাপারি=[ফ]—বি. ঠুলি ॥ গরুর মুখে কাপারি দ্যাও। [দেখ কাপারি]।

কাপালিয়া=[রং]—বি. ঘরের দরজার উপরের আবরণ ॥ ঘরের্‌ কাপালিয়াখান্‌ ভাংগিল্‌। [<কপাল +ইয়া প্র. ; অর্থ প্র.]।

কাপালিয়ার্‌=[রং]—বিণ. সৌভাগ্যশালী ॥ বিহাও কোলে শশুরের সম্পত্তিও পালে, কি কাপালিয়ার্‌

রে। [দেখ কাপালিয়া+আর প্র.]

কাপাল্=[রং]—বি. ভাগ্য, কপাল॥ মোর্ কাপালে এই ছিলি। [<কপাল; অর্থ প্র.]

২=[ঢা]—বি. গরু যাহাতে ফসলাদি না খাইতে পারে তজ্জন্য ব্যবহৃত মুখ-বন্ধ॥ [দেখ কাপারি]।

কাপি=[সি]—বি. ফাঁদ বিশেষ॥

২=[ম]—বি. যূপকাষ্ঠ॥ কাপিতে পাঠা বলি দেয়।

৩=[ব, রা]—বি. ছোট মেয়েদের শাড়ী॥ কাপি কুনঠে?

৪=[কুম]—বি. খাঁজ॥ খরমের্ বৈলাত্ কাপি দেও।

কাপিড়া=[ব]—বি. কাপড় ব্যবসায়ী॥ কাপিড়ার্ দোকানে গেস্‌লু। [দেখ কাপেড়া]।

কাপিয়া=[সি]—বি. মাদ্রাসার উচ্চ শ্রেণী বিশেষ॥ কাপিয়ার্ যমাতে পরি। [কাফিয়: کافیہ আং=যথেষ্ট; একটি প্রসিদ্ধ আরবী ব্যাকরণ পুস্তকের নাম। নিজামিয়া শিক্ষা পদ্ধতিতে বিশিষ্ট পুস্তকের নামানুসারে শ্রেণীর নাম করণ হয়]।

কাপিলা=[ঢা]—বি. বৃক্ষবিশেষ॥ কাপিলার্ আঠা দিয়া কাগয্ যোরা দ্যাও।

কাপুর্=[বা]—বি. <কাপড়॥

২=[ম]—বি. বেতের তৈরী গরুর মুখবন্ধ॥ [দেখ কাপারি]।

কাপুলা=[বা]—বি. গাছ বিশেষ॥ কাপুলার্ আঠা॥ [দেখ কাপিলা]।

কাপে কাপে=[পা]—ক্রি.বিণ. এক-টার সংগে আর একটা খুব শক্তভাবে॥ [<খাপ+এ]।

কাপেড়া=[দি]—বি. কাপড়॥ পিন্-ধিবার্ কাপেড়াখান্ ধরি আয়্। [<কাপড়+আ প্র.]।

কাপৈ=[ম]—বি. চিরুনি॥ [দেখ কাওই]।

কাপৈড়া=[রা]—বি. কাপড়ের ব্যব-সায়ী॥ ঐ গাঁয়োত্ একটা কাপেড়া আছে। [<কাপড়+ইয়া প্র.]।

কাপোইলা গাস্=[কুম]—বি. আঠার গাছ বিশেষ॥ কাপোইলা গাসে লালা অয়্। [দেখ কাপিলা+গাছ]।

কাপ্=[খু,পা]—বি. তামাশা, ভান॥ যরটর্ শব্ মিসা, কেবল্ কাপ্ ধৈরা আসে। [<কপ্প প্রং.<কল্প সং=সন্দেহ; অর্থ প্র.; ম. বাং=ছদ্মরূপ]।

২=[ঢা]—বি. ভাত ইত্যাদি নাড়িবার হাতা॥ [কফ্‌চহ্ کفچہ ফা.]।

৩=[ব,রা]—বি. জমির সারি॥ তিন কাপ্ জমিতে আলু লাগাইছি (রা)।

৪=[চট্ট]—বি. একাধিক লোকের একত্র আহারের উপযোগী বড় তামার বাসন॥ [<কাপ cap ইং; অর্থ প্র.]।

কাপ্ করা=[কু]—ক্রি. লাগিয়া থাকা, ধরিয়া থাকা॥ চিল্ না দি কাপ্ করে থাক, একদিন্ উদ্‌ধার্ পাবেই। [দেখ কাপ্+করা]।

২=[রা]—ক্রি. ন্যাকামি করা, ইয়ার্কি করা॥ গুরুজনের্ শাম্‌নে কাপ্ করা উচিত্ না। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[রা,পা]—ক্রি. অস্থিরতার ভান করা॥ [পূর্বে দেখ]।

কাপ্‌ঝাঁপ্=[ব, রা]—বি. ভংগী॥ কাপ্‌ঝাঁপ্ বাদ্ দিয়ে শোযা কথা বল (ব)। [দেখ কাপ্+ঝাঁপ অনু:]।

কাপ্‌টা=[পা]—বিণ. কৃপণ॥ কাপ্‌টা লোক্। [=কিপটে]।

২=[দি]—বি. চিতল মাছ॥

৩=[রং]—ক্রি.বিণ. শক্ত ভাব॥ মাটিখান্ খুব কাপ্‌টা ধরিছে।

কাপ্‌টি=[কু, চট্ট]—বি. বাহাদুরি॥ ঘরে চা'ল্ নেই, আবার্ কাপ্‌টি দেখায় (কু)। [দেখ কাপ্+টি প্র.; অর্থ প্র.]।

২=[রং]—বিণ. কঠিন, শক্ত॥ মাটি-খান্ এমন্ কাপটি নাগিছে অক্ কওয়া না যায়্। [দেখ কাপ্‌টা৩]।

কাপ্‌টি মারা=[রং]—ক্রি. চুপিসারে থাকা॥ দরকারের্ শময় কাপ্‌টি মেরে-ছিলো, এখন্ অত কথা কেন্? [দেখ কাপ্+টি প্র.+মারা]।

কাপ্‌টে=[খ,য]—বিণ. কৃপণ॥ [দেখ কাপ্‌টা]।

কাপ্‌ট্যা=[ফ]—বিণ. কৃপণ॥ কাপ্‌ট্যা লোক্। [দেখ কাপ্‌টি২+ইয়া প্র.]।

কাপ্‌ড়া=[রা]—বি. ঝাঁকা॥ এক কাপ্‌ড়া আলু।

কাপ্‌ড়িয়া=[রং]—বি. কাবুলী॥ [দেখ কাপৈড়া; অর্থ প্র.]।

কাপ্‌তানি=[রা,ব]—বিণ. চুলের ছাট বিশেষ॥ কাপ্‌তানি ছাট্ ছাড় (রা)। [দেখ কাপ্‌তান্২+ই প্র.]।

কাপ্‌তান্=[খু]—বি. জুয়া॥ কাপ্-তান্ খেলাইয়া শে শব্ খুয়াইয়াসে।

২=[সি]—বিণ. প্রতাপশালী লোক॥ বেটা বর কাপ্‌তান্। [<কাপ্তান<ক্যাপটেন captain ইং; অর্থ প্র.]।

কাপ্‌তি=[নো]—বি. টিনের কৌটা॥ হৈশাগুন্ কাপ্‌তির মদ্দে রাখ্।

কাপ্‌দাপ্=[রং,দি, ম]—ক্রি. বিণ. তাড়াহুড়া॥ আর্ কত কাপ্‌দাপ্ করমু (ম)। [অনু.]।

কাপ্‌না=[বা, সি]—বি. ঝিনুক॥ কাপ্‌না দি বোতাম্ অয়্।

কাপ্‌রেংগা=[সি]—বি. <কামরাংগা পাক্‌না কাপ্‌রেংগা।

কাপ্‌লা=[বা]—বি. বৃক্ষ বিশেষ॥ [দেখ কাপিলা]।

কাপ্‌শা=[রা]—বিণ. সাদা॥ কাপ্‌শা সুতা। [<কাপসিয়া<কার্পাস+ইয়া প্র.; অর্থ প্র.]।

কাফারিয়া=[রং]—বি. কাবুল দেশীয় কাপড় ব্যবসায়ী॥ [দেখ কাপৈড়া; অর্থ প্র.]।

কাফা=[বা,ফ]—বি. বেত তোলার দাএর ভার রাখার জন্য ব্যবহৃত কাঠ বিশেষ।

২=[বি. বেতের পরিমাণ বিশেষ, আঁটি॥ তিন্ কাফা বেত্ আইন্য। [দেখ কাপা৪]।

৩=[বা]—বি. বাজে ও অকিঞ্চি-

তৎকর বস্তু বা বিষয় ॥ তুমি কর্‌বা আমার্ কাফা।

৪=[খু]—বি. ঘোড়ার ডিম ॥ কাফা খাবানি। [দেখ কাফা৩]।

৫=[বা]—বি. কার্পাস ॥ কাফা তুলা। [<কাপ্পাহ<কার্পাস]।

৬=[খু]—বি. শেজগাছের কষ দিয়া তৈরী ঘন আঠা বিশেষ॥

কাফাইর্=[কুম]—বি. গরুর মুখবন্ধ ॥ গরুর মুখে কাফাইর্ দেও। [দেখ কাপারি]।

কাফাত্=[কুম]—বি. দুর্ভিক্ষ,অনটন॥ দেশে বাত্‌কাপরের কাফাত্ পর্‌সে। [দেখ কাত্]।

কাফান্=[চা]—বি. মৃতব্যক্তির জন্য কাপড়, শবাচ্ছাদন ॥ কাফানের্ কাপর্ লাগ্‌ব। [কফন كفن আং]।

কাফারি=[বা]—বি. নদীর তীর॥ কাফারিতে নালিয়া দেও।

২=[চা]—বি. বেতের তৈরী গরুর মুখবন্ধ ॥ কাফারি দিয়া গরু মাড়ে নিস্। [দেখ কাপারি]।

কাফাল্=[চা, কুম, ফ]—বি. ডোবা পুকুর ইত্যাদির ভাংগা গভীর স্থান বা খাড়া পাড় ॥ কাফালের্ দারে গেলে পৈর্‌য়া যাবি।

কাফি= চা, ম]—বিণ. একেবারে ঠিক, লাগসই ॥ কাফি ঐসে, আর্ লাগ্‌ব না। [<কাফী আ كافي আং]।

২=[য]—বিণ. যথেষ্ট, অনেক ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]

৩=[কুম]—বিণ. মজবুত॥ চে'য়ারডা কাফি কৈরা বানাইসে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৪=[বা]—বি. কাঠের আঁকশি (বোতল ইত্যাদি ঝুলাইয়া রাখিবার জন্য) ॥ তেলের্ শিশিটা কাফিতে ঝুলান্ আসে।

৫=[রা]—বি. যাহার উপর লগি রাখা হয় ॥

কাফিয়া=[রং]—বি. মাদকজাতীয় পানীয় ॥ কাফিয়া খাইলে নেশাখোর্ মাতোয়ারা। [<কাফি (<কফী Coffee ইং)+আ প্র. অথবা < কহর: قهوه আং]।

কাফিলা গাস্=[কুম]—বি. গাছ বিশেষ ॥ কাফিলা গাসের মৌত্ নাই। [দেখ কাপিলা+গাছ]।

কাফ্‌ই=[কুম,]—বি. চিরুনি ॥ [দেখ কাওই]।

কাফুর্=[কুম, নো]—বি. কর্পূর ॥ উকুন্ কাফুররে ডরায়্। [<কর্পূর সং; তুং কাফুর كافور আং]।

২=[বা]—বি.<কাপড় ॥ কাফুর্ পর্।

কাফ্‌লা=[বা]—বি. (জিউল) গাছ বিশেষ ॥ খেতের্ চ'াইব্‌দিগে কাফুলার্ বেড়া। [দেখ কাপিলা]।

কাফেয়া=[কুম]—ক্রি. বিণ. চুলচেরা ফাটা ॥ পাইলাডা কাফেয়া দিসে। [দেখ কাপে+আ প্র.; চিরুণি দ্বারা আঁচড় কাটার দাগের ন্যায়]।

কাফ্=[ম]—বি. চীনামাটির বড় বাসন ॥ তারে চিনামাডির কাফ্‌টায় বাত্ দেও। [<কাপ্ cup ইং=পান পাত্র; অর্থ প্র.]।

২=[সি]—বি. সমুদ্রের কূল॥ দৈরা-ডার্ কাফ্ ন দেহা যায়্।

কাফ্‌তি=[রং]—বি. কোরাল মাছ ॥

কাফ্‌না=[সি]—বি. ঝিনুক ॥ 'গাং-গের্ নিচে'র্ কাফ্‌না, যামাই কি অয়্ আপ্‌না'—প্রবাদ। [দেখ কাপ্‌না]।

কাফ্‌রা=[কুম]—বি. জরিমানা ॥ রোযা না রাখ্‌লে কাফ্‌রা দিতে অয়্। [<কফ্‌ফার: كفاره আং]।

কাফ্‌রোল্=[চট্ট]—বি. করলা,উচ্ছে॥ কাফ্‌রোল্ বাবি খাইয়্। [দেখ কাক্‌রোল্]।

কাবচ্'=[চট্ট]—বি.<কাগজ ॥

কাবয্=[কুম]—বি.<কাগজ ॥ এ্যাক্ তাও কাবয্ দেও।

কাবর্=[কুম,]—বি.<কাপড় ॥

২=[বা]—বি. চাউলের কাঁকর ॥ এই চ'াউলে কাবর্ বেশি। [<কাঁকর]।

কাবা=[কুম]—বি. আমীর ওমরাহের বিশেষ পোশাক ॥ তাইন্ আবা কাবা লাগাইয়া মস্ত বর মাওলানা। [< কবা' قبا আং]।

২=[চট্ট]—বি. বেতের আটি বা গোছা ॥ এক্ কাবা বেত্ আইন্‌ন। [দেখ কাপা৪]

কাবাই=[ফ]—বি. এক প্রকার তর-কারী ॥ অনেকে কাবাই পসন্দ করে।

কাবা উঠা=[খু, য]—ক্রি. অভাবের তাড়নায় কষ্ট হওয়া ॥

কাবাকাবা করা=[কুম]—ক্রি. গণ্ডগোল করা ॥ অত কাবাকাবা করিস্‌না। [< কাবাকবা (অনু.)+করা]।

কাবাক্=[খু]—বিণ. দগ্ধ ॥ সেলের্ শোকে তার্ কলিয়া কাবাক্ হয়ে যাস্‌সে। [<কবাব كباب ফা.<আং]।

কাবাযি করা=[ম]—ক্রি. অনর্থক পরিশ্রম করা ॥ এত কাবাযি কৈরা লাব্ কি? [<কায়া (<কায় সং)+বাযী بازی ফা.প্র.; অর্থ প্র.]।

কাবাত্=[রা]—বি. দুর্ভিক্ষ, হঠাৎ কোন কিছুর অনটন ॥ দেশে অহন্ নারিকেল্ তেলের্ কাবাত্ পড়্‌ছে। [দেখ কাত্]।

২=[ব]—ক্রি. বিণ. নষ্ট ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কাবারি=[রং, ফ, পা, ম, রা]—বি. বাখারি ॥ বাঁশের কাবারি দি বেড়া হয় (রং)। [বাখারি; বর্ণ বিপর্যয়]।

২=[চা]—বি. ধান চাউল পাট ইত্যা-দির মাপ শেষ হইলে আড়তের সেরেস্তা-দারকে মজুরি স্বরূপ দেয় নজরানা ॥ [<কাবার(<এ্যাকাবার acabar পোর্তু.)+ই প্র.]।

৩=[সি]—বিণ. <কারবারী ॥ করিমের্ বাপ্ কাবারি লোক্।

৪=[সি]—বিণ. ঝগড়াটে॥ বেডা বর কাবারি। [দেখ কাবারি৩; অর্থ প্র.]।

কাবাশ্=[রা]—বি.<কার্পাস তুলা ॥ কাবাশ্ তুলার্ সুতা।

কাবিযাবি=[পা]—বি. অনুরোধ উপরোধ ॥ তারে কাবিযাবি কৈর‍্যা লাব্ নাই। [অনু.]।

কাবিষ্=[ঢা]—বিণ. কাহিল ॥ তুমি বব কাবিষ্ ঐয়া গেস। [<কাবিষ قابض আং]।

কাবিরাযি=[ঢা]—বি. মিনতি, অনুরোধ, কাকুতি ॥ [<কবিরাজ+ই; অর্থ প্র.]।

২=[কুম]—বি. তত্ত্বাবধান ॥ আমিই কাবিরাযি করি, আর কেডা? [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কাবিল্=[চট্ট]—বিণ. দক্ষ, চতুর, উপযুক্ত ॥ হিতে ই কামের কাবিল্ ন। [<কাবিল قابل আং]।

২=[য]—বিণ. কাহিল, কাবু ॥ যরে এক্কেরে কাবিল্ কর্যা ফালাইসে। [দেখ কাইলা]।

কাবু১=[বং, দি, বা]—বি. গরুর খড় দেওয়ার জন্য বাঁশের তৈরী গোলাকার বেড়া ॥

২=[ব,বা]—বি. কবুতরের বাসা ॥ [কাপু<খোপ<কূপ সং]।

৩=[নো,চট্ট]—বি. সুযোগ ॥ [<কাবু قابو তু.]।

কাবু করা=[নো]—ক্রি. ঠকানো ॥ তারে কাবু কর্তে শময় লাগে না। [দেখ কাবু৩+করা]।

কাবুক্=[রা]—বি. কবুতরের বাসা ॥ [দেখ কাবু+ক প্র.]।

কাবুটাবু=[সি]—বি. সুযোগ সুবিধা ॥ [দেখ কাবু৩; টাবু অনু:]।

কাবুতি মিনতি=[বং]-বি.<কাকুতি মিনতি ॥ তোকে এত কাবুতি মিনতি করি কোন্ কাম্ হৈল্ না।

কাবুয়ানো=[সি]—ক্রি. ঘন ঘন চিবানো ॥ বুরা ব্যাডা গুয়া খাইতে খালি কাবুয়াইন্।

কাবেষ্=[পা,বা]—বিণ. দুর্বল, শক্তিহীন ॥ না খাতি পায়্যা শে কাবেষ্ হচে'। [দেখ কাবিষ্]।

কাবেষ্ করা=[ফ, পা]—ক্রি. বাগে পাওয়া, কমজোর করা ॥ মার্লায় তারে কাবেষ্ কৈর‍্যা কালাইসে। [দেখ কাবিষ+করা; অর্থ প্র.]।

কাবেল্=[খু]—বি. ধান কাটা মজুর ॥ বিশ্যন্ কাবেল্ ধান্ কাটে। [দেখ কামিল্]।

২=[চট্ট]—বিণ. সুনিপুণ ॥ [দেখ কাবিল্]।

কাবৈন্=[নো]—বি. কাবিন নামা, বিবাহের চুক্তিপত্র ॥ আঁই কাবৈন্ দি তাম্ ন। [<কাবীন کابین আং]।

কাবোর্=[পা]—বিণ.কালো ॥ মেয়েটার গায়ের রং কাবোর্। [<cafre পর্তু.=নিগ্রো; অর্থ প্র.]।

কাব্=[সি,কুম,চট্ট]—বি. তামার বাসন, চিনামাটির বাসন ॥ [দেখ কাফ্]।

২=[সি]—বি. মাছ থাকিবার গর্ত বিশেষ ॥ [<কহফ كهف আং; অর্থ প্র.]।

কাব্গাব্=[ম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ কাব্গাব্ কৈর না। [অনু.]।

কাব্ড়া=[খু]—বিণ. মুখরা, কলহপ্রিয় ॥

কাব্ড়ানো=[ব]—ক্রি. প্রাণপণ চেষ্টা করা ॥ [দেখ কাব্ড়া+আনো প্র.]।

কাব্দার্=[খু]—বি. খতনাকারী ॥

কাব্দি=[খু]—বি. মজার ব্যাপার ॥ আর্ একটা কাব্দি দ্যাখ্। [দেখ কাপ্+তি প্র.]।

২=[ম]—বিণ. নীরব ॥ [<তাব্দ<তব্ধ<স্তব্ধ+ই প্র.]।

কাব্বি=[সি,খু,ম,পা]—বি. মজার ব্যাপার, বালসুলভকর্ম, ঠাট্টা ॥ আলো আলো কি কাব্বি! মিয়ে বুহি আঁট্যা কদ্দুর চ'ল্যা গেচে' (য)। [দেখ কাব্দি]।

কাব্বি করা=[খু]—ক্রি. রগড় বা পাগলামি করা। কাব্বি করার্ যাগা নয় এটা। [দেখ কাব্বি+করা]।

কাব্বি ধরা=[রা]—ক্রি. ভান করা ॥ কিশের জর্ খামোকাই কাব্বি ধরিচে। [দেখ কাব্বি+ধরা]।

কাব্রু=[রং]—বি. কবুতরের জন্য তৈরী ছোট ঘর ॥ [দেখ কাবু]।

কাব্রা=[খু]—বি. শূকরপালক ॥ কাব্রারা শুকর্ খায়্। [<কাওরা<কাহার+আ প্র; কহার হিং= পালকী বাহক, শূকর পালকেরা পালকী বহন করিত]।

কাব্রা কাব্রি=[রং]—বি. চীৎকার ॥ কাব্রা কাব্রি করিস্ না। [অনু.]।

কাব্রা চ'াইল্=[কুম]—বি. লাল মোটা চাউল ॥ কাব্রা চ'াইলে বাইটামিন্ বেশি।

কাব্রানো=[বং, ফ]—ক্রি. চীৎকার করা, অনুনয় বিনয় করিয়া কাঁদা ॥ বিপদে পড়ে লোক্টা কাব্রাচ্ছে। (রং) [দেখ কাব্ড়ানো]।

২=[বং]—ক্রি. গোলমাল করা ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কাব্রি=[দি]—বিণ. কাল সাদা মিশ্রিত ॥ কাব্রি রংয়ের ছাগল্টা কার্?

কাব্লানো=[কুম]—ক্রি. অতিরিক্ত কথা বলা ॥ হের্ বেডা খালি কব্লায়্। [<কওল قول আং+অনো প্র.]।

২=[ঢা]—ক্রি. শোকে চীৎকার করা, দীর্ঘ নিশ্বাস ছাড়া ॥ পোলা মরনে বেডিডায় হারারাইত্ কাব্লাইসে। [পূর্বে দেখ; অর্থ প্র]।

কাভাত্=[বা]—বি. মুস্কিল ॥ [দেখ কাত্; হাভাত শব্দের সাদৃশ্যে]।

কাভাত্ পড়া=[রা]—ক্রি. প্রয়োজনীয় জিনিষের অভাবে হৈ চৈ পড়া ॥ [দেখ কাত্+পড়া]।

কাভ্ড়ানো=[রা]—ক্রি. কোন কিছু পাওয়ার জন্য ছটফট করা ॥ [দেখ কাব্রানো]

কামট্=[ফ]—বি. হাঙ্গর ॥ কামটের্ দাতে খুব দার্। [<কমট সং=কচ্ছপ; অর্থ প্র. কিংবা দেশী=যে কামড়ায় এমন কুমীর]।

কামর্=[ঢা]—বি. উত্তেজনা ॥ হেডায় কামরে বিদবাডা গরের্ বাইর্ ঐসে। [<কামড়; অর্থ প্র.]।

কাম্জল্=[য]—বি. কোন কিছুতে খুব

বেশী মাত্রায় আসক্তি ॥ পান্ তামাকের্ কামল্ ভালা নয়্। [কু+আমল عمل আং]।

কামা=[রং]—বি. নাপিত ॥ [< কামাইয়া<কামানিয়া=কামায় যে]।

কামাই=[চট্ট]—বি. চিরুণি ॥ [দেখ কাওই]।

কামাইগা=[চট্ট]— বি. কামার (তুচ্ছার্থে) ॥ কামাইগার্ আতের্ লোআর্ বাড়ি। [দেখ কামাইয়্যা]।

কামাইয়্যা=[চট্ট]—বি. কামার ॥ [কামার+যাদহ্ ه‌ا‌ز ফা.]।

কামাইতোন্=[খু]—বিণ. উপার্জন-শীল (ব্যঙ্গার্থে) ॥ এতো কামাইতোন্ ছলি করে ? [কামাই <কাম<কর্ম স +আই প্র., তোন<মত]।

কামাইদান্নি=[খু]—বিণ. কর্মঠ ॥ আরে আমার কামাইদান্নি। [<কামাই + দান্নি<দার ‌ا‌ز ফা. +নি প্র.]

কামাইদার্ পুত্=[সি]—বি. উপা-র্জনশীল পুত্র [দেখ কামাইদান্নি পুত<পুত্র]।

কামাইরা আত্=[কুম]—বি. খুব শক্ত হাত ॥ কামাইরা আতে না দরলে এই কাম্ ঐবো না। [কামার(<কর্ম-কার)+ইয়া প্র.+হাত ; অর্থ প্র.]।

কামাইরে=[ম]—অব্য. কারণ, জন্য ॥ তুই কি কামাইরে এহানে আইলি? [কামাই+রে বিভক্তি ; অর্থ প্র.]।

কামাইল্=[দি]—বি. মজুর ॥ [< কামিলা ম. বাং<কাম্ (<কর্ম সং+)ইলা প্র.]।

কামাইশুদি=[চা]—বিণ. উপার্জন-কারী (অবজ্ঞার্থে) ॥ এক্ মাসে তিন্ টেকা রুযি কৈরা বর কামাইশুদি ঐয়া গেসে। [<কামাই+চুদ(< চুদা) +ই প্র.]।

কামাইশুদ্=[কু, ম, চা, ফ]—বিণ. উপার্জনক্ষম ॥ হেইতার্ কামাইশুদ্ পোলাডা মৈরা গেল্গা। [<কামাই +শুদ্ধ ; অর্থ প্র.]।

কামাইশ্=[রং]—বি. উপার্জন ॥ কামাইশ্ করি খা। [<কামাইজ+ <কামকাজ]।

কামাকাল্=[রং]—বিণ. ঠিক, খাঁটি ॥ জিনিশ্টা একেবারে কামাকাল্ হৈছে। [কমাকাল كمال آل আং=যেমন সে বলিল]।

কামাক্কা=[ম]—ক্রি. বিণ. সত্য সত্য, তাড়াতাড়ি ॥ [<খ্বাহ্ মখ্বাহ্ خواه مخواه ফা.=ইচ্ছা অনিচ্ছায় ; অর্থ প্র.]।

২=[ম]—ক্রি. বিণ. অনর্থক ॥ কামাক্কা কথা কও কেন্? [পূর্বে দেখ]।

কামাটা=[বং]—বিণ. যে ক্ষৌরকার্য করে ॥ তোর্ মত কত কামাটা দেখেছু। [দেখ কামাই (<কামান) +তা প্র.]।

কামানি=[না]—বি. ঘুড়ির কাঠামো ॥ কামানির্ বারে গুড্ডি পৈরা গেলে উরব কি ? [<কমান کمان ফা.= ধনুক+ই প্র. ; অর্থ প্র.]।

২ =[বং]—বি. ছাতার লোহার শিক ॥ ছাতির্ কামানিটা ভাইংগে গেছে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩ =[ফ]—বি. নাপিত ॥ [<কাম (<কামান বাং)+আনি প্র.]।

কামানির্ কাটি=[বা]—বি. ছাতার শিক ॥ কাম্ না করলে তর্ মাথাত্ কামানির্ কাটি ভাংমু। [<দেখ কামানি২+র (সম্বন্ধে)+কাঠি]।

কামানো=[ঢা]—ক্রি. নির্মাণ করা ॥ কাঠুয়ায় পানশি কামায়। [<কাম <কর্ম সং (নামধাতু)+আনো প্র.]।

কামান্ কাজান্=[রং]—বি. ক্ষৌর-কর্ম ॥ কামান্ কাজান্ শারি আহেক্। [দেখ কামানো+কাজ+আন প্র. ; সহশব্দ]।

কামান্নি=[চট্ট]—বি. স্ত্রী কর্মকার ॥ [<কামার+নি প্র.]।

কামারৈ=[সি]—বি. কর্মকার ॥ [কামার+ই প্র.]।

কামালি=[রং]—বি. কর্মী ॥ তুই বড়ো কামালি বাহে। [কাম+আলি প্র. ; দেখ কামিলা]।

কামালিয়ত্=[ম]—বি. পূর্ণতা, চরম সার্থকতা ॥ [<কমালিয়ত্ كمالیت আং]।

কামাল্=[রং]—বিণ. ঠিক, সত্য, খাঁটি ॥ তোর্ বুদ্ধিটা কামাল্। [< কমাল كمال আং]।

কামিষ্=[সি]—বি. সার্ট ॥ [কমীস قمیص আং]।

কামিনি=[বা]—বি. একটি ধানের নাম ॥

কামিলা=[পা]—বিণ. অতিশয় কর্ম-ক্ষম ॥ চাকর্টি বেশ্ কামিলা। [কাম (<কর্ম)+ইল+আ প্র.]।

২ =[কুম]—বি. পাগ বিশেষ ॥ কামি-লার্ আঠা। [দেখ কামিলা]।

কামিলিয়াত্=[সি]—বি. [illegible] ॥ কামিলিয়াত্ হাশিল্ ঐগে। [দেখ কামালিয়ত্]।

কামিল্কার্=[পা]—বিণ. কর্মী, মবামী, মুন্শী ॥ কামিল্কার্ লোকের্ হাতের্ কামের্ সিরিষ্ট আলাদা। [কাম+ইল+কার ‌کار ফা.]।

কামিল্লা=[পা]—বিণ. কাজের, কর্মী ॥ হে খুব্ কামিল্লা মানুশ্। [দেখ কামিলা]।

কামুড়্=[পা]—বি. <কামড় ॥ হাপে কামুড্ দিসে।

কামুর্=[কুম]—বি. কাটা ॥ তারে হাপে কামুর্ দিসে। [<কামড়]।

২ =[কুম]—বি. আমাশয় রোগ ॥ [<কামড় ; পেট কামড়ায় যাহাতে ; অর্থ প্র.]।

৩ =[পা]—বি. গালি বিশেষ ॥ কামুর্ না দিলে ঠিক্ অয়্ না। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৪ =[পা]—বি. যৌন লিপ্সা ॥ হাংলা মানুশির্ কামুর্ বেশি। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কামুলা=[ম]—বি. মজুর ॥ কয়ডা কামুলা লাগাও। [দেখ কামিলা]।

কামেইল্=[দি]—বি. চাকর ॥ এখন

কামেইলের্ বড় অভাব্। [দেখ কামিলা]।

কামে কাইযে=[কুম]—ক্রি. বিণ. কাজে কর্মে ।। সেরাডা কামে কাইযে বালা দেহা যায়্। [<কামে কাযে= কাজে কর্মে]।

কামের্ দৈ=[পা]—বি. পণ্ড, কাজ নষ্ট ।। তুমিত কামেরদৈ কর্‌স ; [<কাম+-এর বিভক্তি (সম্বন্ধে)+ দই<দধি ; অর্থ প্র.]।

কামেলা=[ম]—বি. মজুর ।। চ'াইর্‌ডা কামেলা ডাক্। [দেখ কামিলা]।

কামৈ=[কু]—বি. চিরুণি ।। যশো-রের্ কামৈই ভালা। [দেখ কাওই]।

কামৈর্=[কুম, চট, নো]—বি. গরুর মুখবন্ধ।। গরুর্ মুহে৷ কামৈর্ দিস্‌নি ? [দেখ কাপারি]।

কামোর্=[চা]—বি আমাশয় ।। পেডে কামোর্ ঐসে। [দেখ কামুর্]।

২ =[রা]—বি. উত্তেজনা ।। [দেখ কামুর্]।

কাম্=[বা, চা]—বি. বিবাহের সম্বন্ধ।। মাইয়াটার্ বিয়ার্ কাম্ আইসে। [কাম<কর্ম সং, অর্থ প্র.]।

২=[পা]—বি. দ্বিতীয় বিবাহ। [পূর্বে দেখ]।

৩=[চা]—বি. প্রয়োজন, দরকার।। থাক, হের্ যাওনের্ কাম্ নাই। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাম্ করন্যা=[চট]—বি. চাকর ।। [কাম+করণ+ইয়া প্র.]।

কাম্ করা=[চা]—ক্রি. ঠিক করা ।। আমার্ সাতিডার্ কাম্ কৈরা দেও। [অর্থ প্র.]।

কাম্ কুম্=[সি]—বি. কাজকর্ম। [কাম+কুম অনু:]।

কাম্ চে'ারা বা কাম্ চু'রা=[পা, ম, সি]—বিণ. অলস ।। তোর্ মত কাম্‌চু'রা লোক্ আর্ নাই। [কাম চুরি করে যে]।

কামটংগি=[চা]—বি. পুকুরের উপর গ্রীষ্মাবাসের জন্য বড়লোকদের তৈরী ঘর ।। [<কাম+টঙ্গ (<তুঙ্গ সং) +ই প্র.]।

কাম্ টা=[চা]—বি. কাক তাড়াইবার বাঁশের তৈরী ধনুক বিশেষ।।[<কামটা ম. বাং<কাম্ঠু প্রাং<কার্মুক সং+টা প্র.]।

কাম্ ডা=[চা, চট, বা]—বি. বাঁশের তৈরী ছোট ধনুক ।।[<দেখ কাম্‌টা]।

কাম্ ডেংগা=[সি]—বি. <কামরাঙা।।

কাম্ ড়াকাট্=[খু]—বি. মূল্যবান কাঠ বিশেষ।।

কাম্ ড়ি=[পা]—বি. খড়ো ঘরের চালার সংযোগস্থলে দেওয়া বাঁধন ।। বোশেখ মাশ্ আইচে', বালা কর্‌যা গরো কাম্‌ড়ি লাগাও। [কামড়+ইপ্র.= যাহা কামড় দিয়া রাখে]।

কাম্ নাই কাম্ রাংগা=[সি]— বি. কাজ নাই অথচ কিছু কাজ করার ভাব ।। ই কাম্‌নাই কাম্‌রাংগা কর-বায়্‌নি। [কাম +নাই+ কামরাংগা (=ফল বিশেষ) তুচ্ছার্থে]।

কাম্ পড়া=[রং]—বিণ. যে কাজ নষ্ট করে।। তুই এক্ কাম্‌পড়া লোক্। [কাম+পড়া ; কাজের ক্ষমতা যাহার পড়িয়া গিয়াছে]।

কাম্ পাওয়া=[রং]—ক্রি. অপাত্রে যাওয়া, নষ্ট হওয়া ।। তুই একেবারে কাম্ পাল্। [দেখ কাম্ পাওয়া +বিপরী তার্থে]।

কাম্ ফাটা=[রং]—বিণ. অকেজো, অপারগ ।। তোর্ মত কাম্‌ফাটা লোক অনেক্ দেখিছু। [কাম+ফাটা ; অর্থ প্র.]।

কাম্ বাড়ি=[রা]—বি. মৃত আত্মীয়ের মঙ্গলের জন্য ভোজ ।। আজ্‌কে আমার্ মায়ের্ কাম্‌বাড়ি। [কাম(<কর্ম সং) +বার (অর্থ প্র.)+ই প্র.]।

কাম্ বায়ে=[খু]—বিণ. নাছোড়বান্দা ।। লোক্‌টা বড় কাম্‌বায়ে।

কাম্ মান্=[চট]—বি. কাজটি ।। কাম্‌মান্ গরি ফেল্। [<কাম+খান <খানা]।

কাম্ মুয়া=[চট]—বিণ. কাজের ।। ইতে যেঅন্ তেঅন্ কাম্‌মুয়া গাউর্ ন। [<কাম+উয়া প্র.]।

কাম্ রাংগা=[খু]—বি.এক প্রকার ধান।

২=[নো]—বি. গলার হারের নাম।।

কাম্ রাগা=[কুম]—বি. <কামরাংগা ফল ।। কাম্‌রাগা যবর্ চু'কা।

কাম্ রা গোডা=[চট]—বি. কাম-রাঙা ।। [কামরা<কামরাঙা+গোটা <গুটি<গুটিকা]।

কাম্ রি=[চা,কুম,সি]—বি. আমাশয়।। হের্ পেডে কাম্‌রি কর্‌সে। [দেখ+ কামুর্১+ই প্র.]।

২=[সি]—বি. কুস্তি ।। কাম্‌রি লাগি যাও না। [<কামড়+ই প্র.]।

৩ =[ব,রা]—বিণ. কৃপণ ।। লোক্‌টা বড় কাম্‌রি। [<কামড়+ই প্র. ; অর্থ প্র.]।

৪=[পা]—বি. ঘরের চালের প্রান্তের ভিতরের অংশ ।। কামরি বান্‌দা থাক্‌লে ঝড়ে গর্ বাংতে পারে না। [দেখ কাম্‌ড়ি]।

কাম্ লা=[রা, কুম, চা]—বি. দিন মজুর, যাহারা ঘর তৈরী ও মেরামত করে ।। [দেখ কামিলা]।

কাম্ লাই=[কুম, নো]—বি. যাহারা জলে দাঁড়াইয়া ধান কাটে ।। [দেখ কাম্‌লা+আই প্র.]।

কাম্ লা চে'চ'ানো=[পা]—ক্রি. দিন মজুর হিসাবে কাজ করা ।। মিয়া বাড়ি কাম্‌লা চে'চ'ালাম।

কাম্ শারা=[রং]—বিণ. নিঃশেষ, খতম ।। তোর্ একেবারে কাম্‌শারা বায়্। [কাম+সারা=কর্মসারা]।

কাম্ শিন্ দুর্=[রা]—বি.রূপসজ্জার উপকরণ বিশেষ ।। [<কাম+সিন্দুর]।

কাম্ সি=[নো]—বি. ঘরের চালের বাহিরের অংশ ।। [দেখ কান্‌চি']।

কায়ন্=[নো]—বি. <কাহন ।। তুমি কয় কায়ন্ গুপারি আন্‌স ?

কায়া=[সি]—বিণ. দুর্বল, ক্ষীণ ।। [<কায়+আ ; অর্থ প্র.]।

২ =[রং]—বি. মাড়োয়ারী ।। [দেখ কাইয়া]।

৩ =[চট্ট]—বি. সাম্পানের তলদেশের তক্তার ছাউনী ।।

কায়া লাগি=[সি]—ক্রি.বিণ. আড়ষ্ট হইয়া ।। লোক্টা শিতে কায়া লাগি গ্যাসে ।

কায়ালি=[খু]—বি. কোমর ।। [দেখ কাঁকাল+ই প্র.]।

কায়েত্=[কুম]—বিণ. নায়েব ।। যমির্ শেখ যবর্ কায়েত্ লোক্। [দেখ কাত্৪]।

২ =[কুম]—বিণ. সুদক্ষ, নিপুণ ।। বর কায়েত্ মানুশ্। [দেখ কাত্৪]।

কায়েন্=[রা]—বি. বিধবা বিবাহ ।।

কায়েম্=[সি]—বি. নীলবর্ণের পাখি বিশেষ ।।

কায়েলি=[পা]—বিণ. রোগী, দুর্বল ।। বুড়া কায়েলিডার্ কেউই নাই। [< কাহিল کاهل আং+ই প্র.]।

কায়েল্=[চট্ট]—বি. সমর্থক ।। [< কা'ইল قائل আং]।

২ =[কুম, সি]—বি. ওজনকারী ।। এই দোকানে বালা কায়েল্ নাই। [< কয়াল্ کیال আং]।

কায়েশ্=[চা]—বি. অনুমান ।। কায়েশ্ কৈরা ক কাপরডার্ দাম্ কত? [<কিয়াস قیاس আং]।

কায়্যা=[পা]—বি. মাড়োয়ারী ।। [দেখ কাইয়া]।

কায়ো=[রং]—সর্ব.<কেহ ।।

কায়্=[রং]—সর্ব.<কে ।। কায়্ যাবুরে?

২=[পা]—ক্রি. বিণ. কোথায় ।। আমি এখন্ কায়্ যাবু। [<কোআয়<কোথায়]।

কায়্ড়া=[খু]—বি,<কাঁকড়া ।।

কায়্তাং=[চট্ট]—বি. করাতি, মাটিয়াল দলের সর্দার ।। করাতির্ পাওনা কায়তাং-এর হাতেত্ দিয়ব্।

কায়্দা=[রা]—বি. কাস্তে, ধারালো ছুরি ।। [দেখ কাতা৪]।

২=[ম]—বি. আরবী বর্ণমালা পরিচয় ।। তার্ পোলায় কায়দা পরে। [<কা'ইদ: قاعدة আং]।

কায়্দা কালাম্=[পা]—বি. আইন কানুন, উপায়, কৌশল, চতুরতা ।। তুমি এর্ কায়্দাকালাম্ যান না। [দেখ কায়্দা২ +কলাম كلام আং]।

কায়্না=[কু, খু]—বিণ. অপরিপুষ্ট ।। বিশ্টির্ অভাবে ধান্ শব্ কায়্না হয়েসে। [দেখ কায়ন্+আ প্র. =কাউন]।

কায়্য়া=[পা]—বি. কাক ।। কায়্য়া কা কা করে। [<কওয়া হিং]।

কায়্রা=[খু]—বি. এক প্রকার গাছ ।।

কারন্=[ম]—বিণ. কৃপণ ।। এমন কারন্ আর্ নাই। [<কারূন قارون আং, হয্রত মুসা (আ) এবং মিসররাজ ফেরাওনের সময়ের প্রসিদ্ধ ধনী ও কৃপণ; অর্থ প্র.]।

কারর্=[খু]—বিণ. নীচ, হীন ।।

কারল্=[চট্ট]—বি. বাছুর ।।

কারা=[ম, চা]—বি. তিন ইঞ্চি লম্বা পোকা বিশেষ ।। [<কীড়া <কীট সং]।

২ =[ম]—বি. পাটের কাছি ।। চ'ংগর্ লগে কারা নাই, মৈ যুব্বা কি দিয়া।

৩=[ম]—বি. বহু পদবিশিষ্ট লম্বা পোকা বিশেষ ।। [দেখ কারা=শত পদী]।

৪ =[কুম]—বি. জলাজমিতে ধানের চারা রোপণের পর জল শুকাইয়া যাওয়ার অবস্থা ।। [<খরা=অনাবৃষ্টি, রৌদ্র-তাপ]।

৫=[ম,চা]—বি. কোন বস্তু লটকাইয়া রাখিবার আংটা বিশেষ ।। [<কড়া]।

৬=[ম]—বি. দড়ি ।। কারা দিয়া গাইডা বান্।

৭=[পা]—বি. ঘোষণা, বিজ্ঞপ্তি ।। আইব্ ওয়ায়ের্ কারা দিসে। [<কড়া (<কটাহ সং)=বাদ্যযন্ত্র বিশেষ: অর্থ প্র.]।

৮=[খু]—বি. পুরুষাঙ্গ ।।

৯=[পা]—বি, ভাতের দলা ।।

১০=[সি]—বি. খাল কাটিয়া পুকুর বা বিলের জল নিষ্কাশনের ব্যবস্থা ।। [<কাড়া]।

কারাইয়া লওয়া=[চা]—বি. পুঙ্খানুপুঙ্খরূপে হিসাব করিয়া লওয়া ।। আমি যা পাই এক্কেরে কারাইয়া লমু। [<কারা (<কাঁড়া)+ইয়া+লওয়া; অর্থ প্র.]।

কারাইলা=[পা]—বি. বর্ষাকালে ধান ক্ষেতের মাছ ।। বাতাশ্ থাকলে কারাইলা দেখা যায়্ না।

কারাইল্=[ম, রং, ফ, পা]—বি. খড় নাড়িবার বক্র আগাবিশিষ্ট বাঁশের দণ্ড ।। [দেখ কাড়াইল্]।

২ =[সি]—বি. সুপারী কাটার চাকু ।। [দেখ কাটাইল্]।

কারাউ=[রং]—অব্য. চিবানোর শব্দ ।। কারাউ কারাউ করি খাছি। [ধ্বন্যা.]।

কারাকারি=[চা]—বি. হুড়াহুড়ি, টানাটানি ।। এত কারাকারি করস্ কেন্? [<কাড়াকাড়ি]।

কারাকিদ্দি=[কু]—বি. কারসাজি ।। তোমাদের্ কারাকিদদি বুঝা দায়্। [<কার (<কার্য সং)+কিত্তি<কীর্তি সং; তুং কারখানা]।

কারাকুরা=[সি]—বিণ. পরিষ্কৃত ।। [<কাঁড়া+কুঁড়া]।

কারানি=[চা]—বি. রাঙানি, ঠার ।। তোমার্ চো'খ্ কারানিরে ডরাই না।

কারানো=[বা, ফ]—ক্রি. চাউল পরিষ্কার ।। বালকৈরা কারাও। [<কাড়ানো]।

২=[চা]—ক্রি, শুনা, খেয়ালে আসা ।। তর্ কেরকেরিয়ে আর্ কানে কারায়্ না।

৩=[চা]—ক্রি. কাঠিতে সুতা ভরা ।।

৪=[কুম]—ক্রি. প্রথম ব্যবহার করা ।। [<কাড়ানো]।

৫=[সি]—ক্রি. জমিতে এক চাষ দেওয়া ।। বদিডা কারাইশ্যে কি?

কারান্=[কুম, নো]—বি. অবসর ।। [দেখ কাড়ান্ দেওয়া]।

কারান্দা=[চা]—বি. করমচা ফল ।। [করৌন্দা হিং<করম সং]।

কারাগদুর্=[চা]—বিণ. পুরু, মোটা ।।

মাসুটা অনেক্ কারাপুর্। [কাঁড় (< কাণ্ড সং] + আ প্র. + পুর (<পূর্ণ)]।

কারার্=[সি]—বি. কাণ্ডারীর কার্য্য, নৌকার দিশা ঠিক করণ॥ [দেখ কাড়াল্]।

কারালি=[কুম,]=বি. নৌকার হাল এদিক সেদিক ঘুরাইবার হাতল॥ কারালি ঠিক্ কৈরা না দর্লে নাও ঠিক্ চ'লে না। [দেখ কাড়াল্+ই প্র.]।

২=[ম]—বি. কাণ্ডারী, মাঝি॥ [পূর্বে দেখ]।

কারাল্=[ম, ঢা]—বি. কাণ্ডার, হাল॥ তুফানে শক্ত কৈরা কারাল্ দের। [দেখ কাড়াল্]।

কারি=[ম]—বি. (কোরানের) পাঠক॥ কারি শাহেবের পরাড়া বর ভুনদর্। [<কারী قاری আং=পাঠক]।

২=[বা]—বি. ঢেঁকির গর্ত॥

৩=[দি]—বি. তেজ॥ ওর্ কারি দেখি লোক্ তাজ্জুব্ লাগি গেলো। [দেখ কারি১২]।

৪=[খু]—বি. কাঁকরোল॥ [< কাকড়ি+রোল কর্কট হিং]।

৫=[সি]—বিণ. ভিসেবী॥ কারির্ বেড়া এবা অবিচারি করে কণ্ডনি? [<কারী کاری ফা.]।

৬=[কুম]—বি. বাঁশের তৈরী পাত্র বিশেষ॥ [<কাড়(<কাণ্ড সং)+ই প্র.]।

৭=[সি]—বি. কারিগর (বিশেষ করিয়া ঢাকা মেরামতকারী)॥ এবা যাতে কারি। [দেখ কারি৫]।

৮=[ফ]—বি. ধান রাখিবার গোলা বিশেষ॥ কারি ইন্দুরে কাটি হালইসে। [দেখ কারি ৬]।

৯=[দি]—বি. বৈঠার ডাঁট॥ কারিডা বাইংগা গেসে। [দেখ কা[illegible]]।

১০=[কুম, সি]—বি. স্তূপ॥ ছ্যার কারি বাইংগা পর্সে। [দেখ কারি৬]।

১১=[ম, ঢা]—বিণ. ফলদায়ক, কার্যকরী॥ ওষুদ্টা বর কারি। [< কারী کاری ফা.]।

১২=[পা, কু]—বিণ. সাংঘাতিক॥ সে কারি আঘাত্ পেয়েসে। [দেখ কারী১১]।

১৩=[সি]—বি. স্তর॥ [দেখ কারি৬; অর্থ প্র.]।

কারি করা=[সি]—ক্রি. ক্রিয়া করা॥ অশুদ্ কারি কর্ল না। [দেখ কারি১১+করা]।

কারিকুরি=[দা]—বি. গোপন পরামর্শ॥ এত কারিকুরি কৈরাও ইলেক্শনে ফেইল্ কর্লো। [<কারিগরি <কারীগরী کاریگری ফা.]।

কারিকুরি পিডা=[ঢা]—বি. বিশেষ রকমের পিঠা॥ [দেখ কারিকুরি+পিঠা (<পিষ্টক)]।

কারিন্দা=[দা]—বি. শুদ্ধ লেহান, স্বর॥ বৈয়ায় খুব্ কারিন্দা কৈরা কোরান্ পরে। [<কারিনদহ্ کارنده ফা.=পরিশ্রমী; অর্থ প্র.]।

কারিন্দে=[ম]—বিণ. যোগ্য, উপযুক্ত॥ তিনি একজন্ কারিন্দে লোক্। [দেখ কারিন্দা]।

কারি পক্কর্=[কুম]—বি. ঠগ॥ কারিপক্করে আমার্ টাকা লৈয়া গেসেগা। [দেখ কারি১১+ফক্কড়; তুং ফক্কিকা সং]।

কারিয়া=[বা]—বি. নিতম্বাংশ॥

২=[সি]—বি. মাছ আবদ্ধ রাখিবার স্থান বা উপকরণ॥ কারিয়ায় বর মাছ্ আসে। [দেখ কারি৬+আ প্র.]।

কারিয়ায়্=[ম]—ক্রি. বিণ. অনেক, বহু॥ বিলিফের্ চা'উল কি কারিয়ায় পাইবা। [দেখ কারি১০; অর্থ প্র.]।

কারি হয়ে লাগা=[পা]—ক্রি. জোরের সহিত লাগা, স্থায়ী হইয়া লাগা॥ [দেখ কারি১১+হইয়া লাগা]।

কারু=[ম]—বিণ. কৃপণ॥ লোক্টা বর কারু। [দেখ কারন্]।

কারুইল্লা=[ঢা]—বিণ. কৃপণ॥ কারুইল্লার্ মাল্ বক্কিলে খায়। [দেখ কারন্+ইয়া প্র; ন=ল]।

কারুকুটি=[রা]—বি. হাঙ্গামা, কূট কৌশল॥ এডা তুরি কারুকুটি। [দেখ কারিকুরি; অর্থ প্র.]।

কারুনের্ খাযানা=[ম, ঢা]—বি. কৃপণের মাল॥ কারুনের্ খাযানা বোঝ্ কর্তে পার্বে না। [দেখ কারুন্+এর (সম্বন্ধে)+খযানহ্ خزانه ফাং= ভাণ্ডার]।

কারুন্=[সি, কুম]—বিণ. বখিল, কৃপণ॥ কারুনের্ ধন্ চো'র্ ডাকাইতে খায়। [দেখ কারুন্]।

কারু বারু=[পা]—বি. অনুরোধ॥ একটু কারুবারু কর্লেই উনি দেবেন্। [অনু.]।

২=[দা]—ক্রি. বিণ. অতিরিক্ত আয়ের জন্য পরিশ্রম ও নানা কলা কৌশলের অবতারণা॥ সেন বহুত্ কাক বাক কৈরা চা'লসে। [পূর্বে দেখ]।

কারু বিরু=[ম]—বি. নানা বার চেষ্টা, কষ্ট॥ কারুবিরু করে সংসার্ চা'লাই। [অনু.]।

কারু মারু=[বা]—বি. তাড়াতাড়ি॥ [কর+মার=ধরমার পাছাড়]।

২=[ম]—বি. অনুরোধ॥ আমি কারুমারু কর্সি। [দেখ কারুবারু]।

কারুয়া=[বা]—বি. কচ্ছপ॥ অনেক্ হিন্দু কারুয়া খায়। [<কাটুয়া (< কমঠ সং)]।

২=[ম]—বি. কারুকার্যশোভিত চাঁদোয়া॥ ওয়াযের মফিলে কারুয়া টাংগাইসে। [কারু (<কারুকার্য) +উয়া প্র.]।

কারুয়ামি=[সি]—বি দর কষাকষি॥ বালা মাইনশে কারুয়ামি করে না।

কারুল্=[চট্]—বি. বাছুর হয় নাই এইরূপ গাভী

কারুল্ডেম্মা=[চট্]—বি. দামড়ি বাছুর, স্ত্রী বাছুর॥

কারে=[ফ]—বি. মাটির পাত্র॥ এক কারে দুদ্। [কাঁড় (<কাণ্ড সং)+ এ<ইয়া প্র. =ভাঁড়]।

২=[খু]—বি. ঢেঁকিতে ভানার সময়

ধান রাখিবার জন্য বিশেষ ধরণের মাটির পাত্র ॥ [পূর্বে দেখ]।

কারোআল্=[রং]—বি. কাণ্ডার, তাবুর পর্দা ॥ কারোআল্ ছিড়্যা গেইচে।

কারোন্=[পা]—বিণ. কৃপণ ॥ [দেখ কারন্]।

কার্=[কুম, ফ]—বি. চালের নীচের পাটাতন ॥ কারের্ থাইক্যা উকুমের্ টিন্ডা নামাও।

২=[ম]—বি. বজ্র ॥ আশ্মানর্ কার্ বাইংগা পর্সে। [<কহর قهر আং= অভিশাপ ; অর্থ প্র.]।

৩=[রং, দি]—বি. ইঁদুর ধরার কাঠের তৈযারী যন্ত্র ॥

৪=[ম]—বি. গুড় ॥ কার্ কত কৈরা শের্ ?

৫=চট্ট]—বি. কাজ ॥ এখন্ আমার্ কোন কার্ নাই। [কার کار ফা.]।

৬=[পা]—বি. বেহারা, পাল্কী-বাহক ॥ আমাদের্ দেশে কারে পাল্কি বয়্। [<কাহার ; কহার হিং]।

কার্কিত্=[খু]—বি. চাষাবাদ, ফসল ফলান ॥ যমিতে কারকিত্ করা হয়েসে। [দেখ কার৫+কিত (কৃত) ; সহশব্দ]।

কার্কোল্=[বা]—বি. শশাজাতীয় ফল ॥

কার্জি করা=[রা, বং]—বি. নেকা করা ॥ শে দিতিম্ কার্জি করেছে রে। [কার্য+ই প্র.+করা ; অর্থ প্র.]।

কার্ডেত্শ্যা=[রা]—বিণ. অপক্ব ॥ কার্ডেত্শ্যা আম্ড়াটা কেমন্ করে কিন্লু ?

কার্তন্=[কুম]—ক্রি. বিণ. কাহার নিকট হইতে ॥ তুই কার্তন্ টিয়া আন্সত্ ? [তন=হইতে]।

কার্তি=[চা]—বিণ. বিক্রয় ॥ মাল্ খুব্ কার্তি কিন্তুক্ আম্দানি কম্। [কাটতি<কাট (<কর্তন)+তি প্র. ; ট=র]।

কার্তিক্শালি=[ম, খু]—বি. এক প্রকার ধান ॥ [কাতিক শালি]।

কারতিক হাইল্=[চা]—বি. সাদা ও লম্বা আমন ধান বিশেষ ॥ [দেখ কার্তিক্ শালি]।

কার্তি খাইল্=[চা]—বি. সরু ধান বিশেষ ॥ [দেখ কার্তিক্শালি]।

কার্তুন্=[কুম, সি]—ক্রি. বিণ. কার কাছে ॥ কর্তুন্ মাইয়ার্ বিয়া দিবা ? [দেখ কার্তন্]।

কার্তুশ্= [সি] — বি. কার্টিজ ॥ [<cartouche ফ্রেঞ্চ]।

কার্তে=[চা]—ক্রি. বিণ. কাহার কাছে ॥ চ'বিড়া কার্তে আসে ? [কার্<কাহার+তে<ঠাঁই]।

কার্তো=[কুম]—অস. ক্রি. কাটিতে ॥ চে'য়া কার্তো বুলি গেচি'ল্। [কাটতো <কাটিত ; ট<র]।

কার্দরা করা=[চা]—ক্রি. পাল্লার' ফের ভাঙা ॥ পাল্লাডা কার্দরা কৈরা ল। [কাঠ+ধরা করা=কাঠের টুকরা বা অন্যকিছুর সাহায্যে পাল্লার ভারসাম্য রক্ষা করা]।

কার্দানি=[চা]—বি. দক্ষতা ॥ আর্ কত কার্দানি দেহাবি বেডা ? [<কারদানী کاردانی ফা.]।

কার্নিশ্=[চা]—বি. ঘুড়ির একদিক হাল্কা কিংবা ভারী করার ব্যবস্থা ॥ গুড্ডির্ কার্নিশ্ লাগ্বে।

কার্ফল্=[কুম]—বি. এক প্রকার তরকারী।

কার্বান্=[ম]—সর্ব. কাহার ॥ তুমি কার্বান্ শাথে কথা কও ? [<কার <কাহার+বা+ন]।

কার্বার্=[চা]—বি. অপকর্ম ॥ লোক্টার্ কার্বার্ দেখ্সনি ? [< কার র বার کاروبار ফা. >উর্দু কারুবার]।

কার্বালা=[ম]—বি. নির্জলাভূমি ॥ এক্ ফোডা পানি পাই না, এইডা কোন্ কার্বালায় আইলাম্। [করবলা کربلا আং ; ইতিহাস প্রসিদ্ধ যুদ্ধ প্রান্তর ; অর্থ প্র. (মূল শব্দ করব র বলা' کرب و بلا আং=দুঃখ ও বিপদ—এর স. রূ.)]।

কার্শি=[কুম, চা, ফ]—বি. আড়া, ঘরের চালের নীচের আড়াআড়ি বাঁশ ॥ [দেখ কার্ <+বাঁশ+ই প্র.]।

কার্বাশ্=[চট্ট]—বি. সিদ্ধ করণ ॥

কার্যা=[চট্ট]—বি. ডোল, ধান রাখার পাত্র বিশেষ ॥ [দেখ কারি৮+গা]।

২=[কুম]—বি. কর্মী ॥ [কার্য+আ প্র.]।

কার্যা করা=[কুম]—ক্রি. ঝগড়া-করা ॥ [দেখ কাজা]।

কার্রা খাওয়া=[পা]—ক্রি. অত্যধিক চুলকান ॥ [কুড়িয়া খাওয়া ; অর্থ প্র.]।

কার্শো=[খু]—ক্রি. বিণ. কোনও ॥ কার্শো কালে শেখানে যাইও না।

কার্হা=[বা,ফ]—বি. <কাঁকড়া ॥ গাংগে কার্হা উঝাইসে।

কালকচু'=[চা]—বি. আমন ধান বিশেষ (গভীর পানিতে জন্মে এবং রং কাল) ॥

কালগৈরা=[পা]—বি. এক প্রকার ধান ॥

কালছাল=[বং]—বি. চালের পুরাতন জীর্ণ খড় ॥ [কাল+ছন]।

কালঘাম্=[পা]—বি. এক প্রকার আউশ ধান ॥

কালট্=[ফ]—বিণ. কাল ॥ কালট্ শুতা কোমরে বান্ [কাল+ট প্র.]।

কালপাত্=[পা]—বি. আমন ধান বিশেষ ॥ খেতে কালপাত্ ধান্ বুনসি।

কাল বক্রি=[পা]—বি. আউশ ধান বিশেষ ॥

কাল বিশারি=[খু]—বি. কালামেঘ, গাছ বিশেষ ॥ কাল বিশারির্ পাতা খুব্ তিতা।

কালব্=[চট্ট]—বি. পাখি বিশেষ ॥

কাল মানিক্=[পা]—বি. এক প্রকার ধান।

কালা=[ম]—বি. শক্রতার ভাব ॥ মনের্ বৈদ্যে কালা রাইক্কো না। [কাল+আ প্র.=মালিন্য ; অর্থ প্র.]।

২=[চট্ট]—বিণ. ছিদ্র, কানা কল্‌-শিটা [illegible] এ গেসে। [দেখ [illegible]]।

৩=[[illegible]]—বি. খুঁটা ॥ ঘ[illegible] [illegible] দিয়া ঠিকা দাও।

৪=[[illegible]]—বি. অক্রতার ভা[illegible] ॥ শব্ কথা জেনে আবা[illegible] কালা ব[illegible] কেন্? [<কালা<কল্প সং(=বধির); অর্থ প্র.]।

কালা আন্‌ষি=[ম]—বিণ. অঞ্জনের মত কাল, খুব অন্ধকার ॥ কালা আন্‌ষি রাইতে একলা কৈ যাও? [<কালা +অঞ্জ(<অঞ্জন সং) +ই প্র.]।

কালা আমন্=[ঢা]—বি. কাল আমন ধান বিশেষ ॥

কালা আলন্=[চট্ট]—বি. প্রায় দ্বিপ্রহর ॥

কালাআশা=[ম]—বিণ. কালোপানা ॥ মাইয়াডা দেখতে কালাআশা। [কাল +আশা সদৃশার্থে প্র.]।

কালাই=[ম, ঢা, কুম]—বি. রাঙ তামা ইত্যাদির দ্বারা পাত্রের উপর প্রলেপ ॥ [<কল'ঈ قلعى আং]।

কালাইয়ে=[খু]—অস. ক্রি. ঠাণ্ডা হইয়া ॥ রোগি কালাইয়ে গেসে। [< কালা<কাল=হিম+ইয়ে<ইয়া প্র.]।

কালাকার্‌তিক=[য, খু]—বি. কাল-রংএর ধান বিশেষ ॥

কালাকুরা=[ঢা]—বি. একটি ধানের নাম ॥

কালাকেইস্‌সা=[কুম,নো]—বি. এক প্রকার লতা গাছ ॥ [< কালকেশে <কাল কাশিয়া]।

কালা কেশৈর্‌তা=[ম]—বি. কালো রংএর ঘাস বিশেষ ॥

কালাগরা=[কুম]—বি. একটি ধানের নাম ॥

কালা গাবের্ কাইল্=[কুম]—বিণ. কালো এবং মোটা ॥ [কালা+গাব (ফল বিশেষ)+এর (সম্বন্ধে)+গাইল (উদুখল); অর্থ প্র.]।

কালাগোরা=[ঢা]—বি. শুঙাওয়ালা আমন ধান বিশেষ ॥

কালা [illegible]চি'কা=[সি]—বিণ. [illegible] মিশে কাল ॥ পুরাডা কালা চি'ক্‌চিকা। [চিক্‌চিকা অনু.]।

কালাঠিয়া=[ব°]—বিণ. কাল ॥ কালাঠিয়া [illegible] টাবু বরণ কত?

কালা[illegible]=[illegible]—ক্রি. কালিমা পড়া ॥ [illegible] আসিতে আছিতে তার মুখ কালা [illegible]। [কাল+মন্দ+হওয়া]।

কালা দহুত্‌রা=[[illegible]]—বি. এক প্রকার ওর্‌দি ॥ কালাদুত্‌রার গোড়া অনেক কামে লাগে। [কাল ধুতুরা]।

কালাধলা=[দি]—বি. উত্তম অধম ॥ মানুশটার কালাধলা বাচ্‌বিচার নাই। [<কাল+আ প্র.+ধল(ধবল সং) +আ; অর্থ প্র.]।

কালানি=[য, বা]—বিণ. দরদী ॥ 'কালানি বঁধুয়ারে, কৈ গেলে পাব তোমারে'-মুরশিদী গান। [<কালা (=কৃষ্ণ) +নি প্র.]।

কালান্যা=[ম]—বিণ. কালীন,সময়ের ॥ এইডা আমার দাদার কালান্যা গর্। [<কাল+আন+ইয়া প্র.]।

কালানো=[খু]—ক্রি. অতিরিক্ত ঠাণ্ডা হওয়া ॥ সাওয়ালডা শিতে কালায়ে গেইসে। [কাল(=শীতল)+আনো প্র.]।

২=[রা]—ক্রি. দাঁত বাহির করিয়া হাসা ॥ বেশি কালালে দাঁত্ ভাংগে দিমু। [দেখ কেলানো]।

কালান্‌ষি বালা=[সি]—ক্রি, বিণ. অতি ভোরে ॥ কালান্‌ষি বালা উঠ্‌সি। [দেখ কালা আন্‌ষি+বেলা]।

কালান্‌তে=[দি]—ক্রি. বিণ. কালে, যুগে ॥ আমার বাপ্‌দাদার কালান্‌তে জিনিশ মাংগা ছিলু। [<কাল+আন +তে (বিভক্তি)]।

কালাপাইক্যা=[চট্ট]—বি. আমন ধান বিশেষ ॥

কালাপাহাড়্=[রা]—বি. আম বিশেষ॥

কালাপ্=[ম]—বি. কুমন্ত্রণা ॥ কালাপ্ দিয়া সেইলাডারে নষ্ট কর্যো না। [< কু+আলাপ]।

২=[ফ]—বি. কলাই করা ॥ আমাগো পাতিল্‌ডা কালাপ্ করন্ লাগ্‌বো। [< কলপ<কেলফ كلف উর্দু<আং; অর্থ প্র. কিংবা কলাই শব্দের ভ্রষ্ট উচ্চারণ]।

কালাবাইশ্=[ফ]—বি. নাল্দাইল মাছ ॥ কালাবাইশ্ বানলেও গোন্দো যায় না।

কালাবাখাল্=[ফ]—বি. এক প্রকার ধান

কালা বোরা=[দি]—বি. কালো রংএর বোরো ধান বিশেষ ॥ কালাবোরার্ বাত্ বেশি বালা না।

কালা মন্=[কুম]—বি. এক প্রকার আমন ধান ॥

কালা মাদারি=[ফ]—বি এক প্রকার ধান ॥

কালা মানিক্=[ঢা]—বি. কাল আউশ ধান বিশেষ ॥

২=[ম]—বিণ. রূপে না হইলেও গুণে যে শ্রেষ্ঠ ॥ [<কাল+মানিক (মাণিক্য সং); অর্থ প্র.]।

কালা মিয়া=[সি]—বি. বড় ভাই (ভাইদের মধ্যে যে কাল রংএর তাহাকে সাধারণতঃ কালামিয়া ডাকা হয়) ॥ (কালা+মিয়াঁ میاں উর্দু, হিং]।

কালা মিশ্‌মিস্‌সা=[কুম,]—বিণ. খুব কাল ॥ সাগিটা কালা মিশ্‌মিস্‌সা। [কালা মিশমিশা (>মিশমিশে)]।

কালা মোনা=[ঢা]—বি. একপ্রকার আউশ ধান ॥ কালামোনো দান্ দেখ্‌তে কালা।

কালাম্=[রা]—বি. যুগ ॥ ইযে এ কালামের্ কথা নয়। [<কাল+আন প্র.]।

কালাযর্=[পা]—বি. ঘাসবিশেষ ॥ যমিতে কালাযর্ ঐলে ফশল্ অয় না।

কালা যিরা=[পা]—বি. কালাজিরা ॥

কালাসিয়া=[সি]—বিণ. খুব কাল ॥ চে'হারাটা কালাসিয়া ঐগেসে। [< কালা+সিয়াহ্ [illegible] কা[illegible]=কাল; সহশব্দ]।

কালা সিরাই=[ম]—বিণ, কালির মত

কাল ॥ তার্ চে'হারাডা কালাসিয়াই ঐয়া গেসে। [<কালা+সিয়াহী سیاهی ফা. =কালি]।

কালা হয়্=[পা]—বি. কালজিরা ॥ হাটের্ খোনে কালাহয়্ আনা লাগ্‌বো। [কাল শজ=কালজিরা]।

কালি=[কুম, য, খু]—বি. পেঁয়াজের ফুল বা পাতা ॥ কালি তর্‌কারিতে দেওয়া যায়্। [<কলি]।

২=[চট্ট]—বি. মুষলের মুখে ব্যবহৃত লৌহবলয় ॥

৩=[সি]—বি. আন্দাজ, ধারণা ॥ তোমার্ কালি ঠিক্ ঐল্ না। [<কালি (<কল সং)=সংকলন; তুং বিষাকালি, কাঠাকালি]।

৪=[সি]—বি. কাশি ॥ কালি ঐ গেসেনি?

কালি কদম্=[ফ]—বি. ঘাস বিশেষ ॥ [<কেলি কদম্ব]।

কালি কদ্‌মি=[ঢা]—বি. একপ্রকার গাছ ॥ কালি কদ্‌মির্ লতা গরুএ খুব্ খায়্। [দেখ কালিকদম্]।

কালিকশ্‌রে্=[ফ]—বি. একপ্রকার ঔষধের গাছ ॥

কালি কুড়া=[ঢা, সি]—বি. পুরাতন ছন ॥ কালিকুড়াগুলি তুপ্ কর্। [কাল+ই প্র.+কুটা]।

কালিকুশ্‌রা =[ঢা]—বি. এক প্রকার বনজ ওষধি ॥

কালিকেশর্‌তা=[ম]—বি. গাঢ় কাল রঙের ঘাস বিশেষ ॥ তার্ মুখটা এক্‌বারে কালিকেশর্‌তার্ মতন্ ঐসে।

কালিকোশা=[রা, রং, দি]—বি. ব্লটিং পেপার ॥ [কালি+শোষা<শোষক]।

কালি খেলা=[খু, ব]—বি. এক হাত লম্বা লাঠি দ্বারা ছেলেদের খেলা বিশেষ ॥

কালিগনি=[চট্ট]—বি. কাল বাউশ মাছ ॥

কালি গন্‌জা=[নো]—বি. এক প্রকার ধান ॥

কালিগ্‌নি=[কুম]—বি. মাছের নাম বিশেষ ॥

কালিগেন্যা=[চট্ট]—বি. কাল বাউশ মাছ ॥

কালিজিরা=[রা]—বি. ধানের নাম ॥

কালিদাম্‌না=[কুম]—বি. বনজ বৃক্ষ বিশেষ ॥ কালিদাম্‌না অশৈদের্ কামে লাগে।

কালিন্=[ম]—বি. গালিচা ॥ ফরাশের্ উপর্ কালিন্ বিসাও। [<কালীন قالین তু.]।

কালিন্‌চি'=[বা]—বিণ. পুরাতন ॥ কালিন্‌চি' খরের্ সাউনি বেশি টিকে না। [<কাল+চি প্র.; দেখ কালিকুড়া]।

কালিন্‌চে'=[খু]—বি. ধানের নাম ॥

কালিন্‌ষা=[কুম,—বি. ভোর রাত্র ॥ [দেখ কালাআন্‌ষি; অর্থ প্র.]।

কালিন্‌ষি বাল্‌লা=[সি]—বি. উষাকাল ॥ [দেখ কালাআনষি বালা]।

কালি বাংগা=[ঢা]—ক্রি. তামাকের ফুল ভাংগা ॥ [<কলি+ভাংগা]।

কালিবুয়ো=[খু]—বি. কলিজা ॥ পাঁঠার্ কালিবুয়ো খুব্ শাদ্। [<কাল+ই প্র.+বুক+উ প্র.]।

কালিবোরো=[ম]—বি. বোরো ধান বিশেষ ॥

কালি মর্‌ম্য=[ম]—বি. ঘাস বিশেষ ॥

কালিয়্=[ঢা]—বি. এক প্রকার পাখী ॥

কালি যওয়া=[ঢা]—বি. এক প্রকার বাঁশ ॥ কালি যওয়া বাশে বালা চ'টা উঠে।

কালি যিরা=[ঢা.ফ]—বি. এক প্রকার সরু আউশ ধান ॥

কালিয়া=[ম]—বি. স্নেহের পাত্র, প্রেমিক ॥ 'নিদাগেতে দাগ্ লাগাইলি শোনা বন্‌ধু কালিয়'। [<কাল+ইয়া প্র.=কৃষ্ণ; অর্থ প্র.]।

কালিয়ারা=[সি]—বি. কালবাউশ মাছ ॥

কালিয়ারি=[ম]—বি. ঈষৎ আলো ॥ কালিয়ারি দেহা যায়্, রাইত্ বুঝি পোআইলে। [<কালি+আরি প্র., অর্থ প্র.]।

কালির্‌পাড়া=[ঢা]—বিণ. অসহায়, যাহার মৃত্যু যখন তখন হইতে পারে ॥ তর্ মতন্ কালির্ পাড়ার্ কোন্ ওকাৎ নাই। [কালী (দেবী বিশেষ)+র (সম্বন্ধে)+পাঁঠা=কালির মন্দিরে বলির জন্য প্রদত্ত পাঁঠা; অর্থ প্র.]।

কালিশ্‌শি=[খু]—বিণ. কালবর্ণ, নীলবর্ণ, মলিন ॥ মুখ্‌টা কালিশুশি কর্‌লে কেন্? [দেখ কালাআশা]।

কালিহাইট্‌টা=[কুম ক, [illegible]]—বি. কাল ধান বিশেষ ॥ (কাল+ই+আঁটিয়া]।

কালি হাইন্‌যালা=[কুম]—ক্রি. বিণ. ভোর রাত্রে ॥ কালিহাইন্‌যালা বাত্ খাইয়া রওনা ঐসি। [দেখ কালা-আন্‌যি বালা]।

কালিহাইন্‌যুন্‌না=[নো]— বি. সন্ধ্যা ॥ কালি হাইনযুন্‌নার শময় বৌ'খির্ বাইর্ ঐতে নাই। [দেখ কালি হান্‌যা]।

কালি হান্‌যা=[সি]—বিণ. ঘোর সন্ধ্যাকাল ॥ [<কাল+ই+সানজা (< সন্ধ্যা সং)]।

কালি হান্‌যি=[ম]—বি.ভোর রাত্রের অন্ধকার ॥ কালি হান্‌যিত্ একলা কৈ যাও? [দেখ কালি হান্‌যা]।

কালু=[ব]—বিণ. হীন (তুচ্ছার্থে) ॥

কালুকা=[ম]—বি. কল্য, কাল ॥ কালুকা বিয়ানে বাইত্ যাইবাম্। [< কাল (কল্য)+কা (বিভক্তি)]।

কালুয়া=[সি]—বিণ. কালা, বধির ॥ কালুয়া বেটা কানে কিস্সু হুনে না। [<কালা+উয়া প্র.]।

২=[ম]—বি. পুজা বিশেষ ॥

কালুল্‌লাহ্=[ম]—বি. মধ্যাহ্ন ভোজনের পর সামান্য গড়াগড়ি ॥ একটু কালুল্‌লাহ্ শাস্তের পক্‌খে বালা। [কয়লুল: قیلولہ আং]।

কালে কাটা=[কুম]—ক্রি. বিষাক্ত সর্পে দংশন করা, মৃত্যু অবধারিত হওয়া ॥ [কাল (যম)+এ]।

কালে খতি করা=[পা]—ক্রি. বৃথা

হয়রান করা ॥ আমারে কালে খতি করে মার্লি। [<কাল(সময়)+ক্ষতি +করা ; অর্থ প্র.]।

কালে খাওয়া=[ঢা]—ক্রি.সমূলে বিনাশ করা ॥ তোমারে কালে খাইসে, এই রোগ্ আর্ শারব না। [<কাল(যম)+এ(বিভক্তি)+খাওয়া ; অর্থ প্র.]।

কালেন্=[খু]—বিণ. দীর্ঘ সময় পর সন্তান প্রসবকারিণী ॥ [<কাল (সময়)+এন]।

২=[খু]—বিণ. পুরাতন ॥ [পূর্বে দেখ]।

কালে বাতে=[সি]—ক্রি. বিণ. ঠিক সময়ে ॥ [<কাল (সময়)+এ (বিভক্তি)+বাত+এ (বিভক্তি)]।

কালেব্=[ম]—বি. কাঠামো ॥ টুপিডা কালেবে লাগাইয়া মাব্ দিতে ঐবো। [<কালিব قالب আঃ]।

কালেভাড়্=[খু]—বিণ. বেহায়া ॥ কালেভাড় সেলেটার্ কথা আর্ কৈস্ না। [<কাল+এ প্র.+ভাঁড় (<ভণ্ড সং)]।

কালেম্=[কম ম]—বি. বিলচর কাল পাখি বিশেষ ॥

কালের্ গর্=[ঢা]—বি.উন্নতির পথ, বাঁচিবার আশা ॥ তোমাব্ কালের্ গর্ খাইয়া থুইসে। [<কাল+এর বিভক্তি +ঘর ; অর্থ প্র.]।

কালেশ্টর্=[চট্ট]—বি.কালেক্টার ॥ কালেশ্টর্ শাবের্ কোডত্ যাইয়ম্। [<Collector ইং]।

কালে হয়রান্=[পা]—ক্রি.বিণ.শাস্তি-দায়ক ॥ [কাল+এ+হয়রান حيران আঃ]।

কালৈয়া দোরা=[ফ]—বি. বৃহদাকার ঢোঁড়া সাপ ॥ কালৈয়া দোরা খুব মোডা অয়। [কাল + ইয়া প্র. +ঢোঁড়া (ডুণ্ডুভ সং)]।

কালোক্=[ঢা]—বি. চামচ ॥ কালোক্ দিয়া সালন্ বারে।

কালোট্=[বা]—বিণ. কালো ॥ [দেখ কালট্]।

কালোয়া=[রা]—বি. এক প্রকার আম ॥ কালোয়া আমের্ শাদ্ আছে।

২=[সি]—বি. মেঘ ॥ [কাল+উয়া প্র. ; অর্থপ্র.]।

কালো শালিনা=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

কালোশির্ গাড়িয়া=[ব]—বি. কাল রঙের আউশ ধান বিশেষ ॥

কালোরা=[ফ]—বি. আমন ধান বিশেষ ॥

কাল্=[পা]—বি. মাছ মারার যন্ত্র ॥ কাল্ সিড়্যা মাস্ মুটে গেল্।

২=[পা]—বি. অগ্রভাগ ॥ কর্নির্ কাল্ বিন্দা গেসিল্।

৩=[চট্ট]—বিণ. দুঃখপূর্ণ, দারুণ ॥ [=যম ; অর্থ প্র.]।

৪=[ম,ফ]—বি. শীত, ঠাণ্ডা ॥

৫=[বা]—বিণ. বোবা ॥ কালের্ মতন্ চাইয়া রৈছ কেনে? [<কালা অর্থ প্র.]।

কাল্ আইত্=[ম]—বি. বাসর রাত্রি ॥ আইয় বরকনের কাল্ আইত্। [<কাল+রাইত<রাত্রি]।

কাল্কচা=[য]—বিণ. কুৎসিত ॥ এই কাল্কচা'র্ শংগে দেবো আমার্ মেয়ের্ বিয়ে? [<কাল+কুঁচ(বিচি বিশেষ)+আ প্র.]।

কাল্কা=[কুন]—বি. কাল ॥ আমি কাল্কা বাড়িত্ যামু। [<কাল+কা (বিভক্তি)]।

কাল্কাওয়া=[রা]—বিণ. বোকা ॥ ছেলেটা একদম্ কাল্কা'ওয়া। [< কাল+খাওয়া ; অর্থ প্র.]।

কাল্কাটু=[দি]—বিণ. অলস ॥ তোর্ বেটা কাল্কাটুর্ হদ্দ। [< কাল+কাট্+উ প্র. ; অর্থ প্র. ; অর্থ যে কাল কাটায়]।

কালাকিনি=[ঢা]—বি. এক প্রকার মাছ ॥ কাল্কিনি মাস্ গন্দ করে।

কাল্কিন্নি=[ম]—বি. ছোট বাউশ্ মাছ ॥

কাল্কিল্ করা=[ঢা,কুম]—ক্রি. হৈ চৈ করা, বিরক্ত করা ॥ পোলাপানে কাল্কিল্ কৈরা আমারে খাইয়া ফালাইল্। [অনু.]।

কাল্কুইটা=[ম]—বিণ. হিংসুক ॥ বেটা বারি কাল্কুইটা। [<কাল+কূট+ইয়া প্র.]।

কাল্কেউর্সা=[কুম]—বি. গাছ বিশেষ ॥ কাল্কেউর্সা গাস্ সেইস্সা চুলে দ্যাও।

কাল্গাই=[রা,র]—ক্রি.বিণ.এক্ষুণি ॥ কাল্গাই আশ্মুনি। [<কাল+কা +ই (নিশ্চয়ার্থে) ; অর্থ প্র.]।

কাল্গুম্=[সি]—বি. গাঢ় নিদ্রা ॥ বেটিরে কাল্গুমে পাইল্। [<কাল (যম)+ঘুম]।

কাল্চাহি=[ঢা]—বি. ঘাস মারার উদ্দেশ্যে জমিতে যে চাষ দেওয়া হয় ॥ কাল্চা'হি না কব্লে যমিন্ শাফ্ অয়্ না। [<কাল+চাষ+ই প্র.]।

কাল্ছুনি মাছ্=[বং]—বি. মাছ বিশেষ ॥ কাল্ছুনি মাছের্ আইশ্ নাই।

কাল্টা=[রা]—বিণ. কাটা ॥ কাল্টা প্যাল্লায় কি হবে?

কাল্টামি=[রং]—বি. প্রবঞ্চনা ॥ মানুশের্ শাথে কাল্টামি করা ভাল্ নোয়ায়্। [দেখ কাল্টামি]।

কাল্টি=[ম]—বি. নিশীথ রাত্রি ॥

কাল্ফিন্=[বা]—বি. নীল ॥ কাল-ফিন্ রংএর শাড়ি।

কাল্বাচ্চা=[রা]—বি. জনপ্রাণী ॥ একটা কাল্বাচ্চাও নাই। [কাল< বাল (শিশু)+বাচ্চা(<বৎস সং)]।

কাল্বিনি=[ঢা]—বি. আমন ধান বিশেষ ॥

কাল্বুত্=[স]—বি. মূর্তি ॥ [< কালবুত্ کالبوت ফা.]।

কাল্বেশারি=[খু]—বি. তিক্ত পত্র বিশিষ্ট আগাছা ॥

কাল্মা=ঢা,খু]—বিণ. অতি শীতল, অত্যাধিক ঠাণ্ডা ॥ আউযুগা কি কাল্মা বাতাশ্ বৈতাসে। [দেখ কাল্, + মাপ্র.]।

কাল্‌ঝিনা=[ঢা]—বি. এক প্রকার ঘাস ॥ কাল্‌ঝিনা ঐলে খেতে দান্ অয় না।

কালমন্যা=[পা]—বি. আগাছা বিশেষ ॥

কাল্‌ঘর্=[ম]—বি. কালকূট বিষ ॥ কৌটাত্ কাল্‌ঘর্ আসে। [কাল+ঘর <যহর زهر ফা.]।

কাল্‌যাইর্‌গ্যা=[কুম]—বিণ. দুষ্ট ॥ হোলাড়া কাল্‌যাইর্‌গ্যা ঐয়া গেসে। [কাল+জাগরিয়া=বয়সে পাকা]।

কাল্‌রাতি=[পা]—বি. বিয়ের প্রথম রাত্রি ॥ [দেখ কাল্ আইত্]।

কাল্‌লা=[ঢা, কুম]—বি. মাছ বিশেষ (চিতলের মত কিন্তু ছোট) ॥ [দেখ কান্‌লা]।

২=[পা]—বি. কাল রঙের মেঘ ॥ [দেখ কালোয়া]।

৩=[দি]—বি. গলা ॥ তেরিমেরি কারিনু তে কাল্‌লা কাটি নিম্। [< কল্লা<কল্লহ کله ফা.]।

৪=[কুম]—বিণ. কালো ॥ কাল্‌লা বৌ বিয়া কর্‌বি ? [<কাল+আ প্র.]।

কাল্‌লাটে=[পা]—বিণ. ঝগড়াটে ॥ মেয়েটি বড় কাল্‌লাটে। [কলুল< কলহ সং+টে প্র.; অর্থ প্র.]।

কাল্‌লাট্=[কুম]—বিণ. ঝগড়া প্রিয় ॥ তোর মত কাল্‌লাট্ মানুশ্ আর্ দেহি নাই। [দেখ কাল্‌লাটে]।

কাল্‌লা ঝিরা=[কুম]—বি. কাল-জিরা ॥ কাল্‌লা ঝিরার্ বর্‌তা দিয়া বাত্ খাইলে বুকে দুদ্ নামে। [দেখ কালিঝিরা]।

কল্‌লা রাই=[রা]—বি. একটি ধানের নাম ॥

কাল্‌লি=[রং]—বি ঝুল কালি ॥ ঘরের কাল্‌লিগুলা ঝাড়্। [<কালি ; অর্থ প্র.]।

২=[রং]—বি. কোঁচের লোহা ॥ কোচার্ কাল্‌লিগুলা চক্‌চকা।

কাল্‌লিয়ে=[খু]—বিণ. ঘোর কালো, গালি বিশেষ ॥ [<কালনেমি]।

কাল্‌লয়া=[ম]—বি. হালকা মেঘ ॥ [দেখ কালোয়া]।

কাল্‌লে=[চট্ট]—সর্ব. কাহার ॥ বৈ আন্ কাল্‌লে ? [<কার<কাহার +রে]।

কাল্‌শান্‌জি=[রং]—বি. অতি প্রত্যুষ ॥ অয় আস্ কাল্‌শান্‌জিত্ উঠ্‌ছে। [দেখ কালি হান্‌ঝি]।

কাল্‌শাপ্=[সি]—বি. শত্রু, দুশমন ॥ [কালসাপ ; অর্থ প্র.]।

কাল্‌শি=[ফ, ঢা]—বি. অলংকার বিশেষ(কনুইতে যাহা ঝুলিয়া থাকে) ॥ [কনুই+শি প্র.]।

কাল্‌শির্=[খু]—বি. কাল শিরা ॥ মার্ খাইয়া কাল্‌শির্ ঐ গেসে। [<কাল শিরার ন্যায় ; অর্থ প্র.]।

কাল্‌সিয়া=[কুম]—বিণ.বেশী কাল ॥ যায়্‌গুলি পাইক্যা কাল্‌সিয়া ঐ রৈসে। [দেখ কালাসিয়া]।

কাল্‌সোনা=[খু]—বি. ঘরে ব্যবহৃত পুরাতন জীর্ণ ছন ॥ [<কাল+ছন +আ]।

কাল্‌হা=[পা]—বি. মাছের শ্রেণী বিশেষ ॥

কাল্‌হি=[রং]—বি. ডাল, কলাই ॥ কাল্‌হির্ ডাল্, খেতে ভাল। [<কলাই <কলায় সং]।

কাল্‌হ্যা=[পা]—বি. কাল ॥ কাল্‌হ্যা তোমার্ ওহানে যাব। [দেখ কাল্‌কা]।

কাশন্=[ফ,ম]—বি. এক প্রকার তরল রস ॥ উ কায্ কর্‌তে গেলে তার্ কাশন্ বেরোয় ॥ [<কষ+আন প্র.]।

২=[কুম]—বি. চামচ ॥ [<কাঁস (<কাংস্য সং)+ন ; অর্থ প্র.]।

৩=[পা]—বি. মেয়েলী গান বিশেষ॥ বিয়াতে মেয়েরা কাশন্ গায়্।

৪=[ফ]—বি. কাঁচা আম ও সরিষা বাটা চাটনি ॥ মাংশের শাথে কাশন্ খাইতে মন্দ না। [<কাশন<কাশন্দি (<কাশমর্দ সং)]।

কাশন্‌দা=[ম]—বি. সরিষার তৈরী আচার বিশেষ ॥ [দেখ কাশন্‌৪]।

কাশন্‌দি=[রা]—বি. আমের আচার ॥ [দেখ কাশন্‌৪]।

কাশর্=[ব]—বিণ. পেটুক, কর্ম-হীন ॥

কাশা=[ব,পা,দি]—বি. হাঁড়ি পাতিলের ঢাকনি, সরা ॥ [<কাঁসা (<কাংস্য সং) ; অর্থ প্র.]।

২=[কুম]—বি. সর্‌পোষ ॥ [পূর্বে দেখ]।

৩=[পা]—বি. মাটির বাসন ॥ কাশায় ভাত্ খাব। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাশারি=[কুম]—বি. কাঁসার জিনিস বিক্রেতা ॥ [<কাঁসা(<কাংস্য)+ আরি প্র.]।

কাশিদোম্=[কু]—বিণ. আঁটসাঁট ॥ চুড়িতো আমার্ হাতে কাশিদোম্ হয়েসে।

কাশিয়া বাড়ি=[রং]—বি. কাশবন ॥ কাশিয়া বাড়িত্ ছাগল্‌ডা বাঁধি আয়্। [<কাশ+ইয়া প্র.+বাড়ী]।

কাশিয়াবান্=[ব]—বি. আউশ ধান্য বিশেষ ॥

কাশিলা=[দি]—বিণ. রোগী, দুর্বল ॥ কাশিলা লোক্‌টা ফেলি কৈ যাও ? [< কাশি (<কাশ সং)+লা প্র. ; অর্থ প্র.]।

কাশ্‌কোর্ করা=[সি]—ক্রি. নৌকা ইত্যাদি মেরামত করা ॥

কাশ্‌কে=[ম]—বি. চামচ ॥ এক কাশুক্ অশুদ্, দুই কাশুক্ পানি। [দেখ কাশন্‌২]।

কাশ্‌ড়া=[রা,দি]—বিণ. খুব কাশে যে ॥ কাশুড়া যত্‌দিন্ আছে, তত্‌দিন্ চোরের্ ভয় নাই। [কাশ+উড়া প্র.]।

কাশ্‌য়া=[দি]—বি. কাশখড় ॥ এই ঘর্‌টা কাশুয়া খেড়ের্ ছাওয়া। [<কাশ উয়া প্র.]।

কাশ্‌য়াবাড়ি=[দি]—বি. কাশবন ॥ [দেখ কাশিয়া বাড়ি ; কাশ+উয়া প্র.]।

কাশ্‌লা=[রং]—বিণ. যে কাশে, কাশের রোগী ॥ [<কাশ+উলা প্র. অথবা রালা দিং]।

কাশ্যা=[ম]—বিণ. খিটখিটে, রাগচটা ॥ [<কাশ+ইয়া প্র. ; অর্থ প্র.]।

২=[দি,বা]—বিণ. খুব কাশে যে ॥ কাশ্যা থাক্‌তে চোরের্ ভয় কি ?

কাশ্যা পান্‌জা=[রা]—বি. একটি ধানের নাম ॥

কাশোক্=[চা]—বি. চামচ ॥ [দেখ

কাশোর্=[খু]—বি. থালা বিশেষ ॥ কাশোরে ভাত্ আসে ? [<কাস(<কাংস্য সং)+র প্র.]।

কাশ্ কাশ্=[ম]—ক্রি. বিণ. টুকরা টুকরা ॥ শশাটা কাইট্টা কাশ্ কাশ্ কৈরা দ্যাও। [অনু.]।

কাশ্‌কুটা=[দি,রা]—বিণ. কচি, যাহা খাইতে কষ্ট লাগে ॥ কাশ্‌কুটা আম্-শবরি। [<কষায়+কটা<কড়া]।

কাশ্‌ট=[খু]—বিণ. তিক্ত, বিস্বাদ যুক্ত ॥ আম্‌ড়া কাশ্‌টি কাশ্‌ট লাগ্‌সে। [<কষ(<কষায় সং)+ট প্র.]।

কাশ্‌টহারা=[চা]—বিণ. রোগা, অত্যাধিক স্বাস্থ্য খারাপ ॥ তুই দেহি এক্‌কেলে কাশ্‌টহারা ঐয়া গেসত্‌বে। [<কাষ্ঠ+সারা]।

কাশ্‌টা=[পা]—বি. শুকনা পাটের আঁশ ॥ কাশ্‌টা কামে লাগে। [<কোষ্টা।

২=[ব, রা]—বিণ. কচি ॥ কাশ্‌টা পেয়ারা। [<কষ(কষায়)+টা]।

কাশ্‌টা কাশ্‌টা=[চা, রং]—বিণ. কষায়, স্বাদহীন ॥ কাচা রামটা কাশ্‌টা কাশ্‌টা নাগ্‌ছে (রং)। [দেখ কাশ্‌টা ; আধিক্যার্থে দ্বিত্ব]।

২=[চা]—বিণ. আছড়ান বা পেষণের ফলে শাক শব্জির বিবর্ণ অবস্থা ॥ হাগ্‌গুলি এক্‌কেলে কাশ্‌টা কাশ্‌টা ঐয়া গেসে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাশ্‌টা কাশ্‌টি=[চা]—বি. রেষা-রেষি ॥ এক্‌খানে থাইক্‌কা এত কাশ্‌টা কাশ্‌টি করন্ বালা না। [দেখ কাশ্‌টা কাশ্‌টা+ই প্র. ; অর্থ প্র.]।

কাশ্‌টি=[চা]—বি. গরুর রক্ত পিপাসু পোকা বিশেষ ॥ গরুডারে কাশ্‌টিয়ে দল্‌সে।

২=[খ]—বিণ. কগ্ন, যাহার হাড়গোড় ছাড়া কিছুই নাই ॥ কাশ্‌টি গরু। [কাষ্ঠ+ই প্র. ; অর্থ প্র.]।

কাশ্‌টিটন্ পাট্=[ম]—বি. তোষা পাট ॥ কাশ্‌টিটন্ পাটের্ মদ্দে লাল্ থাতে বালা।

কাশ্‌ট্যা=[রা]—বি. কাচা ॥ ক্যাশ্‌ট্যা কুল। [দেখ কাশ্‌টা+ইয়া প্র.]।

কাশ্‌টো=[খু]—বিণ. টক ॥ কাশ্‌টো আম্‌ড়া। [দেখ কাশ্‌ট]।

২=[খু]—বিণ. অপদার্থ ॥ একেবারে কাশ্‌টো সেলে এক্‌টা। [<কাষ্ঠ ; অর্থ প্র.]।

কাশ্‌ঠেংগি=[সি]—বি. শুঁয়া, কাঁটা ॥ দানের্ কাশ্‌ঠেংগি রৈসে।

কাশ্‌পোটা=[য]—বি. কফ, থুথু ॥ [<কাশ+পোঁটা]

কাশ্‌বি=[কুম]—বি. গণিকা, বেশ্যা ॥ [<কসবী کسبی আং=উপার্জন সম্বন্ধীয় ; অর্থ প্র. ; অর্থে ফা. বা উর্দু]।

কাশ্‌লা=[ব,বা]—বিণ. রোগী, স্বাস্থ্য-হীন ॥ [দেখ কাশুলা]।

কাশ্ লাগা=[খু]—ক্রি কাশি আসা ॥ [<কাশি+লাগা]।

কাসর্=[কুম]—বি. গোয়াল ঘরের ময়লা ॥ [দেখ কাচ'র্]।

কাসা=[কুম, ম, বা, পা]—বি. কাছা, ন্যাংটি ॥ কাসা দিয়া কাম্ কর্। [কাছা<কাচ্ছা প্রাং.<কক্ষা সং]।

২=[সি, চা, কুম]—বি. কিনারা ॥ গাঙের্ কাসা দিয়া চৈ'ল না। [<কাছ<কচ্ছ প্রা.<কক্ষ সং]।

৩=[কুম, নো]—বি. পাড় ॥ কাসাড়া লাল্। [পূর্বে দেখ]।

কাসাইর্ গর্=[ক]—বিণ. বাংলো ঘর, বৈঠকখানা, দহলিজ ॥ [<কাছারি ঘর ; তুং কচ্‌হরী হিং ; অর্থ প্র]।

কাসাটি=[বা]—বি. মশা মাছি, পোকা মাকড়।

কাসাড়া=[চট]—বিণ. অপরিষ্কার। কাসাড়া রাস্তা। [দেখ কাচ'র্+আ প্র.]।

কাসা দেওয়া=[ম]—ক্রি কোঁচা দেওয়া, পরিধানের কাপড় আটসাট করিয়া উরুর উপর পর্যন্ত জড়াইয়া পড়া ॥ [<কাছা<কোঁচা+দেওয়া]।

২=[চা]—ক্রি. কোন কাজ করিতে মনোভাব দৃঢ় করা ॥ তুমি শক্‌ত কৈরা কাসা দিসনি। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কাসানো=[চা, ফ]—ক্রি. একত্র করা ॥ মাডিগুলি কাসাইয়া থো। [<কাছ (নাম ধাতু+আনো প্র.]।

২=[চা]—ক্রি. নিকটে আসা, নিকট-বর্তী হওয়া ॥ যাওনের তারিখ্ কাসাইসে। [<কাছ+(নাম ধাতু) আনো প্র.]।

৩=[খু]—ক্রি. গোছানো ॥ শে কাপড় কাসাইসে। [দেখ কাসানো]

কাসার্=[কুম, চা, ম]—বি. খাড়া পাড় ॥ [<কাছাড় (<কচ্ছ সং)+প্র. ; তুং কাছার হিং]।

২=[ম]—বি. কাপড় ধুইবার জন্য আছাড় ॥ বেশি জোরে কাসার্ দিলে কাপর্ ফাইট্‌টা যাইব। [<আছাড়]।

৩=[সি]—বি. পাহাড়তলী ॥ কাসার্ যাম্ ॥ [দেখ কাসার্ ; অর্থ প্র.]।

কাসালি=[নো]—বি. অভাব ॥ দেশে আবার্ কাসালি আইসে। [<কসালা کسالا উর্দু=কষ্ট]।

কাসি=[চা]—বিণ.<কচি, ছোট ॥ কাসি বাস্থুর্‌ডায়্ গাইয়ের্ দুদ্ খাইয়া লাইসে।

কাসিচে'রা=[কুম]—বি. পাখী বিশেষ ॥ [কাঁচি চোরা]।

কাসিয়াল্=[বা]—বি. বড় নৌকায় ব্যবহৃত দড়ি বিশেষ। [<কাঁছি+আল প্র.]।

কাসি বাস্থুর্=[চা]—বি. <কচি বাছুর ॥ কাসি বাস্থুরে গাইয়ের্ দুদ্ খাইয়া লাইলে।

কান্দ=[ম]—বি.<কোঁচা, কাছা ॥

কুসুতি করলে কাস্যু বৈরা লও।

কাস্ম্=[কুম]—বি. কচ্ছপ ॥ কাস্মুর্ খায়্। [<কাছিম]।

কাস্টা মারা=[কুম]—ক্রি. কোঁচা দেওয়া, কোমরে কাপড় বাঁধা ॥ কাসুডা মাইরা কাম্ কর্। [দেখ কাসু+টা <কাছুট (<কচ্ছ<কক্ষ সং); কছোটি হিং]।

কাসুয়া=[পা]—বিণ. কচি ॥ কাসুয়া সাওয়া। [<কাচা+উয়া প্র.]।

কাসে আশা=[পা]—ক্রি. সহবাস করা ॥ [<কাছে আসা; অর্থ প্র.]।

কাসে বির্তে=[চা]—ক্রি. বিণ. কাছে, নিকটে ॥ সেরাডা কাসে বির্তে নাই। [<কাছে+ভিতরে; বর্ণবিপর্যয়]।

কাসে মাইলে=[ম]—ক্রি. বিণ. কাছে, নিকটে ॥ কাছে মাইলে থাইক্যা তো দেখলি না ॥ [কাছে+মেলে]।

কাসের্ সুরিতে কোস্ কাটা=[ম]—ক্রি. আপন লোকের শত্রুতা করা ॥ [<কাছের ছুরিতে কোঁচ কাটা; অর্থ প্র.]।

কাস্যা=[ফ]—বি.<কচ্ছপ ॥

কাসোডা=[কুম]—বি. মালকোঁচা ॥ কাপর্ কাসোডা কৈরা খেলা। [দেখ কাস্যুটা মারা]।

কাস্=[ম]—বি. চুড়ি ॥ বৌয়ের আতে কাস্ পিন্দাও। [<কাচ; অর্থ প্র.]।

কাসটিয়া মারা=[কু]—ক্রি. মালকোচা মারা ॥ কসুটিয়া মেরে গাসে উঠ্। [দেখ কাস্যুটা মারা]।

কাস্ত=[ম]—বিণ. দুর্বল ॥ যারে পুলাডারে বর কাস্ত করসে। [কাসুত [illegible] ফা.]।

কাস্তে=[য]—বি. পচানো বর্ষা ॥ কি কাস্তে যে শুরু হয়েসে, কোথাও বেয়রবার্ যো নাই।

কাস্থি=[খু]—বি. কয়েক দিন ব্যাপী বর্ষা ॥

কাস্ বিলে=[য]—ক্রি. বিণ. কাছে, নিকটে ॥ কাস্ বিলে না চা'ইয়া দূরে চা'ইয়া দেহ। [দেখ কাসে মাইলে]।

কাস্মা=[সি]—বি. মাটির, বাঁশ চাল রাখার পাত্র ॥

২=[সি]—বিণ. পেটুক (গালি বিশেষ) ॥ কাসুমা কতবেইক খাবি খাসরে? [<কাছিম; আ প্র.]।

কাস্মাপিঠে=[খু]—বিণ. কুঁজো ॥ কাসমাপিঠে বাসুরা। [<কাছিম+আ প্র.; দেখ কাসমা+পিঠ (পৃষ্ঠ)+এ প্র]।

কাস্মির্খা=[কুম]—বি. তুঁতে ॥ কাসমিরখা দাওয়াইতে লাগে।

কাস্মৈল্কা=[দি]—বি. তুঁতে ॥ পচা গাওতে কাসমৈল্কা দিলে ফুটাব।

কাস্রা=[নো]—বি. আবর্জনা, ময়লা ॥ [দেখ কাচরা+আ]

কাস্লা=[ম]—বি. গামছা ॥ কোমরো কাসলা বান্দইয়া ঠাইশা কাম্ কর্। [<কচ্ছ<কক্ষ সং)+লা প্র.]।

কাস্লি=[সি]—বি. মাটির পাত্র বিশেষ ॥ কাসুলি দিয়া দান্ উনা দেয়।

২=[চট্ট]—বি. গলার হার ॥ মায়া পোলার গলার কাসলি।

৩=[ম]—বিণ. ছোট, বাচ্চা ॥ কাসলি বাস্যুর। [<কাঁচা+লি প্র.]।

কাস্সর্=[ম]—বিণ. সাহসী ॥ তাবার্ হগলেই খুব কাসসর্।

কাস্সি=[ফ]—বি. মুষল ধারে বৃষ্টি ॥ কাসসি বেঁধে গেল্, গরু বাসুরের কি উপায় হবি!

কাহর্=[ম]—বি. <কাপড় ॥

কাহা=[বা]—বি. ভাতের মাল ॥ কাহায় বাতের মার্ গালিও।

২=[কুম]—বি. চাচা ॥ আমার্ সোডু কাহা চা'কুরি করে। [<কাকা]।

৩=[ফ]—ক্রি. বিণ. চাঁছা ॥ [<কাঁকা; দেখ কাঁকানো]।

কাহাইত্=[ক]—বিণ. হিসাবী, মিতব্যয়ী ॥ [<কিফায়ত্ کفایت আ; অর্থ প্র.]।

২=[ক, ব]—বি. দুর্ভিক্ষ, অভাব ॥ [দেখ কাহ্ত]।

কাহাইর্=[ফ]—বি. দুর্ভিক্ষ ॥ কাহাইরে মানুষ্ না খাইয়া মরসে। [<কহর্ قهر আ=পরাক্রম; অর্থ প্র.]।

কাহাইল্=[কুম]—বি. কোমর ॥ তোর্ কাহাইলে বিষ্। [কাঁকাল]।

২=[চা]—বি. উদ্গম ॥ কাহাইলে ধান্ বারে।

কাহাইল্লা মরা=[চা]—ক্রি. জমির মাঝে মাঝে ফসল মরিয়া যাওয়া ॥ [দেখ কাহাইল্+ইয়া প্র.+মরা=কাইল বা গাইলের আকারের স্থান ব্যাপী ধান গাছ মরিয়া যাওয়া]।

কাহা কাহা=[ম]—অব্য. কা কা ॥ [ধ্বন্যা.]।

কাহাটালি=[বা]—বি. ঝগড়া ॥ শর্ শময় কাহাটালি লাগেই আছে। [দেখ কাউতালি]।

কাহাত্=[চা]—বি. দুর্ভিক্ষ ॥ [দেখ কাহ্ত্]।

২=[সি]—ক্রি. বিণ. কত ॥ আর কাহাত্ শয়! [<কাহাঁতক হিং]।

কাহানো=[পা]—ক্রি. চাঁছা, আঁচড়ানো, মোছা ॥ পাইত্লার্ তর্কারি আত্দি কাহাই লও। [দেখ কাহা৩]।

কাহাবরে=[দি]—অব্য. সম্বোধনসূচক শব্দ ॥ কাহাবরে এখন্ তুমি যাইও না।

২=[ম]—বি. পাখী ॥ 'কাহারে চ'রিয়া মিয়া শশুর বারি যায়।' [দেখ কার্; অর্থ প্র.]

কাহালি করা=[পা]—ক্রি. কাঁখে করা, মাজার উপর বসানো ॥ কল্শিডা কাহালি করো। [<কাঁকাল+ই প্র.+করা]।

কাহাল্=[রং]—বিণ. খুব ঠাণ্ডা ॥ সওয়াটার্ গাও কাহাল্ হৈসে। [দেখ কাল্]।

কাহাল্লা=[চা]—বি. গর্ত, নৌকার পালের খুঁটি দাঁড় করাইবার জন্য নির্দিষ্ট স্থান ॥

কাহি=[চা, ক]—বি. পিঠা বা রুটি বানাইবার মণ্ড, কাই, লেই ॥ [দেখ কাই]।

২=[রা]—বি. চালের আটার তৈরী পিঠার মধ্যে দেয় গুড় তিল দিয়া তৈরী হালুয়া ॥ [পূর্বে দেখ]।

৩=[রং]—বি. ময়লা ॥ মনত্ পৈছে কাহি আর অয় ডাক্‌বে আল্লাক। দেখ কাই৪]।

৪=[বা]—বি. মাটির পাতিল ॥ কাহিয়ে কৈর্‌য়া দুদ্ দোহায়্।

৫=[খু, ফ]—বি. কাঁকরোল ॥ গাছে মেলা কাহি হৈসে। [দেখ কাই]।

৬=[কুম]—বি. চাচী ॥ [<কাকী]।

কাহিচাল্=[দি]—বি. গণ্ডগোল ॥ [কু+পেঁচাল বা প্যাঁচাল]।

কাহিন্=[রা, দি]—বি. দ্বিতীয় বিবাহ ॥ শে এক্‌টা কাহিন্ করেছে।

কাহি পড়া=[রং]—ক্রি. কালি পড়া ॥ কাহি পড়ি হুঁকার্ নৈচাটা ভর্‌তি হৈ গেছে। [দেখ কাহি +পড়া]।

কাহিশ্ করা=[রা]—ক্রি. ঝঞ্ঝাট্ সহ্য করা ॥ শংশার্ পাতা মানেই কাহিশ্ করা। [<কাহিশ্ کشش ফা.]।

কাহল্=[য]—বি. ঝগড়া ॥ শামান্য যিনিশ্ লেয়া কাহল্ ক্যান্। [< কোলাহল]।

কাহে=[বা]—বি. চিরুনি ॥ [দেখ কাওই]।

২=[ঢা, ম]—বি. <কাঁখে, পাঁজরে ॥ ছেলেডারে কাহে ল।

কাহেলা=[রং, রা]—বিণ. দুর্বল, বোগা ॥ [দেখ কাইলা]।

কাহেলি=[ম]—বি. অলসতা ॥ কাহেলি দর্‌সে বৈল্‌লা গেলাম্ না। [দেখ কাহিলা+ই প্র.]।

কাহেল্=[ঢা]—বি. চাউল গুঁড়া করিবার জন্য কাঠের তৈরী গোলাকার পাত্র বিশেষ ॥ [দেখ কাহাইল্]।

কাহৈ=[কুম]—বি. চিরুণি ॥ [দেখ কাওই]।

কাহৈর্=[ফ]—বি.<কাঁকুড় ॥ কাঁচা কাহৈর্ খুব মিঠা।

কাহোইর্=[পা]—বি. বাংগি জাতীয় এক প্রকার ফল ॥ বর্‌শাকালে কাহোইর্ পাকে। [দেখ কাহৈর্]।

কাহোন্=[বা]—বি. কঙ্কণ, অলংকার বিশেষ ॥ হাতের্ কাহোন্ বাংগি গেসে। [<কাঁকন<কঙ্কণ]।

কাহোর্=[নো]—বি. কাঁকুড় ॥ কাহোরের্ ফলন্ বালা অয্ নাই। [দেখ কাহৈর্]।

কাহোল্=[বা]—বি. <কাঁঠাল ॥

কি

কিঅ=[সি]—অব্য. কোথায় ॥ তামুক্ কিঅ থুইস ? [দেখ কিঅত্]।

কিঅত্=[সি]—অব্য. কোন স্থানে ॥ টেকা কিঅত্ থুইমু ? [কিঅত<কিসত <কিসেতে]।

কিঅনো=[সি]—অব্য. কোন খানে ॥ কিঅনো যাইতা, সিলট্ ? [<কি হানো <কি হানে=কোন্‌খানে <কোন্ স্থানে]।

কিঅর্=[সি]—অব্য. কিসের ॥ কিঅর্ লাগি যাও ? [<কিয়ের< কিসের]।

কি আর্‌তে=[ঢা]—ক্রি. বিণ. কি করিতে ॥ হেয়্ আহান্ কি আর্‌তে আইসে। [<কি কর্‌তে<করিতে]।

কিআ্যা=[চা]—অব্য. কি হয়েছে গো ॥ [<কিইআ<কিতা<কি আয়া]।

কিইয়ত্=[সি]—অব্য. ক্রি. বিণ., কিসের মধ্যে, কোথায় ॥ কলমটা কিইয়ত্ রাখ্‌সো ? [দেখ কিঅত্]।

কিএরে=[কুম]—ক্রি. বিণ. কি জন্য ॥ কিএরে এই কতা কও ? [<কি করে <কি করিয়া]।

কিএলা=[রং]—অব্য. কি এখন ॥ কিএলা জাই ? [<কি এবেলা< কি এই বেলা]।

কিওরে=[য]—ক্রি. বিণ. কি করিয়া ॥ রহিম্ কিওরে ডাকা গেল্ ? [<কি করে<কি করিয়া]।

কিওর্=[সি]—অব্য. কিসের ॥ আমি তোমার্ কিওর্ কুটুম্ ? [<কি অর <কিসর<কিসের]।

২=[রা]—বি. জমির পরিমাণ বিশেষ ॥ এক্ কিওর্ জমি। [দেখ কিয়ার্]।

কিঁওলা=[ব]—বিণ. অপক্ক, আধ-খেঁচড়া ॥

কিঁল্যা=[রা, য]—বি. কেঁচো ॥ বশ-শায়্ কিঁল্যার্ উত্‌পাত্ এতো। [< কিঞ্চুলক সং]।

কিকে=[রং, রা]—ক্রি. বিণ. কত করিয়া ॥ চাউল্ কিকে বিক্‌রি হছে (রা)। [<কিকই<কি করি<কি করিয়া]।

কিগ=[সি]—সর্ব. কে (তুচ্ছার্থে) ॥ 'কিগু রে দেবতা গয়ো দাদা আমি কলা খাইনা'—প্রবাদ। [<কে গো]

কিগুইন্=[সি]—সর্ব. কাহারা (তুচ্ছার্থে) ॥ [<কি+গুলিন]।

কিগুন্=[সি]—সর্ব. কাহারা (তুচ্ছার্থে) ? [দেখ কিগুইন্]।

কিগুয়াইন্=[সি]—সর্ব. কাহারা (তুচ্ছার্থে) ॥ [দেখ কিগুন্]।

কিচ্‌'ক্=[চা, ব]—বিণ. রসিক ॥ তার্ মতন্ কিচ্‌'ক্ আর্ দেহি না।

২=[রং, সি]—বিণ. খারাপ, অশ্লীল

ভাষী ॥ ই মানুশ্‌টা বড় কিচক্‌ (রং)।

কিচ'ক্‌কামি=[কুম]—বি. হাসিঠাট্টা, কৌতুক ॥ অত কিচ'কুকামি করন্‌ কৈ হিক্‌স?[দেখ কিচক্‌+আমি প্র.]।

কিচ'ড়্‌=[ব]—বি. কাদা, পাঁক ॥ 'কিচ'ড়ে পদ্দফুল্‌'। [<কীচড় হিং <কচচর সং]।

কিচ'র্‌=[কুম, নো]—বিণ. কৃপণ ॥ অত কিচ'র্‌ও মানুশ্‌ অয়্‌। [<কৃচ্ছ্র; অর্থ প্র.]।

২=[ঢা]—বি. ছেলেমি ॥ অত কিচ'র্‌ বালা না। [<ইঁচড়; অর্থ প্র.]।

কিচ'া কিচ'া=[পা]—ক্রি. বিণ. বিস্তৃত ভাবে (নিন্দার্থে) ॥

কিচ'াস্‌=[পা]—বি. প্রতিহিংসা ॥ কিচা'স্‌ মিটাও। [<কিসাস্‌ قصاص আং]।

২=[সি, পা]—বি. হিংসা, রাগ ॥ কিচ'াস্‌ করি কাম্‌ কৈর না। [পূর্বে দেখ]।

কিচে'ড়ে=[য]—বিণ. খুব ময়লা ॥ কিচে'ড়ে যামা পরে কোথায়্‌ যাও? [দেখ কিচ'ড়্‌]।

কিচ্‌'কানো=[খু]—ক্রি. হেয় জ্ঞান করা, তুচ্ছতাচ্ছিল্য করা ॥ রান্‌দার্‌ যে সিরি কিচ্‌'কালে কি হবি। [= খিচ্‌কানো]।

কিচ্‌'কামি=[ম, ঢা]—বি. দুষ্টামি, অশ্লীল আলাপ বা ভাবভঙ্গি ॥ [দেখ কিচ'ক্‌+আমি প্র.]।

কিচ্‌চানো=[রং]—ক্রি. কামানো, নিড়ানো ॥ ধান্‌ খেত্‌টা কিচ্‌চাও। [<কিস্‌সানো<কিষি<কৃষি+আনো প্র.]।

কিচ্‌চাম্‌ করা=[রা]—ক্রি. ঠকানো ॥

কিচ্‌'রানো=[ব]—ক্রি. মুখ খিঁচিয়ে গালি গালাজ করা ॥ সামান্য বিনিশ্‌ নিয়ে তুমি কিচ্‌'রাও কেন্‌? [<খিচ-ড়ানো=খিচানো.]।

কিচ্জুল্‌=[রা ব]—বি. চোখের ময়লা, পিঁচুটি ॥ [<কজল<কাজল <কজ্জল সং]।

কিঞ্চাইয়া যাওয়া=[সি]—ক্রি. মরিয়া বিকট আকৃতি হওয়া ॥

কিজ্‌কিজা=[সি]—বিণ. গিজগিজা ॥ [গিজ্‌ গিজ্‌; অনু.]।

কিটারে ধরা=[খু]—ক্রি. অতিরিক্ত মিষ্টি হেতু গলা ধরা বা খাইতে না পারা ॥ পায়েশে এত মিঠে হৈসে যে গলা কিটারে ধরে, খাওয়া যায়্‌ না।

কিট্‌কিটা=[সি]—বিণ. খিটখিটে, বদরাগী ॥ বুরালোক্‌ বর কিট্‌-কিটা। [=খিট্‌খিটা<খিট্‌খিটে]।

কিট্‌কিটে=[খু]—বি. মলিন ॥ অপরিস্কার, কুশ্রী ॥ মেয়েটা বড় কিট্‌কিটে। [কিট<কিট্ট সং (আধি-ক্যার্থে দ্বিত)+এ প্র.]।

কিডা=[ফ]—সর্ব. কে ॥ আমার্‌ কলম্‌ নিসে কিডারে? [<কে+টা]।

কিড়ে=[য]—বি. পোকা ॥ গরুটার্‌ ঘায়ে কিড়ে পড়্‌সে। [<কীড়া হিং<কীট সং]।

কিড়্যা=[ফ]—বি. কসম, শপথ ॥ কথায়্‌ কথায়্‌ কিড়্যা কৈরো না। [< কিরা=কিরিয়া হিং (<ক্রিয়া সং)]।

কিতক্‌=[পা]—ক্রি. বিণ. কি পর্যন্ত ॥ কিতক্‌ ন্যাহাপড়া কৈর্‌স? [<কি+তক্‌ হিং=কাহাঁতক হিং]।

কি তরি=[পা]—ক্রি. বিণ. কতদূর ॥ আপনেরা কি তরি যাইবেন্‌? [<কি +তলক হিং]।

কিতা=[কুম, নো]—অব্য. কি, কি জন্য ॥ তর্‌কারি সারা কিতা দিয়া খামু? [<কি তাহা]।

২=[পা]—বি. কাঠামো, গড়ন ॥ [<কতা' قطع আং]।

৩=[দি]—বি. জমির নির্দিষ্ট পরি-মাণ, plot ॥ আইজ্‌ কয়্‌টা কিতা হাল্‌ বাহিলু। [<কিত্‌'আ: قطعه আং]।

৪=[বা]—বি. প্রতিজ্ঞা ॥ এত কিতা যে কর, রাখ্‌তে তো এট্‌টাও পার না।

কিতাকিতি=[সি]—বি. আজে বাজে কথা ॥ লোক্‌টা খালি কিতাকিতি কয়্‌।

কিতানি=[নো]—বি. নারিকেলের রশি ॥ [<কাতা+নি প্র.]।

কিতারা=[চট্ট]—অব্য. কি ॥ তুই কিতারা কস্‌ ন বুঝি'? [দেখ কিতা+রা]।

কিতারে বো=[সি]—অব্য. কিহে ॥ কিতারে বো কিলা আস?

কিতারের্‌=[সি]—অব্য. কিহে ॥ কিতারের্‌ কিলা আস?

কিতার্‌=[সি]—অব্য. কিজন্য ॥ কিতার্‌ লাগি আইস? [কি+তরে =জন্য]।

কিতাল্‌=[কুম]—অব্য. কি ॥ তোমার্‌ কিতাল্‌ ঐসে? [<কি+তাল (অতিরিক্ত); কিংবা দেখ কিতার্‌; তার=তাল]।

কিতে=[খু]—বি. বার ॥ তিন কিতে আইসি তবুও পাইলাম্‌ না। [<কিস্তি <কিসত্‌ قسط আং+ই কিংবা কিত্‌'আ: قطعه আং]।

কিতেবাদি=[য]—বি. গোলমাল, ঝামেলা ॥ অত কিতেবাদি করে কে?

কিতেয়্‌ কিতে=[য]—ক্রি. বিণ. বার বার, একাধিকবার ॥ কিতেয়্‌ কিতে দোশ্‌ করলে খেমা করা যায়্‌ না। [<কিস্‌তে কিস্‌তে; দেখ কিতে]।

কিত্‌=[সি]—অব্য. শিং মাছের শব্দ ॥ কিত্‌ করি হিংগিয়ে গালা মার্‌লো। [ধ্বন্যা.]।

কিত্‌কিতি=[সি]—অব্য. শিং মাছের শব্দ বিশেষ ॥ পুকরে হিংগি মাস্‌ কিত্‌ কিতি করের্‌। [দেখ কিত্‌]।

কিত্‌কিত্‌কিত্‌=[সি]—অব্য. কাক তাড়াইবার শব্দ বিশেষ ॥ [ধ্বন্যা.]।

কিত্‌ কিত্‌ দেওয়া=[খু]— ক্রি. কাতুকুতু দেওয়া ॥ কিত্‌কিত্‌ দিস্‌নে। [ধ্বন্যা.]।

কিত্‌তন্‌=[ঢা, ম]—বি. কারবার, কারখানা, রং তামাসা ॥ কি পাগলের্‌ কিত্‌তন্‌! [<কিত্তন<কীর্তন]।

কিত্‌তারিক্‌=[ঢা]—অব্য. কোন সময় পর্যন্ত ॥ কিত্‌তারিক্‌ তুই এহানে থাক্‌বি?

কিত্তা=[ঢা]—বি. সময়, বার ॥ হেই কিত্তা আমি তার্ লগে দেহা কর্সিলাম্। [দেখ কিতে]।

২=[কুম, সি, নো]—বি. দাগ, খণ্ড ॥ এই মাডে আমার দশ্ কিত্তা যমি আসে। [দেখ কিতা২]।

কিত্তার কিত্তা=[ঢা]—ক্রি.বিণ. সময় সময়, প্রায়ই ॥ তারে কিত্তার্ কিত্তা টেহা কম্ দিসি নাহি। [দেখ কিতে]।

কিত্তি=[ঢা]—বি. ঘটনা, কীর্তি ॥ হের্ কিত্তিডা দেখ্সনি? [<কিত্তি <কীর্তি]।

কিত্তি কেল্লা=[খু]—বি. কীর্তি-কলাপ ॥ কিত্তিকেল্লা তোমার্ সাড়া আর কার্ ঘটবে? [দেখ কিত্তি+কলাপ]।

কিত্তো=[চট্ট]—ক্রি.বিণ.কি করিতে বা কি জন্য ॥ হেতে কিত্তো আইসে? [<কি অরতো<কি করতো<কি করিতে]।

কিত্রি=[রা]—বি. ধনিয়া শাক ॥ ছালনে দিতে বাজার্ থেকে কিত্রি আনিশ্।

কিথা=[সি]—অব্য. কি ॥ তোমার্ নাম্ কিথা? [দেখ কিতা]।

কিদনি=[য]—অব্য. কি জন্য ॥ ট্যাহা নিবি কিদনি? [<কি জনি <কি জন্য]।

কিদা=[সি]—বি. ক্ষুধা ॥ পেড কিদা লাগ্সে। [<খিদা<ক্ষুধা]।

কিদুন=[ম]—ক্রি. বিণ. কি রকম ॥ তুমি কিদুন্ আস?

কিদ্দা=[কুম]—অব্য. কি দিয়া ॥ কিদ্দা বাত্ খামু? [<কিদ্যা<কি দিয়া]।

কিদ্দানি=[পা]—বি. কৌশল ॥ বেশি কিদ্দানি করিস্ না। [<কির্দানি<কর্দানি کردانی ফা.]।

কিনজলা=[রা, ব]—বি. এক প্রকার লম্বা পোকা ॥

কিনাকশি=[কুম]—বি. হিংসা, বিদ্বেষ ॥ কারো লগে কিনাকশি কৈর না। [<কীনহ্কশী کینه کشی ফা.]।

কিনাকিনি=[চট্ট]—বি.খেলা বিশেষ ॥

কিনাখোর=[ম]—বিণ. ঈর্ষাপরায়ণ ॥ তার মতন্ কিনাখোর্ আর্ নাই। [<কীনহ্ کینه+খোর خور ফা.]।

কিনাবদি=[সি]—বি. হিংসা, বিদ্বেষ ॥ [<কীনহ্ کینه+বদি بدی ফা.]।

কিনারা হওয়া=[কুম, নো]—ক্রি. সরিয়া যাওয়া ॥ রাস্তা থাইক্যা কিনারা অও। [<কিনারহ্ کناره ফা.]।

কিনাল=[পা]—বিণ. ক্রেতা ॥ বেডায় খুব বালা কিনাল্, হস্তায় বিনিশ্ কিন্ত পারে। [<কেনা+আল প্র.]।

কিনিলগ=[ব, রা]—বিণ. কনিষ্ঠ আঙ্গুল ॥ [দেখ কিরিনখ; <কেনি আংগল<কেনিস আঙ্গুল < কনীয়: আঙ্গুল]।

কিনুতান=[ঢা]—ক্রি. বিণ. কোন কিছু ॥ সেরাডায় কিনুতান্ খাইতো চা'য় না। [<কোনুতান<কোন+তা+ন]।

কিনুদিন=[ঢা]—ক্রি. বিণ.কোনদিন, কখনও ॥ এই সেরায় কিনুদিন্ মানুশ্ ঐত না। [<কোন<কোনও]।

কিনে=[খু]—বি. কনুই ॥ কিনে দিয়ে গুতা দাও। [<কনি<কনুই= কোহনী<কফোণি সং]।

কিন্কাব=[চট্ট]—বি. এক প্রকার রেশমী কাপড় ॥ [কিংখাপ<কমখাব্ کمخاب ফা.]।

কিন্টার=[রং]—বি. কূল, কিনারা ॥ নৌকা কিন্টারে চাপাও। [দেখ কিনারা হওয়া]।

কিন্তুনি=[ম]—বিণ. অল্প ॥ আমারে এক্ কিন্তুনি মিডাই দ্যাও।

কিন্দা=[খু]—বিণ. কি রকম ॥ তোর বৈখানা কিন্দারে? [দেখ কিন্দারা]।

কিন্দারা=[খু]—ক্রি. বিণ. কেমন ॥ লোক্টা কিন্দারা কাম্ করে। [<কিমন<কেমন+ধারা]।

কিন্দার=[খু]—বিণ. কিরূপ ॥ তুমি কিন্দার্ মানুশ? [<কিদ্দরণ< কি ধরণ]।

কিন্না কাইট্টা=[ঢা]—ক্রি. বিণ. খরিদ করিয়া, ক্রয় করিয়া ॥ দুই মাশ্ দৈরা কিন্না কাইট্টা খাই। [<কিনিয়া কাটিয়া(<=কিনে কেটে)]।

কিন্নু=[ঢা]—বিণ. কোন ॥ কিন্নু চি'ন্তা করিস্ না [<কোনু < কোনও]।

কিপ্টা=[রং]—বিণ. কৃপণ ॥ অমন্ কিপ্টার্ ঘরত্ কেও বেটি দেয়? [= কিপটে<কৃপণ সং]।

কিপ্টার অদ্দ=[পা]—বিণ. কৃপণের এক শেষ ॥ [দেখ কিপ্টা+র (সম্বন্ধে)+হদ্দ حد আং]।

কিপ্টার খাল=[পা]—বিণ. কৃপণের এক শেষ ॥ [দেখ কিপ্টা+র(সম্বন্ধে)+খাল্ خال আং(=খালার স্বামী)+উ প্র.; তুঃ মামু]।

কিপ্টে=[য]—বিণ. বোগা ॥ যরে কিপ্টে হয়ে গেসে। [দেখ কিপ্টা; অর্থ প্র.]।

কিফাইত=[ঢা]—বি.উপার্জন ॥ এত হস্তা দরে পাট্ বেইচ্যা কিফাইত্ নাই। [দেখ কিফায়ত্; অর্থ প্র.]।

কিফায়ত=[ঢা]—বি. অল্প খরচ ॥ কিফায়তের্ লাগিন্ এই কাম্ কর্সি। [<কিফায়ত্ كفايت আং]।

কিফি=[কুম]—বি. কাঠের পরিমাণ ॥ পাচ্' কিফি কাঠ্। [দেখ কিবি]।

কিফোত=[রা]—বিণ. সস্তা ॥ আজ্কে হাটত্ ধান্ চাল্ কিফোত্ পাওয়া যাঁছে। [দেখ কিফায়ত্]।

কিবা=[কুম]—অব্য. কি যেন ॥ হে কিবা কৈল্ বুঝি না। [<কি+বা]।

কিবা কৈরা=[পা]—ক্রি. বিণ. কেমন করিয়া ॥ কিবা কৈরা পলাইল্ কেবা যানে। [<কিবা+করিয়া]।

কিবান=[ব]—অব্য. একি, কিবা ॥ তুমি কিবান্ করেস। [দেখ কিবা+ন]।

২=[সি]—অব্য. হয়ত ॥ আইব্

কিবান্ মেগ্ ঐত। [পূর্বে দেখ]।

৩=[চট্ট]—বিণ. রোগা॥ গরুআন্ বর কিবান্।

কিবি=[ঢা]—বি. কাঠের পরিমাণ বিশেষ॥ এক্ কিবি কাঠ্ বার ট্যাহা। [<কিউবিট্ cubit ইং]।

কিবে=[ঢা]—অব্য. কিহে, কিরে॥ কিরে, কৈ গেসিলি? [<কি+বে =কিহে]।

২=[ম]—বিণ. কি রকম॥ কিবে শাবি চা'ই আপ্নার্? [<কি+বে]।

কিমা=[ম, সি]—বিণ. শক্ত, মজবুত, হৃষ্টপুষ্ট॥ তার শরির্ডা খুব্ কিমা। [কায়িম قائم আং+আ প্র.]।

২=[ম]—বি. মুরগী খাসী বা গরুর মাংসের ডালনা বিশেষ (ইহা পিঠায় ব্যবহৃত হয়)॥ [<কীমহ্ قیمه ফা. <আং]।

কিমাগর্=[সি]—বিণ. ধড়িবাজ॥ এই লোক্টাত্ কিমাগর্। [কীমিয়া کیمیا আং+গর্ گر ফা. প্র.]।

কিমান্=[চট্ট]—অব্য. কেমন॥ [<কিমন <কেমন]।

কিম্যা কারি=[পা]—বি. গোপন কৌশল॥ বেডের্ স্যুটকেশ্ তৈরির্ মদ্যে একটা কিম্যাকারি আসে। [< কীমিয়া کیمیا আং+কারী کاری ফা.]।

কিম্ কিম্=[রা]—বি. কুচকুচে॥ জামগুলি পাকি কিম্ কিম্ হছে। [অনু.]

কিম্বায়্=[খু]—ক্রি. বিণ. কি প্রকারে॥ কিম্বায় যাবা? [< কিভাবে]।

কিম্ বায়্, কিম্ বায়্=[ম]—ক্রি.বিণ. আস্তে আস্তে॥ লোক্টি কিম্বায় কিম্বায় কাসে আসিল্। [<কিভাবে কিভাবে]।

কিয়ল্লাই=[চট্ট]—সর্ব. কিসের জন্য॥ আঁরে কিয়ল্লাই ডাইক্স? [<কিয়ের লাই <কিসের লাগি]।

কিয়র্=[সি]—অব্য. কিসের॥ ইডা কিয়র্ তৈরি? [<কিয়ের<কিসের]।

কিয়স্সালে=[সি]—ক্রি. বিণ. কি জন্য॥ তুই কিয়স্সালে আইসত্? [<কিয়ওসিলে<কি উসিলায়<কি +অসীল: وسيله আং]।

কিয়া=[সি]—বি. ভেদ, রহস্য॥ এও আল্লার্ কিয়া। [দেখ কিয়া₂]।

২=[সি]—বি. বদনাম॥ [<কিরআ <ক্রিয়া]।

৩=[নো]=অব্য. কি, কিহে, কি জন্য॥ [<কিঅ<কি ওহে বা কিয়ে <কিসে]।

কিয়াইন্=[সি]—বি. উপহাস॥ দাদির্ লগে কিয়াইন্ করের্। [কীনহ্ کینه ফা.=বিদ্বেষ; অর্থ প্র.]।

কিয়াইশ্=[সি]—বি. ঠাট্টা বিদ্রূপ, তামাসা॥ [দেখ কিয়াইন্+কশী کشی ফা.]।

কিয়ানো=[সি]—সর্ব. কোনখানে॥ বৈডা কিয়ানো বাগ্সি, পুইয়া পাই না। [< কিহানো< কিখানে< কি স্থানে]।

কিয়াম্=[ম]—বি. দাঁড়ানো॥ [< কিয়াম্ قيام আং]।

কিয়ার্=[রা, দি]—বি. বিভা, চারিদিকে আলি বেষ্টিত জমি॥ একটা কিয়ারেও পানি নাই। [=কিয়ারী< কেদার সং]।

২=[সি]=বি. ভূমির পরিমান॥ [৫৪৮৮ বর্গহাত॥ এক্ কিয়ারে ৬১৭ মন্ ধান্ অয়্। [পূর্বে দেখ]।

কিয়ার্ লেগা=[ঢা]—ক্রি. বিণ. কিসের জন্য॥ কিয়ার্ লেগা হাকাডাকি করস্? [দেখ কিয়েরলাই]।

কিয়াশ্=[সি]—বি. অনুমান॥ দাম্টা কিয়াশ্ কৈরা কও। [<কিয়াস قیاس আং]।

কিয়ে=[ম, ঢা]—অব্য. কিসে॥ কিয়ে তোমার্ পাওড়া কাট্‌ল? [<কিসে]।

কিয়েত্তে=[ঢা]—ক্রি. বিণ. কোথা হইতে॥ কিয়েত্তে এমুন্ বেরাম্ডা ঐল? [<কিসেরতে<কিসের থেকে]।

কিয়ের্ লাই=[ক]—ক্রি. বিণ. কি জন্য॥ কিয়ের্ লাই আইস? [< কিসের+লাগি]।

কিয়ের্ লিগা=[ঢা]—ক্রি. বিণ. কি জন্য॥ [দেখ কিয়ের্ লাই; লিগা< লাইগা লাগিয়া]।

কিয়্যাড়্=[রা]—বিণ. ছোট জমি॥ [দেখ কিয়ার্]।

কিরট্=[কুম]—বি. অভাব॥ আইয়্কাইল্ মাসের্ কিরট্ পৈরা গেসে। [কিল্লত قلت আং; দেখ কিরাত্]।

কিরন্=[বং]—বি. কিনারা॥ নাওকোনা কিরন্ চাপে দেখক্। [করান کران ফা.]।

কিরা=[রা]—বি. মৃতের সদ্‌গতির জন্য ভোজ, কসম॥ [<কিরা< কিরিয়া হিং<ক্রিয়া সং]।

২=[সি]—বি. রাগ, উত্তেজনা॥ ই বেটির্ দুস্থাত্ কিরা। [দেখ কিরা₄]।

৩=[চট্ট]—বি. খরমুজ॥ [<খীরা হিং]।

৪=[কুম]—বি. পোকা॥ তার্ শৈলে কিরা ঐসে। [<কীড়া হিং <কীট সং]।

কিরাই=[ম]—বি. জানালা॥ [< খিরহি<খিড়কি]।

কিরা কসম্=[সি]—বি. শপথ॥ [দেখ কিরা+কসম্ قسم আং; সহশব্দ]।

কিরা কাডা=[ঢা, কুম]—ক্রি শপথ করা॥ [দেখ কিরা+কাটা]।

কিরা কিরি=[ঢা]—বি. শাসানি, খাতানি, রাগ॥ তর্ কিরাকিরিতে গোলাডা ডরায় না। [=কিড়িমিড়ি]।

কিরাত্=[কুম]—বি. অভাব॥ পানির্ কিরাত্ পর্সে। [দেখ কিরট্]।

কিরান্=[বং]—বি. কিনার॥ নদির্ কিরানে ন যাইশ্। [দেখ কিরন্]।

২=[সি]=বি. চাষা, প্রজা॥ কিরান্ বেটার্ অত ফুটানি। [<কিরষাণ< কৃষাণ]।

কিরাম্=[ম]—বিণ. কি রকম॥ দেহি কিরাম্ জিনিস্। [<কি রহম<কি রকম]।

২=[সি]—বি. খাসলত, তেজ ।। এর্ কিরায় উঠি গেসে । [দেখ কিরা$_{৪}$ + য প্র. ; পোকা উঠিয়া গিয়াছে অর্থাৎ তেজ বীর্য মরিয়া গিয়াছে] ।

কিরায়া=[সি]—বি. ভাড়া ।। [< কিরায়: كرايه আং] ।

কিরায়্=[য]—বি. ভাড়ায় ।। ও মাঝি কিরায় যাইবা ? [দেখ কিরায়া] ।

কিরি=[পা]—বি. এক প্রকার পোকা ।। কিরিকাটা গোলা দিয়া কি হৈব ? [দেখ কিরা$_{৪}$ + ই ক্ষুদ্রার্থে] ।

কিরিক্ খিরি=[পা]—বি. বর্ণজ্ঞান ।। তার্ কিরিক্‌খিরিও নেই ।

কিরিত্‌কাম্=[রং]—বি. শ্রাদ্ধ ।। তোমার্ বাবার্ কিরিত্‌কাম্ কবে ? [< কৃত্য+কাম] ।

কিরিত্ সিরিত্=[কুম]—বি. বিশৃ-খলা ।। বিয়ার্ বর্ কিরিত্ সিরিত্ ঐসে ।

কিরিনথ্=[ব]—বি. কনিষ্ঠাঙ্গুলি ।। [দেখ কিনি নগ্ ;<কড়িয়া, কড়ে< কনীয়: সং] ।

কিরিন্‌ডি=[ম]—বিণ. অতি অল্প ।। এক কিরিন্‌ডি চিনি খাও । [< ক্রান্তি সং] ।

কিরিমিরি=[সি]—বি. দাঁত খিচুনি ।। রাগে বেডা কিরিমিরি দিবার্ লাগিল্ । [<কিড়িমিড়ি অনু. ; কড়মড় অপেক্ষা-লঘু] ।

কিরিমিরি করা=[সি]—ক্রি. এদিক্ ওদিক্ করা, ফন্দি ফিকির করা ।।

কিরিয়া=[নো]—বি. প্রতিজ্ঞা ।। হেতির্ কিরিয়া ঐসে বাত্ খাইত ন । [দেখ কিড়্যা] ।

কিরিয়াদাল্=[রা]—বি. রাই সরিষা প্রভৃতি ক্ষুদ্র তৈলবীজ ।।

কিরিস্ তেল=[ক]—বি. কেরোসীন তৈল ।। [কেরোসীন kerosene ইং] ।

কিরিস্‌সিরি=[কুম]—বিণ. বিশৃ-খল ।। [<কুশ্রী] ।

কিরে কয়্‌ন=[ব]—বি. বিবাহ ।। কিরেকয়্‌ন কর্‌তে হলে একটু দেখে শুনেই কর্‌তে হয় । [দেখ কিরা+ কর্ম] ।

কির্‌য়ান্=[পা]—বি. কিনারা, তীর ।। তুই কির্‌য়ানে খাড়া থাক্, আমি আগে যাই । [দেখ কিরন্] ।

কির্‌কট্=[বা]—বি. কুঁড়া, নানাবিধ দ্রব্যের গুঁড়া ।। [<কর্‌কট্ হিং] ।

কির্‌কিরা=[রা]—বিণ. কড়া ।। দড়িটায় খুব কির্‌কিরা পাক্ হচে । [=কড়া কড়া] ।

কির্ কির্=[চা]—বি. গালাগালি ।। এত কির্ কির্ করন্ বালা না । [= কর্‌কর্ ; তুঃ কির্‌কিরানা হিং] ।

২=[ম]—ক্রি. বিণ. কট্‌মট্ ।। আমার্ ফাইন্ কির্‌কির্ কৈরা চাও ক্যা ? [পূর্বে দেখ] ।

কির্‌গা=[কুম, চট্ট]—বি. কিরা, শপথ ।। কির্‌গা কৈরা কও । [দেখ কিড়্যা] ।

কির্‌তন্=[রা,]—বি. উৎপাত, অত্যাচার ।। একি কির্‌তন্ শুরু ঐল্ ? [<কীর্তন ; অর্থ প্র.] ।

কির্‌তিনা=[ম]—বি. গ্রাম্য গানের দলের সর্দার ।। মানিক্যা এই দেশের বর কির্‌তিনা । [<কিরতনা<কীর্ত-নিয়া<কীর্তন+ইয়া প্র.] ।

কির্‌তিম্=[ফ]—বিণ. নকল, কৃত্রিম ।। কির্‌তিম্ তেল্ দেইখ্যা আইনো । [<কৃত্রিম] ।

কির্‌পা=[চা]—বি. কৃপা, দয়া ।। অদমেরে কির্‌পা কর খোদা । [< কৃপা] ।

কির্‌পিন্= [কুম, চা, ম] —বিণ. কৃপণ ।। [<কৃপণ] ।

কির্‌মাই=[চট্ট]—বি. কৃমি ।। [< কিরমি<কৃমি] ।

কির্‌মি=[ম]—বি. ক্রিমি ।। পুলাডার্ পেডো কির্‌মি ঐসে । [দেখ কির্‌মাই] ।

কির্‌মির্=[ফ]—অব্য. শিরশির ।। তর্ কথা হুনলে শরির্ কির্‌মির্ করে । [=শির শির] ।

কির্‌মির্ করা=[সি]—ক্রি. দাঁত কটমট করা ।। [কিড়মিড় করা] ।

কির্‌মে কির্‌মে=[ক]—ক্রি. বিণ. ক্রমানুয়ে ।। কির্‌মে কির্‌মে কাম্ কর্‌লে বালা অয় । [<কের্‌মে কের্‌মে <ক্রমে ক্রমে] ।

কির্‌সা=[কুম]—বি. কিচ্ছা, গল্প ।। এক্‌টা কির্‌সা কও । [<কিচ্ছা< কিস্‌স: قصه আং] ।

কির্‌হি=[ম]—বি. খিড়কি, জানালা ।। গরের্ কির্‌হিডা লাগাও । [দেখ কিরাই] ।

কিলা=[চট্ট, কুম, নো, চা]—বি. ঢেঁকি গোলা মাচা ইত্যাদি বসাইবার জন্য মোটা খুঁটি ।। ঢেঁইর্ কিলা (চট্ট) । [< কিলা<কীলক সং] ।

২=[কুম, সি]—ক্রি. বিণ. কিরূপে ।। এত রাইতে তুমি আইলা কিলা ।

কিলাপত্=[ফ]—ক্রি. বিণ. অন-বরত ।। শকাল্ থাকি কিলাপত্ বিরি-শ্‌টি পড়্‌সে । [<অক্লান্ত সং] ।

কিলায়ে বত্ মারা করা=[পা]—ক্রি. যাহাতে সুমতি ফিরিয়া আসে এমন মার দেওয়া ।। [কিলাইয়া ভূত ছাড়া করা ; বাগ্‌ধারা] ।

কিলুনি=[নো]—বি. হাতের নিম্নাংশ ।। হিসুলাই হড়ি কিলুনি বাংগি গেসে ।

কিলে কাটাল্ পাকান্=[ব]—ক্রি. অল্প বয়স্ক বধুকে বাসর ঘরে দেওয়া ।। বৌটাকে অরা কিলে কাটাল্ পাকালো । [কিলাইয়া কাঁঠাল পাকানো ; বাগ্‌ধারা] ।

কিল্যা=[রা]—বি. সীমানা ।। [দেখ কিল্‌লা ; সীমানায় খোঁটা পোতা হয় এই জন্য] ।

২=[রা]—বি. যে দণ্ডের চারিদিকে যাতা ঘুরে ।। যাতার্ কিল্যা ভাংছে । [দেখ কিলা] ।

কিল্=[কুম]—বি. লাইন, সারি ।। তামোকের্ কিল্ শোবা কৈরা কাডো ।

কিল্‌কনা=[রং]—বি. কনুই ।। গাছত্ থাকি পড়ি ওর্ কিল্‌কনা মচ্‌কিছে । [দেখ কিলুমি] ।

কিল্কিনা=[রং]—বি. কনুইর হাড় ॥ আছাড় খায়ে অর্ কিল্কিনাটা ভাংগি গেছে। [দেখ কিলুনি]।

কিল্কিলা=[রা]—বিণ. স্বচ্ছ ॥ ঐ পুকুরের পানি খুব্ ভাল, একেবারে কিল্কিলা।

কিল্কিলি=[সি]—বি. উচ্চস্বরে হাস্য ॥ [=খিল্খিল্ হিং<কিল্কিলা সং]।

কিল্কিল্যা=[রা]—বিণ. যে কেবল খাওয়ার জন্য প্যানপ্যান করে ॥ ছেলেটি বড় কিল্কিল্যা। [<কিল্ কিলিয়া=কিল্কিল্ হিং]।

কিল্কিল্ করা=[পা]—ক্রি. কিল-বিল করা ॥ পুকুরে মাস্ কিল্কিল্ কর্সে। [=কিল্বিল্]।

কিল্কুনি=[চট্ট]—বি. ঘুষি ॥ কিল্ কুনি মারি শোযা করে দিম্। [< কিল+কনি<কনুই]।

কিল্চি'=[বা]—বিণ. সামান্য ॥ এক্ কিল্চি' সালুন্ দ্যাও। [< কিঞ্চিৎ]।

কিল্লা=[বা]—বি. ঘরে হাঁড়ি রাখি-বার থাম ॥ [<কীলা<কীলক সং]।

কিল্লানো=[য]—ক্রি. এলোমেলো করা ॥ বৈগুলি কিল্লাস্ কেন্রে ?

কিল্লি=[বা]—বি. গরুর গাড়ীর চাকা যাহাতে বাহির হইতে না পারে তজ্জন্য ব্যবহৃত কীলক ॥ [<কীল <কীলক সং+ই প্র.]।

কিল্লিগ্যা=[ক]—ক্রি. বিণ. কি জন্য ॥ কিল্লিগ্যা আইস ? [কিসের লাগিয়া]।

কিল্লৈগ্যা=[বা]—ক্রি. বিণ. কি জন্য ॥ তুই কিল্লৈগ্যা যাবি ? [দেখ কিল্লিগ্যা]।

কিশক্=[রা]—ক্রি. বিণ. কি জন্য ॥ তুই বার্ বার্ কিশক্ আশিশ্ ? [=কিসে ক=কিসের জন্য]।

কিশা কাটা=[ম]—ক্রি. নিন্দা করা [<কুচ্চা<কুৎসা + কাটা (করা অর্থে)]।

কিশি করা=[ম]—ক্রি. কৌতুক করা ॥ [দেখ কিয়াইশ্]।

কিশিম্=[রা]—বিণ. সফলকার্য ॥

কিশির্=[ঢা]—অব্য. কিসের ॥ 'কিশির্ বারি কিশির্ গর্, ঠিন্হা আসে ইটু খারার্ চ'র্' (ছড়া)। [<কিসের]।

কিশোত্=[রং]—ক্রি. বিণ. কি জন্য, কিসে ॥ কিশোত্ যাইবেন্ বাহে ? [<কিসেতে]।

কিশোর্=[ঢা]—বি. এক প্রকার আলু ॥

কিশ্কান্=[রং]—বি. মজুর ॥ এহন্ কিশ্কানের্ দাম্ বাড়িছে। [দেখ কিশ্শান্]।

কিশ্শানি=[ম]—বি. চাষ ॥ 'খেতে গেলে কিশ্শানির বাও'—প্রবাদ। [দেখ কিশ্শান+ই প্র.]।

কিশ্শান্=[ফ]—বি. কামলা, মজুর ॥ [<কৃষাণ]।

কিসা=[কুম]—বি. অখ্যাতি, বদ্-নাম ॥ পরের্ কিসা গাও ক্যেরে ? [কুচ্চা হিং <কুৎসা]।

কিসিম্=[পা]—বি. ধরণ ॥ এক্ কিসিমের্ লোক্। [<কিসম্ قسم আং]।

কিসিম্ করা=[কুম]—ক্রি. বিবেচনা করা ॥ কিসিম্ কৈরা কাম্ কৈরো। [দেখ কিসিম্ ; অর্থ প্র.]।

কিসুমতে=[ঢা]—ক্রি. বিণ. কিছু হইতে, কারণ, হেতু ॥ কিসুমতে কিছু ঐলেই আমারে গাইলায়্। [কিছু +মত+এ(বিভক্তি)।

কিসুম্=[নো]—বি. রকম, ধরণ ॥ হক্কুল কতার্ এক্ বাণ্য কিসুম্ আসে। [দেখ কিসিম্]।

কিস্তা=[চট্ট]—বি. গল্প ॥ [দেখ কিস্সা]।

কিস্তি=[ম]—বি. বিশেষ ধরণের ডিঙ্গি নৌকা ॥ [<কশ্তী کشتی ফা]

কিস্তে=[ঢা]—ক্রি. বিণ. সময়ে, হারে, কিস্তিতে ॥ হেই কিস্তে হিতারে কত খাওন্ খাওয়াইসি। [দেখ কিতে]।

কিস্তে কিস্তে= [ঢা]—ক্রি বিণ. বারে বারে ॥ কিস্তে কিস্তে ত্যাকৃতো কর্লে কি শয্য অয়্। [দেখ কিতেয় কিতে]।

কিহ্যানে=[পা]—অব্য. কেন, কিসের জন্য ॥ [<কিআনে<কেনে<কেন +এ বিভক্তি]।

কু=[সি]—বি. ডিমের কুসুম ।। আন্ তার্ কু খাইতে মযা [<কুসুম ; স. ক.] ।

২=[সি]—বিণ. অনাবাদী ।। দেশোত্ বহুত্ যমিন্ কু পরি রৈসে ।

৩=[পা]—অব্য. সাড়া ডাকের উত্তর ।। কু বলি শাড়া দে । [ধ্বন্যা.] ।

কুঅর্=[বং]—বি. কুমার ।। কুঅর্ বেটা হাড়ি বেচি খায় । [দেখ কুঁআর্] ।

কুঅসাআত্=[চট্ট]—বি. অযাত্রা ।। কুঅসাআত্ ঐয়ে আয়ুয়া । [কু+সা'আত্ ساعت আ:] ।

কুআই=[সি]—অব্য. ক্রি. বিণ. কোথায় ।। কুআই যাইতায়্? [<কুথাই <কোথা +এ বিভক্তি] ।

কুআরির্=[সি]—অব্য. কোথাকার ।। তুই কুআরির লোক্ । [<কো<কোন্ বাড়ির] ।

কুআল্=[সি]—বি. বিলাতি কুমড়া, তরকারী বিশেষ ।।

কুই=[ব, রা]—বি. নারিকেলের মালার তৈরী চামচ বিশেষ ।। এক্ কুই ডালেই মোর্ খাওয়া হবি ।

২=[পা]—বি. আঁটি, বিচি, শাঁস ।। [দেখ কুইয়া] ।

৩=[ঢা]—বি. আর্তনাদ ।। আপ্না লোক্ মারা গেলে শবাই কুই পারে । [ধ্বন্যা.] ।

৪=[ম]—বি. গাছের নূতন গজানো ডাল, অংকুর ।।

৫=[ব]—বি. দড়ির গোছা ।।

৬=[সি]—বি. নদী বিশেষ ।।

৭=[ম]—বি. আওয়াজ ।। হের্ কুই হুইনা আমি চি'ন্সি । [দেখ কুই৩ ; ধ্বন্যা.] ।

কুইঅর্=[কুম]—বি. আখ ।। [< কুশিয়ার দেখ কুইউর্, কুইর্] ।

কুইউর্=[কুম, নো]—বি. আখ ।। কুইউরের সোক্লা গরে হালাইস্ না । [কুশিয়ার দেখ কুইঅর্, কুইওর্, কুঁইওর্, কুইয়ল, কুইশ্যাল্] ।

২=[চট্ট]—বি. ডাক ।।

কুইওর্=[কুম]—বি. আখ ।। [দেখ কুইউর্] ।

কুইওল্=[বা]—ক্রি. বিণ. জোরে জোরে ।। [দেখ কুই+উল] ।

কুই কুড়ি=[পা]—বি. মুরগি ।। লাল কুইকুড়িডা ডিম্ পাড়ে । [কুক্কুটী; দেখ কুইক্র্যা] ।

কুইক্কা=[কুম]—বিণ. ভীতু ।। তুই বর কুইক্কা রে ।

২=[চট্ট]—অব্য. কোথায় ।। কুইক্কা গেলে পাইয়ম্ । [<কুইমিক্কা< কোন্+মুখী+ইয়া প্র.] ।

কুইক্র্যা=[ঢা]—বি. মোরগ ।। [< কুক্ড়া<কুক্কুট সং] ।

কুইচ্'া মোড়া=[ঢা]—বি. একপ্রকার তামাক ।।

কুইচ্'্যা=[চট্ট]—বি. সাপের ন্যায় লম্বা মাছ বিশেষ ।। [<কুচিয়া< কুচিকা সং] ।

২=[ম]—বিণ. নষ্ট ।। কুইচ'্যা ডিমে বাচ্'চ্'া অয় না ।

কুইচ্'্যা মর্‌গি=[পা]—বিণ. ডিম দেওয়ার লগ্ন শেষের মুরগী ।। কুইচ'্যা মুর্‌গিরে নাইয়া দিলে আবার্ ডিম্ দেয় । [দেখ কুইচ'্যা +মুরগী] ।

কুইচ্'=[ফ]—বি. আগাছা বিশেষ । [দেখ কুঁচ্] ।

কুইয্যা=[চট্ট]—বি. খড়ের গাদা ।। [<গন্‌জ گنج ফা. ; দেখ কুইয্যা, কুঁইয্যা] ।

কুইয্যানো=[চট্ট]—ক্রি. জোরে তাগিদ দিয়া কাজে নামানো ।। উয়ারে হাযার্ কুইয্যাইলেও ঘরের্ বাইর্ ন অয় । [<খুইচ্ছানো<খোঁচানো] ।

কুইষ্যা=[চট্ট]—বি. খড়ের স্তূপ ।। [দেখ কুইয্যা] ।

কুইট্=[ফ]—বি. জিদ ।। মেয়ে কুইট্ করে বশে আসে । [<কোট] ।

২=[ঢা]—বি. কাঠের গুড়া, জ্বালানি ।। এহানে কয় আনার্ কুইট্ ?

কুইট্টা=[ঢা, চট্ট]—বি. খোকা ।। কি তা কুইট্টার্ বাপ্ কেমন্ আসে ?

কুইট্টাই=[চট্ট]—অস. ক্রি. কুড়াইয়া, একত্র করিয়া ।। [<কুড্ডাই<কুড়াই <কুড়াইয়া] ।

কুইট্টাইল্=[ন]—বিণ. খুব ধনী ।। তার্ চৌরে এক্‌যন্ কুইট্টাইল্ ধনি । [দেখ কুটিগাল্] ।

কুইড়া=[কুম]—বি. শলাকা ।। কুইড়া দিয়া গরের্ বেরা দেওয়া অয় । [দেখ কুড়া] ।

কুইড্ডা=[বা]—ক্রি. বিণ. গুড়া গুড়া করিয়া ।। মুরিগুলি কুইড্ডা আন্ । [<কুইটা<কুটিয়া(<কুট্টন সং)] ।

কুইড্যা=[ফ]—বি. কুঁড়ে ঘর ।। [< কুড়িয়া, কুঁড়ে<কুটিক সং] ।

কুইড়ো=[ব, খু]—বি. মোরগ মুরগী ।। [দেখ কুইক্র্যা] ।

কুইতা কুইতা=[ম]—ক্রি. বিণ. কোথ দিয়া দিয়া, বহু কষ্টে ।। বেটা বোঝাডা কুইতা কুইতা মাথায় তুইলা নিল্ ।

কুইত্যা=[ম]—বি. কুকুর ।। [<কুত্তা হিং] ।

কুইত্যারি=[পা, চট্ট]—বি. কথার জ্বালা, হিংসুটে কথা ।। [দেখ কুইত্যা +রি প্র. , =কুত্তামি] ।

কুইত্তি=[কু, পা]—বি. কুকুরী ।। কুইত্তিটা খেদা দেরে । [দেখ কুইত্যা ; ই স্ত্রী লিঙ্গে] ।

কুই দেওয়া=[ঢা]—ক্রি. হিংসায় বা লোভে চিৎকার দেওয়া ।। তগ কুই দেওরায় বুঝি যেতা পাড্ডা মৈরা যাইবগা ?

কুইন্যা=[ন]—বিণ. ছোট ছেলে ॥

কুইন্=[সি]—বি. জল সেচনের জন্য কাঠের তৈরী উপকরণ ॥ [<কুনিকা অর্থ প্র. ; দেখ কুইন্না]।

কুইন্‌চ'া=[ম]—বি. বাঁশের কঞ্চি ॥ বাশের চ'াইরা কুইন্‌চ'াই শক্তো বেশি। [কইন্‌চা<কঞ্চি<কম্‌চী ...]।

কুইন্‌না=[কুম]—বি. ধান চাউল মাপিবার সোয়াসেরি টুক্‌রি ॥ [< কুনিয়া<কুনিকা]।

কুইন্‌নাল্=[চ]—বি. কুইনাইন ॥ কুইন্‌নালের্ বরি ষবব্ তিতা। [< কুইনাইন quinine ইং]।

কুইন্‌শাহিল্যা=[চট্ট]—বিণ. হতভাগা, সম্মানজ্ঞানহীন ॥ কুইন্‌শাহিল্যা শোয়া-মির্ হাতত্ শুখ্ ন পাই।

কুই মারা=[চট্ট]—ক্রি. কু শব্দে অনুপস্থিত ব্যক্তিকে স্বীয় আস্তিত্বের খোঁজ দেওয়া বা ইঙ্গিতে ডাকা ॥ কুইমারি চ'া হিতারা আসেনি ? [দেখ কুই৩ + মারা]।

কুইমেলি=[সি]—ক্রি. বিণ. চিৎকার দিয়া ॥ [দেখ কুই৩ +মেলিয়া (ছড়াইয়া)]।

কুইম্‌টা=[বং]—বিণ. যে রাগ করিয়া বিবাহ করে না ॥

কুইয়ল্=[চট্ট]—বি. ইক্ষু ॥ কুইয়লের্ রশে গুড় হয়। [দেখ কুইঅর্, কুইউর্, কুইশ্যাল্]।

কুইয়া=[ঢা, ফ]—বিণ. পচা, বাসি ॥ কুইয়া মাস্।

২=[সি]—বিণ. নোংরা ॥ ই কুয়ার্ পানি কুইয়া ঐ গেসে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[কুম. নো]—বি. পেঁপে ॥

৪=[বা]—বি.নৌকার জোড়ায় ব্যবহৃত কাঠ বা তক্তা ॥

কুইয়ানো=[ঢা]—ক্রি. কোন কিছুর আতিশয্য দেখিয়া বিশেষ ভঙ্গি সহকারে শব্দ করা ॥ অতগুলি মাস্ দেইখ্যা সেরিডায় কুইয়াইতাসে।

কুইয়া=[রা]—বি. পগার, গর্ত ॥ [দেখ কুও]।

কুইরা=[ম]—বি. কুড়ে ঘর ॥ [দেখ কুইড্যা]।

২=[ম]—বি. ঈগল, পাখী বিশেষ ॥ [=কুড়ুয়া]।

কুইরা গর্=[ম]—বিণ. আঁতুর ঘর॥ পেডুলির্ লাগিন্ কুইরা গর্ বানাও। [দেখ কুইরা, কুইড্যা ; অর্থ প্র.]।

কুইর‍্যা=[ফ]—বিণ. অলস ॥ হে বড় কুইর‍্যা। [দেখ কুড়িয়া]।

২=[চট্ট]—বি. খড়ের স্তূপ ॥ [দেখ কুইর্‌গা]।

কুইর‍্যা কাইচ'্যা=[ঢা]—ক্রি. বিণ. নিঃশেষ করিয়া ॥ এক্‌কেলে কুইর‍্যা কাইচ'্যা খাইসত্। <কুঁড়িয়া কাছিয়া]।

কুইর‍্যার সুইত্=[সি]—বিণ. অতিশয় ছোঁয়াচে ॥ ই বিমার্ ঐসে কুইরার্ সুইত্। [দেখ কুড়িয়া+র(সম্বন্ধে)+ছুঁৎ]।

কুইর্=[কুম]—বি ইক্ষু ॥ [দেখ কুইঅর্]।

কুইর্‌কা=[ম]—বি.কুক্কুট ॥ কুইর্‌কার্ গোস্‌ত্ খুব মযা ॥ [দেখ কুইক্‌র‍্যা]।

কুইর্‌গা=[চট্ট]—বি. খড়ের গাদা ॥ [দেখ কুইয্যা]।

কুইর্‌গ্যা=[চট্ট]—বিণ. কুড়ে ॥

কুইর্‌ঘা=[চট্ট]—বিণ. খড়ের গাদা ॥ [দেখ কুইর্‌গা]।

কুইলা=[ম]—বি. চূণ রাখার পাত্র ॥

কুইল্যা=[ফ]—বিণ. চারিটি গরু দিয়া জমিতে মই দেওয়ার সময় যে দুইটি গরু ভিতরে থাকে তাহার বাম দিকেরটি ॥ কুইল্যাড়া মোটেই চ'ল্‌বার্ চ'ায় না।

কুইল্‌লা=[পা]—বি. উচ্ছে বা করলা, তরকারী বিশেষ ॥ [<কলা<করলা]।

কুইশ্যাল্=[চট্ট]—বি. আখ ॥ [দেখ কুঁইঅর্]।

কুইশ্‌টা=[ঢা]—বিণ. নোংরা ॥ কুইশ্‌টা মানুষ ॥ [<কুষ্ঠ+আ] প্র.।

কুঁইশ্‌শর্=[কুম]—বি.আখ ॥ [দেখ কুইঅর্, কুঁইওর]।

কুইসাল্=[ম]—বিণ. খিজালত, দৌরাত্ম্য ॥ মেয়েডার্ কুইসাল্ শর্ না।

কুইস্=[কুম]—বি.নয় শলাবিশিষ্ট এক প্রকার কোঁচ ॥ কুইস্ দিয়া মাস্ মারে ॥ [দেখ কুস্]।

কুউলা=[নো]—বি. ব্যাঙ্ বিশেষ ॥ কুউলা ব্যাঙ্ ডাকৃতাসে ॥ [<কোলা <কওলা হিং]।

কুও=[খু]—বি. কূপ ॥ কুওর্ বল্ ভারি ঠান্‌ডা। [<কুঁয়ো, কুয়া(< কূপ সং)]।

২=[খু]—বি.কোকিল ॥ কুও ডাকে ॥ [ধ্বন্যা.]।

৩=[ফ]—বি. কুয়াশা ॥ আয়কে খুব কুও পড়্‌সে ॥ [দেখ কুঁয়ো]।

কুওরা=[রা]—বি. তামাশা ॥ শর্‌শর্ কুওরা ভালো লাগে না। [<কুউহল প্রা.<কুতূহল সং ; দেখ কুহরা]।

কুওলি=[খু]—বি. হাড়ি বাসন রাখার মাটির তৈরী উপকরণ ॥

কু'অর্=[চট্ট]—বি. মিষ্টি কুমড়া ॥ [<কুমড়া]।

কু'আর্=[চট্ট]—বি. কুমার, কুম্ভকার ॥ [<কুমার <কুমহআর< কুম্ভকার]

কু'ই=[চট্ট]—বিণ. দুর্দান্ত, দুর্ধর্ষ, একগুঁয়ে ॥ তে একেবারে কুঁই ॥

২=[চট্টগ্রা, বা]—বি. অঙ্কুর ॥ আমের্ চা'রাড়া আব্ ওবো না, কুঁই বাংইগা গেসে। [দেখ কুই]।

কু'ইওর্=[নো]—বি. আখ ॥ [দেখ কুইঅর্]।

কু'ইকা=[চট্ট]—অব্য. কোন্‌দিকে ॥ কুঁইকা যামু দিশা ন পাই ॥ [<কুঁইইকা <কুইমিক্কা<কোন+মুখি+ইয়া]।

কু'ইয্যা=[চট্ট]—বি. খড়ের স্তূপ ॥ [<গশ্ ... ফা.+আ]।

কু'ইয়্যা পাইদ্যা=[রা]—ক্রি. বিণ. অতি কষ্টে ॥ [দেখ কুইতা কুইতা ; কোঁথাইয়া+পাদিয়া (<পাদ√পাদ, বায়ু নির্গমণ]।

কু'ইরা=[ব, রা]—বি. আমের আঁটির ভিতরের সাদা বস্তু ॥ কুঁইয়া শরেত্ আর্ খাইসুনে।

২=[চট্ট]—বি.পেঁপে ॥ কুঁইয়া বড় উপ্‌কাবি ফল্ ॥

কুঁইর্=[চট্ট]—বি. কুমীর॥ খাল কাডি কুঁইর্ আনস ॥ [<কুমীর<কুম্ভীর সং]।

কুঁইর্‌গা=[চট্ট]—বি. খড়ের স্তূপ ॥ কুইর্‌গাত্‌তুন্ গরুরে খেড় দ্যাও ॥ [দেখ কুইয়্যা]।

কুঁইল্যা=[চট্ট]—বি. কোকিল ॥ মিডা সুএ কুঁইল্যার্ শরে কথা কৈস্ ॥ [<কুইলা<কোকিলা+আ]।

কুঁইশ্‌শর্=[নো]—বি. আখ ॥ [দেখ কুশাইর্]।

কুঁক্=[ব, রা]—বি.উঁকি ॥ ছুঁড়ি বড় কুঁক পারে (রা) ॥ [উঁইক<উঁকি ; বর্ণাগম]।

কুঁঘ্=[খ, য]—বি. বাদুরের ডাক ॥ [ধ্বন্যা.]।

কুঁচা=[রা]—বি.মাছ বিশেষ ॥ [দেখ কুইচ'্যা]।

কুঁচি=[রা]—বি. মাছ বিশেষ ॥ কুঁচি মাছ কাদায় থাকে না। [দেখ কুঁচা]।

২=[রা]=বি. আউশের শ্রেণী বিশেষ ॥ [দেখ কুচি২]।

কুঁচিয়া=[দি]—বি. বাইন, এক প্রকার মাছ ॥ [দেখ কুইচ্যা]।

কুঁচ্যাত্ বশা=[রা]—ক্রি. তা দেওয়ার জন্য বসা ॥ দশ্‌টা ডিম্ নিয়ে মুরগিটা কুঁচ্যাত্ বশ্‌ছে ॥ [দেখ কুইচ্যা১+ত +বসা ; অর্থ প্র.]।

কুঁচ্=[রা]—বি. এক প্রকার ঘাস ॥ কুঁচে খেত্ ভৈরা গেছে।

কুঁজি ট্যাংরা=[রা]—বিণ.ছোট ট্যাংরা মাছ ॥ শালা কুঁজি ট্যাংরার্ এত বিশ্ ॥ [কুচি ট্যাংরা]।

কুঁজ্‌মুজ্=[রা]—বি. অস্বীকৃতি জ্ঞাপক মনোভাব ॥ [=কাঁচু মাচু]।

কুঁটি=[চট্ট]—বি.কাষ্ঠ নির্মিত পাদুকার অংশ বিশেষ ॥

কুঁটি=[রা]—বি. মাটির তৈরী গোলা ॥ এক্ কুঁটি ধান্ ॥ [<কুঠি ; অর্থ প্র.]।

কুঁড=[চট্ট]—বি. নাঙলের হাতল ॥ [<কোটি=প্রান্ত ; অর্থ প্র.]।

কুঁড়ল্=[ব, রা]—বি. নমঃশূদ্র ॥

কুঁড়লা আম্=[রা]—বি. পচা আম, দাগী আম ॥ হাঁগো শব্ যে কুঁড়লা আম্।

কুঁড়া=[চট্ট]—বি. কুমড়া ॥ আঁই কুঁড়া ন খাই ॥ [দেখ কুঅরা]।

২=[খু]—বি. হাতল, বাঁট ॥ [দেখ কুড়া]।

কুঁড়াযাল্=[খু]—বি. জালবিশেষ ॥ [দেখ কুঁড়া২+জাল]।

কুঁড়ি=[রা]—বি. ক্ষুদ্র জলাশয় ॥ [কুণ্ড +ই হ্রস্বার্থে]।

কুঁঢ়ি=[রা]—বি. ছোট পুকুর ॥ [দেখ কুঁড়ি]।

কুঁয়া=[রা]—বি. আমের আঁটির ভিতরের নরম অংশ ॥ [<কোহা<কোষ]।

২=[রা]—বি. মইয়ের কাঠি ॥ [পূর্বে দেখ]।

কুঁয়াইয্যা=[চট্ট]—বি. কুম্ভকার ॥ [<কুঁয়াজ্জা <কুমারজা <কুমারজাত]।

কুঁয়াইর্ গা=[চট্ট]—বি. কুম্ভকার ॥ [দেখ কুঁআর্]।

কুঁয়ায্যা পোক্=[চট্ট]—বি. কুমারে পোকা, দেওয়ালে মাটী দিয়া বাসা বাঁধে এইরূপ পোকা ॥ [দেখ কুঁয়াইয়্যা+ পোক (<পোকা)]।

কুঁয়ান্‌নি=[চট্ট]—বি. কুম্ভকারিণী ॥ [দেখ কুঁআর্+নি স্ত্রীলিঙ্গে]।

কুঁয়ার্=[চট্ট]—বি. কুমার, মেটে পাতিল প্রস্তুতকারী ॥ [দেখ কুঁআর্]।

কুঁয়ুর্=[চট্ট]—বি. কুকুর ॥ [< কুহুর<কুকুর]।

কুঁয়ো=[খু]—বি. কুয়াশা ॥ এবার্ খুব কুঁয়ো হোলে। [<কুহা<কুহা সং]।

কুঁরা=[রা, ব]—বি. বলহীন ॥ এ কুঁরা বলদ্ দিয়ে কাজ্ হবি না ॥ [দেখ কুইর‍্যা]।

কুঁরি=[রা, ব]—বি. আবাদ যোগ্য জলাভূমি ॥ কুঁরিতে খালি খৈএর্ ধান্ হয় ॥ [দেখ কুঁড়ি ; অর্থ প্র.]।

২=[চট্ট]—বি.মুরগী ॥ কুঁরির্ ডিঁমের্ বড় দাম্। [দেখ কুইকুর‍্যা]।

৩=[রা]—বি. ছোট পুকুর, জলাশয় ॥ [দেখ কুঁড়ি]।

কুঁল্যা=[রা]—বি. কুলা ॥ কুঁল্যা দিয়া চাউল্ ঝাড়ো। [<কুল্য সং]।

কুঁহ্যা=[রা]—বি.আমের আঁটির শাঁস ॥ গরু কুঁহ্যা খায় ॥ [দেখ কুঁয়া]।

কুকা=[সি]—বি. মাছ ধরার সরঞ্জাম বিশেষ ॥ কুকা দিয়া মাস্ দর্‌তে বেশ্ আরাম্ ॥

২=[রং]—বি. কোকিল ॥ [দেখ কুঁইল্যা]।

কুকাঠা=[খু]—বিণ. দুষ্ট অভিসন্ধিযুক্ত ॥

কুকানি=[সি]—বি. আর্তনাদ ॥ [< কোকানি]।

কুকানো=[খু]=ক্রি. কাতরানো ॥ এত কুকাও কেন্? [<কোঁকানো]।

কুকাফ্=[কুম]—বিণ. জনমানবশূন্য, সংকটময় ॥ বায়্‌গাডা একেবারে কুকাফ্। [<কোহ্‌কাফ্ کوہ قاف ফা ; প্রসিদ্ধ পর্বত ; অর্থ প্র.]।

কুকামা=[পা]—বি. অন্যায় কর্ম ॥ সেলেপিলের্ খালি কুকামা ॥ [কু+কাম +আ প্র.]।

কুকি=[ঢা]—বি. খুকী ॥ কুকির্ মায় কৈ গো? [<খুকী]।

কুকিশ্যি=[ঢা]—বিণ. বাজে ঝামেলা, অকেজো লোক ॥ যত হগল্ কুকিশ্যি আইয়া আমার্ লগে দেখা দেয় ॥ [< কুকিচ্ছি<কুকিত্তির<কুকীর্তি]।

কুকু=[সি]—বি. বুনোপাখী বিশেষ ॥

কুকুড়িকানা=[রা]—বিণ. রাতকানা, হীনদৃষ্টি সম্পন্ন ॥ একটা মাত্‌রো জামাই, তাও কুকুড়িকানা ॥ [দেখ কুকুরি]।

কুকুর কাছাটুলি=[রা]—বি. তুমুল-ঝগড়া ॥ একটুতেই এরা কুকুর কাছাটুলি করে ॥ [<কুকুর+কাছাট(<কসাউট্ হিং)+লি প্র.]।

কুকুর্ দাঁতা=[রা]—বিণ. দাঁতের উপরে দাঁত বিশিষ্ট ॥ কুকুর্ দাঁতা মায়্যা লেয়া কি কর্‌বি। [<কুকুর+ দাঁত+আ প্র.]।

কুকুর্ মাসি=[ঢা]—বি. কুকুরের গায়ে বসে এইরূপ একপ্রকার মাছি॥ কুকুর্ মাসির্ কামরে কুত্তাডা লাফায়্ [<কুকুর+মাছি]।

কুকুর্ মুতা=[রং, রা]—বি. ব্যাঙের ছাতা॥ [কুকুর+মুত (<মুত্ত<মূত্র) +আ প্র.]।

কুকুর্ মুথা=[রং, রা, দি]—বি. এক প্রকার জংলী আগাছা (ইহার পাতা পুই পাতার মত, হলদে ফুল হয়, ঔষধে লাগে)॥ [দেখ কুকুর্মুতা]।

কুকুর শুংগা=[রা]—বি. একপ্রকার গাছ॥ [<কুকুর+শুংকা(<শুংগন= সুংঘনা হিং)+আ প্র.; সাধু কুকুর শোঁকা]।

কুকে, কুখে=[কুম]—বি. পাঁজর॥ [দেখ কুখ্+এ বিভক্তি]।

কুকো=[খু]—বি. একপ্রকার পাখী॥ কুকো ডাক্তেসে শোন্ ভোর হোয়েসে। [দেখ কুকু]।

কুক্=[ম]—বি. চিৎকার॥ সুইট্কাডা কুক্ সাইরা কান্তাসে॥ [দেখ কুই৩ +ক (স্বার্থে)]।

২=[ম]—অব্য. লুকোচুরি খেলায় সাড়া দেওয়ার শব্দ॥ [পূর্বে দেখ]।

কুক্কা=[কু, সি]—বি. আগুনের স্ফুলিংগ॥ [<উক্কা<উল্কা সং]।

কুক্কু=[ঢা]—বিণ. অমিতব্যয়ী, বেহিসেবী॥ এমুন্ কক্কুর্ কাসে মাইরা বিয়া দিবো না কেউ।

কুক্কুরত্থু=[সি]—অব্য. মোরগের ডাক॥ [ধ্বন্যা.]

কুক্চি=[রা, য]—বি. উরু ও তলপেটের নিম্ন স্থল। কুক্চিতে ফোড়া হলি তারে বাগি বলে (রা)। [কুখ্ <কুক্ষি সং+চি প্র.= কুঁচকি]।

কুক্ড়ো=[খু]—বি. মোরগ, মুরগী॥ কুক্ড়োর্ গোস্ত বড় মযা॥ [দেখ কুইক্র্যা]।

কুক্ড়ো কোঠা=[খু]—বি. মুরগীর ঘর॥ কুক্ড়ো কোঠায় শাপ্ শিয়াল্ ঢুকবে॥ [দেখ কুক্ড়ো+কোঠা< কোষ্ঠ সং]।

কুক্ড়ো বাগ্=[য]—বি. প্রভাত॥ এই কুক্ড়ো বাগের্ শময় বেরোলাম্ আর্ কি। [দেখ কুক্ড়ো+বাঙ্গ بانگ ফা.]।

কুক্তা=[খু]—বি. লাঠি জাতীয় দণ্ড॥ শয়্তানেরে কুক্তা দ্যাও। [< কোঁৎকা <কুৎকা তু.]।

কুক্রা=[ঢা, পা]—বি. মুরগী॥ আমার্ কুক্রাডা ডিম্ দ্যায়্। [দেখ কুক্ড়ো; =কুক্ড়া হিং]।

কুক্রা গাস্=[ফ]—বি. আগাছা বিশেষ॥ [<কুকুরা গাছ]।

কুক্রা ঘোট্=[সি]—বি. অনায়াস বদ্ধ দল, অস্থায়ী জোট॥ [<কুকুর+আ প্র. +জোট]।

কুক্রি=[সি]—বি. আক্ষেপ॥ ই কুক্রি করি গর্ দুয়ার্ বাংলি কেন্?

কুক্রি আন্দা=[ফ]—বিণ. রাত কানা॥ [দেখ কুক্রা+ই<ইয়া; +আন্ধা<অন্ধ+আ; =আন্ধা হিং]।

কুক্রি কানা=[সি]—বিণ. রাত কানা॥ কুক্রিকানা যামাই॥ [দেখ কুক্রা+কানা]।

কুখ=[ম]—বি. পাঁজর॥ কুখ ক্যাচা দিস্ না দম্ বন্দো ঐব। [<কুখ< কুক্ষি সং]।

কুখাপ্=[সি]—বিণ. নির্জ্জন॥ কুখাপ্ যায়্গায়্ কর্ কিতা। [দেখ কুকাফ্]।

কুখ্যানা=[রা, রং, ব]—বিণ. হতভাগা, কুলক্ষণা॥ কুখ্যানা লোকের্ মুখ্ দেখে বেরোইছি ভাগ্গে কি আছে কে জানে (রং)। [<কু+ ক্ষণ+ আ প্র.]।

কুখ্ড়া কুখ্ড়ি করা=[রা]—ক্রি. ইয়ার্কির সহিত ছড়াছড়ি করা, গুঁতাগুতি করা॥

কুখ্রা=[পা]—বি. মুরগী॥ [দেখ কুইক্র্যা]।

২=[কুম]—বি. এক প্রকার ছোট গাছ॥

কুগিনে=[খু]—ক্রি. বিণ. কোথায়॥ কুগিনে যাতিচো॥ [<কুখিনে< কুইখানে<কোন খানে<কোন স্থানে]॥

কুঙ্নি=[খু]—বি. হাঁড়ি প্রভৃতি রাখার জন্য গোলাকার স্তূপ॥ [দেখ কুওলি]।

কুচ'ংগা=[ঢা]—বিণ. অসভ্য॥ [কু +চাঙ্গা<চঙ্গ সং]।

কুচ'ক্কৈরা=[নো]—বিণ. দুষ্ট॥ তার্ কামে খালি কুচ'ক্ কৈরা বুদ্দি। [<কুচক্কর (<কুচক্র) +ইয়া]।

কুচ'য়্যা=[ম]—বিণ. সবুজ॥ কুচ'য়্যা রং। [কচু+ইয়া প্র.]।

কুচ'রি মুচ'রি=[ম, ঢা]—ক্রি. বিণ, সংকুচিত, আউলা ঝাউলা॥ কাপর্ডা কুচ'রি মুচ'রি লাইগ্যা রৈসে। [<কোঁচ (<কুঞ্চন সং+ড়ি প্র.+ মোচড়+ ই প্র.]।

কুচ'ল্=[য]—বি. আবদার॥ শব্ শময় কুচ'ল্ করা ভালা না। [দেখ কুচ'াল্; <কচাল=ঝগড়া; অর্থ প্র.]।

কুচ'া=[বা]—বি. ক্ষুদ্র অংশ॥ কাঠের কুচ'ায়্ পাও কাট্সে। [কুচি]।

২=[সি]—বি. ধুতির কোচা॥ হে কুচ'া দি দুতি পিন্সে। [<কোঁচা]।

৩=[সি]—বি. কোঁচ(যা দ্বারা মাছ ধরা হয়)॥ [দেখ কুস্]।

কুচ'াইলা=[ম]—বিণ. যে অযথা আবদার করে॥ সেরাডা বরৈ কুচ'াইলা। [<দেখ কুচ'ল্+ইয়া প্র.]।

কুচ'ানো=[চট্ট]—ক্রি. পরিষ্কার করা॥

কুচ'াল্=[কুম, ম, নো]—বি. অযথা আবদার॥ সাইলাটা বর কুচ'াল্ করে। [দেখ কুচ'ল্]।

কুচি'=[বা, ফ]—বি. টুকরা॥ পাথরের্ কুচি'॥

২=[বা, পা]—বি. আউশ ধান॥

৩=[বা]—বি.মুড়ি ভাজিবার সময় চাল নাড়িবার নারিকেল শলার তৈরী হাতা বিশেষ॥

কুচি' বারি=[কুম]—বি. পাহাড়ের নিকট ছোট ছোট বাড়ি॥ [কোচ (জাতি. বিশেষ)+ই সম্বন্ধে; অথবা দেখ কুচি'; অর্থ প্র.]।

কুচি ভাদৈ=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ ॥

কুচি'মুচি'=[সি]—ক্রি. বিণ. জড় সড় ॥ হে কুচি'মুচি' লাগি বৈ রৈসে। [দেখ কুচু'রি বলা+মুচি' অনু:]।

কুচি' মুর্‌গি=[সি]—বি. যে মুরগী ডিমে তা দেয় ॥ [দেখ কুইচ'্যা+মুরগী]।

কুচি'য়া=[ফ, সি]—বি. সর্পাকৃতি বিষাক্ত মাছ বিশেষ ॥ [দেখ কুইচ'্যা]।

কুচি'য়ালা=[সি]—বি. বুনো তিক্ত ফল বিশেষ ॥ [<কুচিলা ; তুং কুচ্‌লা হিং]।

কুচু'ইয়া মুর্‌গি=[চা]—বি.যে মুরগী ডিমে তা দিতে বসিয়াছে ॥ কুচু'ইয়া মুর্‌গি যবন্ কর্‌কর্ করে। [দেখ কুইচ'্যা মুর্‌গি]।

কুচু'ইল্‌লা=[কুম, চা]—বি. তেলাকুচ ॥ [দেখ কুচি'য়ালা]।

কুচু'ক্=[কুম, নো, চট্ট]—বিণ. শয়তান ॥ ই বেটা এক্ নম্‌বরের্ কচু'ক্। [দেখ কিচ'ক্]।

কুচু'ক্‌কুরিয়া=[নো]—বিণ. জটিল ॥ বেডা কুচু'ক্‌কুরিয়া বুদ্‌দিতে ওস্তাদ্।

কুচু'টি=[বা]—বি. কচুরি পানা ॥ [<কচুরি]।

কুচু'টে=[য]—বিণ.হিংসুটে ॥ লোক্‌টা বড় কুচু'টে। [<কুচুটে]।

কুচুনি=[দি]—বি. জাতি বিশেষ ॥ [<কোচ+নি প্র.]।

কুচু'রি বলা=[সি]—ক্রি. চক্রাকারে পেঁচানো ॥ শাপ্‌টা গাসের্ খৈরলে কুচুরি বলাইয়া রৈসে। [দেখ কুচ'রি মুচ'রি+বলা<বলয়]।

কুচে'=[য]—বি. সাপের মতো এক প্রকার মাছ ॥ [দেখ কুইচ্যা]।

কুচৈ'=[ফ]—বি. বনজ ফল বিশেষ ॥

কুচে'াল্=[খু]—বিণ. পিছল ॥ পথ্‌টা বড় কুচে'াল্। [<কুচল<কচচল সং]।

কুচ্‌'=[খু]—ক্রি.বিণ. জবেহ ॥ মুর্‌গিটা কুচ্' করি দাও [দেখ কুচমুল্যা ; ঃবল্যা. ; অর্থ প্র.]।

২=[কুম]—বি. সুতা সমান করার ব্রাশ বিশেষ ॥ কুচ্ দিয়া মারাইয়া হোতা শমান্ কর্।

৩=[চা]—বি. নৌকা চালাইবার পালা ॥ অহন্ তোমার্ কুচ্'।

৪=[কুম]—বি. গুলি খেলার অংশ বিশেষ (হাটুর উপর আংগুল রাখিয়া অন্য গুলি লক্ষ্য করিয়া মারার অধিকার লাভ) ॥

কুচ্‌'কলাই=[ম]—বি. বরবটি ॥ কুচ্' কলাই দর্‌সে, খাওয়াইও গো।

কুচ্‌'কাচ্‌'=[পা]—ক্রি. বিণ. জড় সড় ॥ একটু কুচ্'কাচ্' করি বশ্। [<খোঁচ+খাঁচ (অনু:) ; অর্থ প্র.]।

২=[পা]—বি. চাপা, অসমতল ॥ [পূর্বে দেখ]।

কুচ্‌'কাচ্‌' হওয়া=[ম]—ক্রি. আঁট সাঁট ভাবে বসিলে বা জিনিস রাখিলে খোলা জায়গা না থাকা ॥ [দেখ কুচ্'-কাচ্'+হওয়া ; অর্থ প্র.]।

কুচ্‌'কুইচ'্যা=[চা]—বিণ. কুচকুচে, নিকষ ॥ কালা কুচ্'কুইচ'্যা সেরিরে কেডায় বিয়া কর্‌ব ? [দেখ কুচ'কুচ'্যা]।

কুচ'কুচ'ানি=[চা]—বি.সখ, খাহেশ ॥ উপরে না না কর্‌লে কি ঐব, তোমার্ কুচ্'কুচ'ানি আসে। [<খোঁচ+খোঁচানি ; অর্থ প্র.]।

কুচ্‌'কুচি'=[চট্ট]—বি. কোন ব্যাপারে অহেতুক চাঞ্চল্য বা বাড়াবাড়ি প্রকাশ ॥ তোঁয়ার্ কুচ্'কুচি' মবাই দিম্।

কুচ্‌'কুচ'্যা=[পা]—বিণ. মিশমিশে ॥ যাম্ পাইক্যা কালা কুচ'কুচ'্যা ঐসে। [<কুচ+কুচিয়া(<কুচ<গুঞ্জা) ; কুচকুচে]।

কুচ্‌'কুম্‌রি=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

কুচ্‌'চে'=[কু]—বি. ডিম ফুটাইবার স্থান ॥ মুর্‌গিটি কুচ্'চে'ত্ বশি আসে। [দেখ কুইচ'্যা]।

কুচ্‌'ড়ি=[খু]—ক্রি. বিণ. বাঁকিয়া, এড়াইয়া ॥ [দেখ কুচ্'রি মুচ্'রি]

কুচ্‌'মল্যা=[খু]—ক্রি. বিণ. পরিষ্কার করিয়া, তলা মুছিয়া ॥

কুচ্‌মুচি=[রা]—বিণ. কচি, মজ্জাগত ॥ কুচ্‌মুচি হাড়্‌ডা মোর্ তোংগে থুম্। [=কচ্ কচে]।

কুচ্‌'মুল্যা=[খু]—বি. কোরবানী, জবেহ ॥ আয্‌কে মুর্‌গিটা কুচ্'মুল্যা দেব। [দেখ কু'চ্+বিস্‌মিল্লাহ بسم الله আং=আল্লাহর নাম লইয়া ; অর্থপ্র.]।

কুচ্‌'রি মুচ্‌'রি=[চা]—ক্রি. বিণ. সঙ্কুচিত ॥ কুত্‌তাডা কুচ্'রিমুচ্'রি দিয়া হুইয়া রৈসে। [দেখ কুচ'রি মুচ'রি]।

কুচ্‌'লা=[পা ; রা]—বি. মাছের কলিজা জাতীয় অংশ ॥

কুচ্‌লা কুচলি=[রা, রং]—বি. উৎপাত, বাঁদরামি ॥ তুই মোর্ শাথে বড় কুচ্‌লা কুচ্‌লি নাগাচিশ্। [<কুচল হিং (<কুচল্‌না হিং)+আ ; কুচল+ই প্র.]।

কুচ্‌লানো=[রা]—ক্রি. মার দেওয়া ॥ চোর্‌টাকে কুচ্‌লা। [<কুচল+আনো প্র. ; তুং কুচল্‌না হিং]।

২=[রা]—ক্রি. দুষ্টামি করা, ঠাট্টা করা ॥ তুই কুচ্‌লাচ্ ক্যা ? [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কুচ্‌'লামি=[ফ]—বি. ॥ শয়তানি ॥ [দেখ কুচ'ল্+আমি প্র.]।

কুচ্‌'লোনি=[য]—বি. তীব্র বাসনা, কামাসক্তি ॥ তার্ কুচ্'লোনি উঠ্‌সে। [দেখ কুচ'ল্+উনি প্র.]।

কুজর্=[রা]—বিণ. হীন বংশোদ্ভুত ॥ আল্‌লাহ্ মোক কুজরের হাতত্ ফেল্‌লু ক্যান্ ? [<কুঞ্জড়া হিং ; অর্থ প্র.]

কুজি=[বং, রা]—বি. চাবি ॥ ঘরে কুজি লাগাও। [<কুঁজি<কুঞ্জি<কুঞ্চি<কুঞ্চিকা সং]।

কুঝ্যা=[চট্ট]—বি. শুষ্ক ঘাসের স্তূপ ॥ [দেখ কুইজ্যা]।

কুঝারা=[চট্ট]—বিণ. জারজ, দুষ্ট, অসৎ ॥ তোঁয়ার্ নান্ কুঝারা মানুষ্ গেরামত্ ন আসে। [<কুজরুআ<কুজন্মা<কুজন্মা<কু+জন্ম+আ প্র.]।

কুম্‌রিয়াপ্যানা=[রা]—বি. কৃপণতা ॥ কুমুরিয়াপ্যানা করিস্ না। [<কুঁজড়িয়া

+পনা প্র.=কুঁজুড়েপনা; দেখ কুজর্]।

কুবলার্ চিত্ত ঐরা শোয়া=[পা]—ক্রি. যে কাজ করিবার ক্ষমতা নাই তাহাই করিতে যাওয়া, অসম্ভব কাজে হাত দেওয়া॥ [কুব্জ<কুব্জ সং+লা প্র.]।

কুষ্=[সি]—বি. ডিমের ভিতরের হলুদ অংশ॥ [<কুছ<কুস<কুসুম]।

কুষ্ড্যা=[চট, রা]—বিণ. দুষ্ট॥ কমিন্ কুষ্ড্যা মরে না (রা)। [দেখ কুজর্ +ইয়া প্র.]।

কুষ্ড়ো=[খু, য]—বিণ. চালাক, শয়তান, বদমায়েশ॥ কুয়ড়োর্ সংগে পারা দায়্। [দেখ কুষ্ড্যা]।

কুষ্রা=[বা]—বিণ. কাহারো ভালো যে দেখিতে পারেনা, দুষ্ট, অসৎ॥ [দেখ কুষ্ড্যা]।

কুষ্লা=[কুম]—বিণ. ফাজিল, ইতর, দুষ্ট॥ তুই এত কুষ্লা কেরে? [দেখ কুজর্]।

কুটা=[ব, রং]—বি. অতি ক্ষুদ্র টুকরা॥ [কুষ্ট হিং]।

২=[সি]—বি. আঁকশি॥ কুটা দিয়া আম্ পারো। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[পা]—বিণ. ময়লা॥ চো'হের্ মৈদ্যে কুটা পৈড়্ চে'। [পূর্বে দেখ]।

কুটা করা=[ফ]—ক্রি. অবশ হওয়া॥ শিতের্ চো'টে হাত্ পা কুটা করেসে।

কুটাকুটি=[সি]—বি. প্রহার॥ [< [<কুটাকুটি(<কুট্টন সং)]।

কুটা তাম্শা=[ম]—বি. ছেলেমেয়ে॥ আমার্ একটা কুটা আর্ দুইডা তাম্শা [দেখ কুটা; তামাসা; অর্থ প্র.]

কুটানি=[দি]—বি. যে স্ত্রীলোক ধান ভানে॥ মাগিটা কুটানি, ধান্ কুটি খায়্। [<কুট (<কুট্টন)+আনি প্র.]।

২—[ম]—বি. বাহাদুরি॥ এত কুটামি কৈর না। [কুটানি]।

কুটাল্সের=[ম]—বিণ. প্রাসাদ॥ 'কারো আই চা'লা কারো গাসুতলা, কারো দেসে কুটাল্সের্ মওল্'—পল্লী সংগীত। [<কোটাপুর; অর্থ প্র.]।

কুটি=[রা, দি]—বি. মাটির তৈরী গোলাকার হাঁড়ি (ইহাতে দশ বারো সের চাউল ধরে)॥

২=[পা]—বি. খড়ের ছোট টুকরা॥ [দেখ কুটা+ই ক্ষুদ্রার্থে]।

৩=[রং]—বি. গুটী॥ আমের্ কুটি বড়ো হৈচে। [<গুটি]।

৪=[সি]—বি. লাঙ্গলের মুঠ। [<কোটি; দেখ কুঠি]।

৫=[ব, রং]—বিণ. কোথায়॥ কুটি যাও? [<কুটাই <কুঠাই <কুথাই <কোথায়]।

৬=[কুম]—বি. কাঠের তৈরী পাদুকার অংশ বিশেষ॥

কুটি কাটি=[সি]—বি. টুকরা টাকরা॥ [দেখ কুটি+কাটি অনু:]।

কুটিকাল্=[ফ]—বি. ছোট বেলা॥ কুটিকালের কথা মনে নাইকা। [দেখ কুটি+কাল; অর্থ প্র.]।

কুটি কুটি=[সি, কু]—বিণ. ছোট ছোট, টুকরা টুকরা॥ [দেখ কুটি, ; আধিক্যার্থে দ্বিত্ব]।

কুটিবা—[দি]—ক্রি. বিণ. ভানিতে॥ মাগিটা ভালো ধান্ কুটিবা পারে না। [<কুটিবার]।

কুটি মুটি=[সি]—বিণ. ছোট॥ কুটি মুটি মাসুই কত? [দেখ কুটি, +মুটি অনু:]।

কুটিয়া=[সি]—বিণ. যে কথার ভিন্ন ভিন্ন অর্থ করিতে পারে॥ এইশব্ মষ্লিশে কুটিয়া লোকের্ দর্কার্। [<কুট+ইয়া প্র.]।

কুটিয়ারা=[সি]—বি. যাহারা ধান কিনিয়া চাউল করিয়া বিক্রী করে॥ [<কুট্ট<কুট্টন সং+য়া প্র.]।

কুটিয়াল্=[বা]—বি. যে ধান চাউলের ব্যবসা করে॥ [কুঠি+আল প্র.]

কুটুম্বিতালি=[রা]—বি. আত্মীয়তা॥ তার্ শাথে আমার্ কুটুম্বিতালি নাই। [<দেখ কুটুম্+বিতালি]।

কুটুম্=[পা]—বি. ভগ্নীপতি॥ [<কুটুম]।

কুটুম্ পাট্=[পা]—বি. ব্যাগার খাটনি॥

কুটুম্ পৈখ্=[চা]—বি. একপ্রকার পাখি॥ কুটুম্ পৈখে ডাক্লে বোলে বাইত্ কুডুম্ আইযে। [দেখ কুটুম্+পক্ষী; অর্থ প্র.]।

কুটুরা=[দি]—বি. টুকরা॥ [<টুকরা; বর্ণ বিপর্যয়]।

কুটুরি=[রং]—বি. খুপরি, কোটর॥ গাছের্ কুটুরি। [<কুঠুরি]।

কুটুর্ কাটুর্=[সি]—অব্য. শব্দ বিশেষ॥ [ধ্বন্যা.]।

কুটুল্=[রং]—বি. ফুস্কুড়ি॥ কুটুল্ আউলি দে। [<কুট (ধ্বন্যা.)+উল প্র.; কুটকুট করে এই অর্থে; অর্থ প্র.]।

কুটে=[কুম.]—বিণ. একা॥ [<এক +উটিয়া প্র.; দেখ কুড়ে]।

কুট্যাল্=[কুম]—বিণ. ধনী, কোটিপতি॥ [<কোটি+ওয়ালা প্র.]।

কুটো=[খু]—বি. ধানের খড়, গরুর খাদ্য॥ [দেখ কুটা; খড়কুটো]।

কুট্ইয়াল্=[ফ]—বিণ. যক্ষ, কোটিপতি॥ তুমি তো ট্যাহার্ কুট্ইয়াল্। [দেখ কুট্যাল্]।

কুট্কা=[ফ]— বিণ. নোংরা॥ [<কুটা<কুষ্ঠ+কা প্র.[।

কুট্কাইল্=[সি]—বি. আবর্জনা॥ দানের্ কুট্কাইল্ বালা করি সারাও। [<কুট+কালি]।

কুট্কার্=[ব.রং]—অব্য. কোথাকার॥ কুট্কার্ তাংকু রে? [<কুটাকার <কোথাকার]।

কুট্কুটা=[পা]—বিণ. কুচ্কুচা, চিকচিকা॥ শাপ্টা কালা কুট্কুটা।

কুট্কুটান্=[ম]—ক্রি. কচুর রসে জ্বালা করা, গা চুলকান॥ এই কচু'গুলা বারি কুট্কুটায়্। [<কুটকুট (নাম ধাতু)+আন প্র.]

২=[ম]—ক্রি. গোপনে কোন কিছু করা, কাহারো বিরুদ্ধে নিম্নস্বরে প্রতিবাদ জানানো॥ হারা দিনৈ বামাইর লগে

বৈয়া কুট্‌কুটায়্। [<কুট্‌কুট (ধ্বন্যা.) আন প্র. ; অর্থ প্র.]।

কুট্‌কুটি=[রং]—বি. তেজ ॥ [দেখ কুট্‌কুট্‌+ই ; অর্থ প্র.]।

২=[সি]—বি. পীড়াপীড়ি ॥ কাম্‌টা করার্‌ যন্‌নি হে কুট্‌কুটি করের্‌। [=খিটিমিটি]।

৩=[রং]—বি. ফাজলামি ॥ তোর্‌ কুট্‌কুটি ভাইশছে। [পূর্বে দেখ]।

কুট্‌কুট্‌=[ঢা]—বি. বিষাক্ত দ্রব্যের সংস্পর্শ জাত জ্বালা ॥ [অনু.]।

কুট্‌কুট্‌ করা=[ঢা]—ক্রি. গা চুলকানো ॥ আমার্‌ শৈল্‌ডা কুট্‌কুটাইতাসে। [দেখ কুট্‌কুট্‌+করা]।

কুট্‌কুড়ান্‌=[চট্ট]—ক্রি. কুটিকুটি হাসা, উচচ হাস্য করা ॥ কিসুতা হুনিই পোয়াগুইন্‌ কুট্‌কুড়াই হাশের্‌। [কুট্‌কুট্‌ (নাম ধাতু)+আন প্র. ; অর্থ প্র.]।

কুট্‌টা=[বা]—বি. ফল ইত্যাদি পাড়িবার দণ্ড বিশেষ ॥ [দেখ কুটা]।

কুট্‌টি=[ঢা]—বি. ঢাকার আদিম অধিবাসী যাহারা রাজমিস্ত্রীর কাজ করিত॥ ডাহাইয়া কুট্টি। [<কুঠি ; অর্থ প্র.]।

২=[সি]—বিণ. খুব ছোট ॥ কুট্টি আম্‌গুইন্‌ পারস্‌ ক্যা ? [দেখ কুটি° ; আধিক্যার্থে দ্বিত্ব]।

কুট্‌টি বল্‌লা=[পা]—বিণ. খুব ছোট ॥ কুট্টি বাল্‌লা মাস্‌টা নামাই দেও। [দেখ কুট্‌টি+বর্রঃ ; ذره আং সহশব্দ]।

কুট্‌টি দান্‌=[পা]—বিণ. অতিক্ষুদ্র ॥

কুট্‌ট্‌ভ্‌=[সি]—বি. আত্মীয় (বিদ্রূপাত্মক) ॥

কুট্‌টুনি=[পা]—বিণ. অতি ক্ষুদ্র ॥ এত কুট্টুনি সাও দিয়া কি কৈর্‌বে ? [<কুটি+নি ; দেখ কুট্‌টি]।

কুট্‌টুন্‌না=[পা]—বিণ. ছোট ॥ কুট্টুন্‌না বাক্‌শোডা কার্‌ ?। [দেখ কুট্টুনি]।

কুট্‌তে=[দি]—অব্য. কোথা হইতে ॥ কুট্‌তে আলু তুই ? [< কুতুতে<কোথাতে<কোথা হইতে]।

কুট্‌না=[ম]—বিণ. উদ্দেশ্য মূলক ভাবে দোষ রটনাকারী ॥ তার্‌ মত কুট্‌না মেয়ে আর্‌ দেখি নাই। [কুটনা ; সং কুট্‌নীর পুংলিঙ্গ]।

কুট্‌নামি=[ঢা, সি]—বি. নিন্দা, পরচর্চা ॥ [দেখ কুট্‌না+মি প্র.]।

কুট্‌নি=[রং]—বিণ. কুমন্ত্রণাদায়িনী ॥ এই কুট্‌নিটাই উযার্‌ শর্‌বনাশ্‌ কচ্‌চে। [কুট্‌নী ; অর্থ প্র.]।

কুট্‌পাট্‌=[গ]—ক্রি. বিণ. জোরে, তাড়াতাড়ি ॥ হে কুট্‌পাট্‌ কর‍্যা হাডে। [=চোটপাট]।

২=[পা]—বিণ. অভিভূত ॥

কুট্‌মিন্‌=[সি]—বি. ট্রাংক ॥ কুট্‌মিনে কাপর্‌ রাখ্‌ ॥ [পোটম্যান্‌টো portmanteau ইং]।

কুট্‌লান্‌=[রা]—ক্রি. নষ্ট বা অকেজো হওয়া ॥

কুঠা=[সি]—বি. কোঠা, কামরা। [<কোঠা]।

কুঠাই=[ম]—অব্য. কোথায় ? [দেখ কুআই]।

কুঠি=[সি]—বি. লাঙ্গলের মাথা ॥ [দেখ কুচি°]।

কুঠে ভালা=[রং]—ক্রি.বিণ. কোথায় জানি ॥ অয়্‌ কুঠে ভালা গেইছে। [< কুঠাই < কোন ঠাঁই+ ভালা (অব্য.)]।

কুড্যা=[ঢা]—বি. মুরগী।

কুড়নি=[চট্ট]—বি. বঁটি। [দেখ কুনাট্যা ; কুট্‌(<কুট্টন সং)+নি প্র.]।

কুড়ংগি=[ঢা]—বিণ. যে সাংসারিক কাজ কমে উদাসিনী ॥ আরে কুড়ংগি, বাশন্‌ডা অহন্‌ও এহানেই রাইখ্যা দিসস্‌ ?

কুড়া=[ঢা, ম]—বি. কাঠ বা বাঁশের অংশ বিশেষ ॥ [দেখ কুটা]।

২=[ঢা]—বি. খড়, ধানের নাড়া ॥ [দেখ কুটা₂]।

৩=[কুম]—বি. ক্ষুদ্র জিনিস ॥ চৌ'খে কুড়া পর্‌সে। [দেখ কুটা]।

কুড়া কাড়া=[ঢা]—বি. খড় ইত্যাদির টুকরা ॥ কুড়াকাড়া হুইরা শাফ্‌ কর্‌। [দেখ কুড়া+কাড়া অনু: ; তু: কোড়া করকট্‌ হিং]।

কুড়া কাড়ি=[ঢা]—বি. টুকরা কাঠি ও নানাবিধ জ্বালানী ॥ [দেখ কুড়াকাড়া]।

কুড়ারা=[চট্ট]—বিণ. খারাপ ॥ [কুধারা]।

কুড়ি=[ম]—অব্য. কোথায় ॥ কুড়ি যামু ? [দেখ কুটি₂]।

২=[কুম]—বি. কৌটা ॥ চু'নের কুড়ি কৈ ? [দেখ কুড়ুই]।

৩=[ঢা]—বি. খুকী ॥ [<কুড্ডি< খুড্ডিয়া<ক্ষুদ্রিকা সং কিংবা কুড়ি মুণ্ডারী শব্দ]।

৪=[কুম]—বি. লাঙ্গলের হাতল বা মুঠি ॥ লাংগলের্‌ কুড়িত্‌ দর্‌। [দেখ কুটি₄]।

কুড়ি মাস্‌=[কুম]—বি. পুঁটি মাছ ॥ কাতিমাহে কুড়ি মাস্‌ খাইতে হোয়াদ্‌। [=পুঁটিমাছ]।

কুড়ু=[সি]—বি. ছোট ছেলে ॥ কুড়ুডা কোন্‌হানে গ্যাসে ? [<খুড্ড <ক্ষুদ্র কিংবা কোড়া মুণ্ডারী শব্দ]।

কুড়ুই=[ফ]—বি. কৌটা ॥ [<কড়ুই <কটুরি کٹوری হিং]।

কুড়ুইল্‌=[কুম]—বি. সরার উপরের গোলাকার অংশ ॥ এক্‌ কুড়ুইল্‌ নুন্‌ আনো।

কুড়ুমাইল্‌=[ম]—বি. এক প্রকার পাখী ॥ বনে বাদারে কুড়ুমাইল্‌ পক্‌খি বাশা বানায়্‌।

কুড়ুর্‌ কারি=[কুম]—ক্রি. বিণ. কষ্ট করিয়া ॥

কুড়ে কুড়ে=[কুম]—ক্রি. বিণ. একা একা ॥ কুড়ে কুড়ে যাইতা পারতাম্‌ না। [এক +উটিয়া প্র.]।

কুড়ে মুড়ে=[ম]—ক্রি. বিণ. কষ্টে সৃষ্টে ॥ কুড়ে মুড়ে বোঝাটা বাড়ি নিয়ে যা।

কুড়ো=[ফ]—বি. কৌটা, লাঙ্গলের মুঠি ॥ কুড়ে ধৈরা লাংগল ঠেলে।

:[ফ]—বিণ. মিথ্যা, বাজে ॥

কুড়্না কথায় বিপদ্ গড়ে। [দেখ কুটনা]।

কুড়্বুড়ে=[পা]—বিণ. কুটনা, যে একের কথা অন্যকে বলে॥ কুড়বুড়ে লোক্। [<কূট+বুড়ে<বুড়ি< বুদ্ধি]।

কুড়্রা=[কুম]—বি. কৌটা॥ হিন্দু-রের্ কুড়্রা। [<কটরা<কটূরা کٹورا হিং]।

কুড়া=[নো]—বি. মোরগ॥ কুড়ার্ গোস্তু খুব্ শাদ্। [দেখ কুইক্র্যা]।

২=[পা, ফ]—বিণ. নবজাত বাঁশ॥ [<কড়া<কড়ি< কলি সং]।

৩=[ফ, য]—বি. বল্লম, শড়কি॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৪=[চট্ট]—ক্রি. খনন করা॥ কবর্ কুড়া। [কুড়া ম. বাং; তুং খোঁড়া, খোড়ন (<খনন)]।

৫=[দি]—বি. ডোবা, ছোট খাল॥ কুড়াত্ এইবার্ মাছ্ নাই। [কুঁড়া< কুণ্ড সং; দেখ কুর্]।

৬=[খু]—বিণ. শক্ত॥ তারা দুটা কুড়া কোতা শুনুই দিল্। [<কড়া]।

৭=[রং, সি,]—বি. নদীর গভীরতম স্থান॥ নদির্ কুড়াতে অনেক্ মাছ্ থাকে (রং)। [দেখ কুড়্৫]।

কুড়াইল্ইয়া=[খু]—বি. কাঠ ঠোকরা পাখী॥ কুড়াইল্ইয়া ডাক্লে অতিথ্ আশে। [দেখ কুড়াইল্লা]।

কুড়াইল্লা=[নো]—বি. এক জাতীয় পাখী॥ [<কুড়াল (<কুঠার)+ ইয়া প্র; অর্থ প্র.]।

কুড়াকুড়ি=[রা]— বি. গড়াগড়ি, ধস্তাধস্তি॥ কুড়াকুড়ি করো না। [<গড়াগড়ি, কাড়া কাড়ি]।

কুড়ানো=[য, ব]—ক্রি. ঝাঁট দেওয়া॥ [<কুড়া+(নাম ধাতু) আনো প্র.]।

কুড়ি=[রা]—বি. ছোট পুকুর॥ এত-টুকু কুড়িতে মাছ্ ছাড়া ঠিক্ না। [দেখ কুঁড়ি]।

২=[চট্ট]—অস. ক্রি. খুঁড়িয়া॥ সির্ কালে কবর্ খুঁড়ি ফেলাইয়ে। [দেখ কুড়া৪]।

কুড়িয়া=[দি, পা]—বিণ. অলস॥ [<কুঢ় (<কুষ্ঠ)+ইয়া প্র.]।

২=[রা]—বিণ. রোগা, শীর্ণ॥ কুড়িয়া মরদের্ আবার্ জাঁক্। [পূর্বে দেখ; অর্থ]।

কুড়্নো=[খু]—বি. জড় করা, জমা করা, কুড়াইয়া লওয়া॥ বাশের্ পাতা কুড়ুনো শেশ্ হয়েসে। [দেখ কুড়ানো]।

কুড়্ল্যা=[চট্ট]—বি. কাঠঠোক্রা॥ [দেখ কুড়াইল্লা]।

কুড়্ল্=[পা]—বি. বাঁশের অঙ্কুর॥ [কোঁড়+ল প্র.]।

কুড়ে=[য]—বি. মাঠের ফসল আগ-লাইবার কাজে অল্প কয়দিনের জন্য তৈরী ঘর॥ কুড়ে বান্দি শুয়ে থাক্তে পার্লে ফশল্ পাবা।]<কুটি= কুটির]।

কুড়্যা=[রা, পা] — বিণ. দুর্বল, আতুর॥ [দেখ কুড়িয়া]।

কুড়ো=[খু]—বি. ধানের কুটা॥

২=[খু]—বি. ছাতার বাঁট॥ সাতির্ কুড়ো বদ্লাও। [দেখ কুঁড়া৩]।

৩=[য]—বি. চাউলের গুড়া॥ কুড়োর্ পানি গরুকে খাওয়ানো ভাল। [<কুঁড়া]।

কুড়ো যাল্=[য]—বি. মাছ ধরিবার জাল বিশেষ॥ [দেখ কুঁড়াযাল্]।

কুড়্=[রা]—ক্রি. বিণ. একত্র॥ এখানে শকলে কুড় পাড়্লে কেন্? [<কুল =সমূহ, দল]।

২=[খু]—বিণ. জলা॥ কুড়্ যমিতে ভালো ধান্ হয়। [<কুণ্ড]।

৩=[রং]—বি. বিবাহের রং॥ কৈন্যাকে কুড়্ দ্যাও।

কুতল্ দেওয়া=[সি]—ক্রি. সাহায্য করা। কে কারে কত কুতল্ দিব।

কুতা=[সি]—বি. কষ্ট॥ তার্ মনে কুতা হৈসে। [<কোতাহী کوتاهی ফা.]।

২=[রং]—বি. কথা॥ একুটা কুতাও কৈল্ না [<কথা]।

কুতাইত্=[বা]—বিণ. বশীভূত॥ কুতাইত্ বৌ।

কুতানো=[য]—ক্রি. কঠোর ব্যবহার করা॥ বাড়ি গেলে তোকে কুতাবেনে। [<কুদানো<কোঁদা (<কূর্দন সং) +আনো প্র.]।

কুতা বর্শি=[ম]—বি. বড় মাছ ধরার বড়শি বিশেষ॥

কুতি=[সি]—বিণ. ছোট॥ মানুশটা কুতি চৌখা। [<কুতাহ্ کوتاه ফা.]।

২=[রা, ব, রং]—ক্রি. বিণ. কোন-দিক, কোথায়॥ কুতি থাকি আইছ্ (রা)? [<কথি ম. বাং]।

৩=[কুম]—বি. বগল॥ কুতির্ নিচে' বেযায়্ গন্দ।

কুতিকাতি=[চট্ট]—বি. কাতুকুতু॥ কুতিকাতি দিলে মানুশে আশয়্। [= কাতুকুতু]।

কুতিকার্=[পা]—বিণ. কোথাকার॥ চো'র্ কুতিকার্, আমার্ চো'হে ফাকি? [দেখ কুত্কার; কুতি২+কার]।

কুতি দৌর্=[চা]—বি. কুকুরের দৌড়॥ কুতি দৌর্ দিয়া আইটা যাও। [দেখ কুইত্যা+দৌড়]।

কুতিয়া=[সি]—বিণ. যে অসহনীয় কথা বলে॥ চা'হর্ডা বর কুতিয়া। [দেখ কুইত্যা; অর্থ প্র.]।

২=[সি]—বি. ধানের পোকা॥ কুতিয়ায় দান্ খাইলাইসে।

কুতিয়ানি=[সি]—বি. বিষ মাখা কথা॥ [দেখ কুইত্যা+নি প্র.; =কুইত্যামি]।

কুতু=[কুম]—বি. ধারালো লোহা॥ কোচে'র্ কুতুগুলি খুব্ ধারাইল্।

কুতুইক্কা=[চট্ট]—বি. এক প্রকার পাখী॥ কতুইক্কা পাখিটা ধর্।

কুতুইর্গা=[কুম, নো]—বি. পুরুষ কুকুর॥

কুতুব্তারা=[সি]—বি. ধ্রুবতারা॥ [কুতব قطب আং+তারা]।

কুতুম্ কাতুম্=[বা]—বিণ. নাদুস

নুদুস ॥ তার্ চেঁহারাডা বেশ্ কুতুর্ কাতুর্। [অনু.]।

কুতুর্ কুতুর্ করা=[য]—ক্রি. আস্তে আস্তে করা ॥ কি এক্ কায্ নিয়ে কুতুর্ কুতর্ কর্‌সিশ্।

কুতুল্=[খু]—বি. দেয়ালের গাত্রস্থিত দীপাধার ॥ টেমিটা কুতুলে থো। [<খোঁদল]।

কুতুহানি=[পা]—বিণ. কতটুকু ॥ কুতুহানি দুদ্ আন্‌মু ? [<কতোহানি <কতখানি]।

কুতে বলা=[খু]—ক্রি. কষ্টে বলা, আমতা আমতা করিয়া জবাব দেওয়া ॥ [<কুতাই <কোঁতাইয়া (<কোঁতান) +বলা]।

কুতেল্=[খু, য]—বি. কোতোয়াল ॥ কুতেলের বেটা কুতেল্। [<কোত্‌বাল کوتوال ফা.; কোষ্ঠপাল সং]।

কুত্ করা=[নো]—ক্রি. জাহাজ গাড়ি ইত্যাদির হুইসেল দেওয়া ॥ গারি কুত্ কর্‌সে।[<কুৎ (ধ্বন্যা.)+করা]।

কুত্‌কার=[দি]—অব্য. কোথাকার ॥ কুত্‌কার্ কথা কহেলি তুই ? [<কুথা-কার<কোথা+কার]।

কুত্‌কুতাইয়া=[চা]—ক্রি.বিণ. ভঙ্গির সহিত, লোভের সহিত ॥ খাওনের্ লালচে কেমন্ কুত্‌কুতাইয়া আহে।

কুত্‌কুতানি=[চা]—বি. সখ ॥ এই কতাডা হুন্‌তে বুঝি খুব্ কুত্‌কুতানি উঠ্‌সে। [দেখ কুত্‌কুত্+আনি প্র.]।

২=[কুম]—বি. কাতুকুতু ॥ কুত্-কুতানি দিলে আইশ্ উডে। [দেখ কুত্‌কুতি]।

কুত্‌কুতানো=[চা]—ক্রি. তামাসা করা ॥ এত কুতুকুতাও ক্যান্ ? [দেখ কুত্‌কুত্+আনো প্র.; অর্থ প্র.]।

কুত্‌কুতি=[ব,রা,নো]—বি. কাতুকুতু, সুড়সুড়ি ॥ [দেখ কুতিকাতি]।

কুত্‌কুতে=[ব]—বিণ. মিটমিটে ॥ শে এক্‌টা কুত্‌কুতে শয়্‌তান্। [দেখ কুত্‌কুত্+এ প্র.; অর্থ প্র.]।

কুত্‌কুত্=[ব]—অব্য. লোভসূচক শব্দ ॥ কুত্‌কুত্ করে কুকুর্‌টাকে ডাকো [ধ্বন্যা.]।

কুত্‌কুত্ করা=[সি]—ক্রি. পুনঃ পুনঃ স্মরণ হওয়া ॥ একটা কথা মনের্ মদ্দে বারে বারে কুত্‌কুত্ কর্‌তাসে। [<খুঁৎখুঁৎ(<ক্ষত সং)+করা]।

২=[য]—ক্রি. ইতস্ততঃ করা ॥ শামান্য কায্ নিয়ে শে শারাদিন্ কুত্‌কুত্ করে। [পূর্বে দেখ]।

কুত্‌তালি=[খু]—বি. মাটির তৈরী আসন (যাহার উপর কলসী রাখা হয়) ॥

কুত্‌তা=[দি]—বি. কোর্তা, মেয়েদের জামা ॥ [<কুর্‌তহ্ کرته হিং]।

২=[চট্ট]—বিণ. শয়তান ॥ এক্ নম্বর্ কুত্‌তা। [দেখ কইত্যা; অর্থ প্র.]।

কুত্‌তা পেইট্‌চা=[কুম]—বিণ. ভীষণ পেটুক ॥ সেরাডা আস্‌তা কুত্‌তা পেইট্‌টা। [দেখ কুইত্যা+পেট+ইয়া প্র.; অর্থ প্র.]।

কুত্‌তা বেট্‌কি=[ম]—বি. দাঁত খিচনি, রূঢ় কথা ॥ [দেখ কুইত্যা +ভেটকি(<ভ্যাটকানো)]।

কুত্‌তা মন্=[রা]—বি. গালি বিশেষ ॥ [<কুত্তা+মন]।

কুত্‌তা মার্‌কা কাম্=[ফ]— বি. চোরা কারবার ॥ [<কুত্তা+মার্ক mark ইং+আ প্র.+কাম]।

কুত্‌তা লেন্‌ঘি=[কুম[—বি. এক প্রকার আগাছা ॥ খেত্‌টায় অনেক্ কুত্‌তা লেন্‌ঘি ঐসে। [<কুত্তা+ লেঁজি<লেজ+ই প্র.]।

কুত্‌তার্ আর্‌র্যা=[চা]—বিণ. কুকুরে স্বভাব ॥ বুরিডা এক্‌কেলে কুত্‌তার্ আর্‌র্যা। [<কুত্তা+র (সম্বন্ধে)+ আড়িয়া<হাড়+ইয়া প্র.]।

কুত্‌তার্ আশাইল্=[ম]— বিণ. কৃপণ ॥ আর্ যাগা পাইসিলা না, কুত্‌তার্ আশাইলের্ কাসে গেস টেহার্ লাইগা!

কুত্‌তার সাও=[খু]—বিণ. কুস্বভাব॥ সেলেটা একেবারে কুত্‌তার সাও। [< কুত্তা+র (সম্বন্ধে)+ছাও (<শাবক সং)]।

কুত্‌তার ঝিব্‌রা=[ক, চা]—বি. এক প্রকার মাছ ॥ [<কুত্তার+জিভ(< জিহ্বা)+রা প্র.]।

কুত্‌তি=[নো]—বি. লোটা, ঘটি ॥ কুত্‌তি বরি হানি আন্।

২=[রা, রং]—ক্রি. বিণ. কোথায় ॥ কুত্‌তি যাইশ্ বাহে ? [দেখ কুতি[২]]।

কুত্‌তুলি=[সি]—বি. কৌতুক, খেলা-ধূলা ॥ শারাদিন্ কুত্‌তুলি কৈরা বেরায়্। [<কুতূহলী]।

কুত্‌পা=[রা]—ক্রি. বিণ. কোথায় ॥ কে জানে কুত্‌পা থুচে, মুই জানো না। [<কুথা পাই<কোথা+পানে, অথবা <কোথা বা]।

কুথানি=[কুম]—বি. কোঁথ ॥ [<কোঁথ (<কুন্থন)+আনি প্র.]।

কুথানো=[সি]—ক্রি. কোঁখ দেওয়া ॥ সেলেটা খালি কোথায়্। [দেখ কুথানি; কোঁথ+আনো প্র.]।

কুদন্=[কুম, রা, চা, ম]—ক্রি. রাগ হওয়া ॥ কুইদ্‌দা মার্‌তে আইসে। [<কুন্দন<কুর্দন সং]।

কুদা=[ম]—ক্রি. রাগ হওয়া ॥ এ্যাত কুদাইস্ না। [দেখ কুদন্]।

২=[কু]—বি. হাঁস ॥

৩=[য, ফ]—বি. খোকা, ছোট ছেলে ॥ [কুদক کودک ফা.]।

কুদাইয়া=[সি]—ক্রি.বিণ.ধমক দিয়া ॥ [দেখ কুদন্]।

কুদাকুদি=[ম]—ক্রি. বিণ. বলপ্রকাশ ॥ কুদাকুদি কর্‌লে কায্ ঐত না। [< কুদান্[১]; আধিক্যে দ্বিত্ব]।

২=[সি]—বি. ঝগড়া ॥ আর কুদা কুদি করি কি লাব্ ? [পূর্বে দেখ]।

৩=[ব]—বি. খোকা খুকী॥ তোমার্ কুদাকুদি কয় যন্ ? [দেখ কুদা৩+ কুদি (স্ত্রী লিঙ্গে)]।

কুদাপাদি=[সি]—বি. ধমক ॥ [দেখ কুদাকুদি; পাদি অনু:]।

কুদানি=[ক, সি]—বি. ধমক, তাড়না ॥

তোমার্ কুদানির্ চোঁড়ে আর্ থাকতার্ পারি না। [দেখ কুদন্+ই প্র.]।

কুদানো=[সি]—ক্রি. তাড়া করা॥ গরু-টারে কুদাও। [দেখ কুদন্+উ প্র.]।

২=[সি]—ক্রি. ধমকানো॥ [পূর্বে দেখ]।

কুদান্=[কুম]—ক্রি. বেশী করিয়া ধরানো॥ কুদাইয়া যাল্ দে। [দেখ কুদন্; অর্থ প্র.]।

২=[ম]—বি. ধমক, দাপট॥ বেশি কুদান্ দিও না। [পূর্বে দেখ]।

কুদাম্=[সি]—বি. ধমক॥ [দেখ কুদান্২]।

২=[চা]—বি. কম মূল্য॥ অত কুদামে আমি পাড্ বেচুম্ না। [<কু+দাম (<দ্রপ্‌মে গ্রীক), অর্থ প্র.]।

৩=[চট্ট]—বি. জাঁক॥ [দেখ কুদান্]।

কুদারে=[ফ]—ক্রি. বিণ. কোথায়॥ কুদারে যাও। [<কুদ্‌ধারে<কোন ধার+এ বিভক্তি]।

কুদি=[দি বা]—ক্রি. বিণ. কোন্‌দিকে॥ কুদি যাবু? [দেখ কুনদি]।

২=[ফ]—বি. সাহস॥ বুড়া বয়সেও তোমার্ কুদি কমলো না? [<কুদ<কুদন+ই প্র.; অর্থ প্র.]।

৩=[গ, খু]—বি. মেয়ে॥ বড় কুদিডা বিয়ার্ লায়েক্ হৈসে! [দেখ কুদা৩+ই স্ত্রীলিঙ্গে]।

কুদি করা=[ফ]—ক্রি. সকল বাধা অগ্রাহ্য করিয়া একদিকে ধাবিত হওয়া॥

কুদু=[চট্ট]—ক্রি. বিণ. কোথায়॥ তুঁমি কুদু যাও? [<কদ্দু<কদ্দুর<কতদূর]।

২=[ফ]—বি. শিশু॥ কুদু কান্‌ছে॥ [দেখ কুদা৩+উ প্র.; ক্ষুদ্রার্থে]।

কুদুকি=[পা, চট্ট]—বি. বাচালতা, কথার পর কথা সাজান॥ [<কৌতুকি<কৌতুক+ই প্র.]।

কুদুমি করা=[খু]—ক্রি. লাফালাফি করা॥ সেলেটা শুধু কুদুমি কর্‌তেই যানে। [কুদ্+উমি প্র.+করা]।

কুদুম্, কুদুম্ করা=[কুম,চা]—ক্রি. অতিরিক্ত ফূর্তি করা॥ সেরাড়া খালি কুদুম্ কুদুম্ করে। [কুদ(<কূর্দন)+উম (আধিক্যে দ্বিত্ব)+করা]।

কুদুরকি=[রা]—বি. ইয়ারকি, চালাকি, লম্ফঝম্ফ॥ আমার্ সংগে কুদুরকি? [দেখ কুদুকি; র আগম]।

কুদ্যা=[রা]—ক্রি.বিণ. লাফ দিয়া। কুদ্যা পার্ হৈয়া আয়্। [<কুদিয়া √কুদ্(<কূর্দন)+ইয়া প্র.]।

কুদ্যাল্=[ম, রা]—বি. কোদাল॥ কুদ্যাল্ দি মাটি খুঁড়ে। [<কোদাল]।

কুদ্‌খাটা=[পা,রা]—বি. শঠতা॥ এত কুদ্‌খাটা কর কেন্?

কুদ্দা=[বা]—বি. ছেলে। [দেখ কুদা৩]।

২=[রা]—বি. আস্ফালন॥ বেশি কুদ্দা ভালা না। [<কুদ(<কূর্দন)+দা=(আধিক্যে বর্ণ দ্বিত্ব)]।

কুদ্দি=[চট্ট]—ক্রি. বিণ. পাশে, নিকটে॥ আঁই তোঁমার্ কুদ্দি বৈশুম্। [<কাছদি<কাছ+দিয়া]।

কুদ্দি কুদ্দি=[চট্ট]—ক্রি. বিণ. কাছে কাছে॥

কুদ্মা চাঁচা=[ম]—ক্রি. বিণ. লাঠি পেটা॥ বিনা দোশে কেন্ বেটাকে কুদমা চাঁচা কর? [<কদম(<কদম্ব)+আ+চাঁছা; অর্থ প্র.]।

কুদ্মি=[খু]—বি. শয়তানি॥ কুদ্মি করিস্ না। [দেখ কুদুমি করা]।

কুদ্মো=[খু]—বি. কুমড়া॥ মাঠে একটা কুদ্মো হলো না।

কুদ্‌রংগি=[বা]—বি. দুষ্টামি॥ [<কদ্(=কু)+রঙ্গী]।

কুদ্‌লি=[ম,খু]—বি. দেওয়ালের সাথে যুক্ত আলমারি বা গর্ত॥ কুদ্‌লি থেকে শিশিটা আন্।

কুনা=[রং]—অব্য. টি, টা, খানি॥ ছাওয়ালকুনা কেম্বা করি আলু।

কুনাই=[খু]—বিণ. লাজুক, যে ঘরের কোণে থাকে॥ [< কোণ+আই প্র.; অর্থ প্র.]।

কুনাইচ্=[সি]—বি. চৌচালা ঘরের দুই চালের সংযোগস্থল॥ [দেখ কুনাই+চ প্র.]।

কুনাইট্টা=[কুম]—বিণ. যে খুব বেশি ঝগড়া করে॥ [দেখ কুনাট্যা]।

কুনাচ্'চা=[কুম,সি]—বিণ. কোনাকুনি। [দেখ কুনাইচ্+ইয়া প্র.]॥

কুনাট্যা=[কুম]—বিণ. অত্যন্ত বদ॥ কুনাট্যা শব্ কামে প্যাচ্ লাগায়্। [<কু+নট+ইয়া প্র.]।

কুনাদু=[ম,রা]—বিণ. একটু॥ কুনাদু ভাত্ দ্যাও। [<কণা+দু<দুই]।

কুনানো=[ম,রা,ম]—ক্রি. বাচ্চা বাহির হওয়ার আগে ডিম ফাটা॥ শব্ ডিম্ কুনাইসে। [<কোনা+নো প্র.; অর্থ প্র.]।

২=[পা]—ক্রি. অংকুরোদ্‌গম হওয়া॥ বিসুন্ কুনাইসে। [পূর্বে দেখ]।

কুনারি=[সি]—বিণ. মন্দ বংশজাত॥ লোক্‌টা বর কুনারি। [কু+নাড়ী]।

কুনাস্যা=[কুম]—বিণ. কোনাকুনি॥ কুনাস্যা পথে আট্‌লে তারাতারি এবো। [দেখ কুনাচ্'চা]।

কুনাহ্=[রা, রং, ব]—বিণ. সামান্য, অল্প পরিমাণ॥ এক্ কুনাহ ভাত্ দ্যাও। [<কণা]।

কুনি=[সি]—বি. কনুই॥ কুনিত্ দুখ্ পাইসে। [< কনি< কহোনি< কফোণি সং]।

২=[রা]—বি. নখ॥ হাতের কুনি কালাও। [কোণ+ই প্র.; আঙ্গুলের কোন অর্থে]।

৩=[ফ]—বিণ. ছোট মেয়ে॥ [< কন্যা]।

৪=[পা, সি]—বিণ. ছোট॥ কুনি কুনি পোক্। [<কণা]।

কুনিনোগা=[চা]—বি. নখের রোগ॥ আমার্ কুনিনোগা হৈসে। [<কুনি<কোন+ই প্র.; নউখ<নখ+আ প্র.]।

২=[চা]—বি. এক প্রকার গাছ॥

কুনিনোগার্ পাতা অশৈদে লাগে।

কুনি ব্যাং=[রং, ম]—বি. ছোট ব্যাঙ॥ [<কোণ+ই প্র.+ব্যাং; সাধু কুনো ব্যাং]।

কুনি বাই=[ম]—বি. সেজ ভাই॥ কুনি বাই, কুনু যাইন্?

কুনিয়ান্=[খু]—বি. কুইনাইন॥ [দেখ কুইন্নাল্]।

কুনু=[ঢা]—বিণ. কোন॥ তার্ কুনু কতা আমি হুনতায়্ না। [<কোন+ও]।

২=[ম]—ক্রি. বিণ. কোথায়॥ কুনু যাইবো? [<কুহানো<কোনখান<কোন স্থান]।

কুনুমতে=[সি]—ক্রি. বিণ. কোন উপায়ে, যে উপায়ে হোক॥ তুমি কুনুমতে বারি যাইবায়্। [দেখ কুনু+মতে<মত+এ বিভক্তি]।

কুনেবা=[সি]—সর্ব. কে॥ কুনেবা আইসে? [<কোন+এ+বা]।

কুনো=[খু]—বি. এক প্রকার ব্যাং॥ [<কোণ+ও প্র.]।

২=[খু]—বিণ. লাজুক, যে কাহারও সাথে মেশে না॥ সেলেটা খুব কুনো। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

কুনোটির্=[পা]—ক্রি. বিণ. কোথাও॥ অবি দুইদিন্ কুনোটির বাবো না। [দেখ কুনো+ঠাঁই+র (বিভক্তি)]।

কুনোঠি=[পা]—বিণ. কোথায়॥ আমি কুনোঠি বশ্প? [দেখ কুনু+ঠাঁই]।

কুনোবর্=[কু]—বিণ. যে গৃহকোণে অবস্থান করে॥ এটা এমন্ কুনোবরের্ কায্ নয়্। [দেখ কুনো+বর]।

কুন্=[সি. ম]—বি. পানি সেচনের উপকরণ বিশেষ॥ [দেখ কুইন্]।

২=[ক, ম]—বি. তুষের ক্ষুদ্র অংশ॥ [<কণা]।

৩=[দি]—অব্য. কোন॥ 'কুন্‌বা দেশে জাহো শিপাইরে'—গ্রাম্য গান। [<কোন্]।

৪=[বা]—বিণ. ক্ষুদ্র॥ পোকাগুলা এত কুন্ যে চ'হে দেহা যায় না। [দেখ কুনি৪]।

৫=[পা]—বি. অংকুর॥ [দেখ কুনানো১; কোন; অর্থ প্র.]।

কুন্‌কুনি=[কুম]—বিণ. ছোট ছোট॥ কুনকুনি আলু। [দেখ কুনি৪; আধিক্যার্থে দ্বিত্ব]।

২=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ॥

৩=[নো]—বি. ওজর, আপত্তি॥ মনে আর্ কোনু কুনকুনি রাইখ্ না। [=কেন কেনি; কুনকুনানো]।

কুন্‌কুন্ করা=[বা]—ক্রি. ডিম হইতে বাহির হইয়াই শব্দ করা। [<কুনকুন্; ধ্বন্যা.]।

কুন্‌চি'=[পা]—বি. কঞ্চি। [দেখ কুইন্‌চা]।

কুন্‌চু'র্=[খু]—বি. কুলের আচার॥ গরমে কন্‌চুর্ খুব মযা। [<কুল+চুর]।

কুন্‌যরা=[চট্ট]—বি.॥ পুয়াগুন্ বর্ কুন্‌যরা। [দেখ কুজর; অর্থ প্র.]।

কুন্‌যিশ্=[সি]—বি. কৃপণ, বখিল॥ [কন্‌জুস্ হিং]।

কুন্‌টা=[কুম, পা]—বি. মাছের কণ্ঠা॥ বড় মাসের কুনটা খুব শাদ্। [<কণ্ঠ+আ]।

২=[দি]—সর্ব. কোনটি॥ এর মধ্যে কুনটা ভাল। [<কোন+টা]।

৩=[রা, রং]—বি. কণ্ঠনালী॥ [<কণ্ঠ+আ প্র.]।

কুন্‌টি=[রা, ব]—ক্রি. বিণ. কোথায়, কোনখানে॥ [দেখ কুনোটির্; কোন্+ঠাঁই]।

কুন্‌ঠি=[রং, রা]—ক্রি. বিণ. কোনঠাঁই, কোথায়॥ কুন্‌ঠি যায়্? [দেখ কুন্‌ট]।

কুন্‌ঠে=[দি]—ক্রি. বিণ. কোথায়॥ কুন্‌ঠে গেল্? [দেখ কুন্‌ঠি]।

২=[রা]—বি. মাটির বড় আধার বিশেষ॥ এক্ কুন্‌ঠে চাল্ আছে।

কুন্‌ডলি=[সি]—বি. আবর্ত, <কুণ্ডলী॥

কুন্‌ডা=[কুম]—অব্য. কোন্‌টা॥ [দেখ কুন্‌টা২]।

কুন্‌ডি=[চট্ট]—বি. লাংগলের মুঠি॥

কুন্‌ডে=[ফ]—ক্রি. বিণ. কোথায়॥ কুনডে যাবি? [দেখ কুন্‌ঠে]।

কুন্‌ত=[ঢা]—অব্য. কিন্তু॥ আমি কুনত যাইবো না। [<কিন্তু]।

কুন্‌তলি=[কুম]—বি. হৈ চৈ॥ কুনতলি বন্ কর্॥ [<কুন্দলি<কোন্দল+ই প্র.; অর্থ প্র.]।

কুন্‌তা=[কুম, সি]—ক্রি. বিণ. কিছুই॥ হে কুন্‌তা বুযে না। [<কোন+টা]॥

কুন্‌তানি=[সি]—ক্রি. বিণ. কোন কিছু কি॥ বাইরে কুনতানি রৈসে? [দেখ কুনতা+নি অব্য.]।

কুন্‌তি=[দি]—ক্রি. বিণ. কোনদিক॥ কুনতি যাশ্ বাহে? [<কোনদি<কোন্+দিক্]।

কুন্‌তু=[ঢা]—ক্রি. বিণ. নিশ্চয়॥ তুমি আইবা কুনতু॥ [দেখ কুনত; অর্থ প্র.]।

কুন্‌তে পড়া=[ ]—ক্রি. নষ্ট হওয়া॥ ডিম্‌টা কুনতে পড়ে গেসে।

কুন্‌দ কোরা=[সি]—বি. পানি সেচার যন্ত্র॥ [দেখ কুইন্না+খোরাহ্ خوره ফা. পাত্র; সহ শব্দ]।

কুন্‌দন্=[ঢা, ম]—ক্রি. ক্রুদ্ধ হওয়া॥ শে কুনদিয়া চৈ'লা গেল্। [পরে দেখ]।

২=[রা]—ক্রি. লাফালাফি করা॥ বেশি কুনদিও না। [<কুঁদন<কুন্দন<কূর্দন সং]।

কুন্‌দা=[ব]—বি. মারামারি॥ তোমার্ শুধু কুনদাই শার্। [<কুঁদ (<কূর্দন)+আ প্র.]।

২=[ম]—বি. তালগাছের গুঁড়ির তৈরী নৌকা॥ [<কন্‌দহ্ كنده ফা.; অর্থ প্র.]।

৩=[সি]—বিণ. একদিকে ঝুঁকিয়া পড়িয়াছে এমন॥

৪=[রা]—বি. কাঠের ভারী এবং অসমান তক্তা॥ [<কুন্দহ্ كنده ফা.]।

কুন্দাই=[ম]—বি. খোদাই করার মজুরী ॥ খরমের্ কুনদাই পাচ্' আনা লাগ্‌বো । [<কুনদ (<কুনদন کندن ফা.)+আই বাং প্র. ; অর্থ প্র.] ।

কুন্দাইগর্=[ম]—বি. খোদাইকর ॥ [দেখ কুনদাই+গর گر ফা.] ।

কুন্দাইগরি=[ম]—বি. খোদাইর কাজ, ভাস্কর্য ॥ কুনদাইগরি কৈরা তার্ খুব লাম্ অয় । [দেখ কুনদাইগর্] ।

কুন্দাইনা কথা=[চা]—বি. বড় বড় কথা ॥ আমার্ লগে এত কুনদাইনা কথা কৈও না । [<কুঁদানিয়া+কথা ; দেখ কুনদন্] ।

কুন্দাইনা পায়া=[চা]—বি. খাট বা চৌকীর মোটা ও বিশ্রী পায়া ॥ কুন-দাইনা পায়ার্ চ'কি কি বালা ঐব ? [দেখ কুনদাইনা কথা ; পা+আ প্র. ; তুং পায়হ্ پایه ফা. (<পদ সং)] ।

কুন্দানো=[কুম,চট্ট, বা]—ক্রি. মসৃণ করা ॥ টেবিলের্ পায়া কুনদাও । [দেখ কুনদাই] ।

কুন্দা মাল্=[সি]—বিণ. মাংসল দেহ, বলবান্ ॥ হে এক্ কুনদামাল্ । [দেখ কুনদা, +মাল (=কুস্তিগির) ; অর্থ প্র.] ।

কুন্দি=[চট্ট]—ক্রি. বিণ. কোন্ দিক্ দিয়া ॥ হিতে গেল্ কুনদি ? [< কুহানদি<কোন্ খান দিয়া] ।

কুন্দু=[চা]—অব্য. কিন্তু ॥ আমি কুনদু যামু না । [<কিনদু<কিন্তু] ।

কুন্দর কি=[রা]—বি. মাটির দেওয়ালের গর্ত ॥

কুন্দো=[ব]—বি. ঠোকনা, আংগুলের টোকা ॥ মাইয়াডার গালে কুনদো মারলা ক্যান্ ?

কুন্না কোনা=[রা]—বিণ. সামান্য ॥ কুননাকোনা তামাক্ দ্যাও । [< কণা কণা] ।

কুন্নি=[রা, ব]—বি. রাজমিস্ত্রির যন্ত্র । [<কন্নিজ<কর্ণিক] ।

২=[চা—বি. নখ ॥ [দেখ কুনি,] ।

কুন্নু=[সি]—অব্য. কিন্তু ॥ তুমি কুননু যাইবা ॥ [কুনু<কিনু<কিন্তু] ।

কুন্শুম্=[ফ]—ক্রি. বিণ. কখন ॥ তুমি কুনশুম্ আডে যাইবা ? [<কোন্ সময়<সময়] ।

কুপগ্গর্=[চা]—বি. দুরবস্থা ॥ তরে লৈয়া আমি কি কুপগ্গরে পর্‌লাম্ । [< কু+অপগ্রহ] ।

কুপন্=[রা]—ক্রি. পোঁতা ॥ বানাটা কুইপ্যা থো । [কোপন্] ।

কুপা=[সি]—বি. চিতলমাছের পেটি ॥

২=[কুম]—ক্রি. প্রোথিত করা ॥ [দেখ কুপন্] ।

কুপাকে পরা=[চা]—ক্রি. বিপদে পড়া ॥ অহন্ গেলে কুপাকে পর্‌বা । [<কু+পাক+এ বিভক্তি+পড়া] ।

কুপাতি=[বা]—বি. যাহারা মাটি কাটে ॥ [<কুপ(<কুপান)+আতি প্র.] ।

কুপানি=[সি]—ক্রি. কোন কিছু দ্বারা মাটিতে আঘাত করা ॥ অনত্থক্ মাটিত্ কুপাইস্ না । [কোপান+ই. প্র.] ।

কুপু=[সি]—বি. স্বজাতি, স্বগোত্র ॥ কুপুর্ মাঝে বিয়া শাদি বালা । [< কুফু كفو আং ; অর্থ প্র.] ।

কুপশ্শি=[খু]—বি. অপদার্থ ছেলে মেয়ে ॥ [<কু+ পুষ্যি<পোষ্য +ই প্র.] ।

কুপে=[ফ]—বি. গোল হাঁড়ি । [< কুপা<কুপক সং] ।

কুপ্যা=[পা]—বি. টিনের বা পিতলের বাতি ॥ কুপ্যার্ তেল্ নাই । [< কুপিয়া<কুপিকা সং] ।

কুপেত্ত্=[সি]—বি. খুসখুসে কাশি ও অরুচির ভাব ॥

কুপো=[ফ, পা, কু, য]—বি. বাতি, প্রদীপ ॥ [দেখ কুপ্যা] ।

কুপ্=[সি]—বি. কোপ, ধারাল অস্ত্র দ্বারা আঘাত ॥ [<কোপ] ।

২=[ফ]—বি. চেরাগ ॥ [দেখ কুপো] ।

কুপ্কুপা=[রং]—বিণ. গাঢ় ॥ কি কুপ্‌কুপা আন্‌দায় রে । [=কুচকুচা] ।

কুপ্লো=[রা]—বি. মাছ রাখার ছোট পাত্র বিশেষ ॥

কুপ্গ্রা=[সি]—বি. শনির প্রভাব, খারাপ গতি ॥ [<কু+অপগ্রহ] ।

কুপ্লা=[সি]—বি. কুলকুচি ॥ কুপ্‌লা কর । [<কুহলা<কুলকুলা] ।

কুফা=[ব, পা]—বি. ফাঁদ ॥ [<খোপ (<ক্ষুপ সং)+আ প্র.] ।

কুফাই=[কুম]— বি. কোথায় ॥ কুফাই যাবি ? [<কুপাই<কোন্ পাই (দিক্)] ।

কুফিদ্দির্=[খু]—বি. অতিরিক্ত সাহস ॥ সেলেটার্ কুফিদ্‌দির্ দেখে অবাক্ লাগে ।

কুফ্রা=[ফ]—বি. মুরগী ॥ [দেখ কুক্‌রা] ।

কুবক্তাই=[সি]—বি. অশ্লীল কথা ॥ [কু+বক্তা+ই প্র.] ।

কুবন্ড=[রা]—বিণ. দুষ্ট ॥ কুবনড সেলে । [<কু+ভণ্ড] ।

কুবা=[ম]—বি. মুগুর ॥ কুবা দিয়া ইট্ বাংগ । [দেখ কুব+আ প্র.] ।

কুবাইতনে=[সি, কুম]—ক্রি. বিণ. কোথা হইতে ॥ কুবাইতনে আইলে ? [<কুপাইথনে<কোন্+পাই (দিক্) +থনে (হইতে)] ।

কুবাইন্=[ফ]—বি. ধারালো অস্ত্রদ্বারা আঘাত ॥ [দেখ কুপানি] ।

কুবাতি=[সি]—বি. যাহারা মাটি কাটে ॥ পাচ্'যন্ কুবাতি লাগ্‌বো । [দেখ কুপাতি] ।

কুবায়্=[সি]—ক্রি. বিণ. কোথায় ॥ [<কুপাই<কোন্+পাই (দিক)] ।

কুবারির্=[সি]—অব্য. কোথাকার ॥ লোক্‌টা কুবারির্ ? [<কুবাড়ির< কোন্ বাড়ির] ।

কুবার্য্যা=[ম]—বিণ. অসময়ের ॥ কুবার্য্যা কুমরার্ দাম্ বেশি । [<কু= বার+ইয়া] ।

কুবের্দা=[কুম]—বিণ. মোটা এবং ভারী দা বিশেষ ॥ কুবের্ দাওডা দিয়া বাশ্‌টা কাটো । [দেখ কুবদা ; কোপ +এর (সম্বন্ধে)+দা] ।

কুবেহাত্তি=[চা]—বি. খারাপ জিনিস,

ক্ষতিকর লোক এই কুবেহাতি কৈথন্ আইলো ?

কুবোধ্=[রং]—বি. দুর্বুদ্ধি ॥ আবার্ কুবোধ্ হচে। [<কু+বোধ]।

কুব্=[ম]—বি. দায়ের আঘাত, <কোপ ॥ এক্ কুবে কাট্যা ফালা। [দেখ কুপ্]।

২=[কুম]—বিণ. খুব ॥ কুব্ বালো কাপর্ আইন্যা। [<খুব خوب ফা.]।

কুব্দা=[বা]—বি. বড় দা ॥ কুব্দা দি বাঁশটা কাটো। [দেখ কুব্+দা]।

কুমল্=[রং]—বি. কোমর ॥ কুমল্ বিশ্ করে। [<কুমর<কোমর<কমর كمر ফা.]।

কুমা=[রং, পা, ফ]—বি. গৃহপালিত পশু বাঁধার দড়িতে এক বিশেষ ধরণের গিরা ॥ দড়িতে কুমা দিয়েছে (রং)।

২=[কুম]—বি. পাখি ধরার ফাঁদ বিশেষ ॥

৩=[সি]—বি. এক জাতীয় গাছ ॥ কুমা গাসের্ নাও অয়্।

৪=[রা]—বি. বলাৎকার, গালি ॥ [দেখ কুমানো২ ; অর্থ প্র.]।

কুমাইচ্'=[সি]—বি. খুব পাতলা রং ॥

কুমাইরা=[কুম, পা]—বি. এক প্রকার লতা ॥ কুমাইরা লতে বংগল্ ঐয়া গেল্। [দেখ কুমোর্‌ইয়া]।

কুমাইশ্=[সি]—বি. ছোঁয়াচ, লেশ ॥

কুমানি=[চা]—বি. গর্জন ॥ বাগের্ কুমানি হুনলে পরান্ কাপে।

কুমানো=[চা, কুম]—ক্রি. রাগ করা ॥ এত কুমাও ক্যা ?

২=[চা]—ক্রি. বলাৎকার করা ॥

কুমারিয়া=[চট্ট]—বি. এক প্রকার পোকা (মাটি দিয়া ঘরের বেড়ায় ঘর বাঁধে) ॥ [<কুমার+<কুম্ভকার+ইয়া প্র.]।

কুমাল্=[বা]—বি. কুমড়া ॥ [দেখ কুঁঅরা]।

কুমার্‌বা পোকা=[চট্ট]—বি. পতংগ বিশেষ ॥ [দেখ কুমারিয়া+পোকা]।

কুমাহ্=[রা]—বি. কুয়াশা ॥ আজ রাতে খুব কুমাহ্ পৈড়্যাছে। [কুআ <কুহা সং]।

কুমিন্=[পা]—বি. শত্রু ॥ [<কমীন كمين ফা. ; অর্থ প্র.]।

কুমিলার্ ইতর্=[না]—বিণ. বদলোক, দুষ্টলোক ॥ [<কুমিল্লা+র (সম্বন্ধে)+ইতর ; অর্থ প্র. ; অথবা কমীনা كمينه হিং (জবেহ্‌খানা) +র (সম্বন্ধে)+ইতর]।

কুমিশ্‌শে=[খু]—বি. কাঁচপোকা ॥ [< কামখ্যা < কামাখ্যা = যাদুগর পোকা]।

কুম্‌ইর্=[ম]—বি. কুমীর। [< কুমইর<কুমীর<কুম্ভীর সং]।

কুম্‌উডি=[কুম]—বি. দল ॥ তারা হগলুতে কুমুডি করসে। [<কমিডি <কমিটি committee ইং]।

কুম্‌সতালি=[চা]—বি.কেঁচো জাতীয় অখাদ্য মাছ ॥

কুম্‌সতল্=[কুম]—বি. গোলমাল ॥

কুমের্=[কু]—বি. কুম্ভকার, পাল ॥ [<কুমার<কুম্ভকার সং]।

কুমোর্‌ইয়া=[ফ]—বি. কাঁটাযুক্ত একপ্রকার লতা ॥ কুমোর্‌ইয়া লতায় গাও সিড়্যা গেসে। [দেখ কুমাইরা]।

কুমোর্=[ব]—বি. মাছ আটকাইবার জন্য নদীতে স্তূপীকৃত ডালপালা ॥ কুমোরে অনেক্ মাস্ থাকে।

কুমোর্‌কে=[রা]—বি.পোকা বিশেষ ॥ [দেখ কুমিশ্‌শে]।

কুমোর্=[খু]—বি. মাছ ধরার জন্যে ডালপালার স্তূপ ॥ [দেখ কুমোর্]।

কুম্=[চট্ট]—বিণ. গভীর ॥ এ কুমুখ্যা কুম্ আসে।

২=[পা, ব]—বি. কলস ॥ এক কুম্ পানি আন্। [<কুম<কুম্ভ]।

৩=[ম, কুম, ফ, নো]—বি. বিল, ডোবা ॥ কুম্ থেকে মাস্ ধরে আন্। [দেখ কুব্ ; কুমরা]।

৪=[দি]—বি. নদীর যে স্থানে পানি খুব গভীর ॥ নদির্ কুমে খুব মাছ্ থাকে। [পূর্বে দেখ]।

৫=[সি]—বি. সহবাস ॥

৬=[কুম]—বি. কুসুম ॥ ডিমের্ কুম্ ঐলদা। [<কুউম<কুসুম]।

৭=[চট্ট]—বি. মূলধন ॥ পাঁচ্‌'শ ট্যাহা কুম্ লৈয়া নাম্‌সে।

কুম্‌কুইয়া=[কুম]—বিণ. উষ্ণযুক্ত ॥ পানিডা কুমকুইয়া।

কুম্‌কুরি=[সি]—বি. পায়রার ডাক ॥ [<কুমকুম (ধ্বন্যা.)+ই প্র.]।

কুম্‌টা=[ম]—বি. জারজ সন্তান ॥ [<কুণ্ড]।

কুম্‌ডা=[কুম]—বি. কুমড়া। [< কুমড়া<কুষ্মাণ্ড সং]।

কুম্‌ডাগ্‌রা=[কুম]—বি. এক প্রকার ধান ॥

কুম্‌তা=[পা]—বি.আউশ ধানবিশেষ॥

কুম্‌নি=[রা]—ক্রি. বিণ. কোন্‌দিক্ ॥ কুম্‌নি দিয়ে যাবো। [<কম্‌নে]।

কুম্‌বা=[চট্ট]—বি. নদীর গভীর খাদ ॥ কুমবাত্ বড় বড় মাস্ আসে।

কুম্‌বানি=[চট্ট]—বি. কোম্পানী ॥ ইতে যাহার্ কুমবানিত্ কাম্ করে। [< কুম্পানী < কম্পানী company ইং]।

কুম্‌বালা=[কুম]—ক্রি. বিণ. কখন ॥ কুমবালা আইসত্? [<কোন্+বেলা (সময়)]।

২=[চট্ট]—বি. কলস রাখার মাচা ॥ [<কুম (<কুম্ভ)+আলা প্র.]।

কুম্‌বুর=[ব]—বি. বাগাইর, মাছ বিশেষ ॥ [<কুম্ভীর ; অর্থ প্র.]।

কুম্‌মর্=[চা]—বি. কম্বল ॥ গায়োত্ কুম্‌মর্ দেও। [কুম্মল<কম্বল]।

কুম্‌মার্=[খু]—অব্য. কোন্ দিকে ॥ সে কুম্মার্ গেসে ? [<কুনমুএ<কোন্ মুখ+এ বিভক্তি]।

কুম্‌কে=[বা]—অব্য. কোথায় ॥ কুম্‌কে যাবি ? [<কোন্ মুখ+এ বিভক্তি]।

কুম্‌রি=[ব]—বি. কবুতর ॥ [< قمرى আং ; অর্থ প্র.]।

কুয়্‌রোল্‌=[চা]—বি. এক জাতীয় আউশ ধান ॥

কুয়্‌লা=[ম]—বিণ. কচি ॥ কাডলড়া কুয়্‌লা। [<কোমল+আ প্র.]।

কুয়্‌লে=[খু]—বিণ. ছোট ॥ কুয়্‌লে বাসুর্‌। [<কোমল+এ প্র.; অর্থ প্র.]।

কুয়্‌হা=[রা]—বি. কূপ ॥ দেখে যাবি, কুয়্‌হাতে পড়িস্‌ না জ্যান্‌। [<কুয়া(<কূপ সং)]।

কুয়্‌হার্‌ পারি=[রা]—বি. এক প্রকার আম ॥

কুয়াদি=[রা, রং]—বিণ. খুব খারাপ॥ এত বড় কুয়দি কাজ্‌টা করতে পারলি? [<কু+সাধ্য]।

কুয়া=[কুম]—বি. কুয়াশা ॥ আইয্‌ খুব্‌ কুয়া পর্‌সে। [<কুহা সং]।

২=[রা, দি]—বি. আমের আঁটি ॥ [<কোহা<কোষ]।

৩=[সি]—বি. ক্রন্দন ॥ [ধ্বন্যা.]।

৪=[সি]—বি. শৃগালের ডাক ॥ [ধ্বন্যা.]।

৫=[চা]—বি. মাটি কাটার হিসাব বিশেষ (৩৬০ cubic ফুটে এক কুয়া মাটি হয়) ॥

৬=[চা]—বি. মইয়ের ধাপ ॥ [কোহা<কোষ]।

কুয়াই=[সি]—অব্য. কোথায় ॥ কুয়াই যাইতাম্‌? [দেখ কুকাই]।

কুয়াইরা=[পা]—বিণ. এক ভাবের, অনেক দিনের ॥

২=[ম]—বি. ভংগিমা ॥ তোমার্‌ কুয়াইরা দেইখ্যা আমি পার্‌ ॥

কুয়াইল্‌=[বা]—বি. উচ্চস্বরে কান্না ॥ ওর্‌ কুয়াইলে শাত্‌ গেরাম্‌ মাতাইয়া লৈসে। [ধ্বন্যা.]।

কুয়াং=[ম]—বি. স্বপ্ন ॥ কুয়াংএ বহত্‌ খারাপ্‌ দেখ্‌সি। [দেখ কুয়ার্‌]।

কুয়াকার্‌=[রা, ব]—ক্রি. বিণ. দুর্গন্ধ-পূর্ণ ॥ [<কুয়া(<কুয়াশা)+আকার; অর্থ প্র.]।

কুয়াদ্‌=[বা]—বি. স্ফূর্তি ॥ অত কুয়াদ্‌ ভাল না। [<কোদা (কুর্দন)]।

কুয়ানো=[কুম]—ক্রি. ডাকা, শব্দ করা ॥ অক্‌গা হিয়ালে কুয়াইলে শব্‌ হিয়ালে কুয়ায়্‌। [দেখ কুয়া,+নো]। প্র.]।

২=[কুম, সি]—বি. বিলাপ করিয়া কাঁদা ॥ [দেখ কুই₆+আনো প্র.]

কুয়ারা=[কুম]—বি. ঠাট্টা, আমোদ॥ বেশি কুয়ারা বালা না। [দেখ কুওরা]।

কুয়ার্‌=[ম]—বি. কুস্বপ্ন ॥ আইয্‌ রাইতে কুয়ার্‌ দেখ্‌সি। [<খুমার خمار ফা.; অর্থ প্র.]।

২=[ফ]—বি. ফড়িং জাতীয় পোকা ॥

৩=[পা]—বি. বাঁশের অস্থায়ী দরজা ॥

কুয়ালিয়া=[ফ]—বি. কাঠঠোকরা পাখি ॥ কুয়ালিয়াডা মরা গাস্‌ ঠোক্‌-রায়্‌ ॥ [দেখ কুড়াইল্‌লা]।

কুয়াল্‌=[ম]—বিণ. কুহাল, খারাপ অবস্থা ॥ লোক্‌টা খুব্‌ কুয়ালে আসে। [<কুয়াল<কু সং+হাল حال আং]।

কুয়াল্‌ নিয়াল্‌=[সি]—বি. খুব ক্রন্দন ॥ অলক্‌খির্‌ নাহান্‌ কুয়াল্‌ নিয়াল্‌ করিস্‌ না। [দেখ কুয়াইল্‌; নিয়াল অনু:]।

কুয়ে=[কু]—বিণ. পচা ॥ কুয়ে মাস্‌ খাওয়া ঠিক্‌ না। [দেখ কুইয়া]।

২=[কু]—বি. কুয়াশা ॥ [দেখ কুয়া]।

কুয়্যা=[পা]—বিণ. পচা, বাসি ॥ কুয়্যা তরকারি। [দেখ কুইয়া]।

২=[ম]—ক্রি. শিশুরোগ বিশেষ॥

৩=[ফ]—বি. কুয়াশা ॥ [দেখ কুয়া]।

কুয়্যারা=[ফ]—বি. চাতুরী, ইয়ার্কি॥ [দেখ কুয়ারা]।

কুয়ো=[খু]—বি. কানের ময়লা ॥ কুয়োর্‌ কান্‌ কামড়াইতে আসে।

২=[খু]—বি. শিশির, কুয়াশা ॥ [দেখ কুয়া]।

কুয়োরা=[ম]—বি. ইয়ার্কি, ফাজলামি॥ কুয়োরা করিস্‌নে। [দেখ কুয়ারা]।

কুরংগি=[কুম, নো]—বি. জাতি বিশেষ ॥

কুরক্‌=[ম]—বি. উত্তেজনা, উন্মাদনা॥

কুরন্‌=[ম]—বি. ঈগল পাখি ॥ [<কুরল সং]।

কুরল্‌=[চট্ট, পা]—বি. অণ্ডকোষ বৃদ্ধি ॥ লোক্‌টার্‌ কুরল্‌ হৈচে'। [<কোঁড়ল<কুরণ্ড সং]?

২=[ম]—বি. ছিদ্র ॥ এই কুরল্‌ দিয়া ডুইক্যা পর্‌। [<খোড়ল (<কোটর সং)।

কুরা=[কুম]—বি. বাজার সওদার ভাণ্ড ॥

২=[কুম, সি]—বি. ছিপ, বাঁট ॥ কুরাটা লৈয়া চ'ল্‌ বিলে মাস্‌ ধরি ॥ [<কুটা; অর্থ প্র.]।

৩=[বা]—বি. ছেলেমেয়ের বায়না ॥

৪=[খু]—বি. মোরগের খাদ্য, তুষের গুঁড়া ॥ [<কুঁড়া]।

৫=[ম]—বি. ভূমির পরিমাণ বিশেষ॥ আমি তিন্‌ কুরা যমি চৈ'। [<কুড়া =বিঘা]।

৬=[চট্ট]—বি. মুরগী ॥ [দেখ কুক্‌রা]।

৭=[রা, ব]—বি. জল সেচনে ব্যবহৃত লম্বা বাঁশ ॥

৮=[বা]—বি. মাটির পাত্র বিশেষ (উইপোকা হইতে বাঁচিবার জন্য মাটির ভিটিওয়ালা ঘরের আলগা খুঁটির নীচে দেওয়া হয়) ॥ [<খুরা<খোরহ্‌ خوره ফা.]।

৯=[কুম, নো, ফ, বা]—বি. মায়া, স্নেহ ॥

১০=[কুম]—ক্রি. গর্ত করা ॥ [<কুঁড়া (<কুঁড়ন)]।

কুরাইক্‌=[ম]—বি. মোরগ মুরগী ॥ [দেখ কুইক্‌র্যা]।

কুরাইল্‌লা=[বা]—বি. গর্ভের দরুণ মাংস পেশীর বৃদ্ধি ॥ গাইডার্‌ কুরা-ইলল্যা নাম্‌সে।

কুরাট্‌=[ম]—বি. মাছ মাংসের অভাব॥ [দেখ কিরাট্‌]।

কুরানি=[কুম]—বি. নারিকেল কোরার যন্ত্র ।। [<কুরুনি]।

কুরানো=[চট্ট]—ক্রি. একত্র করা, জমা করা ।। ইতেবৌত্ টিয়াঁ কুরাইয়ে। [<কুড়ানো]।

কুরান্=[ফ]—বি. মোচড় ।। নৌকার্ হাল্ডা কুরান্ দে। [<গুরান<ঘুরান (<ঘূর্ণন সং)]।

কুরা পাইক্=[ম]—বি. মুরগী ।। বাগার খাইকা কুরাপাইক্ আইন্য। [দেখ কুরা৬+পাখী]।

কুরা ম্যাগ্=[সি]—বি. ফোটা ফোটা বৃষ্টি, ইলশেগুড়ি ।। 'কুরাম্যাগে ওরা তুলে'—প্রবাদ। [দেখ কুঁড়া২+মেঘ]।

কুরায়্ খাওয়া=[সি]—ক্রি. সকলেই অংশ পাওয়া ।। মাঠের্ দান্ কুরায়্ খায়্।

কুরালি=[বা]—বি. কচি আম ।। [<কড়া+লি প্র.]।

কুরাল্=[বা]—বি. একশিরা রোগ ।। কুরাল্ ঐলে শোবা ঐয়া আডন্ যায়্ না। [দেখ কুরল্]।

কুরি=[বা]—বি. মুড়ির ব্যবসায়ী ।।

২=[খু]—বি. মাটির হাঁড়ি কুড়ির ব্যবসায়ী ।।

৩=[খু,য]—বি. উপাধি বিশেষ ।।

৪=[ফ]—বি. মেয়েলোকের গালি বিশেষ ।। তোর্ কুরি ঔক্। [<কুর<কুট্<কুষ্ঠ+ই প্র.]।

কুরিকরৈ=[কুম]—বি. পাত্র ।। এই শব্ কুরিকরৈর্ মদ্যে কি রাখ্সে। [<কুড়ি কড়াই]।

কুরিকুশ্‌ট=[ম]—বি. কুষ্ঠ ব্যাধি ।। তার্ যেন্ কুরিকুশ্‌ট অয়্। [দেখ কুরি৪+কুষ্ঠ]।

কুরি মুরি=[চা]—ক্রি.বিণ. সংকোচ, হাত পা গুটানো অবস্থা ।। সেরাডা যারে কুরি মুরি ঐয়া রৈসে। [=কুচ'রি মুচ'রি]।

কুরু=[সি]—বি. আঁজলা ।। এক কুরু পানি দ্যাও।

২=[ম]—বি. ঘরের কড়ি বরগা ।। টিনের্ ঘরে বাশের্ কুরু দেয়্ কেডা? [দেখ কুরা১+উ প্র.]।

কুরুইল্যা=[চা]—বিণ. যাহার অণ্ডকোষ ফোলা ।। কুরুইল্যারে দেইখা হগলেই আইশ্ পারে। [দেখ কুরল্+ইয়া প্র.]।

কুরুইল্=[চট্ট]—বি. কুড়াল ।। [<কুড়ইল<কুড়াল<কুঠার সং]।

কুরুং=[সি]—বি. পাহাড়ের গভীর গর্ত ।। কুরুঙে পর্‌লে উঠ্‌বা ক্যেম্‌নে?

কুরুং ধুরুং=[নো]—বি. সাজ সজ্জা ।। [<করোম ধরোম (করিব ধরিব); অর্থ প্র.]।

কুরুক্=[সি]—বি. ক্রোক ।। [<কুরক قرق তু.]।

কুরুচে'=[য]—বিণ. তেজোহীন ।। কুরুচে' ফশল্।

কুরুটে=[কু]—বিণ. কুমনা ।। কুরুটে লোকের্ শংগ সাড়ো। [<ক্রূর সং+টিয়া প্র.]।

কুরুত্=[কুম]—বি. যৌনশক্তি ।। এই কুরুত্ নিয়া দেনায় দেখাইও না।

২=[পা]—বি. উস্কানি ।। খালি কুরুত্ দেও ক্যান্?

কুরুত্ মুরুত্=[সি]—বি. ছোট ছেলেমেয়ে ।।

কুরুতা=[রং]—বি. কুকুর ।। পাগল্ কুরুতা পাল্‌ছিশ্ কেন বাহে? [কুত্তা হিং]।

কুরু তুরু=[নো]—বি. চালাকি ।। এত কুরুতুরু কর ক্যা?

কুরুন্=[য]—বি. নারিকেল কোরার যন্ত্র ।। [দেখ কুরানি]।

কুরুন্‌থৈল্=[সি]—বি. হুলুস্থুল ।। যত শব্ আপদি বিলায় কুরুন্‌থৈল্ শুরু করসে।

কুরুম্=[রং]—বি. কাছিম ।। চাড়ালে কুরুম্ খায়্। [<কূর্ম সং]।

২=[চট্ট]—বি. বাটি ।। এক কুরুম্ পানি দ্যাও।

কুরুম্‌চি'=[চট্ট]—বি. বেদে জাত ।।

কুরুম্‌বা=[সি]—বিণ. হৃষ্টপুষ্ট ।। এই রহম্ কুরুম্‌বা পোলা আমি আর্ দেখ্‌সি না।

কুরুয়া=[রং,নো]—বি. ঈগল, চিল জাতীয় পাখী ।। কুরুয়া ডাকে। [<কুরর সং]।

কুরুল্=[খু]—বি. কুঠার ।। [দেখ কুরুইল্]।

কুরুশিয়া=[খু]—বিণ. কর্কশ ।। কুরুশিয়া কথা। [<করশিয়া<কর্কশ+ইয়া প্র.]।

কুরুস্ খাওয়া=[সি]—ক্রি. পালক ফেলিয়া দেওয়া ।। পাইখ্‌টার্ কুরুস্ পাইলাইসে।

কুর্যা=[পা,ম]—বিণ. কংকালসার, রোগা, আতুর ।। লোক্‌টা কুর্যা। [দেখ কুড়িয়া]।

কুরৈল্যা=[চট্ট]—বি. কাঠঠোকরা পাখি ।। [দেখ কুড়াইল্লা]।

কুরৈল্=[চট্ট]—বি. কুঠার ।। [দেখ কুরুল্]।

কুরৈল্‌লা=[চট্ট]—বি. কাঠুরিয়া ।। [কুড়াল+ইয়া প্র.]।

কুরো=[রা, চা]—বি. মোরগ ।। কুরোয় দান্ খাইয়া গেল্। [দেখ কুরা৬]

কুরোইল্=[ফ]—বি. কুঠার ।। [দেখ কুরুইল্]।

কুরোল্=[ব]—বিণ. নব অংকুরিত বাঁশ ।। [দেখ কেরুল্]।

কুর্=[সি, কুম]—বি. ঘূর্ণিপাক, নদীর বাঁকের গভীরতা ।। [দেখ কুড়া৭]।

২=[ম]—বি. বাঁশের চারা, অগ্রভাগ ।।

৩=[ম]—বি. কুষ্ঠ ব্যাধি ।। হের্ কুর্ ঐসে। [কুট্<কুষ্ঠ]।

৪=[ফ, বা]—বি. নাড়ার স্তূপ ।। কুরে আগুন্ লাগসে [<কূট]।

৫=[সি]—বি. মাছের পেটি ।। বর মাসের্ কুর্ খাইতে মজা।

৬=[ম]—বি. ফিতা ।। চুলের কুর্।

৭=[সি]—বি. কিনারা ।।

৮=[সি]—বি. ছোট ডোবা, জলাশয় ।। নাও খান্ কুরত্ ডুবাইয়া রাখ্। [দেখ কুর্]।

৯=[সি]—বি. ধানের টিপি ।। [দেখ কুর্৪]।

১০=[চা, সি]—বি. এক জাতীয় ওষধি ॥ কুর্ পাচ'নে লাগে ॥ [<কুড়]।

কুর্‌আল্=[নো]—বি. বাজ পাখী ॥ [<কুরল]।

কুর্‌কা=[পা, ম]—বি. মুরগী ॥ কুর্‌কার্ গোশ্‌ত খুব মজা। [দেখ কুক্‌রা ; বর্ণ বিপর্যয়]।

২=[চট্ট]—বি. পাখি বিশেষ ॥

কুর্‌কাল্—বি. বাজ পাখী ॥ [দেখ কুর্‌আল্]।

কুর্‌কি মুর্‌কি=[চা]—ক্রি. বিণ. হাত পা গুটানো অবস্থা ॥ শিতে কুর্‌কিমুর্‌কি ঐসে। [অনু.]।

কুর্‌কুইঠ্যা=[রা]—বিণ. যে বাড়ন্ত নয় ॥ কুর্‌কুইঠ্যা ছেলে হলে কি হবে, বুদ্ধি আছে। [দেখ কুর্‌কুটুটি]।

কুর্‌কুচি'=[সি]—বি. ডিমে তা রত মুর্‌গী অথবা পাখি ॥ [দেখ কুইচ্যা মুরগি ; সাধু কুড়কি]।

কুর্‌কুট্‌টি=[রা]—বিণ. অতি ছোট ॥ তুই আগের্ মতে কুর্‌কুট্টি আছিশ্।

কুর্‌কুত্‌তা=[চা]—বিণ. লোভী ॥ তর্ টেকার্ লেইগা আমি কুর্‌কুত্তা নৈ ॥ [দেখ কুর্৩+কুত্তা (< কুত্তা হিং)]।

কুর্‌কুরি=[কুম, ম, রা]—বি. যৌন স্পৃহা ॥ [অনু.]।

২ =[ম]—বি. ইচ্ছা, লোভ ॥ [পূর্বে দেখ]।

৩ =[রা, পা, ম.]—বি. জেদ, রাগ, সখ, আগ্রহ ॥ মামলায় পৈত্তা তোমার্ কুর্‌কুরি কর্‌ছে (রা)। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কুর্‌ কুর্=[চা]—বিণ.কড়া ॥ চা'উল্ ভজা কুর্‌কুর্ খাবা ঐসে। [কড়কড় ; ধ্বন্যা. ; অর্থ প্র.]।

২=[পা]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ সে কুর্‌কুর্ কৈরা খাইতাসে। [অনু.]।

৩=[রং]—ক্রি. বিণ. (রাগে) গরগর ॥ অঁর্ কুর্‌কুর্ কবি কি কর্ ?

৪=[ব]—অব্য. ঘোড়া ডাকার শব্দ ॥ [ধ্বন্যা.]।

কুর্‌ কুর্‌ কুর্=[সি]—অব্য. কুকুর ছানা ডাকার সংকেত ॥ [ধ্বন্যা.]।

কুর্‌ঘুন্‌তি=[চা]—বিণ. ঘোর অন্ধকার ॥ এই কুর্‌ঘুন্‌তি রাইতে কেম্‌নে যাবি যাবি ?

কুর্‌গাল্=[চট্ট]—বি. বাজ পাখী ॥ [দেখ কুর্‌কাল্]।

কুর্‌চি'=[সি]—বিণ. ডিমে তা রত ॥ কুরচি' মুর্‌গি। [দেখ কুর্‌কুচি' ; সাধু কুড়্‌কি]।

কুর্‌চুন্=[রা]—বি. ছোট চামচ ॥ এক্ কুর্‌চুন্ তেল্ দ্যাও। [খুরচুন হিং]।

কুর্‌চু'ম্‌দারি=[চট্ট]—বি. মাতব্বরি ॥ তুঁই বৌত্ কুর্‌চু'ম্‌দারি করস্।

কুর্‌চেঁ'=[খু]—বিণ. ডিমে তা রত ॥ [দেখ কুর্‌চি']।

কুর্‌চেঁ' বওয়া=[চা]—ক্রি. ডিমে তা দিতে বসা ॥ [দেখ কুচ্যাত্ বসা]।

কুর্‌ছুন্=[রা]—বি. চামচ ॥ [দেখ কুর্‌চুন্]।

কুর্‌যা=[চট্ট]—বি. খড়ের পালা ॥ [দেখ কুইর্‌গা]।

কুর্‌তা=[চা, ম]—বি. কামিজ, সার্ট ॥ [<কুর্‌তহ্ کرتہ তু. ; দেখ কুত্‌তা]।

২ =[পা]—বি. কুকুর ॥

কুর্‌ত্তুইল্=[সি]—বি. হৈ হল্লোড় ॥ [দেখ কুর্‌মস্তৈল্]।

কুর্‌তৈল্=[সি]—বি. গণ্ডগোল ॥ ই পুরাইন্ অত কুর্‌তৈল্ লাগাইসে ক্যা ? [দেখ কুর্‌ত্তুইল্]।

কুর্‌ দেওয়া=[সি]—ক্রি. চারাগাছের গোড়া হইতে আগাছা পরিষ্কার করা, নিড়ানো ॥ [<কুড় (<কুড়ন)+ দেওয়া] ।

কুর্‌ নদী=[রং]—বিণ. স্রোতের পাকে সৃষ্ট অত্যন্ত গভীর ও অগাধ কুণ্ড ॥ [দেখ কুর্+নদী]।

কুর্‌পরি=[ব]—বিণ. মুখাপেক্ষী ॥ আমি কি তোর্ কুর্‌পরি নাকি ? [< কুর্পির অ. বাং+ই.]।

কুর্‌পানো=[সি]—ক্রি. কোপানো ॥ বাটি কুর্‌পাও। [দেখ কুপান]।

কুর্‌পাল্=[কুম, নো]—বি. ঈগল পাখি ॥ [দেখ কুরল্]।

কুর্‌পি=[চা]—বি. কাস্তে ॥ [খুরপী হিং<ক্ষুরপ্র সং+ই প্র.]।

কুর্‌কল্=[ক]—বি. কর্পূর ॥ পানিত্ এক্‌টু কুর্‌কল্ দে। [<কুরপুর< কর্পূর সং ; তুং কাফুর کافور আং]।

কুর্‌বানি=[কুম]—বি. কোরবানি ॥ এবার্ গরু কুর্‌বানি দিমু। [<কুরবানী قربانی আং, ফা.]।

কুর্‌বা মাছ্=[খু]—বি. মাছ বিশেষ ॥

কুর্‌বাল্=[চট্ট]—বি. সাপ ও মাছ-খেকো এক প্রকার বড় পাখী ॥

কুর্‌বৈত্যা=[চট্ট]—বিণ. আশ্রিত, প্রত্যাশী ॥ পরের্ কুর্‌বৈত্যা হওন্ ভালা ন। [<কুর্‌বত قربت আং+ইয়া প্র. ; অর্থ প্র.]।

কুর্‌মস্‌তৈল্=[সি]—বি. হুড়োহুড়ি ॥

কুর্‌মি=[রা]—বি. শশা জাতীয় ছোট ফল ॥

২ =[চা]—বি. কচি পাতা ॥ এই গাস্‌ডায় অনেক্ কুর্‌মি সার্‌সে।

কুর্‌মুত্তা=[চট্ট]—বি. এক প্রকার শাক ॥

কুর্‌মুত্তুরা=[চট্ট]—বি. সব্জী বিশেষ ॥

কুর্‌রা=[চা]—বি. বাজ পাখী ॥ [দেখ কুর্‌গাল্]।

কুর্‌রুত্=[পা]—অব্য. ষাঁড় ডাকার সংকেত। [ধ্বন্যা.]।

কুর্‌শা=[সি, রং]—বি. এক প্রকার মাছ, বাটকেমাছ ॥

কুর্‌শি=[রং]—বি. ঢেলা ভাঙার জন্য বাঁশের তৈরী মুগুর ॥

কুর্‌সাল্=[কুম]—বি. লাঠি ॥ কুর্‌সাল্ দিয়া কুত্তাডারে মার্।

কুর্‌ হওয়া=[চট্ট]—ক্রি. কুষ্ঠরোগ হওয়া ॥ তোর্ হাতত্ কুর্ হৈয়ে না, কায় ন কর্‌তি কিল্লাই ? [দেখ কুর্৩+হওয়া]।

কুর্‌হা=[পা]—বি. কুক্কুট ॥ কুর্‌হাটা

যবে কর্। [দেখ কুর্কা]।

কুর্হৈল্=[রা]—বি. কুঠার॥ হাঁ জি, কুর্হৈল্টা দ্যাও না ও। [দেখ কুরোইল্]।

কুর্হোল্=[রা]—বি. কুড়াল॥ মরার্ কুর্হোল্ নাই। [দেখ কুর্হৈল্]।

কুলক্=[নো]—বি. গরুর গাড়ির খিল॥

কুলন্য=[য]—বি. শূলবেদনা॥ তার্ শক্তো কুলন্যের্ ব্যারাম্। [<কুলনুজ قولنج আং; তিব্বী ভেষজ শাস্ত্রে ব্যবহৃত]।

কুলা=[কুম]—বি. বাড়ির পার্শ্বস্থ উর্বরা জমি॥ কুলার্ খেতে তামুক্ বালা ঐসে।

২=[চা, ফ, রা, চট্ট]—বি. ধান ঘাস ছন পাটি ইত্যাদির ছোট ছোট আঁটি॥ দুই তিন্ কুলা গাস্ কাইট্যা গরুডারে দেও (ফ)।

৩=[য, ফ]—বি. মাটির মোটা বড় হাড়ি॥ কুলা ভরা গুর্।

৪=[চা]—বি. ক্ষেতে মই দিবার সময় যে দুইটি গরু মধ্যে থাকে॥ [দেখ কুইন্যা]।

৫=[য]—বিণ. কোলের পাত্র॥ মানুশ্টা তোর্ কুলা। [<কোল+আ প্র.]।

৬=[বা]—বি. গালি বিশেষ॥

৭=[বা]—বি. ময়দান॥ [খলা' خلا আং]।

৮=[পা]—বি. গাভীর পশ্চাদ্ভাগ॥ কুলা ভাইংগা গেসে, আইযৈ গাই বিয়োবে।

৯=[সি]—বি. ধান বিশেষ॥

কুলা উঠা=[রা]—ক্রি. পারা॥ একটু দেরি না কর্লে আমি কুলা উঠতে পারি না। [<কুলাইয়া(<কুলানো) +উঠা]।

কুলাকাটা=[রা]—বি. একপ্রকার কাঁটাযুক্ত ভেষজ গাছ॥

কুলা নামানো=[চা]—ক্রি. মানৎ কার্য সমাধা করা॥ পোলার্ মানৃতি কুলাডা নামাইতে ঐব।

২=[চা, ফ]—ক্রি. বাড়ি বাড়ি ভিক্ষা করিয়া চাউল মাগা॥

কুলানো=[খু]—ক্রি. দেখানো॥ ও শব্ কুলাস্নে।

কুলাব্বর্=[য]—বি. হ্যাট, সাহেবী টুপি॥ [<কুলাহ্ کلاه ফা.+বর بر ফা.; অর্থ প্র. (মূল অর্থ টুপি বহন করে যে)]।

কুলাস্=[য]—বি. তীর॥ [<কূল+আচ প্র.]।

কুলি=[খু]—বি. কূল, পাড়॥ খালের্ কুলি। [<কূল+ই প্র.]।

২=[চা]—বি. একপ্রকার কালো পাখী (যাহার চোখ খুব লাল থাকে)॥ ডুবাইয়া চৌখ্গুলিরে কুলির্ চৌখের্ মতন্ লাল্ কর্সে। [দেখ কুলি৪]।

৩=[য]—বি. কুল, বরই॥ [<কুল <কোল সং+ই প্র.=কুল ফল কিংবা <কোলী=কুল গাছ]।

৪=[সি, চা]—বি. কোকিল॥ [< কইল <কোকিল]।

কুলি পিঠা=[খু]—বি. নারিকেল দিয়া তৈরী পিঠা বিশেষ॥

কুলিয়া=[সি]—বি. চুণ রাখার ছোট বাটি বিশেষ॥

কুলুক্=[সি]—বি. তালা॥ দুয়ার কুলুক্ দিসনি। [দেখ কুলুপ্]।

কুলুক্কুলু=[খু]—অব্য. ছোট শিশুদের এক প্রকার আনন্দ ধ্বনি॥ [ধ্বন্যা.=কল কল বা খল খল]।

কুলুখ্=[কুম]—বি. খাঁজ॥ কুলুখ্ কাইট্যা যোড়া দেও।

কুলুব্= [খু, য]—বি. তালা॥ নাওডার শিয়েল্ কুলুব্ দিয়ে আটকাইয়ে থুইও (খু)। [<কুফল্ قفل আং; বর্ণ বিপর্যয়]।

২=[য]—বি. স্ক্রু॥ চাঁলে কুলুব্ লাগান্ দর্কার্। [<ইস্ক্রুপ< schroef ডাচ]।

কুলুয়াস্=[বা]—বি. ছোট এক প্রকার পাখী॥

কুলে=[য]—বি. কুলা॥ কলে দিয়া চাঁইল্ ঝারে। [কুলা, কুলো<কুল্য সং]।

২=[খু]—বি. চুনদানী॥ কুলের্ চুন্ শব্ কুরায়ে গেইসে। [দেখ কুইলা, কুলিয়া]।

কুলেহ্=[রা]—বি. শশক॥ কুলেহের্ মাংশ বড় নরম্।

কুল্যা=[চট্ট]—বিণ. ধারের, বংশের, পরিবেশের॥ পাহাড়ের্ কুল্যা গরু দেখ্তে ভাল। [<কুল/কূল/ কোল +ইয়া প্র.]।

২=[পা]—বি. কুলা, শস্যাদি ঝাড়িবার পাত্র॥ কুল্যাডা দা দান্ ঝাড়। [দেখ কুলে]।

৩=[কুম]—বি. কলু, যে তৈল ভাজার ব্যবসা করে॥ [<কলু +ইয়া প্র.; তুং কোল্হু হিং]।

কুলৈ পিডা=[চা]—বি. এক প্রকার পিঠা॥

কুল্=[য]—বি. বাকল, গাছের ছাল॥ [<খোলা]।

২=[য, সি]—বি. কোল॥ কুলের সাওয়াল্। [<কোল<ক্রোড় সং]

কুল্কর্মা পড়ানো=[রা]— ক্রি. ধর্মমতে দীক্ষা দেওয়া॥ [<কুল قل+কল্মঃ کلمه আং+পড়ানো; অর্থ প্র.]।

কুল্কে=[খু, য]—বি. হুক্কার কলকি॥ [=কলকে]।

কুল্কে মাস্=[ফ]—বি. চেংরা মাছ॥

কুল্ ঠাবানি=[রা]—বি. কুলা॥

কুল্পিত্=[কুম]—বি. কলা॥ কুল্পিতে মধু অয়্।

কুল্পিত্ কলা=[রং, ফ]—বি. সবরী কলা॥ কুল্পিত্ কলা না খালি আমু কি খামু (রং)?

কুল্পি=[রা, ব]—ক্রি, বিণ. চৈত্তা, জিত॥ এবারের্ খেলায়্ শে কুলুপি মেরে দিল্। [দেখ কুলুপি৪; অর্থ প্র.]।

২=[ব]—বিণ. গুরু॥ [দেখ কুলুপ্ +ই প্র.; অর্থ প্র.]।

কুল্‌পে=[খু]—বি. এক প্রকার শাক ॥

কুল্‌কভ্‌=[সি]— বি. সন্দেহ ॥ আমার্ মনোর্ কুল্‌কত্ গেসে। [< কুল্‌কত্ كلفت আং ; অর্থ প্র.]।

কুল্‌কি=[ম]—বি. বরফের চাকা ॥ কুল্‌কি বরফ্ খাইবানি ? [তুং কুল্‌ফী قلفی উর্দ্]।

কুল্‌মচ'া=[রা]—বিণ. হতভাগা ॥ কুল্‌মচ'া পোলাডার্ পর্‌ণা হারাইয়া কালায়্। [< কুল + মজা = কুল মজাইয়াছে(য)]।

কুল্‌লডি=[কুম, নো]—বিণ. সবগুলি ॥ কুল্‌লডি মাস্ এই বেলা রাইন্‌দ না। [< কুল্‌লটি < কুল্ كل আং + টি অব্য.]।

কুল্‌লয়া=[খু]—বি. ছেলেমেয়ে ॥

কুল্‌লা=[সি]—বি. ঘূর্ণিবাত্যা ॥ ই কুল্‌লার্ গর্ দুয়ার্ রাইখ্‌ত না।

কুল্‌লাইল্‌=[কুম]—বিণ. পানি আটকাইবার জন্য অতিরিক্ত আলি ॥ একটা কুল্‌লাইল্ বাহন্‌দা পানি আট্‌কাও। [< কোল + আইল(< আলি)]।

কুল্‌লা কুল্‌লি=[পা, ক]— বি. তুমুল ঝগড়া ॥ [কুল্‌লা < কলহ ; আধিক্যে দ্বিত্ব ; ই প্র.]।

কুল্‌লি=[ম]—বিণ. সমস্ত ॥ কুল্‌লি দুশ্‌টের্ বাকে গাসের্ শকুরি পাইয়া নিয়া যায়্। [কুল্ كل আং]।

কুল্‌লু১=[সি]—বি. উচ্চস্বরে ক্রন্দন, কোলাহল ॥ মরা বাড়িত্ কুল্‌লু পর্‌সেনিরে ? [< কুলাল < কোলাহল]।

২=[য]—অব্য. যাহোক ॥

কুল্‌লুত্তি=[কুম, নো]—বিণ. সবগুলি ॥ কুল্‌লুত্তি মাস্ এইবেলা রাইন্‌দ না [দেখ কুল্‌লড়ি]।

কুল্‌লে=[ম]—অব্য. কোনগুলি ॥ কুল্‌লে আন্‌লন্ ? [কোনলে < কুন গুলে < কোনগুলি]।

কুল্‌লেটি=[সি]—বিণ. সবগুলি ॥ কুল্‌লেটি আর্ মস্‌টো ঐরা গেল্। [দেখ কুল্‌লডি]।

কুল্‌লেতা=[সি]—বিণ. সবকিছু ॥ [দেখ কুল্‌লুত্তি]।

কুল্‌লেতি=[কুম]—ক্রি.বিণ. সবগুলি ॥ তুই আমার্ কুল্‌লেতি নিসত্ কেরে ? [দেখ কুল্‌লেড়ি]।

কুল্‌শাতা=[কুম]—বি. মাটি ॥ আমার্ খালু চ'ালাইবার্ কুল্‌শাতা কৈ ?

কুল্‌শি=[পা]—বি. এক প্রকার পিঠা ॥

কুল্‌সত্‌=[ক]—বি. দাগ কাটার যন্ত্র ॥

কুশন্‌ড=[রা]—বিণ. শয়তান ॥ কুশ-ন্‌ড ছেলে। [< পাষণ্ড; লোকব্যুৎপত্তি ; অর্থ প্র.]।

কুশল্‌লা=[ম]—বিণ. কুপরামর্শ ॥ কুশল্‌লা দিয়া বাইগুলিরে পির্‌থক্ কর্‌সে। [< কু + শলা < সলা < সিলাহ্ صلاح আং]।

কুশা=[ম]—বি. আঁখ ॥ কুশা খাইবা ? [দেখ কুইশ্যাল্]।

কুশাইল্‌=[পা]—বিণ. মিঠা কথা ॥ তোর্ খালি মোহে কুশাইল্ কামে নাই। [< কুশল ; অর্থ প্র.]।

কুশাত্‌=[রা]—বিণ. দুর্লক্ষণ, বিঘ্ন ॥ মাছ্ মার্‌বা গেনু, কিন্‌তু শালা এমোন্ কুশাত্ জি এ্যাডা পুঁটিও পানু না। [দেখ কুশৈত্ লাগা]।

কুশাদা=[ম]—বিণ. খোলা ॥ বায়্‌গাড়া বেশ্ কুশাদা। [< কুশাদহ্ كشاده ফা.]।

কুশানি=[খু]—বি. পুঁজ ॥ [< কশ (< কশ < কষায় সং) + আনি প্র.]।

কুশার১=[কুম]—বি. ইক্ষু ॥ [দেখ কুশৈর্]।

কুশার্‌=[সি]—বি. আখ, ইক্ষু ॥ [দেখ কুশৈর্]।

কুশি=[বা]—বি. চিচিঙ্গা তরকারী ॥

২=[পা,ব,খু]—বি. নূতন পাতা বা ডাল ॥

কুশি আনাজ্‌=[খু,ক]—বি. চিচিঙ্গা তরকারী ॥ [দেখ কুশি + আনাজ [illegible] হিং]।

কুশির্‌=[ব]—বি. ঝিঁঝিদের ঘর ॥

কুশিবাতি=[রং]—ক্রি.বিণ. ক্রমানুয়ে ॥

কুশুত্তে=[খু,ম]—বিণ. কুচক্রী, দুষ্ট ॥ কুশুত্তে লোকের্ পাল্‌লায় পড়্‌সে। [< কুচুটে]।

কুশুর্‌=[ক]—বি. ইক্ষু ॥ [দেখ কুশৈর্]।

কুশুল্‌=[পা]—বি. ইক্ষু ॥ কুশুলের্ হালি কত ? [দেখ কুশুর্]।

কুশে আনাজ্‌=[ম]—বি. চিচিঙ্গা তরকারী ॥ [দেখ + কুশি আনাজ্]।

কুশ্যা=[পা]—বি. অণ্ডকোষের বিচি ॥ [কোষ + ইয়া প্র.]।

কুশৈ=[ক]—বিণ. মূর্খ ॥ তোর্ মতন্ কুশৈ আর্ দেহি না।

কুশৈতা=[পা, ব, খু]—বি. অলক্ষুণে, অপয়া ॥ কোন্ কুশৈতার্ মুখ্ দেইখা বাইর্ ঐসি। [দেখ কুঅসাআত্ + আ প্র.]।

কুশৈত্‌ লাগা=[সি]—বি. অশুভের স্পর্শ লাগা ॥ আইস্ কুশৈত্ লাগ্‌সে এ্যাক্‌টা মাস্‌ও পাইলাম্ না। [দেখ কুশৈতা]।

কুশৈর্‌=[কুম,রং]—বি. আখ। বাজার্ থাইক্যা এক্‌টা কুশৈর্ আইন্য (কুম)।

কুশৈল্‌=[পা]—বি: ইক্ষু ॥ [দেখ কুইশ্যাল্]।

কুশোড়=[কু]—বি. ইক্ষু ॥ [দেখ কুশৈর্]।

কুশোর্‌ভোগ=[য]—বি. জলাঞ্জলি ॥ মামলায় পড়ে বহু টাকা কুশোর্‌ভোগ দিয়েসি। [< কসুর قصور আং + ভোগ; অর্থ প্র.]।

কুশ্‌=[খু]—বিণ. খোঁড়া ॥ কুশ্ লোক্‌টা ভিক্‌খে চ'ায়্। [কুশ্‌ণ < কুণ্ঠ]।

কুশ্‌টা করা=[রং]—ক্রি. দুর্নাম করা ॥ [< কুৎসা + করা ; বর্ণ বিপর্যয়]।

কুশ্‌টি=[রং]—বিণ. নোংরা ॥ কাপড় খ্যান্ কুশ্‌টি হৈছে। [< কুষ্টি < কুষ্ঠ + ই ; অর্থ প্র.]

কুশ্‌টি তোলা=[পা]—ক্রি. জাত তোলা ॥ তোর চৌদ্দ পুরুষের্ কুশ্‌টি না তুলে সারব্ না। [< কুষ্টি < কোষ্ঠী + তোলা]।

কুশ্‌পারি=[রং]—ক্রি. বিণ. একাগ্র চিত্তে, একটানা ॥ ক্যানে তুঁই মোক কুশ্‌পারি গাইল্‌ পার্‌বার্‌ নাগাচিস্‌ ?

কুশ্‌রি=[ফ]—বি. ইক্ষু ॥ কুশ্‌রির্‌ গুড়্‌। [দেখ কুশের্‌]।

কুশ্‌লি=[রা, ব, পা]—বি. নারিকেলের পিঠে ॥ শিত্‌ থাক্‌তে কুশ্‌লি পিঠে বানাও।

কুশ্‌শি=[দি, রং]—বি. মুগুর, ঠেঙ্গা ॥

কুশাই=[ম]—বি. কুশাসন, পিড়া ॥ পুবের ঘরো কুশাই পাতা আসে। [<কুশাই<কুশায়ন<কুশ+আসন]।

কুশি=[কুম]—বি. সোনার গহনা মাজিবার জন্য গরুর লেজের তৈরী ব্রাশ ॥ [দেখ কুচি৬]।

কুস্‌=[ম]—বি. টঁ্যাক ॥ টাহাডা কুসে বাইন্দা রাহো। [কোঁচ]।

২=[ম]—বি. বাঁশের নয় শলাকা বিশিষ্ট মাছ ধরিবার যন্ত্র ॥ [<কোঁচ]।

কুস্‌তর্‌=[ম]—বি. কৃপা ॥ খোদার্‌ কুস্‌তরে বালা আসি।

কুস্‌তা=[কুম, সি]—ক্রি. বিণ. কিছু ॥ আমি কুস্‌তা বানি না। [<কিছু+তা ; তুং কুছ হিং]।

কুস্‌লা=[রা, ব]—বি. মাছের পাকস্থলী ॥ বড় মাছের্‌ কুস্‌লা বড় মজা (রা)। [দেখ কুচ্‌লা]।

কুস্‌সা=[ম]—বি. কুৎসা ॥ মাইনশের্‌ কুস্‌সা কর্‌রা বালা না। [<কুৎসা]।

কুস্‌সা মারা=[চা]—ক্রি. মালকোঁচা আঁটা ॥ কুস্‌সা মাইরা কাম্‌ কর্‌। [দেখ কুচা+মারা]।

কুহ্‌=[রং]—বি. মোহ, ঘোর ॥ মুই কুহত্‌ পড়িয়েঁ। [<কুহক<কুহক]।

কুহরা=[চা]—বি. ভান ॥ বেশি কুহরা করিস্‌ না।

কুহরে=[ফ]—বি. মোরগ মুরগী ॥ [দেখ কুহ্‌রা]।

কুহা=[ক]—বিণ. এক প্রকার গেরো বা বাঁধন ॥ কুহা গেরো বাদ্‌লে শহবে খোলা যায়্‌।

কুহানো=[ম]—ক্রি. যন্ত্রণায় কাতরানো ॥ [<ককানো]।

কুহারা=[ম]—বি. বিলাপ, হা হুতাশ ॥ মরা পোলার্‌ লাইগা মায়্‌ কুহারা কর্‌তাসে।

কুহা লাগানো=[ক]—ক্রি. বিপদে ফেলা ॥ তুমি পার্‌লে কুহা লাগাইও।

কুহি=[ক, বা]—বি. ছোট মেয়ে ॥ তার্‌ কুহিডা খুব্‌ শুন্দর্‌। [<খুহি <খুকি]।

কুহিলা=[বা, ক, খু]—বি. কোকিল ॥ ফাল্‌গুন্‌ মাশে কুহিলায়্‌ ডাহে। [< [<কুইলা<কোকিল+আ প্র.]।

কুহিলার্‌ চ'ক্‌=[খু]—বি. অতিমাত্রায় লাল চক্ষু ॥ [দেখ কুহিলা+র (সম্বন্ধে)+চউখ—(<চক্ষু)]।

কুহুরা=[রং]—বিণ. কপট ॥ ব্যাটা এক্‌জন্‌ কুহুরা। [দেখ কুহরা]।

২=[রং]—বি. চং, মিথ্যা, ভান ॥ জর্‌টর্‌ কিছু না, কামের্‌ ডরে কুহুরা কর্‌ছে। [দেখ কুহরা]।

৩=[রা]—বি. আহ্লাদ ॥ অত কুহুরা ভালো লাগে না।

কুহুর্‌=[খু]—বি. কুকুর ॥ [<কুহুর <কুকুর]।

কুহুর্‌ কুহুর্‌=[চা]—অব্য., ক্রি. বিণ. খুক্‌খুক্‌ ॥ তামাক্‌ খাও আর্‌ কেন্‌ কুহুর্‌ কুহুর্‌ কাশো। [ধ্বন্যা.]।

কুহুলি=[দি]—বি. কোকিল ॥ [<কুইলি<কোকিল+প্র.]।

কুহোইর্‌=[ফ]—বি. কুয়া ॥ কুহোইরের্‌ পানি খারাপ্‌ ঐয়া গেসে। [<কুয়োর<কুয়া+র]।

কুহ্‌=[ম]—বি. কুয়াশা ॥ [<দেখ কুয়া]।

কুহ্‌ড়া=[পা]—বি. মোরগ মুরগী ॥ [দেখ কুহরে]।

কুহ্‌ড়ো=[ম]—বি. কুক্কুট ॥ কুহ্‌ড়োডা ধর্‌ ॥ [দেখ কুহ্‌ড়া]।

কে

কেজন্‌=[চট্ট]—ক্রি. বিণ. কেমন ॥ তুই কেজন্‌ কৈল্‌লে। [<কেমন]।

কেজয়্‌=[চট্ট]—সর্ব. কেহই ॥ দুন্‌নাইত্‌ তায়্‌ কেজয়্‌ ন আসে। [<কেহই]।

কেজায়্‌=[চট্ট]—সর্ব. কেহই ॥ 'খাইবার্‌ শময়্‌ বার ভাই, পোয়া নৈত কেজায়্‌ নাই'—প্রবাদ। [দেখ কেজয়্‌]।

কেজায়্‌=[চট্ট]—সর্ব. কাহার ॥ [<কাহার]।

কেইংডা=[চা]—বিণ. শীর্ণ, ক্ষীণ ॥ সেরাডা যবর্‌ কেইংডা।

কেই করা=[খু]—ক্রি. জেদ করা ॥

কেইচা=[রং]—বি. ক্রিমি ॥ ছেলেটার্‌ পেট্‌ ভরা কেইচা। [কেঁচো<কেঁচুআ <কিঞ্চলুক সং ; অর্থ প্র.; তুং কেইসা (ম)]।

কেইচ্‌ক্যা=[রং]—বি. ফিঙে পাখী ॥ কেইচ্‌ক্যা মাথাত্‌ ঠোকর্‌ মারে। [<ফিঙে ; তুং কেচ্‌'চু'রা (ম)]।

কেইট্যা=[কুম]—বিণ. দুর্বল, কৃশ ॥ কেইট্যা মানুশ্‌। [<খাট]।

কেইট্‌টা=[চা]—বিণ. খাট, ছোট ॥ তর্‌ বাই এক্‌কেলে কেইট্‌টা। [দেখ কেইট্যা]।

কেইট্‌টা লাগা=[চা]—ক্রি. রোগে ভুগিতে ভুগিতে ছোট হইয়া থাকা, বর্দ্ধিত না হওয়া ॥ তুইবে এক্‌কেলে কেইট্‌টা লাইগ্যা রৈলি। [দেখ কেইট্যা, কেইট্‌টা]।

কেঁইড়্ডা=[বা]—বি. কুকুর ॥

কেঁইনা=[পা]—বি. প্রতিহিংসা ॥ কারো পর্তি কেইনা রাখা মহাপাপ্। [<কীনহ্ کینہ ফা.]।

কেঁইন্যা=[পা]—বি. ধান গাছের গোড়া হইতে গজানো চারা ॥

কেইন্ন্যা=[বা]—বি. ক্রিমি ॥ পেটে কেইন্ন্যা হচে'। [<কেন্না বা কেন্নো; ভিন্ন অর্থে]।

কেঁইয়া=[খু]—বিণ. কৃপণ॥ অত বড় কেইয়া। [<কাঁইয়া (প্রসিদ্ধ অবাঙালী ব্যবসায়ী সম্প্রদায়); অর্থ প্র.]।

কেঁইয়াবাদা=[নো]—বি. কাঁদিরছড়া॥

কেঁইয়ুর্=[কুম]—বি. ফল বিশেষের আঁটি ॥ সেনেরা কেইয়ুর্ খায় ।

কেঁইয়ে=[খু]—বি. উড়িষ্যাবাসী ॥ [দেখ কেইয়া]।

কেইর্কা=[ম]—বিণ. শীর্ণ॥

কেঁইল্যা=[পা]—বি. কীট বিশেষ ॥ [দেখ কেইন্ন্যা]।

কেইল্যানি=[চা]—ক্রি. বি. আলু ক্ষেতের সারিতে মাটি উঠান ॥ আমার্ খেতের্ দুইডা কেইল্ কেইল্যানির্ বাকি রৈসে। [কেলানি<কেলান; খিলানা হিং(প্রস্ফুটিত করা)]।

কেঁইল্=[কুম,ম, চা]—বি. শস্যের চারা রোপণ করিবার সারি ॥ আগে কেইল্ কাইট্টা তার্পরে তামুকের্ চা'রা লাগাও।

কেইল্লা=[পা]—বি. এক প্রকার পোকা ॥ কেইল্লা পোকা কানো খাইতো পারে। [দেখ কেইন্ন্যা]।

কেইশর্=[রং]—বি. শাকআলু॥ [<কেশুর<কশেরু সং]।

কেঁইস্=[নো, কুমি]—বি. আগাছা॥ কেইস্ দানের্ বর দুশ্মন্।

কেঁইস্সা=[নো, কুম]—বি. আগাছা বিশেষ ॥ [দেখ কেইস্]।

কেঁইস্সার্ বার্=[নো]—বি. কার্তিক মাসের বৃষ্টি॥ কেইস্সার্ বারে নাড়িডুন্ কেস্সা উডি বরি গেইসে।

কেই হোক্=[সি]—বি.পোকাবিশেষ॥ কেইহোকার্ খাদার্ শোয়া যায় না। [কেই (পোকা বিশেষ)+পোক্<পোকা]।

কেউ কেউ করা=[ম]—ক্রি. যন্ত্রণায় ছট্ফট্ করা ॥ কুশ্চট রোগিটা কেউ কেউ কর্সে। [কেঁউ কেঁউ (অনু.)+করা]।

কেউগা=[ক]—সর্ব. কোন্ লোক ॥ কেউগা যায়রে? [<কে+গা=কেগা]।

কেউগার্=[চা]—সর্ব. কে॥ কেউগার্ আইসিল্? [দেখ কেউগা]।

কেউগ্যায়্=[কুম]—সর্ব. কোন্ ব্যক্তি॥ কেউগ্যায় আইসে? [দেখ কেউগায়]।

কেউচ'চ'া=[কুম]—বি. কেঁচো ॥ মাডির তলে থাইক্যা এক্টা কেউচ্চ'া উঠ্সে। [দেখ কেইচা]।

কেউটে ফেনা=[খু, ম]—বি. জলজ উদ্ভিদ বিশেষ ॥ [কেউটে (সাপ)+ফণা (=সাপের ফণার মত বাঁকা)]।

কেউড়া কেউড়ি=[রং]—বি. কাড়াকাড়ি ॥ জমি নিয়া কেউড়াকেউড়ি লাগ্ছে। [<কাড়াকাড়ি]।

কেউড়ি=[খু]—বি. বাধা, বিপত্তি ॥ এই কামে বহুত্ কেউড়ি আছে। [<কপাটি<কপাট+ই; অর্থ প্র.]।

কেউড়ি লাগা=[খু]=ক্রি. হাত পা আড়ষ্ট হওয়া, শীতে হাত পায়ে খিল ধরা ॥ [দেখ কেউড়ি]

কেউত্=[সি]—বি. প্রভাব ॥ [<কুওবত্ قوت আং]।

কেউত্তা শিং=[ন]—বি. ছোট শিং মাছ ॥ বিলের্ পুগুইরে খালি কেউত্তা শিং। [<কিহ্তর کہتر ফা+শিং<শিঙ্গি<শৃঙ্গী সং]।

কেউনা=[ম]—বি. তিন ইঞ্চি লম্বা পোকা বিশেষ ॥ [দেখ কেইন্ন্যা]। ২=[ম]—সর্ব. কাহারও ॥ [কেউ<কেহ=কাহার+না]।

কেউনদ=[সি]—বি. ছোট গাব ফল বিশেষ (যাহা হারা জালে প্রলেপ দেওয়া হয়) ॥

কেউয়্না=[ম]—বি. ঘরের খামে খাঁজ কাটবার যন্ত্র বিশেষ ॥ ২=[চা]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥

কেউবান্=[ম]—সর্ব. কেহ বা ॥ কেউবান্ খাইয়া মরে আর্ কেউবান্ না খাইয়া। [<কেহবা]।

কেউব্রা=[বা]—বি. দড়ির প্যাঁচ।

কেউ মেউ=[চট্ট]—বি. অব্য. হাউমাউ ॥ [অনু.; কেঁউমেউ]। ২=[পা] —অব্য. কিল্বিল্ ॥ [পূর্বে দেখ]।

কেউরর্=[সি]—বি. দরজা ॥ [<কেবাড় হিং; কবাট সং]।

কেউয়া=[সি]—বিণ. কচি, অপরিণত ॥ কেউয়া আম্।

কেউয়ার্=[কুম]—বি. দরজার পাট॥ কেউয়ার্ড়া লাগায়া হো। [দেখ কেউয়র্]।

কেউরা=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

কেউরির্=[সি]—সর্ব. কাহারও ॥ কেউরির্ বারিত্ আমি যাই না। [<কাহারও; কেউ<কেহ]।

কেউরুর্=[কুম]—সর্ব. কাহারো ॥ আম্রা কেউরুর্ খতি চা'ই না। [দেখ কেউরির্]।

কেউর্=[চট্ট]—বি. হোগলা জাতীয় জলজ গাছের গোড়ায় উৎপন্ন কেশের ন্যায় ছড়া ॥ [< কেশর; কেশের মত বলিয়া]।

কেউর্তাল্=[বা]—বি. গণ্ডগোল॥ সেম্রা এক্টা কেউর্তাল্ বাদাইসে।

কেউলি=[পা]—সর্ব. কেইবা, কেহই॥ ওহানুডায় কেউলি যায় নাই। [<কেহই; কেউ<কেহ+লি=ই]।

কেউস্সা=[চা]—বি. এক প্রকার পাখী, পেঁচা ॥

কেঐর্ডে=[চা]—ক্রি. বিণ. কাহারো নিকট ॥ এ্যাই কতাডা কেঐর্ডে কৈস্ না। [<কাহার+ঠাঁই]।

কেওক্ড়া =[ক]—বি. এক প্রকার ওষধি ॥ কেউক্ড়া দিয়া অষুদ্ বানায়।

কেওট্‌=[রা]—বিণ. খারাপ ॥ লোক্‌টা খুব্‌ কেওট্‌। [<কেবট্ট প্রাং. <কৈবর্ত্ত সং ; কেবট হিং ; অর্থ প্র.]।

কেওড়া=[ফ]—বি. গিঁঠ, এলোমেলো অবস্থা ॥ দড়িডা কেউড়া লাইগ্যা গেছেগা। [<কেৱাড়<কপাট ; অর্থ প্র.]।

২=[রা]—বি. বেষ্টনী ॥ [<পূর্বে দেখ]।

কেওড়া গাস্‌=[খু, য]—বি. বৃক্ষ বিশেষ ॥ [<কেওড়া গাছ]।

কেওড়ি দেওয়া=[পা]—ক্রি. ঠ্যাং দিয়া ঠ্যাং চাপিয়া ধরা ॥ [কেৱাড়ি< কপাটি<কপাট+ই ; অর্থ প্র.]।

কেও মেও=[কুম]—বি. কোলাহল, গোলমাল ॥ পোলাপানের্‌ কেওমেও। [অনু. ; কেঁউমেউ]।

কেওয়া=[রা]—বি. খয়েরের শ্রেণী বিশেষ ॥ [<কেয়া<কেতক সং= কেয়া ফুলের গন্ধ বিশিষ্ট খয়ের]।

২=[ম]—বি. আনারস বা কেয়া ফল.॥ আইয়্‌ বাযারে বহুত্‌ কেওয়া উঠ্‌সে।

৩=[ব]—বি. মইয়ের দড়ি বা খিল ॥ [<কোহ<কোষ]।

কেওয়াট্‌=[খু]—বি. কপাট ॥ [দেখ কেউয়র্‌]।

কেওয়া দেওয়া=[ম]—ক্রি. (যাহাতে কেউ ধরিতে না পারে তজ্জন্য) সর্পিল গতিতে আঁকিয়া বাঁকিয়া দৌড়ানো ॥

কেও্‌য়া লাগা=[সি]—ক্রি. দুইটা বস্তু আড়াআড়ি ভাবে এক সঙ্গে লাগিয়া যাওয়া ॥ [দেখ কেউড়া+ লাগা]।

কেওয়ালি=[ম]—বি. মাঝি, গুদারা-ওয়ালা ॥ গাটের্‌ কেওয়ালি। [< খেয়া+আলি প্র.]।

কেওরা=[কুম,চা]—বি. মটরশুটি ॥

২=[খু]—বি. টক শাক বিশেষ ॥ কেওরার যোল্‌ আর্‌ চিং‌ড়ি মাস্‌ চ'মত্‌-কার্‌।

৩=[চা,সি]—বি. গিঁঠ, এলোমেলো ভাব, দুইটি জিনিসের প্যাঁচ ॥ [দেখ কেউড়া]।

কেওরা কেওরি=[সি]—বি. জড়া-জড়ি, এলোমেলো ভাব ॥

কেওরা গাস্‌=[চা]—বি. এক প্রকার কাঁটাযুক্ত গাছ ॥ [দেখ কেউড়া গাস্‌]।

কেওর্‌=[ফ]—বিণ. হীন ॥ কেওর্‌ লোক্‌। [দেখ কেওট্‌]।

কেওলা=[সি]—বি. কমলা ॥ কেওলার্‌ রশ্‌। [কঁঅলা<কমলা]।

কেও্‌লা কেওলি=[সি]—বি. জড়া-জড়ি ॥ [<কোলাকুলি]।

কেওলি=[খু]—ক্রি.বিণ. কেবলমাত্র ॥ এইত কেউলি বাড়ি এশেসি [< কেবলি]।

কেওলি কেওলি করা=[সি]—ক্রি. (পানির) কল্‌ কল্‌ করা ॥ [তুং কল্‌ কল্‌ করা]।

কেংকা=[রা]—ক্রি.বিণ. কি রকম ॥ [<কেমন+কা ; তুং ঐংকা< অমন কা]।

কেংকাতি=[দি]—বিণ. কেমন ॥ কেংকাতি লোক্‌ তুমি হে ? [দেখ কেংকা+তি=টি]।

কেংগা=[ব]—ক্রি.বিণ. কেমন করিয়া।

কে'ঁঅরা=[চট্ট]—বি. কাঁকড়া ॥ [< কাঁকড়া<কর্কট সং]।

কে'ঁইক্‌কা=[নো]—ক্রি. বিণ. কি রকম, কিরূপ ॥ মাইয়াটা কেঁইক্‌কা কথা কয়্‌। [দেখ কেংকা]।

কে'ঁইচ'্যা=[চট্ট]—বি. উলুজাতীয় বড় গুল্ম, কাশ ॥ কেঁইচ'্যা দি গরিব্‌ মানুশে ঘর্‌ সায়্‌। [<কাশ=কশার ; তুং কাইশ্যা (ম)]।

কে'ঁইর্‌=[চট্ট]—বি হোগলা জাতীয় জলজ গাছের গোড়ায় উৎপন্ন কেশের ন্যায় ছড়া ॥ [দেখ কেউর্‌]।

কে'ঁইল্‌=[চট্ট]—বি. কোমর, কাঁখ ॥ কেঁইলত্‌ পোয়া লৈ হাড্‌। [দেখ কাঁ-আইল্‌]।

কে'ঁউর্‌=[চট্ট]—বি. ফল বিশেষ ॥ [দেখ কেইশুর্‌]।

কে'ঁঐল্‌=[চট্ট]—বি. কাঁকাল ॥ [<কাঁকাল<কক্ষ সং+আল প্র.]।

কে'ঁচ'র্‌=[ব]—বি. ছোট কাঁঠাল ॥ [<ইঁচড় শব্দের সাদৃশ্যে]।

কে'ঁচ'া=[চট্ট]—বিণ. কাঁচা ॥ [< কাঁচা ; তুং কচচা হিং]।

২=[খু]—বি. বাঁশের তৈরী বেড়া ॥

কে'ঁচুয়া=[রং]—বি. ক্রিমি ॥ [দেখ কেইচা]।

কে'ঁজাল্‌=[রা]—বি. থোড় ॥ [< কিঞ্জল সং]।

কে'ঁথলি=[কু]—বিণ. কৃশ ॥ কেঁথলি মিওল্‌ মাস্‌।

কে'ঁথালন্‌=[নো]—ক্রি. ত্যক্ত করা ॥ বেশি কেথালাইস্‌ না। [খিজ্‌লানা হিং]।

কে'ঁডা=[চট্ট]—বি. কাঁটা, শত্রু, উন্নতি বা সুখের বিঘ্ন ॥ হতিন্‌ বড় কেঁডা। [<কাঁটা <কণ্টক]।

কে'ঁডা ইচ'া=[চট্ট]—বি. গলদা চিংড়ি ॥ [দেখ কেঁডা+ইচা=চিংড়ি]।

কে'ঁডি=[নো]—বিণ. খিট্‌খিটে, চিমটা ॥ বুড়ি কেঁডি ঐ গেসে।

কে'ঁড়া=[চট্ট]—বি. কাঁকড়া ॥ কেঁড়া ঠ্যাঙ্‌ দি চি'প্‌ দেয়্‌। [দেখ কেঁঅরা]।

২=[নো]—বি. ধান বিশেষ (যাহা কাত্তিক মাসে পাকে) ॥

কে'ঁড়ো=[কু]—বি. তৈল রাখার মৃৎ পাত্র ॥ তেলের্‌ কেঁড়ো। [=কেঁড়ে <কুণ্ড সং]।

কে'ঁতাড়ি=[কু]—বি. কাটা ধানের গোড়ায় অঙ্কুর গজাইয়া উৎপন্ন ধান ॥

কে'ঁত্‌কানো=[চট্ট]—ক্রি. পাখী প্রভৃতির গলায় খাদ্য আট্‌কাইয়া শব্দ হওয়া ॥ গলায়্‌ কুঁড়া বাধি কুড়াইয়া কেঁতৃকায়্‌।

কে'ঁত্‌রা=[নো]—বিণ. খারাপ ॥ [<কিহ্‌তর্‌ کہتر ফা. কিংবা< কাতরা ; অর্থ প্র.]।

কে'ঁথা=[দি]—বি. কাঁথা ॥ [<কাঁথা <কন্থা সং]।

কে'ঁদা=[চট্ট]—বি. চিচিংগা ॥

কে'ঁম্‌=[চট্ট]—বিণ. কেমন, কিরূপ ॥ তুই কেঁম্‌ পোয়া এক্‌বার্‌ চা'ইরম্‌ [< কেমন]।

কেঁয়ত্=[চট্ট]—অব্য. কোনখানে॥ ইঁয়ত্ কেঁয়ত্ রাইখ্যশ্। [<কোথা< কুত্র সং+ত্ অধিকরণে]।

কেঁয়া=[চট্ট]—বি. একপ্রকার কাঁটাযুক্ত ছোট গাছ॥ [<কেয়া<কেতক, কেতকী]।

কেঁয়ারা=[চট্ট]—বি. কাঁকড়া॥ দুইয়ার্ চ'রত্ লাল্ কেঁয়ারা আসে। [দেখ কেড়া]।

কেঁয়াড্ডুই=[চট্ট]—বি. কাঁচা মরিচ॥

কেঁয়া ফুল=[চট্ট]—বি. কেতকী ফুল॥ [দেখ কেঁয়া+ফুল]।

কেঁয়াল্‌লিশ্=[চট্ট]—বি. কৃকলাস, বহুরূপী সরীসৃপ বিশেষ॥ [<কাকলাস <কৃকলাস সং]।

কেঁয়্যল্=[চট্ট]—বি. কোমর, মাজা॥ [দেখ কাঁআইল্]।

কেঁয়ারান্=[চট্ট]—ক্রি. বেদনায় বা রোগে গোংগানো॥ রোগি অনে হ্খন্ কেঁয়ারাই অহন্ ঘুম্ গেইয়ে। [অনু.]।

কেঁয়া=[চট্ট]—বি. কাঁকড়া॥ [দেখ কেঁড়া]।

কে'ল্‌ল্যা=[রা]—বি. শতপদী পোকা, কেন্নাই॥ [দেখ কেইল্‌লা]।

কে'শ্‌টি=[রা]—বিণ. অপ্রসন্ন॥ [<ক্লিষ্ট]।

কে'স্‌তা=[রা]—বি.কেঁচো॥ কেঁস্‌তা দিয়ে মাস্ ধরে। [দেখ কেইচা]।

কেকানো=[খু]—ক্রি. চিৎকার করা॥ এই মেয়ে কেকাস্‌নে বল্‌সি। [< কঁকানো ; ধ্বন্যা.]।

কেক্ করা=[সি]—ক্রি. গর্জন করা॥ কেক্ করি উঠ কিতা? [ধ্বন্যা.]।

কেক্‌কুইর্=[কুম]—সর্ব. কাহারো॥ কেক্‌কুইর্ কথা হুনিস্ না। [<কেহ +র]।

কেক্‌কেরাইয়া উডা=[ঢা]—ক্রি. শব্দ করিয়া উঠা॥ পোলাডা আসার্ খাইয়া কেক্‌কেরাইয়া উঠ্‌সে। [<ধ্বন্যা.]।

কেক্‌ড়া=[রং]—বিণ. কৃপণ॥ মান্‌শিটা খুব্ কেকড়া॥ [<কাঁকড়া< কর্কট ; অর্থ প্র.]।

কেকড়া কেক্‌ড়া=[ম]—বিণ. আঁকা বাঁকা॥ [অনু.]।

কেক্‌রন্=[ম]—বি. আঁচড়॥

কেক্‌রা=[কুম]—বি. কাঁকড়া॥ হিয়াল্ কেক্‌রা খায়। [<কাঁকড়া]।

কেগা=[নো]—সর্ব. কে॥ রেগা আইসে? [কে+গা ; তু কেডা(ম)]।

কেগা মেগা=[সি]—বি. ছটফট করণ॥ [অনু.]

কেগ্=[সি]—সর্ব. কে॥ [<কেগো ; তুং কেগা]।

কেগো=[খু]—বি. কাক॥ ধান্ যে কেগোয়ে খেয়ে গেল্। [=কাগ< কাক]।

কেগ্=[সি]—বি. বিস্কুট॥ [<কেক্ cake ইং]।

কেগ্‌লা=[সি]—বিণ. সামান্য খোলা বা ফাঁক॥ দুয়ার্‌ডা কেগ্‌লা কেরে?

কেগ্‌লানো=[সি]—ক্রি. মুচকি হাসা (ব্যঙ্গার্থে)॥ অত কেগ্‌লাও কিতায়?

কেচ'র্=[ঢা]—বিণ. দুষ্ট, চালাক, শয়তান॥ এই পোলাডা বর কেচ'র্। [<খেচর ; অর্থ প্র.]।

কেচ'র্ মেচ'র্=[সি]—অব্য. কিচির মিচির॥ কেচ'র্ মেচ'র্ কৈরা কিতা কও বুঝি না। [তুং কিচির মিচির ; অনু.]।

২=[চট্ট]—বিণ. অপরিষ্কার, অপরিচ্ছন্ন॥ [<কাঁচড় হিং +মেচর অনুঃ]।

কেচ'া=[ম]—বি. ঘুষি, কিল॥

২=[ম]—বি. চাপ, ঘষা॥ অতো কেচ'া লাগ্‌সে।

৩=[ফ]—বি. ছেঁচা মুলিবাঁশ॥ কেচ'ার্ বেরা পোক্‌তো অয়্॥ [দেখ কেঁচা]।

৪=[রং]—বি. পেঁচা॥ [পেঁচা< পেচক]।

কেচ'া কেচ'া=[ঢা]—ক্রি. বিণ. ছিন্নবিচ্ছিন্ন॥ বাশ্‌টা কোবাইয়া কেচ'া কেচ'া করসে।

কেচ'ানো=[ঢা, সি]—ক্রি. কাঁটা দিয়া ঘন ঘন আঘাত করা, খোঁচানো॥

২=[কুম]—ক্রি. মিহি করিয়া কাটা॥ আম্‌ড়া কেচ'াই বর্‌তা বানাও।

কেচ'াল্=[ব]—বি. গণ্ডগোল॥ অত কেচ'াল্ কৈর না। [<কচাল]।

কেচি'=[সি]—বি. বেতের কাজ করিবার সময় দাও রাখিবার বাঁশ বা কাঠ॥

২=[কুম]—বি. কাঁচি॥ কেচি' দিয়া কাপড় কাটে। [<কাঁচি<কইচী তুং ; কেন্‌চী হিং]।

৩=[ঢা]—বি. দুইটি বাঁশ দিয়া নির্মিত এক প্রকার বেড়ি॥ কেচি' দিয়া ডেগ্‌ডা নামাও। [পূর্বে দেখ]।

কেচি'কাটা=[চট্ট]—বি. খেলা বিশেষ॥

কেচি'গন্‌ডগোল্=[চট্ট]—বি. গোলমাল॥ [কেচি (?)+গণ্ডগোল]।

কেচি'মেচি'=[ম]—বি. আপত্তিকর হাবভাব॥ [<কাঁচুমাচু]।

কেচু'ইর্=[কুম]—বি. এক প্রকার আগাছা॥ দান্ বর ঐলে কেচু'ইর্ মৈরা যায়।

কেচু'য়া=[সি]—বি. ক্রিমি॥ কেচু'য়ায় বর্‌তি তার্ পেট্। [দেখ কেইচা, কেঁচুয়া]।

কেচু'র্=[ম]—বি. পানা॥ [< কচুরি=কচুরি পানা]।

কেচে'্যা=[চট্ট]—বি. কেঁচো॥ কেচে'্যাদি বর্‌কি বাইবার্। [দেখ কেচু'য়া]।

কেচে'্যাইর্=[সি]—বি. এক প্রকার জলজ উদ্ভিদ॥

কেচ্'=[ফ]—বি. পাখী বিশেষ॥

কেচ্‌'কি=[সি, ঢা, কুম]—বি. এক জাতীয় ছোট মাছ॥

২=[বা]—বি. আড়াআড়ি করিয়া বাঁধা বাঁশ বা খুঁটি॥ শাকোর্ কেচ্'কি বাইংগা গেসে।

৩=[বা]—বি. আড়াআড়ি প্যাঁচ॥ কেচ্'কি দিয়া ধর্।

কেচ্‌'কি দেওয়া=[ঢা]—ক্রি. দুই পায়ের চাপে ফেলা॥ কাপাটি খেলায় কেচ্'কি দেয়্। [দেখ কেচ্'কি৩+ দেওয়া]।

কেচ্‌'কেচি'=[সি]—বি. অনর্থক চিৎকার ॥ [অনু.]।

কেচ্‌'কেচি' ফেচ্‌'ফেচি'=[ঢা]—বি. বাজে ঝামেলা, অহেতুক বাক্যালাপ ॥ তগ কেচ্‌'কেচি' ফেচ্‌'ফেচি' আর্‌ বাল লাগে না। [দেখ কেচ্‌'কেচি']।

কেচ্‌'কেচি'য়া=[ম]—বি. পাখী বিশেষ ॥

কেচ্‌'কেচ্যা=[ম]—বি. এক প্রকার ছোট পাখী ॥

কেচ্‌'কেচ্‌'=[সি]—বি. চেচামেচি ॥ এত কেচ্‌'কেচ্‌' কর কেন্‌? [অনু.]।

কেচ্‌'চ'া=[নো]—বি. কেঁচো ॥ [দেখ কেচে'্যা]।

কেচ্‌'ত্যা=[পা]—বি. গাছ বিশেষ ॥

কেচ্‌'মা=[সি]—বিণ. কচি, ছোট ॥ কেচ্‌'মা আম্‌।

২=[কুম]—বিণ. যাহা সিদ্ধ হয় না ॥ কেচ্‌'রা আলু।

৩=[ম,কুম,ঢা]—বিণ.ইঁচড়ে পাকা ॥

কেচ্‌'লা=[ঢা]—বি. এক প্রকার ছোট গাছ ॥

কেযা=[সি]—বি. চাপ ॥ কেযা দে নাও বাইর্‌ ঐয়া যাইবো।

কেযাই=[ম]—বি. ইক্ষু জাতীয় ঘাস ॥ চ'রে অনেক্‌ কেযাই অয়্‌।

কেযা দেওয়া=[সি]—ক্রি. চাপ বা ঠেলা দেওয়া ॥ ডাইনে কেযা দে নাও বাইর্‌ ঐয়া যাইবো। [দেখ কেযা+দেওয়া]।

কেযান্‌=[খু]—অব্য. জানি না, বলিতে পারি না ॥ শে কনে গেসে কেযান্‌। [কে জানে]।

কেয্‌ল্‌=[ব]—বি. চক্ষুর কোণে সঞ্চিত ময়লা ॥ [<কীচড় হিং]।

কেটা=[সি,রং]—সর্ব. কে ॥ কেটা কথা কয়্‌রে? [কে+টা তুচ্ছার্থে; তুং কেগা]।

কেটি=[সি]—বি. গুলাল ॥ 'কেটি মার্‌ পাখি তার্‌'—প্রবাদ।

২=[খু]—বি. স্ত্রী কুকুর ॥

কেটের্‌ মেটের্‌=[রং]—অব্য. গোলমাল, কটর মটর ॥ [অনু.]।

কেট্‌কুটি=[সি]—বি. ভর্ৎসনা ॥

কেট্‌কেটানো=[ঢা]—ক্রি. গোলমাল করা, অতিরিক্ত কথা বলা ॥ বেশি কেট্‌কেটানো বালা না। [অনু.]।

২=[রং]—ক্রি.বিরক্ত করা ॥ কেট্‌কেটাইয়া খালিত। [পূর্বে দেখ]।

কেট্‌কেট্‌=[সি]—বি. বকাবকি, বার বার এক কথা বলা ॥ বুরা বেটি হারাদিন্‌ কেট্‌কেট্‌ করে। [অনু.]।

কেট্‌রা=[চট্ট]—বি. পেয়ালা ॥ এক কেট্‌রা ডাইল্‌। [<কটৌয়া হিং]।

কেঠো বাতাশ্‌=[কু]—বি. বৃষ্টিহীন প্রবল ঠাণ্ডা বায়ু ॥ কেঠো বাতাশ্‌ ভালা না। [<কাঠ(=শুষ্ক)+উয়া প্র.+বাতাস]।

কেডর্‌ কেডর্‌=[চট্ট]—অব্য.বিরক্তি কর শব্দ ॥ [দেখ কেটের্‌ মেটের্‌]।

কেডা=[চট্ট]—বি. কাঁটা ॥ গলাত্‌ মাসর্‌ কেডা বিন্‌দিয়ে। [দেখ কেঁড়া]।

২=[ঢা]—সর্ব. কে ॥ কেডারে কথা কয়্‌? [<কে+ডা=টা তুচ্ছার্থে]।

কেডায়্‌=[কুম]—সর্ব কে ॥ এইহানে কেডায়্‌রে? [দেখ কেডা২+য়(অতিরিক্ত)]।

কেডাল্‌=[খু,য]—বি. মাড়াইবার সময় যে বংশদণ্ড দিয়া ধান নাড়া হয় ॥

কেডি=[কুম, ম, বা]—বিণ. দুর্বল, নিকৃষ্ট, খিটখিটে ॥ গরুডা বর কেডি।

২=[বা]—বি. মাদি কুকুর ॥

৩=[চট্ট]—বিণ. ছোট, ক্ষুদ্র ॥ কেডি কুত্তা।

৪=[ঢা]—বি. বাহাদুর, ফাজিল ॥ দুরু কেডির্‌ গরের্‌ কেডি।

৫=[ঢা]—বি. মিতালি, বন্ধুত্ব ॥

কেডিবালাম্‌=[চট্ট]—বি. ছোট নৌকা বিশেষ ॥

কেডো=[পা]—সর্ব. কে ॥ ওহানে কেডো। [কে+ডো=ডা=টা]।

কেড়া=[ম]—বি. লম্বা কীট বিশেষ ॥ কেড়া রেল্‌ গারির্‌ মতন্‌ চ'লে। [<কীড়া<কীট সং]।

কেড়াই=[রা]—বি. নৌকার বৈঠা ॥ [<কেরুয়াল]।

কেড়াল্‌, ক্যাড়াল্‌=[য]—বি. বাঁশ নির্মিত দণ্ড বিশেষ ॥ [দেখ কেড়াই]।

কেড়ো=[খু]—বি. আড়াআড়ি বাঁধা কাষ্ঠ খণ্ড ॥ কেড়োডা ভাংগে গেইসে।

কেড়্‌কেড়ি=[রং]—বি. হাড়ির তলায় লাগা দুধ বা তরকারী ॥ দুধের্‌ কেড়্‌কেড়ি খাইতে ভাল।

কেড়্‌কো=[পা]—বি. মাছধরার যন্ত্র ॥

কেঢো=[ব, পা]—সর্ব. কে ॥ লোক্‌টা কেঢো যায়্‌? [দেখ কেডো]।

কেতর্‌=[ফ]—বিণ. দুষ্ট, মন্দ, অলস, বেখেয়ালী ॥ বাপের্‌ মুখের্‌ উপর্‌ কথা কশ্‌ কেতর্‌ যানি কোন্‌হানের্‌। [<কিহ্‌তর کهتر ফা.]।

২=[বা]—বিণ. দুর্বল ॥ এইডা কেতর্‌ মাইন্‌শের্‌ কাম্‌ না। [<কাতর]

কেতা=[ম]—বি.দুঃখ ॥

২=[রং]—বি. লেপ ॥ শিতের্‌ কেতা ॥ [দেখ কেঁথা]।

৩=[রা]—বি. সাজসজ্জা ॥ কেতা করে আর্‌ কয়্‌দিন্‌ কাট্‌বো? [<কত্‌'আ قطع আং]।

কেতাকেতি=[য]—বি. জড়াজড়ি ॥ বেশি কেতাকেতি ভাল না।

কেতাকোতা=[য]—বি. বিরক্ত ॥ কেতাকোতা করিস্‌ না।

কেতানো=[খু]—ক্রি. মাছের কাঁটা ফুটান ॥ [<কাঁটা+আন প্র.]।

কেতুইরা দশা করা=[কুম]—ক্রি. কাতর বা করুণ অবস্থা করা ॥ পুলিশে চো'র্‌ডারে মাইরা একেবারে কেতুইরা দশা কৈরা ফালাইসে।

কেতুর্‌=[বা]—বি. বগল ॥

২=[ঢা]—বি. চোখের পিঁচুটি ॥ চ'খের কেতুর্‌ শাফ্‌ কর্‌। [কীচড় হিং]।

কেতুর্‌মানি=[পা]—বি. এক প্রকার আমন ধান ॥

কেতে=[খু]—অব্য. কিসে ॥ কেতে তোর্‌ এত রাগ্‌ হলো? [<কাহাতে]।

কেত্=[দি]—অব্য. কোথায় ॥
২=[কুম]—বি. বগল ॥ কেতে লওয়া। [দেখ কেতুতল্]।

কেত্ করা=[বা]—ক্রি. চিৎকার করা ॥ মোরগ্‌ড়া কেত্ কৈর্‌লো।

কেত্ কুতানি=[ম]—বি. কাতুকুতু ॥

কেত্ কুলি=[বা]—বি. বগল ॥ [<কেতৃতলি<কাঁখতলী<কক্ষতলী; দেখ কেতুতল্]।

কেত্ কুলির্, কেত্ কুলি=[ব]—বি. অতি দূর সম্পর্কের আত্মীয় ॥

কেত্ কেতি=[ম]—অব্য. টপাটপ ॥ হে কেত্‌কেতি খায়্। [অনু.]।
২=[রং]—বি. চোখের ভ্রূতে জাত পোকা ॥

কেত্ কোতানি=[চা]—বি. কাতুকুতু। কেত্‌কোতানি দিস্ না। [দেখ কেত্‌কুতানি]।

কেত্ কোতানো=[ফ]—ক্রি. কাতুকুতু দিয়া হাসানো ॥ [দেখ কেত্‌কুতানি, কেত্‌কোতানি]।

কেত্ তল্=[ম]—বি. বগল ॥ শাবালগ্ ঐলে কেত্‌তলে লোম্ গযায়্। [<কাঁখতল<কক্ষতল]।

কেত্ তা=[রা]—বি. গঠন ॥ [দেখ কেতা৩]।

কেত্ তে=[দি]—অব্য. কোথা হইতে॥ [কোত্থে<কোথা থেকে]।

কেত্ রা=[কুম]—বিণ. ছোট ॥ কেত্‌রা বোয়াল্ খাইতে বালা না। [কাচ (<কাঁচা)+রা প্র.]।
২=[বা]—বিণ. বলহীন, রোগা ॥ কেত্‌রা মানুষটা এত কাম্ পার্‌তো না। [<কাতর+আ প্র.]।

কেত্ রাইন্ না=[ঢা]—বিণ. খুব ছোট ছোট ॥ কেত্‌রাইন্‌না পুডি খাইতে তিতা লাগে। [দেখ কেত্‌রা]।

কেত্ রি=[ম]—বিণ. নিকৃষ্ট, নীচ ॥ এই কেত্‌রি বেডিরে কৈলা করন্ লাগ্‌বো। [<কিহ্‌তরী کهتری ফা.]।

কেত্ লা=[দি]—বিণ. কতগুলি ॥ [<কেত্‌উলা<কতগুলা]।

২=[ম]—বিণ. পাতলা ॥ কেত্‌লা কাপড়্।

কেথা=[পা]—বি. ঢং, ভংগি। যামাই বেডার্ কেথা কি। [দেখ কেতা৩]।

কেথা করা=[সি]—ক্রি. করুণা করা, দয়া দেখানো ॥ [দেখ কেতা]।

কেথিল্=[চট্ট]—বি. কক্ষতল ॥ বৌয়েরা কেথিলত্ গরা লৈ পানি আনের্। [কাঁখতল<কক্ষতল]।

কেদর্, কেদর্=[চট্ট]—বি. নাকিসুরের কান্না ॥ এত কেদর্ কেদর্ করে ক্যা?

কেদা=[ঢা]—বি. কাদামাটি ॥ কাপড়্‌ডাত্ কেদা বর্‌সে। [<কাদা<কদ্দ প্রা:<কর্দ, সং]।

কেদাত্ তো=[বা]—বি. ক্ষমতা ॥ আইজ দেহি তোমার্ কেদাত্‌তো কত? [<কিদাত্ত<কৃতিত্ব]।

কেদানো=[কুম]—ক্রি. জাল হেঁচড়াইয়া নেওয়া ॥ [কাদা(কর্দম)+-আনো প্র.]।

কেদারি=[পা]—বি. উপহাস ॥ গুরুযনের্ শাথে কেদারি কর্‌বো না। [দেখ কেদ্‌দারি]।

কেদার্ কি=[য]—বি. ইয়ার্কি ॥ [দেখ কির্‌দানি; অর্থ প্র.]।

কেদু=[খু]—বি. লাউ, তরকারী বিশেষ ॥ [<কদু <কদু کدو ফা.]
২=[রা, দি]—অব্য. কোথায়, কতদূর ॥ আর্‌শেলা কেদু গেল্‌রে? [<কিদ্দুর <কতদূর]।

কেদু গুতান্=[পা]—ক্রি. খেলা বা ইয়ার্কি করা ॥ বুড়া ঐয়া সাওয়াল্ পালের্ লগে কেদু গুতাইতে লয্যা করে না।

কেদুর্=[দি]—অব্য. কোথায়, কতদূর ॥ কেদুর্ গেল্‌লোরে? [দেখ কেদু২]।

কেদ্=[ম]—বি. কাদা ॥ বেডা কেদ্ ধনে টানে আয়্। [<কাদা<কর্দ সং]।

কেদ্ কেদা=[সি]—বিণ. কাদার ন্যায় নরম ॥ [দেখ কেদ্]।

কেদ্ দারি=[খু, য]—বি. ভারিক্কিপনা মাতব্বরি, নৈপুণ্য, বাহাদুরী ॥ বেশি কেদ্‌দারি করো না। [দেখ কির্‌দানি]।
২=[খু]—বি. অকারণ ক্রোধ প্রদর্শন ॥ [পূর্বে দেখ]

কেদ্ দো=[রা]—বি. অভিমান ॥ [<ক্রুদ্ধ=ক্রোধ]।

কেদ্ রানি=[খু]—বি. বাহাদুরি ॥ থাক্ থাক্ আর্ কেদ্‌রানি দেহাতি হবে না। [দেখ কির্‌দানি; বর্ণ বিপর্যয়]।

কেদ্ রানো=[খু]—ক্রি. পরিশ্রমে কাতর হইয়া পড়া ॥ [<কাতরানো]।

কেদ্ রান্ তি=[ঢা]—বি. বাহাদুরী ॥ বেশি কেদ্‌রান্‌তি করিস্ না। [দেখ কির্‌দানি]।

কেন=[কুম]—অব্য. হাঁ, কেমন, ঠিক না ॥ [<কেঅন<কেমন]।

কেনং=[রং]—ক্রি. বিণ. কি রকম ॥ মুই কেনং করি জাইম্? [দেখ কেন্]।

কেনা=[রং]—বি. সন্দেহ ॥ [দেখ কিনা; অর্থ প্র.]।
২=[চট্ট]—বি. ঈর্ষা, আক্রোশ ॥ [দেখ কিনা]।

কেনা করা=[ব]—ক্রি. হিংসা করা ॥ [দেখ কিনা+করা]।

কেনাইচ্'=[বা]—বি. ঘর তুলিতে ব্যবহৃত যন্ত্র বিশেষ ॥

কেনাইয়া কেনাইয়া=[সি]—ক্রি. বিণ. খোচা দিয়া ॥ [দেখ কেনা২+ইয়া (নামধাতু) কিংবা কেনু (=কনুই) (নামধাতু)+ইয়া অস. ক্রি. বিভক্তি; দেখ কেনু২]।

কেনাওতি=[পা]—বিণ. খোঁচামারা, তেরচা ॥ কেনাওতি কথা কয়ো না। [দেখ কেনা+অতি প্র.]।

কেনাকেনি=[চট্ট]—বি. দুর্শমনী, শত্রুতা ॥ [দেখ কিনা; আধিক্যে দ্বিত্ব]।

কেনানো=[ম]—ক্রি. কটাক্ষ করা ॥ এতো কেনাইয়া কতা কও ক্যা? [দেখ কেনাইয়া কেনাইয়া]।

কেনারি=[পা]—বি. বাদামের চারিদিকের চিকন রশি বা কাছি বিশেষ ॥ কেনারি সিড়্যা গ্যালে বাদাম্ সিড়্যা

যায়্ ॥ [<কিনারি<কিনারা ارکنی উর্দু <কিনারহ্‌ کنارہ ফা.]।

কেনাল্=[পা]—বি. খরিদ্দার, গাহক॥ ধারের্ কেনাল্ খুব্ বেশি। [দেখ কিনাল্]।

কেনি=[কুম]—বি. কাপড়ের পাড় ॥ কাপ্‌রের্ কেনিও কামে লাগে। [=কানি বাং; তুং কেনী হিং (<কর্ণ সং)]।

২=[ম]—বিণ. কনিষ্ঠ ॥ দেখ কিনিলগ্]।

কেনি কনা=[পা]—বিণ. একটু, খানিক ॥ এক্ কেনি কনাও দিব না। [দেখ কেনি+কণা]।

কেনি ভাংগা=[কু]—বি. বেগুন মরিচ প্রভৃতি গাছের রোগ বিশেষ ॥

কেনিলোগ্=[পা]—বি. ছোট আঙ্গুল ॥ [দেখ কিনিল্‌গ]।

কেনু=[সি]—সর্ব. কে ॥ কেনু আইসে? [<কে না]।

২=[বা]—বি. কনুই ॥ কেনুর্ চো'ড়ে পায়্‌রা বাংমু। [<কনুই]।

কেনে=[দি]—অব্য. কেন ॥ তুই কেনে গেইছ্‌লু? [<কেন]।

কেনো=[খু]—বি. কনুই ॥ শে তাকে কেনো দিয়ে ধাক্কা দিল্। [দেখ কেনু.২]।

কেন্=[চট্ট]—বিণ. কেমন ॥ তানে কেন্ আসেন্? [<কেঅন<কেমন (<কস্মিন সং)]।

কেন্‌কেনানি=[সি]—বি. বিরক্তি সূচক কথা ॥ [কেন্ কেন্ (ধ্বন্যা.)+আনি প্র.]।

কেন্‌চি'=[সি]—বি. কাঁচি ॥ কেন্‌চি'টা বোতা। [=কেঁচি<কাঁচি]।

কেন্‌চি'কাটা কথা=[চি]—বি. নির্মম কথা ॥ [দেখ কেন্‌চি'+কাটা]।

কেন্‌যন্=[কুম]—ক্রি. খাঁজ কাটা ॥ বাশ্ গুলি বালা কৈরা কেন্‌যও।

কেন্‌যা=[চট্ট]—বি. মাছ বিশেষ ॥

কেন্‌যাইল্=[ম]—বি. কলা গাছের ভিতরের নরম সাদা শাঁস ॥ [<কিঞ্জল; অর্থ প্র.]।

কেন্‌যাল্=[বা]—বি. গণ্ডগোল, ফ্যাসাদ ॥ কেন্‌যাল্ করিস্ না। [দেখ ক্যান্‌জাল্]।

কেন্‌ঠে=[নো]—ক্রি. বিণ. কেমন করিয়া ॥ [দেখ কেন্‌ডে]।

কেন্‌ডে=[কুম]—ক্রি. বিণ. কিরূপে ॥ কেন্‌ডে যাইবা এই রাইতে? [দেখ কেন্‌তে]।

কেন্‌তারে=[ম]—অব্য. কেমনে ॥

কেন্‌তুক্=[ম]—বি. বিদ্রূপ ॥ তার্ কতায় শুদু কেন্‌তুক্। [<কৌতুক কিংবা কিন্তু+ক (স্বার্থে); অর্থ প্র.]।

কেন্‌তুল্=[পা]—বি. ফল বিশেষ ॥

কেন্‌তে=[কুম]—ক্রি. বিণ. কেমন-ভাবে ॥ [কেম্‌তে<কেমন+তে]।

কেন্‌দল্=[য]—বি. বাঁশ নির্মিত দণ্ড বিশেষ ॥ [দেখ কেন্‌দাল্]।

কেন্‌দা=[নো]—বি. এক প্রকার তিক্ত ফল ॥

কেন্‌দার্=[কু, খু]—বিণ. কি রকম ॥ তর্‌কারিডা কেন্‌দার্ গো? [দেখ কিন্‌দার্]।

কেন্‌দাল্=[য]—বি. খড় নাড়িবার লাঠি বিশেষ ॥

২=[ফ]—বি. কলাগাছের মধ্যেকার নরম অংশ ॥ [দেখ কেন্‌যাইল্]।

কেন্‌দ্‌ড়া=[রং]—বি. শতপদী, এক প্রকার কীট ॥ [<কেন্নো+ড়া প্র.]।

কেন্‌দ্‌য়া=[চট্ট, রং]—বি. ছোট নেকড়ে বা চিতাবাঘ ॥ [দেখ কেন্‌দো]।

কেন্‌দো=[য]—বি. হিংস্র জন্তু বিশেষ ॥ [<কেঁদো]।

কেন্‌দ্=[সি]—বি. গাব ॥ [<তিন্দু সং]।

কেন্‌দ্‌রানো=[ঢা]—ক্রি. সামান্য জল উঠা ॥ নাওডায় অনেক্ কেন্‌দ্‌রায়্।

কেন্‌ধারি=[কু]—বিণ. কি রকম ॥ মানুশ্‌টা কেন্‌ধারি? [দেখ কিন্‌দার্]।

কেন্‌নানি করা=[রা]—ক্রি. ইয়ার্কি বা ফাজলামি করা ॥ এত কেন্‌নানি করস্ ক্যা। [দেখ কির্‌দানি]।

কেন্‌নে=[সি]—ক্রি. বিণ. কি প্রকারে ॥ নৌকা সারা কেন্‌নে যাই-বায়্? [দেখ কেন্‌তে]।

কেপ্=[সি]—বি. গাঁদা বন্দুকে ব্যব-হৃত উপকরণ বিশেষ ॥ [<কেপ্ cap ইং]।

কেপ্‌চি'=[খু]—বি. কাঁচি ॥ [দেখ কেন্‌চি']।

কেপ্‌দার্=[সি]—বি. গাঁদা বন্দুক ॥ [দেখ কেপ্+দার دار ফা. প্র.]।

কেফল্=[খু]—বি. টকফল বিশেষ ॥ [<কেয়াফল]।

কেফায়েত্=[সি, নো, চট্ট]—বিণ. দোরস্ত ॥ [<কিফায়েত্ كفايت আং; অর্থ প্র.]।

কেফি=[ঢা]—বি. কাঠের হিসাব ॥ সয় ট্যাহা কেফির্ কাড় আন্‌সি। [দেখ কিবি]।

কেবালি=[য]—ক্রি. বিণ. কিছুক্ষণ পূর্বে ॥ [<কেবল+ই]।

কেবার্=[চট্ট]—বি. কপাট ॥ কেবার বন্দ কর্। [<কেবাড় হিং<কবাট সং]।

কেমন্‌ডল্=[বা]—ক্রি. বিণ. কেমন করিয়া ॥ [<কেমন+ডল<দর <ধারা]।

কেমন্ তরের্=[ঢা]—বিণ. কিরূপ, কেমন ॥ তুমি কেমন্‌তরের্ মানুশ্? [<কেমন+তর+এর (সম্বন্ধে)]।

কেমা=[ব]—বি. গন্ধ ॥ শালা বিড়ি-টার্ কেমা ভালৈ লাগেরে।

কেমানে=[ঢা]—ক্রি. বিণ. কিরূপে ॥ এই আন্দার রাইতে আমি একলা কেমানে যাইমু? [<কেমনে]।

কেমায়্=[ঢা]—ক্রি. বিণ. কি ভাবে, কেমন করিয়া ॥ আবে নালুমিয়া যাবি কেমায়্? [দেখ কিম্‌বায়্]।

কেম্‌ইর্=[কুম]—বি. এক প্রকার ঘাসের মূল ॥ পোলাপান্ কেমুইর্ তুইল্যা খায়্।

কেম্‌ন্‌ডা=[ঢা]—ক্রি. বিণ. কেমন ॥ ও কেমুন্‌ডা কর্‌সে? [<কেমন+টা]।

কেমুর্‌=[কুম, নো]—বি. পরিত্যক্ত জমিতে উৎপন্ন এক প্রকার ঘাসের মূল ॥ [দেখ কেমুইর্]

কেম্‌=[কুম]—অব্য. কেমন ॥ যাওনের্ শময়্ আমার্ কতা হুইন্‌না যাইশ্‌, কেম্‌। [<কেমঅ<কেমন]।

কেম্‌ড়া=[কুম, নো]—বি. কাঁকড়া ॥ হিয়ালে কেম্‌ড়া খায়্। [<কাঁঅড়া <কাঁকড়া (<কর্কট সং)]।

কেম্‌পো=[বা]—বি. পেঁপে ॥

কেম্‌বা=[রা,রং]—ক্রি.বিণ. কেমন ॥ শরিল্‌ডা আইয়্ কেমবা লাগিসে। [< কেমন+বা]।

কেম্‌বা কেম্‌বা=[রা]—অব্য. আমতা আমতা ॥ [দেখ কেম্‌বা]।

কেম্‌বো=[বা]—বি. পেঁপে ॥ [দেখ কেম্‌পো]।

কেম্‌মেরে=[ম]—ক্রি. বিণ. কেমন করিয়া ॥ এই যরে কেম্‌মেরে যাবি ? [<কেমন করিয়া]।

কেম্‌রা=[নো]—বি. কাঁকড়া।

কেম্‌লা=[সি]—ক্রি.বিণ. কি ভাবে ॥ কেম্‌লা আইস ?

কেম্‌লানো=[সি]—ক্রি. বিণ. কি ভাবে ॥ কেম্‌লানো আইস ? [দেখ কেম্‌লা]।

কেয়া=[চা]—বি. কাক ॥ [=কব্‌রা হিং<কাক]।

২=[চট্ট]—অব্য. কেন ॥ তুঁয়ি আঁয়ার্ এয়িন্ ন চা'ওঅর্ কেয়া ? [< কেঅ<কেন ; তুং ক্যা, কিউঁ হিং]।

৩=[চট্ট]—সর্ব. কেহ ॥ কৈয়া এই পৈরত্ ন লামিস্। [<কেহা<কেহ]।

কেয়াং=[চট্ট]—বি. বৌদ্ধ ধর্মমন্দির ॥

কেয়া কাঁঠাল্‌=[খু,পা,নো]—বি. এক প্রকার ফল (যাহা দেখিতে কাঁঠালের মত এবং ইহার গাছ্ আনারস গাছের ন্যায়) ॥

কেয়াম্‌ করা=[ম]—ক্রি.মিলাদের শেষ ভাগে দাঁড়াইয়া সালাম পাঠ করা ॥ [দেখ কিয়াম্+করা]।

কেয়ারা=[কুম]—বি. ভাড়া ॥ নৌকার্ কেয়ারা কত ? [দেখ কিরাই]।

কেয়ার্‌=[সি]—বি. জমির পরিমাণ ॥ [দেখ কিয়ার্]।

কেয়াল্যা=[চট্ট]—অব্য. কাহার সহিত ॥ [<কান্নাই< কাহার লাই< কাহার লগে (=সঙ্গে)]।

কেয়াশ্‌=[নো,কুম]—বি. আন্দাজ ॥ কেয়াশ্ করি ক কত দিয়া আন্‌সি। [দেখ কিয়াস্]।

কেয়ে=[খু]--বিণ. নাছোড়বান্দা ॥ এমন্ কেয়ের্ পাল্‌লায়্ পড়্‌সি। [<কেঁয়ে =মাড়োয়ারী বণিক ; অর্থ প্র.]।

কেয়্‌=[ম]—বি. ক্ষয় ॥ বেশি উষা-উস্ না কেয়্ পাইয়া যাবি। [<খেয় <ক্ষয়]।

কেরং=[দি]—ক্রি.বিণ. কি রকম ॥ তুমি কেরং আছ ? [<কেরন্<কি রকম]।

কেরট্‌=[কুম, নো]—বি. অঙ্কুর ॥ ধানের্ কেরট্ ঐসে ॥

কেরত্‌ কেরত্‌=[চা]—অব্য. নৌকার বৈঠার শব্দ ॥ কেরত্ কেরত্ কৈরা নাওডা আইতাসে। [ধ্বন্যা.]।

কেরন্‌=[নো, কুম]—বি. গোলাকার ফল বিশেষ ॥

কেরন্‌ঘা=[চট্ট]—বি. করঞ্জা ॥ [< করঞ্জা<করঞ্জ সং]।

কেরা=[কুম,সি,চা]—বি. বহুপদী কীট বিশেষ ॥ [দেখ কিরা]।

২=[সি]—বিণ. কচি, অপক্ক ॥ কেরা গুয়া। [<কড়া(<কলি সং)]।

৩=[চট্ট]—অব্য. কি ॥ [<কি বা কে+রে]।

৪=[নো]—বি. জোয়ালের দড়ি ॥

৫=[সি]—বি. অতিরিক্ত খাওয়ার দরুণ অরুচি ॥

৬=[সি]—বি. জেদ, ক্রোধ, অবিরাম কান্না ॥ পোলাডার্ কেরা কত ?

৭=[না]—সর্ব. কে, কাহারা ॥ ওখানে কেরা ?

কেরাই=[ম, পা]—বি. ঠাট্টা ॥ খো খো, কেরাই করিস্ না।

২ =[ম, বা]—বি. শক্তি, অহঙ্কার ॥ অত কেরাই করা বালা না ॥ দেখ কেরাইত্]।

৩=[ফ]—বি. ভাড়া ॥ নৌকা কেরাই করি হাটে যাও। [দেখ কেরাইয়া নাও]।

কেরাই কেরাই=[নো]—ক্রি. বিণ. আস্তে আস্তে ॥ এঁইক্‌কা কেরাই কেরাই খাইলে কতক্ষনে হা ড়ুবে।

কেরাইচ'া=[পা]--ক্রি. বিণ মাঝামাঝি ॥ শে কেরাইচ'া হাটি গ্যাল্। [<তেরচা <তির্যক সং]।

কেরাইচ'্যা=[চা]—বিণ. যাহাতে কের্‌কের্ শব্দ হয় (বৈঠা) ॥

কেরাইত্‌=[সি]—বি. ঘৃণা ॥ ই চি'যর্ নাযে আমার্ কেরাইত্ উঠি গেসে। [<কেরাইয়ত্<কিরাহিয়ত کراهیت আ']।

কেরাই করা=[সি]—ক্রি. ঘৃণা করা ॥ [দেখ কেরাই১+করা]।

কেরাইয়া নাও=[চা, কুম]—বি. ভাড়ার ছোট নৌকা ॥ কেরাইয়া নাও দিয়া বাইত্ যামু। [<কেরায়: کرایه আং+নাও<নৌকা]।

কেরাইল্যা=[বা]—বি. পাখী বিশেষ ॥ কেরাইল্যা ডাকলে মেগান্ আহে।

কেরাইল্‌=[ফ]—বি. বাঁশের তৈরী মাপের পাত্র বিশেষ ॥

কেরাইস্‌ তেল্‌=[কুম]—বি.কেরো-সিন তৈল ॥ [দেখ কেরাচি' তেল্]।

কেরি=[কুম]—বি. চাউলের ক্ষুদ্র পোকা ॥ কেরিতে চা'ইল্ খাইয়া লাইসে। [দেখ কিড়া]।

কেরাচি'=[কুম]—বি. কেরোসিন তৈল ॥ [কেরোসিন Kerosene ইং]।

২=[সি]—বিণ. তেরচা (পাল খাটাই-বার বিশেষ পদ্ধতি) ॥ কেরাচি' পালে নাও খান্ পাতারে পাতারে আউর্ পারি দি লাইসে। [দেখ কেরাইচ'া]।

কেরাচ্‌'=[খু]—বি. নদীর তীরের সরু রাস্তা ॥ কেরাচ্'টা বেশ্ মসৃণ হয়েসে।

কেরাত্‌=[চা]—বি. ঘৃণা অরুচি

কেরাত্ লাগ্‌লে খাইস্ না। [দেখ কেরাইত্]।

কেরাবিশ্=[সি]—বি. পুং মহিষ॥ [মুণ্ডা ভাষা <কেড়া=পুরুষ + <মহিষ সং]।

কেরাবেরা=[পা]— ক্রি. বিণ. এরূপ সেরূপ॥ কেরাবেরা কৈরা এই বসর্‌ডা যাইক্। [অনু.]।

২=[সি]—বি. জটিলতা॥ ই কেরা-বেরা আমি বুঝি না। [অর্থ প্র.]।

কেরামতি বাগান=[চা]— বি. টমেটো॥ [<করামত کرامت আং +ই; বিকৃত অর্থে]।

কেরা মেরা=[ম]—বিণ. আঁকাবাঁকা॥ মংলার্ রাস্তা বর কেরামেরা। [অনু.]।

কেরাল্‌সা=[ম]—ক্রি. বিণ. তেরছা, আড়আড়ি॥ [দেখ কেরাইচ্‌'া]।

কেরাহুয়া=[সি]—বিণ. অপরিপক্ক॥ কেরাহুয়া ফল্ পাইর না। [<কড়োয়া <কড়া+উয়া প্র.]।

কেরিয়া=[নে]—বি. নৌকা গাড়ী প্রভৃতির ভাড়া॥ [দেখ কেরাইয়া নাও]।

কেরি=[চা]—বি. ছোট্ কীট বিশেষ॥ [দেখ কিড়া]।

২=[ম]—বি. টিপ্পনী॥ কথায় কথায় কেরি মাত কেরে?

কেরি করা=[খু]—ক্রি. পোকা বাহির করা॥

কেরুম্‌যা=[চট্ট]—বি. ছোট লেবু বিশেষ॥ কেরুম্‌যার্ রশ্ খাইতে মযা। [দেখ কেরন্‌যা]।

কেরুয়ালি=[সি]—বিণ. ছোট, কচি॥ কেরুয়ালি আম্ কশ্‌টি লাগে। [দেখ কেরুল্+আলি প্র.]।

২=[ম]—বি. ফলজ ওষধ বিশেষ॥

কেরুল্=[ম]—বি. অঙ্কুর॥ গাস্‌টার্ কেরুল বারৈসে।

২=[সি]—বি. বাঁশের কচি আগা॥ [পূর্বে দেখ]।

কেরে=সি]—অব্য. কেন॥

কেরেং=[সি]—অব্য. ধাতু নির্মিত বস্তুর ঘর্ষণজাত শব্দ॥ শাইকেল্‌ডা কেরেং করি উঠল। [ধ্বন্যা.]।

কেরেংকাল্=[ম, কুম, সি]—বি. ঝগড়া॥ কেরেংকাল্ করা ঠিক্ না। [কেলেংকার<কলঙ্কর সং]।

২=[চট্ট]—বি. কেলেঙ্কারী॥ [পূর্বে দেখ]।

কেরেংকালি=[সি]—বিণ. কোপন স্বভাবী, ঝগড়াটে, বিবাদপ্রিয়॥ [দেখ কেরেংকাল+ই প্র.]।

কেরেংগাইল্যা=[কুম]—বিণ. অশান্তি-দায়ক, ঝগড়াটে॥ এমন কেরেংগাইল্যা মানুশ্ আর্ দেহি নাই। [<কেলেংকার +ইয়া প্র.]।

কেরেংগাল্=[কুম]—বি. ঝগড়া॥ [দেখ কেরেংকাল্]।

কেরেংগি=[সি]—বি. নতুন কিছু যোজনা॥

কেরে কেরে=[নো]—বি. দুষ্টামি, শয়তানি॥ তোমার্ পুতে বড় কেরে কেরে করে [অনু.]।

কেরেক্‌কেরে করা=[চা]— ক্রি. সামর্থে নাগাল না পাইয়া আফসোস করা॥

কেরেচ্'=[খু]—বিণ. সরু রাস্তা॥ [দেখ কেরাচ্']।

কেরেচ্'ত্যাল্=[খু]—বি. কেরোসিন তৈল॥ [দেখ কেরাচি', কেরাইস্ তেল্]।

কেরেটি= [সি]—বি. কেরদানি, কায়দা॥ তুই এত কেরেটি যানশ্? [<কির্‌দানী کردانی ফা.]।

কেরেত্=[কুম]—বি. যোরগ॥ গরুবা আইসে কেরেত্ ইন্‌না যব করি দে।

কেরেন্‌খাল্=[চট্ট]—বি.কেলেঙ্কারি॥ [দেখ কেরেংকাল্]।

কেরেবান্=[ম]—অব্য. কি জন্য॥ কেরেবান্ আইসে? [<কেরে+বা +ন]।

কেরেলা=[সি]—বি. করলা, তিক্ত তরকারী বিশেষ॥ [<করলা]।

কেরেশ্=[কুম]—বি. কেরোসিন তৈল॥ [দেখ কেরাচি']।

কেরেশ্‌মা=[সি]—বি. ফুটানি, অহ-ঙ্কার॥ অত কেরেশ্‌মার্ কাম্ নাই। [<কিরিশ্‌মহ্ کرشمه ফা.; অর্থ প্র.]।

কেরোটি=[সি]—বি. চালাকি॥ [দেখ কেরেটি]।

কেরোত্ কেরোত্=[চা] —অব্য. এক প্রকার শব্দ॥ কেরাইয়া নাওয়ের্ বৈডায় কেরোত্ কেরেত্ করে। [দেখ কেরত্ কেরত্; ধ্বন্যা.]।

কের্=[সি]—অব্য. কিসের॥ [< কিয়ের<কিসের]।

২=[সি]—বি. গ্রাহ্য, পরোয়া॥ পুলাডা কারেও কের্ করে না। [< কেঅর<কেয়ার care ইং]।

কের্‌কা=[রং]—বি. চরখি॥

কের্‌কি=[রং]—বি. আখমাড়াই কল॥ 'কের্‌কি নিলো চোরে, নাতিন যামাইখুরে'—ছড়া। [দেখ কের্‌ছি]।

২=[ম]—বি. পাখা ঘুরাইবার চুক্তি বিশেষ॥

কের্‌কেরানি=[নো]—বি. বিরক্তি সূচক কথা॥ [<কের কের (অনু.) আনি প্র.]।

কের্‌কেরি=[চা]—বি. বাজে প্যাচাল॥ তর্ কের্‌কেরি আর্ বালা লাগে না। [দেখ কের্‌কের্+ই প্র.]।

কের্ কের্=[চা]—বি. নাকে কাঁদা, প্যান্ প্যানানি॥ বুইড়ায় খালি কের্-কের্ করে। [ধ্বন্যা.]।

২=[বা]—বি. বিরক্তি॥ এত কের্‌কের্ করিস্ না। [পূর্বে দেখ]।

কের্‌তন্=[বা]— বি. কীর্তন॥ পাগ্‌লার্ কের্‌তন্ শোনে কে [দেখ কির্‌তন্]।

কের্‌দাংগি=[সি]—বি. বাহাদুরি॥ আর্ বেশি কের্‌দাংগি দেখাইস্ না। [দেখ কির্‌দানি]।

কের্‌পসালি=[সি]—বি. দুষ্টামি॥ কের্‌পসালি কৈর না। [খর+ প্যাচাল+ই প্র.]।

কের্‌পোন্‌=[খু]—বিণ. কৃপণ ॥ আমি ওর্‌ মত কের্‌পোন্‌নি? [< কির্‌পন< কৃপণ]।

কের্‌মে কের্‌মে=[চা]—ক্রি. বিণ. ক্রমে ক্রমে, আস্তে আস্তে ॥ [<ক্রমে ক্রমে]।

কের্‌মেশে=[কুম]—ক্রি. বিণ. ক্রমশঃ, আস্তে আস্তে ॥ [<ক্রমশঃ]।

কের্‌লাই=[চট্ট]—অব্য. কেন ॥ এ্যাডাই তুমি কের্‌লাই আইশাস? [দেখ কিয়ের্‌লাই]।

কের্‌শাল্‌=[য, খু]—বি. কালো রঙের ধান বিশেষ ॥

কের্‌হি=[ম]—বি. আখমাড়াই কল ॥ আইয্‌কাইল্‌ কের্‌হির্‌ দাম্‌ খুব্‌ চ'রা। [দেখ কের্‌কি]।

কেলও=[খু]—ক্রি. বিণ. কেবল ॥ রোগা মান্‌শি কেলও খাতি চ'ায়্‌। [<কেবল+ও]।

কেলা=[সি, ম]—সর্ব. কে ॥ এইলা কেলা? [<কে+লা]।

২=[চা]—বি. কলা ॥ কেলার্‌ হালি কত? [তুং কেলা হিং<কদলী সং]।

কেলাই=[ম]—বি. ঝালাই ॥ বদ্‌নাটা কেলাই কর। [<কল্‌ঈ قلعی আং]।

কেলাইগরি=[য]—বি. ঝালাইয়ের কাজ ॥ কেলাইগরি কাযেও ওস্‌তাদি আসে। [দেখ কেলাই+গরী گری ফা. প্র.]।

কেলাইগর্‌=[ম]—বি. যে সীসাদ্বারা ঝালাই করে ॥ [দেখ কেলাই+গর گر ফা. প্র.]।

কেলাইতা=[চা]—বি. এক প্রকার আম ॥

কেলাকাচি'=[কুম]—বি. শাক বিশেষ॥

কেলাকুইচ'=[চা]—বি. এক প্রকার লতা ॥ কেলাকুইচে'র্‌ পাতা অশৈদে লাগে। [=তেলাকুচা]।

কেলাকোল করা=[খু]—ক্রি. বোকামি করা ॥

কেলানি=[খু]—বি. গালি বিশেষ ॥ [<কেলা+নি প্র.]।

২=[খু]—বি. বোকা ॥ কেলানির্‌ কথা শুন্‌লে গা বলে। [পূর্বে দেখ]।

কেলানে=[খু]—বিণ. কানপাতলা, যাহার পেটে কথা হজম হয় না ॥ [দেখ কেলানো+নে প্র.]।

কেলানো=[রা]—ক্রি. ফাজলামি করা ॥ মাইয়া মানুশ্‌ হৈ পুরুশের্‌ লগে কেলাশ্‌ কেন্‌? [দেখ কেলা২ +নো প্র. (মূল অর্থ কদলী প্রদর্শন)]।

২=[খু]—ক্রি. ছুলিয়া ফেলা, খোসা ছাড়ানো ॥ আম্‌টা কেলাইসি। [দেখ কেলা২+নো প্র. ; নামধাতু ; মূল অর্থ কলার খোসা ছাড়ানো]।

৩=[খু]—ক্রি. গুপ্তস্থান খুলিয়া যাওয়া বা খুলিয়া দেখানো ॥ কেলায়ে বৈতে লয্‌যা করে না? [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

কেলা পাইত্যা=[চা]—বি. এক শ্রেণীর আম ॥ [দেখ কেলাইতা]।

কেলাপত্‌=[য]—ক্রি. বিণ. সকল সময়েই ॥ [দেখ কিলাপত্‌]।

কেলাবাইল্‌=[চট্ট]—বি. এক প্রকার ধান

কেলাম্‌নন্দি=[ব]—বি. সস্তা আলাপ ॥

কেলার্‌ ফাত্‌রা=[চা]—বি. কলা গাছের শুষ্ক ডাঁটা বা পাতা॥ কেলার্‌ ফাত্‌রা দিয়া দাউর‍্যা অয়্‌। [দেখ কেলা২+র (সম্বন্ধে)+পাত্‌ (পত্র সং)+রা (তুচ্ছার্থে)]।

কেলার্‌ হাত্‌তা=[নো]—বি. কলা গাছের শুষ্ক পাতা ॥ [দেখ কেলার্‌ ফাত্‌রা]।

কেলি কদম্‌=[ফ]—বি. ঘাস বিশেষ॥ [<কেলি কদম্ব]।

কেলু করা=[পা]—ক্রি. হাসা ॥ অত কেলু করো না। [দেখ কেলা২+উ প্র. ; অর্থ প্র.]।

কেলেগা, কেল্‌লেগা=[চা]— অব্য. কেন ॥ ঐ অরে মার্‌লশ্‌ কেলেগা? [দেখ কিয়ের্‌ লাই]।

কেলো খাইর্‌=[খু]—বি. ঘরের আড়ার নিচের ছোট কাঠ বিশেষ ॥

কেল্‌কেইল্যা=[ম]—বিণ. পানসে, তরল ॥ দুদ্‌ডা অক্‌করে কেল্‌কেইল্যা। [অনু.]।

কেল্‌কেলানো=[ম]—ক্রি. কোন্দল করা ॥ তুমি এত কেল্‌কেলাও কেন্‌? [=কলকল+আনো প্র. ; অনু.]।

কেল্‌টা কেল্‌টি=[রং]—বি. ইয়ার্কি, ফাজলামি ॥ তুই এত কেল্‌টা কেল্‌টি করিশ্‌ কেনে?

কেল্‌টু=[রা]—বি. তামাশা ॥ শব্‌ শময়্‌ কেল্‌টু ভাল্‌ লাগে না। [দেখ কেল্‌টা কেল্‌টি]।

কেল্‌না=[রং]—বি. ঘাস বিশেষ ॥ খেতের্‌ কেল্‌না শাফ্‌ করেক্‌।

কেল্‌লা=[পা, রং]—বি. মাথা ॥ [= কল্লা হিং]।

২=[রং]—বি. কৃকলাস। [< কাঁকলাস< কৃকলাস সং]।

৩ =[রা, দি]—বি. এক প্রকার ঘাস ॥ কেল্‌লার্‌ বৈ (=শিকড়) বহুত্‌ উশুধের্‌ কামে লাগে।

৪=[খু]—বি. কীর্তি, ঘটনা ॥ বশির্‌ এবার্‌ এক্‌ কেল্‌লা করেসে। [< কিল্‌'আঃ قلعة আং ; অর্থ প্র.]।

কেল্‌লা করা=[খু]—ক্রি. অবাঞ্ছনীয় ঘটনার সৃষ্টি করা ॥ [দেখ কেল্‌লা৪ ; অর্থ প্র.]।

কেল্‌লা বাঁধানো=[খু]—ক্রি. অপ্রীতিকর কাজ করা, কলহ করা ॥ [দেখ কেল্‌লা করা]।

কেল্‌লা বেল্‌লা=[ম]—বি. গোলযোগ ॥ [দেখ কেল্‌লা৪+বেল্‌লা অনুঃ]।

কেল্‌শে পড়া=[রা]—ক্রি. কালিমা পড়া, মলিন হওয়া ॥ যাতো দিকি ছিনি অটে মুখে কেল্‌শে পড়ে থাক্‌পু। [<কাল+সা প্র.]।

কেশর্‌=[ম]—বি. কালো রংএর জলজ মূল বিশেষ॥ [<কেশুর<কশেরু সং]।

কেশর্‌কুনি=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

কেশর্‌গাচি'=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

কেশাগ্=[নো]—বি. মাথা ॥ আইয়্ এবো কেশাগে হানি হড়েনা ক্যা ? [<কেশাগ্র ; অর্থ প্র.]।

কেশাপাজা=[রা]—বি. এক প্রকার ধানের নাম ॥

কেশর্যা=[ঢা]—বি. এক প্রকার গাছ ॥

কেশে=[য]—বি. কাশবন, এক প্রকার ঘাস ॥

কেশের্ আলু=[কু]—বি. শাঁক আলু ॥ [দেখ কেশর্]।

কেশেল্লা=[পা, ম, ঢা]—বি. কষ্ট ॥ [<কসালা হিং]।

কেশ্=[কুম]—বি. অনুমান, আন্দাজ ॥ কেশ্ কৈরা ক কলমডার্ দাম্ কত ? [দেখ কিয়াস্]।

কেশ্কেরাই উডা=[চট্ট]—ক্রি. রাগান্বিত হইয়া যা তা বলা ॥ আমার্ কতার্ লগে তুঁই কেশ্কেরাই উডস্ ক্যা ? [=খেড়্খেড়াইয়া উঠা]।

কেশ্ট পিরিত্=[খু]—বি. চতুরতা, শঠতা ॥ তোমার্ কেশ্ট পিরিতে কাম্ ঐব না। [<কেষ্ট (কৃষ্ণ)+পীরিত]।

কেশ্টা=[রা]—বি. এক প্রকার ঘাস (যাহা রবিশস্যের জমিতে জন্মে) ॥

কেশ্টামি=[কুম]—বি. দুষ্টামি ॥ কেশ্টামি কৈর না। [<কেষ্ট (<কৃষ্ণ) + আমি প্র.]।

কেশ্টিয়া=[রং]—বিণ. কৃপণ ॥ কেশ্টিয়া মানুশ্ বেশি খরচ্ করে না। [<কষ্ট+ইয়া প্র.]।

কেশ্টো=[খু]—বিণ. রুগ্ন ॥ [<ক্লিষ্ট]।

কেসন্=[ঢা]—ক্রি. মুলি বাঁশ ছেঁচা ॥ মুলি কয়ড়া কেইস্যা থো।

কেসা=[ম]—বি. চাপ, ঘষা ॥

কেসানো=[কুম]—ক্রি. জাল টানিয়া আনা ॥ কেসানো সারা মাস্ পাওয়া যায় না।

কেসাস্=[ঢা]—বি. সাজা ॥ বিচারে হেইতায় খুব্ কেসাস্ ঐসে। [দেখ কিসাস্]।

কেসেম্=[ফ]—ক্রি. বিণ. তুলনা, সমান ॥ ঘিনিশ গুলি কেসেম্ করি ফালাও। [কিসম قسم আং]।

কেসোম্=[খু]—বি. প্রকার ॥ এ কোন্ কেসোমের কথা। [দেখ কেসেম্]।

কেস্ কেইস্সা=[নো]—বি. ঝগড়াটে ॥ [দেখ কেচ্ কেচ্+ইয় প্র.]।

কেস্কি=[বা]—বি. আড়া আড়ি ভাবে স্থাপিত বাঁশ ॥

কেস্সুয়া=[চট্ট]—বি. কেঁচো ॥ [দেখ কেচু'য়া]।

কেহাত্লি=[ফ]—বি কাঁথ ॥ [দেখ কেথিল্]।

কেহান্=[য]—ক্রি. চিৎকার করা ॥ এত কেহায়ে উঠসিশ্ কেন্ ? [<কেকান <ককান]।

কোহিন্যা=[রা]—বি. কনুই ॥ [কহোনি <কফোণি সং]।

ক্যা

ক্যা=[ফ]—অব্য. কেন ॥ আমার্ কাসে আইস ক্যা ? [দেখ ক্যায়া]।

ক্যাই=[রা]—বি. তেঁতুলের বিচি ॥ [কাঁই তামিল শব্দ]।

ক্যাইঠা=[রা]—বিণ. অলস ॥ ক্যাইঠা গরু। [কুঠিয়া<কুষ্ঠ+ইয়া প্র.]।

ক্যাইরা=[ফ]—ক্রি. বিণ. জোর করিয়া ॥ ঘিনিশ্টা ক্যাইরা নিস্ না। [<কাড়িয়া]।

ক্যাইল্লা=[রং, বা]—বি. বহুপদী কেঁচো জাতীয় জীব ॥ ক্যাইল্লা পোকা রক্তো খায়্। [দেখ কেল্লা]।

ক্যাউটা=[রা]—বি. কচ্ছপ ॥ ইন্দুরা ক্যাউটা খায়্। [<কমঠ সং]।

ক্যাউড়া=[রা]—বি. গোবরের জ্বালানি ॥ ক্যাউড়া জ্বালাইয়া ভাত্ রান্ধবে। [দেখ ক্যারা১]।

ক্যাওট্=[রা]—বিণ. অতিশয় দুষ্ট ॥ ক্যাওট্ ছোড়া। [কেবট<কেবট্ট<কৈবর্ত সং ; অর্থ প্র.]।

ক্যাওড়া=[কু, য]—বি. প্যাঁচ ॥ গুতায় ক্যাওড়া পড়সে। [দেখ ক্যাওরা]।

ক্যাওয়াট্=[খু]—বি. দরজা ॥ ক্যাওয়াট্ দ্যাও। [<কবাট]।

ক্যাওরা=[ম]—বি. প্যাঁচ ॥ রশিত্ ক্যাওরা লাগ্সে। [দেখ ক্যাওড়া]। ২=[পা]—বি. ধান বিশেষ ॥

ক্যাং=[চট্ট]—বি. ফাঁদ ॥ ক্যাং কোবাইরে।

ক্যাং করে=[খু]—ক্রি. বিণ. কিরূপে ॥ [<কেমন<কেমন+করে<করিয়া]।

ক্যাংকা=[রং, রা]—অব্য. কেমন ॥ ক্যাংকা আছেন্ বাহে ? [কেমন+কা প্র.]।

ক্যাংকারা=[ব, রা]—বিণ. কি রকম ॥ দেখি ক্যাংকারা কাপড় আনুছু (রা)। [কেমন+ধারা]।

ক্যাংকো=[রা]—ক্রি. বিণ. কেমন করিয়া ॥ মুই ক্যাংকো পার্ হোমু ? [দেখ ক্যাংকরে]।

ক্যাংটা=[ফ]—বিণ. হালকা পাতলা ॥ মানুশটা ক্যাংটা হলেও গায়ে খুব্ শক্তি আসে।

ক্যাংলা ক্যাংলি=[রং]—বি. জড়াজড়ি ॥ কুত্তার্ বাচ্চাগুলা ক্যাংলা ক্যাংলি করে। [=কাউলা কাউলি<কোলাকুলি]।

ক্যাংসা=[পা]—বি. ঝগড়াঝাঁটি ॥ আস্সা ক্যাংসায় পড়লুমরে বাবা।

ক্যাঁকানো=[ব]—ক্রি. আর্তনাদ করা ॥ মুর্গিডা ঘরে ক্যাঁকানুসে। [ক্যাঁক

(নাম ধাতু)+আনো প্র.]।

ক্যাঁচা=[রা]—বিণ. কচি॥ ছাগলের কঁ্যাচা বাচ্চাডা মৈরা গেছে। [< কাঁচা]।

ক্যাঁচারি=[রা]—বিণ. আঁতুর ঘরের সন্তান॥ কঁ্যাচারি ছল্ নিয়ে গান্ শুন্‌বা গেছে। [< কাঁচা+আরি প্র.]।

ক্যাঁচুনি=[রা]—বি. নবজাত কন্যা সন্তান॥ [দেখ কঁ্যাচা+নি স্ত্রী প্র.]।

ক্যাঁচ্' কাড়ে নেওয়া=[ব, রা]—ক্রি. সুদে আসলে আদায় করা, ঠকানো, প্রতারণা করা॥ [< কোঁচ+কাড়িয়া +নেওয়া]।

ক্যাঁজ্=[রা]—বি. অস্ফুট অবস্থা, কলি॥ এখনো ফুলের্ ক্যাঁজ্ হয়্‌নি।

ক্যাঁটাল্=[রা]—বি. তর্কবাগীশ॥ কঁ্যাটালের্ লগে তর্‌ক্ কৈরা পার্‌বি না।

ক্যাঁট্‌লামু=[রা]—বি. দুষ্টামি বা ভান॥ তুই কঁ্যাট্‌লামু করিস্ না। [দেখ কঁ্যাটাল্+ আমু প্র.]।

ক্যাঁড়ল্=[র]—বি. খড় একত্র করিবার বংশ দণ্ড বিশেষ॥ [< কাণ্ডল< কাণ্ড+ল প্র.]।

ক্যাঁতাড়ে=[কু]—বিণ. শীর্ণকায়॥ সেলেটা বড় কঁ্যাতাড়ে। [কাতর+ইয়া প্র.]।

ক্যাঁতি=[রা]—বি. ঘরের চালের নিম্নভাগ॥

ক্যাঁত্‌রানি=[নো]—বি. দুর্বলতা প্রকাশ॥ হিতির কঁ্যাতুরানি আর্ বালা লাগে না। [কাতর+আনি প্র.]।

ক্যাঁন্‌দু=[রা]—বি. আখের রস জ্বাল দেয় যে॥ [< কনদ্ ... আং+উ প্র.]।

ক্যাঁম্‌টা=[রা]—বিণ. কচি, অপরিপুষ্ট॥ কঁ্যাম্‌টা বড়্ খালে কাশ্ হয়্।

ক্যাঁয়া=[রা,ব]—বি. শাক বিশেষ॥

ক্যাঁরা=[রা]—বি. গোবরের কাঠি॥ [দেখ ক্যাউড়া]।

ক্যাঁরালি=[রা]—বিণ, কচি॥ কঁ্যারালি আর্ খাইছু না। [< কড়া (< কলি সং)+আলি প্র.]।

ক্যাঁর্ দেওয়া=[রা, ব]—ক্রি. গালি দেওয়া॥ এত কঁ্যার দিয়েও কিছু হলো না (রা)। [< খাঁকার; তুং খঁখার হিং]।

ক্যাকড়্ ম্যাকড়্=[রা]—বি. অনুরোধ, অনুনয় বিনয়॥ [=কাচু মাচু]।

ক্যাকা করা=[ফ]—ক্রি. হৈচৈ করা॥ হারাদিন্ ক্যাকা করিস্ না। [ধ্বন্যা.]।

ক্যাকাল্=[পা]—বি. ঝগড়া, ফসাদ॥ বেশি ক্যাকাল্ করিস্ না। [< কচাল]।

ক্যাক্ করা=[ব]—ক্রি. ককাইয়া উঠা॥ [ধ্বন্যা.]।

ক্যাক্‌টি ব্যাক্‌টি=[রং]—ক্রি. বিণ. অনিচ্ছা প্রদর্শন॥ কাজে হাত্ দি ক্যাক্‌টি ব্যাক্‌টি কর কেন? [অনু.]।

ক্যাক্‌টো=[খু]—বিণ. রোগা, দুর্বল॥ ক্যাক্‌টো সাগল্।

ক্যাক্‌ড়ি=[রং]—বি. বাঁশের তৈরী মাছ ধরার উপকরণ॥ [দেখ ক্যাক্‌রা +ই প্র.]।

ক্যাক্‌রা=[রা]—বি. বাঁশ॥ ক্যাক্‌রা লাঠি।

ক্যাগানি দেওয়া=[বা]—ক্রি. আধমরা হওয়া, কষ্ট করা॥ মাইর্ খাইয়া লোক্‌টা ক্যাগানি দিসে।

ক্যাগো=[বা]—সর্ব. কাহাদের॥ তুমি ক্যাগো কথা বল? [< কেগো]।

ক্যাগ্‌ব্যাগা দিয়া পড়া=[খু]—ক্রি. দেউলিয়া হওয়া, হত্যাদিয়া পড়া॥ একেবারে ক্যাগ্ ব্যাগা দিয়ে পড়েসে।

ক্যাচ'ন্=[ব]—বি. বকুনি॥ লোক্‌টাকে আস্‌সা ক্যাচ'ন্ দিলুম্। [দেখ ক্যাচ'।+ন প্র.]।

ক্যাচর্ ক্যাচর্=[ব, রং, রা]—অব্য. কচ্‌কচ্, বক্‌বক্॥ তোমার ক্যাচর্ ক্যাচর্ ভালা লাগে না (রং)। [ধ্বন্যা.; তুং ক্যাচোর্ ম্যাচোর্, কিচির্ মিচির্]।

ক্যাচ'।=[ব]—বি. শাস্তি, আঘাত॥ ক্যাচ'। না খাইলে তুমি সিদা হৈতা না।

ক্যাচ'। কেচি'=[বা]—বি. ঝগড়া, চেঁচামেচি॥ ক্যাচ'। কেচি' বালা লাগে না। [দেখ ক্যাচ'।+কেচি(< কেচা+ই প্র.)]।

ক্যাচ'াল্=[পা, রা, ব, রং]—বি. ঝগড়া॥ বেশি ক্যাচ'াল্ করিস্ না (পা)। [দেখ ক্যাকাল্]।

ক্যাচু'য়া=[বা]—বি. কেঁচো॥ ক্যাচুয়ায় মাটি সালায়্। [< কেঁচো]।

ক্যাচ্যালা=[রা]—বিণ. বাঁকা, টেরা॥ [দেখ ক্যাচ'াল্+আ প্র.; অর্থ প্র.]।

ক্যাচে'ার্ ম্যাচে'ার্=[ফ]—অব্য. চেঁচামেচি॥ এখানে ক্যাচো'র্ ম্যাচো'র্ করিস্ না। [দেখ ক্যাচর্ ক্যাচর্; অনু.]।

ক্যাচ্'=[চা]—ক্রি. বিণ. হঠাৎ॥ ক্যাচ্' কৈরা কৈডা দৈরা হালা। [অনু.]।

ক্যাচ্' কলা=[খু]—বি. কাঁচ কলা॥ [< কাঁচ+কলা]।

ক্যাচ্‌ড়া দান্=[পা]—বি. এক প্রকার ধান॥

ক্যাচ্'রা=[চট্ট]—বিণ. অর্ধসিদ্ধ॥ ক্যাচ্'রা ন খাইয়্যূ। [দেখ কাচা+রা প্র.]।

২=[চা]—বিণ. জ্যাঠামিপনা করে যে॥ এই সেড়াডা বর ক্যাচ্'রা। [খচরা< খচর+আ প্র.]।

৩=[রং]—বিণ. খারাপ, লজ্জাহীন॥ তুই বড় ক্যাচ্‌রা কথা কৈশ্‌রে। [পূর্বে দেখ]।

ক্যাচ্'লা=[ফ]—বি. এক প্রকার আগাছা॥

ক্যাছ্‌লা ক্যাছ্‌লা=[রা]—বি. ছলচাতুরি॥ কাম্‌টা যদি করিশৈ তবে ক্যাছ্‌লা ক্যাছ্‌লা ক্যান্?

খাঁউড়্=[নো]—বি. অংশ ॥ গাস্-গারে খাঁউড় করি হালা। [<খাণ্ড< খণ্ড]।

খাঁংগিল্=[দি]—বিণ. কাঙ্গাল ॥ তোর্ বাপ্টা এত টাকার্ খাংগিল্ কেন্? [<কাঙ্গাল]।

খাঁকন্‌নি=[রা]—বিণ. যে অন্যের নিন্দা করিয়া আনন্দ পায় ॥ [<খাঁকার (খোঁটা) ম. বাং +নি প্র.]।

খাঁকার্‌নে, খাঁকার্‌নি=[রা]— বিণ. কোন দিন খায় নাই যে, হাভাতে ॥ এমন্ খাঁকান্নে মেয়ে আমি কোনদিন্ দেখি নাই। [<দেখ খাকান্নি; +নে প্র.]।

খাঁকারি=[রা]—বিণ. পেটুক ॥ এক্-খন্তে খালু, ফের্ খাবার্ চাশ্ কুন্‌ঠিকার্ খাঁকারিরে বাবা। [<খা+ক+রি প্র. কিংবা<কাঙ্গালী]।

খাঁকার্=[রা]—বি. নিন্দা ॥ আন্দাজি এক্‌জনার্ খাঁকার্ করিস্ না। [<খাঁখার, ম. বাং]।

২=[রা]—বি. গলার কৃত্রিম শব্দ ॥ বাড়ির ভিতর্ ঢুকার্ সময়ে গলা খাকার্ দেইস্। [তু: খংকার হিং]।

খাঁক=[কু]—বি. ছিবড়ে ॥

খাঁক্‌ড়ানো=[ব]—ক্রি. খ্যাক খ্যাক করিয়া কাশা ॥ কড়া তামুকুবে গলা খাক্‌ড়াচ্ছে। [দেখ খাঁকার্২+আনো প্র.]

খাঁক্‌রা=[বা]—বিণ অমসৃণ ॥ নায় ভাঙা বর খাক্‌রা।

খাঁচ্‌' মারা=[রা]—ক্রি. টান মারা। বড় সিতে মাছ্ পরলে ছিপে খাচ্ মার্‌তে হয়। [<খেচ<খেঁচা; তু: খীচ্‌না হিং]

খাঁসি=[না]—বি.বাঁশের পাত্র। [< খাচি<খাচা+ই প্র.]।

খাঁড়া=[বা]—ক্রি. রাগ করা, গোঁ ধরিয়া থাকা ॥ [দেখ খরা৮]।

২=[নো]—বি. বিপদ ॥ তার্ উপরে অনেক্ খাঁড়া আসে। [<খণ্ড+আ; তু: ফাড়া]।

খাঁড়ি=[ব, দি]—বি. মিলের শাড়ি, মেয়েদের পরিধেয় বস্ত্র ॥

২=[রা]—বি. প্রায় পোড়া চাউল ॥

খাঁড়্=[নো]—বি. গুড়, মিঠাই ॥ খায়নের্ খাঁড়্ বেশি মিডা। [<খণ্ড সং]।

খাঁড়্‌কি=[রা]—বি. ছোট মেয়েদের পরণের শাড়ি ॥ [দেখ খাঁড়ি; খাঁড়+কি (ক্ষুদ্রার্থে)]।

খাঁদা মুড়ি=[রা]—বি. ছোট মাছ বিশেষ ॥

খাঁদি=[খু]—বি. খেজুর গাছের ডালের কাঁটাযুক্ত গোড়ার অংশ ॥ তোকে আজ্ খাঁদি পেটা করুব।

খাঁরাছে'=[চট্ট]—বি. সীমের ন্যায় বড় এক প্রকার ফল ॥

খাঁরি ধরা=[রা]—ক্রি. গোঁ ধরা ॥ খাঁরি ধর্‌লে কি হবি, মাছ্ না থাক্‌লে কি দেই তোকে?

খাঁর্=[চট্ট]—বিণ. একরোখা ॥ খাঁর্ মানশের্ সংগে সাবধানে কথা কৈয়ো।

খাঁশ্=[দি]—বি বাঁশ ॥ মোর্ বড় খাঁশ্ হৈছে।

খাঁশ্যা=[চট্ট]—বি আধা পাকা সিমের বিচি, শুষ্ক সিমের ভিজানো বিচি ॥ খাঁশ্যার্ ডাইল্।

খাঁসা=[চট্ট]—বি. ধার, কিনারা ॥ [<কাছা<কচ্ছ সং]।

খাঁস্=[নো]—বি. নিরত, ইচ্ছা ॥ [খ্বাহিশ خواهش ফা.]।

খাকা=[কুম]—বি রাগ, ক্রোধ ॥ এত খাকা হৈসে কেরে? [<খফা خفا হিং/ উর্দু <খফহ্ خفه ফা.]।

খাকাই=[সি]—বি. জুজু ॥ খাকাই আব (জুজু আসিতেছে) ॥ [খা খা+ ই প্র.]।

খাকাত্=[রং]—ক্রি. বিণ. দৈবাৎ, হঠাৎ ॥ কথা শুনি মুখ্‌খান্ খাকাত্ করি আন্ধার্ করিল্। [অনু.]।

খাকারি=[রং]—বিণ. লোভী, উদ্-গ্রীব ॥ তোর্ মত গোস্ত খাকারি আর্ না দেখিনু। [<খা খা (<খাই খাই)+রি প্র.]।

খাকারু=[সি]—বিণ. বুভুক্ষু ॥ পুয়া-গুইন্ খাকারুনি? [দেখ খাকারি; রু প্র.]।

খাকার্‌নি=[রা]—বিণ. নিন্দক ॥ [দেখ খাঁকান্নি]।

খাকার্ বাকার্=[রং]—ক্রি. বিণ. হাতড়াইয়া, ইতস্তত: করিয়া ॥ তাক খাকর্ বাকর্ করি ধর্‌লু। [অনু.]।

খাকি=[কুম, নি]—বি. মাটি ॥ [< খাক خاک ফা.+ই প্র.]।

খাকিরা=[রং]—ক্রি. বিণ. আটক হইয়া, দৈবাৎ লাগিয়া ॥ কাপড়খান্ খাকিরা লাগি চিড়িছে।

খাকিলা=[বং]—বি. এক প্রকার মাছ॥ খাকিলার্ ভাংগা ভাল।

খাকুরা=[ম]—বিণ. খেকো, যে মানুষ খায়॥ খাকুরা বাগ্। [<খা+ক+উরা প্র.]।

খাকুশ্=[সি]—বি. লেজ বিশিষ্ট কচ্ছপাকৃতি মাছ॥ খাকশের্ লেঙুরদি বাড়িয়াই বেটার্ পিঠ্ ফাড়াই দাও।

২=[সি]—বি.<খরগোশ॥

খাক্=[রং]—বি. ক্ষুধা॥ তোর্ এত খাক্ লাগিছে? [<খা+ক]।

খাক্‌কপালা=[পা]—বিণ. হতভাগ্য॥ [<খাক (<খাক خاک ফা.)+কপাল+ইয়া প্র.]।

খাক্‌কা=[চট]—বি. খালা, মাসী॥ খাক্‌কার্ বাড়ি যাইম্। [< খালা; ল>ক সাদৃশ্য খাল: خاله আং]।

খাক্‌কাশ্, খাক্‌কাশ্=[রং]—ক্রি. বিণ. গো গ্রাসে॥ [অনু.]।

খাক্‌কুরে=[ফ]—বিণ. উঁচু নীচু, অসমান॥

খাক্‌কোশ্=[ঢা]—বিণ. যে ভাল মন্দ বিচার না করিয়া কেবল খায়॥ এই খাক্‌কোশের পেড়ু আর্ বরব না। [< রাক্ষসের ন্যায় কল্পিত জীব বিশেষ; খোক্কশ]।

খাক্‌খর্=[নো]—বিণ. লোভী॥ [খা খা+কর=খাই খাই করে যে]।

খাক্‌খাকা=[রং]—বিণ. রৌদ্র তপ্ত, অতীশয় নীরস॥ [<খাক (<খাঁ খাঁ)+খাঁ খাঁ]।

খাক্‌খুশে=[য]—বিণ. কুলক্ষণে॥ একটা সেলে বিয়োবার্ পর্ দিন্ দিন্ খাক্‌খুশে মেরে বাস্‌সে। [দেখ খাক্‌কোশ্+এ প্র.]।

খাক্‌চ'র্=[কুম,রং]—বিণ.নরাধম॥ আমি এক্যন্ খাক্‌চ'র্ (কুম)। [< খাকসার خاکسار ফা.]।

খাক্‌টা খাক্‌টি=[নো]—বিণ. কলহ, বিবাদ॥ খাক্‌টাখাক্‌টি কৈর‍্যা শর্ খোয়াইলি। [অনু.]।

খাক্‌ড়া=[রং]—বিণ. শুকনা॥ তুই যে এমন্ খাক্‌ড়া জাগার্ মানুশি তাক কায়্ জানে? [<খাক خاک ফা.=ধূলা+ড়া]।

খাক্‌ড়া কাটি=[রং]—বিণ. অত্যন্ত অনুর্বর॥ [দেখ খাক্‌ড়া+কাঠি <কাঠ (কাষ্ঠ সং)+ই প্র.]।

খাক্‌ড়ানো=[খু]—ক্রি. সাড়া দেওয়া॥ [দেখ খাঁক্‌ড়ানো]।

খাক্‌রা=[বং]—বি. আটক, বাধা॥ কাপড়খান্ খাক্‌রা নাগি চিড়িছে। [দেখ খাঁক্‌রা]।

খাক্‌রা খাক্‌রি=[সি]—বি. বিবাদ, ঝগড়া॥ তোম্‌রাই খাক্‌রাখাক্‌রি কেনে কর? [অনু.; দেখ খাক্‌টাখাক্‌টি]।

খাক্‌লাশ্=[বা]—বি. কৃকলাস, এক প্রকার প্রাণী॥ খাক্‌লাশ্ দেখ্‌তে ভয় লাগে। [<কাকলাস<কৃকলাস সং]।

খাক্‌শ=[য,রং]—বিণ. প্রায় খারাপ॥ তোর খাক্‌শ মাল্ কিন্‌বে কে? [<খাক خاک ফা.+সা প্র.]।

খাক্‌শা=[রং]—বিণ. খারাপ (ধানের বেলায় প্রযোজ্য)॥ [দেখ খাক্‌শ]।

খাক্‌শা খাক্‌শি=[রং]—বিণ.খারাপ॥ [দেখ খাক্‌শা]।

খাক্‌শি=[রং]—বিণ. পেটুক, অতি-ভোজী॥ [<খাউক+শি প্র.]।

খাখার্=[রা]—বি. দুর্নাম॥ পরের খাখার্ কর কেনে? [দেখ খাঁকার্]।

২=[ঢা]—বি. শেষ॥ কয়্‌দিনের্ মদ্যে টেকাগুলি খাইয়া খাখার্ কৈর‍্যা দিল্। [<খাঁ খাঁ+আকার]।

খাখারি=[কুম]—বিণ. লোভী, আশান্বিত॥ [দেখ খাঁকারি]।

খাখুন্‌দি=[রং]—বিণ. নোংরা॥

খাখ্‌খশ্=[ঢা]—বিণ. রাক্ষসের মত ভীতিপ্রদ কল্পিত জানোয়ার বিশেষ॥ [দেখ খাক্‌কোশ্]।

খাখ্‌রা খাক্‌রি=[সি]—বি. বাদ বিসম্বাদ॥ কুত্‌তার্ লাখান্ খাক্‌রা খাক্‌রি করবায় কেনে? [অনু.; দেখ খাক্‌রাখাক্‌রি]।

খাগর্=রং]—বি. ছোট গাছ বিশেষ॥ [<খাগড়া]।

খাগা=[সি]—বি. ভূত, দৈত্য॥

খাগা রাগা=[বা]—বিণ. এলোমেলো॥ [অনু.]।

খাগি=[ঢা]—বি. মাটি॥ খাগির্ লাহান্ খাড়ি আর্ কি আসে? [<খাক خاک ফা.+ই প্র.]।

খাগিনা=[য]—বি. ভাজা ডিম॥ খাগিনা দিয়া বাত্ খাইসি। [খাগীনহ্ خاگینہ ফা.]।

খাগ্‌ড়াই=[রং]—বি. চিনির মুড়কি॥

খাগ্‌ড়াই মাগ্‌রাই=[য]— বিণ. কুচকাইয়া যাওয়া॥ এ খাগড়াই মাগরাই কাগযে চি'ঠি লেখা চ'ল্‌বে না। [অনু.]।

খাগ্‌রি=[পা, কু]—বি. মাষকলাইর ন্যায় ডাইল॥ খাগ্‌রির ডাইল্ খেতে খুব মযা।

খাঘোড়্=[রা]—বিণ. নোংরা, অপমার্জিত॥ খাঘোড়্ লোকের্ হাতে খাতে ঘিনা করে।

খাচড়্=[রা]—বিণ. দুষ্ট॥ ছেলেটা বড় খাচড়্। [দেখ খচ্‌ড়া]।

খাচ'র্=[সি]—বি. ময়লা॥ পানির্ মুর্ (নিচে) বউত্ খাচ'র্। [দেখ খচ্‌ড়া]।

খাচ'া=[পা]—ক্রি. ধৌত করা। আমার্ পিরান্‌ডা খাইচ'া দ্যাও। [দেখ খচ'া৩]।

২=[য]—বি. গরুর খাদ্য বিশেষ॥

৩=[কুম]—বি. মুরগীর ডিম পাড়া বা ডিমে তা দেওয়ার জন্য ভাঙ্গা হাড়ি॥ [<খাঁচা]।

খাচাং খাচাং=[রং]—বি. অশ্রাব্য কথা॥ তোর্ খাচাং খাচাং আর্ শুনিম্ না। [অনু.]।

খাচারি=[রং]—বি. ঝুড়ি, চাঙারী॥ মোক এক্ জোড়া খাচারি গড়ি দে। [<খাঁচা+রি প্র.]।

খাচ'ল্=[বা]—বি. অভ্যাস॥ খাচ'ালের্ দোশে হে গোল্‌মালে গেসে। [<খিসাল خصال আং; খস্‌লত্ خ এর বহুব.]।

খাচি'=[ফ]—বি. হাঁড়ি পাতিল বহন করিবার ঝাঁকা বিশেষ ॥ [<খাঁচা+ই প্র. (ক্ষুদ্রার্থে)]।

২=[ম]—বি. ঝুড়ি ॥ খাচি'বরা আন্। [পূর্বে দেখ]।

খাচু'=[ম]—বি. উত্তরাধিকারী ॥

২=[কুম]—বি. ময়লা ॥ ডাবার্ পানিত্ খাচু'। [দেখ খচ্'ড়া]।

খাচু'ত্ খচু'ত্=[য]—অব্য. কর্তনের শব্দ॥ খাচু'ত্ খাচু'ত্ করে কি কাট্সে ? [ধ্বন্যা.]।

খাচু'র্ খচু'র্=[খু]—বি. বাজে কথা ॥ তুমি আবার্ খাচু'র্ খুচু'র্ কও ক্যা ?

খাচে'ড়্=[কু]—বি. তরল জিনিসের তলানী ॥ আমার্ ভাগে বুঝি' ডালের্ খাচে'ড়্। [দেখ খচ্'ড়া]।

খাচ্=[রং]—বিণ. নির্দিষ্ট, সঠিক ॥ খাচ্ কথা বলা উচিত্। [<খাস خاص আ:]

২=[পা]—বি. <খাঁজ, ভাঁজ ॥

খাচ্'নত্=[কুম]—বি. স্বভাব ॥ তার্ খাচ্'নত্ বালা না। [<খস্‌লত خصلت আ:]।

খাচ্'চ'র্=[ঢা]—বিণ. নোংরা ॥ [<কচ্চর সং]।

খাচ্'চি'=[খু]—বি. জাল বোনার ফোড়ন ॥

খাচ্‌ড়া=[রা]—বিণ. খারাপ, হাড় জালনো ॥ [দেখ খচ্'ড়া]।

খাচ্‌ড়ি=[দি]—বি. বিয়ের্ বরযাত্রী ॥ খাচ্‌ড়িতে বহুলোক্ দেখা যায়্।

২=[রা]—বিণ. দুষ্টা [দেখ ॥ খচ্'ড়া+ই প্র. স্ত্রীলিঙ্গে]।

খাচ্'তেল্=[পা]—বি. সরিষার তৈল ॥[<খাজ(<খাদ্য সং)+তৈল ; দেখ খাউস্]।

খাচ্'না=[রং]—বি. অভ্যন্তর,ভিতর ॥

খাজা=[রং]—বি. মুসলমানদের উপাধি বিশেষ ॥ [<খ্বাজহ্ خواجه ফা.]।

২=[রং]—বি. গুড় বা চিনির তৈরী মিষ্টান্ন বিশেষ ॥ [খাজা হিং]।

খাজুর্=[রং]—বি. তামাক সুস্বাদু করার উপকরণ বিশেষ ॥ খাজুর্ না হলে কি দি তাংকু মলিব্ ?

খাজুর্ গুড়্=[রং]—বিণ. তামাক সুস্বাদু করার উপকরণ বিশেষ ॥ [<খেজুর গুড়]।

খাজুর্ গুয়া=[রং]—বি. খেজুরের সুপারি ॥ [<খেজুর+গুয়া (<গুবাক সং)]।

খাজুলা খাজুলি=[রং]—বি. বদমায়েশি ॥ শে এত খাজুলা খাজুলি লাগাছে তাক কওয়ার্ না যায়্। [দেখ খাজুলানো]।

খাজুলানো=[রং]—ক্রি. বদমায়েশি করা ॥ মোর্ শাথে খাজুলাইস্ না। [<খুজলানা হিং=চুলকান ; অর্থ প্র.]।

২=[রং]—ক্রি. চুলকানো ॥ পিটি-খান্ খাজুলায়্। [পূর্বে দেখ]।

খাজেন্‌দার্=[রা]—বি. পরিবেশন কারী ॥ হিশাবি খাজেন্‌দারের্ জিনিশ্ কম্ হয়্ না। [<খাজেন (<খাদিম خادم আ:)+দার دار ফা.]।

খাজ্‌না দেওয়া=[রা]—ক্রি. পায়-খানায় যাওয়া (ব্যঙ্গার্থে) ॥ মুই খাজ্‌না দিয়ে আঁশো। [<খযান: خزانه আ:+দেওয়া ; অর্থ প্র.]।

খাজ্‌না বাজ্‌না=[রং]—বি. জমির কর ইত্যাদি ॥ [দেখ খাজনা দেওয়া ; বাজনা অনু:]।

খাযন্‌দার্=[পা]—বি. যে পরিবেশন করে বা বাঁটে ॥ শে এখন পাকা খাযন্‌দার্। [দেখ খাজেন্‌দার]।

খাযন্‌দারি=[পা]—বি. খাদেমদারী, পরিবেশনের কাজ ॥ [দেখ খাযন্‌দার্+ই প্র.]।

খাযা=[ফ]—বিণ. যে ফলের ভিতরে কিছুই নাই ॥ [<খোজা (<খ্বাজহ্ خواجه ফা.) অর্থ প্র.]।

২=[কু]—বি. পাটালী ॥ খাযার্ দর্ কত ?

৩=[য]—বিণ. যাহা পাকে নাই, শক্ত ॥ খাযা কাঁঠাল্। [<কাঁচা]।

৪=[য]—বি. বাতাসা, মিষ্টদ্রব্য ॥ [খাজা হিং]।

খাযা খাওয়া=[সি]—ক্রি. মাছের উদ্ভিদ শেওলা ইত্যাদি খাওয়া ॥ [<খাজা (<খাদ্য সং)+খাওয়া]।

খাযাত্=[পা]—বি. চরিত্র ॥ বদ্ খাযাতের্ লোক্। [<খাসীয়ত্ خاصيت আ:=বৈশিষ্ট্য]।

খাযা দরা=[ঢা]—ক্রি. আহার করা (মাছের) ॥ অহনে বাডার্ শময় মাসে খাযা দরব না। [দেখ খাযা খাওয়া+ধরা]।

খাযা মারা=[সি]—ক্রি.পানিতে ঘাসের নড়া দেখিয়া মাছ শিকার করা ॥ [দেখ খাযা খাওয়া ; খাযা =খাযা খায় যে মাছ]।

খাযার্ মাস্=[ঢা]—বি. আষাঢ় শ্রাবণ মাসে ধানক্ষেতে আহার করিবার জন্য আসে যে মাছ ॥ কাইল্ তিন্‌ডা খাযার্ মাস্ পাইসি। [খাযা+র (সম্বন্ধে)+মাছ]।

খাযিম্‌দার্=[ম]—বি. পরিবেশক ॥ খাযিমদারের্ কায্ শবাই পারে না। [<দেখ খাজেন্‌দার্]।

খাযিয়া=[সি]—বি. ঝগড়া, বিবাদ ॥ [<কযীয়: قضيه আ:]।

খাযুইরা প্যাচ'াল্=[পা]— বি. আজেবাজে আলাপ ॥ মিয়াভাই খাযুইরা প্যাচ'াল্ পাইড়্‌তাচে'।]< খাজুরিয়া=খেজুরে+প্যাঁচাল]।

খাযুইর্‌গা=[কুম]—বিণ. ছোট খাঁট ॥ লোক্‌টা দেখ্‌তে খাযুইর্‌গা।

খাযুম্‌দার্=[পা]—বি. পরিবেশন-কারী ॥ [দেখ খাজেন্‌দার্]।

খাযুরি=[সি]—বি. খেজুরের আকৃতির মিষ্টি সন্দেশ ॥ খাযুরি খায্ নাকি মানুশ্ খালি বড়া খায্ ? [খেজুর (<খর্জুর)+ই প্র.]।

খাজুরিয়া=[চট্ট]—বিণ. কোঁকড়ানো ॥ হিতার মাথাত্ খাজুরিয়া চুল। [<খেজুরিয়া=খেজুর গুচ্ছের ন্যায়]।

খাবুর‍্যা আলাপ্=[পা]—বি. বাজে আলাপ ॥ অত খাবুর‍্যা আলাপ্ কিরের্ ? [দেখ খাবুইর‍্যা প্যাচ'াল্ ; আলাপ<আলাপন]।

খাবুর্ পিডা=[ঢা]—বিণ. খেজুরের পিঠা বিশেষ ॥ খাবুর্ পিডাত্ গি লাগে। [<খেজুর পিঠা (পিষ্টক)]।

খাবুর্ সাড়ি=[খু, য]—বি. সাদা ও সুন্দর ধান বিশেষ ॥ [<খেজুর+ছড়ি<ছড়া]।

খাবুল্=[সি]—বিণ. নিরাশ ॥ হিতে আমারে খাবুল্ করসে। [<খজল خجل আং=লজ্জা]।

খাবের্ পিডা=[ঢা]—বি. চাউলের গুড়ি দিয়া তৈরী ছোট পিঠা বিশেষ॥

খাবৈল্=[ম]—বি. খেজুর ॥ খাবৈল্ খুব্ মিডা ॥ [<খাজুর<খেজুর <খর্জুর)]।

খাবো=[য, খু.]—বিণ. গোঁয়ার গোবিন্দ, গুণ্ডা ॥ তার্ মত খাবো লোকের্ শংগে চ'লার্ বিপদ্ আসে। [খ্বাজহ্ خواجه ফা.; অর্থের বিকৃতি]।

খাবোনি=[খু, য]—বি. চুলকানি ॥ [দেখ খাজোনি]।

খাবোমি=] [খু]–বি. গুণ্ডামি ॥ খাবোমি করা তার্ পেশা। [দেখ খাবো +মি প্র.]

খায়্=[বা]—বিণ. ছোট ॥ খায়্ হনে নিবি না।

২=[কুম]—বি. খোদাই ॥ খায়্ করা পালং। [<কাজ (<কার্য=কারু-কার্য)]।

৩=[ম]—বি, সরিষা ॥ খায়্ তেল্। [দেখ খাচ্'তেল্]।

খায়্খাই=[নো [—ক্রি. বিণ. চুলকাইয়া ॥ আমার্ গতরুডা একটু খায়্খাই দে। [দেখ খাউয়্+আই+ইয়া প্র.]।

খায়্খানো=[চট্ট]—ক্রি. চুলকানো ॥ [দেখ খাউবান্]।

খায়্বেয়ানো=[সি]—ক্রি. চুলকানো। [দেখ খায়্খানো]।

খায়্দান্=[সি]—বি. সুপারি রাখার জন্য কাপড়ের তৈরী থলি ॥ খায়্দানে গুপারি আসে। [<খাসদান خاصدان ফা.]

২=[ম]—বি. পানের ডাবুর বা পাত্র ॥ [পূর্বে দেখ]

খায়্লাতা=[পা]—বি. বিরক্তিকর স্বভাবের লোক ॥ [<খিআলত خجالت আং+আ প্র.]

খায়্লি=[ঢা]—বি. খুজলি, পাঁচড়া ॥ [<খুজলী হিং]।

খায়্লি বিচি'=[নো]—বি. খোস পাঁচড়া ॥ [দেখ খায়্লি+বিচি]।

খায়্লেত্=বি. স্বভাব ॥ [দেখ খাচ্'নত্]।

খাটা=[রা]—বি. খেলা বিশেষ ॥ খাটা বশিচিরে ॥

২=[রা]—বি. কাকিলা মাছ, মাছ বিশেষ ॥

৩=[ব]—বিণ. টক, অম্বল ॥ খাটা ডাল্। [<খট্টা হিং]।

৪=[রা]—বি. কষ্ট ॥ রাতজাগার্ খাটা কম্ না। [<খাট (<খাটুনি)+আ]।

৫=[কুম]—ক্রি. বন্ধ করা, মুদিত করা।

খাটাই=বি. টক ব্যঞ্জন বিশেষ ॥ [দেখ খাটা৩ +ই. প্র.]।

খাটাইল্=[সি]—বি. চাষ করা ক্ষুদ্র চতুষ্কোণ স্থান ॥ এক্ খাটাইল্ আলু।

খাটাইশ =[রং]—বি. কৃকলাস ॥

খাট্যা=[রা]—বিণ. অসভ্য ॥ লোক্টা বড় খাট্যা। [<খোট্টা ; অর্থ প্র.]

খাটাং খাটাং=[রং]—বি. গরম মেজাজ, রাগ ॥ কেনে তুই এত খাটাংখাটাং করিশ্ ? [অনু.]।

খাটাত্ খাটাত্=[রং]—অব্য. এক প্রকার শব্দ। [ধ্বন্যা.]।

খাটানি=[সি]—বি. অন্যের দ্বারা কাজ করানো ॥ তুমি লোক্ খাটানি যান না। [<দেখ খাটা৪+নি=খাটানো]।

খাটা মিটা=[সি]—বিণ. অম্ল মিষ্ট, মিশ্র স্বাদ বিশিষ্ট ॥ [দেখ খাটা৩+মিঠা (<মিষ্ট)]।

খাটার্ কদ্দু=[সি]—বিণ. অপদার্থ॥ বেটা একেবারে খাটার্ কদ্দু। [দেখ খাটা৩ +র (সম্বন্ধে)+কদ্দু <কদ্দু کدو ফা.]।

খাটার্ মজা তলে=[ম]—অব্য. দুষ্কর্মের শাস্তি দেরীতে ॥ [দেখ খাটা, +র (সম্বন্ধে)+মযা (<মযহ্ مزه ফা.)+তলে=নীচে ; প্রবাদ]।

খাটাল্=[ঢা]— বি. ঘরের মেঝে॥

২=[ঢা]—বি. গোবরের গাদা, গোবর ফেলার জায়গা ॥

৩=[পা]—বিণ. ঝগড়াটে ॥ খাটাল্ মেয়েসেলে নিয়ে বারি বিপদ্। [<খাণ্ডার]।

খাটাশ্=[রা]—বি. বিদূষক, ভাঁড় ॥

২=[রং]—বি. গিরগিটি ॥ খাটাশ্ নানান্ রঙ্ ধরে।

৩=[ঢা]—বি. বিড়াল জাতীয় বুনো জীব বিশেষ ॥ খাটাশ্ মোরুগ্ নিয়া গ্যাসে। [<খট্টাশ]।

৪=[রা]—বিণ. টক ॥ আম্টি বড় খাটাশ্। [দেখ খাটা৩+শ]।

খাটাশি=[রং]—বিণ. ছিপছিপে, কৃশ ॥ খাটাশি মানুশিটার্ তেজ্ কত ? [দেখ খাটাশ্৩+ই প্র.]।

খাটাশিউল্ল্যা=[রং]—বিণ. দোহারা চেহেরার ॥ [দেখ খাটাশি+উলা(<রালা হিং)+ইয়া প্র.]।

খাটাশি নাগা=[রং]—বিণ. দোহারা ॥ [দেখ খাটাশি+নাগা=লোক ; অর্থ প্র.]।

খাটাশি=[রা]—বিণ.উস্কোখুস্কো ॥ তুই এত খাটাশে ঐছিশ্ কেনুরে ? [দেখ খাটাশ্৩+এ প্র.]।

খাটি=[সি]—বি. ছোট নদীতে মাছ ধরার বাঁশের তৈরী উপকরণ ॥ [দেখ খড়ি]।

২=[রা]—বি. মুগুর ॥ খাটি দি মাতা গুড়ায়ে দিমু। [<কাঠ+ই]।

৩=[চট্ট]—বি. জমির কোনে বা খালবিলে মাছের জন্য খনিত ডোবা ॥ [<খাত=খাদ+ই প্র.]।

খাটি যাওয়া=[সি]—ক্রি. ঠিক হওয়া ।। সামান্য বেশি কম ...ও খাটি যা... । [<খাটা=খা... যাওয়া] ।

খাটিয়ল—[সি]—বিণ. ... সময় হাঁটে এমন ।।

খাটিয়া=[দি]—বি. বাঁশের বা কাঠের টুকরা, মুগুর ।। গরুর ... গাড়িতে খাটিয়ার দরকার । [দেখ খাট₂+আ প্র.] ।

২=[বা]—বি. ঘরের বা পুকুরের সিঁড়ি হিসাবে ব্যবহৃত গাছের গুড়ি ।। [পূর্বে দেখ] ।

খাটিয়া খুটিয়া=[রং]—ক্রি. বিণ. হয়রান পেরেশান হইয়া ।। মোর্ তোর্ পাছত্ খাটিয়া খুটিয়া লাভ্ কি হল ? [খাটিয়া(<খাট+ ইয়া)+খুটিয়া অনু:] ।

খাটে=[খু]—বি. কাষ্ঠ ।। খেযুরের্ খাটে দিয়ে পুকুরের্ ঘাট্ বাঁধা হয়েসে । [কাঠ+ইয়া প্র.] ।

২=[পা]—বি. মুগুর ।। গোসতু বানানের্ খাটেটা কৈ ? [দেখ খাটি₂] ।

৩=[পা]—বিণ. খর্বাকৃতি ।। খাটে লোক্ । [<খাটো] ।

খাটে খোট=[খু]—বি. পুকুর ঘাটের কাঠ বা বাঁশের সিঁড়ি ।। [দেখ খাটে] ।

খাটের তল=[রং]—বিণ. অধীনস্থ ।। অয় খাটের্ তলের্ লোক্ । [খাট (<খট্টা)+এর(সম্বন্ধে)+তল=নীচ; বাগ্‌ধারা] ।

খাট=[পা]—বি. পায়খানা ।।

২=[কুম,দি]—বি. পিঁড়ি ।। [খাট <খট্টা ; অর্থ প্র.] ।

৩=[ব,কু]—বি. ভেজাল ।। এই ঘিতে মোটেই খাট্ নাই । [<খাত< খাদ] ।

খাটকি=[সি]—বি. কবরে ব্যবহৃত বাঁশ ।। [<কাঠ+কি বা খাট (<খট্টা)+কি প্র.] ।

খাটখাটলি=[রং]—বি. বসিবার উপকরণ ।। খাট্খাটুলি না ঐলে কি শোত্ দেবেন্ ? [<খাট(<খট্টা)+আলি প্র.] ।

খাটচ'রি=[বা]—বি. মেয়ে বর যাত্রী ।। খাটচ'রি আইসে না কিতা ? [<খাট(...) + চড়ি<চড়িয়া ; অর্থ প্র.] ।

খাটটা=[দি]—বিণ. অম্বল, টক ।। তেতুলগুলা বড্ড খাট্টা । [দেখ খাটা₃] ।

খাটটাশ=[সি]—বি. শিয়ালের অনুরূপ বন্য জন্তু বিশেষ ।। [দেখ খাটাশ₃] ।

খাটটাশ, খাট্টাশ=[রং]—অব্য.এক প্রকার শব্দ ।। [ধ্বন্যা.] ।

খাটতামাক=[রং]—বি. ছোট পাতার তামাক ।। [খাটো+তামাক] ।

খাটনি=[ঢা]—বি. পরিশ্রম ।। খাটনির্ ফল্ পাওয়া যাইবো । [< খাটুনি] ।

খাটমাল=[চট্ট]—বি. ছারপোকা ।। বিসনার্ মাঝে' খাট্‌মাল্ ঐ গেসেন্ । [খটমল হিং] ।

খাটরি=[কুম]—বি. ক্ষুদ্র জলাশয় ।। খাট্‌রিত্ থাইক্কা মাস্ আন্‌সে ।

খাটলি=[রং]—বি. গরুর গাড়ির ছই ।। তোর্ গাড়ির্ খাট্‌লি আছে তো ? [দেখ খাট্₂+লি প্র.] ।

খাড=[ঢা, চট্ট]—বিণ. খাটো, ছোট ।।

খাডন=[কুম]—ক্রি. পছন্দ হওয়া ।। যিনিশ্‌টা আমার্ খাড্‌সে । [<খাটন =খাটা] ।

খাডা=[চট্ট]—ক্রি. কাটা ।। [<কাটা (<কর্তন)] ।

২=[দি]—বি. বাঁশের তৈরী চৌকি ।। মেওটা খাডার্ উপর্ শুতি আছে ? [দেখ খাট্₂+আ প্র.] ।

৩=[কুম]—বি. কাঁথা ।। [<খাদা <কাঁথা<কন্থা সং] ।

৪=[চট্ট]—বি. টক, অম্বল ।। তেতুলের্ খাডা । [দেখ খাটা₃] ।

৫=[চট্ট, ক]—বি. খুঁটি ।। খাডার্ লগে নাওডা বাইন্দা থো । [খোঁটা= খুঁটা]।

৬=[চট্ট]—ক্রি. বন্ধ হওয়া ।। দুই চৌ'ক্ খাডিলে শংশার্ আন্দাইব্ । [<খাটা ; অর্থ. প্র.] ।

৭=[খু]—বি.অপরাধ, ত্রুটি ।। [খতা' خطا আং] ।

খাডাই=[নো—বি. খাটাশ, দুর্গন্ধময় জন্তু বিশেষ ।। খাডাইরা হগলে এক্‌যায়গায় পায়খানা করে । [দেখ খাটাশ₃] ।

২=[কুম]—বি. টক্ ।। তেতৈর্ খাডাই যবব্ চু'হা । [দেখ খাটা₃+ই] ।

খাডাইয়া=[ঢা]—বিণ. পশুর মত স্বভাব যাহার (গালি অর্থে) ।। খাডাইয়ার্ কতাডা হোন্ ।। [<খাটাশিয়া<খাটাশ +ইয়া প্র.] ।

খাডা কচ'লন=[চট্ট]—ক্রি. কিছুই করিতে না পারা ।। তঁয়র্ বাপের্ খ্যাতি দিয়া আমি কি খাডা কচ'লুম্ ? [খাটা +কচলানো ; অর্থ প্র.] ।

খাডাখাডনি=[বা]—বি. খাটুনি, পরিশ্রম ।। দান্‌পানের্ দিনে খুব খাডাখাড্‌নি পর্‌সে । [<খাটা+ খাটুনি] ।

খাডাঝিলকি—[বা]—বি. বিদ্যুৎ ।। [<খাড়া+ঝিলিক=দ্যুতি] ।

খাডান=[কুম]—বিণ. অপরিচ্ছন্ন ।। [<কাদা (<কর্দম সং)+ন প্র.] ।

খাডা বাইউন=[নো]—বিণ.টমেটো ।। খাডাবাইউনের্ শাশ্‌নি বালা । [দেখ খাটা+বাইগুন<বাতিঙ্গন সং] ।

খাডায়=[ফ]—বি. সাথী ।। যেমন্ চ'ডায় তেমন্ খাডায় । [<কাঠামো] ।

খাডালৈয়া=[ফ]—বি. বেড়া আঁটিয়া রাখার জন্য ব্যবহৃত বাঁশ ।। বৈচ'নার্ খৈগ্যা দুইডাত্ খাডালৈয়া বান্ । [খাটালিয়া<কাঠ+আল+ইয়া প্র.] ।

খাডাল=[নো]—বি. উঠান ।। [< খাটাল=ঘরের মেঝে ; অর্থ প্র.] ।

২=[বা, রা]—বি. মেঝে ।। ঘরের্ খাডালে বিছানা কর্ (রা) । [<খাটাল]।

৩=[চা]—বি. গোবরের গাদা, গোবর ফেলার জায়গা ।। [<খাটাল= গবাদি জন্তুর বাথান বা গোয়াল ; অর্থ প্র.] ।

৪=[কুম]—বি. কাবরা ॥ আপনারা বর খাড়ালে শোন্। [দেখ খাড়াল্‌১; অর্থ প্র.]।

খাড়াশ্যা=[ম]—বিণ. ধূর্ত ॥ খাড়াশ্যা মানুশের পাল্লায় পর্‌সো খুব্ শাব্‌দান্ ॥ [দেখ খাটাশ্৩+ইয়া প্র.; অর্থ প্র.]।

খাড়াশ্=[নো]—বিণ. অপদার্থ, পিশাচ ॥ [দেখ খাটাশ্]।

২=[রা]—বিণ. অতিভোজী ॥ গরুটা খুব্ খাড়াশ্। [পূর্বে দেখ]।

৩=[ম]—বি. খরগোশ ॥ [দেখ খাটাশ্৩]।

খাড়ি=[কুম]—বি. পুকুরে ডালপালা ফেলিয়া মাছ ধরিবার ব্যবস্থা ॥ এত টাকা খরচ' কৈরা খাড়ি দিলাম্, তেমন্ মাস্ পাইলাম্ না। [<খাটী <কাষ্ঠি<কাষ্ঠ+ই প্র.]।

২=[কুম, সি,]—বি. ছোট পুকুর বা ডোবা ॥ [<খাদ+ই প্র.; দেখ খাটি]।

৩=[কুম]—বি. কূয়ার মত বৃহৎ গর্ত ॥ [পূর্বে দেখ]।

খাড়িয়া=[খু]—বি. কাষ্ঠ খণ্ড ॥ খাড়িয়ার উপর্ ফেলে তামাক্ কাট্। [দেখ খাটিয়া]।

খাড়ুনি=[কুম]—বিণ. স্বামী-পুত্র-কন্যাহীনা, বন্ধ্যা ॥ [<খা+ডাইনী]।

খাড়্‌উয়াই=[নো]—ক্রি. বিণ. হাতের নখ দিয়া আঁচড়াইয়া ॥ খাড়্‌উয়াই গায়ের্ চাম্‌ড়া উঠাই হালাইসে।

খাড়্‌কোড়ে=[কুম]—বিণ. একলা ॥

খাড়্‌ডা=[রং]—বিণ. কঙ্কালসার ॥ একেবারে তুই খাড়্‌ডা নাগিচিশ্ কেনে? [<কাঠ+উয়া প্র.]।

খাড়্‌ডাশ্=[রা]—বিণ. যে খুব খাইতে পারে। [দেখ খাটাশ্২]।

খাড়্‌ডি=[রং]—বিণ. কঙ্কালসার ॥ খাড়্‌ডি মান্‌শি ॥ [খাট্‌টি<কাষ্ঠি <কাঠ+ই প্র.; আতিশয্যার্থে বর্ণ দ্বিত্ব; তুং খড্ড]।

খাড়্‌ডিরা=[বা]—বি. ঘরের দুয়ারে কাঠের গুঁড়ির তৈরী সিঁড়ি বিশেষ ॥ [দেখ খাটিয়া২]।

খাড়া=[পা]—ক্রি. বিণ. সোজা ॥ খাড়া এই পথে চ'লি যাও।

২=[পা]—বি. বালিশের যে অংশে তুলা ভরা হয় ॥ আমার্ বালিশের্ খাড়া সিড়্যা গ্যাসে।

৩=[পা]—বি. মেয়েদের পায়ের বর্তুলাকার অলঙ্কার বিশেষ ॥ [খাড়ু+আ প্র.]।

৪=[পা]—বি. তরকারী বিশেষ ॥

৫=[পা]—বি. ধারালো দা, বড়দা ॥ [<খাঁড়া<খাণ্ডা<খড়্গ+আ প্র.]।

৬=[নো]—বি. পাঁক ॥ হিতে খাড়ার্ মদ্যে পড়্‌সে।

৭=[ফ]—বি. বিদ্যুৎ ॥ লোক্‌টা খাড়া যিনিকে মারা গিসে। [দেখ খাড়াবিল্‌কি]।

খাড়াই=[পা]—ক্রি. বিণ. শীঘ্র, তাড়াতাড়ি ॥ [খাড়া (তুং খড়া হিং) +আই প্র.]।

খাড়াং=[চট্ট]—বি. যাহা দিয়া খড় বা ঘাস আনা হয় ॥ [<খড়+আ প্র.]।

খাড়া কান্‌দি=[ফ]—বি. আমন ধান বিশেষ ॥

খাড়া খাড়ি=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ খাড়াখাড়ি আইশও [খাড়া (দণ্ডায়মান)+খাড়+ই প্র.]।

খাড়ায়=[রং রা]—ক্রি, বিণ. তাড়াতাড়ি ॥ খাড়ায় কাম্‌ড়া করুম্। [খাড়া +য় বিভক্তি]।

খাড়ায়াড়া=[য]—ক্রি. বিণ. সত্বর ॥ খাড়ায়াড়া ফিরে এশো। [খাড়া(<স্থির সং)+খাড়া]।

খাড়াল্=[নো]—বি. ঘরের মধ্যখানের কাবরা ॥ [দেখ খাড়াল্১]।

খাড়ি=[রং]—বি. খেড়ি বাঘ ॥ জংগল খাড়ি থাকে। [<খেড়ি; তুং খেড়ি কুকুর]।

২=[রা]—বি. বিলজাতীয় জলাশয় ॥ [দেখ খাটি॰]।

৩=[রা]—বি. আড়ি ॥

৪=[পা, কু, বা]—বি. ছোট খাল, [দেখ খাড়ি২]।

৫=[ব, রা]—বি. সাদা খাড়ি কাপড় ॥ [<খাদি]।

খাড়িগুয়ো=[খু]—বি. পচা সুপারি ॥ খাড়িগুয়োর দর্ কম্। [খাড়ি+গুয়ো প্রাং<গুবাক]।

খাড়ি মারা=[খু]—ক্রি. জমির বন কাটা ॥ পাঁচ্'যনে তিন্ বিঘে যমির্ খাড়ি মার্‌সে। [<খাটি<কাঠি< কাঠ+ই+মারা=নাশ করা]।

খাড়িয়া=[নো]—বিণ. মধ্যবয়সী ॥

খাড়্‌ভাংগা=[ব]—বিণ. নীরস বাক্যালাপী ॥ [খাড়া<খাজরা+ভাঙা =যে খাজরা ভাঙ্গে অর্থাৎ এমন কুকথা বলে যেন খেংরার আঘাত করে]।

খাড়্‌য়া=[নো]—বি. আলুর লতা ॥ [<খাড়+আ প্র.=খাড়ের ন্যায় প্যাচানো]।

খাড়েল্=[য]—বিণ. পেটুক ॥

খাড়্যা=[রা]—বি. পায়ের মল ॥ [< খাড়+আ]।

খাড়ৈ=[বা]—বি. বাঁশের তৈরী মাছ রাখার পাত্র, খালুই ॥ [<খারুই< ক্ষারক+ই প্র.]।

খাড়ো=[য]—বিণ. অলস ॥

২=[খু]—বি. লেখার তালপাতা ॥

খাড়্=[য]—বিণ. শীর্ণ, কৃশকায় ॥ হালের্ দাম্‌ড়াটা খাড় হয়ে যাস্‌সে। [<কাঠ]।

খাতা=[সি]—বি. নারিকেলের ছোবড়ার তৈরী সরু দড়ি ॥ খাতাদি চা'ল্ বান্‌দো। [<কাতা]।

২=[বা]—বি. <কাঁথা ॥ খাতা গায়ে দে।

খাতা আরান্=[চা]—ক্রি. বি. আশানুরূপ ফল না হওয়া, ভুলে নষ্ট হওয়া ॥ অনেক্ পেচ'ালে খাতা আরানি যায়। [দেখ খাতা২+হারানো=সম্বল হারানো; বাগ্‌ধারা]।

খাতা গিল্‌লা=[সি]—বি. দোষ ত্রুটি ॥ লোক্‌টার্ কোন খাতাগিল্‌লা নাই। [<খতা' خطا আং+গিলুহ گله ফা.]।

খাতান্=[ম]— বি. প্রতিশোধ নেওয়ার স্পৃহা ॥ ওই পারার মাইন্শেরা খাতাইসে, আটে গেলে তারে মারবো। [খতানো=খাতিয়ে দেখ ; অর্থ প্র.]।

খাতালতা=[কুম]—বি. ঠিক ঠিকানা ॥ তার্ কোনু খাতালতা নাই। [দেখ খাতা+লতা অনু :]।

খাতাল্=[পা]—বিণ. দজ্জাল, ঝগ্ড়াটে, দুষ্ট ॥ [দেখ খত্তাল্]।

খাতাশ্=[সি]—বিণ. অপরিষ্কার, নোংরা ॥ তুমি এক্টা খাতাশ্।

খাতি খাড়া=[ঢা]—ক্রি. দুইজনে পরস্পর সাহায্য করিয়া কাজ করা ॥ লও আম্রা খাতি খাড়ি।

খাতির্ যমা=[ঢা]—ক্রি. বিণ. ধীরে সুস্থে ॥ তারাতারির্ দর্কার্ কি খাতির্যমা কর। [<খাতির জম'আ خاطرجمع আং]।

খাতির্দারি=[সি]—বি. সাহায্য ॥ শে আমারে খুব্ খাতির্দরি করে। [<খাতির خاطر আং+দারী داری ফা.]।

খাতিল্=[কুম, চট্ট]—বি. বন্ধুত্ব ॥ তার্ শাথে আমার্ খাতিল্ নাই। [<খাতির خاطر আং ; অর্থ প্র. ; দেখ খাতের্]।

২=[নো, বা]—বি. আদর, সমাদর, যত্ন ॥ [পূর্বে দেখ]।

খাতিল্লা=[নো]—বিণ. বন্ধু, পরিচিত ॥ হে আমার্ খাতিল্লা মানুশ্। [দেখ খাতিল্+ইয়া প্র.]।

খাতে=[কুম]—বি. বৈঠা ॥ খাতে লৈয়া নৌকার্ দার্ টান্।

খাতের্=[য]—বি. আন্তরিকতা ॥ তার্ শাথে আমার্ খাতের্ না... [দেখ খাতিল্]।

খাদড়ে বাদড়ে=[কু]—বিণ. অমসৃণ ॥ খাদড়ে বাদড়ে চেয়ারে বশ্লে কাপড় সিঁড়ে যাবে। [<খাদ(ক্ষয়দ সং)+বাদড়ে অনু:]।

খাদন্=[ফ]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার যন্ত্র ॥ অ মিয়া, খাদন্ডার্ দাম্ কত? [<খাদ+ইন প্র.]

খাদন্দার্=[কু]—বি. যে নিমন্ত্রিতদের ভোজন করায় ॥ খাদন্দারের কাম্ শবাই পারে না। [দেখ খাজেন্দার্]।

খাদল্=[খু]—বি. ছোট কূপ ॥ [দেখ খাদ(<ক্ষয়দ সং)+ল প্র.]।

২=[ ]—বিণ. রাক্ষুসে, অধিক ভোজী ॥ [<খাদ+ল প্র.]।

৩=[খু]—বি. মাছ ধরার ফাঁদ বিশেষ ॥ [দেখ খাদন্]।

খাদা=[কুম, ঢা]—বি. গরুকে পানি খাওয়াইবার বড় মেটে পাত্র, গামলা ॥ খাদাত্ কুরা বুশি দে। [কদহ قدح আং]।

২=[ঢা]—বি. ১৬ পাখি জমিতে এক খাদা (এক পাখি ২৬অথবা ৩৫ শতাংশে হয়)॥

৩=[পা]—বি. নিয়ম, অভ্যাস, রীতি, প্রথা ॥ [কা'ইদ: قاعدہ আং]।

৪=[ঢা,ম]—বি. গর্ত ॥ [খাদ+আ] প্র.।

খাদাং=[রং]—বিণ বৃহৎ আকার বিশিষ্ট ॥ বাপরে কি খাদাং মানুশি। [<কদ্আরর قدآور আং+ফা.]।

খাদানো=[যক্]—ক্রি. মাটিতে পোঁতা ॥ [<খাদ+-আনো প্র. ; নাম ধাতু]।

খাদারি=[ম]—বি. গামলা ॥ কাশার্ খাদারি। [দেখ খাদা+রি প্র.]।

খাদা সুটান্=[পা]—ক্রি. নিয়ম ভঙ্গ বা অভ্যাস ত্যাগ করা ॥ [দেখ খাদা৩ +ছুটানো]।

খাদি=[ম,বা]—বি. যে বাঁশ বা বেতের পাত্র দিয়া ধান চাল মাপা হয় ॥

৪=[রং]—বিণ. খাদ বিশিষ্ট, গভীর। [খাদ+ই প্র.]।

৫=[খু]—বি. খেজুরের ডালের কাঁটা ওয়ালা অংশ ॥ আমার্ পায়ে খাদির্ কাঁটা বিধেসে।

৬=[কুম]—বি. মাছ রাখিবার ছোট খোলা বা ঝুড়ি ॥

খাদিমা=[সি]—বিণ. সেবাদাসী, উপপত্নী, খিদমতকারিনী ॥ ই মেয়ে চৌ'দুরি শাহেবের্ খাদিমা বৌর্ গরর্। [<খাদিম: خادمہ আং]।

খাদিয়া=[রং]—বিণ. খাদবিশিষ্ট ॥ [খাদ+ইয়া প্র.]।

খাদুইল্যা=[বা]—বিণ. ভোজনকারী, লোভী ॥ তোমার্ মত খাদুইল্যা খুব কমি আসে। [<খাদ (< খাদন) +উল+ইয়া প্র.]।

খাদুন্, খাদুম্=[য]—বি. রুই, কাত্লা প্রভৃতি মাছ ধরিবার জন্য বাঁশের চতুষ্কোণ আধার বিশেষ ॥ পুঁটি, টেংরা খাদুনে থাকে না। [<খাদ +উন প্র.]।

খাদুর্ বাদুর্=[রং]—বিণ. বিরক্তিজনক ॥ তোর্ এমন্ খাদুর্ বাদুর্ কাজ্ মুই আর্ দেখ্বারে না পাও। [অনু.]।

খাদুলি=[পা]—বিণ. নিষ্কর্মা ॥ তুমি এক্কামের্ খাদুলি। [দেখ খাদল্]।

খাদে খুইয়্যায়্=[নো]—বি. গর্তে ॥ খাদে খুইয়্যায়্ পৈড়া পা বাঙ্গসে। [<খাদ+এ বিভক্তি+খোপ+ইয়া+য় বিভক্তি]।

খাদেমান্=[চট্ট]—বি. সেবকের মজুরি ॥ [<খাদেমানহ্ خادمانہ ফা.]।

খাদেম্=[বা]—বি. মাছ ধরিবার এক প্রকার বাঁশের চাঁই ॥ [দেখ খাদুন্]।

খাদেম্ করা=[কুম]—ক্রি. পরিবেশন করা ॥ অতিত্কে বালা কর‍্যা খাদেম্ কর। [দেখ খাজেন্দার্]।

খাদে যাওয়া=[ফ]—ক্রি. ধ্বসিয়া যাওয়া, ডুবিয়া যাওয়া ॥ [<খাদ+এ বিভক্তি+যাওয়া]।

খাদ্যা=[পা, রা, ম]—বি. ছোট কাঠা, বেতের তৈরী আধার ॥ এক্ খাদ্যা দান্ দ্যাও (ম)। [দেখ খাদি+ইয়া প্র.]।

খাদৈন্=[ফ]—বি. মাছ ধরিবার বাঁশের তৈরী উপকরণ ॥ [দেখ খাদুন্]।

খাদো খাদো=[খু]—বিণ. উঁচুনিচু ॥ রাস্তাটা বড় খাদোখাদো ॥ [<খাদ+

উ প্র. ; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

খাদোড়্=[রা]—বি. নোংরা, অমা-র্জিত ॥ [<কাদো<কর্দ সং+ড় প্র.]।

খাদোল্=[খু, সি]—বি. মাছ ধরিবার বাঁশ নির্মিত আধার বিশেষ॥ [দেখ খাদুন]।

খাদ্=[কুম]—বি. চক্রান্ত ॥ 'পরের্ লাইগা খাদ্ কর্‌লে নিযে পৈরা মরে' (প্রবাদ)। [অর্থ প্র. ; মূল অর্থ গর্ত]।

খাদ্দা=[নো]—বিণ. বেশী গভীর ॥ খাদ্দা বাশনে আঁম্রি বাত্ খাই ন। [দেখ খাদ্+আ প্র.]।

খাদ্দুয়া=[চট্ট, কুম]—বিণ. খাদযুক্ত, গভীর॥ খদ্দুয়া খোঁরাউয়া। [<খাদ +উয়া প্র.]।

খাদ্মি তয়াবা=[সি]—বি. সেবা শুশ্রূষা ॥ লোক্‌টা তার্ মা বাপের্ খাদ্‌মিতয়াবা করে বেশি। [<খাদিমী خادمی+তয়াযু تواضع আং]।

খাদ্‌রা=[সি]—বিণ. অমসৃণ ॥ খাদ্‌রা কাঠ্‌টা পালিশ্ কর্। [দেখ খাদোড়্]।

২=[নো, কুম]—বিণ. গর্তযুক্ত, অসমান ॥ ইঁথ্‌কান্ বর খাদ্‌রা। [খাদ +রা প্র.]।

খাদ্‌রা খোদ্‌রা=[কুম]—বিণ. অসমান ॥ পাডাডা খাদ্‌রাখোদ্‌রা। [দেখ খাদ্‌রা+খোদরা অনু:]।

খাদ্‌রো=[খু]—বিণ. অসমান॥ টেবিল্‌টা খাদ্‌রো রৈয়ে গেসে। [দেখ খাদ্‌রা]।

খাদ্‌রো=[য]—বিণ. বন্ধুর, এবড়ো খেবড়ো ॥ [দেখ খাদ্‌রো+বাদ্‌রো অনু:]।

খাদ্‌ড়ি=[রা]—বিণ. অমার্জিত, অপরিষ্কৃত ॥ [দেখ খাদ্‌রা]।

খান্‌অত্=[বা]—বিণ. কয়েকখানা, কিছু সংখ্যক ॥ খান্‌অত্ বৈ। [<খান কত]।

খানা=[খু]—বি. কচি ডাব ॥

২=[খু]—বি. কাঁদি, গুচ্ছ ॥ এক্ খানা কলা। [<কাঁদা<কান্দ<স্কন্দ+আ]।

৩=[সি]—বি. চেক, ছক ॥ বর খানার্ তকন্।

৪=[রং]—বি. ইউনিয়নের কর ॥ তোমার্ খানা কত ধরিছে এবার্? [<খানহ خانه গৃহ=ফা.]।

৫=[রং]—বিণ. <কানা, ফুটা, ছিদ্র ॥ খানা কলশ্।

খানাই কানাই=[কু]—ক্রি.বিণ. তাড়া-হুড়া ॥ তুমি খানাই কানাই করো না। [অনু.]।

খানাইন্=[সি]—অব্য. গুলি ॥ বৈ খানাইন্ লৈয়া আই। [<খানি +ন]।

খানাখাই=[রা,চা]—ক্রি.বিণ. খালি খালি, মিছামিছি ॥ খানাখাই হে আমারে গালি দিল্ (চা)। [<খাহ্ মখাহ্ خواه مخواه ফা.+ই]।

খানাখায়্=[ফ]—ক্রি. বিণ. অযথা, শুধু শুধু, ঝোঁকের মাথায় ॥ [দেখ খানাখাই]।

খানাচ্'=[খু]—বি. ঘরের পশ্চাতের স্থান ॥ খানাচি' ঘাতি তোরে মানা অর্‌সি না? [দেখ কানচ্'] ।

খানা দামানি=[কুম, চা]—বি. শ্বশুর বাড়ীতে স্ত্রীসহ অবস্থান॥ [<খানহ্ خانه ফা.+দামান (<দামাদ داماد ফা.)+ই প্র.]।

খানাপুরি=[সি]—বি. জরিপের কাজ ॥ আর্‌রার্ গাউত্ হবে খানাপুরি শুরু ঐসে। [<খানহ্ خانه ফা.+পুর (<পূর্ণ)+ই প্র.]।

খানালা=[য]—বিণ. ভোগবিলাসী ॥ খানালা মানুশের্ আখের্ বালা না। [খানেবালা হিং]

খানাশ্=[য]—বিণ. ছিনাল, ভ্রষ্টা ॥ খানাশ্ বেয়ে। [<খন্নাস خناس আং=দুষ্ট, শয়তান ; দেখ খান্নাশ্]।

খানাহা=[য]—ক্রি. বিণ. অকারণ ॥ [দেখ খানাখাই]।

খানি=[সি]—বি. খাবার ॥ খানি ফুরাই গেসে, টেকাও নাই, কিতা করি। [<খানা হিং+ই প্র.]।

খানিক্‌কাশ্=[খু]—বিণ. অনেকখানি ॥ আমারে খানিক্‌কাশ্ মিঠাই দাও। [<খান(খণ্ড সং)+ইক প্র. +কিছু]।

খানিখুনি=[রং]—ক্রি.বিণ. সবটুকু, একটাও বাদ না দিয়া ॥ কোন জিনিশ্ এরাইছ্ না, খানিখুনি তুলি নে। [<খান<খণ্ড+ই প্র.+খুনি অনু:]।

খানি খুন্‌দরি=[রং]—বি. কোনা-কানাচ, প্যাচঘোচড়া, গুপ্তস্থান ॥ বাক্‌শটার্ খানি খুন্‌দরি হাতে উক্‌ঠালু, টাকাটা পাঁলু না। [<খানা+খনদ (<খনদক خندق ফা.)+তরি=পর্যন্ত; খানা(=খাত)+ই+কন্দর+ই]।

খানিখোরাকি=[সি]—বি. আহারের ব্যয় ॥ [<খানা হিং+ই প্র.+ খোরাক خوراک ফা.+ই প্র.]।

খানে খানে=[রং]—ক্রি.বিণ. একটি একটি করিয়া ॥ পের্‌তেক্‌কে খানে খানে আর্ দেও। [<খান(<খণ্ড সং)+এ বিভক্তি ; দ্বিরুক্তি বিভাগার্থে]।

খানেখামারি=[খু]—ক্রি.বিণ. ধ্বংস, বিনাশ ॥ ভাইতি ভাইতি কাযে এরালি, তোরা খানেখামারি যাবি। [দেখ খানেখারাবি ; বর্ণ বিপর্যয়]।

খানেখারাপ্=[কুম]—বিণ. দুষ্ট ॥ [<খানহ্ خانه ফা.+খরাব خراب আং=খানা(গৃহ)খরাব (ধ্বংস) করে যে]।

খানেখারাবি=[চা]—বি. ধ্বংস ॥ [দেখ খানেখারাপ্+ই প্র.]।

খানেখোরাপ্=[খু]—বি. সমূলে ধ্বংস ॥ খানেখোরাপ্ দিলি শব্? [দেখ খানেখারাপ্]।

খানেগা=[রা]—বি. বৈঠকখানা ॥ নতুন্ জামাইক খানেগাত্ বশাও। [অর্থ প্র. ; দেখ খান্‌কা৩]।

খানে দামান্দ=[সি]—বি. ঘর-জামাই ॥ [<খানহ্ خانه ফা.+ দামাদ داماد ফা.]।

খানে বারি=[সি]—বি. দাসদাসীর

বসবাসের জন্য নির্দিষ্ট জায়গা ॥ [< খানহ্ خانه + বাড়ী < বাটী]।

খান্=[সি]—অব্য. কোথায় ॥ বাড়ি খান্ কা? [< কোহান < কোনস্থান]।

২=[পা]—বি. আয়না, মুকুর ॥

৩=[ম]—বি. কাঁদি ॥ তালের খান্। [< কান < কান্দ < স্কন্ধ সং]।

খান্কা=[সি]—বি. পীর ফকীরের আস্তানা ॥ খান্কাত্ গিয়া শিন্নি করো বেমার্ যাইবো। [খান্কাহ্ خانقاه ফা.]।

২=[সি]—ক্রি.বিণ. অনর্থক, অহেতুক ॥ খান্কা আমারে হয়রান্ কৈর না। [< দেখ খানাখাই]।

৩=[যা]—বি. বৈঠকখানা ॥ [দেখ খান্কা; অর্থ.প্র.]।

খান্কায়্=[রং]—ক্রি.বিণ. অবশ্য অবশ্য ॥ তুঁই কাইল্কা খান্কায় আস্বু। [দেখ খানাখাই; অর্থ প্র.]।

খান্কার্=[বা, রা]—ক্রি. বিণ. অযথা ॥ খান্কার্ তুমি আমার্ বদ্নামি কর কেন্? [দেখ খানাহা + র]।

খান্কি=[চা, ম, কুম]—বিণ. পতিতা, বারবণিতা ॥ [< খানগী خانگی ফা.]।

খান্খান্=[পা]—বি. একপ্রকার কচু জাতীয় সব্জী।

খান্খুন্দরি=[রং]—বিণ. ছোট, ক্ষুদ্র, ॥ আলুগুলা খান্ খুন্দরি। [দেখ খানি খুন্দরি]।

খান্গা=[বা]—বি. বৈঠকখানা ॥ [দেখ খান্কা$_{২}$]।

খান্গি=[রা]—বিণ. দুশ্চরিত্রা ॥ [দেখ খান্কি]।

খান্চিঁ=[ম]—বি. গরুকে খড় দেওয়ার স্থান ॥ খান্চিঁ বৈয়া খ্যায় দে। [দেখ খনচাঁ]।

খান্জন্=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥

খান্জা=[রং]—বি. গলার নীচের শরীরাংশ, ধড় ॥ মাথা ছাড়া খান্জা দেখ্চিস্ বাহে? [< খান্দা < স্কন্ধ]।

খান্জানো=[রা]—ক্রি. মাটি কোপানো ॥ ফুল্ গাছ্ লাগাইলে মাটি ভালা করি খান্জাও। [খাঁজ(< খণ্ = খনন করা) + আনো প্র.]।

খান্জ্যা=[রং]—বি. শ্রীলিঙ্গ ॥

খান্যা=[সি]—বি. ক্ষুদ্র জলাশয় ॥ খান্যাত্ পানি ছিচ্। [খাল + চ ক্ষুদ্রার্থে প্র.]।

২=[কুম]—বি. স্ত্রীলোকের পর পর গর্ভ ধারণের মধ্যবর্তী সময় ॥

খান্যানো=[কুম]—ক্রি. প্রবেশ করা ॥ তারে যোর্ কৈর্যা গয়ের্ মৈদ্যে খান্যাইল্। [দেখ খান্জানো]।

২=[বা]—ক্রি. মাটি কোপান ॥ ফুল্গাস্ লাগাইলে মাটি খানযাও। [দেখ খান্জানো]।

খান্টুক্=[রং]—বিণ. সামান্য, ক্ষণেক ॥ মোর্ লাগি খান্টুক্ দেরি কর [< ক্ষণ + টুক = একটু]।

খান্ডা=[বা, খু]—বিণ. জমাট ॥ নার্কেলের্ তেল্ খান্ডা দিসে। [< ঠাণ্ডা < স্তব্ধ সং]।

২=[চট্ট]—বি. টুকরা ॥ [< খণ্ড + আ]।

খান্ডা খান্ডা=[চা]—ক্রি. বিণ. জমাট জমাট, টুকরা টুকরা ॥ গোস্তু গুলি খান্ডা খান্ডা কৈর্যা কাড। [দেখ খান্ডা] ।

খান্ডানো=[রং]—ক্রি. রোধ করা, প্রতিহত করা ॥ কপালের্ দুখ্ কে খান্ডাতে পারে? [< খণ্ডানো < খণ্ড + আনো প্র.]।

খান্ডারায়্=[রং]—বি. নীচু স্থান ॥ খান্ডারায় খান্ডারায় দোরোং ভাংগি পড়িছে। [< খন্ডর হিং = কোনও শহরের জনশূন্য ধ্বংসাবশেষ; অর্থ প্র.]।

খান্ডার্টা=[রং]—বি. স্থান ॥ এই খান্ডার্টা কি তোর্ বাপের্? [দেখ খান্ডারায়্]।

খান্ডাশ্=[কুম]—বিণ. নোংরা, অপরিষ্কৃত ॥ [< খন্নাস خناس আং = শয়তান বিশেষ]।

খান্ডি=[চা]—বি. খণ্ড, টুকরা ॥ আমারে আউকের এক্টা খান্ডি দ্যাও। [দেখ খান্ডা + ই প্র.]।

খান্ডো খান্ডো= [রং]—বিণ. টুকরা টুকরা ॥ আয়্নাখান্ ভাংগি খান্ডো খান্ডো হৈছে। [< খণ্ড খণ্ড]।

খান্তক্=[খু]—বিণ. কয়েকখানা ॥ খান্তক্ আথ্ রাইখে দাও। [< খান কতক]।

খান্দা=[রা]—বি. দল, সংঘ, গরু মহিষের গাড়ির দল ॥

২=[ক]—বিণ. বোঁচা ॥ তোর্ নাক্ খান্দা। [খাঁদা]।

৩=[সি]—বি. কাঁদি ॥ এক্ খান্দা কলা। [< কাঁদা(< স্কন্ধ)]।

খান্দাইল্=[বা]—ক্রি. বিণ. জোয়ালে জুড়িয়া ॥ খানদাইল্ দি গরু দুইডা হকাল্ হকাল্ খেতে লৈয়া যা।

খান্দারে=[পা]—বিণ. দস্যি, চঞ্চল। খান্দারে সেলে। [খাণ্ডার + ইয়া প্র.]।

খান্দার্=[রা]—বিণ. দুষ্ট, রাগান্বিত ॥ খান্দার ছেলে। [দেখ খান্দারে]।

২=[চা]—বি. বিবাদ ॥ কারো শাথে খান্দার করো্যা না। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

খান্দি=[রা]—বি. একটি ধানের নাম ॥

২=[কুম]—বি. পাত্র বিশেষ ॥ খান্দিতে ধান্ লও।

৩=[বা]—বি. বেশ্যা ॥ [দেখ খান্কি]।

৪=[খু]—বি. < কাঁদি ॥ কলার্ খান্দিটা পেকেসে।

খান্দোর্=[চা]—বি. বৃষ্টির জল জমিয়া সৃষ্ট কাদা ॥ গাংডাত্ খান্দোর্ ঐয়া রৈসে। [< খন্দক خندق ফা.]।

খান্দ্=[ম]—বি. কাঁদি ॥ কলার্ খান্দটা খুব্ বড়। [দেখ খান্দা$_{৩}$]।

খান্নাশি=[রং]—বিণ. যে জিনিস

নষ্ট ও ঝগড়া করে ॥ খান্নাশি বৌ নিয়া বিওদে পড়েছি। [দেখ খান্নাশ্+ই প্র.]।

২=[রা]—বি. ছোট মাছ বিশেষ ॥

খান্নাশে=[রা]—বিণ. বদমাশী, ঝগড়াটে ॥ মেয়েটি বড় খান্নাশে। [দেখ খানাশ্+ইয়া প্র.]।

খান্নাশ্=[সি]—বিণ. শয়তান, অতিশয় নোংরা ॥ লোক্‌টা বর খান্নাশ্। [দেখ খানাশ্]।

খান্নাশ্ করা=[রং]—ক্রি. শেষ করিয়া দেওয়া ॥ তুই মোর্ শয্‌পত্ শব্ কিছু খান্নাশ্ করিলু। [<খানহ্ خانه ফা. +নাশ+করা]।

খান্‌লা=[সি]—বি. ফলিমাছ ॥ [=কানলা]।

খাপন্=[চা]—ক্রি. বি. সঙ্কুচিত হওয়া ॥ কাপড়ৱা খাপ্যা গ্যাসে। [<খাপন (<স্থাপন সং); অর্থ প্র.]।

খাপা=[রা]—বি. খাওয়া ॥ তোর্ খাপা আইলোনি? [<খাবা<খাওয়া]।

২=[খু, রং]—ক্রি. বিণ, অসন্তুষ্ট, বিরক্ত ॥ লোক্‌টা খাপা হৈয়া চলি গেল্ (রং)। [<খফা خفا ফা.]।

৩=[পা]—ক্রি. কমা বা ছোট হওয়া, সঙ্কুচিত হওয়া ॥ দোয়ার্ পর্ কাপড়্‌টা খাপ্‌সে। [দেখ খাপন্]।

খাপাই=[চা]—বি. বাঁশের ফালি ॥ খাপাই দিয়া বেরা বান্‌দে। [দেখ খাপাচি']।

২=[রং]—বি. ঢাকনি ॥ হাড়ির্ খাপাই কি হচে?

খাপা খাপি=[চট্ট]—বি. রাগারাগি ॥ [দেখ খাপা$_{২}$+খাপ+ই]।

খাপাখাপ্=[রং]—ক্রি. বিণ. ঠিক ঠিক ॥ এমন্ কতা কচিন্ একেবারে খাপাখাপ্ মিলি গেইছে। [<খাপ+খাপ]।

খাপাচি'=[চা]—বি. বাঁশের ফালি ॥ বেরাটাত্ দুইটা কৈরা খাপাচি' লাগাও।

২=[রা]—বি. কবরের বাঁশ ॥ খাপাচি' গুলা কৈরা মও।

খাপান্=[খা]—বি. স্রোত বা অন্য কারণে ধ্বসিয়া পড়িয়াছে নদী তীরের এমন অংশ ॥ খাপান্ কুলে চিংড়ি মাছ্ পাওয়া যায়্।

২=[ব]—ক্রি. গালি দেওয়া ॥ [খেপান=ক্ষিপ্ত করা]।

৩=[ব]—ক্রি. গোপন করা ॥ এত বড় বিদিশ কি আর্ খাপান্ যায়্? [দেখ খাপন্]।

খাপাল্=[পা]—বি. খাল, প্রাকৃতিক নিম্নভূমি ॥ খাপালে মাস্ পাওয়া যায়্।

খাপাশি=[ব]—বি. বাখারি, বাঁশের খণ্ড, লাঠি ॥ খাপাশির্ বারিতে পিঠের্ চা'র্ উইঠ্যা গেসে।

২=[ব]—বি. খুন্তি ॥ খাপাশি দি ভাত্ নাড়ে।

খাপাহি=[নো]—বি. বাঁশের চোঙা ॥ খাপাহিত্ চি'পুনিডা রাখ্।

খাপি=[পা]—বিণ. ছোট ॥ কাপড়্ খাপি ঐসে। [দেখ খাপন্]।

২=[রা, রং]—বি. বাঁশের চটা বিশেষ, বাতা ॥

৩=[রা]—বিণ. মোটা ॥ কাপড়খানা খাপি আছে। [দেখ খাপন্]।

খাপুরিয়া=[ব]—বিণ. যাহার কপাল পুড়িয়াছে ॥ খাপুরিয়া বেডা। [<কাপ্রা<কপাঅ<কপাল+পুড়+ইয়া প্র.]।

খাপে খাপে=[চা, রং]—ক্রি বিণ. ঠিক ঠিক ভাবে ॥ পাইন্যার্ হরাডা খাপে খাপে লাগ্‌সে (চা)। [দেখ খাপাখাপ্]।

খাপে যাওয়া=[ব]—ক্রি. ছোট হইয়া যাওয়া ॥ কাপড়্‌টা ধুইলেই খাপে যাবে। [দেখ খাপন্]।

খাপ্=[ব, সি]—বি. বাঁশের কলা বা চটি ॥ একটা বাশে আট্‌টা খাপ্ বানাইও।

২=[ব, কুম, চা]—বি. আক্রমণের জন্য প্রস্তুতি ॥ বাগে খাপ্ দরসে।

৩=[চট্ট]—বি. উঁকি ॥

৪=[কুম]—বি. আবরণ ঢাকনা ॥ [খাপ হিং]।

খাপ্ খাওয়া=[রং]—ক্রি. ভয়ে জড় সড় হওয়া ॥ [খওক خوف আং+খাওয়া]।

খাপ্‌খুপি=[সি]—ক্রি. বিণ. ইতস্ততঃ ॥ খাপ্‌খুপি কর কেন্? [অনু.]।

খাপ্‌খোপ্ [সি]—বি. সকল স্থান ॥ [<খাপ=উঁচু+খোপ=নীচু]।

খাপ্‌ড়া=[পা, ক, রং]—বি. হাঁড়ি পাতিলের ভাঙ্গা অংশ ॥ রাসুডায়্ খাপুড়া শাফ্ কর্। [<খাবরা (<খর্পর সং)]।

২=[ক]—বি. ভাঙ্গা হাঁড়ি ॥ 'খাহে যদি খাপুড়া বাইয্যা খাও দাওয়্' (ছড়া)। [পূর্বে দেখ]।

৩=[রং]—বি. টিনের খণ্ড ॥ [পূর্বে দেখ]।

৪=[খু]—বি. খঞ্জা ॥ খাপুড়ায়্ করি তর্‌কারি আন্। [পূর্বে দেখ]

খাপ্‌ড়ি=[কু, পা]—বি. গাই দোহনের টিন বা মাটির পাত্র, মাটি বা পিতলের বড় গামলা ॥ [দেখ খাপুড়া]।

খাপ্‌ড়ি ফেরা=[পা]—ক্রি. দুধে পাত্র ভরিয়া গেলে ঢালিয়া রাখিয়া আবার একই গাই দোহন করা ॥ তোগরে কেনা গাইয়ে খাপ্‌ড়ি ফেরে না? [দেখ খাপ্‌ড়ি+ফেরানো; তুং ফের না হিং]।

খাপ্ দেওয়া=[চট্ট]—ক্রি. গোপনে উঁকি মারিয়া দেখা ॥ [দেখ খাপ্$_{৩}$+দেওয়া]।

খাপ্ দরা=[সি]—ক্রি. অকস্মাৎ আক্রমণের প্রস্তুতি করা ॥ [দেখ খাপ্$_{২}$+ধরা]।

খাপ্‌লা=[সি]—বি. ঝিনুক ॥ খাপ্‌লা দিয়া বোতাম্ বানাইস্ যায়্ ॥

খাপ্ লাগা=[রং]—ক্রি. ভয়ে জড়সড় হওয়া ॥ [দেখ খাপ্ খাওয়া; লাগা =লাগা]।

খাপ্পা=[রং, কু]—বিণ. উত্তেজিত রাগান্বিত ॥ মানুষ্‌টা রাগে খাপ্পা ঐসে (কু)। [<খাপ্পা<ক্ষিপ্ত সং; তুং খফা خفا ফা.]।

খাপ্ পাতা=[কুম]—ক্রি. ওৎ পাতা ॥ বিলাইডা ইন্দুরের্ লাগি খাপ্ পাইত্যা রৈসে। [দেখ খাপ্ দরা]।

খাপ্‌পাত্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ খাপ্‌পাত্ করি হাত্ খান্ ধর্। [< খপ্‌পত্ ; ধ্বন্যা.]।

খাপ্‌পানো=[চট্ট]—ক্রি. ইতস্তত: করা ॥ [<খপ্ খপ্ (অনু.) + আনো প্র. ; নাম ধাতু]।

খাপ্‌পাশ্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ [খপ্‌পশ্ ; অনু.]।

খাপ্‌পোশ্=[ঢা]—বি. রাগ, জিদ ॥ তোমার্ উপর্ তার্ বর খাপ্‌পোশ্। [দেখ খাপ্‌পা + আশ প্র.]।

খাপ্‌রা=[ফ, বা]—বি. এক প্রকার পাত্র, খঞ্চা ॥ [দেখ খাপ্‌ড়া$_8$।]

২=[বা, রা] — বিণ. অমসৃণ, এবড়োখেবড়ো ॥ চেয়ার্‌খান্ খ্যায়্যা খাপ্‌রা হয়্যা গেছে (রা)। [দেখ খাপ্‌ড়া ; অর্থ প্র.]।

৩=[ম]—বি. হাঁড়ি পাতিলের ভাঙ্গা অংশ ॥ [দেখ খাপ্‌ড়া]।

খাপ্‌রি=[ম]—বি. মালসা জাতীয় মাটির বাটি ॥ [দেখ খাপ্‌ড়ি]।

৪=[রং, ম, কু]—বি. মাথার খুলি ॥ তোর্ মাথার্ খাপ্‌রি ভেঙে দেব (কু)। [<খর্পর সং ; তুং খোপ্‌রী হিং]।

খাপ্‌লি=[ম]—বি. খাঁজ ॥ গরুর খুট্যায় খাপ্‌লি কাইট্যা দড়ি বান্দ। [খোপ(<কূপ সং)+লি প্র.]।

খাপ্‌শা=[রা]—বিণ. অপরিষ্কার ॥ ছেলেটা বড় খাপ্‌শা। [দেখ খপ্‌শে]।

খাপ্‌শানি=[রং]—বিণ. দুরন্ত ॥ খাপ-শানি ছেলে। [দেখ খপ্‌শে ; আনি প্র.]।

খাপ্‌শে=[পা]—বিণ. অপরিষ্কার ॥ লোক্‌টা বড় খাপ্‌শে। [দেখ খপ্‌শে]॥

খাপ্‌শ্যা=[রা]—বিণ. খুব খারাপ, পচা ॥ [দেখ খপ্‌শে+ইয়া প্র.]।

খাফা=[কুম]—ক্রি. সঙ্কুচিত হওয়া বা করা ॥ [দেখ খাপন্]।

খাফাখাফা=[কুম]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ॥ অত খাফাখাফা করিস্ না, হতে হতে যা। [লাফঝাঁপ ; অনু.]।

খাবাখাবা=[ঢা]—ক্রি. বিণ. ব্যতি ব্যস্ততা, তাড়াতাড়ি ॥ এহনে খাবা-খাবা করিস্ না ? [দেখ খাফাখাফা]।

২=[ঢা]—বি. অতিরিক্ত পরিশ্রম ॥ এত খাবাখাবা করলে কি আর্ যান্ বাচে'। [অনু.]।

৩=[কুম]—বি. ঝামেলা ॥ আমি বর খাবাখাবায় আসি। [পূর্বে দেখ]।

খাবাডাবা=[পা]—বিণ. উঁচুনিচু ॥ খাবাডাবা পতে চ'লা এক্ যুলুম্। [দেখ খাপ্‌থুপ্ ; ডাবা=ডোবা]।

খাবানি=[নো]—বি. জেয়াফত। আইয়্ কাইল্ খাবানি উটি গ্যাসে। [<খাওয়া+নি প্র.]।

খাবারি=[পা]—বি. বেড়ার জন্য বাঁশের ছোট ছোট টুকরা ॥ খাবারির্ শাথে বেড়ার্ বাদ্ আট্‌কান্ হয়্। [<বাখারি ; বর্ণ বিপর্যয়]।

খাবাশি=[মা]—বি. বাঁশের বাখারি বা ফালি ॥ খাবাশিরেই কাইম্ কয়্।

খাবাসি=[পা]—বি. কবরের উপরে দেয় বাঁশ ॥

খাবি=[সি]—বি. মাছ থাকার গর্ত ॥ খাবিত্ মাস্ আসে। [<খোপ (<কূপ)+ই প্র.]।

২=[কুম]—বি. খণ্ড, টুকরা ॥ আমারে এ্যাক্ খাবি আর্ দাও।

খাবি খাওয়া=[সি]—ক্রি. শেওলা খাওয়া ॥ মাসে দানের্ খেতো খাবি খায়্।

খাবিল্=[চট্ট]—বিণ. উপযুক্ত ॥ তোই বেশি খাবিল্। [<কাবিল قابل আং]

খাবিশ্=[রা]—বিণ. নোংরা ॥ খাবিশ্ ছেলে। [দেখ খপ্‌শে]।

২=[সি]—বি. টাকী বা চ্যাং মাছ ॥

খাবু খাবু করা=[পা]—ক্রি. খাই খাই করা ॥ শারাদিন্ এত খাপ্ তাও কেবল্ খাবু খাবু করিশ্? [<খাইব খাইব করা]।

খাবুটু=[নো]—বি. থরা, খাবল ॥ [<খাবল]।

খাবুটু মারা=[নো]—ক্রি. চিমটি কাটা ॥ খাবুটু মার্‌লি কা ? [দেখ খাবুটু + মারা]।

খাবুদাবু=[ম]—বি. আপ্রাণ চেষ্টা ॥ খাবুদাবু কর্যাও কায্ ঐল্ . না। [হাবুডুবু ; অনু.]।

খাবুরান্=[বা]—ক্রি. কাদা আলো-ড়িত করা বা ঘাটা ॥ [দেখ খাবোড় (নাম ধাতু)+আন প্র.]।

খাবুর্=[ঢা, ব]—বি. কাদা ॥ তোর্ পায়ে এমন্ খাবুর্ কেন্‌রে ? [দেখ খাবোড়্]।

২=[ঢা]—বি. আবর্জনার স্তূপ ॥ যায়্‌গাডা খাবুর্ ঐয়া রৈসে।

খাবুশা=[ম]—বিণ. নোংরা ॥ [দেখ খপ্‌শে ; খবীস+ইয়া প্র.]।

খাবোড়্=[পা]—বি. জল সেচ বা নিষ্কাষণের জন্য কাটা ছোট নালা ॥ খাবোড় দেইখ্যা হাটিশ্।

খাবোর্=[য]—বিণ. কর্দমাক্ত ॥ পানি ঢেলে যায়্‌গাটা খাবোর্ করো না। [দেখ খাবোড়্ ; অর্থ প্র.]।

খাবোল্ = [বা]—বি. অঞ্জলি। <খাবল <কবল সং]।

২=[রা]—বি. ছোট জলাশয়। খাবোলে মাছ আছে। [দেখ খাবোড়]

খাব্=[রা]—বি. স্বপ্ন ॥ [<খ্বা خواب ফা.]।

৩=[চট্ট]—বি. উঁকি ॥ [দেখ খাপ্$_৩$]

খাব্‌দি=[চট্ট]—ক্রি. বিণ. ওঁৎ পাতিয়া ॥ [দেখ খাপ্$_২$+দিয়া]।

খাব্ দরা=[সি]—ক্রি. ওঁৎ পাতিয়া থাকা ॥ [দেখ খাপ্ দরা]।

খাব্‌বা=[কুম]—বি. কোমরবন্ধ।

খাব্‌বুয়া=[ক]—বিণ. গভীর। খাব্‌বুয়া পাতিলের্ থাইক্যা চিঁড়ুন পাতিল্ বালা। [দেখ খাবোড় + উয়া প্র.]।

খাব্‌রা=[ক]—বি. মুরগীর ডিম পাড়ার স্থান ॥ [দেখ খাপ্‌ড়া$_২$]।

খাব্‌রাদাব্‌রা=[ম]—বিণ. অসমান ॥ [দেখ খাবোড়্‌+আ প্র.; দাবরা অনু:]।

খাব্‌রানো=[খু,ম]—ক্রি. গালি গালাজ করা ॥ শে আমাকে খাব্‌রাইসে। [দেখ খাবুরান্‌]।

খাব্‌রান্‌=[খু]—ক্রি. ময়লা বা আবর্জনাময় করা ॥ [দেখ খাবুরান্‌]।

খাব্‌রা মুচি'=[ম]—বি. পিঠা তৈরীর জন্য কুমারদের তৈরী মাটির ছাঁচ ॥ হাট্‌ থেকে একটা খাব্‌রামুচি' এনো। [দেখ খাপ্‌ড়া+মুচি<মুষা সং+ই প্র.]।

খাব্‌রিয়া=[নো]—বিণ. ছোট ॥ [খাপ্‌ড়া+ইয়া প্র.]।

খাবলা=[চট্ট, ম, রা, পা]—বি. থাবা ॥ 'হত্‌কাল্যা দিন্‌ নাইরে নাতি, খাব্‌লা খাব্‌লা দধি খাতি' (প্রবাদ)।' [<খাবল]।

২=[চা]—বি. কামড় ॥ কুত্‌তাড়ায় খাব্‌লা দিয়া সেয়াডার্‌ পায়ের্‌ গোস্‌ লৈয়া গেসে গা। [খাবলা]।

৩=[কুম]—বি.মুঠ ॥ হেয়্‌ এক্‌ খাব্‌লা মুরি লৈয়া গেল্‌। [দেখ খাব্‌লা]।

খাব্‌লা খাব্‌লা পায়্‌রার্‌ সাতু=[ম]—বিণ. সহজ, ঝামেলা সাপেক্ষ নহে এমন ॥ 'হেদিন্‌ নাইরে নাথু, খাবলা খাব্‌লা পায়্‌বার্‌ সাতু' (ছড়া)। [দেখ খাবলা+পাইবার+ছাতু (<শক্তু)]।

খাব্‌লা খাব্‌লি=[ঢা]—বি. হাতাহাতি, থাবাথাবি ॥ খাব্‌লা খাব্‌লি কের‍্যা বেগ্‌গুলি বরৈ লৈয়া গেল্‌। [<খাবল; ব্যতীহারে শব্দ দ্বিত্ব]।

খাব্‌লানো=[ম]—ক্রি. কামড়ানো ॥ [দেখ খাব্‌লা(নামধাতু)+আনো প্র.]।

খাব্‌শা=[ম]—বিণ. নোংরা ॥ [দেখ খপ্‌শে]।

খামচ্‌=[রা]—বি. আঁচড় ॥ [< খামচা]।

খামশ্‌=[রং]—ক্রি. বিণ. গোপন ॥ তাই আমার্‌ এ কতাটা খামশ্‌ রাখিশ্‌। [<খামুশ خاموش ফা.=চুপ]।

খামচ্‌=[ম]—বি. আঁচড় ॥ [দেখ খামচু]।

খামা=[রং]—বি. দৈয়ের উপরিস্থ জমাট অংশ ॥

২=[চা]—বি. লাল রঙের আমন ধান বিশেষ ॥ 'ধানের মৈদ্যে খামা, ইশ্‌টির্‌ মৈদ্যে মামা'—ছড়া।

খামাই=[নো]—বি. ধমকানি ॥

খামাক্‌কা=[চট্ট]—ক্রি. বিণ. খাটি খাটি, সত্য সত্য ॥ [দেখ খানাখাই]।

খামাখা=[চট্ট]—ক্রি. বিণ. জরুরী ॥ [দেখ খানাখাই]।

খামাত্‌=[রং]—বি. খামার, যেখানে ধান মাড়াই হয় ॥ তোর্‌ বাপের্‌ খামাত্‌ তো মুই বাশ্‌ করও না? [<কামাত্‌ <কর্মান্ত সং=চষা জমি]।

খামানো=[ঢা]—ক্রি. আটা ময়দা ইত্যাদির মধ্যে পানি মিশানো ॥ আডাগুলি খামাও। [খাম (<খমীর خمیر আং)+আনো প্র.; নাম ধাতু]।

খামা মর্‌দা=[সি]—বিণ.দু:সাহসী ॥ [<খুব خوب কিংবা খাম خام ফা. (পরিপক্ক) +মরদ مرد ফা.]।

খামার্‌ইয়া=[নো]—বিণ. কড়া ॥ খামার্‌ইয়া কথা কও কেন্‌? [<খামার +ইয়া প্র.=খামারে যে থাকে]।

খামারু=[রা]—বিণ. দুষ্ট ॥ ছেলেটা বড় খামারু। [<খামার+উ প্র.]।

খামারে=[সি]—বিণ. অশোভন, দৃঢ় পেশীযুক্ত ॥ তার্‌ মত খামারে লোক্‌ খুব্‌ কম্‌ আসে। [<খামার+এ প্র.]।

২=[খু]—বিণ. দুষ্ট ॥ খামারে কোথাকার্‌। [পূর্বে দেখ]।

খামার্‌=[খু, ম]—বি. তিরস্কার ॥ [<খাকার বাং]।

৩=[চা]—বি. চাষের জমি ॥ খামারে কত যমি? [দেখ খামাত্‌]।

খামার্‌ দেওয়া=[চা]—ক্রি. ভর্ৎসনা করা, রাগ দেখান, তিরস্কার করা ॥ ওরে কয়্‌ডা খামার্‌ দিলে ঠিক্‌ রৈব। [দেখ খামার্‌+দেওয়া]।

খামাল্‌ দেওয়া=[চট্ট]—ক্রি. জড় করা, গুদাম জাত করা ॥

খামাহা খামাহা=[ক, কুম]—ক্রি. বিণ. খালি খালি, শুধু শুধু, অকারণে ॥ [দেখ খানাহা]।

খামি=[সি]—বি. দা খন্তার হাতলের লোহার চাকা ॥ 'আদিল্‌কিলা বেটির্‌ খামিসরা।'—প্রবাদ।

২=[নো]—বি. লোহার ছোট বেড়ি ॥

৩=[খু]—ক্রি. বিণ. শক্ত করিয়া ॥ পা খামি দিয়া দাড়া। [খাম<খম্ভ< স্তম্ভ সং+ই প্র.]।

৪=[নো]—বি. খাঁজ ॥ লাঠিটার্‌ খামি কাটা দর্‌কার্‌। [<খোব<খোপ< ক্ষুপ+ই]।

খামি খতা=[চট্ট]—বি. দোষ ত্রুটি ॥ [<খাম خام ফা. +ই প্র.+খতা' خطاء আং]।

খামিরা=[চা, চট্ট, রা]—বি. এক জাতীয় সুগন্ধি তামাক ॥ খামিরা তামাক্‌ খাইতে শাদ্‌। [<খমীর خمیر আং+ আ প্র.]।

২=[কুম]—বিণ. শক্ত ॥ বেড়াটা খামিরা কৈরা বান্‌দো। [পূর্ব দেখ; অর্থ. প্র.]।

৩=[নো]—ক্রি. বিণ. ভালভাবে মিলাইয়া ॥

৪=[চট্ট]—বি. চুন সুরকি দ্বারা প্রস্তুত মসলা বিশেষ। [পূর্বে দেখ]।

খামির্‌ [রং]—বি. দুধের সর ॥ [দেখ খামিরা]।

২=[ঢা]—বি. মিষ্টান্ন তৈরীর জন্য আটা বা ময়দার মণ্ড ॥ [পূর্ব দেখ]।

খামুন্‌দে=[রং]—বিণ. নোংরা ॥

খামুস্‌ত্‌ [সি]—ক্রি. বিণ. জ্ঞান বুদ্ধি বিরহিত ॥ অবস্‌তা দেখ্যাতো খামুস্‌ত্‌ ঐ রৈলাম্‌। [দেখ খামশ্‌]।

খামে কান্‌ডার্‌=[পা]—ক্রি. বিণ. সাপে নেউলে, দা কুমড়ায় ॥

খামেখ্‌=[খু]—বিণ. শক্ত ॥ ঘর্‌ডার্‌ খুটিগুলি বেশ্‌ খামেখ্‌ ॥

খামের্‌ খন্‌দ=[খু]—বি. ধ্বংসের শেষ সীমানা ॥

খামোকা=[রা]—ক্রি. বিণ. অনর্থক ॥

খামোকা দোশ্ দিও না। [দেখ খানাখাই]।

খাম্=[কুম]—বি. প্রদীপ রাখার পাত্র॥ খাম্‌ডায় বাতিডা থো। [খাম]।

২=[রা]—বিণ. অধম, দোষযুক্ত॥ ঠ্যাং ভেঙে ছোঁড়াটা খাম্ হয়ে গেল্ [খাম خام ফা.]।

৩=[পা, রা, ব]—বিণ. নষ্ট॥ [পূর্ব দেখ]।

৪=[কু]—বিণ. যে আদেশ মানে না॥ খাম্ ছেলেকে বারি থেকে তাড়িয়ে দাও। [পূর্বে দেখ]।

খাম্‌কা=[চট্ট]—ক্রি. বিণ. অবশ্যই॥ [দেখ খানাখাই]।

২=[ঢা]—ক্রি. বিণ. অনর্থক॥ খাম্‌কা আইয়্ খাইমু না। [পূর্বে দেখ]।

খাম্ খাত্‌রা=[সি]—বি. দোষ ত্রুটি॥ আমি আমার্ খাম্ খাত্‌রা খুল্যা কৈ। [দেখ খামি খত্তা]।

খাম্‌খাম্=[কুম]—ক্রি. বিণ. খাইখাই, হায়হায়॥ এত খাম্ খাম্ বালা না। [<খাইব ; আধিক্যার্থে শব্দ দ্বিত্ব]।

খাম্ খাম্ করা=[ঢা]—ক্রি. বারে বারে খাইতে চাওয়া॥ এত খাম্ খাম্ করস্ কেরে? [দেখ খাম্‌খাম্+করা]।

খাম্‌চ'া=[কুম]—বি. আঁচড়॥ বিলাইডা খাম্‌চ'া দিসে। [<খামচা]।

২=[কুম]—বি. কঞ্চির বাঁধ॥

৩=[কু]—বি. মুষ্টি॥ এক খাম্‌চ'া খাবার্ দাও। [<খামচা]।

খাম্‌চ'া খাম্‌চি'=[পা]—বি. তাড়াহুড়া॥ এত খাম্‌চাখাম্‌চি কৈরাও খাওয়া হল না। [দেখ খামচ'া+খামচ+ই]।

খাম্‌চ'া দিয়া=[ম]—ক্রি.বিণ. খুব তাড়াতাড়ি॥ খামচ'া দিয়া কাম্‌ডা করা। [দেখ খাম্‌চ'া+দিয়া ; অর্থ প্র.]।

খাম্‌চি'=[ব]—বি. মুষ্টি॥ এক খাম্‌চি' মুড়ি দে না। [দেখ খাম্‌চ'া]।

২=[বা]—বি. নগণ্য ব্যাপার॥ তাতে হবে কোন্ খাম্‌চি'?

খাম্‌চি মারা=[রং]—ক্রি. জোরে সংলগ্ন হওয়া॥ [দেখ খাম্‌চি'+মারা]।

খাম্‌ছা খাওয়া=[রা]—ক্রি. আঁচড় খাওয়া॥ খেল্‌তে গিয়া খাম্‌ছা খাইছি। [দেখ খাম্‌চ'া]।

খাম্‌টা খাম্‌টি=[সি]—বি. চিমটা চিমটি॥

খাম্‌টি=[ম]—বি. দাঁতে দাঁত চাপিয়া রাগ ভয় বা বিরক্তি প্রকাশ॥

খাম্‌টি খুম্‌টি=[রা]—বি. লন্ডভণ্ড॥

২=[রা]—বি. কাজ করার চেষ্টা॥ কাম্‌ত পারিস্ না খালি খাম্‌টি খুম্‌টি করিস্।

খাম্‌ডা=[কুম, নো]—বি. নখ দ্বারা আঁচড়॥

খাম্ পাটাপাটি=[রা]—বি. জোর লড়াই॥ দুজনে খাম্ পাটাপাটি লাগ্যা গেলো। [খাম<খম্ভ প্রাঃ<স্তম্ভ সং ; তুঃ খম হিং+ফাটাফাটি]।

খাম্‌বা=[রং]—বি. ঘরের খুঁটি, খাম॥ ঘরের্ খাম্‌বা গাঁড়া হয়্ নাই। [দেখ খাম্ পাটা পাটি ; খাম্‌বা হিং]।

২=[চট্ট]—বি. গেলাসের মত লম্বা দধি ভরা মেটে পাত্র॥ 'হেত্ কাল্যা দিন্ নাইরে নাতি, খাম্‌বা খাম্‌বা দধি খাতি'— প্রবাদ।

খাম্‌বিরা=[ঢা]—বি. একপ্রকার তামাক॥ খাম্‌বিরা তামুক্ খাওনে খবর্ কাশ্ আইয়ে। [দেখ খামিরা]।

২=[কুম]—বিণ. জমানো॥ খাম-বিরা দৈ খাইতে বালা। [দেখ খামিরা ; অর্থ.প্র.]।

খাম্‌বিরা চ'ল্‌তি=[ঢা]—বি. ধীরে ধীরে চলা ফেরা॥ হের খাম্‌বিরা চল্‌তি দেখ্‌লে আমার্ ঘিন্ ওডে। [দেখ খাম্‌বিরা₂=চল+তি প্র.]।

খাম্‌ভা=[রা]—বি. মোটা খুঁটি॥ ঘরের্ খাম্‌ভা। [দেখ খাম্‌বা]।

খাম্‌মুরা=[চট্ট]—বিণ. কর্মী॥ খাম্‌মুরা মাইন্‌শের কাম্। [কাম+উরা প্র.]।

খাম্‌মো=[খু]—বিণ. বলবান্॥ লোক্‌টা বেশ্ খাম্‌মো আসে। [দেখ খাম্ পাটাপাটি+উ প্র.]।

খাম্‌রি=[ম]—ক্রি. বিণ. শক্ত॥ বাশ্‌টা খুব খাম্‌রি কৈর্যা বান্‌দিও॥ [দেখ কাম্‌ড়ি]।

২=[কুম]—বি. নখের আঁচড়॥ [দেখ খাম্‌টি]।

খাম্‌সা=[কু]—বি. নখ দিয়া আঁচড়॥ [দেখ খাম্‌চ'া]।

খাম্‌সা খাওয়া=[ব]—ক্রি. আঁচড় খাওয়া॥ [দেখ খাম্‌চ'া+খাওয়া]।

খাম্‌সানো=[ঢা]—ক্রি. তাড়াতাড়ি করা॥ খাম্‌সাইয়া খাইয়া উঠ্। [দেখ খাম্‌চ'া+আনো প্র.]।

খাম্‌সি=[ঢা]—বি. লোভ, দুরাশা॥ মানুশ্‌টার্ খাম্‌সি কত। [দেখ খাম্‌চি']।

খাম্ হওয়া=[রা]—ক্রি. কাটিয়া যাওয়া॥ ছেলেটির্ পা খাম হয়ে গেছে। [<খাম خام ফা.=ত্রুটী+হওয়া]।

খায়া=[খু]—বি. খালুই, মাছ রাখিবার পাত্র॥ এক্ খায়া মাস্।

খায়্‌রা=[খু]—বি. সম্মার্জনী, ঝাঁটা॥ ঘরে খায়্‌রা দে। [<খেংরা<খিঙ্গু-খরী সং]।

খার=[ফ]—বি. মাছ রাখার পাত্র॥ [<খারা<ক্ষারক সং]।

খারক্=[য]—বিণ. গরম মেজাজী॥ [দেখ খরো₂+ক প্র.]।

খারল্ কাটা=[সি]—ক্রি. রোগীর মল-মূত্র ত্যাগের জন্য ঘরের মধ্যে নালা কাটিয়া দেওয়া॥ [< খোড়ল (< কোটর)+কাটা]।

খারা=[বা]—বি. মাটির তৈরী তৈল রাখার পাত্র বিশেষ॥ এক্ খারা তেল্ শাত্‌দিনে খরচ্'।

২=[সি]—বি. কচি গাছ রক্ষার জন্য বিশেষ ধরণের বেড়া॥

৩=]সি]—বি. ক্ষুদ্র ক্ষুদ্র ফাঁকবিশিষ্ট ঝুড়ি॥ আনারশের্ খারা। [<ক্ষারক সং]।

৪=[সি]—বি. কাছি. বড় রশি ॥

৫=[চট্ট]—বিণ. টক ॥ [দেখ খর +আ]।

৬=[চট্ট]—বি. কিনারা বা পার্শ্ব ॥ আঁই তোঁয়ার্ খারাদি যাইয়র্ গৈ।

৭=[চা]—ক্রি. বিণ. দাঁড়ানো ॥ খারা রৈস কেরে? [<খাড়া]।

৮=[বা]—ক্রি. অঙ্কিত করা ॥

৯=[চট্ট]—ক্রি.বিণ. তাড়াতাড়ি ॥ টান্ দরি খারা সিরে। [<খাড়া; অর্থ প্র.]।

খারাইতে=[রং,পা,ব,রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, সত্বর, এখনই ॥ ও যাঁর্ তোকে চিনায়্ যায়্ না, তুই খারাইতে এত বড় হলুরে। (রং)। [দেখ খাড়া +ইতে প্র.]।

খারাং=[রং]—বি. খাঁচা ॥ খারাং গত্ করি গরুর্ যাশ্ আনো।

খারাক্খারা=[সি কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ এত খারাক্খারা কেম্নে আইলা? [<খাড়া+খাড়া]।

খারাখাইট্=[বা]— ক্রি. বিণ. শীঘ্র ॥ খারাখাইট্ বারিত্ আইও। [<খাড়া+খাড়ি]।

খারা খারা=[সি, কুম]—ক্রি. বিণ. জলদি জলদি ॥ এত খারাখারা কি কৈরা আইলো? [দেখ খারাক্খারা]

খারাখারি=[চা, চট্ট]—ক্রি. বিণ. শীঘ্র, তাড়াতাড়ি ॥ এত খারাখারি আইয়া পড়্লি? [দেখ খারা খাইট্]।

২=[ক]—বি. হঠাৎ ॥ খারাখারি তুমি আইলা কি কৈর‍্যা? [পূর্বে দেখ]।

খারাঝিল্কি=[কুম, ম, চা]—বি. বিদ্যুৎ ॥ আস্মানে খারা যিলকি মার্তাসে। [দেখ খাড়াঝিল্কি]।

খারাতাল্=[রং]—ক্রি. বিণ. অত্যন্ত ব্যস্ততা ॥ এত খারাতাল্ নাগালু দেখ খারাস্তা কেনে? [দেখ খারা[১]+তাল]।

খারাতি=[ব]—ক্রি. বিণ. এখনই ॥ খারাতি ঘুম্ থেকে উঠ্লে কেন্? [দেখ খারা[২]+তি প্র.]।

খারাত্, খারাত্=[রং]—বি. দুর্ব্যবহার ॥ কেনে বারে বারে খারাত্ খারাত্ করিশ্ মোর্ শাথে? [অনু.]।

২=[রং]—বি. রাগারাগি ॥ কেনে মোর্ শাথে খারাত্ খারাত্ করিশ্? [পূর্বে দেখ]।

খারা দুইফর্=[চা]—ক্রি. বিণ. ঠিক দুপুর বেলা ॥ এবুন খারা দুইফরে কৈ যাও? [<খাড়া+দুই প্রহর]।

খারানো=[খু]—ক্রি. কাপড় সিদ্ধ করা ॥ [<খার(<ক্ষার)+আনো প্র.; নাম ধাতু]।

২=[চা]—ক্রি. দাঁড়ানো ॥ [দেখ খারা[৭]+আনো প্র.]।

খারান্=[কু]—বি. রৌদ্র ॥ এবসরের্ খারান্ বড় কড়া। [দেখ খরান্]।

খারাপদ্=[চা]—বি. বকুনি, তিরস্কার ॥

খারাপুরা=[সি]—বিণ. নায়নিষ্ঠ, সম্পূর্ণ ॥ [<খেয়া হিং=খাঁটি+পুরা <পূর্ণ]।

খারাবার্=[ম]—ক্রি বিণ. একেবারেই [দেখ খারা[৭]+ভাবে]।

খারাভ্=[চট্ট]—বি. জেলেদের মাছের ঝুড়ি ॥

খারা মলন্ [কুম]—বিণ. আটি বাঁধিয়া মাড়ান ॥ খারামলন্ তারাতারি অয়্।

খারার্ উপর্=[ফ]—ক্রি.বিণ. যখন তখন, চাওয়া মাত্র ॥ খারার উপুর্ কলম্ডা দে। [দেখ খারা[৭]+উপর]।

খারাল্=[রা]—বি. কবরের উপর দেওয়ার বাঁশ ॥ খারাল্গুলি ভাল করি বিছাও।

খারাল্খারা=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ আপ্নি খারাল্খারা আইয়েন্। [দেখ খারাক্খারা]।

খারাশ্, খারাশ্=[রং]—বি. খারাপ ব্যবহার ॥ কেনে বারে বারে খারাশ্ খারাশ্ করিশ্? [অনু. আধিক্যার্থে শব্দ দ্বিত্ব]।

খারাস্তা=[ম]—বিণ. নোংরা ॥ [<খারিশ খارش ফা.+তা প্র. কিংবা খস্তহ্ خسته ফা.]।

খারাইলা=[চা]—বি. ঘুড়ির খাড়া শলাকা ॥ খারাইলা সারা গুড্ডি অয় না। [দেখ খারা +শলা<শলাকা]।

খারি=[ম, পা, কু, রা]—বি. শাড়ি কাপড় ॥ আইম্ একটা খারি আইন (ম)।

২=[রা]—ক্রি. বিণ. এখন ॥ হাসি খারি যায়্না। [দেখ খারা +ই প্র.]।

৩=[সি]—বি. টুকরা ॥

৪=[সি]—বি. মন্দ কথা ॥ [<খ্বারী خوارى ফা.]।

৫=[ফ]—বিণ. গভীর ॥ খারি গাঙে ডেউ কম্। [পরে দেখ]।

৬=[চা]—বি. নদীর খাল ॥ গাঙের্ খারিতে নাও লাগাও। [<খাল+ই]।

৭=[কুম, সি, চট্ট]—বি. বাঁশের ঝুড়ি ॥ খারি দিয়া চাউল্ ভাউল্ দুইতে শুবিদা (কুম)।

খারিচ্=[রং]—বিণ. শেষ, বাতিল ॥ তোর্ চাকুরি এবার্ খারিচ্ হবে। [<খারিজ خارج আং বহিষ্কৃত]।

খারিজা=[রং]—বিণ. যাহা শেষ হইয়া গিয়াছে ॥ [দেখ খারিচ্+আ প্র.]।

খারিস্তা=[ম]—বিণ. নোংরা ॥ খাস্তা বাগাভাত্ কেম্নে বৈলি? [দেখ খারাস্তা]।

খার‍্যাল্=[পা]—বিণ. কঠোর পরিশ্রমী ॥ [<খর+আল প্র.]।

খারু=[রা]—বি. মেয়েদের হাতের অলঙ্কার বিশেষ ॥ [দেখ খাড়ু]।

২=[কুম]—বি. পায়ের গোড়ালি ॥ [দেখ খাড়ু=খাড়ু যেথায় পরে; অর্থ প্র.]।

খারুয়া=[বা]—বি. বালিশের ওয়াড় ॥ খারুয়ার বিত্রে তুলা বর। [পরে দেখ]।

২=[রং]—বি. খয়রা রঙের লেপের কাপড় ॥ খারুয়া কাপড় ময়্লা হয়্ না। [খয়ের<খদির সং+উয়া প্র.]।

৩=[সি]—বিণ. বিকলাঙ্গ ॥ খারুয়া পুয়ায় বিক্‌খা করে। [<কুড়িয়া <কুড় (<কুষ্ঠ)+উয়া প্র.]।

৪=[ম]—বি. লাল চিনি ॥ [দেখ খারুয়া₂]।

৫=[বা]—বি. রূপার তৈরী পায়ের অলঙ্কার বিশেষ॥ [দেখ খাড়ু+আ প্র.]।

খারেখারে=[ঢা]—ক্রি. বিণ. অধঃপাতে॥ তুই এক্‌কেলে খারেখারে যাবি। [=ছারখার; ক্ষার=ছাই+এ বিভক্তি]।

খারোল্=[বা]—বি. তরকারী জাতীয় উদ্ভিদ বিশেষ ॥

খার্=[পা, কু, রা]—বি. সোডা ॥ [<ক্ষার]।

২=[রং]—বি. সোডা মিশ্রিত গরম জল॥ খারে তাড়াতাড়ি কাপড়্ শাফ্ হয়্। [পূর্বে দেখ]।

৩=[সি]—বি. গুড় ॥

৪=[কুম]—বি. সাজি মাটি॥ গেরাম্ দেশে খার্ দিয়া কাপর্ দোয়্। [দেখ খার্]।

৫=[ব, রা]—বি. মাছের গর্ত॥ [< [<কুর<কুঁড়<কুণ্ড সং]।

৬=[রং]—বি. দল, শ্যাওলা, নদীর ঘাস ॥

৭=[রা]—বি. কাপড় সিদ্ধ করিবার ছাই, কলা গাছের ভস্ম ॥ [<ক্ষার]।

খার্‌কন্=[ম, ঢা]—বি. কচু জাতীয় গাছ ॥ খার্‌কনের্ পাতা খাইতে বেশ্।

২=[রা]—বি. খারাপ গন্ধযুক্ত এক-প্রকার ফল ॥

খার্ করা=[দি]—ক্রি. সোডা ও পানি দ্বারা কাপড় সিদ্ধ করা ॥ [দেখ খার্+করা]।

খার্‌কল্ গাস্=[ফ]—বি.এক প্রকার আগাছা ॥ [দেখ খার্‌কন্+গাছ]।

খার্ খাওয়া=[রং]—ক্রি. চড়া মেজাজ দেখান ॥ মোর্ শাতে বেশি খার্ খাইছ্ না। [খার<ক্ষার+খাওয়া]।

খার্‌দি=[ঢা]—বি. উৎপাত ॥

খার্‌পাড়ি=[রা]—বি. গালি বিশেষ॥

খার্‌রা=[চট্ট]—বি. খাঁচা, চারি দেওয়ালের ঘের দেওয়া কোঠরী॥

খার্ বাড়ি=[রং]—বি. দল বা দাম-পূর্ণ জলা॥ [দেখ খার্₆+বাটী]।

খার্ মাথা=[রং]—ক্রি. রাগ হওয়া ॥ [<খর+মাতা (<মত্ত); নামধাতু; কিংবা ক্ষার+মাথা<মস্তক সং]।

খার্‌মাধান্=[রং]—বি. একপ্রকার চিকন ধান ॥

খালাইশ্যা=[কুম]—বি. যাহারা গরুর চামড়া ছাড়ায়॥ খালাইশ্যারা মরা গরুর্ চা'ম্‌রা খালায়। [<খাল (<খল্ল) নাম ধাতু+আইশিয়া কর্তৃবাচ্যে প্র.; দেখ খালানো]।

খালাখুলা=[কুম]—বিণ. চাক্ষুষ, পরিষ্কার॥ খালাখুলা পর্‌মান্। [< খালা (অনু.)+খোলা]।

খালা ঘির্‌কি=[চট্ট]—বি. বিদ্যুৎ॥ [দেখ খাড়া ঘিল্‌কি]।

খালাঘিলিক্=[চট্ট]—বি. বিদ্যুৎ। আশ্‌মানে খালাঘিলিক্ চ'ম্‌কায়্।

খালানি=[রং]—বি. চামড়া উঠানোর পারিশ্রমিক॥ তোক খালানি কত দিম্। [<খাল (<খল্ল)+আনি প্র.]।

খালানো=[সি]—ক্রি. চামড়া তোলা॥ সাগল্‌টা খালাও। [<খাল (<খল্ল)+আনো প্র.]।

খালান্‌চি=[রং]—বি. খালাসী॥ [খলাস خلاص আং+ই প্র.]।

খালাশি=[কুম]—বি. যাহারা গরুর চামড়া ছাড়ায়॥ খালাশিরা মরা গরু খালায়্। [দেখ খালাইশ্যা]।

খালাশ্=[পা, কু, রা]—বি. প্রসব॥ [<খলাস خلاص আং]।

খালাশ্ পাওয়া=[রা]—ক্রি. সন্তান প্রসব করা॥ মোর্ বেটি এই মায়্‌তৈ খালাশ্ পাবে। [দেখ খালাশ্+পাওয়া]।

খালি=[বা]—ক্রি.বিণ. কেবল॥ খালি আমারে বক কিয়ারে? [<খালী خالی আং]।

২=[পা]—বি. নলি, ছিটা, মাকুর মধ্যস্থ সুতা জড়ানো চোঁটা॥

৩=[খু]—বি. সুপারির কড়ি॥ [< কলি]।

খালি খালি=[রং]—ক্রি.বিণ. এমনি॥ কেবন্ আশিয়াই খালি খালি চলি জাইশ্? [দেখ খালি]।

খালি ঘন্‌ডা=[চট্ট]—বিণ. কপর্দক শূন্য॥ [দেখ খালি+ঘণ্টা]।

খালি লাগা=[রং]—ক্রি. আড়ষ্ট হওয়া॥ জারে মোর্ মুখে খালি লাগে। [< খিল লাগা]।

খালিশ্ [সি]—বিণ. আন্তরিক॥ [<খালিস خالص আং]।

খালিস্=[কুম]—বিণ. খাঁটি, আসল॥ খালিস্ মাল্। [দেখ খালিশ্]।

খালু খালু=[কুম]—বি. চঞ্চল হইয়া ঘুরা ফেরা॥ [<খালুঁ <খাইলাম; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

খালুটাকি=[খু]—বি. এক জাতীয় টাকি মাছ॥

খালুবালু করা=[পা]—ক্রি. আনচান করা, কোন কথা মনে হওয়ায় অসহ্য বোধ করা॥ [অনু.]।

খালুম্ খালুম্ করা=[ঢা]—ক্রি. খালি খাইতে চাওয়া॥ নুরুমা মাইনশে ক্যাল্ খালুম্ খালুম্ করে। [দেখ খালু খালু+করা]।

খালুয়া=[রং]—বি. চামড়ার ব্যব-সায়ী॥ চাম্‌ড়াখান্ খালুয়াক দে। [খাল(<খল্ল)+উয়া প্র.]।

খালুয়া কাটা [রং]—বিণ. চামড়া কাটিয়া ফেলে এমন॥ বাপ্‌রে কি খালুয়াকাটা জোঁক ধরিছে মোক। [দেখ খালুয়া = খাল+কাটা =যে কাটে]।

খালু হশুর=[কুম]—বি. খালু শ্বশুর॥ [খালু<খাল: خاله আং শব্দের পুং+শ্বশুর]।

খালেউলে=[সি]—ক্রি. বিণ. চামড়া সহিত॥ খাশিটা খালেউলে মোটা দেখা যায়্। [খাল(<খল্ল)+হোল+এ বিভক্তি]।

খালে ভরা=[রা]—বিণ. চোপসা॥ আরে ও বাগিতো* খালেভরা। [<খাল(<খল্ল)+এ+ভরা=পূর্ণ]।

খাল্যা=[কুম]—বি. কশাই, চামড়ার ব্যবসায়ী॥ [খাল(<খল্ল)+ইয়া প্র.]।

২=[নো]—বিণ. খালি॥ খাল্যা

খাহ্ণ। [দেখ খালি+আ প্র.]।

খালো=[খু]—বি. এক প্রকার মাছ॥ বড়শিতে খালো মাস্ ধরে।

২=[খু]—বিণ. লোভী॥ তোর্ মতো খালো তো আর্ দেখি নাই। [খা(<খাওয়া)+ল প্র.]।

খালোই=[পা]—বি. <খালুই॥ মাস্-গুলা খালোইত্ রাখ।

খালোই পেটা=[রং]—বিণ. খালুইয়ের মত পেট যাহার॥ [দেখ খালুই+পেট + আ প্র.]।

খালোয়া=[সি]—বি. কসাই, যাহারা চামড়া ছাড়ায়॥ বেটা ইগু খালোয়া। [দেখ খালুয়া]।

খাল্=[চা]—বি. গাছের ছাল, বাকল, খন্দ, গর্ত॥ [<খল্ল সং]।

খাল্কোডে=[কুম]—বিণ. একলা॥ এই আন্দাইর্ রাইত্ খাল্কোডে কৈ যাবি? [<খালি+একোডে<একু-টিয়া]।

খাল্খান্=[কুম]—ক্রি. ধান ভানার প্রথম স্তরের অবস্থা করা॥ বাড়াডা অহন্ খাল্খাইয়া রাহ।

খাল্খুল্=[সি]—বি. খাল নালা॥ [দেখ খাল্+খুল অনু:]।

খাল্গিরি=[রা]—বি. মুরগীর চামড়া ছাড়াইয়া মাংস কোটা॥ [দেখ খাল্+গীরী گیری ফা.]।

খাল্দার্=[বা]—বি. বহির্বাটি॥ খাল্দারে কে যেন্ ডাক্সে। [দেখ খাল্ +দ্বার]।

খাল্না [সি]—বি. ফলি মাছ॥ খাল্না মাসে কাটা বরা।

খাল্পরা=[সি]—বিণ. আত্মমর্যাদা-হীন॥ লোক্টা একেবারে খাল্পরা। [দেখ খাল্ +পড়া=পড়িয়া গিয়াছে যাহার]।

খাল্পারা=[রং]—বি. এক প্রকার রোগ॥ বাছুচাতে অর্ খাল্পারা রোগ্ হচিল্।

খাল্লা=[সি]—বি. চামড়া॥ [খাল +আ প্র.]।

খাল্লাউ খাল্লাউ=[রং]—অব্য. পানিতে হাটার শব্দ॥ [ধ্বন্যা.]।

খাল্লি=[নো]—বি. খইল॥ < খলি সং]।

খাল্লো=[চট্]—বি. হাতের পরিমাণ॥

২=[চট্]—বিণ. খালের ধারের॥ খাল্লো বাড়ি। [খাল+উ প্র.]।

খাশা=[ফ]—বিণ. তাজা, মোটা, পুষ্ট॥ খাশা মাস্টা পাওয়া গেল্। [<খাস্স: خاصه আং=বিশিষ্ট]।

২=[য]—বি. হাতের অলঙ্কার বিশেষ॥ [পূর্বে দেখ]।

খাশাল্=[কুম]—বি. অভ্যাস॥ [খিসাল خصال আং]।

খাশিসৈ=[কুম]—বি. কাঁচা সীম॥ খাশিসৈয়ের্ দানা পাক্ করলে খুব্ শাদ্। [কাঁচা+ছই]।

খাশুয়া=[রং]—বিণ. খারাপ॥ খাশুয়া দাত্।

২=[রং]—বিণ. জটিল, অস্পষ্ট॥ [কাশ+উয়া প্র.]।

খাশে=[খু]—বি. হাতের চুড়ি, গহনা বিশেষ॥ [দেখ খাশা₂]।

খাশ্যা=[রা]—বি. হাতের বালা বিশেষ॥ [দেখ খাশে]।

খাশ্=[রা]—বি. অভ্যাস॥ গরুটার্ শুত্যা জাওয়া খাশ্ হয়্যা গেছে। [দেখ খাশাল্]।

২=[খু]—বি. খুঁটি॥ ঘরে খাশ্-টাশ্ লাগাবি না?

৩=[কুম]—বিণ. প্রকৃত॥ খাশ্ কথা এই। [< خاص খাস্ আং]।

খাশ্কুড়ে=[য]—বি. রসিক ব্যক্তি॥ খাশকুড়ে খালি ইয়ার্কি করে। [দেখ খাশ্₃+কুড়িয়া>কুড়ে]।

খাশ্টা=[রা]—বিণ. অপরিচ্ছন্ন, দূষিত, নোংরা॥ ছোঁরাডা এমোন্ খাশ্টা জি পচাব্বি হচে গাওত্! [খস্-তহ্ خسته ফা.]।

খাশ্টা খাশ্টি=[চা]—বি. ঝগড়া বিবাদ॥ খাশ্টা খাশ্টি কৈর্যা বিডা বাড়ি যাইসে। [অনু.]।

খাশ্টানি=[রং]—বিণ. অতিশয় দুষ্ট প্রকৃতির॥ খাশ্টানি জাতের বেরে বিয়ে করিস্নে বাহে। [দেখ খাশ্টা+নি প্র.]।

খাশ্টে পড়া=[কু]—ক্রি. ময়লা পড়া॥ ঘর্ বাড়িতে এত খাশ্টে পড়ল কেন্? [দেখ খাশ্টা+পড়া]।

খাসা=[কুম]—বি. তলানি॥ পানি-খিত্ ঐলে নিচে' খাসা যবে।

খাসাল্ [কুম]—বি. স্বভাব॥ হে খাসাল্ দোশে মাইর্ খাইসে। [দেখ খাশাল্]।

খাস্=[ম]—বি. সরিষা॥ খাস্-তেলের্ দাম্ বেশি। [দেখ খাছ্'তেল্]

খাস্ত=[ব]—বিণ. বদমায়েশ খাস্ত সেলের্ লেখাপড়া আর্ হবে না। [দেখ খাশ্টা]।

২=[চা]—বি. লোকসান॥ কার্-বারে অনেক্ টেকা খাস্ত গেল্। [দেখ গাশ্টা]।

খাস্তা=[বা]—বিণ. ক্লান্ত॥ কাম্ করি খাস্তা ঐয়া পর্সি। [দেখ খাস্ত]।

২=[চট্]—বি. চাল চলন, ব্যবহার॥ [<খাসলত<খসলত خصلت আং]।

৩=[ক]—বি. ক্ষতি॥ হের এই-বার্ খাস্তা গেসে। [দেখ খাস্ত₁]।

৪=[পা]—বি. খারাপ॥ খাস্তা গুরের্ দাম্ কম্। [দেখ খাশ্টা]।

খাস্তা খাজা=[রং]—বি. ময়দার তৈরী মিষ্টি বিশেষ॥ [দেখ খাস্ত +খাজা<খজ্জ প্রাং <খাদ্য সং]।

খাস্তা খাটি=[রং]—বিণ. অত্যন্ত খারাপ দ্রব্য॥ [দেখ খাস্ত + খাঁটি]।

খাস্তানা=[রা]—বি. ক্লান্তি॥ [< দেখ খাস্ত +আনা প্র.]।

খাস্তানো=[রা]—ক্রি. ক্লান্ত হইয়া পড়া॥ গরমে কাজ্ কর্লি তাড়াতাড়ি মানুশ খাস্তিয়ে জায়্। [দেখ খাস্ত +আনো প্র.]।

খাস্তান্=[বা]—বিণ. [illegible]॥ [দেখ খাস্তানা]।

খাস্তে=[পা]—বিণ. পরিশ্রান্ত। কাম্ কৈরা খাস্তে গেলাম্। [দেখ খাস্ত +এ বিভক্তি]।

খাস্তেল্=[ঢা]—বি. সরিষার তৈল॥ [দেখ খাচ্' তেল্]।

খাস্থা=[কুম]—বি. ক্ষতি॥ পাটের কারবারে যবর্ খাস্থা গেসে। [দেখ খাস্তা৩]।

খাস্না=[ম]—বি. বাঁশের তৈরী চাটাই বিশেষ॥

খাস্সা=[চট]—বি. খড় ইত্যাদি একত্র করার লাঠি॥ খাস্সা দি খেড় গুন্ থুবাও।

খাস্সাত্=[ফ]—বি. অভ্যাস॥ তার্ খাস্সাত্ খারাপ্। [দেখ খাস্তা১]।

খাস্রা=[ঢা]—বিণ. নোংরা, খচচর॥ পোলাডা যবর্ খাস্রা। [কাচ (<কচচর সং)+রা প্র.]।

খাহুয়া আগ্ড়া=[রং]—বিণ. ভিটা আঁকড়া, স্ত্রীর পিছনে ঘুরিয়া বেড়ায় যে॥ [খাউকা (<খাদক)+হাগ (<√হাগা=মলত্যাগ)+ড়া]।

খাহি=[ফ]—বি. মাটি॥ [দেখ খাকি]।

খাহিশ্=[চট]—বি. ইচ্ছা॥[< খয়াহিশ خواهش ফা.]।

খাহেশ্=[নো]—বি. অভিলাষ, ইচ্ছা॥ লোক্টার্ খাহেশ্ মিটে নাই। [দেখ খাহিশ্]।

খিঁচর্=[রা]—বি. একপ্রকার ঘাস॥

খিঁচ্'=[কু]—বি. কাদামাটি॥ গোয়ালের্ খিচ্'গোবর্ শাফ্ কর্। [<কিচড় (<কচচর সং); তুং কীচড় হিং]।

খিক্রাইল্=[সি]—বিণ. এলোমেলো, উস্কোখুস্কো॥ লোক্টার্ চু'ল্ খিক্রাইল্। [দেখ খিকরানো; খিকরা +ইল প্র.]।

খিক্রানো=[সি]—ক্রি. এলোমেলো করা॥ বুরিটা চু'ল্ খিক্রাইয়া খাড়া ঐসে। [=খিচড়ানো; তুং খিনরানো (ব)]।

খিঁক্রা ভাত্=[রং]—বিণ. বাসি ভাত॥

খিখিন্=[রা]—বি. আবর্জনা॥ [দেখ খিখিন্দ]।

খিখিন্দ=[রা]—বি. আবর্জনা॥ ঘর্টা খিখিন্দে ভরা। [দেখ খিঁচ্+ খন্দক خندق ফা.]।

খিখিন্দ করা=[রা]—ক্রি. যেখানে সেখানে আবর্জনা ফেলিয়া অপরিষ্কার করা॥ [দেখ খিখিন্দ+করা]।

খিগ্রাইল্=[সি]—বিণ. এলো মেলো॥ খিগ্রাইল্ চু'লে এখানে আইস্ না। [দেখ খিক্রাইল্]।

খিচ'র্=[ফ]—বিণ. শয়তান॥ [< খিচচর<খচচর<খচর সং; অর্থ প্র.]।

খিচ'া=[সি]—বি. ঠোঙা॥ খিচ'াত্ কিতা? [দেখ খিচ'া৩]।

২=[রং]—বিণ. কষা, টান॥ টৌপ্লাটা খিচা ঐছে? [<খিচা (<√খিঁচন)]।

৩=[ঢা]—বি. কাপড়ের ছোট ঝুলি॥ বুরিরা খিচ'ায় পান্ রাখে। [<কীস کیس আং+আ প্র.; তুং কেস case ইং]।

খিচি'=[পা]—বিণ. ক্ষুদ্র॥ পানের মদ্যে অনেক্ খিচি' আসে। [< কচি]।

খিচি' মিচি'=[ঢা]—বি. বিরক্তি ভাব॥ তার লগে খিচি'মিচি' কৈরা ফল্ কি? [অনু.]।

খিচু'ন্নি=[ম]—বিণ. দুষ্ট, বজ্জাত॥ খিচু'ন্নি কোথাকার্, কথা হুনস্ না কেরে? [দেখ খিচ'র্+নি প্র.]।

খিচে'=[খু]—বি. পাকস্থলী॥ [দেখ খিচ'া৩]।

খিচে' খলাট্ করা=[পা]—বি. উচ্ছিষ্ট ফেলিয়া অপরিষ্কার করা॥

খিচে'র্ ব্যারাম্=[ঢা]—বি. প্রমেহ রোগ॥ খিচে'র্ ব্যারাম্ সোত্ কৈর‍্যা বালা অয় না। [দেখ খিচে'+র সম্বন্ধে]।

খিচ'্যা=[ফ]—বি. ছোট ঝোলা॥ এক খিচ'্যা পান্ খাইল্ কেডা? [দেখ খিচ'া৩]।

খিচ'=[কুম]—বিণ. শক্ত, কৃপণ॥ লোক্টা বর খিচ্'। [দেখ খিচ'র্]।

২=[য]—বি. অবশিষ্টাংশ॥ ধানের্ খিচ্'কে ভুশি বলে।

৩=[ফ,ব,রা]—বি. কাঠ ইত্যাদির টুকরা॥

খিচ্' করা=[ম]—ক্রি. নষ্ট করা॥ বুরা মানুশ্ কাপর্ডা হাইগা মুইত্তা খিচ' কৈরা দিসে। [দেখ খিঁচ্'+করা]।

খিচ্'খিচ্' করা=[পা]—ক্রি. ক্যাচ্ ক্যাচ্ বা খচ্ খচ্ করা॥ গা খিচ্' খিচ্' করসে [<খিচ্খিচ্ অনু.+করা]।

খিচ্'চ'র্=[সি]—বিণ. অপরিষ্কার॥ খিচ্'চর্ লোক্। [দেখ খিচ'র্]।

খিচ্'চ'া=[কুম]—অস. ক্রি. জোর করিয়া॥ খিচ্'চ'া টান্ দে। [< খেচিয়া]।

খিচ্'ড়া মতি=[খু]— বি. নোংরামি॥ তার্ খিচ্'ড়ামতি গেল্ না। [দেখ খিচ'র্ +আ+মতি]।

খিচ্'ড়েমি=[য]—বি. ব্যঙ্গ, রসিকতা॥ খিচ্'ড়েমি রাইখ্যা আপন্ কথা কও। [দেখ খিচ্'ড়ামতি; খিচর+ আমি]।

খিচ্'রা=[রং]—বিণ. নিকৃষ্ট, পচা॥ [দেখ খিচ'র্+আ প্র.]।

খিজ্=[রং]—বি. সামান্য অংশ॥

খিযানো=[কুম]—ক্রি. তাগাদা করা॥ এই বিশয় আমারে আর্ খিযাইস্ না। [খিচানো=খোঁচানো]।

খিয়ালত্=[য]—বি. দুষ্টামি, শয়তানি॥ সেলেপেলের্ খিয়ালত্ আর্ শয্য হয় না। [<খিয়ালত خجالت আং=লজ্জা]।

২=[পা]—বি. কাদাপূর্ণ বা খারাপ রাস্তা॥ [<কিচাল পথ=কাদাযুক্ত পথ কিংবা কুচেলা পথ; কুচেলা হিং=ময়লা]।

খিয়ালত্ করা=[পা]—ক্রি. বিরক্ত বা হয়রান করা॥ আমারে আর্ কত খিয়ালত্ করবে? [দেখ খিয়ালত্+ করা]।

খিয়ালন্=[কুম]—ক্রি. তোষামোদ করা॥ [দেখ খিয়ালত্]।

খিখি=[পা]—বি. উৎপাত।। আ অত খিখি কর না, বাবা। [<খিখ্লি <খিজালত; দেখ খিখালত্]।

২=[পা]—বি. অন্যায় আবদার এত খিখি বাল লাগে না। [পূর্বে দেখ]।

৩=[ম]—বি. বিরক্তি।। তোর্ এত খিখি শহ্য হয়্? [পূর্বে দেখ]।

খিখি উঠা=[পা]—ক্রি. আবদার বা বিরক্ত করার ইচ্ছা হওয়া।। এই অবেলায় সাওয়ালের্ খিখি উঠল, অহন্ কি করি? [দেখ খিখি+উঠা]।

খিখি করা=[ফ]—ক্রি. বিরক্ত করা।। অহন্ খিখি কর্লি কোন্ বালা ঐব না। [দেখ খিখি+করা]।

খিখ্রানি=[সি]—বি. ঘাটাঘাটি বা ওলট পালট করণ।।

খিখ্রান্=[সি]—ক্রি. খোঁড়া, খনন করা।

খিখ্লানো=[কুম]—ক্রি. অনুরোধ করা।। এত খিখ্লাইয়া কে খাও-য়াইব? [দেখ খিখালন্]।

২=[ম,সি]—ক্রি. ত্যক্ত বিরক্ত করা। অহনে বেশি খিখ্লাইয়ো না। [পূর্বে দেখ]।

৩=[সি, ম]—ক্রি বিদ্রূপ করা।। খিখ্লাইয়া কথা কও ক্যা? [কিজ-লানো=দাঁত বাহির করিয়া হাসা]।

খিখ্লি=[পা]—বি. আবদার, চাহিদা, জেদ।। সেলেটার্ খিখ্লি শহ্য করা যায় না। [দেখ খিখি]।

খিটিশ্ খিটিশ্=[ব]—অব্য. দাঁতে কোন কিছু কাটার শব্দ।। [ধ্বন্যা.]।

খিটে=[খু]—বি. দোষ, ত্রুটি।। চোখ্-টার্ একটু খিটে হয়ে গেল্। [খতা' خطاء আঃ]।

খিট্কানো=[ম]—ক্রি. হাসা।। হুদা-হুদি খিট্কাস্ ক্যান্?

খিট্কালো=[রা]—বিণ. আশ্চর্য-জনক, অমানুষী।।

খিট্কাল্=[রা]—বি. খারাপি, গোল-মাল।। চালে চালে মিশিয়ে খিট্কাল্ কর্লো।

২=[রা]—বি. বিরক্তি।। খিট্কাল্ কর ক্যা?

৩=[ম]—বি. অপকীর্তি, কুখ্যাতি।। তুমি এমুন্ খিট্কাল্ কেম্নে কর্লা?

৪=[রং, চট্ট, পা]—বি. আপদ, ঝন্-ঝাট।। খিট্কালে পড়ি গেইয়ে (চট্ট)।

৫=[পা, রং, চট্ট]—বিণ. জটিল, কঠিন।।

৬=[রা]—বি. হাসির কথা।।

৭=[পা]—বি. বিদ্রূপ, ঠাট্টা।। এত খিট্কাল্ আর্ শহ্য অয় না।

খিট্খাম্=[রা]—বিণ. নষ্ট।। পথে বেপথে গাড়িটা খিট্খাম্ হয়েছে।

খিট্খালো=[রা]—বিণ. হাস্যকর।। [দেখ খিট্কালো]।

২=[রা]—বি. বিঘ্ন।। আচ্ছা খিট্-কালো, হারিকেনটা ধরান্ যায় না। [দেখ খিট্কাল্]।

খিট্খিট্ করা=[কুম]—ক্রি. প্যান প্যান করা।। [অনু.]।

খিট্মিট্ করা=[রা]—ক্রি. খারাপ ব্যবহার করা।। তুই অমন খিট্মিট্ করিছ্ কেন্? [অনু.]।

খিডা=[ম]—সর্ব. কে।। ও খিডায়ে? [<কে+টা]।

খিতা=[সি]—অব্য. কি।। তোমার্ নাম্ খিতা বা? [<কি+তা]।

খিতাবি=[চা]—বি. কুৎসা, বদনাম।। হুদাহুদি সেরিডার্ নামে খিতাবি বাইর্ কর্সে। [<খিতাব خطاب আঃ= উপাধি+ই প্র.]।

২=[পা]—বি. অসভ্য গালাগালি।। খিতাবি কর ক্যা?

৩=[পা]—বি. হয়রানি।।

৪=[ফ]—বি. গণ্ডগোল, বিরক্তি।। বারবার আইস্যা খিতাবি কর্তাস ক্যান্?

খিতে=[খু]—বি. ত্রুটি, অপরাধ, ভুল।। এত খিতে খুঁজলে চ'লবে কেন্? [দেখ খিটে]।

খিতে পাওয়া=[খু]—ক্রি. কাহারও ভুল ত্রুটি জানিয়া ফেলা।। [দেখ খিতে +পাওয়া]।

খিতেবি=[ম]—বি. কাণ্ড, অপকীর্তি।। খিতেবি করিস্ না। [দেখ খিতাবি]।

খিতেলি=[চা]—বি. কুৎসা।। দেওয়ান আমার্ কত খিতেলিই না গাবে।

খিত্যাবি করা=[পা]—ক্রি. অপরি-ষ্কার করা।। গরুটা খিত্যাবি করো না যেন্।

খিত্ খিত্ করা=[ফ]—ক্রি. ঘৃণা হওয়া।। খিত্ খিত্ কৈর্যা বাত্ খাইস্ না। [অনু.]।

খিত্খিতা=[ম]—বিণ. অপরিষ্কৃত কর্দমাক্ত।। [দেখ খিত্ খিত্ করা+আ প্র.]।

খিত্ খিতে করা=[সি]—ক্রি. শরীর রোমাঞ্চিত হওয়া।। অকালে গুসল্ করায় খিত্খিতে করে। [দেখ খিত্ খিত্ করা]।

খিত্তা=[সি]—বি. শহর ও তৎসংলগ্ন পরগনা।। [<কিতত<কিত্আ: قطعة আঃ]।

খিত্লানো=[রা]—ক্রি. চটাইবার জন্য কাহারও দোষ ত্রুটি তাহার সম্মুখেই ইয়ারকির সহিত বারবার বলা।। [দেখ খিখ্লানো]।

খিদাখুদি=[রা]—বি. ক্ষুধা।। খিদা খুদি লাগিছে খুব। [<খিদা+খুদা (<ক্ষুধা); সহ শব্দ]।

খিদান্=[রং]—বি. ক্ষুধা।। মোক খিদান্ লাগিছে। [<খিদা (<ক্ষুধা) +ন]।

খিদালত্=[রং]—বিণ. বিরক্ত।। খিদালত্ মোক করিছ্ না তো? [দেখ খিখালত্]।

খিদিখিদি=[রা]—বি. বিরক্তি, জালাতন।। ছাওয়ালটা বড় খিদিখিদি করে। [অনু.]।

খিদ্খিদ্ করা=[রং]—ক্রি. ঘৃণার ঘি ঘি করা।। [দেখ খিত্ খিত্ করা]

খিদ্বিদ্যা=[পা]—বিণ. সর্বদা পরি-ষ্কার পরিচ্ছন্ন থাকিতে চায় এমন।। [=খুঁতখুঁতিয়া<খুঁতখুঁতে]।

খিদ্ বিদ্=[পা]—অব্য. ঘি ঘি।।

আমার্ গাটা খিদ্‌খিদ্ করসে। [অনু.]।

খিনজ=[ঢা]—বিণ. দুর্বল, অপারগ।। টেকা পয়শায় বর খিনজ ঐয়া গেলাম্। [<ক্ষীণ]।

খিনে=[খু]—বি. টাকা।। খিনে বিনে দিন্ চ'লে না।

খিন্ খিন্ করা=[পা]—ক্রি. নাকি সুরে কাঁদা।। সেলেটা খুদার্ চো'টে খিন্ খিন্ করসে। [অনু.]।

খিন্‌দুরি=[কু]—বিণ. জীর্ণশীর্ণ।। [<ক্ষীণ+যোর زور ফা.+ই প্র.]।

খিন্‌খিরি=[রং]—বিণ. খারাপ।। মেয়েটি বড় খিন্‌দুরি।

খিপা=[সি]—ক্রি. লগি দ্বারা নৌকা বাওয়া।।

খিপ্=[রং]—বিণ. অত্যন্ত, অনেক বেশি।। [দেখ খিব্]।

খিবিখিবি খাওয়া=[ঢা]—ক্রি. রাগে অস্থির হওয়া।। সেরাডায় রাগে খিবি-খিবি খায়্। [<খিবিজিবি অনু.+ খাওয়া]।

খিব্=[রং]—বিণ. <খুব।। খিব্ খুধা লাগিছে।

খিয়া=[ম]—বি. চাউলের গুড়া দুধ মিঠাই ইত্যাদি সহযোগে প্রস্তুত পিঠা বিশেষ।।

খিয়াব্=[রা]—বি. বরেন্দ্র অঞ্চল।। খিয়াব্ ছাড়া ধান্ কোথায়্?

খিয়ারা=[বা]—বি. বরেন্দ্রভূমির অধিবাসী।। 'খিয়ারা ওন্‌দা পালের্ বোন্‌দা'।

খিয়ারি=[পা]—বি. অপেক্ষাকৃত উঁচু অঞ্চল।।

খিয়ার্=[পা]—বি. ডাঙ্গা স্থান।। এবার্ খিয়ারে বালা দান্ হৈসে।

২=[পি, রং]—বি. এঁটেল মাটির অঞ্চল।। খিয়ারত্ ধান্ ছাড়া কিছু হয়্ না।

খিয়াল্=[সি]—বি. ঠাট্টা।। শালা শালিরা দুলা বাইয়ের লগে খিয়াল্ করে। [খেয়াল<খয়াল خيال আ:]।

খিয়াল্ নযর্=[সি]—বি. দৃষ্টি।। একটু খিয়াল্ নযর্ রাইখো। [দেখ খিয়াল্+নযর نظر আ:]।

খিয়্যাড়্=[রা]—বি. পরচর্চা, গিবত।। খিয়্যাড়্ করা শকত্ গোনা।

খিরলি ধুতি=[শং]—বিণ. সাদা ধুতি বিশেষ।। বাবু খিরলি ধুতি পিন্দা শৌরর্ বাড়ি জায়্। [<ক্ষীর +আলী প্র.+ধুতি]।

খিরল্=[রং]—বি. কাঠ বিশেষ।।

খিরা=[মি]—ক্রি. দোহন কর।। গাইডা খিরা। [দেখ খিরানো]।

২=[কুম, সি, চট্ট]—বি. শশাজাতীয় ফল বিশেষ।। খিরা খাইলে শরির্ ঠান্‌ডা হয়্। [<খীরা হিং]।

খিরাই=[ঢা]—বি. শশা জাতীয় ফল বিশেষ।। [দেখ খিরা +ই]।

খিরাইল্=[ঢা]—বি. লাল ও চিকন এক প্রকার আমন ধান।। খিরাইল্ দানে মুরি অয়্।

খিরা খেতের লেত্‌রানি=[ঢা]—অতি পরিচিত বস্তু সম্বন্ধে অজ্ঞতার ভান।।

খিরায্=[ম]—বি. খাজানা, কর।। যমির্ খিরায্ না দিলে যমিন্ নিলাম্ ঐব। [<খরাজ خراج আ:]।

খিরাতি=[রা]—বি. দুষ্টামি।।

খিরানি=[সি]—বি. যে পাত্রে দুধ রাখা হয়।। [<ক্ষীর+আনি প্র.]।

খিরানো=[সি. ম.]—ক্রি. দোহানো।। গাই খিরাইস্‌সনিরে? [<খির<ক্ষীর +আনো প্র.; নাম ধাতু]।

খিরাপৈত্যা=[ঢা]—বিণ. মিষ্টি, সুস্বাদু।। খিরাপৈত্যা গাসের্ আম্ পাক্‌সে। [<ক্ষীর+আ প্র.+পদ (=স্থান, প্রকার) +ইয়া প্র.]।

খিরিস্‌ত=[রা]—বি. বিরাম।। আমার্ জিবনে খিরিস্‌ত নাই। [< ফুরসত্ فرصت আ:]।

খিরৈষানি=[বা]—বি. এক প্রকার সরু ধান।। খিরৈষানি চা'উলে বালা পোলাওঅয়্।

খিরোল্=[রং]—বি. বাঁশের তৈরী খাঁচা।।

খির্=[চট্ট]—বি. গাছের কষ।। [<ক্ষীর]।

২=[রং]—বি. পায়েস।। আজ্ হাম্‌রা খির্ খাইছি। [পূর্বে দেখ]।

খির্‌কা=[কুম]—বি. ফকীরের পোশাক।। খির্‌কা পরা লোক্‌টা কৈ? [<খিরক: خرقه আ:]।

খির্‌টিকি=[দি, রা]—ক্রি. বিণ. বিবাহের কয়েকদিন পর।। বিয়ার্ দিন্ দেখালেন্ না, এখন্ খিরকিটিত্ বৌ দেখে কি হবে?

খির্‌খিরা=[রং]—বিণ. শক্ত, স্ফতি-বাজ।। খির্‌খিরা শাওয়া। [খিরখির (অনু.)+আ প্র.]।

খির্‌বলি=[রং]—বিণ. ক্ষীরের মত নরম।। খিরবলি কাপড়্। [<ক্ষীর +বালী হিং প্র.]।

খির্‌শালি=[ব, রা]—বি. <খেঁক-শিয়ালী।

খির্‌সা=[ঢা]—বি. ক্ষীর বিশেষ।। পাড়িহাব্‌ডা পিডাত্ খির্‌সা লাগে। [<ক্ষীর+সা]।

খির্‌সাপতি=[রা]—বি. একটি ধানের নাম।।

খির্‌সাপাত্ শালিনা=[ব] — বি. আমন ধান বিশেষ।।

খিলন্=[নো]—ক্রি. মন্ত্রবদ্ধ করা।। [খিল<কীল সং (নাম ধাতু)+অন প্র.; মূল অর্থ কীলকে আটকান]।

২=[দি]—বি. দাঁত খিলাল করিবার সরু কাঠি।। এক্‌টা খিলন্ দাও, দাঁত্ খিলাইতে ঐবে। [<খিলাল خلال আ:]

খিলন্ চুংগি, খিলন্ চংগি=[রা]—বি. একটি ধানের নাম।।

খিলা=[সি]—বি. কানের অলঙ্কার বিশেষ। [খিল+আ প্র.]।

২=[চট্ট]—বি. অনাবাদি জমি।। [< খিল সং=অকর্ষিত ভূমি +আ]।

৩=[ব, ম]—ক্রি. বি. খাওয়া।। ব্যা নাই পান্ খিলায়্ দুর্ (ম)। [<খিলানা হিং; খা ধাতুর প্রযোজক রূপ]।

৪=[সি]—অব্য. কি ভাবে ॥ খিলা যাইবাইন্? [<কি+না<নাই<লাগি]।

খিলাই=[চা]—বি. আয়া ॥ বাচ্‌চা'র্ বন্‌নি এক্‌টা খিলাই রাখ্। [দেখ খিলা +ই প্র.; খাওয়ায় যে]।

খিলাই করা=[ম]—ক্রি. দাঁতের ফাঁক শাফ করা ॥ [দেখ খিলন্$_২$ +করা]।

খিলা যায়্‌গা=[চট্ট]—বি. পতিত জায়গা ॥ খিলা যায়গা আবাদ্ কর্। [দেখ খিলা$_২$+জগহ্ جگہ ফা.]।

খিলানি=[পা]—বি. দাঁত খিলাল করিবার কাঠি ॥ [দেখ খিলন্$_১$+ই প্র.]।

২=[চা, পা, ম]—বি. খাওয়ান ॥ কহির্‌ডারে দুগ্যা খিলান্ লাগব্। [দেখ খিলা$_৩$]।

খিলাফ্=[কুম]—বি. মুক্ত, শূন্য, ফাঁকা ॥ এত পান্ খায় যে মুখ্ খিলাফ যায় না। [<খিলাফ خلاف আ:=বিরোধ]।

খিলিন্=[রা]—বি. দাঁতের ময়লা বাহির করার কাঠি ॥ খাওয়ার্ পর্ দাঁতে খিলিন্ দেওয়া উচিত্। [দেখ খিলন্$_১$]।

খিল্‌য়া=[সি]—বি. এক প্রকার নৌকা ॥

খিল্যা=[কুম]—বিণ. খিল, অনাবাদী ॥ খিল্যা যমিতে গরু চ'রে। [দেখ খিলা$_২$]।

খিল্যানো=[পা]—ক্রি. খাওয়ানো ॥ পান্ খিল্যায়্‌নিরে। [দেখ খিলানা]।

খিলোন্=[রা]—বি. ঘরের চালের মধ্যখানের ফাঁক ॥ খিলোন্ দি পানি পৈড়্‌তাচে।

২=[রং]—বি. খিলান্ ॥ বাঁশের্ খিলোন্ দি দাঁতের মাংশ বাহির্ কর্। [দেখ খিলন্$_১$]।

খিলৈ=[ম]—বি. এক রকম বাজি ॥ বিয়াত্ হাঐ খিলৈ মারে। [<খেল <খেলা+ই]।

খিল্=[চা]—বি. নৌকার মাস্তুল আট-কাইবার শলাকা ॥ [<কীল সং]।

২=[রং]—বি. তারকাঁটা ॥ দুইটা নাংগলের্ খিল্ দেন্‌তো মোক। [পূর্বে দেখ; তুং কীল হিং]।

৩=[রং]—বি. তরকারী ॥ কি খিল্ আনিচু?

৪=[পা, নো]—বিণ. পতিত ॥ খিল্ খেত গরু দে। [দেখ খিলা$_২$]।

৫=[সি]—বিণ. শক্ত ॥ যমির মাডি খিল্ ঐ রৈসে। [দেখ খিলা$_২$]।

৬=[বা]—বি. বাঁশের খিল ॥ খাযুর্ গাসে খিলের্ লগে আড়ি পাতে। [দেখ খিল]।

খিল্‌কা=[রং]—বি. ফকির সন্ন্যাসীর অঙ্গাবরণ বিশেষ ॥ খিল্‌কা পিন্‌লে কি শাধু হয়্? [দেখ খির্‌কা]।

২=[সি]—বি. মৃতের কাপড়, কাফন ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

খিল্ খেত্=[ম]—বি জঙ্গল তোলা ক্ষেত ॥ [দেখ খিল্$_৪$+ক্ষেত্র]।

খিল্‌যমি=[সি]—বি. সদ্য আবাদ করা জমি ॥ [দেখ খিলা$_২$+যমীন زمین ফা.]।

খিল্‌ডানো=[ম]—ক্রি. নড়াচড়া করা ॥ পচা মাস্ খিল্‌ডাইস্‌না।

খিল্ তোলা=[সি]—ক্রি. জমি আবাদ করা ॥ [দেখ খিল্$_৪$+তোলা]।

খিল্ ধরা=[যঁ]—ক্রি. জবাব বন্ধ হওয়া ॥ [দেখ খিল্$_৬$+টরা]।

খিল্‌কা=[রা]—বি. লম্বা আলখেল্লা, জামা বিশেষ ॥ মৌলানা শাব খিল্‌কা পরিছেন্। [দেখ খির্‌কা]।

খিল্ লাগা=[খু]—বিণ. অবশ ॥ [দেখ খিল্$_৫$+লাগা]।

খিশরি কালাই=[রং]—বি. এক প্রকার ডাইল ॥ তোর্ খিশরি কালাইর্ ডাইল্ কায়্। [খেসারী+কলাই<কলায় সং]।

খিশামেশা=[রং]—বি. ঘন ভীড় ॥ এত খিশামেশাত্ কি থাকা যায়্? [খিশা অনু: +মেশা]।

খিশ্ করা=[রং]—ক্রি. অপরিষ্কার করা ॥ বারির্ আগ্‌নে খান্ খিশ্ কর্‌ছে কে? [দেখ খিঁচ্'+করা]।

খিশ্‌টানো=[ম]—ক্রি. খুঁটিয়া তোলা ॥ পুরান্ কথা খিশ্‌টাইলে বালা ঐব না।

খিশ্‌টাল্=[ব]—বি. কুকীর্তি ॥ স্থড়িক লিয়া খুব্ খিশ্‌টাল্ হয়্‌সে। [খিঁচ+টান সহশব্দ]।

খিশ্‌রা=[রং]—ক্রি. দাঁত বাহির করা ॥ দাত্‌লা তোক খিশ্‌রালু কেনে? [=খিঁচা+ড়া প্র.]।

খিশ্‌রাখিশ্‌রি=[রং]—ক্রি. দাঁত বাহির করিয়া হাসাহাসি ॥ [দেখ খিশ্‌রা; ব্যতিহারে দ্বিত্ব এবং ই প্র.]।

খিসা=[ফ]—বি. তালের শাঁস ॥

খিসাল্=[সি, চা]—বি. চরিত্র, চাল-চলন ॥ মানুশ্‌টার্ খিসাল্ বালা না। [<খিসাল خصال আ:]।

খিস্‌না=[রং]—বি. ক্ষীর, শিন্নি ॥ আইজ্ জুম্মার্ খিস্‌না পাকাইছে। [ক্ষীর+সনা প্র.]।

খিস্‌সা=[ম]—বি. পিঠার ভিতরে দেওয়ার জন্য তৈরী গুড় বা বিশেষ রকমের হালুয়া ॥ [দেখ খির্‌সা]।

খু

খু=[ফ]—বি. রক্ত ॥ খু বাইর্ ঐ তাসে। [<খূঁ<খুন<খুন خون ফা.]।

খুই=[ব]—বি. স্বভাব ॥ মেয়েটার খুই খুব খারাপ্। [<খু خو ফা.]।

২=[খু]—বি. <খুকী ॥ এ খুই, এক্‌টা কথা শুন্‌তো।

৩=[রং]—বি. পাটের চিক্কন রশি ॥ বেড়া বাধ্‌তে খুই লাগে।

৪=[রা,ব]—বি. আখের ছোবড়া ও খোসা ॥ শুক্‌না খুই খড়ির্ কাজে লাগে (রা)। [<খোসা<খোশহ্ خوشه ফা.]।

৫=কুম]—বি. খোলস ॥

খুই ঘর্=[ব]—বি.খড়ির ঘর ॥ [< খই<খড়ি+ঘর]।

খুইচ'্যাল্=[পা]—বি. গুপ্তচর ॥

খুইচ্‌'চ'া=[ক]—অস.ক্রি. খুঁচাইয়া ॥ মাটি খুইচ্‌'চ'া দানাগুলি পুইত্‌তা রাখ। [<খুঁচাইয়া]।

খুইয্=[ম]—বি. অনুসন্ধান, খোঁজ, তালাশ ॥ আমি তার্ খুইযে বারৈলাম্। [<খোঁজ]।

খুইটা লওয়া=[পা]—ক্রি. কুড়াইয়া লওয়া ॥ লিচু'গুলি খুইটা নিয়া আয়্। [<খুইটা=খুঁটিয়া+লওয়া]।

খুইট্যা=[চা]—বি. কবুতর ধরিবার ফাঁদ বিশেষ ॥ সোডু সোডু সেরায়া খুইট্যা পাইত্যা কৈতর্ দরে।

২=[চা]—অস. ক্রি. ঠোঁট দিয়া ঠোক্‌রাইয়া ॥ মোর্‌গায় দান্‌ডি খুইট্যা খাইতাসে। [< খুঁটিয়া]।

খুইট্যান্=[কুম]—ক্রি. অতি ধীরে কাজ করা ॥ [দেখ খুইট্যা২+ন]।

২=[কুম]—ক্রি. খবর বা দয়ার জন্য বার বার অনুরোধ করা ॥

৩=[কুম]—ক্রি. বি. খোঁটা দেওয়া, নখ দিয়া চুলকান ॥ [খোঁটা+আন; নাম ধাতু]।

খুইট্‌টা=[চট্ট]—বি. বাঁশের কাঠি ॥ [<কাঠি+আ প্র.]।

২=[চট্ট]—বিণ. সমকক্ষ ॥ [< কোট<কোট্ট+ইয়া; অর্থ প্র.]।

৩=[কুম]—বি. গরুর লেজ দ্বারা তৈরী পাখি ধরার ফাঁদ বিশেষ ॥ খুই-ট্টা দিয়া কৈতর্ দরা শহয্।

খুইত্যা=[চা]—বিণ. ভাঙা, দাগী, দোষী, ছিদ্রওয়ালা ॥ এই কাপর্‌ডা খুইত্যা ঐয়া গেসে। [<খুঁত<ক্ষত +ইয়া]।

২=[রা]—বি. চটের তৈরী এক প্রকার ছোট থলে ॥ [<খুতি+ইয়া]।

৩=[কুম]—বিণ. আহত, আঘাত প্রাপ্ত ॥ [দেখ খুইত্যা]।

খুইত্‌তা=[চা]—বিণ. খুঁতওয়ালা ॥ এমুন্ খুইত্‌তা গরু আমি কিন্‌তাম্ না। [দেখ খুইত্যা]।

খুইদা=[সি]—বিণ. অমিতব্যয়ী ॥ হে বর খুইদা।

খুইদ্যা=[ম]—অস ক্রি. ইচ্ছা করিয়া ॥ খুইদ্যা হাংগা বওয়ার্ কিস্যু গরব্ আসে? [<খুঁজিয়া]।

খুইদ্=[সি]—বি. চাউলের কণা, ক্ষুদ ॥ [<ক্ষুদ<ক্ষুদ্র]।

খুইন্যা=[চট্ট]—বিণ. খুনী ॥ খুইন্যা বেডায় বাগি গেইয়ে। [<খুন خون ফা.=ইয়া প্র.]।

খুইন্=[বা]—বি.মাছের গর্ত ॥ খুইনে হন্ কৈরা আত্ দিস। [<খইন< খনি সং]।

খুইন্‌ল্যা=[ম]—বি. বাঁশের তৈরী মাছ মারার যন্ত্র বিশেষ ॥

খুইয়া=[ম]—বি. ছোট মাছ ধরার জাল বিশেষ ॥

২=[কুম]—অস. ক্রি. <খসিয়া, ধ্বসিয়া ॥ গরের্ বেরাডা খুইয়া গ্যাসে।

খুইয়ানো=[কুম]—ক্রি.ধমক দেওয়া ॥

খুইরা=[পা,কু,রা]—বি. ডাঁটা ॥

খুইল্যা=[চট্ট]—বি. চাচা ॥ খুইল্যা আমারে আদর্ করেন্। [খুল<খুল্ল প্রা.+ইয়া প্র.; সাধু খুড়া]।

খুইল্=[ফ, নো]—বি. হুক্কার খোল বা মাথার খুলি ॥ এই নৈর্‌কোল্‌ডায় বালা এক্‌টা খুইল্ ঐবো। [<খুলি]।

খুইল্‌লা=[চট্ট]—বি. সেজো ॥ [দেখ খুইল্যা]।

খুইশ্যা=[ম]—অস. ক্রি. গুজিয়া ॥ কাপর্‌ডা খুইশ্যা ল (লও)। [<খুশিয়া]।

খুইশ্‌টা=[ম]—বিণ. অপরিষ্কার ॥ খুইশ্‌টা কাম্। [<কুষ্টিয়া<কুষ্ঠ+ইয়া কিংবা<খেঁচড়া]।

২=[ম]—বিণ. খারাপ, বিশ্রী ॥ খুইশ্‌টা কথা কও কেনে? [পুর্বে দেখ]।

খুইস্যান্=[কুম]—ক্রি. জমিতে ধান গাছ কম হইলে ফাঁকা জায়গায় পুনরায় ধান গাছ রোপণ করা ॥ যমিডা খুইস্যান্ দর্‌কার্। [দেখ খুইশ্যা]।

খুওয়াড়্=[ম]—বি. খড়ো ঘাস ॥ আমাদের্ খুওয়াড়্ কাটা হয়েসে।

খুংখুংগি=[রং]—বি. বোকাটে স্ত্রীলোক ॥ হেটা এক্‌টা খুংখুংগি। [খুংখুং অনু.+ই প্র.]।

খুংগি=[রা]—বি. খাবুই ॥

২=[ম]—বি. জড়সড় অবস্থা ॥

৩=[খু]—বি. খেজুর গাছ কাটার সময় দা রাখার পাত্র ॥ [দেখ খুংগি]।

খুই মারা=[নো]—ক্রি. ধমকানো ॥ খুঁইমারি তাড়াই দাও।

খুকিহ্=[রা]—বি. কাশি ॥ [খুঁ খুঁ ধ্বন্যা.]।

খুঁচা=[রা]—ক্রি. মাড়ানো, পদ-দলিত করা ॥ পাপে কাবড়্ দিলে গোবর্ খুঁচুতে হয় না।

খুচি=[রা]—বি. মুড়ি ভাজার সময়

ব্যবহৃত নারিকেলের পাতার বা বাঁশের শলাকা ॥

২=[রা]—বি. ছোট গোলাকার পাত্র বিশেষ ॥ খুঁচিতে জল্‌পান্ দ্যাও [<কুঞ্চি সং]।

৩=[দি]—বি. বাঁশের কাঠির তৈরী ঝাটা ॥ খুঁচি দি আগিনা ঝাট্ দেয়্। [পূর্বে দেখ]।

৪=[ব]—বি. বেতের তৈরী মাপের পাত্র ॥ [দেখ খুঁচি]।

খুঁচ্যানি=[রা]—বি. নাড়া দিবার উপকরণ ॥ [<খোঁচা+নি প্র.]।

খুঁটি=[ব, রা]—বি. অতি ক্ষুদ্র হাড়ি, মৃৎপাত্র ॥ দৈয়ের খুঁটিটার্ দাম্ কত ?

২ =[রা]—বি. তৈলের পাত্র ॥ ঘরে খুঁটি ভরা ত্যাল্ আছে।

খুঁটু=[রা]—বি. ছোট জমিখণ্ড ॥ আউশের তিন্ খুঁটু জমিই আমার্ শম্বল্।

খুঁট্যা=[রা]—বি. ফলক ॥

খুঁটো=[রা]—বি. ক্ষেত্র ॥ এক খুঁটো জমি।

খুঁড়ি খুঁড়ি=[নো]—ক্রি. বিণ. অল্প অল্প করিয়া ॥ তুই আঁরে খুঁড়ি খুঁড়ি কা বাতু দেশ্ ? [দেখ খুইট্যা,]।

খুঁড়ো=[খু]—অব্য. ওহে ॥ খুঁড়ো তুমি কোথায় গিয়েসিলে ? [< খুড়া =কাকা]।

খুঁচুনি=[নো]—বি. খুঁৎ ॥ কতার্ এতো খুঁচুনি বার্ কৈর্‌লে কি বাঁচা যায় ? [খুঁত+উনি প্র.]।

খুঁশাখুঁশি=[কু]—বি. স্থান পাওয়ার জন্য ব্যস্ততা ॥ এত যায়্‌গা থাকৃতে খুঁশাখুঁশি করিশ্ ক্যান্ ? [অনু.]।

খুকুরাহ্=[রা]—বিণ. রাগান্বিত ॥ অত খুকুরাহ্ হছিশ্ ক্যান্ ?

খুকৃশি=[রং]—বি. বাড়ির পিছন ভাগ ॥ [<খুকৃশি<খুশকী خشکی ফা. ; বর্ণ বিপর্যয়]।

২=[রং]—বি. গলি ॥ কোনাল্‌টা খুকৃশিত্ আছে, নিয়ে আয়্।

খুকৃশি মারা=[খু]—ক্রি. নীরবে জড়সড় হইয়া দাঁড়ানো ॥ [দেখ খুকৃশি +মারা=শুকাইয়া যাওয়া]।

খুখি=[সি]—বি. কাশি ॥ [দেখ খুঁকিহ্]।

খুগ্‌লা=[য]—বি. খোসা ॥

খুচ'রুন্=[চা]—বি. খুন্তি ॥

খুচ'া=[য]—ক্রি. খনন করা। [< খুঁচা]।

২ =[পা]—বি. ধারাল আগবিশিষ্ট কাঠি ॥ [<খোঁচা ; যদ্বারা খোঁচা দেওয়া হয়]।

খুচ'াই=[বা]—বি. শিং কৈ মাছ জিয়াইয়া রাখিবার বাঁশের ফাঁদ ॥ [দেখ খুঁচি,+আই প্র.]।

খুচ'া কতা=[সি]—বি. বাঁকা কথা ॥ তোমার্ খুচ'াকতা অশহ্য। [<খোঁচা +কথা]।

খুচ'ানো=[য]—ক্রি. উত্তেজিত করা ॥ [<খোঁচ=আনো প্র. ; নামধাতু]।

খুচি'=[য, রা, সি, খু]—বি. বেত কিংবা বাঁশের তৈরী ছোট আধার বিশেষ ॥ খুচি' মেপে ছড়্‌য় দেব (য)। [দেখ খুঁচি,]।

২=[ফ]—অস. ক্রি. লাগাইয়া ॥ [<খুচিয়া<খুঁচাইয়া ; দেখ খুচানো]।

৩=[চা, খু]—বি. বড় ডালা, চাঙ্গার, ঝুড়ি, ধামা ॥ খুচি' পাইতা তর্‌কারি আন্। [দেখ খুঁচি,]।

৪=[রা]—বি. ভুল ॥

৫ =[পা, কুষ]— বি. ছিপি, কোন সংকীর্ণ স্থানে কিছু গুজিয়া দেওয়া ॥ চ'ালে খুচি' দিতে ঐবে।

৬=[রা, দি]—বি. খৈ ভাজিবার বাঁশের কাঠি ॥ নব্‌বা খুচি না হৈলে খৈ ভাজা জায়্ না। [<খোঁচা+ই প্র.]।

৭=[রং]—বি. আট সের পরিমাণ পাত্র ॥ এক্ খুচি মুড়ি নিয়া জাবা। [দেখ খুচি,]।

৮=[কু]—বি. ছোট মাছ ধরার জাল বিশেষ ॥

খুচি' দেওয়া=[য]—ক্রি. পুরাতন খড়ের চালে স্থানে স্থানে নূতন খড় দেওয়া ॥ [দেখ খুচি',+দেওয়া]।

২=[ফ]—ক্রি. ক্ষেতের ফাঁকা জায়গায় ফসল লাগান ॥ ধান্ খেতে খুচি' দেও। [পূর্বে দেখ]।

খুচি ধরা=[রা]—ক্রি. ছোটখাট ভুল ধরা ॥ কাজে এত খুচি ধর্‌লে কি চলে ?

খুচু=[রং]—বিণ. বেঁটে লোক ॥ তোর্ নাগা খুচু আর্ নাই।

খুচু'খুচি'=[কুষ]—বি. জ্বালা যন্ত্রণা ॥ গাবাচি'র্ খুচু'খুচি'তে থাকা লাগে না। [<খোঁচা খুঁচি]।

খুচু'স্=[সি]—বিণ. লাজুক ॥ খুচু'স্ অকলের্ লাকান্ লুকাইয়া থাক্‌লো কেনে ? [<খসম خصم আং=স্বামী ; নওশা]।

খুচু'র্ মুচু'রি=[য]—বিণ. দুমড়ানো ॥ কাগজ্‌গুলা এ্যাবা খুচু'র্ মুচুরি কৈর‍্যা থুইস্ ক্যা ? [<কুচুরি< কোচর<কোচড়ানো+মুচুরি < মোচড়ানো]।

খুচুর্ খুচুর্=[রং]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চেংরাটা খুচুর্ খুচুর্ করি হাটে। [<খচর মচর ; অনু.]।

খুচু'র মুচু'র করা=[বা]—ক্রি. মনোযোগ দিয়া কাজ না করা ; অপ্রয়োজনে কিছু নাড়াচাড়া করা ॥ এত খুচু'র্ মুচু'র্ কর্‌স ক্যান্ ? [দেখ খুচুর্ মুচুর্]।

খুচে' খাওয়া=[য]—ক্রি. বিরক্ত করা ॥ [দেখ খুচানো ; খুঁচাইয়া +খাওয়া]।

খুচৈ'=[ফ]—বি. মাছ রাখার পাত্র ॥ [দেখ খুঁচি,]।

খুচৈ'ন্=[বা]—বি. সাজি জাতীয় পাত্র ॥ খুচৈ'ন্ আন্ দেখি কিস্যু মাস্ ধরা যায় কিনা ? [দেখ খুঁচি,+ন]।

২=[বা]—বি. সুতার তৈরী ওচা বা মাছ ধরার যন্ত্র ॥ খুচৈ'ন্ দিয়া মাস্ দর্।

খুচৈ'ন্=[বা]—বি. ত্রিকোণাকার জাল বিশেষ ॥ খুচৈ'ন্ দিয়া চিং'ড়ি মাস্ দরে।

খুচ'=[সি]—বিণ. নিম্ন, নিচ ॥ ই বাগাটা খুচ'। [<দেখ খোঁচ<কুঁচ <কুঞ্চ (ন)]।

২=[সি]—ক্রি.বিণ. ত্রুটিযুক্ত ॥ কাপর্ শেলাই খুচ' ঐ রৈসে। [<খুঁত]।

৩=[কুম]—বি. দোষ, ত্রুটি ॥ মাইয়াডা মাইন্‌শের্ খুচ' কৈতে খুব মযবুত্। [পূর্বে দেখ]।

৪=[সি]—বিণ. আউলা, অসমান, বিশৃঙ্খল ॥ বিস্‌নাডা খুচ' ঐয়া গেসে। [পূর্বে দেখ]।

খুচ্' খুইস্যা=[চট্ট]—বিণ. খুসখুসে ॥ হিআয় খুচ'খুইস্যা কাশ্ ঐয়ে। [<খুশ্‌খুশিয়া=খুশ্‌খুশে ; ধ্বন্যা.]।

খুচ্'ড়ানি=[সি]—বি. নাড়া দিবার উপকরণ ॥

খুচ্'ড়ানো=[খু]—ক্রি. উস্কাইয়া দেওয়া ॥ [<খোঁচড়ান]।

খুচ্'রা খুচ্'রি=[সি]—বি. খুচরা হিসাব ॥ [<খুচ্‌রা<খুদ্‌রা হিং< ক্ষুদ্র সং+রা]।

খুজালু=[রং]—বিণ. স্বেচ্ছায় বদমায়েশি করে এমন ॥ খুজালু নেয়ে। [<খুঁজ+আলু প্র.]।

খুজুলি=[দি]—বি. চুলকানি ॥ ওর শারা গায়ে খুজুলি ভরা। [< খুজুলি হিং]।

খুজ্‌না=[রং]—বিণ. যে জিনিস খুজে ॥ [<খোঁজন+ইয়া প্র.]।

খুজ্‌লা=[রং]—বি. শয়তানি, দুষ্টামি, বদমায়েশি ॥ মোর্ শাথে খুজ্‌লা করি তোর্ ভাল হবি না। [খিজল خجل আং+আ প্র.=লজ্জিত, অপমানিত ; অর্থ প্র.]।

খুজ্‌লা খুজ্‌লি=[রং]—বি. অনর্থক ইয়ার্কি বা ঠাট্টা ॥ এত খুজ্‌লা খুজলি ভালা না। [দেখ খুজ্‌লা ; ব্যতিহারে দ্বিত্ব এবং ই প্র.]।

খুজ্‌লানো=[দি]—বি বিরক্ত করা ॥ ছেলেটাকে খুজ্‌লাইস্ না। [দেখ খুজুলি+ আনো প্র.]।

খুজ্‌লি=[রং]—অস. ক্রি. খোঁজ করিয়া ॥ পুলিশ্ খুজ্‌লি কথা নেয়। [খোঁজ+লইয়া]।

খুজ্যা=[কুম]—অস. ক্রি. <খুঁজিয়া, চাহিয়া ॥ তার্ কাসেতে খুয্যা টেহা আনিশ্।

খুয্‌খায্=[সি]—বি. অনুসন্ধান ॥ [খোঁজ ; খাঁজ অনু:]।

খুটা=[বা, রং]—বি. কাঠ ॥ [খুট< কূট+আ]।

২=[রং]—বি. খাট, চৌকি ॥ খুটাত্ বিছ্‌না কর। [খাট+উয়া প্র.]।

৩=[পা]—বি. অতি ক্ষুদ্র হাঁড়ি ॥ দৈয়ের্ খুটাডার্ দাম্ কত? [দেখ খুটি]।

খুটাকাটা=[রং]—বি. মিস্ত্রী ॥ [দেখ, খুটা+ কাট(<কর্তন)+আ]।

খুটা মারা=[চা]—ক্রি. ক্ষতি করা ॥ তর্ বালর্ পথে খুটা মাইর্যা থুইসে [দেখ খুটা+মারা ; অর্থ প্র.]।

খুটি=[খু]—বি. মাছের ঝাঁক ॥

২=[পা, রা, দি, চা]—বি. মাটির তৈরী ছোট ঘটি ॥ এক্ খুটি পানি আনচে (রা)।

৩=[সি]—বি. খড়মের বৌলা ॥ খরমর্ খুটি আইয্ আসে কাইল্ নাই। [দেখ খুটা+ই ক্ষুদ্রার্থে]।

৪=[খু]—বি. মাছ আমদানী রফতানীর কেন্দ্র ॥ [<খটী<খনি]।

৫=[ম]—বি. ছোট ছেলেমেয়েদের খেলার মাটির পাত্র বিশেষ॥ [দেখ খুটি২]।

খুটি আক্‌ড়া=[রং]—ক্রি. জেদ করা ॥ এমন্ খুটি আকুড়েছিশ্ কেন্? [<খুঁটি+আকড়া=আকড়ানো]।

খুটি খুটি=[রং]—অস. ক্রি. বিশেষ করিয়া খুঁজিয়া ॥ মরুচগুলা খুটি খুটি তুলিশ্। [<খুটিয়া খুটিয়া]।

খুটি দরা=[চা, রা]—ক্রি. জেদ করা ॥ তুই খুটি দৈরয্যা রৈলি কেন্ (চা)? [<কোটি=কোট (জিদ)]।

খুটিনাবা=[চট্ট]—বিণ. অমূলক সুত্র, দোষ ॥ ই এক্ খুটিনাবা পাইলাবুনি? [<খুঁত+ই+নাবহ্ ৯০৬ ফা.]।

খুটি নেওয়া=[রং]—ক্রি. বৃদ্ধা ও তর্জনীর দ্বারা কোন দ্রব্য গ্রহণ করা ॥ [<খুঁটিয়া+নেওয়া]।

খুটিয়ালা=[সি]—বি. কানের উপরের অলঙ্কার ॥ খুটিয়ালা আইয্ কাইল্ অনেকে পিন্‌দে না।

খুটির্ বুড়ি=[রং]—বিণ. বেশী বয়স্ক, অবিবাহিতা ॥ তোকে খুটির্ বুড়ি করি মারবে। [খুঁটি+র (সম্বন্ধে) বুড়ি(বৃদ্ধা)]।

খুটু=[রং]—বিণ. বেঁটে বা খাট ॥ তোর্ মত খুটু আর্ দেখিছু না মুই। [<খাটো<খাট]।

২=[রা]—বি. পিঁয়াজ বা ঐ শ্রেণীর রবিশস্য বুনিবার খালি জমি ॥

খুট্যা=[ফ]—বি. খুঁটি ॥ গরুডা খুট্যার্ শাথে বাইন্‌দা যা। [<খুঁটিয়া <খুঁট+ইয়া প্র.]।

খুট্যাল্=[পা]—বিণ. দুষ্ট, ডানপিটে ॥ সেলেটা বড় খুট্যাল্। [< খুট(<খুণ্ড সং)+ইয়া+ল প্র.]।

খুটে=[দি]—বি. চেয়ার। [দেখ খুটা]।

খুট্=[বা]—ক্রি. বিণ. থামিয়া পড়ার ভাব ॥সাগোল্‌টি ক্যান্ খুট্ করে। [দেখ খুটি দরা]।

২=[রং, ম]—বি. <খুঁটি ॥

৩=[সি]—বি. কাপড়ের আঁচল ॥ [<খুঁট<কুট সং]।

৪=[রং]—বি. দফা ॥ এক্ খুটে দুই বছর্ মুই বিদেশেতে আছুনু।

৫=[খু]—বি. সাড়া ॥ গিন্নুখের্ খুট্ পাইয়া চোর্ পলাইল্।

৬=[রা]—বি. দাগ ॥ আর্ দুই খুট্ জমি বানাইবার্ বাকি আছে। [<খুঁত<ক্ষত সং]।

খুট্‌খুটি=[সি]—বি. মন ভাঙান ॥ বৌটা খালি খুটখুটি করে। [অনু.]।

খুট্‌খুট্যা=[চা]—বিণ. অতিরিক্ত, মাত্রাধিক্য ॥ খুটখুট্যা বুয়া বেডা। [<খুট্‌খুট্ (ধ্বন্যা.)+ইয়া প্র.]।

খুটগারি=[ব]—বি. বন্ধক ॥ মহাবনে আমার্ শব্ কিসু খুটগারি কৈরা রাখ্লে। [<খুট<খুঁটি+ গারি< গাড়িয়া (<গাড়না হিং)]।

খুটটা=[ব]—বি. পাখী ধরার ফাঁদ বিশেষ ॥

২=[রা]—বি. নাপিত ॥ বাজারে খুটটার কাছে জাব। [খোট্টা ; অর্থ প্র.]।

খুটটি=[কুম]—বি. ঘা ফোঁড়া ইত্যাদির শক্ত আবরণ ॥ ফোয়াড়্ খুটটি বান্সে।

২=[ব]—বি. পেছনের দিকে জোর করা ॥ [দেখ খুট্]।

খুট্টি করা=[পা]—ক্রি. অগ্রসর হইতে অনিচ্ছা প্রকাশ করা ॥ সাগলে খুট্টি কৈর্চে'। [দেখ খুট্]।

খুটটামি=[ঢা]—বি. দুষ্টামি ॥ [দেখ খুট্+মি প্র.]।

খুটনি=[সি]—বি. কথায় কথায় তর্ক ॥ তুমি এত খুট্নি দরিবায় না। [<কুট্ন (কুট্টন)+ই প্র.=কুট্নী অথবা দেখ খুট্ +নি প্র.]।

খুট্ বেড়া=[রা]—বি. মুগুর ॥ খুট্ বেড়া মাথায় হান্। [দেখ খুট্ + বেড়া]।

খুটলানো=[রা]—ক্রি. চিমটি কাটা ॥ বারে বারে খুট্লাও কেন্ ?

খুডা=[নো]—বি. খুঁটি ॥ খুডা দিয়া গরু বান্। [দেখ খুট্]।

২=[ব]—বি. উপহাস, খোঁটা ॥ শব্ শময় খুডা দিও না। [<খোঁটা]।

খুডা খুডি=[কুম]—বি. ঝগড়া ॥ এত খুডা খুডি কিয়ের্ ? [<খোঁটা খুটি]।

খুদনি=[রং]—বিণ. ছোট, ক্ষুদে ॥ খুদনি মাছির চাকেও মধু থাকে। [< খুদ (<ক্ষুদ্র)+নি প্র.]।

খুদান্=[পা,চট্ট]—বি.ঠোকর, ঠোঁটের আঘাত ॥ [<√খুদ্ সং+আন প্র. ; নাম ধাতু ; দেখ খুদিয়া]।

খুদাবন্দি=[ব]—বি. বিবাহ ॥ খুদাবন্দি কাবে বাধা দিও না। [< খুদাবন্দ خداوند ফা.+ই প্র. ; খোদার (কাজ) ; শুভকাজ]।

খুদার্ গর্ দেইখ্যা আশা=[ব]—ক্রি. মারাত্মক ব্যাধি হইতে আরোগ্য লাভ করা ॥ তার্ কলেরা ঐসিল্, খুদার্ গর্ দেইখ্যা আইসে। [<খোদার ঘর দেখিয়া আসা ; বাগ্ধারা]।

খুদি=[রা]—বি. এক প্রকার আম ॥

২=[রং]—বি. চাউলের খুদ ॥ [দেখ খুদ্+ই প্র.]।

খুদি খিরসা=[রা]—বি. আম বিশেষ ॥ [দেখ খুদি +ক্ষীর+ সা]।

খুদিপেনা=[সি]—বি. খুব ছোট পোনা ॥ রাষ্ আশের বাচ্'চা খুদি পেনা খায়। [<খুদ(<ক্ষুদ্র)+ই+ পোনা (<পোতাধান)]।

খুদিয়া=[রং]—বিণ. খুদযুক্ত, খুঁত বিশিষ্ট ॥ এগুলা একেবারে খুদিয়া চা'উল্। [খুদ(<ক্ষুদ্র)+ইয়া প্র.]।

২=[সি]—অস.ক্রি. খুড়িয়া ॥ আমার্ বারির্ খাল্ খুদিয়া হে লৈয়া গেসে।

খুদুর্ বুদুর্=[সি]—বি. অস্থিরতা ॥ তোমার্ খুদুর্ বুদুরের্ লাগি বিশ্‌শাশ্ করি নায়। [অনু.]।

খুদে কাশ্‌টে=[খু]—বি. গাছের নাম ॥ খুদে কাশ্‌টে গাসের্ পাতা খুব্ সোট। [দেই খুদনি ; ক্ষুদ্র কাষ্ঠ]।

খুদে চ'চা=[খু]—বি. চতুর্থ চাচা ॥ খুদে চ'চার্ বাশায় থাকি। [খুদ (<ক্ষুদ্র)+এ প্র.+চাচা হিং]।

খুদে শালুক্=[খু]—বি. পুকুরে জন্মে এইরূপ ক্ষুদ্র লতা ॥ [দেখ খুদে চ'চা ; ক্ষুদ্র শালুক]।

খুদ্যা=[চট্ট]—বিণ. খুদে, ক্ষুদ্র ॥ খুদ্যা বোলা। [দেখ খুদিয়া]।

খুদৈরা=[ঢা]—বিণ. ক্ষুদ্র, ছোট ॥ খুদৈরা বল্‌লায় কামরে যবর বিশ্। [<খুদ<ক্ষুদ্র সং+ইরা প্র. ; তুং খুদরা হিং]।

খুদ্=[রা, ব]—বি. চাউলের কণা ॥ খুদ্‌কুড়া খেয়ে বেঁচে আছি (রা)। [<ক্ষুদ্র]।

২=[রং]—বি. দোষ, খুঁত ॥ ইহাতে কুনু খুদ্ নাই। [খুঁত<ক্ষত]।

খুদ্‌খুদি=[রং]—বি. অযথার্থিক কল্পনা বা ভাব ॥ [দেখ খুতুখুতি ; অনু.]।

খুদ্‌ড়ো=[কু]—বি. খুচরা ॥ টাকাটা নিয়ে খুদ্‌ড়ো দাও। [দেখ খুচ্‌রাখুচ্‌রি ; তুং খুদ্‌রা হিং]।

খুদ্‌দানি=[রা]—বি. পদদলন, দলিত করণ ॥ গরু বাছুরে খুদ্‌দানি করে খেতের্ ফশল্ নষ্ট করেছে। [দেখ খুদিয়া]।

খুদ্‌দানি করা=[রা]—ক্রি. মাতব্বরী করা, পাঁয়তারা ভাঁজা ॥ [কর্দানী کردانی ফা.]।

খুদ্‌দি=[খু]—বি. প্রত্যেক ॥ [< খুদ<ক্ষুদ্র+ই প্র.]।

খুদ্‌বুদি=[ব]—বি. সন্দেহ ॥ কোন কাবে খুদ্‌বুদি থাকা ভালা নয়। [খুদবুদ (অনু.)+ই প্র.=খুঁতখুঁত]।

খুদ্ মান্‌কি=[সি]—বি. ধানকুশি গাছ ॥ খুদ্‌মানকির্ রশে দোয়াইর্ কাম্ অয়। [খু<ক্ষুদ্র+মাণিক্য]।

খুদ্‌রা=[সি]—বিণ. অপ্রাপ্ত বয়স্ক ॥ খুদ্‌রা গরু দান্ খাইলাইলো। [<ক্ষুদ্র +রা প্র.]।

২=[সি]—বি. এক প্রকার শাক ॥ খুদ্‌রা শাক্ খাইতে মন্দ নায়।

খুদ্‌রি=[রা,ব]—বিণ. ছোট ॥ খুদ্‌রি আলুর্ দাম্ কত ? [<ক্ষুদ্র+ রি প্র.]।

খুধি=[পা,রা]—বি. জামার পকেট ॥ হাফ্ শার্টে তিন্‌টি খুধি থাকে। [দেখ খুতি]।

খুনা=[ব]—বিণ. নষ্ট, খোয়া ॥ একটা পয়শাও খুনা যায় নাই। [<খোয়া (<ক্ষয় সং)+ন+আ প্র.]।

খুনি=[খু,ব]—বি. গাছির গাছকাটা দা রাখার পাত্র ॥

২=[খু]—বি. ছোট ভাঁড় ॥ খুনিতে কি ?

৩=[রং]—বি. কাছারী ঘরের সামনের প্রশস্ত জায়গা ॥

খুনু=[য]—ক্রি. বিণ. এক্ষণে॥ আমি যাব খুনু তুই যা। [<ক্ষণ+উ প্র.]।

খুনুশ্=[ঢা, ম]—বি. রাগ, প্রতিশোধ গ্রহণের ইচ্ছা॥ হের্ পাই আমার্ খুনুশ্ রৈয়া গেসে। [<খুন (<খুন خون ফা.)+সা প্র.]।

খুন্ অওয়া=[ঢা]—ক্রি. হয়রান হওয়া॥ কাইন্দা খুন্ ঐয়া গেল্। [দেখ খুনুশ্; খুন+হওয়া; অর্থ প্র.]।

খুন্ করা=[ঢা]—ক্রি. সর্বহারা করা॥ ডাকাইতে আমারে এক্কেলে খুন্ কৈরা গেসে। [দেখ খুন্ অওয়া]।

খুন্খুইন্যা=[নো]—বিণ. ঈষৎ দুর্গন্ধ যুক্ত, ভ্যাপসা॥ তার্ গাউত্ খুনখুইন্যা বাশ্। [<খুন খুন (অনু.)+ইয়া প্র.]।

২=[ঢা]—বিণ. অতিরিক্ত॥ আমার্ নানায় খুন্খুইন্যা বুরা ঐয়া গেসেগা। [অনু.]।

খুন্খুনে=[য]—বি. বাঁশের শলাকার তৈরী মাছ ধরার যন্ত্র বিশেষ॥

খুন্ খেরামত্=[ঢা]—বিণ. অস্থির, হয়রান॥ পোলডা বাতের লেইগ্যা খুন্ খেরামত্ ঐয়া যাইতাসে। [<দেখ খুন (<খুন خون ফা.)+খারাব خراب আং +ত প্র.]।

খুন্চ'া=[বা]—বিণ. পাত্রের গভীরতা॥ পাত্তিল্টার্ বেশি খুন্চ'া নাই। [<কুন্চা<কুঞ্চন]।

২=[বা]—বি. বাঁশের তৈরী পাত্র বিশেষ॥ খুন্চ'ায় কৈরা মুরি খাইতে দাও। [দেখ খন্চ'া]।

খুন্চু'না=[চট্]—বি. এক প্রকার বাদ্য যন্ত্র॥ [<খঞ্জনি]।

খুন্যাত্তি=[নো]—বিণ. গর্ভধারিণী॥

খুন্যুরি=[পা, কু, রা]—বি. গোসাপের চর্মে তৈরী বাদ্যযন্ত্র বিশেষ॥ খুনযুরি সাড়া বারি গান্ গাওয়া যায়্ না (পা)। [<খঞ্জরি <খঞ্জনি]।

খুন্টান্=[সি]—ক্রি. চিমটি কাটা॥ খুন্টাইওনা। [<খুঁটান]।

খুন্ডি=[রং]—বি. বাহির বাড়ির উঠান॥

খুন্ডু=[ম]—বিণ. প্রাচুর্য, আধিক্য॥ বিলে মাসের্ খুন্ডু। [<কুণ্ড]।

খুন্তা=[খুব]—বি. খন্তি, মাটি খোঁড়ার যন্ত্র॥ [<খন্তা<খনিত্র সং]।

খুন্দ=[খু]—বি. সুড়ং॥ [<খনদক خندق ফা. কিংবা কন্দহ کنده ফা.]।

খুন্দড়=[ক]—বি. গুপ্তস্থান, আঁধার কোঠা॥ খুন্দড়ো হামাইয়া বৈ রৈসো কিতা, বারও। [<খোঁদল<খোঁড়ল <কোটর সং; তুং খুচুল হিং]।

খুন্দল্=[সি]—বি. গুপ্ত আশ্রয়॥ খুন্দলর্ পেচ'া। [পূর্বে দেখ]।

খুন্দা=[সি]—বিণ. গাছের গোড়া খুঁদিয়া তৈরী নৌকা॥ [<খোঁদ [<√ক্ষুদ্ সং)+আ প্র.; তুং কুন্দহ্ کنده ফা.]।

খুন্দুপ্=[খু]—বি. গর্ত॥ পথটাত্ বড় খানা খুন্দুপ্ হয়ে গেইসে। [দেখ খুন্দ]।

খুন্দ্যা=[রা]—বি. অন্বেষণ॥

খুন্ মুনিষ=[কুম]—বি. পুলিশ॥ (<খুন (<খুন خون ফা.)+মুনিষ্য< মনুষ্য সং]।

খুন্শা=[রা]—বি. ধমক॥ [দেখ খুনুশ্]।

খুন্শালা=[ম]—বি. গুপ্ত হত্যা ও অত্যাচারের স্থান॥ আগে রাযারার্ খুন্শালা আসিল্। [খুন+শালা]।

খুন্শুড়ে=[খু]—বিণ. হিংস্রক॥ শে এক্টা খুনশুড়ে লোক্। [দেখ খুনুশ্+রে প্র.]।

খুন্সাতি=[ম]—বি. ছাতা বিশেষ॥

খুপি=[পা]—বি. ঘরের বেড়া॥

২=কুম]—বিণ. সুন্দর, নয়নাভিরাম॥ [<খুব خوب ফা.+ই]।

৩=[য]—বি. মোরগ মুরগী থাকিবার স্থান॥ [খোপ (<কুপ)+ই]।

খুপ্রি=[রং]—বি. ছোট্ট ঘর, ছোট ঘর॥ [<খোপ(দেখ খুপি৩)+রি]।

খুপে খুপে=[রং]—ক্রি. বিণ. হঠাৎ, একটির পর একটি॥ [দেখ খুপি; খোপ+এ বিভক্তি]।

খুপ্=[ম]—বি. খোপা॥ 'কৈন্যার্ মাথাত্ পন্চ' খুপ্।' [<খোপা]।

খুপ্চি খুপ্চি=[রং]—ক্রি. বিণ. বারে বারে, ইতস্ততঃ॥ খুপ্চি খুপ্চি টাকা না দিয়ে এক্বারে দে। [দেখ খুপে খুপে]।

খুপ্টি=[চা]—বি. কামরা॥ দলানের্ হেই খুপ্টিত্ কেডায়্ থাকে? [দেখ খুপুরি]।

খুপ্পুত্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ॥ খুপ্পুত্ করি ধর্। [ধ্বন্যা.]।

খুপ্রি=[রং]—বি. ছোরা, তলোয়ার॥ [<খুরপি<খুরপ্র; বর্ণ বিপর্যয়]।

২=[বা, ফ, ঢা]—বি. জানালা॥ ঘরে খুপ্রি রাখন্ বালা। [দেখ খুপি৩; খোপ+রি]।

খুফা=[ম]—ক্রি. পোঁতা॥ বাঁশ্টা খুফ্।

খুফি=[কুম]—বি. সৌন্দর্য॥ চুলে মাথার্ খুফি বারায়্। [দেখ খুপি]।

খুফিয়া=[চট্]—বিণ. যাহা সাধারণের জন্য নয়॥ খুফিয়া পথ্। [খুফ্য়ঃ خفیه আং=গুপ্ত]।

২=[সি]—বি. নেকড়ে বাঘ॥

খুবি=[য]—বি. হাঁস মুরগীর বাস বিশেষ॥ খুবিতে দ্যাখ্ দুইডা ডিম্ আসে। [দেখ খুপি৩]।

৩=[বা]—ক্রি. বিণ. অনেক॥ আর্ দেওয়া যায়্ না, খুবি দিয়েসি। [দেখ খুপি২]।

৩=[নো]—বি. ফাঁকা যায়গা॥ এই খুবিতে বর্শি ফেল্। [দেখ খুপি৩]।

খুবিয়া বৈজা=[চট্]—বি. চোরা পথ॥ তার্ বাইত্ এক্টা খুবিয়া বৈজা আসে। [দেখ খুফিয়া+পন্থ প্রা<পথ সং]।

খুবেই=[রা]—ক্রি. বিণ. খুবই ॥ মেয়েটা মোক্ খুবেই ভাল লাগিছে। [দেখ খুপি$_2$]।

খুব্‌চি কাটা=[রা]—ক্রি. কিছু রাখিয়া দেওয়া ॥ খুবচি কেটে জিনিশ্ দেওয়া ; তোমার্ অভ্যাশ্। [দেখ খপি খোপ+চি]।

খুব্‌রি=[চা]—বি. ছোট ঘর ॥ গরিব্ লোক্ কোনু রহমে খুবরিতে থাহে। [দেখ খুপুরি]।

খুমন্, খুমনি=[রা]—বি. একটি ধানের নাম ॥

খুমা=[খু]—বি. গাছের পাতার বোঁটা ॥ খাযুরের্ খোমা শুকাইয়া বালান্ যায়।

খুমাইর্=[রং]—বি. পিষ্টক তৈরীর জন্য গোলা আটা ॥ হেগিলা কেমন্ খুমাইর্ করিলু তুই ? [দেখ খামিরা]।

খুমানো=[চা, কুম]—ক্রি. রাগ বা জোর দেখানো ॥ যার্ তার্ লগে খুমাইলে কি ঐব্ ?

খুমারাগি=[ম]—বিণ. বদরাগী, ভিতরে ভিতরে রাগ হয় যে ॥ খুমা-রাগি লোক্‌দের্ বিশ্‌শাশ্ করা উচি'ত্ না। [দেখ খুমানো ; খুমা+রাগ+ই প্র.]।

খুমারি=[সি]—বি. অহংকার ॥ লোক্‌টার্ মনের্ খুমারি বেশি। [দেখ খুমানো ; খুমা+রি প্র.]।

খুমি=[খু]—বি. জিদ ॥ সেলেটা খুমি করে বশে আসে, ভাত্ খাবে না। [দেখ খুমানো]।

খুমন্=[বা]—বি.আমন ধান বিশেষ ॥

খুম্যার=[রা]—বি. উত্তেজনা, কামোন্মাদনা ॥ গরুডার্ খুম্যার্ ঠুছে। [খুমার خمار আ:=নেশা]।

খুমো=[য]—বি. রাগ, অভিমান ॥ তোমার্ খুমো আমার্ শয্য হয় না। [দেখ খুমি]।

খুম্=[সি]—বি. উইয়ের ঢিপি ॥ গরর্ কোনাত্ খুর্ আসে।

খুম্‌কুমা=[সি]—বিণ, খুব তাজা, স্বাস্থ্যবান ॥ [অনু.]

খুম্‌খুমা=[সি]—বিণ. হৃষ্টপুষ্ট ॥ খুর্‌খুমা খাশি। [দেখ খুর্‌কুমা]।

খুম্‌খুম্=[রং]—বিণ. ভারী, ওজন বিশিষ্ট ॥ বাইশ্ কি খুর্‌খুর্ ওজন্‌রে। [অনু.]।

খুম্‌চ'া=[ম]—বি. কাঠের গামলা ॥ [দেখ খুন্‌চ'া$_2$]

খুম্‌টা=[সি]—বি. খামচা, চিমটি ॥ পুয়াডা খালি খুর্‌টা দেয়্।

খুম্‌মতে=[রং]—ক্রি. বিণ. প্রচুর পরিমাণে ॥ খুর্‌মতে খাবার্ খালুঁ। [<খুব (<খুব خوب ফা.) + মত +এ বিভক্তি]।

খুম্‌রানো=[খু]—ক্রি. রাগের সহিত দৃষ্টিপাত করা ॥ [দেখ খুমারি+আনো প্র.]।

খুম্‌শা=[রা]—বি. বকুনি ॥ তোমার খুর্‌শাতে ভয়্ করি না। [দেখ খুন্‌শা]।

খুয়া=[ম, সি]—বি. কুয়াশা, কুহেলিকা ॥ [<কুহা সং]।

২=[খু]—বি. <খোকা ॥ এ খুয়া তোর্ নাম্ কি ?

৩=[ম]—বি. পাথরের কুচি ॥

খুয়ান্যা=[কুম]—বিণ. নষ্টকারী ॥ পোলাডা যবর্ খুয়ান্যা। [খোয়া (<ক্ষয়)+ন+ইয়া প্র.]।

খুয়ানো=[কুম]—ক্রি. অনুপস্থিত থাকা, কামাই করা ॥ [দেখ খুয়ান্যা ; নাম ধাতু]।

খুয়া মেগ্=[চা]—বি. অতি ক্ষুদ্র ক্ষুদ্র ফোটাবিশিষ্ট বৃষ্টি ॥ খুয়া মেগে ইলিশ্ মাস্ যোয়ায়্। [দেখ খুয়া+মেঘ]।

খুয়ার্=[কুম.]—বি. খাঁচা ॥ গরে একটা খুয়ারের্ দরকার্। [<খোঁয়াড়]।

খুরত্=[চট্ট]—বিণ. <খুড়ভুত, চাচাতো ॥ ইতে আর্ খুরত্ বাই।

খুরনো=[য]—ক্রি. রোখ করা ॥

খুরল্=[মি]—বি. গুপ্ত আশ্রয় ॥ [<খোড়ল]

খুরা=[পা]—বি. পায়া ॥ [<ক্ষুর সং+আ]।

২=[সি]—বি. পায়ের পাতা ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[কুম]—বি. উঁচু জায়গা ॥

৪=[ফ]—বি. মাটির বাসন ॥ গরিবেরা খুরাত্ বাত্ খায়্। [< আব খোরহ্ آب خوره ফা. ; স. ম.]।

খুরাপ্=[রা]—বি. গবাদি পশুর খুরের ব্যারাম বিশেষ ॥ গরুডার্ খুরাই হচে। [<খুর<ক্ষুর+আই প্র.]।

খুরানি=[পা, কু, রা]—বি. গোশালার আবর্জনা ॥

খুরানো=[বা]—ক্রি. প্রসবের সময় বাচচার পায়ের অংশ দেখা দেওয়া ॥ [<ক্ষুর+আনো ; নাম ধাতু]।

খুরি=[কুম]—বি. গাছের কচি পাতা ॥ গাসের খুরি মেলসে। [<কুঁড়ি]।

২=[রা]—বি. <খোঁয়াড়, রাত্রে গরু থাকার স্থান ॥

৩=[কুম]—বি. কাকী ॥ [<খুড়ী (<ক্ষুদ্রী)]।

৪=[রং]—বি. এক প্রকার ওজন ॥ তিন্ খুরি ধান্ দাও।

৫=[রং]—বি. কটোরা, পাত্র বিশেষ ॥ তার্ হাতে তেলের্ খুরি আছে। [দেখ খুরা$_4$]।

৬=[ম]—বি. ক্ষুর ॥ খুরি দা দারি কামায়্। [<ক্ষুর+ই]।

৭=[সি]—বি. পা ॥ বান্দরের্ খুরি বার্' ঐসে বল্‌দি টানি বার্ করো। [<ক্ষুর+ই]।

খুরুইল্‌সা=[কুম]—বিণ. বিট-কেলে ॥

খুরুলে=[খু]—বি. হুতুমপেঁচা ॥ [<খোড়ল+এ প্র.=যে খোড়লে থাকে]।

২=[খু]—বি. গর্তযুক্ত, এবড়ো-খেবড়ো ॥ মাথ্'খান্‌টা বড় খুরুলে হয়ে গেসে। [পূর্বে দেখ]।

খুরো=[ক, ব, কুম]—বি. পাত্রাদির পায়া ।। বগ্‌টার্‌ খুরো নেই । [দেখ খুরা] ।

খুর‍্যা=[ফ]—বি. পায়া ।। কিরার্‌ খুর‍্যা খুইল্যা গেসে । [দেখ খুরা] ।

খুর্‌=[য]—বি. বাঁশের অংশ বিশেষ ।। খুরুডা আন্‌ দেহি ।

খুর্‌কি=[চট্ট, নো]—বি. কোদাল জাতীয় যন্ত্র বিশেষ ।। খুরকি দিয়া ধান্‌ কোড়ায়্‌ । [দেখ খুপ্‌রি] ।

২=[কুম]—বি. জানালা ।। খুরকি দিয়া গরো বাতাশ্‌ আইয়ে । [খিড়কি <খড়কী] ।

খুর্‌খুন্দ=[রা]—বি. উল্লাস ।। অত খুর্‌খুন্দ কিশের্‌ ? [খর্‌খুনদহ خرسند ফা. = সুখী] ।

খুর্‌খুরাই=[চট্ট]—ক্রি. বিণ. আল-গোছে, আস্তে ।। লাংগল্‌ খুরখুরাই চ'লে । [<খুরখুর (অনু.)+আ+ইয়া প্র.] ।

খুর্‌খুরি=[ঢা]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ ।।

খুর্‌ খুর্‌ করা=[ঢা]—ক্রি. ছেলে-মেয়েদের অযথা এইটা সেইটা নাড়াচাড়া করা, শয়তানী করা ।। তর্‌ আত্‌ পাও এত খুর্‌খুর্‌ করে ক্যান্‌ ? [দেখ খুর্‌-খুরাই] ।

খুর্‌চ'ান্‌=[সি]—বি. নারিকেল কুরানি । [খুরচনী হিং] ।

২=[রা]—বি. ঝিনুক ।। [পূর্বে দেখ; অর্থ প্র.] ।

খুর্‌চি=[রা]—বি. মাঠের কাজে ব্যবহৃত লোহার অস্ত্র বিশেষ ।। [< খুরপি<ক্ষুরপ্র সং+ই প্র.] ।

খুর্‌পা=[রা]—বি. ক্ষেতনিড়ানী ।। কামার্‌ বাড়ি হতে এক্‌খানা খুরপা আন্‌ । [দেখ খুপ্‌রি] ।

খুর্‌পাই=[ব]—বি. বাঁটালি ।। পাথরে খুরপাইটা ঘশে নে । [দেখ খুরপা +ই] ।

২=[রং]—বি. নারিকেল মালার তৈরী মাপের পাত্র ।। খুর্‌পাই দিয়া চাউল মাপ্‌ ।

খুর্‌পাকা=[চা]—বি. পায়ের তলার এক প্রকার রোগ ।। খুর্‌পাকা ঐলে পায়ের্‌ তলি গদি ঐয়া যায়্‌ । [ক্ষুর +পাকা] ।

খুর্‌পি=[রা]—বি. ঘাস ইত্যাদি নিড়াইবার অস্ত্র বিশেষ, ছোট কোদাল ।। খর্‌পি দি মাড্ডি কাড়ন্‌ যাইব না । [দেখ খুপ্‌রি] ।

২=[রা]—বি. চামড়া কাটিবার এক প্রকার যন্ত্র ।। [পূর্বে দেখ] ।

খুর্‌কি=[চট্ট]—বি. ক্ষেত নিড়ানোর জন্য ব্যবহৃত ছোট কোদাল ।। [দেখ খুর্‌পি] ।

২=[ফ]—বিণ, বাঁকা ।।

খুরবুরা=[রং]—বিণ. চটপটে ।। বেশ্‌ত এলা খুর্‌বুরা হছিস্‌ । [খুরবুর (অনু.)+আ প্র.] ।

খুর্‌বুর্‌=[চা]—বি. নড়াচড়া, চঞ্চলতা, দুষ্টামি ।। সেরিডার্‌ মুখ্‌ খবর্‌ খুর্‌বুর্‌ করে । [অনু.] ।

খুর্‌বুম্‌=[চট্ট]—বি. ফুটি ।। বালুয়া খুর্‌বুম্‌ গম্‌ ন লাগে । [<খরবুয<খর-বুযহ خربوزه ফা.] ।

খুর্‌লি=[সি]—বি. এক প্রকার পাখী ।।

খুরশান্‌=[ব, রা]—বি. ইক্ষু মাড়াই কল, আখের গুড় তৈরীর স্থান ।

খুর্‌শি=[রা]—বি. মরামাস ।। মাথাটা খুর্‌শিতে ভরে গেসে । [< খুস্কী <খুশ্‌কী<খুশক্‌ خشک ফা.+ই] ।

খুর্‌শুত্‌=[ম]—বি. <খরস্রোত ।। গাংগের খুরশুতে কেমনে নাও বাইয়ার্‌ ?

খুলাস্‌=[সি]—বি. ফোস্কা ।। [< খোলস] ।

খুলা=[কু]—বি. খামার, যে স্থানে নাড়া ও বাড়া হয় ।। [দেখ খলা] ।

খুলা বালা=[ব]—ক্রি. চুলী জ্বালানো ।। খুলা বালাও । [<খুলা(=চুলা)+ জালা(<জ্বালানো)] ।

খুলা মটর্‌=[ব]—বি, ট্রাক, লরী ।। [<খোলা+মোটর+motor ইং] ।

খুলি=[রং]—বি. বাঁশের খুঁটি ।। [< খিলি<কীলক সং] ।

২=[পা]—বি. বাড়ির বাইরে গরু বাছুর বাঁধিবার বা ধান মাড়াইবার স্থান ।। [দেখ খুলা] ।

খুলি বাড়ি=[রং]—বিণ. বহির্বাটী ।। খুলিবাড়ি হতে আশ্‌লু । [দেখ খলা+ বাটী] ।

খুলু=[সি]—বি. কাঠের তৈরী ইক্ষু মাড়াই যন্ত্র ।।

২=[পা]—বি.<কলু, তৈলজীবি ।। আমাদেগ্‌ গায়ে তিন্‌ গর্‌ খুলু আসে ।

খুলুর ন্যাতা=[কু, ব, ক]—বিণ. খুব ময়লা, অপরিষ্কার ।। কাপড়্‌ চোপর্‌ শব্‌ খুলুর্‌ ন্যাতা হয়েসে । [<কলু+র (সম্বন্ধে)+নেতা<নক্তক সং] ।

খুলুস্‌=[সি]—বি. কলাগাছ বা নারিকেল গাছের খোল ।। [<খোলস] ।

২=[সি]—বি. সুপারি পাতার নিম্ন-ভাগের চেপ্টা অংশ ।। খুল্‌খানা দিয়া এক্‌টা ব্যাগ্‌ তৈরি কর্‌ । [<খোল] ।

খুল্‌খুইল্যা=[কুম]—বিণ. ফাঁকা ।। খুলখুইল্যা মিনিশ্‌ ওযনে হাল্‌কা । [< খোলা খোলা] ।

খুল্‌ খুলা=[সি]—বিণ. সারশূন্য ।। এই কাট্টা খুলখুলা । [দেখ খুলখুল্যা] ।

খুল্‌খুলি=[রং]—বি. খাল কাটিয়া মাছ ধরিবার প্রক্রিয়া ।। এই খুলখুলিত্‌ কেমন্‌ মাছ্‌ ঐছে ?

খুল্‌খুল্যা=[নো]—বিণ. সুপরিসর ।। [দেখ খুলখুইল্যা] ।

খুল্‌তি=[রং]—বি. বহিরাজন ।। [খোল<খোলা+তি প্র.] ।

খুল্‌না=[রা]—বি. মুরগী রাখিবার ছোট ঘর ।। [দেখ খুল্‌লা] ।

খুল্‌পান্‌=[রা]—বি. মাছ ধরার ফাঁদ বিশেষ ।।

খুল্‌পো=[ব]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ।।

খুল্‌খুলান্‌=[রং]—ক্রি. লালসা হওয়া ।। মাছ খাওয়ার্‌ জন্যে আমার্‌ মনটা খুলখুলায় । [<খুলখুল (অনু.) +আন প্র. ; নাম ধাতু] ।

খুল্মি=[ব]—বি. অলসতা ॥ কাবে খুলুমি কর কেন্? [<কুড়েমি]।

খুল্লা=[রা]—বি. হাঁস মুরগী রাখার ছোট ঘর ॥ [<খোল+আ প্র.]।

২=[চট্ট]—বিণ. চতুর্থ।

খুল্লুর, খুল্লুর্=[কুম]—অব্য. খুর্‌খুর্ শব্দ ॥ খুল্লুর্ খুল্লুর্ করি খালি কাশে। [ধ্বন্যা.]।

খুল্ল্যা=[ব]— বি. মাছ ধরণ ॥

খুল্সি=[চট্ট]—বি. পাহাড়ে ঘিরা নিম্ন সমতলভূমি ॥

খুশা=[ব, পা]—ক্রি. গুঁজা, ঢুকান ॥ টাকাগুলো আমার্ হাতে পে খুশে দিল্। [√খুশ্]।

খুশা খুশি=[পা]—ক্রি.বিণ. ব্যস্ততা ঠেলাঠেলি ॥ এত যাগা থাক্‌তে খুশাখুশি করস্ ক্যা?

খুশি=[রা]—বি. নারিকেলের গাছের গোড়ার পাতলা আবরণ বিশেষ ॥ [<কোশ+ই]।

খুশি বাশি মতন্=[ম]—ক্রি. বিণ. আনন্দিত মনে ॥ খুশিবাশি মতন্ খানাপিনা কর্‌তার্ দিলা না। [<খোশবাশ خوش باش ফা.+ই প্র.]।

খুশে=[চা]—ক্রি. বিণ. খুশীর সহিত, স্বেচ্ছায় ॥ খুশে না আইলে বোর্ কৈরা আনুবি। [<খোশ خوش ফা. +এ বিভক্তি]।

খুশো=[ক]—বিণ. রসিক ॥ মামাইটা বড় খুশো। [দেখ খুশে; খুশ+উ]।

খুশ্কি=[পা]—বি. মাথার ময়লা ॥ মাথার মৈদ্যে এক্ পাদি খুশ্‌কি বৈরেচে' [<খুশকি خشکی ফা.]।

খুশ্টা=[রং]—বিণ. কৃপণ, কটুভাষী ॥ ঐ খুশ্‌টা কি টাকা ধার্ দের্?

২=[পা, ম]—বিণ. জঘন্য, নোংরা ॥ [<কুষ্ঠ+আ প্র.]।

খুশ্ট্যা=[পা]—বিণ. অসংগত ॥ খুশ্‌ট্যা কাবে আমার্ মত্ নাই ॥ [দেখ খুশ্‌টা$_1$]।

খুশ্নি=[খু]—বি. নিড়ানি ॥ [খুশ্+নি প্র.]।

খুশ্নে=[পা]—বি. কোঁচা, ছিলকা ॥ [<কোশ<কোষ সং.+নে]।

খুশ্‌মুইশান্=[ম]—ক্রি. অযথা বিলম্ব করা ॥ খুশমুইশান্ কি লাইগ্যা? [<খুশ মুশ(অনু.)+আন প্র.]।

খুশ্‌মুশ্=[রা]—বি. জড়সড় ভাব, মৃদু শব্দ ॥ তুমি খুশ্‌মুশ্ কৈর্‌ছো কেন্? [দেখ খুশমুইশান্]।

খুশ্‌সি=[রা]—বি. জলচৌকি ॥ খুশ্‌সিটায় বও। [<কুরসী كرسى আ.]।

খুসা=[সি]—বি. ঘা, আঘাত ॥ [<খোঁচা]।

খুসি=[কুম]—বি. কারো অগোচরে নিন্দাবাদ ॥ লোক্‌টা খুসি কথায় উস্তাদ্। [<কুচ্ছা<কুৎসা]।

২=[সি]—বি. বাঁশের তৈরী চাউল মাপার আড়াই সেরী পাত্র ॥ [দেখ খুছি$_2$]।

খুসি কওয়া=[কুম]—ক্রি. বদনাম রটান ॥ আমি কারো খুসি কৈ নাই। [দেখ খুসি+কওয়া]।

খুসিকথা=[কুম]—বি. একজনের কাছে অন্যের নিন্দাবাদ ॥ খুসিকথা কৈও না। [দেখ খুসি+কথা]।

খুস্=[সি]—বিণ. কুঁচকানো ॥ হারাদিন্ মানুশ্‌টার্ কপাল্ খুস্ থাকে। [<খোঁচ(কুঞ্চন)]।

খুহি=[রা]—বি. গর্ত ॥ ইঁদুরে ঘরো খুহি কর্‌ছে। [দেখ খুপি$_2$]।

খে

খেই=[খু]—বি. মাদী কুকুর ॥ [<খেঁকী]।

খেইংরা=[ব]—বিণ. হালকা, পাতলা ॥ খেইংরা লোক্। [<খেঙ্‌রা<খিথরা]

খেইড়্=[খু]—বি. খেলার সাথী ॥ [<খেড়ী<ক্রীড়ক]।

খেইত্যাল্=[চট্ট]—বি. ক্ষেতওয়ালা ॥ [<খেত<ক্ষেত্র সং.+ওয়াল প্র.]।

খেইদ্‌রাবি=[খু]—বি. মস্করা ॥ শক্তের্ সংগে খেইদ্‌রাবি ভাল না। [দেখ খিদ্রুবি]।

খেইন্=[ক, মো]—বি. সময় ॥ কোন্ খেইনে কার্ কি অর্ কওন্ জো ॥ যায় না। [<ক্ষণ]।

খেইন্‌চা=[ম]—বি. লোভী, বার বার কোন জিনিস চাহিয়া বিরক্ত করে যে ॥ লোক্‌টা বড় খেইন্‌চা।

খেইপত্যা=[পা]—বিণ. ক্ষেপা, ক্ষিপ্ত ॥ [<ক্ষিপ্ত]।

খেইর্=[ম]—বি. সঙ্গী, জুড়ি ॥ খেলায় ভালা খেইর্ হওয়া চাই। [দেখ খেইড়]।

২=[সি]—বি. মামলা ॥

৩=[সি]—বি. খেলা ধুলা ॥ আইও কত খেইর্ খেইর্ খেলাই। [<খেইড় <ক্রীড়া]।

খেইল্যা=[কুম]—অস. ক্রি. খেলা করিয়া ॥ এহন্ খেইল্যা আইসি। [খেলিয়া]।

খেইল্যা যাওয়া=[কুম]—ক্রি. ডুবিয়া যাওয়া ॥ আহারে নৌকাডা খেইল্যা গেল্।

খেইল্=[কুম]—বি. <খেলা ॥ বল্ খেইল্ দেখ্‌তায় যায়।

খেইল্ খুন্=[চট্ট]—বি. খেলাধূলা ॥ [দেখ খেইল্+কোন(<কূর্দন); সহ শব্দ]।

খেইল্ বরন্=[মুং]—বি. অভিলাষ ॥ কার্ লাগ্যা এই খেইল্ বরন্? [দেখ খেইল্+বরণ]।

খেইসাল্=[ম]—বি. আবর্জনা ফেলিবার জায়গা ॥ খেইসালে যাইস্ না। [দেখ খাইসাল্]।

খেইল্ পাট্=[কুম]—বি. ছোট পাট ॥ [কেচি<কচি+পাট]।

খেইস্‌সাল্=[কুম]—বিণ দক্ষ। মানুশ্‌টা খুব্ খেইস্‌সাল্।

খেউ=[সি]—বি. <খড় ॥

খেউক্‌কা=[বা]—বিণ. যে বেশী কথা বলে। [<খেউ (ধ্বন্যা.)=খেউ খেউ+ক+আ প্র.]।

খেউটানি=[ফ]—বি. যে কাষ্ঠ খণ্ড দ্বারা চুলার আগুন উস্‌কাইয়া দেওয়া হয় ॥ খেউটানি দিয়া যাল্ চে'তাইয়া দ্যাও।

খেউড়া গাযি=[ব]—বিণ. তালপাতার সিপাই ॥ তোরাও খান্‌দানি খেউড়াগাযি। [<খেড়<খড়+উয়া+গাযী غازی আং]।

খেউতামি=[বা]—বি. তামাশা ॥ ও এমন্ মানুশ্ যে, খেউতামি বুঝে না।

খেউদ্=[সি]—বি. প্রবল ইচ্ছা, আগ্রহ ॥

খেউদ্‌রামি=[বা]—বি. ধূর্তামি, শয়তানি ॥ খেউদ্‌রামি কৈরা কি লাব্।

খেউর‍্যাল্=[ম]—বি. খেলোয়াড় ॥ লোক্‌টা খুব্ বালা খেউর‍্যাল্। [দেখ খেইর্৩+ওয়াল প্র.]।

খেউর্=[সি]—বি. গান ॥ বৈশ্‌নব্ আই খেউর্ যুরি দিল্। [<খেউড়]।

২=[পা]—বি. ডাঁস, মাছি ॥

৩=[চা]—বি. খেলা ॥ [দেখ খেইর্৩]।

খেউল্যা=[চা]—বি. খেলোয়াড় ॥ হেয় ববর্ বালা খেউল্যা। [<খেল< খেলা সং+উয়া প্র.]।

খেওন্ দেওয়া=[খু]—ক্রি. পানিতে জাল ফেলা ॥ [<ক্ষেপন+দেওয়া]।

খেওরি=[দি]—বি. কামানো ॥ মাথার্ চুল্ খেওরি অওন্ লাগ্‌বো। [< খওর<ক্ষৌর+ই প্র.]।

খেং'টি=[কুম]—বি. ধমক ॥ তারে খেং'টি দিয়া বশাইয়া দিল্। [দেখ খেং্টি]।

২=[পা]—বি. জিদ ॥ সেলেটার্ খেং'টি আছে। [দেখ খেং্টি]।

খেঁ'চি'=[চট্ট]— বি. ত্রুটি॥ হিতার্ খেঁচি' বেশি।

খেকাইল্=[ফ]—বি. * চিৎকার ॥ খেকাইল্ দিয়া কথা কও ক্যা ? [< খেঁক্ (অনু.)+আ+ইল প্র.]।

খেকি মারা=[খু]—ক্রি. কর্কশ কণ্ঠে রাগ করিয়া উঠা ॥ কথায় কথায় খেকি মার ক্যা ? [দেখ খেকাইল্ ; খেঁক +ই]।

খেক্‌টি মারা=[খু]—ক্রি. রাগের সহিত চেচাইয়া বলা ॥ লোক্‌টি খেক্‌টি মারে কথা বলে।

খেচ'র্=[নো]—বি. অপরিষ্কার ॥ শারা গায়ে কাদা লাগাই খেচ'র্ ঐসে। [দেখ খচ্চড়]।

খেচ'া=[রং]—বিণ. টানা ॥ খুব খেচা হৈছে গাড়িখান্। [খেঁচা ; তুং খীচাঁ (<খীচঁনা হিং)]।

খেচা খেচি=[রং]—বি. টানাটানি ॥ এত খেচাখেচি যাদ্ দেক্। [দেখ খেচ'া]।

খেচ'াল=[খু]—বি. বিবাদ ॥ খেচ'াল্ বাধাশ্ কেন্ ? [<কচাল]।

খেচি'=[বা]—বি. বাঁশের চটার তৈরী মাছ ধরার ছিদ্রওয়ালা ফাঁদ বিশেষ ॥

২=[বা, ফ]—বি. পানি সেচার পাত্র ॥

খেচি'য়া=[সি]—ক্রি. বিণ. খুব জোরে ॥ [দেখ খেচ'া]।

খেছু'=[ম]—বি. খেলোয়াড় ॥

খেচ্'নি=[সি]—বি. খেঁচুনি ॥ [দেখ খেচ'া ; খেচ+নি প্র.]।

খজালত্=[রা]—বি. উপদ্রব ॥ এত খেজালত্ কর্‌লে কি থাকা যায়। [দেখ খিযালত্]।

খেজুর্ ঝোকা=[রা]—বি. একটি ধানের নাম ॥

খেযাব্=[কুম]—বি. চুলের রং॥ এমন বুরা মানুশ্ চু'লে খেযাব্ দিসে। [<খিযাব خضاب আং]।

খেযারত্=[খু]—বি. ক্ষতি, অনিষ্ট ॥ তোমার্ গরু আমার্ বহুত্ খেযারত্ কর্‌সে। [<খিসারত خسارت ফ্লাং]।

২=[খু]—বি. ক্ষতিপূরণ ॥ [পূর্বে দেখ]।

খেমি=[চা, কু]—বি. ধমক ॥ উট্যানি সেরিয়ে খেমি দিলে ডরাইব।

খেয্‌র্ গাসের্ থলা=[ফ]—বি. খেজুর গাছের রস বাহির করিবার স্থান॥ [<খেজুর গাছের থলা (স্থল সং)]।

খেট্‌নি=[ফ]—বি. চুলার আগুন উস্কাইয়া দিবার লাঠি ॥।

খেডি দেওয়া=[কুম]—ক্রি. ধমক দেওয়া ॥

খেড়ি=[খু]—বি. দড়ি বিশেষ ॥

খেড়ি উঠা=[পা]—ক্রি. ঘাড়ে ব্যথা হওয়া, দরদ অনুভব করা ॥ গাড়ে খেড়ি উঠেসে, ফিরে তাকাতে পার্‌সি না।

খেড়ু=[রং]—বিণ. ওস্তাদ ॥ তুই কামের্ খেরু। [খেড় <খেল+উ প্র.=খেলোয়াড়]।

২=[রা. কু]—বি. খেলোয়াড়, খেলার সঙ্গী বা জুড়ি ॥

খেড়েক্‌খেড়া=[চট্ট]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, শীঘ্র ॥ খেড়েক্‌খেড়া হিতে আইয়ে। [দেখ খারাক্‌খারা]।

খেতাল্=[ব]—বি. চত্বর ॥ [<ক্ষেত্র +আল প্র.]।

খেতি=[বা, কুম, সি]—বি. অনিষ্ট ॥ কারো খেতি কৈরা না। [<ক্ষতি]।

খেতি অওয়া=[চা]—ক্রি. ক্ষতিগ্রস্থ হওয়া ॥ বন্যায় আমার্ অনেক্ টেকার্ মাল্ খেতি ঐসে। [দেখ খেতি+ হওয়া]।

খেতুর্ খুতুর্=[সি]—বি. সুড়সুড়ি বা কাতুকুতু ॥ খেতুর্ খুতুর্ দিও না। [অনু. ; তুং কাতুকুতু]।

খেত্ ভাঙানো=[সি]—ক্রি. চষিয়া ক্ষেত তৈরী করা ॥ [<ক্ষেত্র+ভাঙানো]।

খেত্র পট্পটি=[খু]—বি. ক্ষেত পাপড়া গাছ ॥

খেদ্=[কুম]—বি. রাগ ॥ খেদ্ কর্লেই শব্ পাওয়া যায় না। [খেদ সং; অর্থ প্র.]।

খেনশ্=[ক]—বি. আক্রোশ ॥

খেন্দড়ি=[রং]—বিণ. নোংরা ॥ খেন্দড়ি কোন্ঠাকার। [তুং তেঁদড়]।

খেন্দুরা=[ব]—বিণ. ঘৃণ্য ॥ তুই বড় খেনদুরা। [দেখ খেন্দড়ি]।

খেন্দরি=[রং]—বিণ. অপবিত্র ॥ [দেখ খেন্দড়ি]।

খেপি=[রং, খু]—বি. পালা ॥ এবার্ কার্ খেপি? শে হাল্ ধরো। [<খেপ<ক্ষেপ+ই প্র.]।

খেবি=[ম]—বি. বার, সময় ॥ শেই খেবি আমি পৈলা ডাকা যাই। [দেখ খেপি]।

খেম্ উঠা=[সি]—ক্রি. অঙ্কুরিত হওয়া, গাজানো ॥ ডাঙার্ খেতে খেম্ উঠ্সে।

খেম্কি=[কুম]—বি. জিদ ॥ লোকটার্ খেম্কি আসে॥ [খেম<ক্ষম+কি প্র.]।

খেম্চি'=[খু]—বি. চিমটি, খামচি ॥ সেলেপুলে খেম্চি' দেয়্। [দেখ খাম্চি]।

খেম্টি=[পা]—বি. রাগ, জিদ ॥ সাওয়ালের খেম্টি আসে। [দেখ খেম্কি; টি প্র.]।

২=[ব]—বি. প্রতিজ্ঞা ॥

খেম্ডি=[নো]—বি. সাহস ॥ তার খেম্ডি খুব্ বেশি। [দেখ খেমটি]।

খেয়া=[নো]—ক্রি. জাল ফেলা ॥ [<ক্ষেপা]।

খেয়াল্=[ব]—বি. ঠাট্টা তামাসা ॥ এশব্ ব্যাপার্ নিয়া খেয়াল্ কৈর না। [দেখ খিয়াল্]।

খেয়ে যাওয়া=[খু]—ক্রি. <ক্ষয়ে যাওয়া, পঁচিয়া যাওয়া ॥ ঘরের্ খুঁটিগুলি খেয়ে গেলে।

খেয়ো=[কুম]—বি. কুয়াশা ॥ আর্গার্ খেয়োর্ কিসুই দেহা যায় না। [<কুহা]।

খেয়্খেয়্মত্=[কুম]—বি. ষড় ॥ বুড়া মানুশের্ খেয়্খেয়্মত্ করা বালা। [<খেয় (অনুঃ)+খিদমত خدمت আং]।

খের্নত্ করা=[কুম]—ক্রি. নষ্ট বা অনিষ্ট করা ॥ আমানত্ খের্নত্ কৈর না। [<খিয়ানত خيانت আং]

খেরাচি'=[পা, কু, রা]—বি. চীনা, শস্য বিশেষ ॥ পলি মাটিত্ খেরাচি'র্ ফলন্ বেশি অয়্।

খেরাব্=[ম]—বি. রাজস্ব ॥ খেরাব্ দিতে দিতে মৈরা গেলাম্। [দেখ খিরাব্]।

খেরি=[বা]—বি. ছোট পেরেক বিশেষ ॥ [<কেলি<কীল সং+ই প্র.]।

২=[রা]—বি. কাঠি পুঁতিয়া মাছ ধরার প্রক্রিয়া ॥ এইটি খেরির মাছ।

৩=[ম]—বি. সন্তানের নাভির সহিত যুক্ত নাড়ি ॥ বাচ্চ'চা'ডার্ খেরিডা অহনও কাডা অয়্ নাই।

৪=[পা]—বি. ঘাড়ের বেদনা ॥

খেরি করা=[ক]—ক্রি. চুলকাটা ॥ নাপিত্ খেরি করে। [দেখ খেওরি]।

খেরি কুত্তা=[ম]—বি. লোম উঠিয়া গিয়াছে এমন কুকুর ॥ [<খেড়ি+কুত্তা হিং]।

খেরি গর্=[সি]—বিণ. খেলাঘর ॥ [দেখ খেইড়্+ঘর]।

খেরু=[ম]—বি. খেলোয়াড় ॥ তারা খেরু হায়ার্ কর্সে। দেখ খেড়ু,]।

২=[সি]—বি. জমির ক্ষুদ্র অংশ ॥ যদি আমুত্তা রয়া ঐ গ্যাসে, খালি খেরু বাকি।

খেরো=[কু]—বিণ. ভোঁতা ॥ ওই খেরো ব্যাটা তুলুব আর্ মারুব।

খের্উরা=[ক]—বি. মাকড়ি ॥ খের্উরার মধ্যে হাপ্কোপ্ থাকতে পারে।

খের্কি=[কুম]—বি. জানালা ॥ গরের্ খের্কি কয়্ডা? [<খিড়কী<খিড়কী সং]।

খের্কুডি=[সি]—বি. খড় ইত্যাদি ॥ ইখান্ থাকি খের্কুডি হরাও। [<খড়+কুটি]।

খের্গাদ্=[চট]—বি. খড়ের গাদা ॥ [<খড়+গাঁদা(<গাধ্ সং)]।

খেলু=[পা]—বিণ. বাহুল্য ॥ [<খেলো, খেলুয়া]।

খেলুনি=[ম]—বিণ. খেলিবার ॥ তারা দিন্ রাইত্ খেলুনি পাশা দিয়া খেলে। [খেলা+নি প্র.]।

খেল্খেলান্= [চা]—ক্রি. হঠাৎ রাগ করা ॥ কিছু ঐলেই খেল্খেলাইয়া ওডে। [<খেল্খেল্ (অনু.)+আন প্র.]।

খেলটু=[রা, রং]—বি. খেলোয়াড় ॥ ছেলেডা খুব খেলটু। [<খেলা+টু প্র.]।

খেল্মেইল্লা=[নো]—বিণ. খিটখিটে ॥ খেল্মেইল্লা মানুশ। [<খেল্মেল্(অনু.)+ইয়া প্র.]।

খেশি=[পা]—বি. কুটুম্ব ॥ নতুন্ খেশি আইশপ কাইল্। [<খেশ خويش ফা.+ই প্র.]।

খেশি দর্বেশি=[ম]—বি. আত্মীয় কুটুম্বিতা ॥ খেশি দর্বেশির মধ্যে যগ্রাঘাটি বালা না। [দেখ খেশি+দরবেশ درويش ফা.]।

খেসা=[সি]—ক্রি. খুব টানা ॥ খেসিয়া-টান্। [দেখ খেচ'া]।

২=[কুম]—বিণ. শুষ্ক, চিকন ॥ তুই অত খেসা ঐসত্ কেরে।

খেসা খেসি=[সি]—বি. ঠাসাঠাসি ॥ কি খেসাখেসি লাগ্সে রে। [দেখ খেচাখেচি]।

খেসি নাইল্যা=[কুম]—বি. ছোট পাটের গাছ ॥ খেসিনাইল্যাগুলি কাইট্যা দ্যাও তর্ পাট্ বালা ঐব। [দেখ খেইস্পাট্]।

খ্যা=[রা]—অব্য. কি জানি ॥ খ্যা আমি জানি না। [< ক্যা <কে+আ ; তুং কিয়া হিং]।
২=[খু]—বি.<খেয়া ॥ খ্যার্ কড়ি দ্যাব আর্ ডুব্ ডুব্ মারে পার্ হব ?
৩=[য]—বি.দুঃখ ॥ গরিবের্ কণ্ঠো দেইখ্যা মনে বড় খ্যা লাগে। [<খেদ]।

খ্যাচচ্'=[রা]—বি. পানি সেচনের পাত্র বিশেষ ॥

খ্যাও=[ক, চা]—বি. মাছ ধরার উদ্দেশ্যে জাল ফেলা ॥ যাল্ দিয়া কয়ডা খ্যাও দিয়া দেহি কিস্ মাস্ পাওয়া যায় নি ? [<খেপ<ক্ষেপ]।
২=[ব, রা]—বি.সুতা, সুতার প্রান্ত ॥ শুঁইচে' খ্যাও লাগাও। [=খেই]।
৩=[পা, ম]—বি. গোছা, গুচ্ছ, আঁটি ॥ এ্যাক্ খ্যাও পাট্ দ্যাও।
৪=[রং]—বি. কাপড় বুনিবার প্রথম পর্যায় ॥ খ্যাও লয়া গেচে।

খ্যাওনা যাল্=[খু]—বি. ক্ষেপিয়া মাছ ধরিবার জাল বিশেষ ॥ [দেখ খেওন্ দেওয়া ; ক্ষেপলা জাল]।

খ্যাওয়া=[রা]—বি. খেয়া, খেয়া-নৌকা ॥ খ্যাওয়াত্ চা'ইর পৈশা লাগ্‌ব। [<খেওয়া<ক্ষেপ সং+আ প্র.]।

খ্যাওলা=[খু, ফ]—বি. মাছ ধরার যাল বিশেষ ॥ খ্যাওলা নে আয়্। [দেখ খ্যাওনা যাল্]।

খ্যাং=[সি]—বি.অঙ্কুর ॥ নারিকল খ্যা ঐ গেসে।
২=[পা]—বি. গর্ত ॥ [<খনি ; অর্থ প্র.]।

খ্যাংগেছ্=[রং]—বিণ. ক্রুদ্ধ ॥ তোর্ মত খ্যাংগেছ্ আর্ দেখো না মুই।

খ্যাংচ'ান্=[ব, রং]—ক্রি. ধন্না দিয়া কিছু চাওয়া ॥ অত খ্যাংচ'ানে কার্ মন্ না বিরক্ত হয় (ব) ?

খ্যাংটিয়া=[রং]—বিণ. রাগচটা, এক-গুঁয়ে ॥ তোর মত খ্যাংটিয়া মেজাজের মানুশ্ দ্যাকো নাই। [দেখ খেইংরা]।

খ্যাংড়া=[খু]—বি. ঝাঁটা ॥ খ্যাংড়া দিয়া ঝাঁট্ দেও। [দেখ খেইংরা]।

খ্যাংরা=[য]—বি. ঝাঁটা ॥ খ্যাংরা দিয়া ঘর্ বারি শাফ্ কর। [দেখ খেইংরা]।

খ্যাঁ করা=[য]—ক্রি. অন্যায় করা ॥ আমি তোর্ কি খ্যাঁ করলুম যে কান্দতে শুরু করলি। [দেখ খেয়্নত্ করা ; খ্যাঁ খিয়ানতের স.রূ.।

খ্যাঁকার্=[কু]—বি. সঙ্কেত, শব্দ ॥ গলা খ্যাঁকার্ দিয়ে বারি ঢুক্। [<খাঁকার]।

খ্যাঁচ'া=[রা]—ক্রি.ফেলিয়া দেওয়া ॥

খ্যাঁতা=[রা, ব]—বিণ.দোষ বা ত্রুটি যুক্ত ॥ খ্যাঁতা মেয়ের্ বিয়ে হওয়া দায়্। [<খুঁতা<ক্ষত+আ]।
২=[রা, ব]—বি.<কাঁথা ॥

খ্যাঁশ্=[কু]—বি. চট ॥ প'চা খ্যাঁশের্ মধ্যে টাকা আসে কে বিশ্‌শাশ্ করবে ? [<কীসহ্ کیسہ ফা.=বস্তা]।

খ্যাঁশ্ড়া=[রা]—বি. হাম ॥ পোলাডার্ খ্যাঁশড়া হয়েছে।

খ্যা করা=[খু]—ক্রি. করুণার উদ্রেক হওয়া ॥ সেলেটার কান্না দেখে আমার্ খ্যা করে।

খ্যাকা=[সি]—বিণ. রুক্ষ ॥

খ্যাকাতালে=[খু]—বিণ. খিটখিটে মেজাজের ॥ খ্যাকাতালে লোক্। [দেখ খ্যাকা+তাল+এ প্র.]।

খ্যাক্ কর্যা উঠা=[সি]—ক্রি. রাগে ধমক দেওয়া ॥ অত খ্যাক্ করি উঠ্‌সো কিতা ? [খেক্ (অনু.)+ করিয়া+উঠা]।

খ্যাক্‌কানো=[কুষ]—ক্রি. ঘেউ ঘেউ করা ॥ কুত্তাডায় খ্যাক্‌কায়। [< খেক (অনু.)+আনো প্র.]।

খ্যাক্‌কোত্ করা=[রং]—ক্রি. হঠাৎ রাগিয়া উঠা ॥ শশুড়িডা বৌটার্ উপর খ্যাক্‌কোত্ করি উঠে। [<খেক্‌কুচ্ (অনু.)+করা]।

খ্যাক্ খ্যাক্ করা=[ম, নো]—ক্রি. রুক্ষস্বরে যা তা বলা ॥ এ বুড়া বেটা খালি খ্যাক্ খ্যাক্ করে। [খেঁক্ খেঁক্ (অনু.)+করা]।

খ্যাক্‌টে উঠা=[রং]—ক্রি. দন্ত বিকাশ পূর্বক অতৃপ্তিকর বাক্য বলা ॥ কোন কথা কৈলে শে খ্যাক্‌টে উঠে। [< খ্যাকটাইয়া (< খ্যাকটানো=প্রকাশ করা]।

খ্যাক্‌ড়া=[রং]—বিণ. কৃপণ ॥ খ্যাক্‌ড়া মানুশ্।

খ্যাক্‌রা=[সি]—বি. ভাঙা পুরান চাটাই ॥
২=[সি]—বিণ. খুব হাল্কা, দুর্বল ॥

খ্যাক্‌রি=[রা]—বিণ. যে কর্কশ স্বরে কথা বলে ॥ খ্যাক্‌রির্ কথা এক্-টাও মবা না। [দেখ খাখার্+ই প্র.]।

খ্যাক্‌শাউল্‌টা=[রং]—বিণ. রংচটা, রংবাড়া ॥ এটা কি খ্যাক্‌শা উল্টা আবারে।

খ্যাক্‌শো=[খু]—বিণ. অমসৃণ ॥ শিত-কালে অনেকের্ গায়ের চা'ম্‌ড়া খেক্‌শো হয়্।

খ্যাক্‌সে=[বা]—বিণ. ছিপছিপে ॥ স্যালেটা বড় খ্যাক্‌সে।

খ্যাক্‌সে খ্যাক্‌সে=[খু, য]—ক্রি. বিণ. বারবার ॥ রুগোন্তে স্যাওরাল, খ্যাক্‌সে খ্যাক্‌সে খাওয়ালে রোগ শারবে ক্যান্। [ক্ষেপ+সে হিন্দী বিভক্তি ; তুং জোরসে]।

খ্যা খ্যা=[ক]—বি. চেঁচামেচি ॥ [অনু.]।

খ্যাখ্‌রা=[সি]—বি. ন্যাকড়া ॥ খ্যাখ্‌রা বিসাই থাকি পাটি নাই।

খ্যাগর্‌=[পা, চট্ট]—বি. ট্যারা বা বাঁকা চক্ষুবিশিষ্ট ॥ খ্যাগর্‌ মেয়ে (পা)।

খ্যাচ'র্‌=[কুম]—বিণ. খারাপ চালচলন যার ॥ হে আস্‌তো খ্যাচ'র্‌ [দেখ খচ্‌'ড়া₃]।

খ্যাচ'া=[পা, সি]—ক্রি. বিণ. জোরে টানা, টানাটানি ॥ দেও খ্যাচ'া টান্‌। [<খেঁচা বা খিঁচা (< খিঁচ+আ]।

২=[সি]—বি. নির্দয়ভাবে প্রহার ॥

৩=[পা]—ক্রি. বাঁকান ॥ [<কাচা (<কাচ বাং<কন্‌চ্‌ সং+আ)]।

৪=[সি]—ক্রি. শরীর গরম বোধ করা ॥ শরির খ্যাচ্‌'চে', তেতৈ খাও। [দেখ খ্যাচ'া]।

৫=[পা]—ক্রি. হস্তমৈথুন করা ॥ যৌবনে অনেকেই খ্যাচে'।

৬=[বা]—বি. <খাঁচা, পিঞ্জরা ॥ খ্যাচ'ায় পাখী আসে।

খ্যাচ'াখ্যাচি'=[সি]—বি. প্রবল প্রতিযোগিতা ॥ খুব্‌ খ্যাচ'াখ্যাচি' করি মিয়া ইলেক্‌শনে যিত্‌সৈন্‌। [দেখ খ্যাচা ; ব্যতিহারে শব্দদ্বিত্ব+ই প্র.]।

২=[চা]—বি. বিবাদ, ঝগড়া ॥ [পূর্বে দেখ]।

খ্যাচ'া গরম্‌=[সি]—বি. খুব গরম ॥ আইয্‌ খ্যাচ'া গরম্‌ পর্‌সে। [দেখ খ্যাচ'া]।

খ্যাচ'া ব্যাচ'া=[ক]—বিণ. অমসৃণ, অসমতল ॥ উডান্‌ডা কোবাইয়া খ্যাচ'া ব্যাচ'া কর্‌স ক্যা ? [অনু.]।

খ্যাচ'ালন্‌=[পা]—ক্রি. বি. উত্যক্ত বা বিরক্ত করা ॥ [দেখ খ্যাচ'াল্‌+অন প্র.]।

খ্যাচ'াল্‌=[কু]—বি. তর্ক, দর কষাকষি ॥ দোকানির্‌ লগে এত খ্যাচ'াল্‌ কর কেন্‌ ? [<কচাল]।

খ্যাচেং=[রং]—বি. ঝগড়া, অপ্রীতিকর ঘটনা ॥ মানুষির্‌ সাথে খ্যাচেং করার্‌ লোক্‌ মুই নোয়াও।

খ্যাচের্‌ খ্যাচের্‌=[রা]—বি. বারবার তাগিদ, বিরক্তি ॥ এত খ্যাচের্‌ খ্যাচের্‌ ভাল লাগে না। [অনু.]।

খ্যাচে'া=[ম]—বি. ছোট বাচ্চা ॥ খ্যাচে'াগুনু বাদ্‌ দ্যাও। [<কাঁচ (কাঁচা)+ও প্র.]।

২=[সি]—বি. মার ॥ চে'ারেরে খুব্‌ খ্যাচে'া দ্যাও। [দেখ খ্যাচ'া⁴]।

খ্যাচে'ান্‌=[খু]—বিণ. চালাক ॥ সেলেটা বেশ্‌ খ্যাচে'ান্‌ আসে।

খ্যাচ্‌'=[কুম]—বি. ডিম পারা বা ডিমে তা দেওয়ার জন্য ব্যবহৃত ভাজা হাঁড়ি ॥

খ্যাচ্‌'কানি=[বা]—বি. মুখ ঝামটা ॥ এ্যাট্টু দোশ্‌ হরলেই ওম্‌নে খ্যাচ্‌'কানি মারে।

খ্যাচ্‌'খ্যাচ্‌' করা=[খু]—ক্রি. অনবরত ঝগড়া করা ॥ তুমি আর্‌ খ্যাচ্‌' খ্যাচ্‌' করো না। [=ক্যাচ ক্যাচ করা ; অনু.]।

খ্যাচ্‌'চ'াত্‌=[বা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, ফসাফস ॥ ডাহাইত্‌রা তারে খ্যাচ্‌'চ'াত্‌ করি কোপ্‌ দিসে। [অনু.]।

খ্যাচ্‌নো=[য]—ক্রি. চুলকানো ॥ এই আমার পিট্‌ খ্যাচ্‌'সে দাও। [দেখ খাউজান্‌]।

খ্যাচ্‌' মেইচ'া=[নো]—বিণ. বিরক্তিজনক ॥ এইডা বড় খ্যাচ্‌'মেইচ'া। [<খচ মচ (অনু.)+ইয়া প্র.]।

খ্যাচ'ম্যাচ্‌' করা=[পা]—ক্রি. খিট্‌মিট্‌ করা ॥ হুদাহুদি খ্যাচ্‌'ম্যাচ্‌' কর ক্যা ?

খ্যাচ্‌'রা=[ম]—বিণ. যে বারবার আদেশ করা সত্ত্বেও কাজ করে না ॥ খ্যাচ্‌'রা চ'াকর্‌ রাখার্‌ দরকার্‌ কি ? [দেখ খচ্‌'ড়া₁]।

২=[রং]—বিণ. কুকর্মী ॥ ঐ খ্যাচ্‌'রা না গ্রৈলে কি ক্যালেকারি কাম্‌ অয়্‌ ?

খ্যাচ্‌'রৈয়া=[কুম]—বিণ. যে খারাপ চালচলন অনুকরণ করে ॥ হিত্তে দিয়ে দিয়ে খ্যাচ্‌'রৈয়া গ্রৈল্‌। [দেখ খচ্‌'ড়া₃ ; খচর+ইয়া]।

খ্যাজালত্‌=[রা]—বি. বিরক্তি, হয়রানি ॥ [দেখ খিযালত্‌]।

খ্যাজ্‌লামো=[রা]—ক্রি. চটাইবার উদ্দেশ্যে কাহারো দোষ ত্রুটি তাহার সম্মুখেই বারবার ইয়াকির সহিত বলা ॥ [খিজলানা হিং রাগান্বিত করা, ভেংচান]।

খ্যাযালত্‌=[পা]—বি. বিরক্তি ॥ [দেখ খিযালত্‌]।

২=[চা]—বি. লজ্জা ॥ তার্‌ আর্‌ কত খ্যাযলত্‌ দিবা ? [পূর্বে দেখ]।

৩=[ফ]—বি. উৎপাত ॥ এত খ্যাযালত্‌ করিস্‌ না [পূর্বে দেখ]।

খ্যাযো=[খু]—বিণ. খামখেয়ালী ॥ লোক্‌টা বড় খ্যাযো।

খ্যাটন্‌ দক্‌খিনা=[কু, ফ, য]—বি. মারপিট ॥ [<কাঠ+ন+দক্ষিণা ; অর্থ প্র.]।

খ্যাটা=[য]—বিণ. অবাধ্য ॥ 'মদন ব্যাটা, ভারি খ্যাট গো' (গ্রাম্য গান)।

২=[ব, রা]—বি. কাঠের মুগুর ॥ [<কাঠ+আ প্র.]।

খ্যাটা ধরা=[রা]—ক্রি. গোঁ ধরা, জেদ করা ॥ শকাল্‌ বেলা কোন্‌ খ্যাটা ধরিছ না।

খ্যাটাল্‌=[রা]—বি. ঘাটের মাঝি ॥ [<ঘাট+আল প্র.]।

খ্যাটে=[য]—বি. কাঠ ॥ নিমের্‌ খ্যাটে খুব্‌ ভাল। [<কাঠ+এ<ইয়া প্র.]।

খ্যাটেন্‌=[খু]—বি. খাওয়া ॥ ফকির্‌টার্‌ খ্যাটেন্‌ দেখে অবাক্‌ হতি হয়্‌।

খ্যাট্‌=[ম]—বি. ভুরি ভোজন ॥ বেশি খ্যাট্‌ কর্‌তা পার্‌তা না।

২=[রা]—বি. প্রতিজ্ঞা ॥ মোর খ্যাট্‌ কে ভাঙায়্‌ দ্যাঁকোচোঁ ? [<কোট]।

খ্যাট্‌কা=[সি]—বিণ. রুক্ষ, যার কথায় কোন রস নাই ॥ খ্যাট্‌কা লোকের্‌ কথায়্‌ রাগ্‌ উঠের্‌। [<কাঠ+কা ; অর্থ প্র.]।

খ্যাট্‌কানি=[সি]—বি. ধমক ॥ কথায় কথায় খ্যাট্‌কানি দাও কেন্?

খ্যাট্‌খেইটা=[চা]—বিণ. ঝগড়াটে, হিংসুক ॥ তুই বড় খ্যাট্‌খেইটা মানুশ্। [<খট খট (অনু.)+ইয়া প্র.]

খ্যাট্‌খেটিয়া=[রং]—বিণ. স্বাস্থ্যহীন ॥ তুই মানুশিটা এত খ্যাট্‌খেটিয়া কেনে?

খ্যাট্‌খেটে=[কু]—বিণ. শীর্ণকায়, পাৎলা ॥ খ্যাটখেটে মেয়ে। [খট-খটিয়া; দেখ খ্যাট্‌খেইটা]

খ্যাডের্ খ্যাডের্=[কুম]—বি. আজে বাজে কথা ॥ এও খ্যাডের্ খ্যাডের্ কর ক্যা? [<কটর কটর; অনু.]।

খেড্‌ডা নাগা=[রং]—ক্রি. শুষ্ক হওয়া ॥ তুই যে কেনে খ্যাড়ুডা নাগাচিশ্? [<কাঠ+আ+লাগা]

খ্যাড়া=[রং]—বি. মনসা দেবীর উদ্দেশ্যে এক প্রকার্ পূজা ॥

২=[খু]—বি. গালি, অশ্লীল কথা ॥ খ্যাড়া গাওয়া অন্যায়্। [<খেঁউড়্]।

খ্যাড়ি ঘর্=[রং]—বি. <কুড়ে ঘর্।

খ্যাড়ুয়াল্=[রং]—বি. খেলার সাথী ॥ মোর্ খ্যাড়ুয়াল্ নাই। [দেখ খেড়ু৩+আল প্র.]।

খ্যাড়েত্ খ্যাড়েত্=[রং]—অব্য. এক প্রকার শব্দ ॥ কি এক্ শামান্ খ্যাড়েত্ খ্যাড়েত্ করি জায়রে। [ধ্বন্যা.]।

খ্যাড়্=[খু]—বি. সঙ্গী ॥ খ্যাড়্‌মেড়্ কেউ না থাক্‌লে একা যাব কি করে? [<খেড়=খেলার সঙ্গী]।

২=[খু]—বি. গরুর গলার দড়ি ॥ ধান্ মাড়াইতে গরুর্ খ্যাড়্ দিতে হয়্।

৩=[রা]—বি. খড় ॥ [<খেড় ম, বাং=খড়]।

খ্যাড়্‌কান্‌ডার্=[রং]—বি. পতিত ভুমি ॥ খ্যাড়কান্ডার্ শব্ আবাদ্ কর্‌তি হবে। [<গড়+কান্দা (<স্কন্দ)+র প্র.)।

খ্যাড়্ খ্যাড়া=[রং]—বি. জিজ্ঞাসা ॥

খ্যাড়্‌বাড়ি=[রং]—বি. খড়ের জমি ॥ 'খ্যাড়্ বাড়িত্ জায়া নাগার্ জুর কাইচা'—প্রবাদ। [<খড়+বাড়ী]।

খ্যাতা=[কুম, ক, খু, চা]—বি. < কাঁথা ॥ মায়ের্ বৈদ্যে খ্যাতা গতর্ দে।

খ্যাতাটানা=[রং]—বিণ. ছ্যাঁচড়া ॥ খ্যাতাটানা চোর্। [<কাঁথা (<কন্থা সং)+টানা=যে টানে]।

খ্যাতান্যাতা=[রং]—বি. যাহা কিছু আছে, সর্বস্ব ॥ তোর খ্যাতান্যাতা যা আছে তামানে নিবু কিন্‌তু। [<কাঁথা+নেতা=তেনা(<তুন্ন সং)]।

খ্যাতান্=[রা]—বিণ. আবাদী ॥ খ্যাতান্ জমি। [<খেত (ক্ষেত্র সং) +আন প্র.; নাম ধাতু]।

খ্যাতাল্=[ফ]—বি. গোস্বা করা, তালি বালি করা ॥ পোলাহানে হুদা বাত্ লৈয়া খ্যাতাল্ বেতাল্ করে।

২=[খু]—বি. উঠান ॥ খ্যাতালে ধান্ উঠান্ হয়েসে। [<খেত+আল প্র.]।

৩=[সি]—বিণ. জমিওয়ালা ॥ রহিম্ খুব্ খ্যাতাল্ মানুশ্। [<খেত-পাল<ক্ষেত্রপাল]।

খ্যাতাহাগ্=[কুম]—বি. শাক বিশেষ ॥ [<কাঁথা শাক]।

খ্যাতের আওয়াহাল্=[পা]—বি. খেতের অবস্থা ॥ খ্যাতের্ আওয়াহাল বালা না। [<আহওয়াল احوال আং; حال শব্দের বহুব.; ধ্বনি বিপর্যয়]।

খ্যাতের্ খ্যাতের্=[রং]— বি. আবদার ॥ তোর্ ছোগিলা খ্যাতের্ খ্যাতের্ মোর্ নগত্ না খাটে। [অনু.]।

খ্যাতেল্=[খু]—বি. ছোট ব্যবসায়ী বা যাহারা কোন মাল নিজের ব্যবহারের জন্যে কিনিয়া রাখে ॥

খ্যাত্=[চা, ম, কুম]—বি. জমি ॥ [<খেত <ক্ষেত্র সং]।

২=[ফ]—বি. গর্ত ॥ আত্ খানিক্ খ্যাত্ কর্‌লেই চ'য়া নাগান্ যাইব। [<খাত সং]।

খ্যাত্‌কোল্‌ড়া=[ম, খু]—বি. ধানের নাম বিশেষ ॥. [<খেত(<ক্ষেত্র) +কুমড়া (<কুষ্মাণ্ড)]।

খ্যাত্‌খ্যাতান্=[রং]—ক্রি. আব্দার করা ॥ মোর শাথে খ্যাত্‌খ্যাতালে দুরমৃত করি দিমু।

খ্যাত্ খ্যাত্ করা=[চট্ট]—ক্রি. খ্যান খ্যান করা ॥

খ্যাত্‌খোলা=[চট্ট]—বি. জমিজমা। [<খেত+দেখ খলা]।

খ্যাত্‌তুয়া=[ম]—বিণ. যাহা ক্ষেতে জন্মে ॥ খ্যাত্‌তুয়া কুমরা ॥ [<খেত +উয়া প্র.]।

খ্যাত্‌তোর্=[ব]—বি. এক প্রকার পোকা ॥

খ্যাত্ পাপ্‌ড়া=[ব]—বি. এক প্রকার ভেষজগাছ ॥ [ক্ষেত্র+পাপড়া]।

খ্যাদর্=[রা]—বিণ. কর্দমাক্ত, আবর্জনাময় ॥ [<খাদ(<কাদা)+র প্র.]।

খ্যাদর্ ব্যাদর্=[রা]—বিণ অপরিষ্কার, বিশ্রী ॥ [দেখ খ্যাদর্; ব্যাদর্ অনু:]।

খ্যাদা=[চট্ট]—বি. ফাঁদ ॥ হাতির্ খ্যাদা। [<খেদা]।

২=[সি]—বিণ. অমিতব্যয়ী ॥ মানুশ্‌টা একেবারে খ্যাদা।

৩=[কুম]—ক্রি. তাড়া বা চালনা করা ॥ [<খেদা; তুং খেদ্‌না হিং]

৪=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥

৫=[রা]—বি. কাঠা, পরিমাপক আধার ॥ দুই খ্যাদা চাউল্।

খ্যাদাইল্ দেওয়া=[চা]—ক্রি. ওচা পাতিয়া তাড়ানো ও ধরা ॥ আইছ্ খেদাইল্ দিয়া অনেক্ বৈচা মাস্ পাইসি। [খেদা+ইল+দেওয়া]।

২=[চট্ট]—ক্রি. মারা ॥

খ্যাদান্‌না উঠোন্ চশা=[ম]— ক্রি. সামনা সামনি কাহাকে কিছু না বলিয়া পরোক্ষভাবে বলা। [মূল অর্থ তাড়ানো না কিন্তু উঠান চষা অর্থাৎ উঠানে চাষ দিলে প্রকারান্তরে তাড়ান হয়]।

খ্যাদাবাদ্=[খু]—বি. গাছ বিশেষ ॥ খ্যাদাবাদের পাতার্ রশে পাঁচ্‌ড়া শারে। [দেখ খ্যাদাবাদ্]।

খ্যাদাবাদ্=[য]—বি. ভেষজজাতীয় গুল্ম ॥ খ্যাদাবাদর্ পাতার রস্ আর্ চু'ন্ লাগালে পাঁচ্'ড়া সারে।

খ্যাদোব্যাদোর্=[রং]—বিণ. বিশ্রী ॥ তোর্ কাজ্‌গুলা বড় খ্যাদোব্যাদোর্। [দেখ খ্যাদর্ ব্যাদর্]।

খ্যাদোর্=[পা]—বিণ. অপরিষ্কার, অলস ॥ [দেখ খ্যাদর্]।

খ্যাদ খ্যাদ্ করা=[চট্ট]—ক্রি. গোস্‌সা করা ॥ [খেদ্ খেদ্(অনু.)+করা]।

খ্যাদ্‌ড়া=[রা]—বিণ. বন্ধুর, অমসৃণ ॥ খ্যাদ্‌ড়া টেবিলে লেখা জায়্ না। [< খাদ+রা প্র.]।

খ্যাদ ব্যাদ্=[পা]—বি. উঠবসি ভাব ॥ [অনু.]।

খ্যানও=[কুম]—অব্য. কেমন ॥ খ্যানও মিয়া বাত্ খাইসেন্ নি? [<কেঅন <কেমন]।

খ্যানা=[য]—ক্রি. বি. ডাংগুলি খেলায় গুলি ছুড়িয়া নির্দিষ্ট গর্তে ফেলা ॥

খ্যানে=[রং]—ক্রি.বিণ. ক্ষণে ॥ খ্যানে এইকতা খ্যানে ঐ কতা। [<ক্ষণ+এ বিভক্তি]।

খ্যানে শোমে=[য]—ক্রি. বিণ. কোন কোন সময় ॥ খ্যানে শোমে এইহানো আই। [কোন+সময়]।

খ্যান্=[পা]—বিণ. সামান্য ॥ [কণা]।
২=[ঢা]—বি. উত্তম সুযোগ, ভাগ্য ॥ এইবার্ তোমার্ খ্যান্ লাগ্‌সে। [<ক্ষণ; অর্থ প্র.]।
৩=[য]—বি. সময়, লগ্ন ॥ এমন্ খ্যান্ ও মানুশের্ বন্‌মো অয়্ নাহি? [পূর্বে দেখ]।
৪=[সি]—বি. উপযুক্ত সময় ॥ বিষদানে খ্যান্ ঐসে নিরে? [<ক্ষণ]।

খ্যান্‌কে=[কুম, ঢা]—ক্রি. বিণ. ক্ষণে ॥ 'খ্যান্‌কে উড়ে চ'ান্, খ্যান্‌কে উড়ে তারা' (ছড়া)। [<ক্ষণেকে]।

খ্যান্‌খ্যান্=[রা, ঢা]—বি. কান্না ॥ খিদায় পোলাডা খ্যান্‌খ্যান্ করে (ঢা)। [অনু.]।

খ্যান্‌চ'া=[বা]—বি. বিরক্তি ॥ সেজেমেয়েদের্ খ্যান্‌চ'ায় আর থাকতে পার্‌লাম্ না।

খ্যান্‌ড়ি=[রং]—বিণ. অপরিষ্কৃত অবস্থায় থাকা যাহার স্বভাব ॥

খেন্ত=[সি]—বি. শেষ, মৃত্যু, অবসান ॥ [<ক্ষান্ত]।

খ্যান্দ=[সি]—বি. গাব ॥ আম্‌রার্ বারিতে খ্যান্দ গাস্ আসে।

খ্যান্‌দা=[রা]—বি. কাঁথা ॥ [< কান্‌থা<কন্থা সং]।

খ্যান্‌দার্=[চট্ট]—বি. আবর্জনা ॥ [<খন্দ (<খন্দক خندق ফা.)+র; অর্থ প্র.]।

খ্যান্‌দুরা=[ব]—বিণ. নোংরা ॥ মাইয়াটা বড় খ্যান্‌দুরা। [দেখ খ্যান্‌দার্]।

খ্যান্‌মত=[য]—ক্রি. বিণ. ঠিক সময় ॥ খ্যান্‌মত বিয়্ না বুন্‌লে বালা ফশল্ অয় না। [<ক্ষণ+মত]।

খ্যান্‌সা=[য]—বি. বারবার তাগাদা ॥ এত খ্যান্‌সা কর্‌যাও কায় করাইতো পারে?

খ্যাপ্=[সি, ঢা]—বি. কিস্তি, পালা ॥ [<ক্ষেপ]।
২ =[রা, সি]—বি. ব্যবসায় বাণিজ্যের জন্য যাত্রা ॥ এবারের্ খ্যাপে কোন লাব্ অয়্ নাই (সি)।

খ্যাপ্‌চে' খ্যাপ্‌চে'=[খু]—ক্রি. বিণ. ক্রমে ক্রমে ॥ [দেখ খ্যাপ্+চে প্র. <সে হিং=হইতে]।

খ্যাপ্‌তা=[পা]—বিণ. পাগলা, ক্ষেপা ॥ খ্যাপ্‌তা কুকুরে কাম্‌ড়ায়্। [<ক্ষিপ্ত]।

খ্যাপ্‌পা=[রা]—বিণ. ক্ষেপা, রাগান্বিত ॥ আবার্ উপর্ সে বড় খ্যাপ্‌পা আছে। [খাপ্‌পা; দেখ খ্যাপ্‌তা]।

খ্যাপ্‌লা=[রা]—বি. ঝাঁকি জাল ॥ খ্যাপ্‌লা নিয়া বিলে চল্। [<ক্ষেপ (<ক্ষেপণ)+লা প্র.]।

খ্যাপ্‌শা=[রা, ব]—বিণ. অভদ্র, রুচিহীন ॥ খ্যাপ্‌শা লোক্। [< খাপ ছাড়া; অথবা দেখ খপুশে]।

খ্যাবা=[নো]—বি. খেয়াঘাট ॥ খ্যাবায় কয় পয়্‌শা লাগেরে? [<খেয়া]।

খ্যাব্=[নো]—বি. নৌকার পাড়ি ॥ আর্ একটা খ্যাব্ দ্যাও। [দেখ খ্যাপ্]

খ্যাব্‌দা=[রা]—বিণ. পাগলা ॥ খ্যাব্‌দা কুকুর্। [দেখ খ্যাপ্‌তা]।

খ্যাবরাত খ্যারাত্=[রং]—ক্রি. বিণ. রাগ হইয়া বাক্যালাপ ॥ কেনে মান্‌শির্ সাথে খ্যাব্‌রাত্ খ্যারাত্ করিস্? [অনু.]।

খ্যাব্‌লা=[ফ]—বি. ঝাঁকি জাল ॥ খ্যাব্‌লা মারি বহুত্ মাইন্‌শে মাস্ ধরে। [দেখ খ্যাপ্‌লা]।

খ্যামা=[কুম, নো]—বি. শেষ, ক্ষান্ত ॥ অহন্ কাম্ খ্যামা দিয়া খাইতা যাও। [<ক্ষমা; অর্থ প্র.]।
২=[য]—বি. ত্যাগ, তালাক ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

খ্যামি=[য]—বিণ. অলস ॥ মহিশ্‌টি খুব্ খ্যামি।

খ্যাম্=[পা]—বি. ক্ষমতা ॥ খ্যাম্ থাক্‌লে কায্ হয়্। [<ক্ষম<ক্ষমতা]।
২=[সি]—বিণ. <কম, অল্প ॥
৩=[সি]—বি. অঙ্কুর ॥

খ্যাম্‌চ'ানো=[য]—ক্রি. চিমটি কাটা ॥ বিড়ালে খ্যাম্‌চ'াই দিইসে। [<খামচা +নো প্র.]।

খ্যাম্‌টি=[পা]—বি. সাধ্য, ক্ষমতা ॥ এই কামে ওর্ খ্যাম্‌টি আসে। [< ক্ষমতা+ই প্র.]।
২=[পা]—বি. জিদ ॥ এত খ্যাম্‌টি দেখাশ্ কেন্?।

খ্যাম্‌ডি=[চট্ট]—বি. জিদ, রাগ ॥ এতটুকু সেলের্ কেমন্ খ্যাম্‌ডি। [দেখ খ্যাম্‌টি]।

খ্যাম্‌তা=[কুম, সি]—বি. <ক্ষমতা, শক্তি, সামর্থ্য ॥ কেঐর্ খ্যাম্‌তা নাই আমারে মারত।

খ্যায়ানত্=[পা, বা]—বি. ক্ষতি ॥ আমানতের্ খ্যায়ানত্ করিস্ না। [< খিয়ানত্ خيانت আং]।

খ্যায়্=[খু]—বি. ধ্বংস ॥ [<ক্ষয়]।

খ্যার্ দেওয়া=[ম]—ক্রি. নষ্ট বা ক্ষতি করা ॥ তোদের্ বিনিশ্টা এনে কি খ্যার্ দিয়েসি যে এখনৈ ফেরত্ চা'শ্ ? [দেখ খ্যার্+দেওয়া=করা]।

খ্যারা=[সি]—বি. বিরক্তি, জ্বালাতন ॥ এত খ্যারা ন কৈর বা।

খ্যারাচি'=[ফ,পা]—বি. শস্য বিশেষ॥ দুই কানি যমিতে খ্যারাচি' বুনাইসি।

খ্যারাবা=[কুম]—বি. খড়ের স্তূপ ॥ খ্যারাবার্ মদ্দে গরুগুলি বান্। [< খড়+বা<বাই<বাটা]।

খ্যারাল্যামি=[চট্ট]—বি. চাতুরী, কৌতুক ॥ বড় ভাইয়র্ লগে খ্যারা-ল্যামি ন গরিশ্।

খ্যারে=[কুম]—অব্য. কেন ॥ খ্যারে খামু ? [<কেরে=কেন]।

খ্যারেখ্খারা=[কুম]—ক্রি.বিণ. দ্রুত, তাড়াতাড়ি ॥ [দেখ খারাক্খারা]।

খ্যার্=[কুম]—বি. <খড়, বিচালি ॥ খেয়ারিত্ খ্যার্ দে। [<খেড় ম. বাং =খড়]।

২=[ম]—বি. বালিশের আবরণ ॥ বালিশের্ খ্যার্ খুব্ ময়লা হসে।

খ্যার্কাটে=[রং]—বি. দন্ত বিকাশ করিয়া অতৃপ্তিকর বাক্য বলা ॥

খ্যার্কেত্=[সি]—বি. কাতুকুতু ॥ খ্যার্কেতু দিস্ না।

খ্যার্খরা=[সি]—বি. মৃতদেহ বহন করিবার জন্য বাঁশের খাট ॥

খ্যার্খেটি=[সি]—বিণ.কর্কশভাষী ॥

খ্যার্খ্যারাইয়া=[কুম]—বিণ. যে কথায় কথায় রাগিয়া উঠে, চঞ্চলমনা ॥ তে বর খ্যার্খ্যারাইয়া। [<খের্খের্ (অনু.)+আ+ইয়া প্র.]।

খ্যারখ্যারানো=[ম]—ক্রি. কটূক্তি করা। এত খ্যারখ্যারাও কেন্ ? [খের খের (অনু.)+আনো প্র.]।

খ্যার্গান্=[চট্ট]—বি. খড়গাছ ॥ খ্যার্গান্দি আডিআন্ বান্। [< খড়+খান]।

খ্যার্মেরা=[রা]—বিণ. অসমান, এবড়োখেবড়ো ॥ খ্যার্মেরা কাঠ্।

খ্যার্ খারাখারি=[নো]—বি. কথা কাটাকাটি ॥ এতো কতার্ খ্যার্ খারা খারি করিস্ না চ'াইন্। [<খড়+ঝাড়াঝাড়ি ;বাগ্খারা]।

খ্যারলারা=[পা]—বি.খড নাড়ার জন্য ব্যবহৃত বাঁশের আগা ॥ [<খড়+লাড়া=নাড়া ; যাহাতে নাড়ে]।

খ্যালা=[রং]—বি. ফাঁদ ॥ খ্যালা পাতি গেল্ কৈ ?

২=[পা]—ক্রি. সফল হওয়া ॥

খ্যালাও করা=[চট্ট]—ক্রি. ভাল করিয়া বেড়া দেওয়া ॥ তার্ বাগানের্ চ'াইর্ পাশ্ খ্যালাও গরি দিয়ে। [< খ্যারাও<ঘেরাও+করা]।

খ্যালানেলা=[সি]—বি. স্ফূর্তি, নাড়া-চাড়া ॥ বেশি খেলানেলা বালা না। [<খেলা+মেলা সহ শব্দ]।

খ্যালানো=[চা]—ক্রি. ডুবানো ॥ নাওডা খ্যালাইয়া থো।

খ্যালাপাতি=[চট্ট]—বি. খেলার সরঞ্জাম, খেলনা ॥ আমার্ খ্যালাপাতি নিয় না কৈল্! [<খেলা<পাত(<পত্র)+ই]।

খ্যালাশা=[ম]—বি. আত্মীয়তা ॥ তাগ লগে খ্যালাশা কর্তে মন্ চ'ায়্। [< খেশ خویش ফা.+আলা প্র. ; ধ্বনি বিপর্যয়]।

খ্যালোমাস্=[য]—বি. মাছ বিশেষ ॥ খ্যালোমাসের্ ঝোল্ খেলে শরিরে রকত্ বাড়ে। [<খল মাছ]।

খ্যাল্=[কুম]—বি. <খেয়াল ॥ কথাডা আমার্ খ্যাল্ নাই।

খ্যাল্খ্যালানো=[চা, চট্ট]—ক্রি. ক্রুদ্ধ হওয়া ॥ এই কথা ঐলেই হে খ্যাল্ খ্যালাইয়া উঠে (চা)। [<খল্ খল্ (অনু.)+আনো প্র.]।

খ্যাল্পা=[রং]—বিণ. ছাল, চামড়া ॥ একেবারে পিটির্ খ্যাল্পা উঠি গেইছে।

খ্যাল্লা=[পা]—বিণ. খেলোয়াড় ॥ এই সেলেটা খুব্ বালা খ্যাল্লা। [< খেল+উয়া প্র.]।

খ্যাল্লো=[রং]—বি. ছেলে ॥ খ্যাল্-লোডা গেল্ কৈরে ?

খ্যাশালি=[চট্ট]—বি. আত্মীয়তা ॥ [দেখ খ্যালাশা]।

খ্যাশেড়া=[দি]—বি. হাম রোগ ॥

খ্যাশ্=[চা]—বিণ. সত্য, খাঁটি ॥ খ্যাশ্ কথা কৈয়া দিলাম্। [<খাস خاص আ:]।

২=[ম, কুম, চা]—বি. আত্মীয়স্বজন, কুটুম্ব ॥ [খেশ্ خویش ফা.]।

খ্যাশ্কাম্ড়ি=[রা]—বি. ঝগড়া ॥ হামার শাত্ খ্যাশ্কাম্ড়ি করিছ্ না। [দেখ খ্যাশ্$_{২}$+কামড়+ই]।

খ্যাশ্টা, খ্যাশ্ঠা=[রা, ব]—বিণ. খারাপ, বিশ্রী ॥ শেশে খ্যাশ্টা আন্ডা ভাগে পাইলাম্। [দেখ খাস্ত]।

খ্যাশ্ড়া, খ্যাশ্রা=[রা, রং]—বি. হাম ॥ মোর্ চ্যাংড়ার্ খ্যাশ্ড়া হচে। [দেখ খ্যাশেড়া]।

খ্যাশ্মানা=[রা]—বি. সেবা ॥ [দেখ খ্যাশ্$_{২}$+বান بان ফা.+আ প্র.]।

খ্যাশ্মানি=[ব, রা]—বি. আত্মীয়তা ॥ খ্যাশ্মানির্ ঠেলায়্ আর্ বাঁচি না (রা)। [দেখ খ্যাশ্মানা+ই]।

খ্যাশ্লানো=[কুম]—ক্রি. বিরক্ত করা ॥ এত খ্যাশ্লাইলে মাইর্ খাবি।

খ্যাশ্খ্যাশি=[চা]—বি. আড়াআড়ি ॥ বাপ্বেডায়্ এইবার্ খ্যাশ্খ্যাশি লাগ্সে। [দেখ খ্যাশ্$_{২}$+খেশ+ই ; অর্থ বিকৃতি ; অথবা<কচ্কচি]।

খ্যাসড়্=[নো]—বি. খারাপ লোক ॥ খ্যাসড়ের কতা হুনিস্ না। [দেখ খচ্ড়া$_{২}$]।

খ্যাসা=[সি]—ক্রি. বিণ. মারিয়া, টানিয়া ॥ তারে খ্যাসা নিসে। [< খেঁচিয়া]।

২=[খু]—ক্রি. জোরে টান দেওয়া ॥ বড়্শিতে মাস্ ধর্সে খ্যাসা দ্যাও। [<খিঁচা বা খেঁচা]।

খ্যাস্খ্যাস্ করা=[কুম]—ক্রি. খিট খিট করা ॥ [<ক্যাচ ক্যাচ করা ; অনু.]।

খ্যাস্ত=[রা]—বি. গোঁ ॥ খ্যাস্ত ধর্লে কি হবি ভাড়ে গুড়্ নাই।

খ্যাস্সড়্=[নো]—বিণ. দুষ্টলোক ॥ তার্ মত খ্যাস্সড়্ আর্ দেই নাই। দেখ খচ্ড়া$_{২}$]।

খৈ=[খু, য]—বি, বৃক্ষ বিশেষ ॥ খৈ ফল্ খেতে ভালা।

২=[য]—বি. শুকনা গোবর ॥

খৈও দানা=[পা]—বি. সামান্য জিনিস, তুচ্ছ বস্তু ॥ [<খৈ(<খদিকা সং) +দানহ্ دانه ফ.]।

খৈকর্=[সি]—বি. যে ব্যক্তি সর্বদা ক্ষতি করিয়া বেড়ায় ॥

খৈকাঠালি=[সি]—বি. গ্রীষ্মকালে আত্মীয় বাড়ীতে খৈ কাঠালের যে তত্ত্ব পাঠানো হয় ॥ [খৈ+কাঠাল+ই প্র.]।

খৈখোলা=[য]—বিণ. এলোমেলো ॥ [খৈ+খোলা=ভাজা ; অর্থ প্র.]।

খৈচ'র্=[ম]—বিণ. চঞ্চল ॥ [দেখ খচ্ড়া$_{1}$]।

খৈচ'া=[কুম, নো]—বি. আধা গুড়া চাউল॥ খৈচ'ার্ পিঠা যুত্ হয্ না।

খৈচ'া বা খৈচ্'=[চট্ট]—বি. গুড়ার বড় কণা ॥ চৈ'লর্ গুড়ির্ খৈচ'াগুন্ আবার্ ঢেকিত্ দ্যাও।

খৈচ'ালা=[রং]—বি. পকেটমার ॥

২ =[রং]—বি. খৈ হইতে ধান ছাড়াইবার জন্য ব্যবহৃত বাঁশের চালুনি ॥ [খৈ+চালা=যে চালে, চালুনি]।

খৈ যাওয়া=[সি]—ক্রি. <খুলিয়া যাওয়া ॥ কলমর্ নিক্ খৈ গ্যাসে।

খৈয্যা=[ম]—বি. চিকন শলাকা ॥

খৈটাইল্লা=[ফ]—বিণ. ঝগড়াটে ॥ খৈটাইল্লা মেয়ে লোক্। [দেখ খৈট্টাল্]।

খৈট্যা=[রা]—বি. দাগ ॥ পিতলের্ কল্‌শিতে খৈট্যা লাগ্‌ছে।

খৈট্যান্=[কুম]—ক্রি. ধানের বীজ বপন করিবার জন্য বাঁশের বাখারী দ্বারা জমি সমান করা ॥

খৈটটাল্=[নো]—বিণ. দুষ্টপ্রকৃতির ॥ খৈটটাল্ গরু লগের্ডারে মারে। [< খত্তান ختان আং]।

খৈড্যা=[রা]—বি, ছোট খাল বা ডোবা বিশেষ ॥ এই খৈড্যাটি গরমের্ শময় শুকাই যায়।

খৈতা=[রং]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ তোক বা কাঁয়্ খৈতায়্? [দেখ খৈতান্]।

খৈতাখোলা=[ম]—বিণ. অমিতব্যয়ী।

খৈতান্=[রং]—ক্রি. বি. জিজ্ঞাসা বা পরোয়া করা ॥ [<খতানো=খতিয়ে দেখা ; দেখ খৈত্যান্$_{2}$]।

খৈত্যা=[কুম]—বি. থলি ॥ টেহার্ খৈত্যাডা থো। [<খুতি+আ]।

খৈত্যাইয়া দেখা=[ঢা]—ক্রি. তালাশ করিয়া দেখা ॥ বিশয়্ডা খৈত্যায়া না দেইখ্যা এই কামে আত্ দিতাম্ না। [<খতাইয়া=খতিয়ে দেখা]।

খৈত্যান্=[পা]—ক্রি. কর্ণপাত করা ॥ আমার্ কতাডা খৈত্যানো না। [দেখ খৈতান্]।

২=[রা]—বি. খুটিনাটি খবর ॥ এ শমন্দে এত খৈত্যান্ লৈতেছ কেন্?
[<খতিয়ান্]।

খৈদা=[ম]—বিণ. দুষ্ট ॥

২=[সি]—বিণ. অমিতব্যয়ী ॥ বেটিয়ে খৈদা যামাইরে ফকির্ বানাইয়া সার্বো।

খৈদা চ'াটা=[দি]—বিণ. যে পরের জিনিস চাটিয়া বেড়ায় ॥

খৈদ্=[ম]—বি. গর্ত ॥ পথের্ মৈদ্দে খৈদ্ খুরিস্ না। [<খইদ<খাদ< খাত]।

খৈন্=[বা]—বি. আইড় মাছ থাকার গর্ত ॥ লও খৈন্ চ'াইয়া আহি। [খৈন্<খনি]।

২=[রা]—বি. গর্ত ॥ ইঁদুরের্ খৈন্।
[<খনি]।

খৈন্চ'া=[ঢা]—বি. কাঠের বাসন ॥ [দেখ খন্চ'া]।

২=[ম]—বি. গরুকে খড় দিবার আধার ॥ খৈন্চ'া বৈয়া খের্ দে। [পূর্বে দেখ]।

খৈন্তা=[চট্ট]—বিণ. ঘন ॥ খৈন্তা দুধ।

খৈন্দা=[ফ]—বি. ডালা ॥ তর্কারি খৈন্দার্ মদ্যে লও।

খৈন্না=[রং]—বি. ছোট ছোট ফোঁড়া ॥ খৈন্নার্ জ্বালায় হাটাজায়্ না।

খৈপ্‌রা=[সি]—বি. এক প্রকার ছোট ফল ॥

খৈপ্শা=[পা]—বিণ. অপরিষ্কার ॥ তোর্ মতন্ খৈপ্শা আর্ নাই। [দেখ খপ্‌শে]।

খৈম্‌ড়ি=[খু]—বিণ. ভাজা ॥ খৈমুড়ি ধান্।

খৈয়্ডা=[কুম]—বি. খলিসা মাছ ॥

খৈয়া=[চট্ট]—বি. ছোট পুকুর, অগভীর ডোবা ॥

২=[সি]—বিণ. খুব নরম ॥

৩=[ঢা]—অস. ক্রি. <খুলিয়া ॥ শক্ত কর্যা বান্ দেও, নাইলে খৈয়া যাইব।

৪ =[কুম, সি, নো]—বি. এক প্রকার মাছ, খলসে মাছ ॥ খৈয়া মাসের্ ঝোল্ বালা।

খৈয়া খন্দক্=[চট্ট]—বি. ডোবা ॥

খৈয়াগোমা=[রা]—বি. সর্পের শ্রেণী বিশেষ ॥

খৈয়া যাওয়া—[কুম]—ক্রি. <খসিয়া যাওয়া ॥ বৈয়ের মলাট্‌টা খৈয়া গ্যাসে।

খৈয়া ঢেউ=[ম]—বিণ. খৈয়ের মত সাদা জলবিন্দু উৎক্ষিপ্ত করে যে ঢেউ ॥ গাঙ্গে খৈয়া ঢেউ উঠ্‌সে।

খৈয়ান্=[রং]—বিণ. যাহাতে খৈ হয় ॥ তোমার্ কি খৈয়ান্ ধান্ আছে? [< খৈ+আন প্র.]।

খৈয়া পাত্তা=[চট্ট]—বি. খলিসা মাছ ॥

খৈয়া পর্সি=[চট্ট]—বি. মাছ বিশেষ ॥

খৈয়া মডর্=[ঢা]—বি. ধানের নাম বিশেষ ॥

খৈয়াল্=[রং]—বিণ. যে ধানে খৈ হয় ॥ খৈয়াল্ ধান্? [<খৈ+আল প্র.]।

খৈরম্=[সি]—বি. পিঁপড়া ॥ খৈরমে কাম্‌রাইয়া গতর্ ফুলাই দিসে।

খৈরান্=[ফ]—ক্রি. ছাঁচা ॥

খৈরে=[খু]—বিণ. বিভিন্ন রং বিশিষ্ট ॥ খৈরে মুরগি কৈরে? [<খয়ের(<খদির সং)+এ প্র.]।

খৈর্=[ফ]—বি. খড় ॥ [খেড় ম. বাং]

২=[চট্ট]—বি. কানের ময়লা, খয়ের ॥ [<খৈল<খলি সং]।

৩=[কুম, সি]—বি. শরীরের কোন অংশের ঘা জনিত শুষ্ক চামড়া, খুশকী, মরামাস ॥ [দেখ খৈর্২]।

৪=[সি]—বি. খেলা ॥ [<খেইড় (<ক্রীড়া সং)]।

৫=[ব]—বি. মাছের বাসা ॥ খৈরের্ মদ্যে আইর্ মাস আসে।

৬=[সি]—বি. তরল পদার্থের জমাট অবস্থা ॥ লৌ পরি খৈর্ বান্‌সে। [দেখ খৈর্৪]।

৭=[সি]—বি. পাটের শক্ত আঁশ ॥ খৈর্ দা রশি পাহা।

৮=[চট্ট]—বি. জালের খোপ বা ঘর ॥

খৈর্কা=[ঢা]—বি. পাচনির অগ্রভাগের তীক্ষ্ণ সুঁই ॥ [<খরিকা<খড়+ইকা প্র.]।

২=[কুম, ম]—বি. দাঁত খেলালের কাঠি ॥ দাতের্ একটা খৈর্‌কা আন্।

৩=[রং]—বি. বাঁশের চিকন কাঠি ॥ খৈর্‌কা দিয়া কানের্ খৈল্ বাইর্ কর্।

খৈর্কানো=[ফ]—ক্রি. চাঁছা ॥ বাশ্‌টা বালা কর্‌য়া খৈর্‌কাও। [দেখ খৈর্‌কা+নো প্র.]।

খৈর্খা=[কুম]—বি. গরু তাড়াইবার লাঠির মাথার লোহা ॥ খৈর্‌খাডা দারাও। [দেখ খৈর্‌কা]।

খৈর্বা=[চট্ট]—বি. মক্তবের ছেলে-মেয়েরা হরফ ধরিয়া পড়িবার জন্য যে ত্রিকোণাকার জিনিস ব্যবহার করে ॥

খৈর্যান্=[চট্ট]—ক্রি. মাটি ছাড়ানো, মুলা আলু প্রভৃতি মাটি হইতে বাছিয়া লওয়া ॥

খৈলা=[দি]—বি. <খৈল ॥ গাইটারে খৈলা পানি দিতো।

খৈলাথ্=[ঢা]—বিণ. অলস ॥

খৈলা টৈলা=[রং]—বি. একেবারে শেষ সময় ॥ খৈলা টৈলার্ মুখত্ মোক পাটালু।

খৈলান্=[বা, রা]—বি. ধান শুকাইবার জায়গা ॥ খৈলানে দান্ দাও(বা)। [খিল্‌য়ান হিং]।

খৈল্যা=[রা]—বিণ. অলস ॥

খৈল্=[কুম]—বি. ধামা ॥ এক্ খৈল্ দান্। [=খলুই]।

২=[বা, রং]—বি.মাছ রাখার পাত্র ॥

খৈল্খলান্=[পা]—ক্রি.বি. জোরের সহিত কোন কিছু বাহির করিয়া লওয়া ॥

খৈল্তা=[নো, কুম]—বি. থলি ॥ খৈল্‌তার্ মদ্যে হৈর্‌নির্ চ'উল্ আসে। [<খরীত: خريطه আং]।

২=[রা]—বি. পেট (ব্যঙ্গার্থে) ॥ [পূর্বে দেখ]।

খৈল্তা ঝারা=[কুম]—বিণ. শেষ ॥ হিতে বাপ্‌মার্ খৈল্‌তাঝারা পোলা। [দেখ খৈল্‌তা +ঝাড়া=ঝাড়িয়া যে শেষাংশ বাহির করা হয়]।

খৈল্তানি=[ফ]—বি. থলি ॥ বাযারে যামু, খৈল্‌তানি দেও। [দেখ খৈল্‌তা +নি প্র.]।

খৈল্দা=[চট্ট]—বি. ক্ষুদ্র থলে বিশেষ ॥ [দেখ খৈল্‌তা]।

খৈসা=[কুম]—বি. ক্ষুদ্র অংশ ॥ অলদির্ খৈসা ফালাইয়া দ্যাও। [<খোশহ্ خوشه ফা.]।

খৈস্রা=[সি]—বি. ফুল বিশেষ ॥

খৈস্যা=[চট্ট]—বি. <খলিশা মাছ।

খৈস্=[বা]—বি. কানের ভিতরের ময়লা ॥

২=[খু]—বি. <খোলস ॥ শাপের্ খৈস্‌টা কত বড়।

খৈল্হ্যা=[রা]—বিণ. অলস, কুড়ে ॥

খো

খোকর্=[দি]—বি. গর্ত ॥ [<কোকর; তুঃ কোঁপর হিং]।

খোচোর্=[রা]—বি. খৈ ইত্যাদির কণা বিশেষ ॥

খোচ্'=[চট্ট]—বি. ত্রুটি ॥

খোচ্'রানো=[চট্ট]—ক্রি. নিড়ান ॥ [<খোঁচড়ান]।

খোটা=[রা]—বি. পদ্মচাকী, ফল ॥

২=[রা]—বি. টিপ্পনী ॥ এত খোঁটা দেও কেন্?

খোডা=[নো]—বি. তুলনা, খোঁটা ॥ [দেখ খোঁটা]।

খোডাখুডি=[চট্ট]—বি. ঝগড়া ॥ বাপে পোয়ায় খোঁডাখুঁডি ন গৈর্‌য়ো। [দেখ খোঁটা+খোঁট+ই]।

খোপাল্শি=[রা]—বি. খোঁপা বিশিষ্ট (মুরগী বা পাখী)) ॥[খোঁপা+ল+শি]।

খো=[কুম]=বি. সুযোগ ॥

খোকা=[কুম]—বি.<খোঁপা ॥ মেয়েডার্ মাথাত্ খোকা বাইন্‌দা দেও।

খোচা=[রং]—বি. একপ্রকার বড়শি ॥

খোচা বড়শিতে একটা শোল্ ধরেছে। [<খোঁচা ; অর্থ প্র.]।

২=[রং]—বি. পদ্মফুল॥ খোচা খাইতে ভালা।

খোচাত্‌তারা=[রং]—ক্রি. কুমন্ত্রণা দেওয়া॥ সে মানুশকে খুব খোচাত্‌তারে। [<কুচরিত্রতা<কুচরিত্র+আ ; নামধাতু ; বর্ণ বিপর্যয়]।

খোচ্‌'=[কুম]—বি. চৌচালা ঘরের ছোট চাল॥

খোচ' আশা=[পা]—ক্রি. ছিদ্র হওয়া, নষ্ট হওয়া, তক্তা খসিয়া যাওয়া॥

খোচ্‌' খোচ্‌'=[কুম]—বি. উঁচু-নীচু॥ খোচ্'খোচ্' দেইখ্যা হাইট্টও।[<খোঁচ]।

খোচ্‌'টা=[কুম]—বিণ. ছিদ্র॥ নতুন্ কাপর্‌ডা খোচ্‌টা ঐল্ কেম্‌নে? [<খোঁচ+টা]।

খোচ্‌'টা তোলা=[কুম]—ক্রি. বাধা দেওয়া॥ [দেখ খোচ্'টা+তোলা]।

খোটা=[ফ]—ক্রি. কুড়ানো॥ তুমি ওহোনো খুইটা কি পাইলা? [< খোঁটা]।

খোটা পারা=[পা]—ক্রি. খোঁচা দিয়া কথা বলা॥ বার্‌বার্ এত খোটা পার ক্যান্? [খোঁটা+পাড়া]।

খোট্=[কুম]—বি. ছেঁড়া কাপড়ের অংশ॥ এক্‌টা খোট্‌বান্দ।

খোট্ দেওয়া=[কুম]—ক্রি. বড়শিতে মাছ লাগিলে টান দিয়া তোলা॥ মাস্ লাগ্‌সে খোট্ দে।

খোত্ খোত্=[কুম]—অব্য. এক প্রকার শব্দ॥ মানুশ্‌টা খোত্ খোত্ কর্‌যা আশে। [ধ্বন্যা.]।

খোদা=[কুম]—বি. খন্দক, অগভীর ছোট গর্ত॥ উডানত্ খোদা কর্‌ল কে? [<খাদ]।

খোদ্=[ফ]—বি. গর্ত॥ একটা খোদ্ কর্, খুডি গাড়ুম্। [<খাদ]।

খোদ্‌তি=[কুম]—বি. কামাই, বাদ॥ খোদ্‌তি নাই। [<কম کم ফা.+তি প্র.]।

খোন্‌দক্=[চা]—বি. গর্ত॥ [<খন্দক্ خندق ফা.]।

খোন্‌দর=[চা]—বি. কোনা, জনহীন জায়গা॥ হারাদিন্ এই খোন্‌দরেই বৈয়া থাক্‌বি? [দেখ খোন্‌দক্]।

খোন্‌দল্=[বা]—বি. নিচু জায়গা॥ [দেখ খোন্‌দর্]।

খোন্‌দা=[বা]—বি. ছোট ডিঙ্গি নৌকা, তাল গাছের নৌকা॥ খোন্‌দায় চৈ'রা মাস্ ধরা যায়। [দেখ কুন্দা]

২=[চট্ট]—বি. গর্ত॥ খোন্‌দায় পড়ি পা ভাংগি গেইয়ে। [দেখ খোন্‌দক্]।

খোন্‌দ্=[রং]—বি. <গহ্বর॥ গাছে পাখি খোন্‌দ্ করে। [<খন্দ< খন্দক ; দেখ খোন্‌দক্]।

২=[পা]—বি. ফসল, শস্য॥ [< খন্দ<কন্দ সং]।

৩=[ম]—বি. ফসলের মৌসুম॥ এবারের্ খোন্‌দে বালা দান্ পাইসি। [পূর্বে দেখ]।

খোপা=[বা]—বি. হাঁস মুরগীর পাকস্থলী॥ মুর্‌গিটার্ খোপা বরা দান্।

২=[রা]—বি. মাথা॥ তোর্ খোপা ছিড়ে নিব। [<খোঁপা]।

খোপাতি=[রং]—বিণ. খোপা আছে এমন॥ খোপাতি মুর্‌গিটা কার্? [দেখ খোপা১+তি প্র.]।

খোপা বরা=[বা]—ক্রি. পেট ভরা॥ খোপা বর্‌লে আর্ দেখা নাই। [দেখ খোপা+ভরা]।

খোপালাশি=[রা]—বি. খোপাওয়ালা মুরগী॥ [দেখ খোঁপালশি]।

খোপ্=[কুম]—বি. পাখীর খাঁচার ছোট ছোট কোঠা॥ এক্ এক্ খোপে এক্ এক্ কৈতর্। [<স্তূপ সং]।

২=[য]—বি. কোন্॥ আমি খোপের্ খোপে ধরু দিয়াসি।

৩=[খু]—বি. ছোট ভাণ্ড বিশেষ॥ এক্ খোপ্ পানি দাও।

৪=[য]—বি. বারান্দা ঘেরা ঘর॥ খাপের্ মধ্যে শুয়ে থাক্‌লে কার্ কর্‌বে কে? [দেখ খোপ্]।

খোপ্‌চ'ালা=[য]—ক্রি. বিণ. মাঝে মাঝে॥ খোপ্‌চ'ালা দু এক্‌টা কথা যা সে বলে তার্ দাম আসে। [খাপ ছাড়া]।

খোপ্‌না=[পা]—বি. নৌকা বাঁধিবার খুঁটি॥ নৌকা বানা করে খোপ্‌নার্ সাথে বান্। [কোপ (<কোপা)+না প্র.]।

খোপ্‌রি=[রং]—বি. গহ্বর, খুপরি॥ গাছের খোপ্‌রিত্ কুড়াল্যার্ বাশা। [দেখ খুপ্‌রি]।

খোবা=[চট্ট]—বি. কুয়াশা॥ বিয়ান্যা বালা বর খোবা পড়ে। [<কুয়া< কুহা]।

২=[কুম]—বি. হাঁড়ি॥ দৈয়ের্ খোবা। [দেখ খোপ্৩]।

খোব্=[চট্ট]—বি. জাল পলো ইত্যাদির ক্ষেপ॥ পৈলা খোবে ইগ্‌গা রুইত্ মাস্ পড়িল্। [<খেপ< ক্ষেপন]।

খোব্‌দারা=[ফ]—বি. বাঁশের তৈরী লাঠি বিশেষ॥

খোব্‌রে=[য]—বিণ. ময়লা ও বিবর্ণ দাগ বিশিষ্ট॥ খোব্‌রে ডানাওয়ালা পায়্‌রাটা মারা গেসে। [<খয়রে <খয়ের<খদির সং+এ প্র.]।

খোভা=[খু]—বি. বোবা॥ খোভা লোক্ ইশ্‌রায় কথা বলে।

খোমক্=[পা]—বি. অভিমান॥

খোমড়্=[খু]—বি. বৃক্ষের কোটর॥ [<খোঁঅল<খোড়ল<কোটর সং; তুং খুচল হিং]।

খোমা=[খু]—বি. খেজুর বা নারিকেল গাছের ডাল কাটার পর যে অবশিষ্টাংশ কাণ্ডের সঙ্গে থাকে॥ এই গাসে অনেক্ খোমা।

২=[পা]—বি. অপ্রকাশ্য রাগ॥ সেলেটির্ খোমা আসে।

খোমাইর্=[রং]—বি. আটার মথিত তাল॥ খোমাইর্ মাখা আছে, উটি বানাবার চাওত বানাও। [দেখ খামিরা]।

খোয়াকায়্=[খু]—ক্রি.বিণ. সহজেই॥

চো'র্ খোমাকায় কি চু'রির্ কথা শিকার্ করে। [দেখ খানাখাই]।

খোমাখোমি=[ঢা]—বি. রেষারেষি, রাগারাগি ॥ দুই বাইয়ে কেমুন খোমা-খোমি লাগ্সে।

খোম্=[কুম]—বি. ডিমের ভিতরের হলদে অংশ ॥ [<কুম<কুউম<কুসুম]।

২=বি. রক্ত ॥ তার্ মাথাডা কাইটা টাট্কা খোম্ পর্তাসে। [<খুন خون ফা.]।

৩=[রা]—বি. তাগত, শক্তি, ক্ষমতা ॥ [<ক্ষম(<ক্ষমতা)]।

খোম্বানি=[নো]—বি. রাগ ॥ আমি কি তার্ খোম্বানির্ নিচে'? [দেখ খোমা২+ন+ই]।

খোম্রানো=[খু]—ক্রি. কটাক্ষ হানা, রক্তচক্ষু করা, রাগত ভাবে তাকানো ॥

খোয়া=[ঢা]—বি. কোন কিছুর আবরণ, খোশা ॥ [<খোশা<খোশহ্ خوشه ফা. কিংবা কোষ]।

২=[কুম]—বি. কুয়াশা ॥ খোয়ার্ লাইগ্যা কিসু দেহা যায় না। [দেখ খোবা]।

৩=[কুম]—বি. <খোপা ॥ মেয়ের্ মাথার্ খোয়া।

৪=[রং]—বিণ. ঘন ॥ গাইয়ের্ দুধ্ খুব্ খোয়া। [তুং খোয়া হিং= ঘন গাঢ় দুধ]।

৫=[খ]—বি. <খোকা ॥ খোয়া বারি আয়্।

খোয়া আওটা=[রা]—বিণ. ঘন করিয়া জ্বাল দেওয়া ॥ [দেখ খোয়া৪+ আওটা (<আ-বৃৎ)]।

খোয়াইরা=[কুম]—বি. হাঁস মোরগের শব্দ ॥ বেযি দেখি মোরগ্ খোয়াইরা মারিল্। [<কুহর+ইয়া ; ধ্বন্যা.]।

খোয়াইল্যা=[ঢা]—বিণ. ভবঘুরে ॥ খোয়াইল্যা যামাইর্ কাসে মাইয়া বিয়া দিম্ না। [<খোয়া (<খোয়ানো <ক্ষয় ; নামধাতু)+ল+ইয়া প্র.]।

খোয়াইল্=[চট]—বি. খোয়াড় ॥ খোয়াইল গরু বান্দে। [<খোয়াড়+ ই প্র.]।

খোয়াইল্লা=[নো]—বিণ. যে অন্যের জায়গায় থাকে ॥ খোয়াইল্লা মানুশের্ আবার্ বড়াই কিয়ের্। [দেখ খোয়াইল্যা]।

খোয়াজ্খেজের্=[রা]—বি. পানির পীর ॥ ছেলেকে কূপে নিয়ে জেয়ো না, খোয়াজখেজেরে দেখ্বে। [< খ্বাজহ্ খিযর خواجه خضر ফা. ; মুসলিম পুরাকাহিনী প্রসিদ্ধ সাধু পুরুষ]।

খোয়ানি=[রং]—বি. খাওয়ানো বাবদ দাম ॥ খোয়ানি কত টাকা নিবে? [খাওয়া+নি প্র.]

২=[কুম]—বি. ক্ষতি, হারানী ॥ বহু ট্যাকা খোয়ানি গেসে। [দেখ খোয়াইল্যা ; খোয়া+নি]।

খোয়ানো=[চট]—ক্রি. খোলা ॥ [<খসানো]।

খোয়াপাতি=[ঢা, চট]—বি. বন-ভোজন ॥ চ'ল্ এক্টা খোয়াপাতি খাই(ঢা)। [খাওয়া+পত্ত<পত্র+ই]।

খোয়াপ্=[সি]—সি. স্বপ্ন, খাব ॥ [খ্বাব خواب ফা.]।

খোয়াবি পোলাও=[ঢা]—বি. আকাশ কুসুম ॥ [দেখ খোয়াব+ই প্র.+ পোলাও<পুলাউ پلاو ফা. ; মূল অর্থ স্বপ্ন দৃষ্ট পোলাও]।

খোয়ার্=[কুম]—বি. লাঞ্ছনা, দুর্গতি, দুর্নাম ॥ [খার خوار ফা.]

২=[ম]—বিণ. কাবু ॥ তুমি এত খোয়ার্ ঐস ক্যা? [পূর্বে দেখ]।

খোয়্=[রং]—বি. স্বভাব ॥ তোর্ নুছ্রার্ খোয়্ গেল্ না। [খোয় خوى ফা.]।

খোরদ্=[বা]—বিণ. গভীর ॥ [খন্দক خندق ফা.]।

খোরল্=[ফ]—বি. কলাগাছের আবরণ ॥

খোরলি আশ্=[কুম]—বি. ছোট হাঁস ॥ বিলত্ বহুত্ খোরলি আশ্ চ'রের্। [খোরলি(=ছোট)+হাঁস]।

খোরা=[কুম]—বি. মাটির পেয়ালা ॥ [দেখ খুরা১]

খোরাই=[নো]—বি. খাওয়ার জিনিস ॥ খোরাই শেশ্ ঐসে আবার্ খান্ কিন্তে ঐব। [<খোরাকী خوراكى ফা.]।

খোরালি হাঁশ=[চট]—বি. বালি হাঁস ॥ [দেখ খোরলি আশ্]।

খোরি=[সি]—বি. প্রসবের সময় প্রথম বাহির হয় যে অংশ ॥ গাইয়ে খোরি বার্ কর্সেনিরে?

খোরিন্চে'=[বা]—বি. চর্মরোগ, দাদ ॥ [খারিশ্তী خارشتى ফা.=চুল-কানি যুক্ত]।

খোরে খোরে=[ফ]—ক্রি. বিণ. গিরায় গিরায় ॥ [<ক্ষুর+এ ; ক্ষুর+এ বিভক্তি]

খোরোল্=[বা]—বিণ. নীচু ॥ হাট্তে হাট্তে পথ্টা খোরোল্ করসে। [< খোড়ল(<কোটর)]

খোর্=[খু]—বিণ. খাদ, পুকুরে বা নদীতে মাছ থাকিবার গর্ত ॥

২=[রং]—বি. গরুকে বাড়ীতে ঘাস খাওয়াইবার নির্দিষ্ট জায়গা ॥

৩=[রং]—বি. বাঁশের বেড়া ॥ খোর্ দি বাড়ির্ পর্দা কর্।

খোর্খোনা=[রং]—বিণ. খসখসে, তৈলহীন ॥

খোর্চ'নি=[পা]—বি. চুল্লী খোচা-নোর লাঠি ॥ খোর্চ'নির্ বাড়ি খায়্যা বিলাইডা পালাইল্। [খুর্চনী হিং]।

খোর্ দেওয়া=[ঢা]—ক্রি. বড়শিতে মাছ আটকাইলে টান দিয়া তোলা ॥ করি ডুব্যা গেসেগা, যল্দি খোর্ দে। [দেখ খোচ্ দেওয়া]।

খোর্বানি=[চট]—বি. আমোদ প্রমোদ।

খোর্সি=[পা]—বি. গর্ত হইতে মাটি তোলার বাঁশের যন্ত্র বিশেষ ॥ [< খুরপি<ক্ষুরপ্র+ই]।

খোলন্=[কুম]—ক্রি. যাত্রা করা ॥ আইয্ নাও খৌলুম্। [মূল অর্থ খুলিয়া দেওয়া]।

খোলশ্=[চা, সি]—বি. কোসকা ॥ আট্তে আট্তে পাও খোলশ্ পর্সে।

খোলা=[ফ]—বি. পানিতে ডুবা জমি ॥ খোলায় খুব মাস্ থাকে।

২=[বা]—বি. তরকারীর বাগান ॥ মরিচের খোলা। [দেখ খলা]।

৩=[কুম]—বি. ভাজি করিবার পাতিল ॥ খোলাডা হেই আরো আসে।

৪=[ম, দি]—বি. বাড়ীর সামনের প্রাঙ্গণ, গোলাবাড়ী ॥ [দেখ খলা]।

৫=[বা]—বি. মণ্ডপ, যে স্থানে দেব দেবীর পূজা করা হয় ॥ আনাআনি (গোসল না করিয়া) খোলায় উডিস্ না। [দেখ খলা]।

৬=[ফ]—বিণ. ফাঁপা ॥ গুনে খাইয়া বাশ্টা খোলা কৈরা ফেলাইসে

খোলা কপালে=[পা]—বিণ. দুর্ভাগা, হতভাগা ॥ ওর মতন্ খোলাকপালে লোক্ নাই। [দেখ খোলা৬+কপাল +এ প্র.]।

খোলা গাড়্=[খু]—বি. জল সেচনের গর্ত ॥ খোলাগাড়ে মাস্ আড়্ডা নেয়্। [<খোলা+গাড়া<গড়হা হিং]।

খোলাট্=[খু]—বি. খামার ॥ খোলাটে ধান্ উঠেসে। [দেখ খলাট্]।

খোলা ডুলান্=[চা]—ক্রি. মুড়ি ভাজার পাতিল নাড়া, অন্যের উপর কর্তৃত্ব করা ॥ তুমিত পার পরের্ উপ্রে খোলা ডুলাইতে। [দেখ খোলা৩+ দোলানো]।

খোলাতাঁতা=[নো]—বি. অভাব, অনটন ॥ হেতার্ খোলাতাঁতা। [দেখ খোলা৩ +তপ্ত]।

খোলা ধরা=[চা]—ক্রি. মুড়ি ভাজার সাহায্য করা ॥ অহনে তুই একটু খোলা দর্। [দেখ খোলা৩+ধরা]।

খোলান্=[রং]—বি. বহির্বাটি, যেখানে ধান ইত্যাদি মাড়ানো হয়। [<খিল্-য়ান হিং]।

খোলা পাইল্যা=[ক]—বি. হাঁড়ি বিশেষ ॥ [দেখ খোলা৩+পাতিলা< পাত্র+লা প্র.]।

খোলাপিডা=[চা]—বি. চাউলের গুড়ি দিয়া তৈরী পিঠা বিশেষ ॥ [দেখ খোলা৩+পিঠা]।

খোলাবাজানি=[কু]—বিণ. হাভাতে ॥ তোর্ মত খোলাবাজানি আর্ দেখিনি। [দেখ খোলা৩+বাজা+নি=বাজায় যে]।

খোলাবাতে=[পা]—বিণ. অলস, হাভাতে ॥ [দেখ খোলা৩+ভাত+এ প্র.]।

খোলা মুচি=[খু,ম]—বি. পিঠা তৈরী করার হাঁড়ি ॥ [দেখ খোলা৩+মুচি (<মুষা)]।

খোলামেলা=[পা]—বিণ. উন্মুক্ত ॥ বাড়িডো খোলামেলা আসে। [খোলা +মেলা অনু:]।

খোলা হাবাতে=[পা]—বিণ. ভাগ্য হারা ॥ তোর্ মত খোলা হাবাতে লোক্ আর্ নাই। [দেখ খোলাবাতে]।

খোল্মি=[চট]—বি. অনিচ্ছা ॥ [<খল+মি প্র.]।

খোলে=[খু]—ক্রি. বিণ. ভিতরে, মধ্যে ॥ দুই মিনিটের খোলে আশা চাই। [<খোল+এ বিভক্তি]।

খোলেট্=[পা]—বি. খোলা, ধানাদি মাড়াই করার উঠান ॥ [দেখ খোলাট্]।

খোলেন্=[ম, খু, কু]—বি. ধান ইত্যাদি মাড়াইবার স্থান, উঠান, প্রাঙ্গণ ॥ খোলেনে ধান্ উঠেসে। [দেখ খোলান্]।

খোল্যান্=[বা]—বি. উঠান ॥ [দেখ খোলান্]।

খোলোশা=[ফ]—ক্রি.বিণ. পরিষ্কার ॥ গর্ খোলোশা কর্। [<খুলাস: خلاصه আং]।

খোল্=[রা]—বি. ঘর ছাউনির চালি ॥ [<খোলা]।

খোল্টাই=[রং]—বি. ঢাকনি ॥

খোল্তা=[রা]—বি. থলে, পাটের তৈরী থলে ॥ [<খরীত: خريطه আং]।

২=[রং]—বি. বারান্দা ॥

খোল্নাও=[চা]—বিণ. আসবাব পত্রহীন নৌকা, খালি নৌকা ॥ [< খোলা+নাও(<নৌকা)]।

খোল্শা=[রং]—বি. <খোলস ॥ শাপ্টা খোল্শা ফেলাইচে।

২=[কুম]—বিণক্রি,. পরিষ্কার ॥ কথাডা খোল্শা কৈরা ক। [দেখ খোলোশা]।

৩=[রা]—বি. মীমাংসা, ফয়সালা ॥ [দেখ খোলোশা]।

খোল্শানি=[চট, রা]—বি. গলদা চিংড়ি ধরার ফাঁদ ॥

খোল্শন্=[রা]—বি. ছোট মাছ ধরার বাঁশের তৈরী খাঁচা বিশেষ ॥

খোসর্, খোসর্=[রং]—অব্য. খশ খশ শব্দ ॥ এত খোসর্ খোসর্ করে কেরে? [ধ্বন্যা.]।

খোশা=[ফ]—ক্রি. গাঁথা ॥ মাদ্লিডা মাটির্ মদ্দ্যে খোশি থো।

২=[ফ]—বি. মরা চামড়া ॥ [দেখ খোয়া]।

৩=[রং]—বি. তুষ ॥

খোশাইয়া দেওয়া=[রং]—ক্রি. মুক্ত করিয়া দেওয়া, মিটাইয়া দেওয়া ॥ [<খসাইয়া দেওয়া]।

খোশাইল্যা=[ম]—বিণ. যে ধীরে ধীরে কাজ করে ॥ [<খোশ خوش ফা.+ হাল حال আং+ইয়া প্র.; অর্থ প্র.]।

খোশা দেওয়া=[রং]—ক্রি. জমির ধান নষ্ট হইলে অতিরিক্ত ধান বপন করা ॥ [দেখ খোশা+দেওয়া]।

খোশানি=[কুম]—বি. ক্ষতি, হারানি ॥ [<খসা+নি]।

খোশানো=[ম]—ক্রি. জোরপূর্বক ঢুকান ॥ [<খোসনা হিং]।

খোশামত্=[রং]—বি. তোষামোদ, আদর ॥ [<খোশামুদ خوشامد ফা.]।

খোশাল্=[ম]—বি. আনন্দ ॥ খোশাল্ ঐ বারিত্ যাও। [দেখ খোশাইল্যা]

খোল্দ্=[খু]—বি. সাপের খোলস ॥

খোশ্ আল্‌বলে=[পা]—ক্রি. বিণ. যখন ইচ্ছা হয়, সচরাচর ॥ [<খোশ خوش ফা.+ 'আমল عمل আং +এ বিভক্তি]।

খোশ্‌কদ্‌মা=[রা]—বিণ. অকর্মণ্য, অকেজো, অলস ॥ [খোশ خوش ফা. +কদম قدم আং]।

খোশ্ খোশা=[রং]—বিণ. অমসৃণ ॥ মোর্ কি খোশ্‌খোশা মাথা না ? [< খসখসা]।

খোশ্‌টানো=[রং]—ক্রি. এক আঙ্গুল দ্বারা চুলকান ॥ মোর্ পিঠ্‌খানা খোশ্‌টে দে।

খোশ্‌বাশ্=[কুম]—বি. ভাল গন্ধ ॥ খোশ্‌বাশের তেল্ বৌয়েরে দেওন্ লাগে। [<খোশ্ خوش ফা.+বাস=সুবাস]।

খোশ্‌মদ্‌দি=[চা]—বি. তোষামোদ ॥ [দেখ খোশামত্+ই প্র.]।

খোশ্‌লানো=[কুম]—ক্রি. প্ররোচিত করা ॥

খোস্=[কুম]—বিণ. গভীর, নীচু ॥ নদির্ খোস্ যাগাত্ যাইস্ না। [দেখ খোচ্‌'খোচ্']।

খোস্‌তবা [সি]—বিণ. খোশ মেজাজী লোক্‌টা বর্ খোস্‌তবা। [<খোশ خوش ফা.+তব'আ طبع আং]।

খোহর্=[বা]—বিণ. কোঁকড়া ॥

খোহো=[রা]—বি. অভ্যাস ॥ বিড়ি খাওয়ার্ খোহোডা ছাড়তে পার্‌লা না। [দেখ খোয়্]।

খৌ

খৌ=[ফ]—বি. রক্ত ॥ তার্ পা কাইটে খৌ পড়্‌তেসে। [দেখ খোর্‌১]।

খৌওয়া=[কুম]—বিণ. হারানো ॥ খৌওয়া চি'হ্ পাওয়া যায়্ না। [<খোয়া<ক্ষয়িত সং=খোয়ানো]।

খৌডা=[চট্ট]—বি. খোঁচা, খামচি ॥ ঊড়া ডাইলে খৌডা খায়্। [দেখ খোটা পারা]।

খৌড়্=[য,পা]—বি. পশুর খোঁয়াড় ॥ [<খোঁয়াড়]।

খৌতা=[চট্ট]—বি. কাই ॥ ময়্‌দা খৌতা করি যাখ্।

খৌতানো=[চ]—ক্রি. গণনা বা হিসাব করা ॥ তোমার্ মত লোক্ আমি খৌতাই না। [<খতানো=খতিয়ে দেখা]।

খৌনা=[রা]—বি. যে জমিতে বীজ ছাড়াই গাছ জন্মে ॥

খৌপ্=[কুম]—বি. ভয় ॥ হেইখানে যাইতে আমার্ খৌপ্ মালুম্ অয়্। [খওফ خوف আং]।

খৌরা=[কুম]—বি. সরিষা ॥ খৌরার্ তেল্ ॥

খৌলা=[কুম]—বি. কড়াই ॥ তিন্ খৌলা দান্ চা'ই। [দেখ খোলা৩]।

গ

গঅন্=[চট্ট]—বি. গান ।। গঅন্ গাইয়ুম্ । [<গাওন√গা+অন প্র.=গাওনা] ।

গঅর্=[চট্ট]—বি. চাকর।। চ'াগির্ গঅর্ । [<*গাছর<গাভুর ম.বাং] ।

২=[চট্ট]—বিণ. গায়ের ।। [<গাত্ত<গাত্র+র (সম্বন্ধে)] ।

গঅর্মেন্ট=[কুম]—বি. সরকার ।। গঅরমেন্‌টের্ কোন দোশ্ নাই । [গভর্ণমেণ্ট goverment ইং] ।

গওড়া=[য]—বি. খোঁয়াড় ।। গওড়ায় গাশ্ দে । [<গঁওড়া<গোঁয়াড়<খোঁয়াড়] ।

গওনা=[খু]—বি. কেরায়া নৌকা ।। [<গহনা] ।

গওনো=[খু]—বি. আসন্নপ্রসবা ।। গাইডা বোধ্ হয়্ গওনো । [গওনো<গর্ভিণী সং] ।

২=[খু]—বি. গহনা, অলংকার ।। বে তো কর্‌বা, গওনো গড়্‌লে তো ? [<গওনা<গহনা] ।

গওয়ার্—[রং]—বি. রাগী ।। লোক্‌টি বড় গওয়ার্ । [<গোঁয়ার<গাঁও<গ্রাম সং+আর প্র.] ।

গওর্=[চট্ট]—বি. চাকর ।। দোকানের্ গওর্‌টা চু'রি গরি ভাগ্‌গে । [দেখ গঅর্] ।

২=[কুম,য]—বি. মনোযোগ, চিন্তা ।। গওর্ কৈরা ওয়ায্ শোন্ । [গওর غور আং ; দেখ গরো] ।

৩=[য়া]—ক্রি. বিণ. ঐদিক ।। গওর্ দি যা । [গয়র غير আং=অন্য] ।

গওহর্=[ঢা, য, কুম]—বি. মূল্যবান্ ধাতু।। গওহরি গওহর্ চি'নে । [গওহর گوهر ফা.] ।

গংগরা=[নো]—বি. বড় বা মুরুব্বী ।। গংগরা বাপ্ দি· যগুগুরে কৈসি ।

গংগাজলি=[রং]—বি. অতিশয় বোকা ।। তুই একটা আস্ত গংগাজলি । [<গঙ্গাজল+ই প্র.] ।

২=[ঢা]—বি. শাড়ির নাম ।। [পূর্বে দেখ] ।

৩=[কুম]—বিণ. পরিষ্কার ।। গংগাযলি শুতি । [পূর্বে দেখ] ।

গংগানো=[য়া,য,রং]—ক্রি. রাগে বা যাতনায় গোঁ গোঁ করা, কাতরানো ।। সে মাথায় বেদ্‌নায় গংগাচ্ছে (য়া)। [গোঁ গোঁ (নাম ধাতু)+আনো প্র.]

গংগিআ=[ঢা]—বি. নদী বা সাগরের দেবী।। পোলাডা গংগিয়ায় লৈয়া গেসে । [<গঙ্গা মা] ।

গংরা=[দি, য়া]—বি. মহরমের তাজিয়া ।। মরমের্ মেলায় বড় বড় গংরা আইছিলো । [<গহ্‌বারহ্ گهواره ফা. =দোলনা] ।

২=[রং]—বি. ঘাস বিশেষ ।।

গংশানো=[রং]—ক্রি. বি. আফসোস করা ।। আগোত্ দি পাচত্ গংশানো ভাল নোমায় ।

গ'=[চট্ট]—বি. হাড়ি পাতিলের নিম্নভাগ বা গলা ।। গঁ ভাল করি মাযি ফেল্ । [<গাঁ<গা ; অর্থ প্র.] ।

গ'অ=[চট্ট]—বি. গ্রাম।। এই গঁঅত্ ইস্কুল্ নাই ।। [<গাঁঅ<গ্রাম সং] ।

গ'অন্=[চট্ট]—ক্রি. ঘষা দেওয়া ।। গঁঅতে গঁঅতে পাথর্ খয়্ অয়্ । [<ঘহন্<ঘষন্<ঘর্ষণ সং] ।

গ'ও=[য়া]—বি. সুযোগ, ইশারা ।। বেবুশায় গঁও নাই কিছু । [<ঘাত] ।

গ'ওয়া=[চট্ট]—বি. জলে পড়িয়া থাকার ফলে বস্তুর উপর উৎপন্ন শেওলার স্তর বা ময়লা ।। চ'াইর পাচ' মলুডা বিলের্ পানিত্ থাইলে গাউত্ গঁওয়া ধঁধাইব ।

গ'চি'=[দি, য, য়া]—বি. ছোট বাইন জাতীয় মাছ ।।

গঁদ্=[খু]—বি. বাবলার আঠা ।। গঁদের আঠা খাইলে ধাতু পুষ্ট হয় । [<গোঁদ হিং] ।

গকুলে থাকা=[পা]—ক্রি. নিরাপদে থাকা ।। [গকুল<গোকুল=যেখানে শ্রীকৃষ্ণ পালিত হইয়াছিলেন] ।

গকুল দার্=[কুম]—বি.বড় ভোজের তরকারী দধি ইত্যাদি যাহার তত্ত্বাবধানে থাকে ।।

গকুল্ গাস্=[য]—বি. বকুল ফুলের গাছ ।। [<বকুল গাছ] ।

গক্‌খিন্=[য]—বিণ. গভীর ।। গক্‌খিন্ পুহুর্ । [<গহীন] ।

গক্‌ড়া=[য]—বি. খোঁয়াড় ।।

গখ্‌খি=[পা]—বি. গোবরের ঘুঁটে ।। গখ্‌খির্ আগুন্ ।

গ গ করা=[ঢা]—ক্রি. গোলমাল করা ।। গ গ কর ক্যা ? [গোঁ গোঁ করা] ।

২=[সি]—ক্রি. বার বার আলোচনা করা ।। ই বাবে কত্তা লৈ অত গ গ কর কেনে ? [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

গগন্ তারা=[ঢা]—বি. আউশ ধান বিশেষ । [<গগন+তারা] ।

গগল্‌ডিং=[রং]—অব্য. এক প্রকার পাখীর আওয়াজ ।।

গগা=[য]—বি. গালে সজোরে ঠোকা ।। আমায় পৈশা দিবি না গগা খাবি ?

২=[সি]—বি. কণ্ঠনালী ।।

গগানি=[সি]—বি. মোরগের ডাক ।। [দেখ গ গ করা ; গগ+আনি প্র.] ।

গগানো=[য, য়া]—ক্রি. তাড়াতাড়ি করা ।।

২=[কুম]—ক্রি. গোপনীয়তা প্রকাশ করিয়া ফেলা, হাটে হাড়ি ভাঙা, ঢাকঢোল পিটানো ।। কতাডা গোপন্ না কৈয়া যে গগাইয়া বেরাইতাসে ।

৩=[প, ব, রা]—ক্রি. বিরক্তি করা, চীৎকার করা ॥ [গোঁ গোঁ+আনো প্র.]

গগ্নই=[চট্ট]—বি. একপ্রকার তরকারী।

গগ্‌গ মারা=[পা]—ক্রি. বৃদ্ধাঙ্গুলী দ্বারা আঘাত করা ॥ এক্‌টা গগ্‌গ মার্‌মু।

গগ্‌গাই=[চা]—বি. বাজে গল্প, গুজব ॥ এই হানি ঠাইন্‌ত গগ্‌গাই কৈরা কাডালি। [দেখ গ গ করা]।

গগ্‌গা দেওয়া=[ব]—ক্রি. ঘাড় ধাক্কা দেওয়া, অর্ধচন্দ্র দেওয়া ॥ বেশি গোল্‌মাল কৈলে গগ্‌গা মাইরা বার্‌ কৈরা দিমু।

গগ্‌ড়াডিজ্‌=[রং]—বি. ক্ষুদ্র পাখী বিশেষ ॥

গগ্‌রা=[ক]—বি. একপ্রকার তরকারী ॥ গগ্‌রা দিয়া বেক্‌ মাস্‌ খাওয়া যায়।

গচ'া=[কুব]—বি. পাট বা তিল গাছের গোড়া ॥ আমার্‌ পাও গচ'া বিন্‌সে।

২=[ব,রং,রা]—বি. মাটির উঁচু প্রদীপ ॥ রান্‌না ঘরে গচ'ার্‌ আলোই ঘলে।

৩=[রা]—বি. পিলসুজ ॥

৪=[কু]—বি. কাঁটা ॥ পায়ের্‌ মদ্‌ধি এক্‌টা গচ'া হান্‌দাইচে'। [<গাছা< গুচ্ছ সং; অর্থ প্র.]।

৫=[সি]—বি. মাছের কাঁটা ॥ তার্‌ গলাত্‌ গচ'া ফুটুসে।

৬=[পা]—বি. একপ্রকার আগাছা ॥ পাট্‌খেতে গচ'া বন্‌মিসে। [< গাছ+আ প্র.]।

৭=[ব,রা,চট্ট,চা]—ক্রি. গ্রহণ করা, নেওয়া ॥ ভুতের্‌ মত মেয়েকে কে গচ্‌'বে (ব)? [<গচ্ছা গচ্ছিত]।

৮=[নো]—বি. ছোট শাখা, দণ্ড ॥ গচ'ার্‌ বাড়িয়ে হিতার্‌ মাতা হাইট্টসে। [<গাছ+আ প্র.]।

গচ'া গচ'া=[সি]—বিণ. কণ্টকযুক্ত ॥

গা চ'াগানো=[ব]—ক্রি. রাগ করা বা ক্ষুব্ধ হওয়া ॥ শে আর্‌ গ চ'াগায়েসে, ভাত্‌ খাবে না। [<গোঁ চাগানো]।

গচ'াত্‌ করি=[সি]—ক্রি.বিণ. ক্যাচ করিয়া ॥ বেটা গচ'াত্‌ করি বাগের্‌ মংগুর্‌ কাটি লাইলো। [অনু.]।

গচা দেওয়া=[রং]—বি. হিন্দুদের বিশিষ্ট পর্ব ॥

গচ'ান্‌=[সি]—ক্রি. খোলা ॥ দুয়ার্‌ গচ'াও। [<ঘুচান]।

গচ'ানো=[ব]—ক্রি. দ্রুত কাজ করা ॥ [< ঘষা(নাম ধাতু)+আনো প্র.]।

গচ'াল্‌=[সি]—বিণ. কাঁটাযুক্ত ॥ চিঁতল্‌ গচ'াল্‌ মাস্‌। [<দেখ গচ'া, +ল প্র.]

গচি'=[চা]—বি. জমির সীমার জন্য ব্যবহৃত বাঁশ বা গাছের ক্ষুদ্র ডালা ॥ [<গাছ+ই প্র.]

২=[কু]—বি. কাঠের বড় খণ্ড ॥ গচি'দি পাতা কৈরা খেতে বেড়া দে। [পূর্বে দেখ]

৩=[পা, দি, রা]—বি. ছোট মাছ বিশেষ ॥ গচি'মাসের্‌ বাখি খুব্‌ শাদ্‌।

৪=[রা, রং]—বি. বীজ ধানের চারা। [<গোছা<গুচ্ছ সং+ই প্র.]।

গচি' মাস্‌=[রং]—বি. ছোট বাইন মাছ ॥

গচি'য়া=[পা]—বি. ছোট বাইন মাছ ॥ গচি'য়া মাস্‌ খুব্‌ শাদ্‌।

গচুয়া=[রং]—বি. যে বেশী গাছে উঠিতে পারে ॥ তোর্‌ মত গচু'য়া আর্‌ দেখো না। [<গাছ+উয়া প্র.]

গচুয়া বেঙ্‌=[রং]—বি. যে ব্যাঙ গাছে থাকে ॥ গচু'য়া বেঙ্‌ কি মাটিত্‌ থাকে? [দেখ গচুয়া]।

গচে'=[ব]—বি. বড় ঢেউ ॥ গাংগে গচে' উঠেসে।

২=[ব]—বি. কর্ষিত জমির আবর্জনা ॥

গচ'্যা=[পা]—বি. এক প্রকার ঘাস বা আগাছা ॥ গচ'্যা অনেক্‌ ঘমিতে বন্‌বে।

গচ্‌'=[ক]—ক্রি. বিণ. পরিষ্কার ॥ ওক্‌কা গচ্‌'কৈরা পানি বৈরা আন্‌।

২=[সি]—বি. হাঁড়ি রাখিবার বেতের চাক ॥ গচ্‌ নাই কৈলা কৈ থুইতাম্‌?

গচ্‌গচালি=[রং]—বি. গাছপালা ॥ বাগানের্‌ গচ্‌গচালি কাট্‌। [<গাছ গাছালি]।

গচ্‌'চ'া=[চা]—বি. আক্কেল সেলামী ॥ পাঁচ্‌' টাকা গচ্‌'চা' গেল্‌। [<গচ্চা]।

২=[কু]—বি. লোকসান ॥ এবার্‌ বেব্‌শায়ে গচ্‌'চ'া যাবে। [পূর্বে দেখ]।

৩=[চট্ট]—বি. জলা ভূমিতে বপনযোগ্য ধান ॥ গচ্‌'চ'ার্‌ ঘবিন্‌।

গচ্‌'চা গচ্‌'চি'=[খু]—বি. বর্ষার সময় বা কর্দমাক্ত জমিতে ছেলেদের খেলা বিশেষ ॥

গচ্‌'ড়াইয়া=[নো]—বি. বিরক্তিসূচক গালি ॥ গচ্‌'ড়াইয়ায়্‌ আঁরে বড় দুক্‌ দিতে আসে। [< গাছড়া+ ইয়া; মূল অর্থ যে গাছে গাছে বেড়ায় অর্থাৎ বানর]।

গচ্‌'তান্‌=[খু]—বিণ. দুষ্ট ॥ লোক্‌টা ভারি গচ্‌'তান্‌। [গস্তান হিং]।

গচ্‌'মচ্‌'=[সি]—বি. গড়িমসি, গণ্ডগোল ॥ ই গচ্‌'মচ্‌' কর্‌বার্‌ কেনে। [অনু.]।

গচ্‌'মা=[নো]—বি. বিরক্তিসূচক গালি ॥ গচ্‌'মার্‌ ঘালায়্‌ আর্‌ বাঁচ'া গেল্‌ না।

গচ্‌'সা=[বা]—বি. আক্কেল সেলামী ॥ [দেখ গচ্‌'চ'া]।

গচ'সাইন্যা=[চট্ট]—বিণ. ভারী ॥

গচ্‌'সাগর্‌=[বা]—বি. সিঁড়ি ॥ গচ'সাগর্‌ বাইয়া উঠ্‌তার্‌ পার্‌তাম্‌ না।

গছ=[রং]—বি. গাছ ॥ বড় গছ। [<গাছ]।

গছি=[রং]—বি. ঝাড় ॥ গছি কাটি শাক্‌ কর্‌।

গছ্‌ম্‌=[দি]—বি. মরিচ ॥

গজ্‌=[রং]—বি. দুই হাত, গজ ॥ এক্‌ গজ্‌ কাপড় ॥ [<গজ ফা.]।

গজাগজি=[রং]—ক্রি. রাগারাগি ॥ [<গর্জাগর্জি]।

গজার, গ্যারা=[রা]—বি. একপ্রকার বাঁশের নাম ॥

গজাল্=[রং]—বি. পেরেক ॥ দুয়ার্ খানত্ একটা গজাল্ মাড়তো। [<গয =গজ পরিমাণ, গয্ گز ফা. +লোহা]

গজি=[সি,রং]—বি. গায়ের চাদর ॥ শিত্ কর্ছে গজিটা দ্যাও। [<গযী گزی উর্দু=মোটা সূতী কাপড়]।

গজো=[রং]—বিণ. বোবা, অবিবেচক ॥ জামাইটা বড় গজো।

গজোর, গজোর=[রং]—ক্রি. বিণ নিম্নমুখে হনহন করিয়া। [অনু.]।

গজ্গজে=[রং]—ক্রি. বিণ. জোরের সহিত ॥ লোক্টা গজ্গজে চলে গেল্ [অনু.]।

গজ্ঘাটি=[রং]—বিণ. অকর্মা ॥ তোর্ নাগ্তি গজ্ঘাটি আর্ দেখো না।

গজ্ঘুরা=[রং]—বিণ. অত্যন্ত জরুরী হামার্ একেবারে গজ্ঘুরা ঠেকা।

গজ্জনা চজ্জনা=[রং]—বি. গর্দানের যে কোন জায়গা ॥ [<গর্দন گردن ফা.]।

গজ্রা=[রং]—বি. প্রাচীন রূপার অলঙ্কার বিশেষ ॥ একজোড়া গজ্রা হামার্ ছিল। [<গজরা হিং=ফুলের মালা; অর্থ প্র.]।

গযনে=[খু]—বি. ছোট পুকুর ॥ গযনের্ মধ্যে মেনা মাস্ আসে ॥

গযবত্=[কুম]—বিণ. গণ্ডগোল ॥ বেশি গযবত্ করিস্ না। [অনু.]।

গযম্=[চট্ট]—বি. জামরুল ॥

গযর্দম্=[খু]—অব্য. গজগজ ॥ ঘরে টাকা পয়শা নাই,, শুধু শুধু গযর্দম্ কর্লে কি কাম্ হয়? [অনু.]।

গযা=[খু, নো]—বি. মিষ্টান্ন বিশেষ ॥ গযা নিয়ে শ্বশুর্ বাড়ি গেল্।

গযাইয়া উঠা=[চ]—ক্রি. আবির্ভাব হওয়া ॥ তুমি বর একটা মানুষোর্ গযাইয়া উঠ্সনি? [< গজাইয়া উঠা]।

গযাইয়া=[নো]—বিণ. খুব মোটা, অস্বাভাবিক ॥ কি গযাইয়া মাইয়া। [<গজারিয়া <গজালিয়া <গজাল+ইয়া প্র.; গজাল মাছের ন্যায়]।

গযাইয়া আতাল্=[চা]—বি. গজাল মাছ থাকিবার স্থান ॥ হারাদিনে নিয়াইলা এক্ গযাইয়া আতাল্। [দেখ গযাইয়া+আতাল<অবস্থান]।

গযাইয়া চোঁক্=[চা]—বি. বড় চক্ষু ॥ তর গযাইয়া চোঁকেরে আমি ডরাই না। [দেখ গযাইয়া+চউক< চোখ]।

গযাইল্=[বা]—বি. লোহার পেরেক ॥ [দেখ গজাল্]।

গযানো=[সি]—ক্রি. ক্ষতি করা। মোকদ্দমায় তান্ পাচ্'শ টাকা গযাইসি। [দেখ গচ্'চ' (নাম ধাতু)+আনো প্র.]।

২=[ম]—ক্রি, ক্রোধান্বিত হওয়া ॥ কালু গযাইল্ কেন্? [<গর্জানো< গর্জন সং]।

গযারি কুত্তা=[চা]—বি. বড় পিঁপড়া জাতীয় প্রাণী ॥ গযারিকুত্তায় কামরে খুব পোরানি। [=গজালি কুকুর]।

গযারি চোঁখ্=[সি]—বিণ. বড় তারকাবিশিষ্ট চক্ষু ॥ [দেখ গযাইয়া চোঁক্]।

গযার্ মুরি=[চা]—বি. একজাতীয় মাছ ॥

গযালি=[সি]—বি. লম্বা লৌহ শলাকা বিশেষ ॥ গযালি দিয়া হুক্কা গম্ করা অয়। [দেখ গযাইল্]।

গযালেখাড়্=[ম]—বিণ. একগুঁয়ে ॥ গযালেখাড়্ সেলেটা কি কারো কথা শুন্বে? [গজাল (মাছ)+এ প্র.; গজালের ন্যায় ঘাড়বিশিষ্ট]।

গযালেপনা=[ম]—বিণ. একগুঁয়েমি ॥ বেশি গযালেপনা করো না। [দেখ গযাল্ ২]।

গযালোহা=[বা]—বি. গজাল ॥ [দেখ গযাইল্+লোহা]।

গযাল্=[বা, খু, চট্ট]—বি. গজাল মাছ ॥ অনেকে গযাল্ খায় না। [<গয گز ফা.+আল প্র.]।

২=[খু]—বিণ. মূর্খ ॥ কোথাকার্ গযাল্রে। [গজাল মাছের ন্যায় বোকা]।

৩=[বা]—বিণ. একরোখা ॥ সেয়াড়া একটা গযাল্ কারো কথা শোনে না। [পূর্বে দেখ]

গযাল্ গড়িয়া=[ম]—বিণ. বৃহৎ আকৃতিবিশিষ্ট ॥ কি গযাল্ গড়িয়া মানুষ্। [গজাল মাছের ন্যায় বড় গঠন যাহার; গড়িয়া<গড়ন+ইয়া প্র.]।

২=[ম]—বি. আমন ধান বিশেষ ॥

গযি=[চট্ট]—বি. বড় মেটে পাতিল ॥ গযিতে চৈ'ল্ রাখ্। [গয گز+ই প্র.; এক গজ পরিমাণ]।

২=[ম, নো]—বি. চাদর ॥ শিত্ কৈর্সে গযিডা দে। [গযী گزی উর্দু= মোটা সূতী কাপড়]।

৩=[সি]—বিণ. লম্বাকৃতি ॥ গযি কাঠাল্।

৪=[খু]—বি. মাছ বিশেষ ॥ কড়া গযি পানে।

৫=[কুম]—বি. তৈল বিশেষ ॥

গযিনা=[খু, বা]—বি. লম্বা ডোবা ॥

গযেংগা=[ম]—বিণ. বিরাটাকার ॥ আডে গযেংগা এক্ হাম্ আইসিন্। [<গজ(হাতী)+অঙ্গ+আ প্র.]।

গযেদি=[সি]—ক্রি. বিণ. বারান্দার দিকে ॥ চো'র্ গযেদি হিন্ কাটুসে। [গযে+দি<দিকে; দেখ গয্ ২= হাতিনা]।

গযো=[খু]—বিণ. বোকা, অবিবেচক ॥ যামাইটা বড় গযো। [<গজ+ও প্র. (সাদৃশ্য অর্থে) কিংবা< গজালো; দেখ গযাল্ ২]।

গয্=[কুম, সি, ম]—বি. ষাঁড়ের কাঁধের উপরের উঁচু মাংস খণ্ড ॥ হায়ের্ গয্ডা বেশ্ বর। [গজ< *কউজ< ককুদ সং]।

২=[ক]—ক্রি. কাঁকি ॥ বেতাড়া গয্ দেওয়ার্ বেলায় ওস্তাদ্।

৩=[য]—বি. ইচ্ছা॥ কামে তোমার্ গয্ নাই। [<গরয غرض আং=প্রয়োজন, উদ্দেশ্য, ইচ্ছা]।

৪=[খু]—বি. নারিকেল চোড়ার প্রথম অবস্থা॥

৫=[সি]—বি. ঘরের পার্শ্ব॥ [দেখ গযেদি]।

৬=[বা]—বি. অঙ্কুর॥ দানে গয্ ঐসে। [<গেঁজ]।

৭=[সি]—বি. দুই ঘরের মাঝখান॥

গয্‌কান্‌দা=[বা]—বিণ. স্থূলকায়, বিশ্রী॥ গয্‌কান্‌দা সেলের্ কোন ভদ্ পদ্ নাই। [<গজস্কন্ধ]।

গয্‌খোম্=[য]—বিণ. নির্বোধ, বোকা॥ [<গজ (হস্তী) সং+খাম خام ফা.=অনভিজ্ঞ, কাঁচা]।

গয্‌গৈচ্'সা=[নো]—বিণ. নূতন, তাজা॥ গয্‌গৈচ্'সা দান্। [<গজ গজ অনু.+ইয়া প্র.]।

গয্‌গয্=[পা]—ক্রি. বিণ. গজ্‌গজ্॥ খেতে দান্ গয্ গয্ কর্‌তিসে। অনু.]।

২ =[কুম]—ক্রি. বিণ.ঠেলাঠেলি॥ তার্, টৈয়ায় গয্ গয্ করে।

৩=[সি]—বি. রাগ॥ [<গর্জন সং অনু.]।

গয্‌গাইট্টা=[কুম, য]—বিণ. পুরু, খসখসে, মোটা॥ খদ্দর খুব্ গয্‌গাইট্টা কাপর্। [<গজ(হস্তী)+গাইট্টা=গাট্টা(হস্তীর পিঠের চামড়ার মত পুরু অর্থে)]।

গয্‌গাইরা=[কুম]—বিণ. মোটা, ভারী॥ তোমার্ চলন্তি বর গয্‌গাইরা। [<গজ+ঘাড়+ইয়া প্র.]।

গয্‌গিরি=[য]—বিণ. গোঁয়ার গোবিন্দ॥ তার্ মতো গয্‌গিরি বড় দেখা যায় না। [গজ+গিরি প্র.]।

গয্ গোবিন্দ=[ক]—বিণ. বিরাট দেহ বিশিষ্ট॥ ই গয্‌গোবিন্দতার্ খাড় বুদ্ধি কম্। [গজ গোবিন্দ]।

গয্‌বাজি=[নো]—বিণ. গোঁয়ারি॥ ছিতার্ গয্‌বাজি দেইক্কে পিন্ করে।

গয্‌ড়া=[য]—বি. ধানের নাড়া গাদি দিবার সময় ভিতরে যে বাঁশ দেওয়া হয়॥ গয্‌ড়ার্ চা'র্ পাশে কুটা যবা দিয়ে রাখ্।

গয্‌বতৃহে=[ক]—বি. বড় ডুমুর॥ [গজ(বড় অর্থে)+বুই (ফল বিশেষ)।

গয্‌মর্=[পা, চট্ট]—অব্য. খচরমচর। উন্দুরে গয্‌মর্ গরে। [অনু.]।

গয্‌লা=[খু]—বি. চারা, অঙ্কুর॥ [<গেঁজ+লা প্র.]।

গটা=[রা]—বি. মার্বেল॥ গটা খেলা বার্ কর্‌মুহিনি। [<গোটা< গুটি সং]।

২=[সি]—বি. চিবুক॥ গটা কুলাইও না।

গট্=[সি]—বি. খটখট॥ হকুনে মিলি গট্ কর্‌সে। [<ঘট<(ধর্ম) ঘট]।

২=[খু]—ক্রি বিণ. স্থির॥ তলে তলে সব কাম্ শাইরা এখন্ গট্ হৈয়া বৈশা আসে। [গ্যাঁট]।

গট্‌গটা=[সি]—বিণ. শক্ত॥ মাটি শুকাইয়া গট্‌গটা ঐসে। [অনু.]।

গট্‌গটানো=[রং]—ক্রি. উপদ্রব করা॥ এত কিঁশের্ জনুনি গট্‌গটায় পে'। [গট্‌গট্(নাম ধাতু)+আনো প্র.]।

গট্‌গটি=[সি]—অব্য. খট্‌খট্ শব্দ॥ বৈচা'ন্ আইলো আর্ দরবার্ গট্‌গটি লৈলো। [অনু.]।

২=[রা]—বি. বড় বড় কথা॥ ওর্ খালি গট্‌গটি মার্। [পূর্বে দেখ]।

গট্‌গটে=[রং]—ক্রি.বিণ.বেশী পরিমাণে, তাড়াতাড়ি॥ খালি গট্‌গটে মাছ্ পড়সে কোয়াড্। [অনু.]।

গট্টানো=[খু]—ক্রি. অনবরত পা দিয়ে লাথি মারা॥ [গাট্টা (নাম ধাতু) +আনো প্র.]।

গট্‌মট্=[চা]—বি. অবৈধ মিলন॥ [অনু.]।

২=[সি]—বি. ভালবাসাবাসি, গড়িমসি॥

গট্‌মট্ করা=[সি]—ক্রি. ফিস্ ফিস্ করিয়া কথা বলা॥

গট্‌রাত্=[সি]—ক্রি. বিণ. সশব্দে॥ গট্‌রাত্ করি দুয়ার্ লাগাইসে।

গডক্=[চা, কুম, ক]—বি. ঘটক॥ বিয়ার্ গডক্ আইসে। [<ঘটক সং]।

গডন্ গাডন্=[সি]—বি. গঠন॥ মাইয়াডার্ গডন্‌গাডন্ বালা। [গঠন গাঠন]।

গডর্ মডর্=[সি]—বি. গড়িমসি॥

গডি মডি=[চট্ট]—বিহেলা, আলস্য॥ [গডিমডি=গড়িমসি]।

গডো=[রা]—বি. ইঁদুর॥

গড্‌গড়াইয়া=[নো]—ক্রি. বিণ. গড়্‌গড়্ শব্দ করিয়া॥ হানি গড়্‌গড়াইয়া গ্রয়ম্ ঐসে। [<গড়্‌গড়্ (ধ্বন্যা.) +ইয়া প্র.]।

গড়্‌ডানো=[রং]—ক্রি. এপাশ ওপাশ করা॥ এই খুঁটিটা গড়্‌ডাও। [গড়া +আনো প্র.]।

গড়্‌ডুম্বুর্=[কুম]—বি. ডুমুরফল॥ [<গড়্+ডুমুর]।

গড় বাজানো=[চট্ট]—ক্রি, ওৎপাতিয়া থাকা॥ তুই অয়েতো গড়্ বাজাইবে কি লাব্ ঐবো। [<ঘাটি+বাজানো।

গড়ন্=[রা, খু]—বি. গহনা॥ মেয়ের্ বিয়েতে কত গড়ন্ দেবে? [< গড়+অন প্র.; অর্থ প্র.]।

গড়ত্=[দি]—ক্রি.বিণ.কাছে নিকটে॥ মোর গড়ত্ এনা বৈশ্। [<গোড়(=গোড়ালি) হিং; ত অধিকরণে]।

গড়ল্=[পা]—বি. বিষাক্ত প্রাণীর পরিত্যক্ত বিষ॥ গড়ল্ লেগেসে। [<গরল সং]।

গড়া=[পা, রা, য, ব]—বি. প্রাচুর্য, আটি, কাঁদি॥ বৈশুঠে খড়া ধানের্ গড়া। [<গড্ডিঅ প্রাং<গঠিত সং]।

২=[খু]—বি. বাগানের চারি পার্শ্বের বেড়॥ [বেড়া]।

৩=[য]—বি. বেড়॥ গড়ার্ বাড়া দাও। [পূর্বে দেখ]।

৪=[পা]—বি. কলসী॥ গড়ায় পানি নাই। [<ঘড়া<ঘট+আ প্র.]।

গড়াঅন্যা=[রং]—বি. যে গড়ে, শিল্পী ॥ গড়াঅন্যার্ আজুরা কত। [<গড়+আন+ইয়া প্র.]।

গড়াআইন্না=[নো]—বি. যে গড়ে বা তৈরী করে ॥ [গড়াঅন্যা] ॥

গড়াযাল্=[রা]—বি. মাছ মারার জাল বিশেষ ॥ [দেখ গড়া৩+জাল]।

গড়াইমাছ্=[রং]—বি. টাকিমাছ, ল্যাঠামাছ ॥ মুই এক্ কোলা গড়াইমাছ্ মারিছু।

গড়ানি=[রং]—বিণ. গড়াইয়া পড়ে এমন ॥ [< গড়ান+ ই প্র.]।

গড়ান্=[খু]—বিণ. ঢালু ॥ বায়গাটা খুব্ গড়ান্। [গড়া+আন প্র.]।

২ =[রং]—বি. গঠন ॥ [গড়ন]।

গড়াবাট্যাল্=[পা]—ক্রি. বিণ. ভাটি-মুখী, স্রোতের অনুকূলে ॥ গড়াবাট্যালে নৌকা চালাইতে বড় সুবিধা। [< গড়া+ভাটি+আল প্র.]।

গড়িয়া=[ব]—বি. আউশ ধান বিশেষ ॥

গড়ে=[খু,ব]—বিণ. অলস, ধীর ॥ অমন্ গড়ে মাগি আর্ দেখিনি। [< গড়িয়া<গড়+ইয়া প্র.=যে গড়াগড়ি দেয়]।

গড়েকাত্=[ব]—বিণ. ঢালু ॥

গড়ের পরে হোড়া মারা=[খু]—ক্রি. হৈ চৈ করা ॥ সাএরা গড়ের্ পরে হোড়া মার্সে।

গড্যা=[পা]—বিণ. অলস, কুড়ে ॥ গড্যা চাকর্ রাখা ঠিক্ নয়। [দেখ গড়ে]।

গড্যাগোদা=[পা]—বিণ. অলস, কাম-চোরা ॥ আব্বার নাল্ গাইটা গড্যাগোদা। [দেখ গড়ে+গোদা< গোদ+আ প্র. ; সহশব্দ]।

গড়োন্=[খু]—ক্রি. গহনা ॥ [দেখ গড়ান্২]

গড়ো বড়ো=[রা]—বিণ.উলটপালট ॥ মাথা গড়োবড়ো হয়ে গেছ্। [< গড়বড় হিং]।

গড্=[দি]—বি. নিকট ॥ [< গোড় হিং=গোড়ালি ; দেখ গড়্তু]।

২ =[রা,পা]—বি. গর্ত ॥ [<গড্ড প্রাং<গর্ত সং]।

৩=[ব,রা]—বি. বাঁধ,পালা ॥ উপ্রের্ জমিতে পানি নিয়ে জেতে গড়্ দিতে হবে।

গড় কাঠ্=[খু]—বি. উদুখল ॥ গড় কাঠ্টি খাড়া হয়ে গেসে। [দেখ গড়্২ +কাঠ]।

গড়্কানি=[রং]—বি. যে দ্রব্য গড়াইয়া পড়ে ॥ তামান্ গড়কানিলা মোর্টে ফেলাইছে। [< গড়+কানি প্র.]।

গড়্কানো=[রং]—ক্রি. গড়াইয়া-দেওয়া ॥ [< গড়+কানো প্র.]।

গড়্ খাম্টা=[ব]—ক্রি. বিণ. আন্দাজে ॥ গড় খাম্টা এক হাযার্ লোকের্ খাওয়ার্ আয়োযন্ কর্।

গড়্গড়া=[রং]—বি. কুলকুচা ॥ গলাবেতা গড়্গড়া কর্লি ভাল হয়্। [<গর্গর: غرغرة আং ধ্বন্যা. তুং গরারহ্ غراره ফা.]।

২=[রা—বি. চাউলের আটার তৈরি পিঠা বিশেষ ॥

গড়্গাড়ি=[রা]—বি.পানি যাতায়াতের ক্রমশ: ঢালু জায়গা ॥ দেওয়ার্ পানির্ মদ্দে গড়গড়িত্ জায়ে ডুব্ পার্বুনে ?

২=[ব]—বি. মাছ মারিবার উপ-করণ বিশেষ ॥

গড়গাড়ি পিঠা=[রং]—বি. গোল পিঠা বিশেষ ॥

গড়্গাড়িয়া=[রং]—বি.পিঠা বিশেষ॥

গড়্ গড়্ গরম্=[ব]—বিণ. অত্যন্ত গরম ॥

গড়্দিশে=[পা]—বিণ. অলস ॥ [দেখ গদ্দিশ্]।

গড়্বড়্=[পা]—বিণ. এলোমেলো, মিশ্রিত ॥ যিনিশ্গুলি গড়বড় কর্ল কে ? [গড়্বড় হিং]।

গড়্হা=[রা]—বি. বড় ডোবা ॥ ছাইকল্ নিয়া যাইছনা, গড়্হা আছে। [গড্ঢা হিং]।

গত্ত=[রা]—বিণ. অনুরক্ত, বাধ্য ॥ ছোট ছেলেটি বাপের্ খুব্ গত্ত। [অনু গত অর্থে]।

গাসাগুব্‌=[ক]—ক্রি.বিণ. চুপচাপ ॥ তুমি যে গাসাগুব্‌ দিয়া রৈলা । [গাসা অনু:+গুব্‌ ফা.] ।

গাসানো=[চট, কুম]—ক্রি. গজানো ॥ ই বংগলত্‌ বৌদ্ধ্‌ কুলের গাস্‌ গাসাইয়ে ।

গাসান্‌=[খু]—বি. গুড় রাখিবার মৃৎপাত্র ॥

গাসারি=[খু]—বি. গাছে উঠে যে বা গাছে উঠার মজুরি ॥ [<গাছ+আরি প্র.] ।

গাসাল্‌=[ক]—বি. বাজে গাছের জংগল ॥ গাসাল্‌ শাফ্‌ কর্‌ । [<গাছ+আল প্র] ।

গাসি=[খু]—বি. যে খেজুর ও তাল গাছ কাটিয়া রস বাহির করে ॥ [<গাছ+ই, ইয়া প্র.] ।

২=[কুম]—বি. কাঠের তৈরী লম্বা দীপাধার ॥

৩=[নো, কুম]—বি. ছোট উকুন ॥

৪=[পা]—বি. তৃণ বিশেষ ॥ গাসি গাস্‌ পানিত্‌ পচি' যায় ।

৫=[কুম]—বি. মাজা, কোমর ॥

৬=[খু]—বি. ভাও ॥ গাসি গুনো কি হল ?

গাসিক্‌=[ম]—বিণ. অনেক পরিমাণ ॥ গাসিক্‌ টাকা চু'রি হল । [< গাছি (=গাছা)+ক স্বার্থে] ।

গাসুড়ে=[খু]—বিণ. যে গাছে উঠিতে পারে ॥ এরুম্‌ গাসুড়ে খুব্‌ কম্‌ আসে । [<গাছ+উড়ে প্র.] ।

গাসুয়া [ম]—বিণ. যে গাছে উঠিতে পটু ॥ [<গাছ+উয়া প্র.] ।

২=[কুম]—বি. টাকী জাতীয় এক প্রকার মাছ ॥ আংগ দ্যানে গাসুয়া মাস্‌ খায়্‌ না ।

গাসে=[পা]—বি. নৌকার পালের উপরের দিকের দৈর্ঘ্য ॥ বাদাম্‌ ক হাত্‌ গাসে ? [<গাছে] ।

গাসে আম্‌, বিলে শোল্‌=[ম]—বি. সুদূর পরাহত আশা ॥ গাসে আম্‌ বিলে শোল্‌, তুমি মনে মনে টক্‌ খাওয়ার্‌ শপন্‌ দেখ । [<গাছে আম+বিলে+শৌল<শকুল সং] ।

গাসে মাসে=[সি]—বিণ. অসম্ভব ॥ শে গাসেমাসে কথা কয়্‌ । [গাছে মাছে] ।

গাসের্‌ আগ পানি=[ম]—বি.নারিকেল জল ॥ 'এক দেশ দেখ্যা আইলাম্‌ গাসের্‌ আগ পানি ।' [গাছের+আগে <অগ্রে+পানি <পানীয় সং] ।

গাস্‌লো=[খু]—বি. পাত্র ॥ এক্‌ গাস্‌লো পানি আন্‌তো ।

গাসো বুড়্‌=[খু]—বিণ. যে গাছে গাছে থাকে ॥ মেয়েডা গাসো বুড্‌ হস্‌সে । [<গাছ+ইয়া প্র.+ভূত] ।

গাস্‌=[ব]—বি. কুলুর ঘানি ॥ গাসের্‌ ত্যাল্‌ । [<গাছ] ।

গাস্‌ অওয়া=[ম]—ক্রি. কোন ধারণা বদ্ধ মূল হওয়া ॥ তোমার্‌ মন দেখি হেই কতা গাস্‌ ঐ গেসে । [< গাছ হওয়া] ।

গাস্‌কড়ি=[পা]—বি. ফল বিশেষ ॥ আহ, গাস্‌কড়ি দিয়ে খেলা করি । [<গাছ+ কড়ি] ।

গাস্‌কুরাইল্যা=[চা]—বি. পাখী বিশেষ ॥ গাস্‌ কুরাইল্যায় গাস্‌ কাডে । [গাছ+কুড়াল+ইয়া প্র.] ।

গাস্‌কুরুল্‌=[ম]—বি. কাঠঠোকরা পাখী ॥ গাকুরুল্‌ গাসের্‌ ফোকরে বাসা বান্‌দে । [দেখ গাস্‌কুরাইল্যা] ।

গাসখেল্‌=[ফ]—বি. হাডুডু গোল্লাছুট ইত্যাদি খেলা ॥

গাস্‌চু'লা=[চট]—বি. চুল ॥ এখনও গাস্‌চু'লা ন ফেলি পোয়া বাইরে নিলি ?

গাস্‌তলা [চা, কুম]—বি. চৈত্র সংক্রান্তি ও নূতন বৎসরের প্রথম দিকের হিন্দু মেলা বিশেষ ॥ [<গাছ তলা] ।

গাস্‌ তরমুজ্‌ [ম]—বি. পেঁপে ॥ [<গাছ+তরমুজ <তরবুয় تربوز ফা.] ।

গাস্‌তে পড়া [ম]—ক্রি. আশ্চর্য হওয়া ॥ আমার্‌ কথা শুনে গাস্‌তে পলে নাকি ? [গাছ+তে=থেকে+পড়া] ।

গাস্‌দাইরা [চা]—বি. একপ্রকার খেলা ॥ [<গাছ+দাঁড়+ইয়া প্র.] ।

গাস্‌না [ম]—বি. বড় ভাও ॥ গুড়ের্‌ গাস্‌না ।

গাস্‌ পাগ্‌লা [খু]—বিণ.অবিবেচক ॥ তুই এট্টা গাস্‌ পাগ্‌লা । [গাছ পাগলা] ।

গাস্‌ বাওয়া [ম]—ক্রি.বৃক্ষে আরোহণ করা ॥ শাবু গাস্‌ বাইতে বেশ্‌ পটু । [<গাছ+বাওয়া<বাহা] ।

গাস্ বেকারি=[কুম]—বি. মালিক, মাঝি ॥ গাস্ বেকারিয়া বৈডা দরে। [গাছ+বেপারী<ব্যাপারী]।

গাস্বুড়ি=[পা]—বি. কাঁচা লঙ্কা ॥ এক্দের গাস্বুড়ি আইনো। [<গাছ+বুড়ি]।

গাস্ মোরগ্=[পা]—বি. শকুন ॥ গাস্ মোরগ্ মরা খায়্। [<গাছ+মোরগ < মুর্গ مرغ ফা.]।

গাস্সা [নো]—বি. টাকি মাছের মত মোটা একপ্রকার মাছ ॥

গাস্সিন্=[চট্]—বি. খণ্ড খণ্ড কাঠ ॥ [<গাছ+সিন প্র.]।

গাস্সুন্=[চট্]—বি. গাছ গুলি ॥ ইয়া গাস্সুন্ বহু জীবন্। [<গাছ +গুলিন প্র.]।

গাস্সুয়া=[চট্]—বি. গাছটা ॥ গাস্সুয়াত্ বৌত্ আর্ ধৈর্গে। [<গাছ +উয়া=টা]।

২=[ম]—বিণ. যে সহজে গাছে উঠা নামা করিতেপারে॥ [<গাছ+উয়াপ্র.]।

গাহাক্ [রং চা]—বিণ. খরিদ্দার, ক্রেতা ॥ দোকানে গাহাক্ আসোচে। [<গ্রাহক]।

গাহান্=[পা, ম]—বি.গান ॥ আইতে গাহান্ হইনুবার্ গেসিলাম্। [<গান]।

গাহি=[পা]—ক্রি, বিণ. পছন্দ, গ্রাহ্য, মান্য॥ আমি এত করে বুঝাই তবু আমার কথা হে গাহি করে না। [< গ্রাহ্যি<গ্রাহ্য]।

গাহিচান্=[রা]—বিণ. খুব বেশী ॥ গাহিচান্ মাছ্ হৈয়াছে। [< গনুজান گنجان হিং]।

গি

গি'ম্যাবাশ্=[চট্]—বি. গার্হস্থ জীবন, সুখের সংসার ॥ [<গৃহিজীবন]।

গি'য়েত্=[কু]—বি. প্রতিবেশী, একই সমাজের লোক ॥ সেলের্ বিয়াত্ গিয়েত্ খাওয়াতি হবে। [<জ্ঞাতি]।

গিগয্=[কুম,নো]—বি. ধান বিশেষ ॥ গিগয্ দানের্ মুরি বেশ্ বালা।

গিচ'গিচ'=[সি]—বিণ. ঘন ॥ [< ঘেঁষা ঘেঁষা]।

গিচ'গিচি'=[ম]—বিণ. লাগালাগি ॥ [<ঘেঁষাঘেঁষি]।

গিচি'মিচি'=[সি]—বিণ.অপরিষ্কার ॥ [অনু.]।

গিচ্'=[সি]—ক্রি. বিণ.ঘন ॥অত গিচ্ করি গাস্ লাগাইস ক্যা। [<ঘিঞ্জি]।

গিচ্'স্=[চা]—বি. মার্বেল খেলার গর্ত ॥ এরি (পায়ের গোড়ালি) দিয়া আগে একটা গিচ্'স্ বানা।

গিজ্জা=[রং]—বি. গর্জন ॥ মানুশির্ শাথে গিজ্জা করিশ্ কেনে? [< গর্জন]।

গিজ্জা গিজ্জি—[রং]—বি, তর্জন গর্জন ॥ কিশের অত গজ্জা গিজ্জি। [<গর্জাগর্জি]।

গিজ্জি=[রং]—বি. গর্জন ॥ কিশের্ এতো গিজ্জি করিশ্। [দেখ গিজ্জা]।

গিয়্গিঝি=[চট্]—বি. দাঁত খিঁচাইয়া কথা বলন ॥ হেতার্ এক্ গিয়্ গিঝিয়ে বেয়াক্ চুপ্। [অনু.; তুং খিচিমিচি]।

গিয্গিয্ করা=[নো]—ক্রি. রাগে উত্তেজিত হওয়া ॥ হিতে রাগে গিয্ গিয্ কর্তাসে। [অনু.]।

গিট্ দেওয়া=[চা]—ক্রি.মনে রাখা ॥ আমার্ কতাডা গিটু দিয়া রাখ্, এক্দিন্ কামে লাগ্ব। [<গিঁট দেওয়া]।

গিট্গিটে=[রং]—বি. খুব বেশী গোলমাল ॥ *খালি গিট্গিটে করি বাড়ি মাবু ॥ [অনু.; তুং খিটিমিটি]।

গিট্গিট্ করা=[রং]—ক্রি. ছোটাছুটি করা ॥ ছাওয়াগুলা তোমরা অত গিট্গিট্ করবার্ ধরছেন্ কেনে? [অনু.]।

গিট্টা=[চট্]—বি. গাঁট ॥ গিট্টা ন খোলে। [গিঁট; অর্থ প্র]

গিট্টু=[কুম]—বি. গিঁট ॥ আট্-আটু গিট্টু দে ॥ [দেখ গিট্টা]।

গিট্নু দেওয়া=[চা]—ক্রি. মনে রাখা ॥ কত্তা কিন্তু গিট্নু দিশ্। [< গিঁট+নু প্র.+দেওয়া]।

গিট্নু রাখা=[চা]—ক্রি. গোপন রাখা ॥ কতাগুলি পেডের মৈদ্দো গিট্নু রাহিশ্। [দেখ গিট্নু দেওয়া]।

গিঠুয়া=[বা]—বিণ. যাহা গিঁঠে ভরা ॥ গিঠুয়া বাশ্। [<গিঠ+উয়া প্র.]।

গিড্=[কুম]—বি. গিরা, গিঁট ॥ [<গিঁঠ<গ্রন্থ সং]।

গিড্গিড্=[রং]—বি. অনেক লোকের একত্র সমাবেশ বা ছড়াছড়ি ॥ [অনু.]।

গিড়া=[পা]—বি. বাঁশের তৈরী বেড়া ॥

গিতন্=[কুম]—ক্রি. গ্রন্থন, গাঁথন ॥ মালাডা বালা কৈরা গিত্। [<গাঁথন <গ্রন্থন সং]।

গিতা=[পা]—বি. গালি বিশেষ ॥ গিতাডা কোন কামের্ না।

গিতা=[খু,ক,পা]—বি. শামুক বা ঝিনুকের মাংস ॥ হাঁসে শামুকের্ গিতা খাইতে বালাবাশে।

গিতা করা=[ব]—ক্রি. বিরক্ত করা ॥

গিতান্=[রা]—বি. বাড়ির কর্ত্রী ॥ গুনদিনি গিতান্ কি কৈচে'? [< গৃহস্থ+আনী প্র. স্ত্রীলিঙ্গে; দেখ গিত্‌তানি]।

গিতাল্=[ব রা]—বি. গৃহিণী [দেখ গিতান্+আল প্র.]।

গিতুয়াল্=[সি]—বি. গায়ক, সুরশিল্পী ॥ [<গীত+উ +আল প্র.]।

গিত্যা=[ক]—বি. পেটুক ॥ গিত্যার্ মত খাইস্ না।

গিত্যান্=[রা]—বি. গৃহকর্ত্রী ॥ গিত্যান্ ভালা হলে বৌ ঝিও ভালা হয়্। [দেখ গিতান্]।

গিত্‌গিত্=[বা]—ক্রি.বিণ. অস্বস্তিবোধ, গা ঘমি ঘমি ॥ মরা দেখ্‌লেই আমার্ গা গিত্‌গিত্ করে। [অনু.]।

গিত্‌তাইন্=[ম]—বি. গিন্নি ॥ গিত্‌তাইন্ বারির্ বিত্‌রের্ শোবা। [দেখ গিতান্]।

গিত্‌তানি=[রং]—বি. গৃহিণী কর্ত্রী ॥ ঘরর্ গিত্‌তানি গেলো কোনে? [গিতান্ দেখ]।

গিথাইন্=[রা]—বি. গৃহিণী, কর্ত্রী ॥ গিথাইন্ না হলে কি শংসার্ চলে? [দেখ গিতান্]।

গিথান্=[রা]—বি. শ্বাশুড়ী ॥ তোমার্ গিথান্ আছেনি? [দেখ গিতান্]।

গিথ্যান্=[রা]—বি. গিন্নি, গৃহিণী ॥ বাড়ির্ গিথ্যান্ বাড়ির্ লক্ষ্মি। [দেখ গিতান্]।

গিদরের্ বাচ্‌'চা=[ঢা]—বিণ. শুকরের বাচচা ॥ ফিরে বেড়া গিদরের্ বাচ্চা। [গীদড় হিং+এর+বাচচা; দেখ গিদর্৩=শূকর]।

গিদর্=[ব]—বিণ. নোংরা ॥ তুই বড় গিদর্। [<দেখ গিদর্৩; অর্থপ্র.]
২=[সি]—বি. ফুটানো জলের উপরের ময়লা ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।
৩=[ম]—বি. শূকর ॥ [গীদড় হিং=শিয়াল: অর্থ প্র.]।

গিদা=[ব]—বি. অহঙ্কার ॥

গিদার্=[বা]—বিণ. অপরিচ্ছন্ন, নোংরা ॥ ঐ বারির্ বৌডা গিদারের্ বাশা। [দেখ গিদর্৩]।
২=[রং]—বি. উল্লাস, অহঙ্কার ॥ গিদারে ফাটি পড়্‌সে। [দেখ গিদা]।
৩=[পা]—বি. বি. শূকর ॥ গিদারের্ পাল্। [দেখ গিদর্৩]।

গিদালি=[রং]—বি. গায়কী ॥ তুমি বড় গিদালি। [<গীতাল+ই প্র.; দেখ গিদাল্]।

গিদাল্=[রং]—বি. গায়ক ॥ তোর্ মত গিদাল্ ভাত্ পায়্ না। [<গীতাল <গীত+আল প্র.]।

গিদেড়্=[খু]—বিণ. অসভ্য, নোংরা ॥ গিদেড় লোক্‌কে শবাই ঘিনা করে। [দেখ গিদর্৩]।

গিদ্যার্=[পা]—বি. শূকর ॥ গিদ্যার্ কন্‌কার্, কেম্‌নে এই কাম্ কর্‌লি? [দেখ গিদর্৩]।
২=[রা]—বি. অহঙ্কার ॥ গিদ্যার্ কৈর‍্যা শার্‌লি। [দেখ গিদার্২]।
৩=[রা]—বি. ভান ॥ শব্ কিছুতে গিদ্যার্ খাট্‌বে না। [পূর্বে দেখ]।

গিদ্যার্ করা=[রা]—ক্রি. পোশাকের বাহার চলনের ঢং কথার বাহাদুরী ইত্যাদি দেখানো। [দেখ গিদ্যার্২]

গিদোর্=[পা]—বি. শুয়োর, গালি বিশেষ ॥ [দেখ গিদর্৩]।

গিদ্=[পা]—বি. মেয়েদের গান ॥ [<গীত]।

গিদ্‌গিদাইয়া উঠা [নো]—ক্রি. রাগে গো গো করা ॥ [অনু.]

গিদ্দ [রা]—বি. ছোট ছেলে, শিশু সন্তান ॥ [গেদা হিং]।

গিদ্দা=[রা]—বি. কোলবালিশ, গদি ॥ গিদ্দা না হলে মোর্ নিন্ হয় না। [<গির্দা ফা.]।

গিদ্‌রামি=[চা]—বি. নোংরামি ॥ এত গিদ্‌রামি করশ কেন্? [দেখ গিদর্৩ +আমি প্র.]।

গিধেড়্=[খু]—বিং. নোংরা, অপরিষ্কার ॥ [দেখ গিদর্]।

গিধ্‌নি=[রা]—বি. মেয়েদের গালি বিশেষ ॥ [দেখ গিধ্‌ধনি]।

গিনাপিত্=[কুম]—বি. ঘৃণা ॥ গিনাপিত্ নাই। [<ঘৃনা+পিত্ত]।

গিন্=[নো]—বি. অশ্রদ্ধা, ঘৃণা ॥ তার্ গিন্ হিত্যা কিছুই নাই। [< ঘিন<ঘৃণা]।

গিন্‌গিনা=[রং]—বি. ছোট মাছ বিশেষ ॥ গিন্‌গিনা মাছ্ কাঁয় খায়ে। [অনু.]।

গিন্‌চি' গিন্‌চি'=[চা]—ক্রি. বিণ. ঘন ঘন ॥ মৈচ্' চা'রা গুলি এত গিন্‌চি' গিন্‌চি' কৈর‍্যা রৈস্ না। [অনু.]।

গিন্‌ঘামারা=[ম]—বিণ. খুব ঘন ॥ খেতে গিন্‌ঘামারা দান্ ঐসে। [< গিনজি<গন্‌জান্ হিং+মারা]।

গিন্‌দাল্=[রং]—বি. গায়ক ॥ [< দেখ গিদাল্]।

গিন্‌দি গিন্‌দি=[ক]—বিণ. ছোট ছোট ॥ গিন্‌দি গিন্‌দি পোলাপান্ মরা উচি'ত্ নয়্। [<গেদা হিং+ই প্র. হ্রস্বার্থে আগম]।

গিন্‌নাপিত্‌তা=[চা]—বি. মান অপমানজ্ঞান ॥ লোক্‌টার্ গিন্‌নপিত্‌তা নাই। [<ঘৃণা+পিত্ত; [দেখ গিনাপিত্]।

গিন্‌না=[ঢা]—বি. ঘৃণা ॥ [<ঘৃণা]।

গিন্‌না পিন্‌না=[সি]—বি. ঘৃণা ॥ [<ঘৃণা+পিনা; অনু:]।

গিন্‌নি=[ঢা]—বি. কপিকল ॥ গিন্‌নি বাইন্‌দা পাল্ তোল্।

গিন্‌নি গিন্‌নি [রা]—বিণ. ছোট ছোট ॥ [দেখ গিন্‌দি গিন্‌দি]।

গিন্‌নিতামা=[পা]—বি. হস্তক্ষেপ ॥ শব্‌কাবে তোমার গিন্‌নিতামা করা চা'ই। [<গৃহিণী+তামা; অর্থাৎ গৃহিণীর মত করা]।

গিন্‌পিত্=[কুম]—বি. ঘৃণা ॥ হেতার্ অক্করেই গিন্‌পিত্ নাই। [<ঘৃণা+পিত্ত; দেখ গিনাপিত্]।

গিন্‌পিত্‌তি=[ফ]—বি. সঙ্কোচ, চক্ষুলজ্জা।। মাইয়াডার্ এক্কেরে গিন্‌পিত্তি নাই। [দেখ গিন্‌পিত্]।
গিপোলজা=[পা]—বি. একপ্রকার তরকারী।।
গিফত্=[কুম]—বি. পরের বদনাম।। [<গীবত غيبت আং।]
গিবি=[ঢা.]—বি. বন্ধক।। আমার্ যমিটা গিবি দিসি। [গির্‌বী হিং< ফা.]।
গিব্‌বত্=[চট্ট]—বি. বদনাম।। আম্‌রা গিব্‌বত্ ন গরি। [<দেখ গিফত্]।
গিব্‌বা=[ঢা]—বি. বিঘত, বৃদ্ধাঙ্গুলী হতে তর্জনী পর্যন্ত মাপ।। এক্ গিব্‌বা হুতা দে। [<বিঘৎ বর্ণ বিপর্যয়]।
গিমা=[দি, রা, ঢা, কুম]—বি, হেলেঞ্চা জাতীয় তিক্ত শাক।। গিমা শাক্ পোয়াতির্ খুব উপ্‌কারি। [<গ্রীষ্ম+আ-প্র. (গ্রীষ্মকালে জন্মে এইরূপ)]।
গিমার্=[রা]—বি গরম, উষ্ণ আবহাওয়া।। গিমার্ লাগিছে, পাখা নিয়ে আয়্। [<গ্রীষ্ম+আর প্র.]।
গিমি হাগ্=[কুম]—বি. একপ্রকার তিক্ত শাক।। পেডের্ অশুখে গিমিহাগ্ খুব উপ্‌কারি। [দেখ গিমা +শাক; দেখ গিমে শাক্]।
গিমে কুম্‌রা=[য, খু]—বি. কুমড়া বিশেষ।। গিমে কুম্‌রা খেতে হয়। [দেখ গিমা+কুমড়া]।
গিমে শাক্=[খু, য]—বি, একপ্রকার তিক্ত শাক।। [দেখ গিমি হাগ্]।
গিম্‌শান্=[রং]—ক্রি. গরম লাগা।। এত গিম্‌শায়ছে কেনে? [গিম্‌শ <গ্রীষ্ম+আনো প্র.]।
গিম্‌হা=[রা]—বি. গিঁট, চাক্‌কা।। ডিমে গিম্‌হা বেঁধে গেছে।
গিয়র্ [চট্ট]—বি. একপ্রকার গাছ।।
গিয়াত্ [পা]—বি. ভোজ।। তারা ক্যায়্‌টা গিয়াত্ খাওয়াবো। [<জ্ঞাতি; অর্থ প্র.]।

গিয়ান্=[ফ, য]—বি. মন্ত্র, জ্ঞান।। এই ওঝার্ গিয়ানেই বিশ্ নাম্‌সে। [<জ্ঞান; অর্থ প্র.]।
গিয়ান্ করা [পা]—ক্রি. মন্ত্র দ্বারা বশীভূত করা।। সেলেটা মেয়েটাকে গিয়ান্ কৈরা লৈয়া বাগ্‌সে। [দেখ গিয়ান্]।
গিয়াস্‌তা=[রং]—বিণ. জ্ঞাতি।। গিয়াস্‌তা বাড়িত্ বেরাতি জায়্। [< জ্ঞাতি]।
গিয়াহারি=[সি]—অস. ক্রি. গিয়া, পৌঁছিয়া।। হে হিখান গিয়াহারি বৈল। [গিয়া সারিয়া]।
গিয়্যাত্=[পা] — বি. সমাজ।। [<জ্ঞাতি]।
গিরত্=[কুম, নো]—বি. গৃহস্থ।। গিরতের্ খেতে না ঐলে কেও পায় না। [<গৃহস্থ]।
গিরন্=[ঢা, বা]—বি. গ্রহণ।। আইয্ সূর্‌য্ গিরন্ লাগ্‌ব। [<গ্রহণ]।
গির্‌বি=[পা]—বি. বন্ধক।। [< গিরবী گروی ফা.]।
গিরস্=[চট্ট]—বি. চাষা।। আম্‌রা ঐলাম্ গিরস্ মানুশ্। [<গৃহস্থ]।
২=[সি]—বি. মালিক।। এই গরুডার্ গিরস্ কেবে? [পূর্বে দেখ]।
গিরস্‌তি=[কুম]—বি. কৃষিকাজ।। এই বার্ গিরস্তিতে লোক্‌শান্ গেসে। [<গৃহস্থী]।
গিরাও=[সি]—বিণ. দুর্মূল্য।। আইয্ মাস্ খুব গিরাও। [<গিরাঁ گران ফা.; অর্থ প্র.]।
গিরা=[ঢা, কম, নো]—বি. গিঁট, গ্রন্থী। [গিরহ گره ফা.]।
২=[নো]—বি, লুংগি।।
গিরাটা=[ঢা]—বি. ঘেরাও।। [ঘেরা +টা প্র.]।
গিরাটি=[ফ]—বিণ. বাঁশের তৈরী।। গিরাটি গর্।। [দেখ গিরাটা]।
গিরানি=[চট্ট]—বিণ. দুষ্প্রাপ্য।। [দেখ গিরাও]।
গিরানি=[সি]—বি. নিন্দা।। পরের্ গিরানি বালা নায়্। [<গিরানি< গিলহ্ گله ফা.+নি প্র.]।
গিরানো=[সি]—ক্রি. বিদ্রূপ করা।। তারে তুমি অত গিরাও কেনে? [দেখ গিরানি; আনো প্র.]।
গিরান্=[রং]—বিণ.গৃহস্থের তৈরী।। এগুলা গিরান্ তাংকু। [<গৃহ+আন প্র.]।
গিরাপি=[কু]—বি. নোঙ্গর।। [< গরপ হিং+ই প্র.]।
গিরাম্=[পা]—বি. গ্রাম।। [< গ্রাম]।
গিরি=[রং, চট্ট]—বি. গৃহী, ঘরের মালিক।। টিপ্ ন বুঝে টাপ্ ন বুঝে তে কি গিরির্ মাইয়া (চট্ট)? [<গৃহী <গৃহ+ঈ প্র.]।
২=[নো]—বি, গৃহস্থ পরিবার।। এই বাড়িত্ ক গিরি আসে। [পূর্বে দেখ]।
গিরিআলা=[ঢা]—বি. বাড়িওয়ালা।। [<গৃহ+ওয়ালা প্র.]।
গিরিং রায়া শাইল্=[চট্ট]—বি. ধান বিশেষ।। [<গৃহ+রাজা+শালি (ধান)]।
গিরি গিতান্=[ব]—বি. গৃহিণী।। বাড়িৎ গিরি গিতান্ নাই। [গৃহ+গৃহস্থ +আন প্র.]।
গিরি গিরস্=[সি]—বি. গৃহস্থ ও গৃহিণী।। ই গরর্ গিরিগিরস্ নাই নিরে? [<গৃহী+গৃহস্থ]।
গিরিফ্‌ত=সি]—বিণ.মন্দ দশা।। তার্ আবল্ গিরিফ্‌ত ঐ গেসে।
২=[চট্ট]—বি. গ্রেপ্তার।। চৌর্ গিরিফ্‌ত হৈয়ে। [<গিরিফ্‌ত گرفت] ফা।.
গিরিমন্‌ডল্=[ফ]—বি. চুক্তি, আটক।। এই বাগা কি তোমার্ গিরিমনডল্ নিহি যে আর্ কেহর্ বৈতে পার্‌বো না? [<agreement ইং]।
গিরিমিটি=[সি]—বি. কোলাহল।।
গিরি মিরি=[য]—বি. শলাপরামর্শ, যুক্তি।। কি গিরিমিরি কর্‌লা তোম্‌রা? [<গিরিমেট<agreement ইং; অর্থ. প্র.]।

গিরিমিল্‌টি=[পা]—বি. চুক্তি ॥ তোমার্‌ শাথে আমার্‌ কোন গিরিমিল্‌টি নাই। [দেখ গিরিমিরি]।

গিরিম্‌=[রং]—অব্য. শব্দ বিশেষ ॥ গিরিম্‌ করি পানিত্‌ ফাল্‌ দি পড় কেন্‌? [<গুড়ুম; অনু.]।

গিরিম্‌বাযি=[ম]—বি. গুণ্ডামী ॥ [<গরম+বাজি প্র.]।

গিরিস্‌=[কুম]—বি. গৃহস্থ ॥ এখন গিরিসের্‌ শুখ্‌ নাই। [<গৃহস্থ]।

গিরু=[কুম]—বি. গিঁট, বাঁশের গাঁট ॥ পটাশ্‌ কৈরা বাঁশের্‌ গিরু ফুটসে। [<গিরহ্‌ گره ফা.]।

২=[ম]—বি. হাঁটু ॥ বল্‌ খেলাই গিরুত্‌ দুখ্‌ পাইসি। [পূর্বে দেখ]।

গিরেমন্‌=[খু]—বি. বুদ্ধিমান ॥ তোর্‌ মতন্‌ গিরেমন্‌ আর্‌ দেখিনি। [< গ্রন্থি সং+মন (যে মনে গ্রন্থি অর্থাৎ বুদ্ধি আছে)]।

গিরো=[সি]—বি. বন্ধক ॥ আবসরা গিরো দিয়া এক্‌শো ট্যাকা পাইসি। [গিরও گرو ফা.]।

গিরোন্‌=[ফ]—বি. চন্দ্র বা সূর্য গ্রহণ ॥ গিরোনের্‌ শময়্‌ বাত্‌ পানি খাইলে গিরোনি রোগ্‌ অয়্‌। [গ্রহণ]।

গিরোবাজ্‌=[রা]— বি. কবুতরের শ্রেণী বিশেষ ॥ [<গিরি + বাজ (পাখী)]।

গির্‌=[ম]—বি. বাঁধন ॥ চু'লের্‌ গির্‌ শক্‌ত না। [গিরহ্‌ گره ফা.]।

গির্‌কাম্‌=[ম]—বি. গৃহকাজ ॥ হগল্‌ কন্যায়্‌ গির্‌কাম্‌ পারে না। [গৃহ কাজ]।

গির্‌গিরা=[কুম]—বিণ. রোগা, হাড্ডিসার ॥ বেরামে গির্‌গিরা ঐ গেসে। [দেখ গিরু; অর্থাৎ শুকাইয়া দেহের শিরাগুলি বাহির হইয়া পড়িয়াছে এমন]।

২=[রং]—বিণ. জমাটপ্রায় ॥ দুধ-কোনা বেশ্‌ গির্‌গিরা হছে। [অনু.]।

গির্‌ গিরানো=[ম]—ক্রি. রাগিয়া উঠা ॥ আমার্‌ কথা জন্যা তুমি এমন্‌ গির্‌-গিরাইয়া উঠ কেরে? [গিড়গিড় অনু. নাম ধাতু+আনো প্র.]।

গির্‌ গরি্‌=[ম]—ক্রি. বিণ. ছটফট ॥ গির্‌গির্‌ কৈরা মৈরা গেসেগা। [অনু.]।

গির্‌ গির্‌ করা=[চট, বি]—ক্রি. জর-জর বোধ হওয়া ॥ [অনু.]।

গির্‌যাবাশ্‌=[চট্ট]—বি. গার্হস্থ জীবন, সুখের সংসার ॥ [গৃহ+জীবন]।

গির্‌তাইন্‌=[ম, সি]—বি. গৃহিণী, কর্ত্রী ॥ ই বারির্‌ গির্‌তাইন্‌ কৈ? [গৃহস্থ+আইন প্র.]।

গির্‌তান্‌=[ম]—বি. কর্ত্রী ॥ শালেহাই এ বারির্‌ গির্‌তান্‌। [দেখ গির্‌-তাইন্‌]।

গির্‌থানি=[রং]—বি. গৃহিণী, কর্ত্রী ঘরর্‌ গির্‌থানি গেলো কোনে? [দেখ গির্‌তাইন্‌]।

গির্‌দা=[ঢা,ম]—বি. এলাকা, অঞ্চল, গ্রাম ॥ এ গির্‌দায়্‌ আর্‌ তারে পাওয়া যাইব না। [<গির্দ گرد ফা.]।

২=[কুম, রং]—বি. গোলবালিশ ॥ পায়ের্‌ তলোত্‌ গির্‌দা লাগে। [< গির্দহ্‌ گرده ফা.]।

গির্‌ধনি=[চট্ট]—বি. গৃধিনী ॥ হক্‌ কুনি গির্‌ধনি মরা খায়্‌। [< গৃধিনী]।

গির্‌ধিন্‌=[ফ]—বি. গৃধিনী ॥ [দেখ গির্‌ধনি]।

গির্‌নি=[সি]—বি. পরদা ॥

গির্‌পিন্‌=[ম,খু]—বি. একটি ধানের নাম ॥

গির্‌বাশ্‌=[ম]—বি. গৃহবাস ॥ হে বিয়া কর্‌যা শুখে গির্‌বাশ্‌ কর্‌তাসে। [<গৃহবাস]।

গির্‌বি=[সি]—বি. বন্ধক ॥ [দেখ গিবি]।

২=[ঢা, কুম]—বি. বন্ধকী দ্রব্য ॥ [পূর্বে দেখ]।

গির্‌মিট্‌=[চট্ট]—বি. চুক্তি, নিশ্চয়তা ॥ গির্‌মিট্‌ ন দিলে শোনা ন দৈস্‌। [<গিরিমেন্ট<এগ্রিমেন্ট agreement ইং]।

গির্‌মির্‌=[খু]—বি. দাঁতে দাঁতে ঘর্ষন ॥ শে রাগে গির্‌মির্‌ কর্‌তিসে। [অনু; তুং কিড়মিড়]।

গির্‌শি=[রং]—বি. রাগ ॥ তুই মানুশির্‌ শাথে গির্‌শি করছ্‌ কেনে? [<গুস্‌সঃ غصه আঃ]।

গির্‌হা=[রা]—বি. বাঁধন ॥ গির্‌হা ভাল করি দেহনু। [দেখ গির্‌]।

গিলট্‌=[কুম]—বি. বাঁকা অংশ ॥ গাসের্‌ গিলট্‌ কাট্যা ফ্যালা।

গিলা=[রং]—অব্য. গুলি ॥ এগিলা এম্‌নেকা পৈড়া রৈছে? [< গুলা]।

২=[চট্ট, পা, রা, ফ, ম]—বি. তালা ॥ দুয়ারে গিলা দি বাহির্‌ হ।

৩=[ম, দি, রা, ঢা]—বি. ক্ষার গুণসম্পন্ন বনজ ফল বিশেষ ॥ [গিলে]।

৪=[কুম,ফ,সি,ঢা]—বি. শাকস্থলী ॥ মোরগের্‌ গিলা খাইতে বালা।

৫=[সি]—বি. চাকা ॥

৬=[কুম]—বি. হাঁটু ॥ গিলা তক্‌ পানি। [<গিরাহ্‌ گره ফা.=গ্রন্থি]।

৭=[দি]—বি. স্তূপ ॥

৮=[কুম]—বি. কপিকল ॥

৯=[সি]—বি. শক্ত বীজ বিশেষ ॥

১০=[চট্ট]—ক্রি. ভক্ষণ করা ॥ ভাত্‌ গিল্‌লায়্‌নি। [<গিলন]।

গিলাইড়্‌ডা=[বা]—বি. কৃপণ। লোকটা বর্‌ গিলাইড়্‌ডা।

গিলাগিলা=[পা]—অব্য. গলা পর্যন্ত ॥ [<গলায় গলায়]।

গিলাপ্‌=[ব, রা, দি]—বি. চাদর ॥ শিতে গিলাপের্‌ দর্‌কার্‌। [দেখ গিলাফ্‌]।

গিলাফ্‌=[ঢা]—বি. ওয়াড়, আচ্ছাদন ॥ লেপের্‌ গিলাফ্‌। [<গিলাফ غلاف আঃ]।

গিলি=[ম]—অব্য. গুলি ॥ বৈশা-গিলি খাইয়া ফেলাইসে। [<গুলি]।

গিলু=[ম]—বি. মগজ ॥ তার্‌ মাথাত্‌ গিলু নাই। [<ঘিলু]।

গিলে=[নো, পা]—বি. তালাচাবি ॥ ঘরে গিলে লাগাও। [দেখ গিলা ২]।

গিলেকে=[খ]—অব্য. গুলি॥ [< গুলিক]।

গিল্যা=[ফ]—বি. পাকস্থলী ॥ মুর্গির্ গিল্যাটা খাবো। [দেখ গিলা৪]।

২=[পা]—বি. তালা ॥ দর্যায় গিল্যা লাগাও। [দেখ গিলা ২]।

গিল্যা গাওয়া=[চা]—ক্রি. পরনিন্দা করা, অন্যের দোষ ত্রুটি খুঁজিয়া বেড়ানো ॥ তর্ কামৈত মাইন্শের্ গিল্যা গাওয়া। [<গিলহ্ گله ফা.]।

গিলোট্=[সি]—বি. মাংসপিণ্ড, অকেজো শক্ত মাংস॥ ই গিলোট্ খাইমু কিনা ?

গিল্=[চট্ট]—বি. বাঁশ বা গাছের আগা। কাক্রলা গাসত্ গিল্ দে।

গিল্কি=[সি]—বি. নিন্দা ॥ পরের্ গিল্কি করা বালা নায়্। [< গিলহ্ گله ফা.+কি প্র.]।

গিল্গাস্রি=[ম]—বি. মন্দ কথা, নিন্দা ॥ হুদাহুদি গিল্গাস্রি গাও কেন্? [দেখ কি গিল+গাস্রী অনুঃ]।

গিল্গিলা=[রং]—বিণ. অত্যন্ত পাকা ॥ [অনু.]।

গিল্গিল্=[পা]—অব্য. কিলবিল ॥ মাস্ গিল্গিল্ কর্সে। [গিলগিল অনু. ; তুঃ গিসগিস]।

গিল্গিল্ করা=[চা]—ক্রি. খাইখাই করা, বেশী লোভ করা ॥ গিল্গিল্ করস্ কেন্? [অনু.]

গিল্টাই=[রং]—বি. কড়া, ছিলিমের ছিদ্রে ব্যবহৃত গোলাকার বস্তু ॥ আগত্ গিল্টাইটা ফেলাওতো। [গুটলি]।

গিল্টি=[ম]—বিণ. কৃত্রিম ॥ গিল্টি শোনা। [Gilt ইং]।

২=[রা]—বি. বাজতি ॥

গিল্ডি [চট্ট]—বি. কাঠ বিড়াল ॥ [<গিলহরী হিং=কাঠবিড়ালী]।

গিল্তা=[সি]—বিণ. জ্বালাতন ॥ এত গিল্তা কর্লে বাচি কিবায়্।

গিল্ফি=[সি]—বি. পরচর্চা, গিল্লা ॥ মানুশর্ গিল্ফি করা ঠিক্ না। [< গিলহ্ گله ফা. +ফি প্র.]।

২=[সি]—বি. ঠাট্টা ॥ হকল্ শময় গিল্ফি করিস্ না। [দেখ গিল্ফি]।

গিল্বত্=[সি]—বি. নিন্দা ॥ [গীবত غيبت আং]।

গিল্লটিয়া=[কুম]—বিণ. শক্ত, দুষ্ট, লোভী ॥ গিল্লটিয়া মাইন্শেরে কেউ দেখতো হারে না। [দেখ গলত্+ইয়া প্র.]।

গিল্লই=[কুম]—বি. দোষ ॥ হেতেনের্ বিতরে গিল্লই আসে। [<গলত غلط আং]।

২=[চা]—বিণ. অতিশয় লোভী ॥

গিল্লা=[ব, রা]—বি. নিন্দা ॥[< গিলহ্ گله ফা.]।

২=[সি]—বিণ. ভিজা ॥ গিল্লা কাপড়্। [<গিলা]

গিল্লাগিল্লি=[রা]— বি. নিন্দা, কুৎসা ॥ পরের গিল্লাগিল্লি ভাল না। [দেখ গিল্লা ; আতিশয্যার্থে দ্বিত্ব+ই প্র. ; তুঃ গালাগালি]।

গিল্লাত্=[ম]—বি. বদনাম ॥ কারো গিল্লাত্ কৈর না। [দেখ গিল্লা]।

গিল্লাহ্=[চা]—বি. নিন্দা ॥ গিল্লাহ্ করা পাপ্। [দেখ গিল্লা]।

গিল্লি=[রা]—বি. শিরা উপশিরা ॥

গিল্লু=[রং]—বিণ. অত্যন্ত পাকা ॥ পাকিয়া গিল্লু হচে। [গিলা +উ প্র.]।

গিশ্শানো=[রং]—বি. রাগিয়া উঠা ॥ গিশ্শান্ কেনে আগোত্। [<গুসসঃ غصه আং (নাম ধাতু)+আনো প্র.]।

গিশ্তান্=[চা]—বি. ধাঁ ধাঁ ॥ এই গিশ্তানডা বাইংগা ক। [চীস্তান چیستان ফা.]।

গু

গুই=[সি]—বি. মাছ ধরার সরমঞ্জাম ॥

২=[রং]—অব্য. আশ্চর্য বোধক শব্দ ॥ গুই গুই, কি লোক্। [<গু<গুহ প্রাং <গুপ্ত সং ; তুঃ গুহা ছী ছী হিং]।

গুইয্যা=[ক]—অস. ক্রি. গোপন করিয়া ॥ কলশ্টা গুইয্যা রাখ্। [গুজ্ঝ প্রাং<গুহ্য সং+ইয়া অস.ক্রি.বিভক্তি; তুঃ গুঝ্বা হিং=গুপ্ত]।

গুইয্বা=[চট্ট]—বি. গোড়া ॥ চোঁয়ারে বাঁশের্ গুইয্বা দি মার্।

গুইট্যাচ'ালি=[চা]—বি. গোপন পরামর্শ ॥ গুইট্যাচ'ালি কৈর‍্যা আমার্ কিস্‌গুও কর্তে পার্বা না। [<গুটি সং +চালি ; গুটি=দাবাবড়ে খেলার গুটি]।

গুইট্=[সি]—বি. পাল, দল ॥ তারা গুইট্ বান্দি আইসৈন্। [<গোষ্ঠী]।

গুইট্টা=[চট্ট]—বিণ. বালবিহীন, নিকৃষ্ট, রংহীন ॥ গুইট্টা মরিচ্'। [< গোএঠা হিং<গোবিষ্ঠা সং=ঘুঁটে; অর্থ প্র.]।

গুইড্গাল্=[কুম]—বি. সুপারী ॥ হানে গুইড্গাল্ লাগে।

গুইত্যা=[ফ]—বি. আঘাত ॥ ইটের্ গুইত্যা লাগ্সে। [<গুতা]।

গুইত্=[চট্ট]—বি. মিনার ॥ মজিদের্ গুইত্ [গুম্বদ گنبد ফা.]।

গুইদা=[পা]—বি. ছোট শিশু ॥ [< গেদা হিং]।

২=চট্ট]—বি. মাছ বিশেষ ॥

গুইসাপ=[খু]—বি. গুইসাপ ॥ গুই-

দাঁড়ের চাম্‌ড়ায় যুতা অয়। [<গোধিকা ছুত্তুভ সং]।

গুইনাইদ্‌=[ম]—বি. বংশ, গোষ্ঠী ॥ এক্‌ যনের্‌ দোশে গুইনাইদ্‌ নশ্‌ট।

গুঁইন্‌=[সি]—অব্য. গুলি॥ মানুশ্‌গুইন্‌ কৈ যায়গি? [<গুলিন]।

গুইন্‌যা=[ঢা]—অস.ক্রি. গুঁজিয়া॥ নোমাল্‌ড়া কমর গুইন্‌যা থো। [গুঁজিয়া]

গুইন্‌না=[নো]—বি. বদলি॥ আঁর্‌ আল্‌ গুইন্‌না দিসি।[<গুণ সং+ইয়া প্র.; অর্থ প্র.]।

গুইবোরা=[ঢা]—বি. গুই সাপ॥ গুইবোরা হাপ্‌ খায়। [<গোহিআ বোড্ড প্রাং<গোধিকা বোড্র সং]।

গুইম্‌শি=[কু]—বি. খুব গরম॥ [গুমশি<গ্রীষ্ম+শি প্র.]।

গুইয়া=[ম]—বি. সুপারি॥ [<গুয়া <গুবাক সং]।

২=[ম]—বি. মোটা সাপ বিশেষ॥ গুইয়া হাপের্‌ কামরে বিশ্‌ নাই। [< গোহিআ প্রাং<গোধিকা সং]।

৩=[ম]—ক্রি.বিণ.প্রবলবেগে॥ [দেখ গুইয়া২]।

৪=[সি]—বি. গুপ্তচর॥ [গোয়াঁ گویان ফা.=বাচাল, বাগ্মী; অর্থ প্র.; কিংবা গোয়ন্দহ্‌ گوینده ফা.]।

৫=[চট]—বি. দলীয় খেলোয়াড়॥ [গুইয়াঁ হিং]।

গুইয়াপ্‌=[চট]—বি. গুই সাপ। গুইয়াপের্‌ চাম্‌ড়া দিয়েরেযোতা বানাই যায়। [<গোসাপ < গোধা সং+ সর্প সং]।

গুইয়ে বাবর্‌=[খু]—বি. প্লীহার অব্যর্থ ঔষধ বিশেষ॥

গুইরা=[রং]—বি. সুপারি॥ গুইরা এক্‌ ফাড়া দেক্‌ কেনে? [<গুয়া+ রা প্র.; <গুবাক সং]।

২=[ম]—ক্রি.বিণ. প্রবলবেগে॥ লোক্‌টা গুইরা এদিকে আপ্‌সে। [< ঘুইরা < ঘুরিয়া < ঘূর্ণন সং; দেখ গুইয়া৩]।

৩=[বা]—লতার মাচা বা জাংলা॥

গুইরা রাখা=[কুম]—ক্রি. ঢাকিয়া রাখা॥ বাত্তের্‌ পাইলা হরা দিয়া গুইরা রাখ্‌। [ঘিরিয়া রাখা]।

গুইর‍্যা ফির‍্যা=[ঢা]—ক্রি. বিণ. ঘুরিয়া ফিরিয়া, বারে বারে॥ বাস্‌-র্‌ড়া গুইর‍্যা ফির‍্যা হেই বারিতে ঐ আসে। [<ঘুরিয়া ফিরিয়া]।

গুইলা=[ম]—বিণ. ঘোলা॥ গুইলা পানি। [<ঘোলা]।

গুইল্যা=[চট]—বি. জালে ব্যবহৃত সীসার গুলি বিশেষ॥

২=[ঢা]—অস.ক্রি.গলাইয়া॥ আম্‌ড়া গুইলা নও। [<গলাইয়া]।

গুইল্‌=[চট]—বি. ক্ষতি॥ [গুল غل ফা.; তুং গোলমাল]।

৩=[চট, ফ]—বি. কলকির পোড়া তামাক॥ [< গুল گل ফা.]।

৪=[ম,বা]—বি. গোসাপ॥ গুইলে হাপ্‌ খায়। [<গুই< গোহিআ প্রাং. <গোধিকা সং]।

৫=[ফ]—বি. হুক্কার পোড়া তামাক॥ [দেখ গুইল্‌ ২]।

গুইল্‌চা=[সি]—বিণ. অধিকলোকের সমাবেশ বা হুড়াহুড়ি॥ [<গুল্‌ غل ফা.+চা প্র.]।

গুইল্‌দা=[চট]—বি. হৃৎপিণ্ড॥ হিতার্‌ গুইল্‌দা বোত্‌ বড়॥ [<গুর্‌দহ্‌ ফা.; অর্থ প্র.]।

২=[কুম]—বি. টেংরামাছ॥ গুইল্‌দা মাসর্‌ সালন্‌। [দেখ গুইল্‌লা]।

গুইল্‌দা কেঁড়া=[চট]—বি. বড় কাঁটা বিশিষ্ট এক প্রকার ঝোপ গাছ॥ গুইল্‌দা কেঁড়া ফুইড়্‌লাম্‌।

গুইল্‌দ্যা=[চট]—বি. আখের রস ইত্যাদি জাল দেওয়ার প্রকাণ্ড ও গভীর চুলা॥

গুইল্‌লা=[চট]—বি. ট্যাংরা মাছ॥ [দেখ গুইল্‌দা২]।

গুইশ্যা=[ঢা]—অস ক্রি. তুষের আগুনের মত জ্বলিয়া॥ আমার মনের আনোল্‌ গুইশ্যা গুইশ্যা ওড়ে। [< ঘুষিয়া; ঘুষ ঘুষে]।

গুইসাল্‌=[ম]—বি. গোসলখানা॥ গুইসালে শাপন্‌ তৈলা শবৈ আসে। [<গুসল আং +শাল<শালা]।

গুইস্যা=[কুম]—বি. এক প্রকার জলজ আগাছা॥ আমোন্‌ খেতে গুইস্যা বেশি অয়।

গুও=[খু]—বি. সুপারি॥ [<গুয়া <গুবাক সং]।

গুংগর্‌=[ফ]—বি. মাথার ঘোমটা॥ [<ঘুঙ্গট্‌ হিং]।

গুংগা=[ম]—বিণ. আহাম্মক॥ লোক্‌টা বর গুংগা। [গুংগা হিং=বোবা; অর্থ প্র.]।

২=[সি]—বিণ. একগুঁয়ে॥ পোয়াটা বর গুংগা। [গোঁইয়া<গোঁ+ইয়া প্র. =গুঁয়ে]।

৩=[সি]—বি. নির্বাক॥ গুংগার্‌ লাকান্‌ বৈয়া রৈসো কেরে? [<গুংগা হিং; ধ্বন্যা.]।

৪=[সি]—বি. ট্যাংরা মাছ।

গুংগারে আদার্‌ খাওয়ান্‌=[সি]—ক্রি.বাজে লোককে সাহায্য করা॥ [বাগ্‌ধারা]।

গুংগি=[সি]—বি. মাছ বিশেষ॥

গুংগি মারা=[কু]—বি. ঘাড় নীচ করিয়া বসিয়া থাকা॥

গুগৈর্‌=[সি]—বি. বাঘের গর্জন [ধ্বন্যা.]।

গুংগো=[খু]—বিণ. বোবা॥ [দেখ গুংগা ধ্বন্যা.]।

গুংরা=[কুম]—বি. ছোট ঘণ্টা॥

গুংরানি=[সি]—ক্রি. বি. ঘুরঘুর্‌ শব্দ করণ॥ [ধ্বন্যা.]।

গুঁইআড়্‌গোজ্‌=[য]—বি. কুমীরের ন্যায় সরীসৃপ বিশেষ॥

গুঁইয়া=[চট]—বি. গুপ্ত তথ্য সংগ্রাহক॥ [গোয়ন্দহ্‌ گوینده ফা.; দেখ গুইয়া৪]।

গুঁচি=[রা,রং]—বি. কাদার তলের মাছ বিশেষ॥

গুঁজা=[রা]—ক্রি. গুঁজিয়া রাখা॥ [গোঁজ (নাম ধাতু)+আ প্র.]।

গুঁজি=[রা]—বি. ছোট শলাকা ॥ [গোঁজা+ই হ্রস্বার্থে]।

গুঁযাইশ্=[চট্ট]—বি. গোপনীয় বিষয় ॥ দুনিয়ার্ হগল্ কামত্ গুঁযাইশ্ আসে।

গুঁযি=[ব]—বি. ছোট শলাকা ॥ [দেখ গুঁজি]।

গুঁয্রান্=[চট্ট]—বি. চীৎকার করা ॥ গুঁয্রাই ন কাইন্দ। [<গর্জন সং]।

গুঁড়া=[দি,পা]—বি. ধানের কুঁড়া ॥ [<গুণ্ডক সং]।

গুঁদ্লা গুঁদ্লি=[রা]—বি. রাগারাগি, রেষারেষি, হিংসা ॥

গুঁরি=[রা, ব]—বিণ. ছোট আকৃতির ॥ হাঁশ্ গুঁরি শামুক্ খায়্। [<গুণ্ড সং+ই প্র.]।

গুঁয়্যা কুশল্টা=[রা]—বি. পাখী বিশেষ ॥ বিলে গুঁয়্যাকুশল্টা পড়্হিছে।

গুঁহির্=[রা]—বিণ. গভীর ॥ পাত্কুয়া খুব্ গুঁহির্। [<গভীর সং; গহীর হিং]।

গুকি=[কুম]—বি. সরু অন্ধকার রাস্তা ॥ গুকি দিয়া যাইস্ না।

গুক্খরি=[ফ]—বি. বোকামী ॥ [গু+খোর خور ফা.+ই প্র.]।

গুক্খুরি=[য]—বি. অন্যায় ॥ [দেখ গুক্খরি]।

গুখোর্ বেটি=[খু]—বি. গালি বিশেষ ॥ [দেখ গুক্খরি]।

গু গুইরা=[ঢা]—বি. পায়খানা ॥ গু গুইরাত্ যাইস্ না। [<গুথ সং+ঘর+ইয়া প্র.]।

গুগাল্=[রা]—বি. লালা ॥

গুগু=[পা]—বি. ঘুঘু ॥ গুগুর্ গোস্তের্ শাদ্ আসে। [<ঘুঘু]।

গুগু ডাক্তর্=[ম]—বি. অর্থ লোভী ডাক্তার ॥ অশুখ্ শারুক্ বা না শারুক্ গুগু ডাক্তর্ডা ট্যাহা নিবৈ। [<ঘুঘু ডাক্তার (doctor ইং)]।

গু গ্যান্দড়্=[রা]—বি. গলিত আবর্জনা ॥ গুগ্যান্দর্ দুরে ফেলা। [গু+গাঁদড় হিং]

গু গোপর্=[সি]—বি. বা তা, বাজে জিনিষ ॥ কিতার্লাগি গু গোপর্ খাইবায়্? [<গু গোবর]।

গুগ্নি=[ম] — বি. মুখরোচক খাবার বিশেষ ॥ দুই আনার্ গুগ্নি কিন্যা আন্। [<ঘুগ্নি; তুং ঘুঁঘ্নী হিং]।

গুগ্রা=[কুম]—বি. নূপুর ॥ গুগ্রা পায়ে দিয়া নাচ্'তাসে। [<ঘুংরু হিং]

গুগ্রাউনি=[সি]—বি. যে জমিতে ঘুঘ্রা নামক পোকায় মাটি তুলে ॥ [ঘুগ্রা+উনি প্র., দেখ গুগ্রে]

গুগ্রা চ'লান্=[বা[—ক্রি. বেদম মার দেওয়া ॥

গুগ্রি=[পা]—বি. নূপুর ॥ [দেখ গুগ্রা+ই প্র.]।

গুগ্রে=[ফ]—বি. মাটির মধ্যে বাস করে এমন পোকা বিশেষ ।। গুগ্রে কেচে' পাতালে যায়্। [<ঘুগরা]।

গুগ্লা=[ম, বা]—বি. ধানের মরা পাতা ॥

গুগ্লি=[বা]—বি. খড়কুটা ॥

গুচৈ'=[বা]—বি. ছাঁকনি, চালডাল ধুইবার উপকরণ ॥ দুদ্ সাকার্ গুচৈ'।

গুচ'া=[কুম]—বি. কুঁজো ॥ বুড়া ঐলে মানুশ্ গুচ'া ঐয়া যায়্। [<কুঁজ<কুব্জ সং]।

গুচ'ারি=[সি]—বি. পায়ের পাতার উপরিভাগ ॥

গুচ'ালা=[ম]—বি. লাকড়ির ঘর ॥ [<গো+চালা (চাল যুক্ত ঘর)]।

গুচি' শিংগে=[পা]—বিণ. লাজুক, ভীতু ॥

গুচু'র্ গুচু'র্=[চট্ট]—অব্য. ধুমধাম ॥ [অনু.]।

গুচু'র্ মুচু'র্=[ফ]—অব্য. ইতস্তত: ॥ এত গুচ্'র মুচু'র কর ক্যা? [অনু.]

গুচ্'চ'া=[রা]—বি. এক প্রকার কড়ি খেলার নাম ॥ আ দিকি গুচ্'চা খেলি।

গুচ্'চি'=[কুম]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥ গুচ্চি' দিয়া মাস্ ধর্।
২=[রা, ব]—বি. খেলার গর্ত ॥ তোর্ মার্বেল্ গুচ্'চি'তে পড়্ছেনি।

গুচ্'চে'ক্=[বা, ব]—বিণ. অনেকগুলি ॥ গুচ্'চে'ক মাস্ পাইসি (ব)। [<গুচ্ছ সং+এক]।

গুচ্ছি=[রং]—বি. গর্ত ॥ এই গুচ্ছিতে শাপ্ আছে।

গুচ্'নি=[পা]—বিণ. খোলা ॥ দুয়ার্ডা গুচ্'নি কেন্।

গুচ্'লান্=[ম]—ক্রি. অনর্থক ঘুরা ফিরা করা ॥

গুচ্'স=[কু]—বি. ধানের আটি বাঁধিবার খড়ের দড়ি ॥ দান্ গাস্ দি গুচ্'স তুল্যা আটি বান্দ।

গুচ্'সিশালা=[বা]—বি. চাউল ভাজার জন্য ব্যবহৃত নারিকেলের শলা ॥

গুচ্'লাগর্=[ম]—বি. গরু রাখিবার ঘর ॥ [<গো+চালা+ঘর]।

গুছি দেওয়া=[রং]—ক্রি. ভিতরে ভিতরে সাহায্য করা ॥ আমি গুছি দি তোমার্ শংশার্ডা অহনও বাচাইতাছি। [গোছা+ই হ্রস্বার্থে +দেওয়া; বাগ্ধারা]।

গুছি বন্দি করা=[রং]—বি. বুদ্ধি করা, পরমর্শ করা ॥ গুছিবন্দি কৈর্যা আমার্ লোমের্ লাগুর্ পাইবা না। [দেখ গুছি দেওয়া]।

গুজব্=[রং]—বি. জুলুম, জোর, জবরদস্তি ॥ গুজব্ করি হামার্ ভুঁই নিতি চাও? [<গসব غضب আং]।

গুজৈর্=[রা]—বি. খেয়ানৌকা ॥ [<গুযারহ্ گزاره উর্দু <গুযারগাহ گزارگاه ফা.]।

গুজুরি=[দি, রা]—বিণ. ছোট ॥ গুজুরি হাতি খুব্ জোরে চল্তে পারে। [<গুজ্রী হিং<গুর্জর সং+ই প্র. ক্ষুদ্রার্থে]।
২=[রং]—বি. এক প্রকার মেয়েলি গহনা ॥ [<গুঞ্জরণ; ধ্বন্যা.]।
৩=[রা]—বি. পায়ের অলঙ্কার ॥ পূর্বে দেখ]।

গুষ্‌রদ্‌=[পা]—বি. গুরুতর অপমান, অসম্মান ॥ লোকটাকে খুব্‌ গুষ্‌রদ করেসে। [<গব্‌ইয্‌যত<গয়র ইয্‌যত غیرعزت আং]।

গুষ্‌রি=[ব]—বিণ. ছোট ॥ [দেখ গুজুরি]।

গুষা=[ঢা,ম]— বিণ. কুঁজো ॥ বুরা বেডাডা গুষা ঐয়া গেসে গা। [<কুঁজ <কুব্‌জ সং]।

২=[ঢা]—বি. আইড় জাতীয় এক প্রকার মাছ ॥

৩=[সি]—বি. বুনো গোলাপ ॥

৪=[কু]—বি. একপ্রকার তৈলবীজ ॥

৫=[খু]—বি. গজাল, খুঁটা ॥ গুষা ফুট্‌সে পায়্‌। [<গোঁজা]।

গুষা কাউ=[ম]—বি. বিশেষ ধরণের ঝাউ গাছ ॥ গুষা কাউয়ের বিতৃবে শুয়রের্‌ বাশা। [দেখ গুষা+কাউ =ঝাউ]।

গুষালো=[ফ]—ক্রি. লুকানো ॥ পাইলা-গুলি গুষাইয়া থো। [দেখ গুইয্যা]।

গুষার্‌=[কুম]—বিণ. চিক্ত ॥ আপ্‌-মানে মেগের্‌ গুযায়্‌ নাই। [<গুষারা گزارا উর্দু <ফা. কিংবা গুষর্‌ گزر ফা.]

গুষি=[পা]—বি, ধান গাছ ॥ খেতে গুষি নাই। [<গোছা<গুচ্ছ]।

২=[পা]—বি. ছোট বাইন মাছ ॥ গুষি মাসের্‌ বাষি খুব্‌ শাদ্‌।

৩=[চা]—বি. এক প্রকার তিল ॥ গুষি তিল্‌ কাতিক্‌ মাশে বনুযে।

গুষিগুষি=[বা]—ক্রি. বিণ. চুপি-চুপি, গোপনে ॥ গুষিগুষি [illegible] কে? [দেখ গুইয্যা]।

গুষিয়া=[ব]—বি. এক প্রকার মাছ ॥

গুষুই=[খু]—বিণ. মন্দ ॥ [illegible] গুষুই কথা [illegible] ॥

গুষুরি=[ম]—অব্য. ক্রি. অতিক্রম করিয়া ॥ [illegible] বাড়্‌ইর্‌ গুষুরি গেল্‌। [<গুষর [illegible]; গুষারনা উর্দু]।

গুষে রাখা=[বা]—ক্রি. গোপন রাখা। [illegible] কথা গুষে রাখা যায়্‌ না। [দেখ গুইয্যা+রাখা]।

গুষ্‌গুষাইয়া=[পা]—ক্রি.বিণ. চুপি সারে॥ চিঁনিটুক্‌ গুষ্‌গুষাইয়া খাইল্‌ কে? [দেখ গুইয্যা]।

গুটা=[দি]—বি. ছাইয়ের ঢেলা ॥

২=[পা]—বি. দুধ ॥

৩=[সি]—বি. ফল ॥ ফকিরি কি গাসের্‌ গুটা? [<গুটিকা সং]।

গুটাচ'াইল্‌=[ম]—বি. নানান অজু-হাতে কাজে দেরী করার অভ্যাস ॥ [< গুটিচাল; বাগ্‌ধারা; দাবাবড়ে খেলা হইতে]।

গুটাচ'াল=[ম]—বি. আড্ডা। [দেখ গুটাচ'াইল্‌; অথ প্র.]।

গুটাদু=[কু]—বিণ. অল্প, যৎসামান্য ॥ পেটুক্‌ লোকের্‌ গুটাদু ভাতে কিসু হয়্‌ না। [<গোটা+দুই]।

গুটানো=[চা]—ক্রি. চূর্ণ করা ॥ ধবিডা গুটাই খাও। [<গুঁড়্‌(ড়=ট) নাম ধাতু+অনো প্র.]।

গুটাল্‌=[পা]—বি. তীর, ধনুক ॥

গুটি=[বং]—বি. ঘুড়গুড়ি বিশেষ ॥

২=[বা]—বি. কোঁচা ॥

৩=[খু]—বি.আম ॥ এবার্‌ গুটির্‌ ফশল্‌ ভাল না। [<গুটিকা সং]।

৪=[পা]—বি. পাথরের গুটি, মার্বেল ॥ সেলেরা গবৃত কেটে গুটি খেল্‌সে। [<গুটিকা সং]।

৫=[পা]—বি. মুকুল, কচিফল ॥ চৈ'ত্‌ মাশে আমের্‌ গুটি হয়্‌। [< গুটিকা সং]।

গুটিকাতর্‌=[ম]—বি. অর্শরোগ ॥

গুটিক্‌=[পা]—বিণ. অনেকগুলি ॥ গুটিক্‌ আম্‌ পাইছ্‌সে। [<গুটি+ক স্বার্থে]।

২=[রং]—বিণ. কিছু ॥ ফকির্‌কে গুটিক্‌ চাল্‌ দাও। [পূর্বে দেখ]।

গুটিক্‌গুলা=[রাজ]—বিণ. অনেক গুলি ॥ [illegible] গুটিক্‌গুলা আম্‌ আসে (ব)। [দেখ গুটিক+গুলা]।

গুটি পাট্‌=[পা]—বি. সাদা পাট। আম্‌রা গুটি পাটের্‌ আবাদ্‌ করি।

গুটি [illegible]=[ম]—বি. আমন ধানের নাম বিশেষ ॥ [গুটিবেগুন]।

গুটি বাগুন্‌=[পা]-বি. টমেটো। গুটি বাগুনের্‌ খাট্টা বড় শাদ্‌। [< গুটি বেগুন]।

গুটিবারি=[পা]—বি. এক প্রকার খেলা ॥

গুটি বেগুন্‌=[রং]—বি. বিলাতি বেগুন ॥ [দেখ গুটিবাগুন্‌]।

গুটি মারা=[সি]—বি. পুঙ্খানুপুঙ্খ-ভাবে কাজ করা ॥ [বাগ্‌ধারা; দাবাবড়ে খেলা হইতে]।

গুটুমা=[বং]—বি. গণ্ডগোল ॥ গুটুমা ছনে।

গুটুরি=[ফ]—বি. পাক, গিঁট ॥ পাক্‌ দিতে দিতে দড়িটায়্‌ গুটুরি পড়ে গেল্‌। [<গিঁট<গ্রন্থি সং+রি প্র.]।

গুটুর্‌মুটুর্‌=[ম]—ক্রি. বিণ. অযথা দেরী ॥ হাটে যাইতে এত গুটুর্‌মুটুর্‌ কর কেন্‌? [অনু.]।

২=[সি]—বি. অর্থহীন উক্তি ॥ [পূর্বে দেখ]।

গুটেপ্‌রা=[রা]—বি. অতি ক্ষুদ্র শিশু ॥ গুটেপ্‌রা ছাওযাল্‌ লৈ কত কাম্‌ করুম্‌? [গুটে<গুটিকা সং (ক্ষুদ্র) + পরা<পোলা<পুত্রল সং =শিশু]।

গুটেব্‌রি=[রা]—বিণ. রোগা, শীর্ণ কায় ॥

গুট্যা=[চট্ট]—বি. অন্য বর্ণ বা আকারের শস্যের ভেজাল ॥ আনুন চৈ'লর্‌ লগে হিমাঁনা চৈ'লের্‌ গুট্যা।

২=[সি]—বি.ক্ষেতের দাম পরিষ্কার করিয়া তৈরী স্তূপ ॥

গুটো করা=[খু]—ক্রি. স্তূপীকৃত করা ॥ চ'াল্‌গুলো গুটো কর্‌। [< গুটি (একত্র অর্থে)+করা]।

গুট্‌=[কুম]—বি. ছেলেদের এক প্রকার খেলা ॥ তোমারে গুটে আরাইলাম্‌।

গুট্‌কিয়া=[রং]—বিণ. নির্জন। গুট্‌কিয়া বাড়িতে চোরের্‌ ভয়্‌ বেশি ॥

গুট্ গুইট্টা=[চট্]— বিণ. অতি রিক্ত॥ আম্ পাগিয়েরে গুটগুইট্টা লাল্ ঐয়ে। [অনু.]।

গুট্ গুটাইয়া=[রং]—ক্রি. বিণ. ধীরে ধীরে॥ পোলাডা গুটগুটাইয়া আট্তে পারে। [অনু. ; গুটিগুটি]।

গুট্ গুটানি=[ঢা]—বিণ. অসতী॥ [অনু.]।

গুট্ গুটারি=[রং]—অব্য. কপাটি খেলার ডাক॥ গুটগুটারি দে। [অনু.]।

গুট্গুট=[সি]—বি. আপত্তি॥

গুট্গুট্=[সি]—অব্য. বিরক্তিকর শব্দ॥ [অনু.]।

গুট্গুট্ ল্যাখা=[সি]—বি. পরিষ্কার ফাক ফাঁক লেখা॥ [<গোটা গোটা লেখা]।

গুট্টয়=[কুম]—বি. আদরের ডাক॥ [অনু.]।

গুট্টা=[চট্]—বি. হুক্কার নইচা॥
২=[সি]—বি. খেলায় জয়লাভ॥

গুট্নি=[বা]—বি. যাহাদ্বারা নাড়িয়া (ডাল) ভাঙ্গিয়া দেওয়া হয়॥ গুট্নি দিয়া ডাল্ গোটে। [<ঘোঁটন+ই প্র.]।

গুট্মুটি=[সি]—বি, আপত্তি॥

গুটলি বাগুন্=[রা]—বি. ছোট গোল বেগুন বিশেষ॥ [<গোটা+লি +বেগুন]।

গুট্লে=[খু]—বি. ছোট ছোট ঢেলা॥ মৈ দিয়া যমির্ গুট্লে ভাং। [<গোটা +লে প্র.]।

গুঠা=[দি রা]—বি. ঘুঁটে, পোড়া ছাই॥ <গোএঠা হিং<গোবিষ্ঠা [সং]।

গুঠিন্=[রা]—বি. চুনকাম করিবার জন্য পাথর জাতীয় দ্রব্য বিশেষ॥ মিস্ত্রি জি, গুঠিন্ পাব কোবায়্? [< ঘুটিং]।

গুঠ্নি=[সি]—বি. বিষ্ঠাময় স্থান॥ গুঠ্নির্ দিকে যাইস্ না। [গু+ঠান (স্থান)+ই প্র.]।

গুঠ্লি=[ঢা]—বি. গ্রন্থি॥ ময়দা বালা পেশা হয় নাই, গুঠলি বাইন্দা গেসে। [গুট<গ্রন্থি সং+লি প্র.; তুং গুটলী হিং]।

গুড়ন্=[কুম]—ক্রি. নাড়া॥ ডাইল্ বালাবাবে গুড়িন্ না ঐলে খাওন্ যায় না। [ঘোঁটন√ঘুঁট্<ঘট্ট]।

গুড়া=[কুম]—বি. ব্রণ, ফোড়া॥ মুখে গুড়া ঐলে বর বিস্রি দেখায়।
২=[ফ, বা]—বি. আবর্জনা, আগাছা॥ খেতের্ গুড়া শাফ্ কর্।
৩=[ম]—বি বিচি, বীজ॥ বাইগুনের্ গুড়া। [<গুটা<গুটিকা সং]।

গুড়াচা'লি=[কুম]—ক্রি. গোপনীয় বিষয় নিয়া আলোচনা॥ রাইত্ বৈরা তারা কিয়ের্ এত গুড়া চা'লি কর্ল। [<গুটি+চালি]।

গুড়ি=[কুম, ঢা]—বি. বসন্ত॥ দেশে যবর্ গুড়ি উট্সে। [গুটি]
২=[ঢা]—বি. কড়া॥ আম্ গাসে গুড়ি ঐসে। [দেখ গুড়ি]
৩=[কুম]—বি. খেলার জন্য ব্যবহৃত এক বিঘত লম্বা কঞ্চির টুকরা॥ [<গুলি]।
৪=[সি, বা]—বি. কাপড়ের কোঁচা॥

গুড়িচা'ল্=[ঢা]—বি. কৌশল, চালাকী॥ দেহি একটা গুড়িচা'ল্ দিয়া। [<গুটি+ চাল; বাঘধাবা; দাবাবড়ে খেলা হইতে]।

গুড়ুখেলা=[বা]—বি. হা-ডু-ডু খেলা॥ [<ডুডু+খেলা; অনু.]।

গুড়ু গুড়ু=[রা]—বি. হা-ডু-ডু॥ [অনু.]।

গুড়ু গুড়ু খেলা=[ম]—বি. চালাকী, চাল॥ [অনু.]।

গুড়ুইন্=[কুম]—বি. ডাল ঘুটার কাঠের কাঠি॥ গুড়ুইন্ দিয়া ডাইল্ গুড়্। [<ঘুটনি]।

গুড়ুর্ গুড়ুর্=[রং]—বি. হাত বৈঠা বাইবার আওয়াজ॥ নায়ের গুড়ুর্ গুড়ুর্ হুনা যায়। [অনু.]।

গুড়ুলি=[ফ]—বি. কাঁঠালের বীচি॥ গুড়ুলি বাযা খাইতে মযা। [<গোট +উলি প্র.]।
২=[চট্]—বিণ. ছোট, শক্ত॥ এই গুড়ুলি গুপারি দাঁত্ দি ভাইংতু পাইত্তাম্ ন [পূর্বে দেখ]।

গুড়োলি=[ফ]—বি, কাঁঠালের বিচি॥ [দেখ গুড়ুলি]

গুড্ গুইড্ডিয়া আন্ধার্=[চট্]—বি. ঘোর অন্ধকার॥ গুড্ গুইড্ডিয়া আন্দার্ দি আঁই ন যাইয়্যম্। [<ঘুটঘুটে+অন্ধকার]।

গুড্ডি=[দি, ঢা, কুম]—বি. আরে গুড্ডি উরাবুতে চ'ল্ (ঢা)। [<গুড্ডী হিং=ঘুড়ি]।

গুড্ডি ছাপ্=[রং]—ক্রি. বিণ. সর্বস্ব নষ্ট॥ মাম্লায় তার্ গুড্ডি ছাপ্ ঐছে।

গুড্ডু=[রা]—বি. ঘুড়ি॥ তোহর্ ছাইল্যার্ গুড্ডু ভাল নয়। [দেখ গুড্ডি]।

গুড্নি=[চট্]—বি. চরকা॥ [< ঘুটনি]।

গুড্ বাগুন্=[বা]—বি. টমেটো, বিলাতী বেগুন॥ [<গুটি বেগুন]।

গুড্লি=[কুম]—বি. গ্রন্থি, গিঁট॥ দরির্ মাথায় একটা বর গুড়ুলি আসে॥ [<গুটলি]।
২=[ফ]—বি. কাঁঠালের বিচি॥ [দেখ গুড়ুলি]।

গুড়া=[ম]—বি. গোড়া॥ [< গোড়া]।

গুড়াচ্=[বা]—বি. গুলঞ্চ॥ গুড়াচের্ ছাল্ বাইটে রশ খাইলে ম্যালেরিয়া জর ছাড়ে। [গুডচী]।

গুড়াতি=[বা]—বি. গুড়ের কারবারী॥ গুড়াতি, গুড়ের্ দাম্ কত? [< গুড় সং+আতি প্র.]।

গুড়ানো=[রং]—ক্রি. অহেতুক হয়রান করা॥ কাকো গুড়াইছ না। [<ঘুরানো]।
২=[রা]—ক্রি. গায়ে দেওয়া॥ ছোট ছেলের্ গায়ে কিছু গুড়ে দেও। [<গুণ্ঠ (বেষ্টনে)]।
৩=[রং]—ক্রি. লাথি মারা॥ শয়তানক ধরি খালি গুড়ানোর্ কাম্। [< গুড়ি (নাম ধাতু)+আনো প্র.]।

গুড়ি=[রা]—বি. পার্শ্ব ।। আমার্ গুড়িতে বশ্ ।

২=[য]—বি. হাল ।। লেখাপড়া শিখ্‌লে না, এখন্ গুড়ি ধর্‌গে । [গুঁড়ি] ।

৩=[ব]—বি. ঘুষি ।। লাথি গুড়ি দিয়ে ফেলে দিলো ।

৪=[রং, পা]—বি. লাথি ।। গুড়িয়ে তোর্ কাল্‌লা ছিড়মু (রং) । [<গোড +ই প্র.] ।

গুড়ি করা=[য]—ক্রি. মাছের ডিম দিবার জন্য জায়গা তৈরি করা ।। দখিনের্ বিলে শোল্‌মাস্ গুড়ি করেসে ।

গুড়ো=[কু]—বি. গুড়া, নৌকার প্রস্থের ধরাট ।। গুড়োয় পা দি নৌকা ডুবান্ শহয্ । [<গুঁড়ি] ।

২=[খু]—বি. গুড়া ।। আটা পিঠে গড়তি গুড়ো লাগে । [<গুঁড়া] ।

গুড়্‌গুড়ি=[ব]—বি. রস সঞ্চার ।। ওর্ মুখে গুড়্‌গুড়ি নাম্‌সে । [অনু.] ।

গুড়্‌গুড়ি পড়া=[রং]—বিণ. অত্যন্ত নোংরা ।। গুড়গুড়ি পড়া লোকের্ হাতে খাবার্ না খাম্ । [দেখ গুড়গুড়ি] ।

গুড়্‌চ'া=[য]—বি. গুলঞ্চ ।। গুড়চ'া ঔশধের্ অনুপান্ । [দেখ গুড়াচ্]] ।

গুড়্‌মুড়ো=[য]—বি. পায়ের গোড়ালি ।। আমার্ গুড়মুড়োয্ ব্যথা হয়েসে । [<গুড়<গোড় হিং.<গুল্‌ফ +মুড়<মুণ্ড<মূর্ধা ; পায়ের মাথা মূলার্থ] ।

গুতা=[ফ]—বি. অলস, নির্জীব, অকর্মণ্য ।। লোক্‌টা বড় গুতা । [গোদা ; অর্থ প্র.] ।

২=[রা, কু]—ক্রি. স্ত্রীলিঙ্গে পুরুষাঙ্গ প্রবিষ্ট করানো ।। [তুং গুথ্‌না হিং= গাঁথা ; গ্রন্থন সং] ।

গুতাইল্=[চট্ট]—বি. গরুর ঘর ।।

গুতাগুতি=[চট্ট]—বি. মনোমালিন্য ।। [<গুঁতাগুঁতি] ।

গুতা পারা=[পা]—ক্রি. মনে পড়া, চুঁস দেওয়া, উদয় হওয়া ।। তার্ কথাডা বারবার্ মনে গুতা পার্‌সে । [<গুতা +পাড়া] ।

গুতানি=[রং]—বি. মেথরানী ।।

গুতি=[সি]—বি. আত্মগোপন ।। গুতি মারি কৈ রৈস ? [গুত: غوطه আং.= ডুব] ।

গুতিয়া=[দি]—বি. আত্মীয় স্বজন ।। গুতিয়া না থাক্‌লে চলে না । [< গোত<গোত্র সং+ইয়া প্র.] ।

গুতুইম্যা=[কুম]—বিণ. মোটাসোটা ।। সেলেটি খুব্ গুতুইম্যা । [<গবদা হিং] ।

গুতুম্যা=[চট্ট]—বিণ. খর্ব ও মোটা, তাজা ।। গুতুম্যা গরু । [দেখ গুতুইম্যা] ।

গুতুম্=[চা, কুম]—বি. আঙ্গুলাকৃতি মাছ বিশেষ ।। গুতুম্ মাস্ অনেকে খায় না ।

গুতুর্, গুতুর্=[কুম]—ক্রি. বিণ. দুপ্ দুপ্ ।। লোক্‌টা গুতুর্ গুতুর্ কৈরা দৌর্ দিল্ । [অনু.] ।

গুতে=[রা]—বি. মাছ বিশেষ ।। গুতে মাছ খাতি বেশ্ ।

গুতেন্=[খু]- বি. কায়দা, যো, নিয়ম ।। না যেনে বাত্ করো না ।

গুত্যা=[পা] -ক্রি. আঘাত, ধাক্কা ।। [<গুঁতা] ।

গুতো=[য]—ক্রি. আঘাত ।। ইটের গুতো লেগেসে । [<গুঁতা] ।

গুতো উঠা=[য]—ক্রি. কোন জিনিসের জন্য গোঁ ধরা ।।

গুতোগুতি করা=[য]—ক্রি. আপ্রাণ চেষ্টা করা ।। টাকার যন্য কি আর্ কম্ গুতোগুতি করি ? [<গুঁতোগুঁতি বা গুঁতাগুঁতি ; তুং গুত্‌তম্ গুত্‌তা হিং] ।

গুত্=[সি]—বি. বংশ ।। আমার গুতে এমন্ দুশ্‌ট দেখসৈন্ না । [< গোত্র সং] ।

গুত্‌গাত্=[সি]—বি. রাগের সহিত বড় গলায় কথা বলা ।।

গুত্‌গারা=[সি]—বি. নির্ভর ।। চৌদুরি বারি আউতার্ গুত্‌গারা ।

২=[সি]—বি. উচচ শব্দ ।।

গুত্‌গুতা=[সি]—বিণ. হৃষ্টপুষ্ট ।। গুতগুতা খাশি । [অনু.; দেখ গুতুইম্যা] ।

গুত্‌গুতি=[সি]—বি. রাগ, রাগারাগি ।। [দেখ গুতাগুতি] ।

গুত্‌তা=[রং]—বি. প্রণয়পাত্র ।। চেংড়ি কোনা গুত্‌তার্ লগে ভাগিচে ।

গুত্‌তানো=[কুম]—ক্রি. ঘন ঘন ঘুরা ।। গুড্‌ডিডা গুত্‌তাইতাসে । [< গুত: غوطه আং=ডোবা, ঘুড়ির উড়ন্ত অবস্থায় উপর হইতে নীচে ছোঁ মারা ; নাম ধাতু+আনো প্র.] ।

গুত্‌তি মারা=[কুম]—ক্রি. হঠাৎ নিচে নামা ।। গুড্‌ডিডা গুত্‌তি মাইরা পৈরা গ্যাসে । [দেখ গুত্‌তানো+ মারা] ।

গুত্‌মা=[সি]—বিণ. গোলাকার ।। গুত্‌মা লাউ

গুত্ মারা=[রং]—ক্রি. মার্গ মারা ।। তোর্ গুত্ মারিম্ এলায় । [<পোদ+ মারা ; বাগ্‌ধারা] ।

গুথ্‌মা=[সি]—বিণ. মোটা ।। গুথ্‌মা লাউ । [দেখ গুতুইম্যা] ।

গুদর্=[ব]—বিণ. নোংরা, অপরিষ্কৃত ।। গুদর্ সেলেমেয়ে । [দেখ গিদর্, গিদার্] ।

গুদর্‌কানি=[রা]—বি. ছোট পাখী বিশেষ ।।

গুদা=[ফ]—বিণ. বাসি ।।

২=[ফ]—বিণ. ছোট, গুড়া ।। গুদা মাস্ । [<গুঁড়া] ।

৩=[ব, রা, রা]—বি. পচা খড়, ধান মাড়াই স্তূপের আবর্জনা ।।

৪=[সি, ম]—বিণ. পুরু, মোটা ।। বাশন্ গুলা গুদা গুদা । [<গোদা] ।

৫=[সি]—বি. শাঁস ।। ফলর্ গুদাবরঐ গেসে । [গুদা হিং] ।

৬=[ম, পা]—বিণ. ছোট ।। গুদা চ'্যাংরা । [গেদা হিং=শিশু] ।

৭=[পা]—বিণ. অলস, শ্রমবিমুখ ।। [<গোদা ; অর্থ প্র.]

গুদাগুদি=[পা]—বি. ছোট ছেলেমেয়ে ।। তোমার্ গোদাগুদি কয়ডা । [<গেদা হিং=শিশু] ।

গুদা চিংড়া=[খু]—বি. এক প্রকার কাল চিংড়ী ॥

গুদাড়=[য]—বিণ. অল্প ॥ আমাকে গুদাড় ভাত্ দাও। [<গোটা দুই]।

গুদানি=[য]—বি. উল্কি ॥ মাউরানি বাগিডা হাতে কপালে গুদানি দিসে। [<গোদনা হিং]।

গুদানো=[ঢা]—ক্রি. পচা পচা গন্ধ হওয়া ॥ দানাগুলি গুদাইয়া গেসে।

গুদা মারা=[রং]—ক্রি. মার্গ মারা, ক্ষতি করা ॥ তোক গুদা মারিম্ ॥ [দেখ গুত্ মারা]। [অশ্লীল ;অর্থ প্র.]।

গুদাম্=[রং, পা]—বি. নৌকার ছই ॥ গুদাম্ দিয়া পানি পড়ে। [<godao পোর্তু. ; অর্থ প্র.]।

২=[দি, ঢা, কুম, ফ]—বি. বোতাম ॥ যামার্ গুদাম্ কৈ ?

গুদাম্ পাখি=[রং]—বি. হুতুম পাখি ॥

গুদারা=[বা]—বি. বড় নৌকা ॥ [<গুযারহ্ گذاره ফা. =ফেরী]।

গুদারিনো=[কু]—বি. মুখ ভার, কাঁদা কাঁদা ভাব ॥ যেতে বলার্ আগেই গুদারিনো হয়েসে।

গুদি==[বা,রা]—বি. গভীর খাদ, ডোবা, গর্ত ॥ গুদি ভরাট্ করিছ্ নচেত্ মশার্ আড্ডা হবে (রা)।

২=[বা]—বি. নদীর মোহনা ॥ গুদিত্ নাও রাখতে ডর্ করে।

৩=[ম]—বি. ময়লা, ধুলা ॥ [গন্দহ্ گنده ফা.]।

৪=[কু]—বি. রোখ, ঝোঁক, আবেগ, দিগ্বিদিক জ্ঞানশূন্য অবস্থা ॥ গুদি করে কোথায় ছুটেসো ?

গুদি মাছি=[রং]—বি. মৌমাছির চেয়ে অনেক ছোট এক প্রকার মাছি ॥ [<গুঁড়ি মাছি]।

গুদি মাস্=[কুম]—বি. তিন কাঁটাযুক্ত আইড় মাছের ন্যায় এক প্রকার মাছ ॥

গুদুম্=[রং]—বি. প্যাঁচা ॥

গুদুরি=[ম, দি]—বি. কাঁথা ॥ গুদুরিটা বাইর্ কর্। [<godrim পোর্তু.; তুং গুদড়ী হিং ; দেখ গুদুড়ি]।

গুদের্=[চট্ট]—বি. পাত্রের তলায় সঞ্চিত তরল পদার্থের ময়লা ॥ তৈলর্ গুদুর্।

২=[রা]—বিণ. অপরিষ্কার ॥ গুদুর্ ছেলে। [দেখ গিদর্২, গিদার্৩, গুদর্]।

গুদে=[কু]—বিণ. কুঁড়ে, আলসে, নিষ্কর্মা ॥ [<গোদ+ইয়া প্র.; দেখ গুদা৭]।

গুদেগারা=[ফ]—বি. ছোট ছেলে-মেয়ে ॥ [গেদা হিং+গারা অনু:]।

গুদে গুদে=[পা]—বিণ. ক্ষুদ্র ক্ষুদ্র ॥ গুদে গুদে যিনিশ্। [<ক্ষুদে< ক্ষুদ্র+এ প্র.]।

গুদ্যা=[রা]—বি. পচা কচুরি ও অন্যান্য পানা ॥

২=[পা]—বিণ. অচল, আলসে ॥ গুদ্যা গরু ॥ [দেখ গুদে, গুদা]।

গুদ্যামা=[বা]—বি. প্যাণ্ট, পাতলুন ॥ সেলেমেয়েরা গুদ্যামা পরে। [দেখ গুদ্৩+জামা ; দেখ গুদ্পরি ; জামাহ্ جامه ফা.]।

গুদো=[ঢা]—বি. ছোট, ক্ষুদ্র ॥

২=[য]—বিণ. পচা ॥ গুদো পল্ (খড়) গাইকে দিও না।

গুদোড়্=[য]—বিণ. পচা, নিকৃষ্ট ॥ গুদোড় মাল্ কিন্তু শস্তায় বিক্রি হয় ॥

গুদ্=[রা, খু, য]—বি. স্ত্রীলিঙ্গ যোনি ॥<[গুদ সং=মলদ্বার ; অর্থ প্র.]।

২=[ম]—বি. গুহ্যদ্বার ॥ [পূর্বে দেখ]।

গুদ্গুদা=[গি]—বিণ. মোটা সোটা, তুলতুলে ॥ গুদ্গুদা বাচ্'চা। [< গোদা গোদা]।

গুদ্ গুদাইয়া=[কু]—ক্রি. বিণ. ভক্তির সহিত ॥ গুদ্গুদাইয়া দৌড় দাও। [অনু.]।

গুদ্ গুদ্ করা=[রা,ব]—ক্রি. দুরু দুরু করা ॥ ভয়ে তোর্ মন্ গুদ্ গুদ্ করূছে বা (রা)। [অনু.]।

গুদ্ড়ি=[রা, দি]—বি. কাঁথা, মোটা কাপড় ॥ [দেখ গুদুরি]।

২=[রা]—বিণ. কুটি কুটি ॥ নেগ্খানা ছিঁড়ে গুদ্ড়ি হয়ে গেছে।

গুদ্দা=[রা]—বি. শাঁস, সম্পদ ॥ [দেখ গুদা]।

২=[চট্ট]—বি. কলিজা ॥ তোঁয়ার্ গুদ্দা কম্ বড় না। [<গুর্দহ্ گرده ফা.]।

গুদ্দাভারি=[দি]—বি. সাহসী ॥ ছেলেটা বড় গুদ্দাভারি। [দেখ গুদ্দা+ভারি]।

গুদ্ নামা=[য]—বি. ঘন ঘন অল্প মলত্যাগ করা ॥ সেলেটার গুদ্ নাম্‌সে [দেখ গুদ্২ ; সাধু.পেট নামা]।

গুদ্পরি=[পা]—বি. প্যাণ্ট ॥ [< দেখ গুদ্২+উপর+ই প্র. (গুদের উপর যাহা পরা হয়) ; দেখ গুদ্যামা]।

গুদ্বায়রা=[পা]—বি. কোন মেয়ের একজনের সঙ্গে বিয়ের কথা হওয়ার পর অন্য পাত্রের সঙ্গে বিয়ে হইলে ঐ দুই পাত্রের মধ্যে 'গুদ্বায়রা' সম্পর্ক হয় ॥ [দেখ গুদ্+ভাই+রা প্র.]।

গুদ্ মারা=[ব]—ক্রি. অন্যায়ভাবে চপি চুপি অধিক গ্রহণ করা ॥ [দেখ গুদ্+মারা ; বাগ্‌মারা]।

গুদ্ মারা সারা=[ম]—বি. সর্বনাশ হওয়া ॥ [দেখ গুদ্মারা+সারা]।

গুদ্রা=[ব, রা]—বি. নোংরা ॥ গুদ্রা হয়ে থাকলে খোশ্ পাঁচ্'ড়া হবে (ব)। [দেখ গিদর্, গিদার্, গুদর্]।

গুদ্রি=[রা, পা,ব,ফ]—বিণ. ছোট ॥ গুদ্রি মাস্ আন্‌স ক্যা ? [দেখ গুদো +রি প্র.]।

২=[ব,রং]—বি. ছিন্ন কাঁথা ॥ এই গুদ্রি গায়ে দিয়ে শিত্ কাটাবে কেমন্ করে ? [<গুদ্ড়ী হিং ; godrim পোর্তু.]।

গুদ্রো=[নো]—বি. অপছন্দনীয় লোক ॥ কি গুদরোর্ যালায় হড়া গেল্ ? [দেখ গুদ্রা]।

গুধা=[দি]—বি. মোটা পদবিশিষ্ট লোক ॥ গুধার্ পায়ের্ ডুবা লাখি। [<গোদা]।

গুধাগুধি=[রা]—বি. ছেলেমেয়ের তোমার্‌ গুধাগুধি কয়টা ? [গুধা< গেদা হিং]।

গুধ্‌=[নো]—বি. কোল ॥ হরুতারে গুধ ল। [<গোদ হিং]।

গুনন্‌=[চট্ট]—ক্রি. মনে মনে ভাবা চিন্তা করিয়া দেখা ॥ গুনি চ'াইলাম্‌ যে আঁর্‌ কল্‌বাত্‌ পড়ন্‌ ঠিক্‌ আইত ন। [<গণন সং]।

গুনা=[কুম, চা]—বি. ধাতুর তৈরি তার ॥ গুনা দিয়া বেরা বান্‌দে [গুণ সং+আ প্র. (যাকে ক্রমাগত পাক দেওয়া যায়]।

২=[রং,দি]—অব্য. গুলি ॥ এই মেয়ে গুনা কার্‌ বাড়ির্‌ ? [<গুলা]।

৩=[রং]—বি. সুতা ॥ ঘুড্ডির গুনা বড়ো ধার্‌। [গুনা হিং<গুণ সং]

গুনাগারি=[চট্ট, নো, ম]—বি. জরিমানা, ক্ষতিপূরণ ॥ তোমার্‌ দশ্‌ ট্যাহা গুনাগারি দেঅন্‌ লাইগ্‌ব। [<গুনাহ্‌ گناہ ফা.+গারি ফা. প্র.]।

গুনানি=[সি]—বি. যৌনচেতনা ॥ গাইডার্‌ গুনানি আইসে।

গুনানো=[দি]—বিণ. গণ্য করা ॥ ওকে কেহ গুনায়্‌ না। [<গণন সং]।

২=[সি]—বি. ডাকা, গর্ভ ধারণের জন্য উত্তেজিত হওয়া ॥ গাইটা গুনা ইসে। [দেখ গুনানি]।

গুনাবাসা=[ম]—বি. সংখ্যা ॥ কত যে লোক্‌ লশ্‌কর্‌ আইসে তার্‌ গুনাবাসা নাই। [<গুনা (=গনা)+বাছা]।

গুনা মাসি=[সি]—বি.গোপন আলোচনা ॥

গুনারু=[সি]—বি. নৌকার গুন টানে যে ॥ 'গুনারুরে হাপে খায়্‌ না' (প্রবাদ)। [গুণ+আরু প্র.]।

গুনার্‌=[ম]—বি. রাস্তা ॥

গুনাহারি=[চট্ট]—বি. ক্ষতি ॥ আঁর্‌ বেব্‌শায়্‌ গুনাহারি হৈয়ে। [দেখ গুনাগারি]।

গুনি=[কুম]—বি. নাপিত, খৎনাকারী ॥ [গুণী ; অর্থ প্র.]।

২=[বা]—বি. ঘুড়ি ॥ স্যায়ারা গুনি উরায়্‌। [< গুড্ডী হিং ; দেখ গুনটি]।

৩=[চা]—অব্য. গুলি ॥ এত গুনি মিডাই এক্‌লাই খাইলি ! [<গুলি]।

৪=[রং,পা]—বি. ওঝা, যাহারা ঝাড় ফুঁক দেয় ॥ [<গুণী সং ; অর্থ প্র.]।

৫=[সি]—বি. প্রদীপের কালি ॥

গুনিক্‌=[ম]—বি. হাজ্জাম, যে খৎনা করে ॥ [দেখ গুনি]।

গুন্দরি=[খু]—বি. এক প্রকার গাছ ॥

গুনের্‌ কানাই=[চা]—বি. হিতকারী বন্ধু ॥ তুমি যে আমার্‌ কত বর গুনের্‌ কানাই হেয়ে দেইক্যা থুইসি। [কানাই=কৃষ্ণ ; বাগ্‌ধারা]।

গুনো=[কু]—বি. ছাতির তার ॥ সাতির্‌ গোনোটা কাট্‌লি কেন্‌ ? [দেখ গুনা]।

গুনোগারি=[ম]—বি. জরিমানা, দণ্ড ॥ [দেখ গুনাগারি]।

গুন্‌=[রা]—বি. উপকার ॥ আমাকে দিয়া তোমার্‌ কোন গুন্‌ হবে না। [গুণ ; অর্থ প্র.]।

২=[সি]—বি. গোবরে পোকা ॥ আমের্‌ মারৈল্‌ খাইল্‌ গুনে। [ঘুণ ; অর্থ প্র.]।

গুন্‌কাঠি=[ম]—বি. দড়ি পেচাইয়া রাখিবার কাঠি ॥ [<গুণ (রজ্জু)+কাঠি]।

গুন্‌গুনানি=[সি]—বি. অস্ফুট আলাপ ॥ [ধ্বন্যা.]।

গুন্‌গুনানো=[ম]—ক্রি. গুন গুন ধ্বনি করা ॥ [ধ্বন্যা.]।

গুন্‌গুনি=[চট্ট]—বি. মোরগ হাঁস ইত্যাদির গায়ের ক্ষুদ্র শ্বেত পোকা বা উকুন ॥ [অনু.]।

গুন্‌গুনি পোক্‌=[চট্ট]—বি. এক প্রকার ক্ষুদ্র পোকা ॥ উন্‌নাইয়ে কুরা বৈলে গুনগুনি পোকা কুড়ের্‌।

গুনগ্যান্‌=[নো]—বি. বাদু, মন্ত্রতন্ত্র ॥ গুনগ্যান্‌ করি সেলেডায়্‌ মাতা খারাপ্‌ করি দিসে। [<গুণ+জ্ঞান]।

গুন্‌চ'া=[পা]—বি. কাটা ধানের গোড়া ॥

২=[বা]—বি. মুকুল ॥ গোলাপ্‌ গাসে অনেক্‌ গুন্‌চ'া হৈসে। [<গুন্‌চহ্‌ غنچه ফা.]।

৩=[বা]—বি. নৌকার তলার ছিদ্র বিশেষ ॥ গুন্‌চ'া খুইলা দাও বল্‌ উঠুক্‌।

গুন্‌চ'ায়েশ্‌=[সি]—বি. সংকুলান ॥ এত যিনিশ্‌ কৈ গুন্‌চ'ায়েশ্‌ কর্‌মু ? [<গুঞ্জা'ইশ্‌ گنجائش ফা.]।

গুন্‌চি'=[ক]—বি. এক প্রকার লতা ॥

২=[কুম]—বি. ছেলেমেয়েদের কোমরের সুতা ॥ [<গুন (সুতা অর্থে)+চি ; সাধু ঘুনসি]।

৩=[চ]—বি. আমন ধান বিশেষ ॥

গুন্‌জন্‌=[রা]—ক্রি. গুঁজিয়া রাখা ॥ দড়িটা চালত্‌ গুন্‌জে থো [গোঁজ+আন প্র.]।

গুন্‌ঘুরি=[দি]—বি. ছোট শামুক ॥

গুন্‌ঘুরন্‌=[সি]—ক্রি. চীৎকার করা ॥ আমার্‌ শাম্‌নে গুন্‌ঘুরিস্‌ না। [<গুঞ্জরণ]।

২=[চট্ট]—ক্রি. গুরু গুরু ডাকা ॥ ম্যাগে গুন্‌ঘুরের্‌। [পূর্বে দেখ ; ধ্বন্যা.]।

গুন্‌ঝা=[চা]—বি. কুঁজো ॥ গুন্‌ঝা যামাইর্‌ ঠাই মেয়ে বিয়া দিমু না। [< কুব্জ সং]।

গুন্‌ঝাইশ্‌=[সি]—বি. স্থান সংকুলান ॥ চ'কিত্‌ চ'াইর্‌যন্‌ গুন্‌ঝাইশ্‌ ঐতো নায়্‌। [দেখ গুন্‌চ'ায়েশ্‌]।

গুন্‌ঝানো=[নো, কুম, চট্ট]—ক্রি. গোপনে রাখা বা লুকানো ॥ কগা গুন্‌ঝাই রাইচ'স্‌নি ? [গোঁজ+আনো প্র.]।

গুন্‌ঝাজ্‌=[চট্ট]—বি. গোপন অভিসন্ধি ॥

গুন্‌ঝি=[পা]—বি. গেঞ্জি ॥ গুন্‌ঝি বিডা সিড্ডা গেসে। [<guernsey ইং]।

গুন্‌বুন্‌=[নো]—বি. ঠাশাঠাশি ॥ অত গুনবুনের মদ্দে দিন্‌কাডান্‌ যায় না। [<গন্‌জান হিং]।

গুন্‌টি=[ম]—বি. ছিপজালের কাঠি ॥ গুন্‌টি আন্‌, মাস্‌ ধরা যাই। [<গুটি]।

২=[বা]—বি. ঘুড়ি ॥ [দেখ গুনি]।

গুন্‌ডি=[চট্ট]—বি. শুষ্ক গোবর ॥ গোয়রের গুন্‌ডি। [<ঘুণ্টিক সং]।

২=[ম, রা]—বি. পানের মসলা ॥ গুন্‌ডি পান্‌ খ্যায়ে ভিরমি ধরল জি মোক (রা)। [<গন্ধ+ই প্র.]।

গুন্‌তানো=[ম]—ক্রি. নরম হওয়া ॥

গুন্‌দানি=[রা]—বিণ. পচা ॥ আমটা গুন্‌দানি ঐয়া গেছে।

গুন্দি গুন্‌দি=[চা]—বিণ. ছোট ছোট ॥ গুন্‌দি গুন্‌দি পোনা ॥

গুন্‌দিশ্‌=[ম]—বি. বিবেচনা ॥ গুন্‌দিশ্‌ কর‍্যা রেশন্‌ আইন্যা।

গুন্‌দম্‌=[চট্ট]—বি. বেহেস্তের এক প্রকার ফল ॥ [<গন্‌দুম گندم ফা. =গোধূম]।

গুন্‌ধাইন্যা তেল্‌=[রা]— বি. কেরোসিন তৈল॥ [<গন্ধ+আইন্যা +তৈল=দুর্গন্ধ তেল]।

গুন্‌না=[চা]—বিণ. পাক, চক্কর ॥ এক্‌টা গুন্‌না দিয়া আই। [<ঘূর্ণন সং]।

গুন্‌না দেওয়া=[কুম চা]—ক্রি. ঘুরিয়া আসা ॥ বাযারতন্‌ এক্‌টা গুন্‌না দিয়া আইলাম্‌। [দেখ গুন্‌না]।

গুন্‌নানো=[কুম]—ক্রি.গুনগুন করা ॥ [ধ্বন্যা.]।

গুন্‌নায়্‌ পাওয়া=[চা]—ক্রি. পথ হারাইয়া যাওয়া ॥ আমারে আইয্‌ গুন্‌নায়্‌ পাইসিল্‌। [<ঘূর্ণন সং]।

গুন্‌নি=[পা]—বি. ঘুড়ি ॥ গুন্‌নিডা উড়ায়া দে [<গুড্ডী হিং]।

২=[ম]—বি. ঘুরাফেরা ॥ [<ঘূর্ণ সং+ই প্র.]।

গুন্‌নিবা=[চট্ট]—বি. ছোট চাচা, কাকা ॥ [গুন্‌নি=ছোট+বাবা]।

গুন্‌নি বাতাশ্‌=[চা]—বি. ঘুর্ণি-বাত্যা ॥ গুন্‌নি বাতাশে গর্‌ হালাইয়া দিসে। [<ঘূর্ণ+ই প্র.+বাতাস]।

গুন্‌নিমা=[চট্ট]—বি. ছোট চাচী ॥ [গুন্‌নি=ছোট+মা]।

গুন্‌নিয়ে পাওয়া=[চা]—ক্রি. পথ ভুলিয়া যাওয়া, পথ ভুলিয়া আপাজে যোরা ॥ রাইতে আমারে গুন্‌নিয়ে পাইসিল্‌। [দেখ গুন্‌নায়্‌ পাওয়া]।

গুন্‌নি হাগা=[রা]—বি. অতিসার, পেটের অসুখ ॥ তুই গুন্‌নি হাগায়্‌ মর্‌ আজে। [গুন্‌নি<গ্রহণী+হাগা]।

গুন্‌শি=[বা]—বি. ঘুড়ি ॥ লেখা-পরা নাই, শারাদিন গুন্‌শি উরায়্‌। [দেখ গুন্‌নি]।

২=[ম, কুম]—বি. কোমরে বা গলায় দেওয়ার রঙিন সূতা বিশেষ ॥ [<ঘুন্‌শি]।

গুপাগুপি=[কুম]—বি.সলা পরামর্শ॥ আমার্‌ লগে গুপাগুপি কৈর না। [< গুপ্ত সং.; ব্যতীহারে দ্বিত্ব+ই প্র.]।

গুপাট=[কুম]—বি. গ্রামের ভিতরের পায়ে চলার পথ ॥ [<গোবাট<গো বর্ম সং]।

গুপাপাদি=[পা]—বি. বোকা ॥

গুপি=[খু]—বি. মাছের খাদ ॥ গুপি-ডায়্‌ মাস্‌ আসে।

গুপি দেওয়া=[বা]—ক্রি.মাছ আসার জন্য ছিপ দিয়া পানিতে শব্দ করা ॥

গুপ্‌টুলি=[কুম]—বি. পেট ॥ কয়েক্‌ মুডা বাতু বলদি গুপ্‌টুলিত্‌ দিয়া ল। [<গু+পোট্টলি সং; অর্থ প্র.]।

গুপে গাপে=[সি]—ক্রি.বিণ. আনাচে কানাচে॥ [গুপ<গপ্প প্রা:<গুপ্ত; কিংবা< ঝোপে ঝাপে]।

গুপোগাপি=[খু]—বি. লাফালাফি, মারামারি, হাতাহাতি ॥

গুপ্‌=[পা]—অব্য. হঠাৎ ॥ গুপ্‌ করে চ'লে গেলে কেন্‌? [অনু.]।

২=[সি]—বি. বিলের নিম্নাংশ ॥

৩=[সি]—বি. গুপ্ত কক্ষ। [< ঝোপ]।

গুপ্‌ গাপ্‌=[সি]—বি. অপ্রকাশ্য স্থান ॥ [<ঝোপ ঝাপ]।

গুপ্‌চি'=[পা]—বি. অন্ধকারময় স্থান ॥ [ঘুপ্‌সি]।

গুপ্‌তি=[ক, ব]—বি. লাঠির মধ্যে গোপনে রক্ষিত অস্ত্র বিশেষ ॥ [<গুপ্ত +ই প্র.]।

গুপ্‌পা গুপ্‌পি=[বা]—বি. হৈ-হল্লোড় ॥ সাএরা গুপ্‌পা গুপ্‌পি শুরু কর্‌সে। [অনু.]।

গুপ্‌ মারা=[ম]—ক্রি. লুকানো ॥ লোক্‌টা কৈ গুপ্‌ মারল? [<গুপ <গুপ্ত+মারা]।

গুপ্‌রি=[সি]—বি. বাঁশের ছোট ঘর॥ গরিব্‌রা গুপ্‌রিতে বাশ্‌ করে। [< খুপরী<খোপ+রি প্র.]।

গুপ্‌শি=[পা, কু]—বি. সংকীর্ণ স্থান ॥ [দেখ গুপ্‌চি']।

গুফা=[ব]—বি. গর্ত, গুহা ॥ হাপের্‌ গুফা। [গুফা হিং]।

গুফর্‌=[সি]—বি. গোবর ॥ দেখ্‌-সাইন্‌, গরুডা গুফর্‌ দি বরাই লাইসেন্‌। [<গোবর]।

গুফাগুফি=[চা]—বি. চুপি চুপি সলা পরামর্শ ॥ হেরা গুফাগুফি কৈর‍্যা কি যানি কয়্‌। [দেখ গুপাগুপি]।

গুফালি=[কুম]—বি. গরুর লেজের চুল ॥

গুবর্‌টাল্‌=[কুম]—বি. গরুর মল রাখার গর্ত ॥ ই গুবর্‌টাল্‌ডা বেশ্‌ গবির্‌ ।[<গোবর+টাল]।

গুবি=[কুম]—বি. ডুমুরের ন্যায় টক ফল বিশেষ ॥

গুবুইদ্যা=[কুম]—বি. লাজুক ॥ গুবু-ইদ্যায়্‌ লাহান্‌ চ'লিস্‌ না।

গুবুদ্‌=[ম]—বি.ছোট ছেলে ॥ তোম্‌-রার্‌ কৌগ্‌গা গুবুদ্‌? [<গাডুত< গবভউত্ত প্রা:<গর্ভপুত্র সং]।

গুবৈরা ফুডি=[কুম]—বি. এক প্রকার পুঁটি মাছ ॥ [< গোবর+ ইয়া প্র. +পুঁটি]।

গুবোদা=[রা]—বিণ. গর্ভবতী ॥

গুবোদা মেয়ে। [<গর্ভবতী]।

গুবৃত্তা=[রা]—বি. গর্ভবতী॥ [দেখ গুবোদা]।

গুবৃদি=[কু]—বি. লোক চক্ষুর আড়াল॥ শে মনের্ দুখে গুব্দিতে চ'লে গেসে। [<গুপ্তি]।

গুবৃরি ডাইল্=[রা]—বি. শেষ॥ এক্ লাথিতেই গুব্রি ডাইল।

গুভো=[য]—বি. বোবা॥ গুভো লোক্টাকে কিসু বলো না।

গুমট্=[চা]—বিণ. মেঘাচ্ছন্ন॥ আসমান্‌ডা গুমট্ ঐয়া রৈসে। [গুম< গ্রীষ্ম সং+ট প্র.; অর্থ প্র.]।

২=[সি]—বি. অচলাবস্থা॥ ই গুমট্ খান্ বাংগি দ্যাও। [<দেখ গুমর্]।

গুমর্=[রা]—বি. তাৎপর্য, ভেদ॥ তাদের্ কথার্ গুমর্ ধরা গেল্ না। [<গুমান گمان ফা.]।

২=[বা]—বি. গোপন॥ [<গুম گم ফা.+র প্র.]।

৩=[ম]—বি. ক্রোধমিশ্রিত অভিমান॥ বৌয়ে গুমর্ কৈরা রৈসে। [দেখ গুমার্; অর্থ. প্র.]।

গুমা=[কু]—বি. এক ধরণের ফল॥ 'বনে মনি যাবে, পাকা গুমা খাবে।'

২=[সি]—ক্রি. বিণ. বোবা॥ গুমা ঐ রৈস ক্যা? [<গুম گم ফা. +আ প্র. (নির্বাক অর্থে) কিংবা গুংগা হিং]।

৩=[চা, ম]—বি. অসহ্য গরম॥ গুমার্ দায়ে টিকা মুশ্‌কিল্। [গুমা<গিম্ম প্রা.<গ্রীষ্ম সং]।

গুমাই=[রা]—বি. বাঁশের তৈরি এক প্রকার মুখবন্ধ॥

গুমাই উডা=[সি]—বি. চিতি পড়া॥ কাপরে গুমাই উডি গেসে। [গুমাই< গ্রীষ্ম সং+আই প্র.=গ্রীষ্মজনিত (দাগ) উঠা]।

গুমাই পড়া=[সি]—ক্রি. পচিয়া যাওয়া॥ ধানে গুমাই পরসে। [দেখ গুমাই উডা=গ্রীষ্মজনিত (বিকার)+ পড়া]।

গুমাইলা=[ম]—বিণ. প্রায় নষ্ট॥ [দেখ গুমা,+ইলা প্র.৩]।

গুমাইল্=[সি]—বিণ. অল্প শুষ্ক, দুর্গন্ধযুক্ত॥ গুমাইল্ দানর্ বাত্। [দেখ গুমাইলা]।

গুমান্=[কুম]—বি. অহঙ্কার॥ [< গমান گمان ফা. ধারণা; অর্থ প্র.]।

২=[খু]—বি. ধারণা॥ আমার্ গুমান্ হয় যে এইটার্ দাম্ দশ্ টাকা। [পূর্বে দেখ]।

গুমানো=[সি]—ক্রি. নিদ্রা যাওয়া॥ [<ঘুম+আনো প্র.]।

২=[ম]—ক্রি. ঘুরাফেরা করা॥ এত গুমাইস্ না। [ঘুমনা হিং]।

৩=[ফ]—ক্রি. সিদ্ধ হওয়া, নষ্ট হওয়া॥ [<গুম<গ্রীষ্ম সং+আনো প্র.]।

গুমারি=[পা]—বি. ঘরের দৈর্ঘ্যের শেষ প্রান্ত॥ গুমারিতে খুটি দিতে হয়।

গুমার্=[রা, ব, পা]—বি. গরম, গুমট॥ আয্ গুমার্ পড়সে (পা)। [গুমা<গ্রীষ্ম +আর প্র.]।

গুমি=[পা]—বি. খররৌদ্রজনিত কুয়াসাচ্ছন্ন ভাব॥ আয্ খুব্ গুমি পৈড়চে'। [<গুম<গ্রীষ্ম সং<ই প্র.]।

গুমুইরা বুদ্দি=[ম]—বিণ. গোপন উদ্দেশ্য॥ হের্ খালি গুমুইরা বুদ্দি। [<গুম گم ফা.+উরা প্র.+বুদ্ধি]।

গুমুর্=[পা]—বি. অবগুণ্ঠন, ঘোমটা॥ [<ঘোমটা; ঘুংগট হিং]।

গুমে যাওয়া=[খু]—ক্রি. বিবর্ণ হওয়া॥ ধান্ গুমে গেসে। [< গুম<গ্রীষ্ম সং+এ প্র.]।

গুমের্ তালে=[চা]—ক্রি. বিণ. ঘুমের মধ্যে থাকিয়া॥ ওয় খানি গুমের্ তালে কি কয়। [<ঘুমের+তালে]।

গুমৈ=[খু]—বি. গোবর॥ গুমৈ গন্দ কচ্'সে। [<গোময়]।

গুমো=[য]—বিণ. অর্ধপচা॥ গুমো ধানের্ ভাত্ খাইলে পেটে অশুখ্ হয়। [<গুম<গ্রীষ্ম+ও প্র.]।

গুমোন্=[খু]—বি. রাগ, অভিমান, অহঙ্কার॥ অত গুমোন্ ভাল না। [দেখ গুমান্]।

গুমোরি=[পা, ফ]—বি. ঘরের কোণ॥ গরের্ দখিন্ গুমোরিতে হাপ্টা আসে। [দেখ গুমারি]।

গুমোর্ ফাক্=[রা, পা, য, ফ]—বি. গুপ্ত কথা প্রকাশ॥ [দেখ গুমর্+ ফাঁক]।

গুম্=[চট্ট]—বিণ. নিস্তব্ধ॥ [< [<গুম گم ফা.]।

গুম্ খেচ'া=[সি]—ক্রি. হঠাৎ রাগ করা॥ তুমি গুম্ খেচি'লায় কেনে? [<গুম<গ্রীষ্ম+খেঁচা]।

গুম্ গুইম্মা=[চট্ট]—বিণ. বিত্তশালী, অবস্থাপন্ন॥ হায় বাহাদুর খুব গুম্‌গুইম্মা। [<গম্‌গমে অনু.]।

গুম্‌গুমি=[খু]—বি. একতারা॥ [ধ্বন্যা.]।

২=[সি]—বি. বাহাদুরী দেখান॥ [<অনু.]।

গুম্ গুম্=[রং]—ক্রি. বিণ. চুপচাপ॥ কথা শুনি শোগায় গুম্‌গুম্ করেছে। [গমগম; অনু.]।

গুম্‌চ'্যা=[চা]—বি. গরম॥ আইয্ বর গুম্‌চ'্যা পর্ সে। [<গুম<গ্রীষ্ম +চিয়া প্র.]।

গুম্‌টা=[রা]—বিণ. গোমড়া॥ লোক্টা বড় গুম্‌টা। [<গুমর হিং; অর্থ প্র.]।

গুম্‌ট্যা=[ফ, পা]—বি. গরম॥ আয্ বেযায় গোম্‌ট্যা পড়্তাসে। [< গুমট+আ প্র.]।

গুম্‌ঠা=[রা]—বিণ. গোমড়া, ভারী॥ মুখ্ গুম্‌ঠা করে থাকিশ্ কেন্? [< গুমর হিং<গুমান گمان ফা.]।

গুম্‌তি=[সি]—ক্রি. বিণ. বাঁকা, একটু ঘুরা॥ খুরা গুম্‌তি দিয়া হবায় যাও। [দেখ গুমানো; তি প্র.]।

গুম্ দিয়া=[রা]—ক্রি. বিণ. ঐ দিক দিয়া॥ [ঘুম্ (=ঘুর)+দিয়া; দেখ গুমানো]।

গুম্‌না=[ঢা]—বি. এক প্রকার মাছ।।

গুম্‌মারি=[সি]—ক্রি. বিণ. জলদি, শীঘ্র।।

গুম্‌ মারি=[রা, ব]—অস. ক্রি. চুপ করিয়া।। লোক্‌টা একেবারে গুম্‌ মারি আছে (রা)। [দেখ গুম্‌+মারা]

গুম্‌ মারা=[সি]—ক্রি. তাড়াতাড়ি করা।। [দেখ গুম্‌ মরি]।

গুম্‌মুত্‌তি=[সি]—ক্রি. বিণ. শব্দ করিয়া।। পোলডারে গুম্‌মুত্‌তি কিল্‌ দিসে। [ধ্বন্যা.]।

গুম্‌মুর্‌=[কু, নো]—অব্য. গুম গুম।। গুম্‌মুর্‌ কৈরা কিল্‌ মারসে। [ধ্বন্যা.]।

গুম্‌মুর কৈরা=[ঢা]—ক্রি. বিণ. হঠাৎ করিয়া, ঠাশ করিয়া।। সেরাডারে কেরে গুম্‌মুর্‌ কৈরা কিল্‌ডা দিল্‌? [অনু.]।

গুম্‌মুর্‌ গাম্‌মুর্‌=[ফ]—অব্য. গুম্‌গুম্‌।। চো'রারে গুম্‌মুর্‌ গাম্‌মুর্‌ কয়ডা কিল্‌কনি দিসি। [ধ্বন্যা.]।

গুম্‌রা=[ম]—বিণ. পথভ্রষ্ট।। [গুম্‌রাহ্‌ گمراه ফা.]।

গুম্‌রু=[ঢা]—বি.ছোট ঘণ্টা বিশেষ।। পায়ে গুম্‌রু বান্‌সে। [<ঘুঙ্গুর]।

গুম্‌শা=[রা]—বি. গরম।। খুব্‌ গুম্‌শা পড়্যাছে। [গুম<গ্রীষ্ম+শা প্র.]।

গুম্‌শানো=[রং]—ক্রি. গরম লাগা।। আজ্‌ বড় গুম্‌শায়। [দেখ গুম্‌শা+আনো প্র.]।

গুম্‌শি=[রা]—বি. গরম, গুমট, গ্রীষ্ম।। আজ্‌ বড় গুম্‌শি পরিচে। [দেখ গুম্‌শা]।

গুম্‌সা=[ঢা]—বিণ.পঁচা।। গুম্‌সা গন্ধ করে। [দেখ গুম্‌শা; অর্থ প্র.]।

গুয়া=[কুম]—বি. সুপারি।। গুয়া সারা পান্‌ খাওয়া যায় না। [গুবাক সং]।

গুয়া উঠা=[রা]—বি. কুলিয়া উঠা।। মারের্‌ চোটে গুয়া উঠে গেছে। [<গুয়া (সুপারির মত অর্থে)+উঠা]।

গুয়াকান্‌দ্যা=[রা]—বি. একটি ধানের নাম।। [<গুবাক+কান্‌দ্যা (কাঁদি+আ প্র.)]।

গুয়া কুট্‌নি=[সি]—বি. পান সুপারি কুটিবার বাঁশের বা লোহার চোঙা।। [<গুবাক+কুটনি]।

গুয়া থাব্‌রি=[বা]—বিণ. কোঁকড়ানো।। [<গুবাক+থাবা+রি প্র.]।

গুয়া থুব্‌রি=[ম]—বিণ. ঢেউ খেলানো।। গুয়া থুব্‌রি চুল্‌। [দেখ গুয়া থাব্‌রি]।

গুয়া থোকা=[রা]—বি.একটি ধানের নাম।। [<গুবাক+থোকা (সুপারির মত থোকা)]।

গুয়ান্‌=[ম]-বি. গোপন।। হেইতে গুয়ানে থাক্যা কাম্‌ সার্‌তাসে। [<গোপন]।

গুয়ানো=[সি]—বি.অকেজো জায়গা।। গুয়ানোত্‌ মরা গরু মৈশ্‌ ফেলা হয়।
২=[ম]—ক্রি. অতিবাহিত করা।। রাইত্‌খান্‌ গুয়াইয়া যা। [<গম সং+আনো প্র.=গোয়ান]।

গুয়া মরিচ্‌=[রং]—বি. মৌরি।।

গুয়ামুরি=[সি]—বিণ. কোঁকড়ানো।। মাইয়ার্‌ মাতাত্‌ গুয়ামুরি চুল্‌। [মৌরির ন্যায় অর্থাৎ কোঁকড়ানো]।

গুয়া মুরি আইশ্‌=[চা]—বি. মুচকি হাসি, মৃদুহাসি।। বৌডা গুয়ামুরি আইশ্‌ দেয়্‌। [=মৌরির মত হাসি]।

গুয়া মুহুরি=[ঢা, কুম, ফ]—বি. মৌরী।। আমি গুয়ামুহরি খাই।

গুয়া মুহুরি=[দি, রা]—বি.মৌরী।। [পূর্বে দেখ]।

গুয়াল্‌=[সি]—বি. গরুর খাবার রাখার স্থান, খোঁয়াড়।। গুয়ালায়্‌ গাশ্‌ দ্যাও। [<গোশালা সং]।
২=সি]—বি. বোয়ালমাছ।। গুয়ালর্‌ গাদা (টুকরা)।। [<বোয়াল]।

গুয়া শপ্‌রি=[রা]—বি. পিয়ারা।। [শুপারি<সফরি; সফর হইতে আনীত গুবাকের ন্যায় (ফল)। পেয়ারা (পোর্তুগীজ শব্দ) বিদেশ হইতে আনীত হইয়া ছিল, এই জন্য তাহার নাম অন্য ফলের সাদৃশ্যে রাখা হয়]।

গুয়ে=[ম]—বি. সুপারি।। [<গুয়া <গুবাক সং]।

গুয়ে নেক্‌ড়া=[ম, কু]—বি. এক প্রকার পাখী।। গুয়ে নেক্‌ড়ায়্‌ গু খায়্‌। [<গু (=বিষ্ঠা)+ইয়া+নেকড়া]।

গুয়েরি=[ম]—বিণ. নোংরা, অপরিষ্কার।। গুয়েরি থাক্‌লে রোগ্‌ শারব ক্যান্‌? [<গু+এর সম্বন্ধে]।

গুয়ের্‌ কুটা দাঁত দিয়ে তোলা=[রা]—ক্রি. অতি হীন ও দরিদ্র মানুষকে উচ্চ পর্যায়ে উন্নীত করা।। আজ্‌ত ভুলবে, এ্যা কোন্‌ গুয়ের্‌ কুটা দাঁত দিয়ে তুলনু? [বাগ্‌ধারা]।

গুয়ের্‌ নুরা=[ঢা]—বি. ছেলেমেয়েদের মল ফেলিবার ন্যাকড়া।। এহেনে গুয়ের্‌ নুরা হালাইস্‌না। [<গু+এর সম্বন্ধে+নুড়া]।

গুয়্যা=[ক]—বি. সুপারি।। [<গুবাক সং]।

গুয়্যো=[ম]—বি. সুপারি।। [দেখ গুয়্যা]।

গুয়োরাশে=[খু]—বিণ.কোঁকড়ানো।। বৌডার্‌ গুয়োরাশে চুল। [<গুবাক+রাশ+এ প্র.]।

গুয়োর্‌ কাবারি=[খু]— বি. সুপারি গাছের ডাঁটা।। [গুয়ার<গুবাক+র সম্বন্ধে+কাবারি]।

গুয়োল্‌=[খু]—বি.গোশালা।। গুয়োলে গরু থাকে। [<গোহাল<গোশালা]।

গুরল্‌না=[পা, কু]—বিণ. ঘুরানো।। [ঘুর<ঘূর্ণ+ইলা প্র.]।

গুরা=[ফ]—বি. গুড়া, নৌকার উপরি ভাগের আড়াআড়ি কাঠ বিশেষ।। [< গুড়া<গুঁড়ি ওঁরাও ভাষা]।
২=[ম]—বি. নৌকার পশ্চাদ্‌ভাগ।। [পূর্বে দেখ]।
৩=[চট্ট]—বিণ. ছোট।। গুরা পোয়া কি খানে? [<গুঁড়া; ছোট অর্থে; অর্থ প্র.]।
৪=[রং]—বি. লাথি।। গুরা দিয়া তোর্‌ কপাল্‌ ভাংগিম্‌। [গোড়+আ প্র.; অর্থ প্র.]।

৫=[বা]—বিণ. কুচো ॥ গুরা চিংরি ॥ [<গুঁড়া ; অর্থ প্র.]।
৬=[ম]—বি. গোয়াল ॥ গরুগুলি গুরা ঘরে বান্দু। [<গরু+আ প্র.]
৭=[চট্ট]—বি. কবরের বাঁশ ॥
৮=[সি]—বি. ধানের কুঁড়া ॥ হাশে গুরা খায়। [<কুঁড়া]।
গুরাকচু'=[চট্ট]—বি. গোল আলুর মত ছড়াবিশিষ্ট কচু ॥ গুরাকচু'র্ সড়া। [<গুড়া (ছোট অর্থে)+কচু; সাধু গুড়ি কচু]।
গুরাগাচ'ারি=[ম]—বিণ. ছোট খাট ॥ গুরাগাচ'ারি কাম্ করি। [<গুঁড়া+গাচারি অনু:]।
গুরাগারা=[বা, ঢা]—বি. ছোট ছেলে-মেয়ে ॥ তোমার্ গুরাগারা কয় যন্? [<গুঁড়া+গাঁড়া অনু:]।
২=[কুম]—বি. ছোট মাছ ॥ আডেতুতে দুগ্‌গা গুরাগারা আইন্যা। [পূর্বে দেখ]।
গুরা গাস্‌রি=[ক]—বি. ছোট ছেলেমেয়ে ॥ [গুঁড়া+গাসুরি অনু: ; দেখ গুরাগাচ'ারি]।
গুরা চি'য়োন্=[চা]—বি আমন ধান বিশেষ ॥ [<গুড়া+চিকণ]।
গুরাদু=[রা]—বিণ. অল্প, সামান্য ॥ গুরাদু ভাত্ দিও। [<গোটাদু]।
গুরানি=[পা]—বি. টিপ টিপ বৃষ্টি ॥ শারাদিন্ গুরানি পড়সে। [<গুঁড়ান+ই প্র. ; তুং গুড়ি গুড়ি বৃষ্টি]।
গুরান্‌তি=[ম]—বি. ঘুরাফেরা ॥ আমারে গুরান্‌তির্ মদ্দে ফালাইয়া দিসে। [<ঘুরন+<ঘূর্ণন সং+তি প্র.]।
গুরা পিডা=[চট্ট]—বি. চাউলের গুড়া হইতে তৈরী ছোট পিঠা বিশেষ ॥ [<গুঁড়া+পিঠা]।
গুরা পোয়া=[চট্ট]—বি. ছেলেমেয়ে ॥ আঁর্ গুরা পোয়া মারা গেসে। [<গুঁড়া+পোয়া<পুত্রক সং]।
গুরা মুরা=[ব]—বিণ. টুকরা টুকরা ॥ গেলাশ্‌টা ভাইংগা গুরা মুরা হৈয়া রৈলে। [গুঁড়া+মুড়া অনু:]

গুরি=[ঢা]—বিণ. ছোট, ক্ষুদ্র ॥ গুরি পিপ্‌রা। [গুঁড়া+ই ; দেখ গুরা$_{৩}$]।
২=[ম, রং]—বি. লাথি ॥ গুরি মাইরা ঠিক্ করমু। [গোড়+ই প্র. ; দেখ গুড়া$_{৪}$]।
৩=[ম, বা]—বি. জংলা লাউ সিম ইত্যাদি গাছের মাচা ॥ 'যেমন গুরি তেমন উরি'—প্রবাদ।
৪=[সি]—বি. গোড়া, মূল ॥ [<গোড়া+ই প্র. কিংবা<গুঁড়ি]।
৫=[রা, ব]—বি. পায়ের গোড়ালির আঘাত ॥ গুরি মেরে তোর্ হাড় ভেঙে দেব। [দেখ গুরি$_{২}$]।
গুরিকচু'=[চট্ট]—বি. ছোট কচু বিশেষ ॥ [<গুঁড়ি (ছোট অর্থে)+কচু]।
গুরিবাইল্‌লা=[নো]—বি. মুসলমান জেলে ॥ [<গুঁড়ি (=ছোট)+জালিয়া=জেলে ; অর্থ প্র.]
গুরিতুফা=[কুম]—বি. উঁচু জায়গা ॥ এই গুরিতুফায় একটা যিন্ থাকে।
গুরিদোহা=[কুম]—ক্রি. বিণ. চূর্ণ, গুড়া ॥ চা'উল্ গুরিদোহা কর্।
গুরিন্দা=[রা]—বি. গুপ্তচর ॥ [গোইন্দহ্ گوئنده ফা.]।
২=[কুম]—বি. মূল, আসল ॥ [পূর্বে দেখ]।
গুরি পিফ্‌রা=[কুম]—বি. অতি ক্ষুদ্র পিঁপড়া ॥ গুরি পিফ্‌রার্ যালায় চি'নি রাখন্ যায় না। [<গুঁড়ি পিঁপড়া]।
গুরিয়া=[ম]—বি. লাউ কুমরা গাছের মাচা ॥ লতা গাসের্ গুরিয়া দেও।
গুরিয়ানা=[সি]—বিণ. গৌরবর্ণ ॥ গুরিয়ানা মানুশ্‌টা কে? [<গৌর+আনা প্র.]।
গুরিয়া রাখা=[ম]—ক্রি. ঢাকিয়া রাখা ॥
গুরি হামুক্=[কুম]—বি. ছোট শামুক ॥ গুরি হামুক্ হাশে খায়। [<গুঁড়ি+শমুক]।

গুরু=[ম]—বি. গুড় ॥ [<গুড় সং+উ প্র.]।
গুরুং=[রং]—বি. ওল ॥ গুরুং খাইলে মুখত্ ধরে।
গুরুক্=[ম]—বিণ. রহস্য ॥ ঐ বেপারে অনেক্ গুরুক্ আসে। [<গূঢ়+ক প্র.]।
গুরুচি'=[নো]—বি. তিক্ত লতা বিশেষ ॥ কোন কোন অশুকে অশুদের্ লগে গুরুচি'র্ রশ্ খাওন্ লাগে [গুড়চী সং]।
গুরু ছাড়ানো=[রং]—ক্রি. চৈতন্য হারানো ॥ গুরুছাড়াই কতা কঁও ক্যা। [গুরু=চৈতন্য+ছাড়ানো]।
গুরুয্=[ব]—বি. গদা, ডাণ্ডা ॥ [<গুর্য گرز ফা.]।
গুরুত্=[সি]—অব্য. একপ্রকার শব্দ ॥ গুরুত্ ডাক্ দি মেগ্ আইলো। [ধ্বন্যা.]।
গুরুন্‌চু' লতা=[ঢা]—বি. স্বর্ণ-লতা ॥ গুরুন্‌চু' লতা আপ্‌নি হয়।
গুরুন্‌ডি=[সি]—বি. চক্রবৎ ঘূর্ণন ॥ [ঘুর<ঘূর্ণ+তি প্র.]।
গুরুন্‌ডি মারা=[চট্ট]—বিণ. ঘুরিয়া আসা ॥ [<ঘুরন+তি+মারা]।
গুরুবার্=[রং]—বি. রবিবার ॥ 'গুরুবারে মুই নাইয়র্ জাবার্ নও' —গ্রাম্য গান। [সাধু ভাষায় গুরুবার=বৃহস্পতিবার]।
গুরুম্ করি=[কুম]—অব্য. অকস্মাৎ, দৈবাৎ ॥ গুরুম করি পৈড়্যা লোক্‌টা মারা গেল্। [<গুড়ুম করিয়া; অনু.]।
গুরুম্ থুরুম্=[ম]—বিণ. মোটা-সোটা ॥ মাইয়ালোক্‌টি দেখ্‌তে গুরুম্ থুরুম্। [অনু.]।
গুরু শ্যাম্=[রং]—বি. গুরু ঠাকুর ॥ গুরুশ্যামের্ কির্‌পায় এবার বাচোছো। [শ্যাম কৃষ্ণঅর্থে; বৈষ্ণব পদাবলীতে]।
গুরে চ'াচ'া=[খু]—বি. চতুর্থ চাচা ॥ আমার্ গুরে চ'াচ'ার্ বিয়ে।
গুরৈয়া=[বা]—বি. বাঁক, টাঁদি, জাংলা ॥ [<ঘুর<ঘূর্ণ (পেঁচা অর্থে)+ইয়া প্র.]।

গুরৈয়া গাট্যা=[ম]—ক্রি. চাকিয়া, সাবধান হইয়া ॥ খাওন্ডি গুরৈয়া গাট্যানিস্। [<ঘেরিয়া + গাটিয়া অনুঃ]।

২=[ম]—অস. ক্রি. ক্ষমা করিয়া ॥ [পূর্বে দেখ ; বাগ্‌ধারা]।

গুরোব্=[ম]—বিণ.গরীব ॥ গুরোব্ লোক্‌দের্ শাহায্য কর্। [<গরীব আং শব্দের বহুব. গুর্‌বা']।

গুর্‌গুরৈয়া=[নো]—বি. একপ্রকার পাখী ॥

২=[নো]—বি. একপ্রকার শাক ॥

গুর্‌গুরি=[রা]—বি. বাঘী ফোড়া, ঘা ॥ [অনু.]।

২=[চা]—বি. বিষ ব্যথায় শরীরের বিশেষ স্থানের ফোলা ॥ [পূর্বে দেখ]।

৩=[পা]—বি. অন্তঃস্রাবী গ্রন্থি ॥ [পূর্বে দেখ]।

৪=[চা]—বি. হুকা ॥ [<গুড় গুড়ি]।

৫=[সি]—অব্য. একপ্রকার শব্দ ॥ [অনু.]।

গুর্‌গুরি নাবা=[পা]—ক্রি. ফুলা, উঁচু হইয়া উঠা ॥ দাতের্ গোড়ায়্ গুর্ গুরি নেবেসে।

গুর্‌জু=[রা]—বি. মুগুর ॥ [<গুর্য گرز ফা.]।

গুর্‌য=[কুম]—বি. গদা, লোহার মুগুর ॥ [দেখ গুর্‌জু]।

গুর্‌য শুল্=[সি]—বি. অর্শরোগ ॥ [<গুহ্যশূল]।

গুর্‌যানো=[চা]—ক্রি. গুজরানো, সংসার চালানো ॥ শংশার্ গুর্‌যান্ এত শিদা না। [<গুযরান گذران ফা. ; বর্ণ বিপর্যয় ; গুযার্‌না উর্দু.]।

গুর্‌দা=[কুম]—বি. হৃৎপিণ্ড ॥ [< গুর্‌দ্ گرد ফা.]।

২=[বা]—বি. সাহস ॥ তার্ গুর্‌দা কম্ নয়। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

গুর্‌দাবারি=[ম]—বিণ. সাহসী ॥ খুব্ গুর্‌দাবারি লোক্। [দেখ গুর্‌দা+ বর ور প্র.+ই স্বার্থে]।

গুর্‌বারি=[চট]—বি. এক প্রকার গাছ ॥

গুর্‌মা=[কুম, ম]—বিণ. নপুংসক, খোজা ॥ লোক্‌টা গুর্‌মা নাহি ?

২=[পা]—বি. মেঘাচ্ছন্ন ॥

গুর্‌মাই=[সি]—বি. ক্লীব, নপুংসক ॥ গুর্‌মাই বেটা হাস্রি পিন্‌দিয়া হাতে চু'রি দিয়া আড়ে, আবার্ দারি চ'াচে'।

গুর্‌মি=[সি]—বি. হিজড়া, নপুংসক ॥ ই গাউত্ যত গুর্‌মি আসেন্।

গুর্‌মুরি=[ম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ অন্দ লোক্‌টা গুর্‌মুরি গড়্‌তে পরি গেল্।[<গুড়মুড় অনু. ; তুং হুড়মুড়]।

গুলল্=[রা]—বি. পাখী মারার রবা- রের তৈরি যন্ত্রবিশেষ ॥ চল্, গুলল্ লিয়াপাখি মাইর‍্যা আশি। [<গুলেল হিং]।

গুলা=[চা, পা]—বি. ঢেঁকির মুষলের মাথার গোলাকার লৌহবলয় ॥ [< গোলা<গোল+অর্থ প্র.]।

২=[চট]—বি. বসন্ত রোগ ॥ ই গাঁওত্ গুলা ঐগে। [<গুলি<গুটিকা সং ; সাধু গুটি]।

৩=[কুম, সি]—বি. বন্যা ॥ গুলায় শব্ দান্ ডুবি গেসে।

৪=[রা]—বি. কাদা, মাটির মণ্ড ॥ [<গোলা]।

গুলাইল্=[চা]—বি. ধনুক ॥ [< গুলেল হিং=বাঁটুল ; অর্থ প্র.]।

গুলাইল্‌শি=[ম, চা, কুম]—বি. বাঁটুল শিকারী ॥ [দেখ গুলাইল্+চি প্র.]।

গুলানো=[নো]—ক্রি. মাড়াইবার সময় গরু তাড়ানো ॥ বালা করি গরু গুলা।

গুলান্=[ম]—বি. শাপলা ফল ॥ বিল্ বরা গুলান্ ঐসে।

২=[পা]—বি. ডাউল তরকারীর ছালুন বিশেষ ॥

গুলি=[কুম]—বি. নৌকার গলুই ॥ [<গল সং+ই প্র.]।

২=[নো]—বি. নৌকার সিঁড়ি ॥ [পূর্বে দেখ]।

৩=[খু]—বি. মৃৎভাণ্ড ॥ এক গুলি পানি আন্।

গুলিকাটা=[রং]—বি. তামাকের নেশাখোর ॥ তুই গুলিকাটায় হদ্দ। [<গুলি+কাটা]।

গুলি খেলা=[কুম]—বি. মাটির বা সীসার গুটি দিয়া এক প্রকার খেলা ॥ [<গোলী হিং+খেলা]।

গুলি মারা=[রং]—ক্রি. অনির্দিষ্ট স্থানে কথা বলা, ধাক্কা দেওয়া ॥ [বাগ্ ধারা]।

গুলিয়ম্=[চট, কুম, নো]—বি. উক্ত দিন ॥

গুলিশা=[বা]—বি. ট্যাংরা মাছ ॥ গুলিশা মাস্ খুব্ শাদ্।

গুলুম্=[পা]—বি. ধোয়া পাটের বাঁধা বোঝা ॥

২=[ফ]—বিণ. মোটাসোটা ॥ সাগল্‌ডা গুলুম্ ঐসে। [অনু.]।

গুলে=[কু]—বি. লোহার গোলাকৃতি বালা ॥ ঝাঁটার্ গোড়ায়্ গুলে দিতে হয়্। [<গোলিয়া<গোলিকা সং]।

২=[বা]—অব্য. হইতে ॥ কোথা গুলে ?

গুলে মাস্=[খু, য]—বি. এক প্রকার মাছ ॥ গুলে মাস্ লোপায়্ বয়্‌মে বেশি। [গুলে মাছ]।

গুল্যা=[ব]—বি. ঢেঁকির মুষলে ব্যবহৃত লোহার আংটি ॥ [দেখ গুলে]।

২ =[নো]—বি. জালের কাঠি। [< গুটী সং]।

গুল্যাপ্=[রং]—বি. নাকের স্বর্ণালং- কার বিশেষ ॥ দুলাই বিবি বুড়াকালে নাকোত্ গুল্যাপ্ পড়ছে।

গুলৈয়া ফেরা=[খু]—ক্রি. এখানের কথা ওখানে বলা ॥

গুলোল্=[পা]—বি. গুলাইল, বাঁশের তৈরি ধনুক ॥ গুলোল্ দিয়া কাউয়া খেদাও। [দেখ গুলাইল্]।

গুল্=[ম, চা, কুম]—বি. বাত রোগের জন্য পায়ে তপ্ত লোহার ক্ষত ॥

২=[রং]—বি. পায়ের এক প্রকার ঘা॥

৩=[ঢা,রা,ব]—বি. ফাঁকি, আত্মপ্রচারের ফাঁকা বুলি॥ গুল্ মারা্যা আর কয় দিন্ চ'ল্বি (ব)? [<গোল]।

৪=[কুম]—বি. গোসাপ॥ গুল শাপ্ খায়।

৫=[পা]—বি. এক প্রকার খেলা॥ সেলেরা গুল্ খেল্সে। [<গুলি]।

৬=[পা]—বি. 'গুলবাড়ি' খেলার অংশ বিশেষ॥ [গোলা<গোলক]।

৭=[সি, ঢা]—বি. পোড়া তামাক॥ [<গুল گل ফা.]

৮=[সি]—বি. নীচু জমি॥ গুলে পানি যমি গেসে।

৯=[রং]—বি. কাঠের গুড়ি॥ গুল্টা কায় বশাইছে। [গুঁড়<গণ্ডি সং]

১০=[কুম]—বি. গাছের মোটা খণ্ড॥ গাসের্ গুল্টা চি'র্লে বেশ্ কয়টা তক্তা ঐব। [<গুঁড়ি<গণ্ডি সং]।

গুল্কি=[খু]—বি. বাড়ির পার্শ্বের গোপন জায়গা॥ [<গলি+কি প্র.]।

২=[রা]—বি. সরু রাস্তা॥ [<গলি+কি প্র.]।

গুল্খি=[রা]—বি. কোনা॥ ঘরের গুল্খিত্ চোর্ ঢুক্ল। [দেখ গুল্কি; অর্থ প্র.]।

গুল্গির্=[ম]—বি. বাতির শীস কাটার কাঁচি॥ [গুল্গীর گلگیر ফা.]।

গুল্গুইল্যা=[নো]—বি. খালি॥ পিপ্ড়ায় হিডাগুন্ খাই গুল্গুইল্যা করি হালাইসে। [অনু.]।

গুল্গুইল্লা=[চট্ট]—বিণ. গোলাকার॥ গুলগুইল্লা কঁঅলা। [<গোল+গুইল্লা অনু:]।

গুল্গুলা=[ম]—বিণ. বেশ, যথেষ্ট॥ শিতের্ দিন লেপ্তোশকের্ বিস্নায় গুল্গুলা ওম্ থাকে। [অনু.]।

২=[রং]—বিণ. কুটিকুটি॥ হাশ্তে হাশ্তে গুল্গুলা হছে। [অনু.]।

৩=[ঢা, রং]—বি. তেলে ভাজা পিঠা॥ এক্টা গুল্গুলা দুই পয়শা। [অনু.]।

গুল্গুলাই=[নো]—ক্রি. বিণ. ধপ ধপ করিয়া॥ পাটের্ খড়ি গুল্গুলাই যলে। [অনু.]।

গুল্গুলি=[বা]—বি. শামুক॥ আঁশ্ গুল্গুলি খায়। [<গুগলি]।

গুল্চ'া=[খু]—বি. জল উঠাইবার জন্য বড় নৌকার তলার ছিদ্র বিশেষ॥ নৌকার্ গুলচ'া নড়ে যাওয়ায় নৌকায় যল্ দিচ্'সে।

গুল্জাম্=[রা]—বি. সন্দেশ॥ মুই আজ্কে গুল্জাম্ খায়াঁছো।

গুল্জার্=[চট্ট বি]—বি. উত্তাপ॥ [<গুলজার گلزار ফা; অর্থ প্র.]।

গুল্টাই=[রং]—বি. এক প্রকার ভেষজ গাছ॥

গুল্টানি=[পা]—বি. ফেনা, বুদ্বুদ॥ মুখ্ দিয়া এত গুল্টানি বেরোচ্'সে কেন্, কি হয়েসে? [<গুলতান غلطان ফা.; অর্থ প্র.]।

গুল্টি=[রা]—বি. শরীরের কোন স্থানে কাঁটা ফুটিয়া অনেক দিন থাকার ফলে সৃষ্ট শক্ত যন্ত্রণাদায়ক মাংসপেশী॥ [<গুলতি হিং; অর্থ প্র.]।

২=[ম]—বি. ধনুক॥ [<গুলতি]।

৩=[ঢা]—বি. ইলিশ মাছ ধরার বড় নৌকা বিশেষ॥ [পূর্বে দেখ; অর্থ প্র.]।

গুল্ঠি=[রা]—বি. ক্ষুদ্র বটিকা, গুলি॥ কবিরাজ্ কত্গুলা গুলঠি ঔশুধ্ দিছে। [গুলি+টি প্র.]।

গুল্তানি=[পা]—বি. ফেনা বা বুদ্বুদ॥ মিরগি বিমারির্ মুখ্ দিয়ে গুল্তানি উট্সে। [দেখ গুল্টানি]।

গুল্তান্না=[পা]—বি. খেলার কাষ্ঠনির্মিত ছোট লাঠি বিশেষ॥ [<গুল্তি হিং]।

গুল্তামি=[সি]—বি. বেয়াদবি, ক্রটি॥ [<গল্তান غلطان ফা.+ই প্র.]।

গুল্দান্=[ঢা]—বি. ফুলের টব॥ <গুলদান گلدان ফা.]।

গুল্ দেওয়া=[ঢা]—ক্রি. তপ্ত লৌহ শলাকা দিয়া ঘা করা॥ বাতৃ ঐলে পায়ে গুল্ দেয়্।

২=[খু]—ক্রি. নিবাইয়া দেওয়া॥ টেমিডা গুল্ দেরা যাচ্'সে না? [<গুল گل ফা.+দেওয়া]।

গুল্ফা=[পা]—বিণ. কিম্মতী॥

গুল্ফি=[রা]—বি. গলি, সরু পথ॥ গুল্ফিডা বড় নোংরা। [<গলি+ফি প্র.]।

গুল্মতারে=[পা]—বিণ. মোটাসোটা॥ সেলেটি খুব্ গুল্মতারে। [<দেখ গুল্ মুথুরে]।

গুল্মাক্=[রা]—বি. লোহার কাঁটা॥ চেয়ার্ টেবিলে গুল্মাক্ দিতে হয়্। [গুল্মেখ گل میخ ফা.]।

গুল্মারা=[ব, রা]—ক্রি. মিথ্যা বলিয়া প্রবঞ্চনা করা, অন্যকে ধাঁধাঁয় ফেলা॥ [<গুল گل ফা.+মারা; অর্থ প্র.]।

২=[পা]—ক্রি. ইয়ার্কি করা॥ [পূর্বে দেখ]।

গুল্মুইল্যা=[ঢা]—বিণ. গোলাকার॥ বাযান্ আমার্ লাইগ্যা গুল্মুইল্যা বিস্কুট্ আইনেন্। [অনু.]।

গুল্মুষা=[কুম]—বি. গোলাপজাম॥

গুল্মুথুরে=[বা]—বিণ. বলশালী, গোলমাথা বা ছোট করিয়া ছাঁটা চুলবিশিষ্ট॥ [<গোল (গোলাকার অর্থে)+মাথা+রে]।

গুল্মোহর্=[ঢা]—বি. কৃষ্ণচূড়া॥ [< গুল گل ফা.+মোহর]।

গুল্লা=[ক]—বি. ঘূর্ণিবায়ু॥ [<ঘূর্ণা]।

২=[রা]—বি. পায়ের গোড়ালি॥ গুল্লাটা কচ্লাও। [<গোড়ালি]।

৩=[চট্ট]—বি. বিচি॥ গাবের্ গুল্লা খুব্ শক্ত। [<গুটলা, গুটলি]।

৪=[বা, ক]—বি. ঘুরাফেরা, যাতায়াত॥ আজেতুজেতে এক্ গুল্লা দিয়ে আইসি। [<ঘূর্ণা]।

৫=[সি]—বি. খেলা বিশেষ ॥ [<গোল্লা]।

গুল্‌লাই পারা=[পা]—ক্রি. পা আছড়ান, পা ছোঁড়া, আতাল পাতাল করা ॥ গরুটা মরার্ আগে গুল্‌লাই পার্‌সে। [<গোড়ালি পাড়া]।

গুল্‌লাট্‌টি=[রা, কু]—বি. পায়ের তালু শক্ত হইয়া যাওয়া ॥ [দেখ গুল্‌টি]।

গুল্‌লানো=[ফ]—ক্রি. ঘোরা ॥ আমার্ মাথা গুল্‌লাইতাসে। [<ঘূর্ণন সং]।

গুল্‌লি=[ম]—বি. মাটির তৈরী গুলি ॥ চ'ল্ এক্‌টু গুল্‌লি খেলি। [<গুলি]।

২=[বা]—বি. বন্দুকের গুলি ॥ [<গুলি]।

৩=[কুম]—বি. বিড়া, গোছা॥ [< গোল (গোলাকার অর্থে)+লি প্র.]।

৪=[পা]—বি. ঠকান ॥ শে গুল্‌লির্ বেলায় খুব্ উস্‌তাদ্। [গুল غل ফা.+লি প্র. ; অর্থ প্র.]।

গুল্‌লি মারা=[চা]—ক্রি. বাদ দেওয়া ॥ এই কতারে গুল্‌লি মার্। [<গুলি মারা ; বাগ্‌ধারা]।

গুল্‌শা=[বা, চা]—বি. টেংরা হইতে আকারে বড় এক প্রকার মাছ ॥

গুল্ সারা=[চা]—বি. ফাঁকি দেওয়া, সত্যকে মিথ্যা বা মিথ্যাকে সত্য বলা ॥ এক্‌টা গুল সার্‌লা আর্ কি। [<গুল غل ফা.+ছাড়া]।

গুশা=[ম]—বি. গরম ॥ আইয্ খুব্ গুশা পর্‌সে।

২=[বা]—বি. চিংড়ি মাছ, ছোট-চিংড়ি ॥

গুশাগুশি=[নো]—বি. গোপন পরামর্শ ॥ অত গুশাগুশি কিয়ের্? [গুশা<গোশহ্ گوشه ফা. গুপ্ত স্থান ; আতিশয্যে দ্বিত্ব এবং অন্ত্য ই ; তুং দেখাদেখি, তাড়াতাড়ি ইত্যাদি]।

গুশু=[কুম]—বি. ডুব, গোসল ॥ পুকুরে গুশু কর্। [<গোসল غسل আং]।

গুশৈ [বা]—বি. ধুচুনী, চাল ধোয়ার ছোট পাত্র বিশেষ ॥

গুশ্=[ম, পা]—বি. গরম ॥ আইয্ বর গুশ্ পর্‌সে ॥

২=[চা]—বি. ঘোষণা ॥ এই কথাডা গুশ্ কৈরা দেও। [<ঘোষণা]।

গুশ্‌গুশা=[পা]—বিণ. মৃদু স্বরে বলা ॥ [দেখ গুশাগুশি]।

গুশ্‌গুশানো=[চা]—ক্রি. লুকাইয়া থাকা ॥ চো'রাডা লোকের্ ডরে গুশ গুশাইয়া থাহে। [দেখ গুশাগুশি]।

গুশ্‌টি কুম্‌মা=[রং]—বি. আত্মীয় স্বজন ॥ ইগ্‌লা মোর্ গুশ্‌টি কুম্‌মা। [<গোষ্ঠী সং+কুম্‌মা<কুম্বহ হিং (কুটুম্ব)]।

গুশ্‌টি শুদ্‌দা=[চা]—অব্য. পরিবারের সকলে ॥ হেইতারা গুশ্‌টিশুদ্‌দা বেবাক্ চো'র্। [<গোষ্ঠী শুদ্ধ]।

গুশ্‌তাল্=[সি]—বিণ. মাংসল ॥ খাশিটা বেশ্ গুশ্‌তাল্। [<গোশ্‌ত گوشت ফা.+আল প্র.]।

গুশ্‌তি=[পা]—বিণ. খেলায় দোষী ॥

গুশ্‌শা=[ম]—বিণ. রৌদ্রবিহীন ॥

গুশ্‌শুল্=[রং]—বি. পায়ের তলার রোগ বিশেষ॥ গুশ্‌শুলের্ জন্যি হাঁট্‌তে পাম্মি না [<গোড়শূল]।

গুস্ [সি]—বি. মাংস ॥ গুস্ খাইলে গুস্ বাড়ে। [<গুশ্‌ত گوشت ফা.]।

গুস্‌তাগি=[সি]—বি. ত্রুটি ॥ গরিবের্ গুস্‌তাগি মাফ্ করুইন্। [গুস্‌তাখী گستاخی ফা.]।

গুসল্‌বুর্=[সি]—বি. স্নানাদি ॥ যাও গুসল্‌বুর্ করি আওগি। [<গুসল غسل আং+বুর<বুড়=ডুব]।

গুসা=[চা,বা,কুম]—বি. কুঁজো ॥ বুরি বেডিডা গুসা ঐয়া আছে (কুম)।

২=[সি]—বি. রাগ ॥ গুসা কৈর না। [<গুস্‌সঃ غصه আং]।

৩=[কুম]—বি. নৌকায় ব্যবহৃত এক প্রকার কাঠ ॥ গুসা না দিলে নৌকা শক্‌ত্ হয় না।

গুসাইরা দড়ি=[ফ]—বি. গরুর লম্বা দড়ি ॥ [গো+চার(চারণ)+ইয়া প্র. +দড়ি]।

গুসানো=[ম]—ক্রি. বন্ধ করা ॥ দুয়ার্‌ডা গুসাইয়া দে। [<ঘুচান]।

গুসি=[বা]—বি. গুচ্ছ ॥ সোডু সোডু গুসি দিয়া দানের্ চা'রাগুইল্ লাগাই দেও। [<গুচ্ছ সং+ই প্র.]।

২=[বা]—বি. ফিতা ॥ মেয়েরা গুসি দিয়া চু'ল্ বান্‌দে।

৩=[ফ]—বি. আখ মাড়াইকলে আখ দেওয়ার প্রক্রিয়া, পাকানো রশি ॥ [<গুঁজি]।

গুসি দেওয়া=[চা]—ক্রি. রোপণ করা, পোঁতা ॥ গাংগের্ পারের্ যমিন্‌ডাত্ বোরোর্ যালা গুসি দিমু। [<গুঁজি]।

গুসুইর্‌রা দড়ি=[ফ]—বি. দড়ি বিশেষ ॥ [দেখ গুসাইরা দড়ি]।

গুসুল্=[চা]—বি. মেয়েদের মাসিক স্রাব ॥ বৌয়ের্ গুসুল্ ঐলে কাসে যাম্‌ন্ মানা। [<গোসল غسل আং ; অর্থ প্র.]।

গুস্যান্যা=[চট]—বিণ. চাপা, গোপন ॥ এখানোত্ গুস্যান্যা কথা ন গৈয়ে।

গে

গেইতে গেইতে=[চা]—অস. ক্রি. ঘেঁষিতে ঘেঁষিতে ।। গেইতে গেইতে আইয়া কাসে বৈল্ । [<ঘেঁষিতে ঘেঁষিতে] ।

গেইন্চ'া=[ম]—বিণ. ছোট ।। গেইন্চ'া পুটি মাস্ খাইতে বালা না ।

গেইয়ে যে কাইল্=[চট্ট]—বি. গত কল্য ।। [<গিয়া যে কাল] ।

গেউ=[চা]—বি. গম ।। [<গেহুঁ হিং<গোধূম সং] ।

২=[পা]—বি. ফেনা ।। ডেউয়ে পানিত্ গেউ উঠ্যা পর্‌সে ।

গেউড়ি=[দি]—বি. চড়াই পাখি ।। [গৌরয়্যা হিং] ।

গেউয়া=[ফ]—বি. অঞ্জলি ।।

গেউর্=[সি]—বি. শ্যাওলা ।।

২=[সি]—বি. ধুলা ।। বাত গেউর্ পর্‌সে ।

গেংরি=[কুম]—বি.ধমক ।। এমন্ গেংরি মাইরা কতা কও কিয়েরে? [অনু.] ।

গেঁজি=] কু]—বি. নূতন ডালপালা ।। [<গেঁজ+ই প্র.] ।

গেঁডি=[চট্ট]—বি. ঘাড় ।। গেঁডি মোটা ঐ গিয়ে । [<ঘাট=ঘাড় +ইপ্র.] ।

গেঁড়ি=[কু]—বি.মরা আখ ।। গেঁড়িতে রশ্ নাই ।।

গেগি=[চা]—বি. যে স্ত্রীলোকের গলায় ঘ্যাগ আছে অর্থাৎ যাহার গলা ফুলা ।। [<ঘ্যাগ+ই প্র.] ।

গেচু'=[চা,পা]—বি. কচু বা ঐ জাতীয় নিকৃষ্ট তরকারী ।। [< ঘেঁচু] ।

গেচু'রে মিয়াল্=[পা]—বিণ. পরম অলস

গেচু'ন্নি=[ম]—বিণ. চেংড়া, ক্ষুদে ।। গেচু'ন্নি সুরির্ কেমন্ ঘ্যাঠা কতা ।

গেঁথি=[খু]—বি. ঠুলি, গরুর মুখ বন্ধ করিবার উপকরণ ।।

গেটি=[ক]—বি. গর্দান ।। আমার্ গেটিতে বেদ্না ঐসে । [দেখ গেঁডি] ।

গেটিল্যা=[নো]—বি.কাঁঠালের বিচি ।। [<গুটুলি<গ্রন্থি+লি প্র.] ।

গেডি=[কুম,পা]—বি. গর্দান, ঘাড় ।। তারে গেডিত্ দৈরা বাইর্ কৈরা দে । [দেখ গেঁডি] ।

গেডি নোয়ানো=[চা]—ক্রি. মাথা নত করা ।। গেডি নোয়াইয়া গরে যাও । [<দেখ গেডি+নোয়ান] ।

গেড্ডি=[চা]—বি. ঘাড় ।। গেড্ডিত্ দৈরা বাইর্ কৈরা দিমু । [দেখ গেঁডি] ।

গেতি=[সি]—বি.গাঁইতি ।।

গেতি ধান্=[খু]—বি. একটি ধানের নাম ।।

গেদি=[চা,কুম]—বি. খুকী ।। গেদি-ডারে দুদ্ খাওয়া । [গেদা হিং+প্র.]।

২=[ম,কু]—বিণ.আদুরে ।। [পূর্বে দেখ]

গেন্দ্‌ড়ি=[দি]—বিণ. নোংরা ।। [< গন্দহ্ گنده ফা.+ড়ি প্র.] ।

গেন্দ্=[রং]—বিণ. অতিরিক্ত পচা ।। কমলাটা পচি গেন্দু হছে । [গাঁধা<গন্ধ সং] ।

গেন্দ্রা=[পা]—ক্রি. খাওয়া ।।

গেন্=[সি]—বি. তেজ ।।

গেন্গেনি=[সি]—বি. কথা বা ক্রন্দনের ধ্বনি ।। [ধ্বন্যা. ; ঘেনঘেনি] ।

গেন্দি=[ম]—বি. ছোট মেয়ে ।। গেন্দির্ দাত্ উঠ্সে । [দেখ গেদি] ।

গেন্দ্=[রং]—বি. গাব ফল ।।

গেন্না তোলা করা=[পা]—ক্রি. অনাসক্তির উদ্রেক করা ।। [গেন্না <ঘৃণা] ।

গেন্নি=[ম]—বি. কাগজ বা টিন চক্রাকারে ঘুরাইয়া খেলা বিশেষ ।।

২=[ম]—বি. মেয়ে ।। [দেখ গেদি] ।

গেপ্‌গপ্=[পা, কু]—বি. বোকা ।।

গেমি=[চা]—বি. কুমড়া বিশেষ ।। গেমি কুমড়া বালা ।

গেম্ম=[সি]— অহঙ্কার, গর্ব ।।

গেরি=[কুম]—বি. ছোট শামুক ।। গেরি সেইচ্‌চ'া আশেরে খাওয়া ।। [< গেঁড়ি] ।

২=[চা]—বি. অঙ্কুর ।। ধানের্ গেরি বাইর্ ঐসে । [গেঁজি] ।

৩=[খু]—বিণ. ঘন, গাঢ় ।। [<গাঢ়] ।

গের্‌গেরি=[সি]—বি. শ্লেষ্মাযুক্ত গলার ডাক ।। [ঘড়ঘড়ি অনু.] ।

গের্মোরি=[সি]—অব্য. ঘড় ঘড় শব্দ ।। [দেখ গের্‌গেরি] ।

গেল্‌জি=[ম]—বি. শিশু মেয়ে ।। [দেখ গেদি] ।

গেল্=[সি]—বি. নৌকার দের আলকাতরা মিশ্রিত ছাই ।।

গেল্‌নি কুপা=[পা]—ক্রি. যাহার উপর রাখিয়া দাঁড় টানা হয় ।।

গেন্দ্=[কুম]—বি. আগাছার বীজ, এক প্রকার নিকৃষ্ট খাদ্য ।। [ঘেঁচু] ।

২=[ক]—বি. শালুক ।। আকালে মানুষ্ গেন্দু খায় । [পূর্বে দেখ] ।

গ্যাইরে পড়া=[রাং]—ক্রি. বিপদে পড়া ॥ [<গেঁড়ে (ডোবা)<গাড়া ; অর্থ প্র.]।

গ্যাও=[ঢা]—বি. গম ॥ আম্রা এক্ বেলা গ্যাওয়ের্ পিডা খাই। [<গেহুঁ হিং<গোধুম সং]।

গ্যাওয়া=[ব খু]—বি. গাছ বিশেষ ॥

গ্যাংগর্=[কুম]—বি. ডাক ॥ কুত্তাডার্ গেংগর্ অশহ্য। [ধ্বন্যা.]।

গ্যাংগানি=[কুম]—বি. গোঁ গোঁ শব্দ, কাত্রানি ॥ হেতার্ গ্যাংগানিতে আঁই টিক্তা হাল্লাম্ না। [অনু.]।

গ্যাংগানো=[রং]—ক্রি. কাঁদা ॥ এত গ্যাংগাইছ্ না। [অনু.]।

২=[কুম]—ক্রি. বিরক্ত করা ॥ আর্ গ্যাংগাইস্ না। [অনু.]।

৩=[ব, রং, খু]—ক্রি. গোঁ গোঁ শব্দ করা, আর্তকণ্ঠে কাতরানো ॥ শে রাগে গ্যাংগাচে' (ব)। [অনু.]।

গ্যাংডানো=[ঢা]—ক্রি. ফুঁফাইয়া কাঁদা ॥ সাইলাডা বাতের্ লাগিন্ গ্যাংডাইতাসে। [অনু.]।

গ্যাংড়া=[রা]—ক্রি. বেকার লোকের কাজ ॥

গ্যাংরানো=[চা]—ক্রি. চুলকানো ॥ কচু'য়ে গলা গ্যাংরায়্। [অনু.]।

গ্যাংরোল্=[য]—বি. সোরগোল ॥ চো'র্ দেখে সেলেটা গ্যাংরোল্ শুরু কর্‌ল। [অনু.]।

গ্যাচ্'রা=[পা]—বিণ. অবাধ্য ॥ কি গ্যাঁচ'রারে বাবা কথা শুনে না। [ঘেঁচড়া ; অর্থ প্র.]।

গ্যাজ্=[রা]—বি. ক্ষতস্থানের শক্ত মাংসপেশি ॥ [<গেঁজ]।

২=[রাং]—বি. কাঁচা কাঁঠালকে তাড়াতাড়ি পাকাইবার জন্য ছিদ্র করিয়া লবণ দেওয়া ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

গ্যাজে=[রা]—ক্রি.বিণ.বেশী করিয়া, জেদ করিয়া ॥

গ্যাঁযানো=[খু]—ক্রি. খেজুরের রসে ফেনা উঠা ॥ [<গাঁজান]।

২=[খু]—বিণ. মুখরা ॥ গ্যাঁযানো লোক্। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[চট্ট]—ক্রি. গজান ॥ খেতত্ বোত্ ঘাশ্ গ্যাঁযাইয়ে। [<গেঁজ +আনো প্র.=গজান]।

গ্যাঁযা ফ‍ুল্=[চট্ট]—বি. গাঁদা ফুল ॥ [<গ্যাঁদা ফুল<গাঁদাফুল]।

গ্যায্=[চট্ট]—বি. বীজের অঙ্কুর ॥ ধানের গ্যায্।

গ্যায্ বেরোনো=[কু]—ক্রি. ডাল গজানো ॥ [<গেঁজ বেরুনো]।

গ্যাটা=[রা]—বিণ.মজবুত ॥ [গাঁট< গ্রন্থি সং+আ প্র.]।

গ্যাট্=[রা]—বিণ. নির্ভীক ॥ গ্যাঁট্ হয়ে বশে থাক্, কে কি করে দেখি। [দেখ গ্যাঁটা ;অর্থ প্র.]।

গ্যাডা=[রা]—বিণ. পুরুষত্বহীন ॥ গ্যাঁডা ছেলের্ আবার্ বিয়ে।

গ্যাড়া=[রা]—বিণ. খুব হৃষ্টপুষ্ট ॥ গ্যাঁড়া মাইয়্যাকে বিয়্হা করিবু? [<গেঁড়া<গ্রন্থি ; অর্থ প্র.]।

গ্যাড়ে=[কু]—বি.আঁজলা ॥ ফকির্‌কে এক্ গ্যাঁড়ে চা'ল্ দাও।

গ্যাতা=[খু]—বি. শামুকের মুখের মাংস ॥ হাঁশের্ বাচ্'চা'র্ গ্যাঁতা খায়্।

গ্যাদা=[চট্ট]—বি. গাঁদা ॥

গ্যান্=[ব, রা]—বি. গায়ক ॥ নতুন্ গ্যাঁন্ এসেছে গান্ কর্‌তে (রা)। [<গায়েন]।

গ্যান্‌গ্যানানো=[রা]—ক্রি. নাকি সুরে কথা বলা ॥ এই লোক্‌টা গ্যাঁন্‌গ্যানায়্। [ধন্যা.]।

গ্যান্‌পেলি=[রা]—বি. অনর্থক তর্ককারী, অকাজের লোক ॥

গ্যান্‌গ্যানা=[রা]—বিণ. নাকি সুরে বলা ॥ তোর্ গ্যাঁন্‌গ্যানা কথা হামার্ ভাল লাগে না। [<গ্যাঁন গ্যাঁনা ; ধ্বন্যা.]।

গ্যাস্=[চট্ট]—বি. বীজের অঙ্কুর, নবোদ্গত কুঁড়ি ॥ ধানের্ গ্যাঁস্। [গ্যাঁজ. গেঁজ]।

গ্যাঁহিচ্যাল্=[রা]—বিণ. মন্দ ॥ গ্যাঁহিচ্যাল্ হৈয়া বেশ্ উঠ্যাছে।

গ্যাক্ করা=[সি]—ক্রি. রূঢ় কথা বলা ॥ অত গ্যাক্ করি উঠো কিত্তা? [অনু.]।

গ্যাগা=[কুম]—বি.পাজি, দুষ্ট, বজ্জাত, বেহায়া। তুমি হারে হারে গ্যাগা।

২=[খু]—বি. থুথু ॥ ঘরে গ্যাগা ফেলো না।

৩=[কুম]—বিণ. কাঁটাযুক্ত ॥

৪=[পা]—বি. মাথাল, টোকা ॥

গ্যাগানো=[কুম]—ক্রি. থামিয়া থামিয়া কথা বলা ॥ গ্যাগাইয়া কথা কৈস্ না। [অনু.]।

২=[খু]—বি. যে ব্যক্তি সামান্য কথা বলিতে অপ্রাসঙ্গিক অনেক কথা বলে ॥ গ্যাগানোর্ মত কি কও? [<অনু.]।

গ্যাগ্যা করা=[সি]—ক্রি. কাতরোক্তি করা ॥ অত গ্যাগ্যা কর কিত্তা? [অনু.]।

গ্যাগ্=[ঢা, পা]—বি- গলাফুলা রোগ ॥ [ঘ্যাগ]।

গ্যাগ্‌রানো=[সি]—ক্রি.ঘর্ ঘর্ শব্দ করা ॥ [ধ্বন্যা.]।

গ্যাচ'ড়্=[ঢা পা.]—বিণ. দুষ্ট, ফাজিল ॥ [ঘেঁচড়া]।

গ্যাচ'া=[পা]—বি. টালা ঘেঁচড়া ॥

গ্যাচ'প্যাচ'=[য]—বি. ত্যক্ত বিরক্ত করণ ॥ [অনু.]।

গ্যাচি'=[পা.]—বি. ছোট্ট বাইম মাছ।

গ্যাচ্'=[ফ]—বি. অঙ্কুর ॥ নাইরকেলের্ গ্যাচ্' বেরিয়েসে। [গেঁজ]।

গ্যাচ্' করা=[ঢা, সি]—ক্রি. কাচি দিয়া কাটার শব্দ হওয়া ॥ গ্যাচ্'করি কাপর্‌খান্ কাটি লাইলো। [অনু.]।

গ্যাচ্'রা=[পা]—বিণ. নাছোরবান্দা, অবাধ্য ॥ [ঘেঁচড়া]।

গ্যাচ্'রামি=[ঢা]—বি. ঠাট্টা, বিদ্রূপ, কৌতুক ॥ আর্ গ্যাচ'রামি কর্‌রিস্ না। [দেখ গ্যাচ্'রা+মি প্র. ভাবার্থে]।

গ্যাচ্'লানো=[ম]—ক্রি. ঘষড়ানো ॥ গরুগুলি গ্যাচ্'লিয়ে গ্যাচ্'লিয়ে গাড়ি টান্‌সে।

গ্যাজ্‌জন্=[রং]—বি. উচ্চস্বর, শাসন বাক্য ॥ তোর্ অমন্ গ্যাজ্‌জন্ মুই ভয়্ না পাও [<গর্জন সং]।

গ্যাযড়্ মরা=[য]—ক্রি.ভীড় কমা ॥ আগে গ্যাযড় মরুক্, তার্‌পর্ তোমার্ কাযে হাত্ দেব।

গ্যাযন্=[খু]—বি. প্রাচুর্য ॥ [গাজন =মেলা ; অর্থ প্র.]।

গ্যাযন্ দেওয়া=[য]—ক্রি. আচ্ছামত বকুনি দেওয়া ॥ লোক্‌টাকে আস্‌সা গ্যাযন্ দিয়েসি। [<গর্জন; অর্থ প্র.]।

গ্যাযা=[কুম, বা নো]—বি. অঙ্কুর ॥ ধানের্ গ্যাযা উঠ্‌সে। [অর্থ প্র.]।

২=[পা]—বি. ফেনা ॥ দুধের্ গ্যাযায়্ দুলা বরে গেসে। [<গাঁজ]।

৩=[কুম]—বি. খাদ্যপ্রাণ ॥ চা'ইলের মৈদ্দে কোন গ্যাযা নাই। [গিযা غذا আং]।

৪=[ফ, খু, পা]—বি.গেঁজলা, বুদ্বুদ ॥ কথা কৈতে কৈতে তার্ মুখ্ দিয়া গ্যাযা উঠ্‌সে। [<গাঁজ]।

৫=[য, খু]—বি.খেজুর গাছের কষ ॥ গ্যাযা মুসে গাস্ না বাঁধ্‌লে রশ্ ঘোলায়ে যায়্। [পূর্বে দেখ]।

৬=[ম]—বি. পোনা ॥ হৈল্ মাসের্ গ্যাযা যবর্ মযা।

গ্যাযানো=[চট্ট, ফ]—ক্রি, গজানো ॥ বৌত্ ঘাশ্ গ্যাজাইয়ে। [<গজানো]।

২=[য, খু]—ক্রি. বাজে বকা, বারবার এক কথা বলা ॥ বেশি গ্যাযাইস্ না, বাড়ি যা।

৩=[খু]—ক্রি. চাল দেওয়া সেলেটাকে গ্যাযায়ে শর্‌বনাশ্ করেসে

৪=[চট্ট]—ক্রি. আড্ডা দেওয়া ॥ [<গেঁজান ; অর্থ প্র.]।

গ্যাযাফুল=[চট্ট]—বি. গাঁদাফুল ॥ [<গাঁদা হিং+ফুল]।

গ্যাযালে=[খু] বি. যে বেশি কথা বলে ॥ লোক্‌টা বড় গ্যাযালে। [<গাঁজা+লে সম্বন্ধে]।

গ্যাযে=[খু]—বি. মুখোশ ॥ গ্যাযে মুখে দিলে হবে কি, চি'নে ফেলেছি।

গ্যাযে মারা=[ম]—ক্রি অঙ্কুরে বিনষ্ট করা ॥ একেবারে গ্যাযে মাইরা দিসি। [<গেঁজ+এ বিভক্তি +মারা]।

গ্যাযো=[খু]— বিণ. যে অকারণে বকাবকি করে ॥ [দেখ গ্যাঁযানো ; অর্থ প্র.]।

গ্যায্=[ম]—বি. অঙ্কুর ॥ কালাইয়েব্ গ্যায্ বাইর্ ঐসে। [দেখ গ্যায্ বেরোনো]।

২=[কুম]—বি. অর্শরোগ ॥ যমিরের গ্যায্ ঐসে। [<গেঁজ=অঙ্কুর ; অর্থ প্র.]।

৩=[ঢা]—বি. শলাকা ॥ তার্ ডাইন্ পাও এক্‌টা গ্যায্ ফুটসে। [<গেঁজ]।

৪=[পা]—বি. মিল ॥

গ্যায্‌লানো=[খু]—ক্রি. ফেনা উঠা ॥ [<গাঁজ (নাম ধাতু)+লানো প্র.]।

২=[য]—ক্রি. রাগে গর্‌গর্ করা ॥ [গর্জন সং]।

গ্যাটা=[রা]—বি. বস্তা ॥ [গাঁট< গ্রন্থি+আ প্র. ; অর্থ প্র.]।

গ্যাট্ দাউলে=[খু]—বি. ফসলের পাহারাদার ॥

গ্যাট্‌মেটি=[সি]—বি. এক কথা বার বার বলা ॥

গ্যাডর্=[কুম]—বি. আবরণ ॥ বালিশের্ গ্যাডর্।

গ্যাড়া=[খু]—বি. আত্মীয় ॥

২=[রা]—বি. নীচু স্থান ॥ [<গাড়া (গর্ত সং) ; অর্থ প্র.]।

৩=[য, খু]—বি. ডাঁটা ॥ নার্‌কেলের্ গ্যাড়া রান্‌নার্ পক্‌খে ভালো।

৪=[রং]—বি. ছোট পাখী বিশেষ ॥

গ্যাড়া মারা=[খু]—ক্রি. চুরি করা, ভরাডুবি করা ॥ [<গেঁড়া<গাঁট< গ্রন্থি সং+মারা ; বাগ্‌ধারা]।

গ্যাড়াল্=[পা]—বি. <গাড়োয়ান ॥

গ্যাড়ে=[কু, খু]—বি. ডোবা, গর্ত ॥ গ্যাড়ের্ ধলে মাস্ সেড়ে দাও। [< গাড়া<গর্ত সং ; গাড়্‌ঢা হিং]।

গ্যাড়ো=[কু]—বি. মাছ বিশেষ ॥

গ্যাড়্=[খু]—বি. চারা, মূল ॥ তামাকের্ গ্যাড়্ পোঁত্। [<গেঁড়]।

২=[য]—বি. গাড়ি ॥ আমাগো গ্যাড়্ তত যুত্ না। [গাড়ী]।

গ্যাড়্‌মাড়ি=[খু]—বি. একটি ধানের নাম ॥

গ্যাতর্, গ্যাতর্=[নো]—অব্য. প্যান প্যান, মেন মেন ॥ তার্ লগে অত গ্যাতর্ গ্যাতর্ করিস্ না। [অনু.]।

গ্যাতানি দেওয়া=[পা]—ক্রি. ঘাড়ে ধরিয়া ধাক্কা দেওয়া ॥

গ্যাতে গ্যাতে=[ঢা]—ক্রি. বিণ. যাইতে যাইতে ॥ গ্যাতে গ্যাতে আমি আড উট্‌সি। [<যেতে যেতে< যাইতে যাইতে]।

গ্যাতো=[য]—বি. নিমন্ত্রণ ॥ চ'ল্ গ্যাতো খেয়ে আশি।

গ্যাত্ গ্যাত্ করা=[কুম]—ক্রি. কর্কশ ভাষায় কথা বলা ॥ [অনু.]।

গ্যাত্ গত্=[সি]—অব্য. শব্দ বিশেষ ॥

গ্যাত্‌রা=[বা]—বি. নেকড়া ॥

গ্যাথা=[য]—বি. টোপ ॥ বড়্‌শিতে কেচো'র্ গ্যাথা দাও।

গ্যাদ=[ফ]—বি. গর্ত ॥ গ্যাদর্ মৈদ্দে পৈরা পাওডা মৈচ্'কাই গেসে।

গ্যাদড়্=[কু]—বিণ. যে ভর্ৎসনা শুনিয়াও নড়ে না ॥ কি গ্যাদড় সেলেয়ে বাবা। [অনু. ; তুং ভ্যাঁদড়]।

গ্যাদন্=[ব]—বি. ভাগ্য, কপাল ॥ আমার্ গ্যাদনে এত কষ্ট লিখ্যে।

গ্যাদা=[বা, চা]—বি. বাচ্চা ছেলে ॥ গ্যাদার্ মা গেলা কৈ? [<গেদা হিং]।

২=[কুম, নো]—বিণ. ছোট ॥ গ্যাদা মাস্ আইনুস কিয়েরলাই? [পূর্বে দেখ]।

৩=[খু]—বি. গর্ত ॥

৪=[রং, ব]—বিণ. আলসে ॥ লোক্‌টা বড় গ্যাদা। [গোদা ; অর্থ প্র.]।

৫=[রা]—বিণ. স্বাস্থ্যবান্ ॥ গ্যাদা ছেলে।

৬=[রা]—বি. মাটির এক প্রকার বাসন ॥

৭=[খু]—বি. অনাসক্তির ভাব, কোন কাজ বা বিষয়ে ন্যাকামি ॥

গ্যাদারা=[কুম]—বি. খেয়া নৌকা ॥ [দেখ গুদারা]।

গ্যাদেড়া=[দি]—বিণ. অপরিষ্কার ॥ [দেখ গেদ্‌ড়ি ; ড়া প্র.]।

গ্যাদো=[খু]—বিণ. অচল ॥ গ্যাদো লোক্ কোন্ কাম্ কর্‌তে পারে না। [গোদা ; অর্থ প্র.]।

গ্যাদোর্=[পা,ফ]—বিণ. অপরিচ্ছন্ন ॥ সেলেটা একেবারে গ্যাদোর্। [দেখ গেদ্‌ড়ি ; কিংবা দেখ গিদর্]।

গ্যাদ্‌গ্যাদা=[রং]—বিণ. খুব ভিজা ॥ ক্যাথাখান্ ভিজি গ্যাদ্‌গ্যাদা হছে। [অনু.]।

গ্যাদ্‌গ্যাদানো=[সি]—ক্রি. আমতা আমতা করা ॥ কথা বল্‌তে এত গ্যাদগ্যাদাও কেন্? [অনু.]।

গ্যাদ্‌গ্যাদা বুড়া=[দি]—বি. যে বৃদ্ধ লোক সর্বদা খুঁত খুঁত করে ॥ [অনু.]।

গ্যাদ্‌ড়া=[রং]—বিণ. নোংরা ॥ চ্যাংগড়াটা বড় গ্যাদ্‌ড়া। [দেখ গ্যাদোর্]।

গ্যাদ্‌ভাসি=[ব]—বি. তরল পদার্থের ভাসানি ॥ পানির্ গ্যাদ্‌ভাসি খাওয়া যাবে না। [গাদ+ভাসি প্র.]।

গ্যাদ্‌ড়ি=[রং]—বিণ, নোংরা ॥ বোঙা গ্যাদ্‌ড়ির্ একশেষ্। [দেখ গ্যাদোর্+ই প্র.]।

গ্যাদ্ ধান্=[খু]—বি. এক প্রকার ধান ॥

গ্যানর্ গ্যানর্=[পা]—বি.পুনঃ পুনঃ আবদার ॥ [অনু.]।

গ্যানা=[কু,ম]—বিণ. শীর্ণ ॥

২=[চট্ট]—বি. গান বাজনা ॥ [< গান+আ প্র.]।

গ্যানা গ্যানা করা=[ম]—ক্রি. প্যান প্যান করা ॥ সব সময় গ্যানা গ্যানা কর কেন্? [অনু.]।

গ্যানা পারা=[ম]—ক্রি. বাজে বকা ॥ এত গ্যানা পার ক্যা? [অনু.]।

গ্যানের্ গ্যানের্=[কুম, সি]—অব্য. বিড়বিড়, প্যানপ্যান ॥ তোমার্ গ্যানের্ গ্যানের্ বালা লাগে না। [অনু.]।

গ্যান্=[রা]—বি.গায়ক॥ [<গায়েন]।

গ্যান্‌গেইন্যা=[চা]—বিণ. নরম, নোংরা ॥ গাওড়া গ্যান্‌গেইন্যা ঐয়া গেসে। [অনু.]।

গ্যান্‌গেইন্‌না=[নো]—বিণ· স্যাঁত-সেঁতে, ইলশেগুঁড়ি ॥ গ্যানগেইন্‌না বড়ি আয়ের্। [অনু.]।

গ্যান্ গ্যান্ করা=[চা]—ক্রি.অপ্রয়োজনীয় কথা বলা, মৃদু স্বরে কাঁদা, ত্যক্ত করা ॥ বেশি গ্যান্ গ্যান্ কর্‌লে কিসুই দিম্ না। [অনু.]।

২=[চা]—ক্রি.গোপন করা ॥ পেডের্ বৈদ্যে কতাডা গ্যান্ গ্যান্ করি রাহিস্। [অনু.]।

গ্যান্‌যালিন্=[নো]—বি. জ্বালাতন ॥ আঁই হেতার্ গ্যান্‌যালিন্ হৈতে হারি না। [<জঞ্জাল]।

গ্যান্‌ভারি=[কুম]—বি. ইক্ষু ॥ গ্যান্‌ভারির্ আলি কত? [গন্ডেরী হিং]।

২=[কুম]—বিণ. ভণ্ড ॥ গ্যান্‌ভারি ফকির্ আইসে।

গ্যানড়া হাগল্=[কুম]—বিণ. অবুঝ ॥ আমার্ মামাই একেবারে গ্যান্‌ড়া হাগল। [<দেখ গেদা+পাগল]।

গ্যান্‌দড়্=[রা]—বি. আবর্জনা ॥ এখানে গ্যান্‌দড় ফেলো না। [গন্দহ্ گنده ফা.+ড় প্র.]।

গ্যান্‌দা=[চা]—বিণ. ছোট ॥ গ্যান্‌দা পোলাপান্ কি বুঝে? [<গেন্দা হিং]।

২=[ম, চা, পা]—বি. শিশু, খোকা ॥ গ্যান্‌দা বাল আসেত? [পূর্বে দেখ]।

৩=[বা, খু]—বি. নিন্দা, কুৎসা, দোষারোপ ॥ কারো গ্যান্‌দা আমি পসন্দ করি না। [গন্দহ্ گنده ফা.= কুৎসিত, দুর্গন্ধ]।

গ্যান্‌দা গ্যান্‌দা=[নো]—বিণ. ছোট ছোট ॥ গ্যান্‌দা গ্যান্‌দা মাস্। [দেখ গ্যান্‌দা]।

গ্যান্‌দা ফুল=[ম]—বি. গাঁদা ফুল ॥ [<গেঁদা ফুল হিং]।

গ্যান্‌দা বুইদ্‌দা=[ম]—বি. ছোট ছেলে মেয়ে ॥ এইতা কারার্ গ্যান্‌দা বুইদ্‌দা? [দেখ গ্যান্‌দা+বুইদ্‌দা অনুঃ]।

গ্যান্‌নর্ গ্যান্‌নর্ করা=[চা]—ক্রি. চুপে চুপে কথা বলা। এত গ্যান্‌নর্ গ্যান্‌নর্ কর কেন্? [ঘ্যানর ঘ্যানর করা ; অনু.]।

গ্যান্‌না=[ম]—বি. ছেলে ॥ [দেখ গ্যান্‌দা]।

গ্যাপা=[ম]—বি. ক্ষেত নিড়ানোর পাদা ॥

গ্যাপাগোপ্পা=[ফ]—বি. হবতাংবতি ॥ [অনু.]।

গ্যাপ্=[পা]—বি. বাঁক, মাটির গর্ত ॥

গ্যাবো=[চট্ট]—বিণ. বোন ॥ তোঁয়ার্ গ্যাবোর্ বিয়া কবে?

গ্যাব্=[রা]—বিণ. সর্বনাশ ॥ তুমি আমার্ গ্যাব্ কর্‌লে। [<গ্রাস]।

গ্যাব্‌ড়া=[খু]—বি. নারিকেলের ডাঁটা ॥ হারামযাদারে গ্যাব্‌ড়া দিয়ে বাড়োয়ে চিঁড় করে ফেলে দিব। [< গাবড়া]।

গ্যাব্‌রানো=[খু]—ক্রি. চলিয়া যাওয়া ॥ এখান্‌তে তুই গ্যাব্‌রা।

গ্যাব্রো=[খু]—বি. নারিকেলের পাতা ॥

গ্যারা=[কু]—বি. এক প্রকার ঘাস ॥

গ্যারার্ দেওয়া=[সি]—ক্রি. বিনা পয়সায় লোক খাটানো ॥

গ্যার্=[সি]—অব্য. শব্দ বিশেষ ॥ আও গ্যার্, দেখি কেমন্ বেটা ॥ [অনু.]।

গ্যার্‌ড়া=[রা]—বি. মজুরের শ্রেণী বিশেষ ॥ খেতে গ্যার্‌ড়া লাগাচু।

গ্যার্‌রা=[বা, খু]—বি. তাল ও নারিকেলের পাতার ডাঁটা ॥ [দেখ গ্যাব্‌ড়া]।

গ্যায়া=[চট্ট]—অব্য. সংশয় বা দ্বিধা-প্রকাশক শব্দ ॥ তুঁই ঐল্যা গ্যায়া আঁর্ বালাই। [অনু.]।

গ্যায়াতি=[চা]—বি. আত্মীয়। ওই আনার্ গ্যায়াতি। [<জ্ঞাতি]।

গ্যায়ানি=[চট্ট]—বিণ. জ্ঞানী ॥ আইল্ পানি, কি গরিয়ে ওবা গ্যায়ানি ? [<জ্ঞানী]।

গ্যায়ান্=[চট্ট]—বি. জ্ঞান ॥ আঁর মোডে অংকত্ গ্যায়ান্ নাই। [< জ্ঞান]।

গ্যায়ালি=[রং]—বিণ. বিবেচক ॥ লোক্ বেশ্ গ্যায়ালি আছে। [দেখ গ্যায়ানি]।

গ্যায়ে=[য]—বি. পেয়ারা, গয়া ॥ [< guava পোর্তু.]।

গ্যারদ্=[কু]—বি. এলাকা ॥ এই গ্যারদে এক্‌টা ভাল ডাক্‌তার্‌ও নাই। [<গির্দ گرد ফা.]।

গ্যারন্=[ব]—বি. গ্রন্থি, গিরো ॥ টান্ দাও নাইতো দড়িতে গ্যারন্ পড়ি গেল্। [<গিরাহ্ گره ফা.]।

গ্যারন্ লাগা=[পা]—ক্রি. গ্রহণ লাগা ॥ [<গ্রহণ লাগা]।

গ্যারস্ত=[চট্ট]—বি. পরিবার ॥ আবার্ গ্যারস্ত বাড়ি নাই। [< গৃহস্থ]।

গ্যারা=[কুম চা]—বি. অঙ্কুর ॥ দানের্ গ্যারা বালাইসে।

২=[বা]—বি. ডাঁটা ॥ নার্‌কেলের্ গ্যারা রান্‌নার্ পক্‌খে বালা।

৩=[রা]—বি. ঢেঁকির উদুখল ॥

৪=[ক]—বি. পিঠ ॥ ইলিশ্ মাসের্ গ্যারার্ কাটা বেশি।

৫=[চট্ট]—বি. সমুদ্রের শামুক বিশেষ॥

৬=[চা]—বি. সুতলি পাকাইবার কাঠের তৈরী যন্ত্র বিশেষ ॥ এক্ গ্যারা হুতা পাহাও।

গ্যারাইয়া=[সি]—অস. ক্রি. লাথি দিয়া ॥ ওকে এহান্ থাক্যা গ্যারাইয়া খেদাও। [<গোড়া+ইয়া প্র.]।

গ্যারায্যি=[চা, ব]—বি. গ্রাহ্য ॥ কলিকালের্ চ্যাংরারা বাপ্‌মার্ কথা গ্যারায্যি করে না। [গ্রাহ্য+ই প্র.]।

গ্যারা দেওয়া=[সি]—ক্রি. অঙ্কুর গজানো ॥ ধানে গ্যারা দিসে।

২=[সি]—ক্রি. পিটুনি দেওয়া ॥ বেশি মাতিস্ না বেটা গ্যারা দিমু।

৩=[চা]—ক্রি. ঘুড়ি উড়াইবার সময় নাটাইয়ের সুতা গুটানো ॥ এক্ গ্যারা দি গুড্‌ডিডা নামাই হালা।

গ্যারানি=[পা]—বি. অবশিষ্টাংশ ॥ তর্‌কারির্ ডিশে কিসু গ্যারানি আসে।

গ্যারানো=[চা]—ক্রি. ঘুমের মধ্যে নাক ডাকা ॥ ওই খালি গ্যারায়। [অনু.]।

গ্যারান্=[চা, কুম, ক]—বি. গন্ধ, ঘ্রান ॥ ফুলডার্ গ্যারান্ নাই। [< ঘ্রাণ]।

গ্যারাপি=[চা]—বি. নোঙ্গর ॥

গ্যারাপি দেওয়া=[চা]—ক্রি. নোঙ্গর করিয়া আটকাইয়া রাখা ॥ নাওডা গ্যারাপি দে।

গ্যারাফি=[বা, চট্ট, চা]—বি. নোঙ্গর ॥ নৌকা গ্যারাফি কর্।

গ্যারাফি ফেলা=[য]—ক্রি. স্থির হইয়া বসা ॥ [বাগ্‌ধারা]।

গ্যারাবি=[সি, চট্ট]—বি. নোঙ্গর ॥ যাহাযের্ গ্যারাবি।

গ্যারাভোগ্=[রা]—বি. একটি ধানের নাম ॥

গ্যারামিয়া=[নো]—বি. গ্রামের লোক ॥ মাইয়ার্ বিয়ার্ দিন্ গ্যারামিয়া খাওয়ান্ লাইগ্‌ব। [<গ্রাম+ইয়া প্র.]।

গ্যারে=[পা]—বি. অঞ্জলি ॥ এক গ্যারে পানি খাবু।

গ্যারেক্, গ্যারেষ্=[পা]—বি. আমোদ, মজা ॥ বশে বশে বুঝি গ্যারেষ্ মারস ?

গ্যারেন্‌ডা=[সি]—বিণ. মোটাসোটা, বলবান্ ॥ তার্ পুয়া খুব্ গ্যারেন্‌ডা ঐয়া পর্‌দা নৈসিল্।

গ্যারেন্‌দাগিরি=[রং]—বি. দেমাক ॥ মাগির্ গ্যারেন্‌দাগিরির্ ঠেলায় শরে অস্থির্। [গোয়ন্দহ্ গিরী گندہ گری ফা. ; অর্থ প্র.]।

গ্যারের্, গ্যারের্=[কুম]—বি. অপ্রয়োজনীয় কথা ॥ তুই এত গ্যারের্ গ্যারের্ করস্ ক্যা ? [অনু. ; সাধু ঘ্যানর্ ঘ্যানর্]।

গ্যারেশ্ গ্যারেশ্=[রং]—অব্য. কাশির ফলে বুকের ভিতরের শব্দ ॥ বুক্‌খান্ খালি গ্যারেশ্ গ্যারেশ্ করোছে। [অনু.]।

গ্যারো=[কুম]—বি. বিপদ ॥ গ্যারো আর্ কাড়্‌সে না কি করি ? [গ্রহ]।

গ্যারোন্=[পা]—বি. গ্রহণ ॥ আয্ চাঁদে গ্যারোন্ লাগ্‌বি। [<গ্রহণ]।

গ্যারোল্=[বা]—বি. এক প্রকার গাছ ॥

গ্যার্=[ম, সি]—বি. রাগ, গর্ব ॥ মাইয়াডার্ গ্যার্ বর বেশি।

২=[কুম]—বি. প্রশস্ততা ॥ সায়াডার্ গ্যার্ কম্। [<ঘের]।

৩=[রা, ব]—বিণ. গভীর ॥ ওর্ ঘা একেবারে গ্যার্ হয়ে গেছে (রা)। [< গহির<গভীর]।

৪=[ক]—বি. বেলে মাছের গর্ত ॥ আইঘ্‌গো গ্যার্ তোগাইয়া অনেক্ বাইলা মাস্ পাইসি। [<গার্ گار আং]।

৫=[কু]—বি. গর্ত ॥ সাবধানে চ'ল্, না হলে গ্যারে পড়বে। [পূর্বে দেখ]।

৬=[পা]—বি. পরিধি ॥ [ঘের]।

গ্যার্ গ্যারা=[রা]—বি. পিঠা বিশেষ ॥ গ্যারগ্যারা খাব্ না। [অনু.]।

২=[ম]—বিণ. খুব ঘন ॥ কলার্ বিচি খুব্ গ্যার্‌গ্যারা। [অনু.]।

২=[সি]—বিণ. তাজা ॥ খাশিডা বর গ্যার্‌গ্যারা। অনু.]।

গ্যার্‌গ্যারানো=[কুম]—ক্রি. ঘড়্‌ঘড়্‌ শব্দ করা ॥ মরার্‌ আগে হগল্‌তে গ্যার্‌-গ্যারায়্‌। [গ্যারগ্যার (নাম ধাতু)+আনো প্র.]।

গ্যার্‌গ্যারি=[কুম]—অব্য. গোঙানির শব্দ বিশেষ ॥ তার্‌ গলার্‌ গ্যার্‌ গ্যারি হুনি। [অনু.]।

গ্যার্‌দারি=[বা]—বি. বড় পানশি নৌকা ॥

গ্যার্‌বান্‌, গ্যার্‌মান্‌=[চট্ট, নো]—বি. দ্বীপাঞ্চলের সুপরিচিত কলা বিশেষ॥ গ্যার্‌বান্‌ কেলার্‌ সড়া গাসের্‌ তাই যুল্‌তে আসে।

গ্যাল বার্‌=[বা]—বি. গত বৎসর ॥ গ্যালবার্‌ পাশ্‌ কর্‌সি। [<গেলবার]।

গ্যালশ্‌=[কুম, নো চট্ট]—বি. গ্লাশ॥ এক্‌ গ্যালশ্‌ হানি দে (নো)। [<গ্লাস glass ইং]।

গ্যালা=[খু]—বি. বদনাম॥ [<গিলহ گله ফা.]।

গ্যালান্‌=[পা]—বি. কেরোসিন তৈল রাখার আধার॥

গ্যালাপ্‌=[ম]—বি. গায়ের চাদর॥ তোমার্‌ গ্যালাপ্‌টা বেশ্‌ নক্‌শি করা। [<গিলাফ غلاف আং]।

গ্যালাফ্‌=[চা,কু,সি]—বি. আবরণ॥ বাবা পরিষেন্‌ গ্যালাফ্‌ কালা। [দেখ গ্যালাপ্‌]।

২=[ম]—বি. চাদর॥ [পূর্বে দেখ]।

গ্যালেং=[রং]—বিণ. ইচুড়ে, খারাপ ॥ অয়্‌ বড় গ্যালেং কথা কয়্‌।

গ্যালো=[খু]—বিণ. বাচাল ॥ গ্যালো লোক্‌ কেউ দেখ্‌তি পারে না। [< গালো হিং]।

গ্যালোট্‌=[ম, পা]—বিণ. পরদ্রব্য আত্মসাৎকারী॥ এই গ্যালোট্‌টায়্‌ আমার্‌ পাওনাটা আর্‌ দিল্‌ না।

গ্যাল্‌=[পা]—বি. দাগ, জখম॥

গ্যাল্‌গ্যালা=[রং]—বিণ. আনন্দে আত্মহারা॥ [<গলাগলা <গল্‌+আ প্র. ; অর্থ প্র.]।

২=[রং,ম]—বিণ. অতিরিক্ত পাকা॥ কাঁঠাল্‌টি পাকি গ্যালগ্যালা হচে (রং)। [<গলা<গল্‌+আ ; আতিশয্যে দ্বিত্ব]।

গ্যাল্‌গ্যালে=[পা]—বিণ. অতি মাত্রায় পাকা॥ কাঁঠাল্‌টা পাক্যা গ্যাল্‌গ্যালে হৈসে। [দেখ গ্যাল্‌গ্যালা২]।

গ্যাল্‌চ মানো=[ম]—ক্রি. মিথ্যা প্রলোভন দিয়া ঘুরানো ॥

গ্যাল্‌তানি উঠা=[পা]—ক্রি. মুখ দিয়া থুথু বা বুদ্‌বুদ উঠা ॥

গ্যাল্‌না=[দি]—বি. গ্লানি॥ মান্‌ষিক্‌ গ্যাল্‌না করো না। [<গ্লানি]।

গ্যাল্‌ব্যাটা করা=[পা]—ক্রি. একাকার করা ॥

গ্যাল্‌লা=[ম]—বি. শিশু ছেলে॥ [<গেদা হিং+লা প্র.]।

গ্যাল্‌লেশ্‌=[চা]—বি. পান পাত্র, গ্লাশ ॥ এক গ্যাল্‌লেশ্‌ পানি দ্যাও। [<গ্লাস glass ইং]।

গ্যাল্‌শা=[পা]—বি. দুর্নাম॥ গ্যাল্‌শা করা বালা নয়্‌। [গিলহ্‌ শিকয়্‌হ্‌ گله شکوه ফা.]।

গ্যাশা=[ক]—বিণ. ক্ষুদ্র ॥ এমন্‌ গ্যাশা পুটি মাস্‌ মার্‌বার্‌ কৈসেলো কিডা তোরে ?

গ্যাশি মারা=[পা]—ক্রি. আলাপ করা ॥ উনি গ্যাশি মার্‌সেন্‌।

গ্যাশ্‌=[পা]—বি.শুষ্ক গোবরের সার॥ [<বেশ]।

গ্যাশ্‌না=[পা]—বি. দাঁড়ের দণ্ড॥

গ্যাশ্‌লা কুপা=[পা]—বি. বাঁধার স্থান ॥

গ্যাসে=[কুম,চা]—ক্রি. গত ॥ গ্যাসে কাইল্‌ বারি আইসি। [<গিয়াছে]।

২=[সি]—অব্য. কাছে, নিকটে॥ আমার্‌ গ্যাসে ট্যাহা নাই। [<কাছে]।

গ্যাস্‌রা=[ম]—বি. যে এক কথায় কাজ করে না ॥ [বেঁচড়া]।

২=[নো]—বিণ. খোঁচা মারা॥ হগলের গ্যাস্‌রা কতা শয্য অয়্‌ না॥ [<গোঁজ+রা+প্র. ; অর্থ প্র.]।

গৈ

গৈ=[ম কুম]—বি. ঘুঁটে, গোবরের শুকনো জ্বালানী॥ গৈয়্‌ বালে লুদের্‌ শাগ্‌ বারে। [<ঘহি<ঘসি ম. বাং]।

২=[রা]—বি. আলু বা হলুদের সারি॥

৩=[রা]—বি. দোষ ত্রুটি॥

৪=[কু, পা]—বি., বিণ. সাত (গুলি খেলায়) ॥

গৈয়াম্‌=[রা]—বি. পেয়ারা ॥ [<guava পোর্তু.]।

গৈ=[চট্ট]—বি. গোবরের জ্বালানী ঘুঁটে॥ [দেখ গৈ]।

গৈঁড়া=[রা]—বি. প্রতিমা॥ হিন্দুরা গৈঁড়া পূজা করে। [<গুড়িয়া হিং =পুতুল]।

গৈ গেরাম্‌=[রং]—বি. গ্রামাঞ্চল॥ গৈ গেরামের্‌ মানুষ্‌ জবর্‌ শিদা। [< গৈ<গাঁও<গ্রাম+গ্রাম]।

গৈগৈ করা=[ম]—ক্রি.গড়িমসি করা॥ গৈগৈ কৈর‍্যা তুমর্‌ নমুট কৈর না।

গৈচ'া=[ক]—বি.ভিজা পাটের আঁটি॥ [<গোছা<গুচ্ছ সং]।

২=[নো]—বি. ছোট ডালপালা দ্বারা তৈরী ক্ষেতের বেড়া॥

গৈচে'=[পা]—বি. তৃণ বিশেষ॥ গৈচে' পানিত্‌ পচি' যায়্‌।

গৈচ'্যা=[চ]—বি. একরূপ আলু॥ গৈচ'্যা আলু কেবল্‌ গরিবেরা খায়্‌। [<গাছ+ইয়া প্র]।

গৈচ্‌'=[ম]—বি. কাঁটা॥ পায়ে

গৈচ্' কুইসে। [<গোঁজ]।

গৈচ্'ক্যা=[পা]—বিণ. গজ পরিমাণ॥ এক্টা গৈচ্'ক্যা বোসালেই হবি। [<গজ+কা প্র.]।

গৈৰা=[কুম]—বিণ. বেশী দামে ক্রয়ের জন্য প্রস্তুত॥ [< গরয্ غرض আং+ইয়া; অর্থ প্র.]।

২=[পা]—বি. মাটি কাটা কামলা বা মজুর॥

গৈয্যা=[পা]—বি. যাহারা মাটি তোলে বা কাটে॥ তিড্না গৈয্যা ডাকো॥

২=[কুম চট্ট]—বি. ঝড়বৃষ্টির ঝাপটা॥ গৈয্যা আইতাসে, দুয়ার্ডালা গাইয়া দেও।

গৈয্যানো=[চট্ট]—ক্রি. গড়াগড়ি দেওয়া॥ ইতে বিসানত্ গৈযায়।

গৈটা=[রং]—বি. শুক্না গোবর॥ গোবরের্ গৈটা তাংকু বাড়িখানত্ দেইশ্তো। [<গৈঠা হিং <গোবিষ্ঠা সং]।

২=[কুম]—বি. ঘটি॥ গৈটা আন্ পানি লমু। [<ঘটি+আ প্র.]।

গৈট্=[সি]—বি. দল, আড্ডা॥ [< গাঁট<গ্রন্থি সং; অথবা গট্ হিং]

গৈট্টা=[চা]—বি. কঞ্চিতে গোবর মাখাইয়া প্রস্তুত জ্বালানী॥ গৈট্টাদা আগুন্ বালা। [দেখ গৈটা]।

২=[কুম]—বি. লোটা, ঘটি॥ এক্ গৈট্টা পানি আন্। [দেখ গৈটা২]।

গৈডা=[চা]—বি. ঘুটে॥ গৈডা বালাইয়া পাক্ করে। [দেখ গৈটা]।

গৈডা বাত্=[চা]—বি. নরম ভাত॥ রুগির্ লাইগ্যা গৈডাবাত্ বালা। [< ঘোঁটা √ঘুট+আ+ভাত]।

গৈড়া=[ফ]—বি. গাছের গুড়ি, দুয়ারের সামনে দেওয়া হয় এমন কাঠ॥ [< গোড়া]।

২=[পা]—বি. ঢেঁকির উদুখল। [< গাড়া<গর্ত]।

৩=[রা]—বি. বসত বাটিতে মাটি তোলার ফলে বাড়ীর পিছনে তৈরী খাদ॥ [পূর্বে দেখ; কিংবা গড়া হিং]।

৪=[রং, কু]—বি. নূপুর॥ [<গদা]।

গৈড্যা=[ফ]—বিণ. হাল চাষের সময় মাটিতে শুইয়া পড়ে এমন॥ [< গড়া+ইয়া প্র.]।

গৈড়্=[পু]—বি. কুচকির ফোড়া॥ গৈড়্ ওঠায় সাওয়াল্ বড় কশ্টে আসে।

২=[দি, পা]—বি. শয়ন॥ খাওয়ার্ শেশে গৈড়্ দেওয়া ভাল। [< গড়ি=গড়া]।

গৈড়্ পাড়া=[পা]—ক্রি. গড়াগড়ি দেওয়া॥ মাটির মৈদ্যে গৈড় পাইড়্তাইসে।

গৈড়্হা=[রা]—বি. গর্ত॥ লাফ্ দিয়া গৈড়হাডা পার্ হও। [দেখ গৈড়া৩]।

গৈত্যা=[পা]—বিণ. অলস॥ গৈত্যা পুলা কি কাম্ করবু?

গৈত্তা=[রা]—বি. আত্মীয়॥ ই গাঁয় গৈত্তা নাই। [<গোত্র+ইয়া প্র.]।

গৈদিশ্=[ফ]—অব্য. কারণ॥ যে কোন গৈদিশে আশ্তে পারে নাই। [< গরদিশ্ گردش ফা,=বিপদ বা অসুবিধা অর্থে]।

গৈদ্যা=[বা]—বি. ছোট গর্ত॥

গৈন্যা হাপ্=[চা]—বি. মেটে রঙের ছোট সাপ বিশেষ॥ [<ঘরণী< গৃহিণী+আ প্র. স্বার্থে+সাপ <সর্প সং]।

গৈন্=[ম]—বি. দেরী॥ গৈন্ কৈর্যা ইশ্কুলে আহ ক্যা? [<গৌণ]।

২=[চট্ট]—বিণ. গভীর, গহীন॥ গৈন্ বলে মাস্ থায়ে। [<গহীন< গহন সং]।

গৈন্তা=[কুম]—বিণ. গভীর॥ [দেখ গৈন্২+তা স্বার্থে]।

গৈন্ন=[চা]—বি. গণনা, সম্মান॥ গুরুজনেরে গৈন্নকরস্ না ক্যান্? [< গণ্য]।

গৈন্ন মাইন্ন=[চা]—বিণ. মাননীয়, সম্মানী॥ বিয়ায় গৈন্ন মাইন্ন অনেক্ মানুশ্ আইসিল্। [<গণ্য মান্য]।

গৈপা=[চা]—বিণ. গল্পে পটু॥ ঐ গৈপার এ্যাক্টা কথাও হাসা না। [< গপ্<গল্প+ইয়া প্র.]।

গৈপাত্তর্=[খু]—বিণ. বরবাদ, ধ্বংস॥

গৈপার্=[রা]—বি. বুনো গাছ বিশেষ॥

গৈবি=[ম]—বিণ. দৈব॥ গৈবি ট্যাহা পাইসে। [<গাই'ব غائب আং+ই প্র.]।

গৈমানো=[ম]—ক্রি. প্রায় পচিয়া যাওয়া॥

২=[ম]—ক্রি. ঘুরানো॥ [<ঘুমানা হিং]।

গৈমার্=[ফ]—বিণ. হটকারী॥ গৈমার্ লোক্রে বিশ্শাশ্ করতে নাই। [< গুমরাহ্ گمراہ ফা.]।

গৈয়ব্=[ম]—বি. শবরী, পেয়ারা॥ [<guava পোর্ত্.]।

গৈয়ম্=[চট্ট]—বি. পেয়ারা॥ [পূর্বে দেখ]।

২=[বা]—বি. বয়াম॥ গৈয়ামে চিনি থুই। [<বৈয়াম, বয়াম<boiao পোর্ত্.; বর্ণ বিপর্যয়]।

গৈয়র্=[ম]—বি. পেয়ারা॥ গৈয়র্ খাও। [দেখ গৈয়া১]।

গৈয়া=[চট্ট]—বি. পালা গান বিশেষ॥ [<গবয়্যা হিং=গায়ক; অর্থ প্র.]।

২=[চা]—বি. পেয়ারা॥ [< guava পোর্ত.]।

৩=[সি]—অস. ক্রি. চলিয়া॥ তুমার্ দিন্ হেলায় গৈয়া যায়। [< গৌয়াইয়া]॥

৪=[সি]—বিণ. হিংসুক॥ গৈয়া মানুশ্ কাউর্ বালা দেখ্তি পারে না।

গৈরপ্ করা=[চা]—ক্রি. অহঙ্কার করা॥ [<গৌরব করা]।

গৈরল্=[কু]—বি. একপ্রকার ধান॥

গৈরা=[ম]—বিণ. অলস, ঢিলা॥ গৈরা বলদে আল্ চ'লে না। [দেখ গৈড্যা]।

২=[ক, চা, কুম]—বি. নূপুর॥ গৈরা দিয়া চাঁকাগুলি গুরা কর। [<গুঙ্গুরা <গদা; দেখ গৈড়া]।

৩=[কু]—বি. বাঁশের ছোট টুকরা ॥

গৈরা পিয়ায়্=[কুম]—বি. বড় পিয়াজ ॥ গৈরা পিয়ায়্ আন্। [গৈরা + পিঁয়াজ<পিয়ায হিং]।

গৈরা গাবল্=[ঢা]—বি. একটি ধানের নাম ॥

গৈরানো=[পা]—ক্রি. বিশ্রাম নেওয়া ॥ খাওয়ার্ পর্ গৈরালে বাল। [< গড়ানো]।

গৈর‍্যা=[ঢা]—বিণ. লাল ॥ গৈর‍্যা মাটি দিয়া পাতিল্ বানায়্ ॥ [<গেরুয়া <গৈরিক সং]।

গৈরোব্=[খু]—বি. গর্ব, অহঙ্কার ॥ মানুশের্ শাথে এত গৈরোব্ কর্তি নাই। [<গৌরব]।

গৈর্=[ঢা, চট্ট, য]—বি. গড়াগড়ি ॥ খাইয়া উট্টানি গৈর্ দ্যাও। [<গড়ি =গড়াগড়ি]।

২=কু]—বি. ঝড় বৃষ্টির ঝাপটা ॥

৩=[কুম]—বি. সুপারি গাছের ফালা ॥ গৈর্ দিয়া মাচা দ্যাও।

৪=[চট্ট]—বি. সামুদ্রিক বন্যা ॥

৫=[য]=বি. পেয়ারা, সবরি ॥ [দেখ গৈয়র্]।

গৈর্‌বা=[চা]—বি. চাহিদা ॥ এখন্ দেশে কাপরের্ বেশি গৈর্‌বা নাই। [<গরয্ غرض আং.=প্রয়োজন]।

গৈর্ দেওয়া=[কু]—ক্রি. শোয়া ॥ এক্টু গৈর্ দিয়া লৈ। [<গড়ি দেওয়া]।

গৈর্ দেওয়ানো=[সি]—ক্রি. গড়াইয়া দেওয়া ॥ গাটস্যারে ডাইনে গৈর্ দেও-য়াও। [<গড়ি<গড়াইয়া+দেওয়া]।

গৈর্ নামা=[সি]—ক্রি. উরুদেশ ফুলা ॥ উরাতে গৈর্ নাম্‌সে, কিতা দিমু?

গৈর্ মুনড্ হৈয়া=[রং]—অস. ক্রি. গড় করিয়া ॥ [গড়+মুণ্ড+হইয়া]।

গৈলা=[কু]—বি. তিল ॥ বশনতের্ যন্নি গৈলার্ তৈল্ খুব্ ভাল দাওয়াই।

২=[বা]—বি. শেষ জোয়ার ॥

গৈলানো=[বা]—ক্রি. নাড়ার আঁটি বাঁধা ॥ নারাগুলি গৈলাও।

গৈল্যা=[বা]—অস. ক্রি. পচিয়া ॥ আম্‌গুলান্ গৈল্যা গেছে! [<গলিয়া; গল্+ইয়া]।

গৈল্=[খু]—বি. গোয়াল ঘর ॥ গৈলে এট্টু ধোমা দে। [<গোয়াল<গোহাল <গোশালা সং]।

গৈল্ গর্=[পা]—বি. গোয়াল ঘর ॥ গৈল্ ঘরের্ গোবর্ ফালাও। [দেখ গৈল্ +ঘর]।

গৈলশ্যা=[ফ]—বিণ. পেটুক ॥ গৈল্‌শ্যা মানুশ্ যেমুন্ খায়্, তেমুন্ হাগে।

গৈশা=[চট্ট]—বি. তিল ॥ গৈশা তেল্ তিন্ চেঁয়া শের্।

গৈশৈ=[কু]—বি. গড়িমসি ॥ এই কাম্ কৈর্‌তে এত গৈশৈ কর কেন্?। [গড়িমসি]।

গৈশ্ কুতুব্=[সি]—বি. কামেল মানুশ ॥ [<গওস্ কুতব্ غوث قطب আং]।

গৈসা=[নো]—বি. গাছের ডালপালা ॥ [<গাছ +ইয়া প্র.]।

গৈসা লওয়া=[ম]—ক্রি. স্বীকার করা, মানিয়া লওয়া। [<গছিয়া লওয়া]।

গৈসে=[কুম]—বি. ইতস্তত: ॥ এ্যাত গৈসে কর ক্যান্? [দেখ গৈশৈ]।

গৈস্যা=[বা]—অস. ক্রি. স্বীকার করিয়া ॥ [<গছিয়া]।

গৈস্‌সা নেওয়া=[কুম]—বি. দায়িত্ব নেওয়া ॥ তোমার্ ট্যাহার্ বার্ আমি গৈস্‌সা নিলাম্। [দেখ গৈসা লওয়া]।

গো

গো=[পা, ফ]—বি. জেদ, এক-গুঁয়েমি ॥ [<গোঁ]।

২=[খু, ফ]—বি. সুপারি ॥ একটু গো দ্যাও মা। [গুয়া<গুবাক]।

গোঅরা=[চট্ট]—বি. গোশালা ॥ ষাঁড়ে তুফানে গোঅরা ভাঁঙি গেইয়্যে। [<গোহর<গোঘর+আ প্র.]।

গোঅরি=[চট্ট]—বি. চোগলখুরী, পরনিন্দা, কুটনামি ॥ গোঅরি করা বড় দোষ। [গোহারী হিং]।

গোআরি=[কুম]—বি. বদনামী ॥ আর্ গোআরি আর্ কত গাইবা? [দেখ গোঅরি]।

গোআলি=[কুম]—বি. অপযশ, বদনামী ॥ [দেখ গোঅরি]।

গোওলা=[চট্ট]—বি. গোচারণের মাঠ ॥

গোংগট্=[বা]—বিণ. মাথাবাঁকা ॥ [তুং ঘুন্‌গট হিং=ঘোমটা]।

গোংগর্=[পা]—বি. ঘরের পাশ ॥ [<ঘর গোড়; দেখ গোংগোর্]।

গোংগা=[ব, বা, চট্ট]—বিণ. বোকা ॥ [<গুংগা হিং=বোবা; অর্থ প্র.]।

২ =[সি]—বিণ. একরোখা, রুক্ষ্ম স্বভাবের ॥

৩=[ঝা]—বিণ. বোবা ॥ গোংগাটার্ বুদ্দি আছে। [দেখ গোংগা]।

৪=[পা]—বিণ. নষ্ট ॥

গোংগানো=[কুম]—ক্রি. বড় বড় নি:শ্বাস ফেলা ॥ হে ব্যাদ্‌নায় গোং-গাইতাসে। [অনু.]।

২=[ব, বা]—ক্রি. দু:খে কষ্টে কাতর শব্দ করা, চীৎকার করা ॥ [অনু.]।

৩=[ঢা]—ক্রি. কাজে অসম্মতি জানানো ॥ বেশি গোংগাইস্ না, কাম্‌ডা কৈর‍্যা আয়্। [অনু.]।

গোংগামি=[সি]—বি. খারাপ কাজ ॥ বয় ঐয়াও তোমার গোংগামি গেল্ না?

গোংগাল্=[ব, রা]—বি. আইলের নীচের ফাঁক ॥ গোংগাল দি জমির্ পানি বৈর্ হয় (রা)। [<গঙ্গা+ল প্র.]।

গোং গোং করি=[রং]—ক্রি. বিণ. হা করিয়া, বোকার মত॥ মানুশির্ ভিতৃতি খালি খালি গোং গোং করি থাকিশ্। [দেখ গোংগা]।

গোংগোর্=[পা]—বি. ঘরের পাশ॥ গোংগোরে নড়ে কি ? [দেখ গোংগর্]।

গোংড়া=[খু,য]—বিণ. বোকা, বুদ্ধিহীন, ক্ষেপাটে ॥ গোংড়া সেলে। [দেখ গোংগা]।

২=[য]—বিণ. যে স্পষ্ট করিয়া কথা বলিতে পারে না। [দেখ গোংগা]।

৩=[খু]—বি.হোগলার তৈরি মাথাল॥

গোংনা=[পা]—বি. মাছ বিশেষ॥

গোংরা=[ব. রা]—বি. তাজিয়া ॥ মরমের্ শময় শিয়ারা গোংরা বানায়্॥ [গহ্বারহ্ گهواره ফা.]।

২=[নো]—বি. এক প্রকার মাছ ॥ গোংরা মাস্ খুব্ বড় অয়্।

৩=[খু]—বিণ. গোঁয়ার ॥ ওয়ার্ মতো গোংরা মানুশ্ নয়ে আমি যাতি পারব না। [গোঁয়ার+আ প্র.]।

৪=[চা]—বিণ কপট ॥ পোলাডা যবর্ গোংরা। [দেখ গোংড়া ; অর্থ প্র.]।

গোংরানো=[নো]—ক্রি. ঘুমের মধ্যে নাক ডাকা ॥ হিতান্ গুমের্ মদ্ দি গোংরায়্। [অনু.]।

গোংলা=[কুম]—বি. টেংরা মাছ ॥

গোংশা=[পা]—বি. মাছ বিশেষ॥

গোংশানো=[পা]—ক্রি. বিবেচনা করা ॥ তুমার্ গোংশারে চ'লা উচিত্।

গোংহা=[চা]—বি. শামুক ॥ [< ঘোংগা হিং]।

গোঅ'র্=[চট]—বি. গোবর ॥ গরুর্ গোঅর্। [<গোবর]।

গোঅস্তা=[চট]—বি. গোমস্তা ॥ হিতে আঁর্ দোআঁনর্ গোঅস্তা। [< গোমস্তা<গুমাশ্তহ্ گماشته ফা.]।

গোঁওরা=[চট]—বি. মহরমের তাজিয়া ॥ [দেখ গোংরা]।

গোঁওর্=[চট]—বি. গোমর, গোপন তত্ত্ব ॥ তর্ ব্যাপার্ গোঁওর্ ফাঁক্ করি দিয়ম্। [<গোমর <গুমর্ হিং ; অর্থ প্র.]।

গোঁওর্ চে'গি=[চট]—বি. অতি ছোট কালো মাছ বিশেষ॥

গোঁকাইত্=[নো]—বিণ. বোকা ॥ ব্যাডা এক্সার্ গোঁকাইত্।

গোঁকান্=[কু]—ক্রি. কমান ॥

গোঁগাল্=[দি]—বি. আইলের ছিদ্র॥

গোঁচ'া=[চট]—বি. ধানের গোছ ॥ চ'রের্ ধানের্ গোঁচ'া এ্যাক্ মুটের্ উপ্রে অয়্। [<গোছা<গুচ্ছ সং]।

গোঁচ্'=[চট]—বি. কোঁচা, কাছা ॥ গোঁচ্' দি কাম্ কর্। [<কোঁচা<কচ্ছ সং]।

গোঁজ্লা=[রা]—বি. ছিদ্র ॥ বেড়ার্ গোঁজ্লা বন্ কর্। [গোঁজ্+লা প্র.]।

গোঁজা=[চট]—বি. কাঠ বাঁশ ইত্যাদির ক্ষুদ্র অংশ , পাট তিল ইত্যাদি গাছের গোড়ার অংশ। [গোঁজা, গোঁজ]।

২=[নো—বিণ. বেয়াড়া, অবাধ্য ॥

৩=[চট]—বি. চাপা অসন্তোষ বা দুরভিসন্ধি ॥ [<গোঁজা ; গুঁজ+আ]।

গোঁটা=[রা, ব]—বি. ঢেঁকির মুষল ॥

গোঁট্=[খু]—বি. চিহ্ন ॥ পুকুরে মাটি কাটি গোঁট্ রাখা অয়্।

গোঁট্টাল্=[চট]—বি. গোবর গাদা॥ গোঁট্টালো পদ্দফুল্ ফুডন্। [গোঁটুটা গোবিষ্ঠা সং+টাল হিং]।

গোঁডা=[নো]—বি. মিশ্রণ ॥ বিষ-দানো গোঁডা খাওন্ বালা ন।

গোঁতাইল্ বা গোঁথাইল্=[চট]— বি.<গোশালা ॥

গোঁতা=[চট]—বিণ. গোপন ॥ হিতার্ কথা আঁর্ পেডত্ গোঁতা আসে। [< গুপ্ত]।

গোঁদানো=[কু]—বিণ. গন্ধযুক্ত ॥ গোঁদানো চা'লের দাম্ খুব্ কম্। [< গন্ধ+আনো প্র.]।

গোঁয়াই=[চট]—বি. প্রতিমা, দেবতার নাম ॥ [<গোঁসাই<গোস্বামী]।

গোঁয়াইংগা=[চট]—বি. ছোট এক প্রকার মাছ ॥ গোঁয়াইংগা মাসত্ মধা কম্।

গোঁয়াইচ'ান্=[চট]—বি. গবুচাঁদ, বোকা ॥ যেমন্ হোঁয়াইচ'ান্ রাজা, তেমন্ গোঁয়াইচ'ান্ পাত্র ॥ [< গবাই চাঁদ<গবুচন্দ্র]।

গোঁয়াইর্ ঘর্=] চট]—বি. ঠাকুর ঘর ॥ গোঁয়াইর্ ঘর্ বৈয়েন্। [দেখ গোঁয়াই+ ঘর]।

গোঁয়াগ্ই=[চট]—বি. মনোমালিন্য॥

গোঁয়াচি'=[চট]—বি. পেয়ারা ॥ গোঁয়াচি' বৌত্ মাইন্শে শখ্ করি খায়্। <guavaপোর্তু.+চি প্র.]।

গোঁয়াডা=[চট]—বি. ঘোমটা ॥ নতুন্ বৌয়ে গোঁয়াডা খব্ দ্যায়্। [<ঘোমটা <গুণ্ঠন সং]।

গোঁয়াদা=[নো]—বি.গরুর কাঁধের ময়লাযুক্ত দাগ ॥ [দেখ গোকান্দা]।

গোঁয়ালি=[রা]—বি. একপ্রকার পোকা ॥ গোঁয়ালি পোকা ক্যামোন্ ?

গোঁয়াল্যা=[রা]—বি. একপ্রকার গাছ॥ এক্টা গোঁয়াল্যা গাছের্ চারা দিবি নে? [<গোয়ালিয়া]।

গোঁরা=[চট]—বি. মূল, গোড়া ॥ গোঁরা কাডি উঅদ্দি পানি ডালন্ [< গোড়া]।

২=[নো]—বি. দোষ ॥

গোঁর্=[নো]—বি. গোমর ॥ তোমার্ গোঁর্ হাঁক্ কৈর‍্যা দিম্। [দেখ গোঁওর্]।

গোঁরাল্ দেওয়া=[ব]—ক্রি. মুখে আগুন দেওয়া, লাথি মারা ॥ তোর্ মুখে গোঁরাল্ দেই, তুই আমার্ বিনাশ্ করলি। [<গোড়ালি দেওয়া]।

গোঁসা=[নো]—বি. ধানের গুছি ॥ [<গোছা<গুচ্ছ সং]।

গোঁস্=[চট]—বি. গায়ের গিঁঠা, ধুতির কোঁচা ॥ [<গোছ ;<কোঁচা]।

গোকর্ আজা=[রা]—বি. রেড়ির বীজ।

গোকাইলা=[পা]—বি. গিরগিটি ॥

গোকান্=[পা]—ক্রি. কষানো ॥

গোকান্দা=[ঢা]—বি. গরুর কাঁধের ঘা বিশেষ ॥ গোকান্দা শব্দহে যায় না। [<গো (=গরু)+ কাঁধ<স্কন্ধ সং+আ প্র. ; দেখ গোঁয়াদা]।

গোকাশি=[বা]—বি.রোমন্থন, জাবর ॥ গরুতে গোকাশি করে।

গোকুর্ কাটা=[রং]—বি. একটি ঔষধের গাছ ॥ গোকুর্ কাটার্ গাছ্ খুব্ উপ্‌কারি।

গোকুল্ কোটা=[পা]—বি.একপ্রকার ফলের বিচি ॥ গোকুল্ কোটার্ কল্ পাক্‌লি লাল্ অয়্।

গোক্‌কা=[বা]—বিণ. একগুঁয়ে, অশিষ্ট ॥ গোক্‌কার্ মত চ'ল ক্যা? [<গোঁ+কা প্র.]।

গোক্‌খিন্=[ম]—বি. গভীর, গর্ত ॥ নদিডা সোট ঐলেও খুব্ গোক্‌খিন্। [<গহীন<গহন সং]।

গোখুরিহ্=[রা]—বি. ক্ষতি ॥ হামি তোর্ কি গোখুরিহ্ করেছি? [<গু (বিষ্ঠা)+খোর ফা.+ই=গুখোরি]।

গোখ্‌রি=[পা]—বি. অন্যায় ॥ কি গোখ্‌রি কর্‌লু, হাবার্ বাড়ি আইশ্‌না। [দেখ গোখুরিহ্]।

গোগা=[বি.]—বি. গোলমাল ॥ এখানে এত গোগা কিয়ের্? [<গোগা گوگا ফা.]।

গোগাল=[রা]—বি. খাল, আইলের গর্ত ॥ জমির্ আইলে করেকটা গোগাল্ হয়েছে। [গর্ত+ল প্র. ; দেখ গোংগাল্]।

২=[ম]—বি. বিষপান অথবা পরিশ্রম হেতু মুখনিঃসৃত ফেনাযুক্ত লালা ॥

৩=[রা]—বি. লাল ॥ গোগাল্ পেড়ে শাড়ি।

গোগ্যাগিরি=[রং]—বি. কড়ামেজাজ, অবাধ্যতা ॥ পুলিশের্ হাতত্ পড়লি গোগ্যাগিরি ছুটিবের্।

গোগ্‌লা=[রং, ব]—বি. লালা, মুখের ফেনা, বৎস্যাদির ভুক্ত বস্তু ॥ বোয়াল্ মাছের্ গোগ্‌লা কাজে লাগে (রং)।

২=[রং]—বি. সরিষা কলাই গম ইত্যাদির খোসা ॥ শরিশার্ গোগ্‌লা পুরি দে।

গোগ্‌রা=[ম]—বিণ. খস্ খসে ॥ তার্ শৈল্‌ডা বর গোগ্‌রা।

গোচ'র্‌কা=[পা]—বি. শালিক বিশেষ ॥ [<গো শারিকা]।

গোচর্‌পনা=[রং]—বি. ক্ষেতে প্রথম দিনের কাজ ॥ আজ্ গোচর্‌পনা করিনু।

গোচল্=[রং]—বি. গোছল ॥ [< গুসল্ غسل আং]।

গোচ'া=[সি]—বি. ধানের গুচ্ছ ॥ এ বমির্ দানের্ গোচ'া বেশ্ মোটা। [<গোছা<গুচ্ছ সং]।

২=[নো]—বি. ধানের জালার গোছা ॥ [পূর্বে দেখ]।

৩=[বা]—ক্রি. নিরাময় হওয়া ॥ [<ঘুচা]।

গোচ'ানো=[বা]—ক্রি. সংকুচিত হওয়া ॥ [<কোঁচানো< কুঞ্চন+ আনো প্র. কিংবা গোছানো]।

গোচার্ পনা=[রং]—বি.ধানরোপণের প্রথম দিন ॥ হাবার্ বাড়িত্বে আজ্ গোচার্‌পনা। [দেখ গোচর্‌পনা]।

গোচ'ালি=[ক]—বি. পাট বা ধান গাছের গোড়া ॥ পায়ে পাটের্ গোচ'ালি বিন্ধসে। [<গোছা+ লি]।

গোচি'=[ক]—বিণ. বাচ্চা ॥ গোচি' পাকালের্ লংকা চ'রচ'রি খাতে মযা।

গোচে'না=[ক্ষ]—বি. গরুর মূত্রনালী ॥ আবুতারার্ ব্যারামে গোচে'না লাগে। [<গো+চোনা=(মূত্র)]।

গোচে'=[পা]—বি. নারিকেল বোঝাই নৌকা ॥

গোচে'াড়্=[খু]—বি. লাঠি দ্বারা রাখালদের খেলা বিশেষ ॥ সেলেরা গোচে'াড় খেল্‌সে।

গোচ্'=[খু]—বি. পানের বরজের বাঁশের খুঁটি ॥ [<গোঁজ]।

২=[রা]—বি. মাংস ॥ হামি গোচ্ খাই না। [<গোশ্‌ত্ گوشت ফা.]।

৩=[কু]—বি. গুছি ॥ একে গাছ্' ধানে কি আর্ পেট্ ভরে? [গুছি [<গোছ্=গোছা<গুচ্ছ]।

৪=[বা]—বি. গরু মহিষ বাঁধিবার খুঁটা ॥ [দেখ গোচ্']।

৫=[ক]—বি. মাটির উপর অল্প জাগানো গাছের গোড়া ॥ [পূর্ব দেখ]।

৬=[পা]—বি. উপায় ॥ চ'ল্ খাই এক্ গোচ্' ঐবে। [<গোছ=উপায় বা অবস্থা]।

গোচ্'করা=[পা, ক]—ক্রি. ব্যবস্থা করা ॥ দুই চ'াইর্ দিনের্ মধ্যেই তোমার্ টেহার্ গোচ্' কর্‌সি। [দেখ গোচ্৬+করা]।

২=[পা]—ক্রি. সংকুচিত করা ॥ [< কোঁচ<কুঞ্চন সং+করা]।

গোচ্' গোচ্'=[ম]—ক্রি.বিণ. সঙ্কোচ বোধ ॥ [<ঘুচ্ ঘুচ্]।

২=[ক]—বি. সংগ্রহ, যোগাড় ॥ টেকা পয়শা গোচ্' গোচ্' কর্। [< গোছগাছ]।

গোচ্'লা=[নো]—বি. গোহাল, ॥ গরু গুলা গোচ্'লাত্ আসে। [< গোশালা কিংবা গোচালা]।

গোছল্‌পনা= [রং]—বি. প্রারম্ভ, কৃষকদের রোয়া রোপণের প্রথম দিন ॥ [দেখ গোচর্‌পনা]।

গোছল্‌পন্=[রা]—বি. ধান রোপনের প্রথম উৎসব ॥ গোছল্‌পন্ করিনু। [দেখ গোছল্‌পনা]।

গোছা=[রা]—বি. নৌকার তক্তা শক্ত করার জন্য ভিতরে দুই পার্শ্বে লাগানো দুই ইঞ্চি চওড়া কাষ্ঠখণ্ড ॥

গোছাই ফেলা=[রং]—ক্রি. অনেক লোককে আহত করা ॥ মারি একেবারে গোছাই ফেলাইছে।

গোছাদ্=[রং]—বিণ. চরিত্রহীন ॥

গোছানো বা গোছ্‌না=[রং]— বি. গোময়, গরুর গোবরের অংশ ॥

গোছ্ পাকানো=[রং]—ক্রি. তলে তলে বুদ্ধি করা ॥ গোছ্ পাকাইলে

কি ঐব, অগ লগে পার্‌বু না।

গোজ্=[রং]—বি. খাম, খুঁটি ।। গোজ্‌টা এক্‌না ভাল করি পুতিশ্। [< গোঁজ]।

২=[রং]—বি. রাগ ।। তুই গোজ্ হচিশ্ ক্যানে ? [<গোঁজ]।

গোজ্‌ড্যা=[রা]— বিণ. মূর্খ ।। গোজ্‌ড্যা ছোড়াক্ হাকা। [তুং উজড্ হিং]।

গোযড্=[য]—বিণ. নির্বোধ ।। [দেখ গোজ্‌ড্যা]।

গোযর্=[চা]—বি. চিহ্ন ।। আহাশে এট্টু ম্যাগের্ গোযরও নাই। [গুযর گزر ফা.=চলাচল]।

গোযর্ গত্তানো=[পা]—ক্রি. বক্ বক্ করা ।। খালি গোযর্ গুতাও কেন্?

গোযা=[খু,রা,ব]—বি. খুঁটি, শলা ।। [<গোঁজা]।

গোযানো=[য, খু, বা]—ক্রি. লুকানো ।। শব্ যিনিশ্ গোযাই রাখ কেন্? [< গোজা (নাম ধাতু)<গুজ্ঝ প্রং<গুহ্য সং+আনো প্র.]।

গোযুটে=[খু]—বিণ. আবল তাবল বকে যে ।। লোক্‌টা বড় গোযুটে।

গোযো=[য]—বিণ. গোঁয়ার, এক-রোখা ।।

গোযোর্=[চা]—বি. চিহ্ন ।। আহাশে ম্যাগের্ এট্টু গোযোর্ নাই। [দেখ গোযর্]।

গোয্=[খু, বা]—বি. গরু বাঁধার খুঁটা, ছোট খুঁটা ।। [দেখ গোছ্‌']।

২=[পা, চা]—বি. কাঠের খিল ।। [দেখ গোছ্‌']

৩=[কুম]—বি. কাছা ।। গোয্ মাইরা লাইগ্যা পর্। [<গোঁজ= যাহা গুঁজিয়া রাখা হয়]।

৪=[সি]—বি. ককুদ ।। উটের্ পিঠে গোয্ আসে। [<কুঁজ<কুব্জ সং]।

গোয্‌গোযাইয়া=[পা]—অস. ক্রি. তাড়াতাড়ি করিয়া ।। গোয্‌গোযাইয়া যাও কৈ? [অনু.]।

গোয্‌রা=[পা]—বি. ঝগড়া ।। মেয়েরা গোয্‌রায় উস্‌তাদ্। [<ঝগড়া ; বর্ণ বিপর্যয়]।

গোয্‌রা গত্তান্=[পা]—ক্রি. বিবাদ করা, খারাপ ব্যবহার করা ।। [দেখ গোয্‌রা]।

গোয্‌রানো=[খু]—ক্রি. গর্জন করা ।। [<গজ্‌রানো<গর্জ্জানো]

গোটক্ আদেক্=[রং]—বিণ. সামান্য কয়েকটি ।। মোক গোটক্ আদেক্ দেইশ্ বাহে। [<গোটা+ক<এক +আধেক<অর্দ্ধেক]।

গোটা=[পা]—বি. গাভীর দুধ ।।

২=[চা]—বি. কলা ।।

৩=[রং]—ক্রি. বিণ. গোছ, গোছা ।। দড়িখান্ গোটা কর্। [<গুটিকা]।

৪=[পা]—বি. বসন্ত ।। হামিদের্ গোটা উইঠ্‌সে। [তুং গুটি]।

৫=[য, খু, বা]—বি. ময়লা বা কুঁড়া ।। আউশ্ চা'উলে গোটা বেশি।

৬=[সি]—ক্রি. মন্থন করা ।। [< ঘোঁটা]।

গোটা ওঠা=[ম]—ক্রি. বসন্ত রোগ হওয়া ।। তার্ গোটা ওট্‌সে। [দেখ গোটা৪+উঠা]।

গোটা করা=[রং]—ক্রি. গুটান ।। জিনিশ্ পত্তর্ শব্ গোটা করেক্। [দেখ গোটা৩+করা]।

গোটা গোটা=[ফ]—বি. কাপড় পরার রীতি বিশেষ ।।

গোটা গোটি=[রং]—বি. নড়াচাড়া ।। পাইলাগুলি গোটাগোটি কর কেন্? [<ঘোঁটা+ঘুঁটি অনুঃ ; ঘুট্‌না হিং]।

গোটা টেংরা পত্=[সি]—বি. অস-মান পথ ।। গোটা টেংরা পতে সাইকেল্ চা'লান্ যায়?

গোটালি=[রং]—বিণ. গোল জাতীয় ।। কয়্‌লা গোটালি জিনিশ্। [<গোটা =(গোল)+লি প্র.]।

গোটাল্=[রা]—বিণ. সম্পূর্ণ ।। গোটাল্ মাছ্‌টা বিড়ালে খাইছে। [< (গোটা=সম্পূর্ণ)+ল স্বার্থে]।

গোটা হয্=[পা]—বি. ধনিয়া ।। তর্‌কারিতে গোটাহয্ দিলে খুব্ শাদ্ অয়্ ।। [<গোটা সজ]।

গোটি=[রা, কম]—বি. একপ্রকার মাছ ।।

২=[পা]—বি. ঘটি ।। পিতলের্ গোটি। [<ঘটি, ঘটী]।

গোট্যাশ্=[পা]—বিণ. হিংসুটে ।। লোক্‌টা গোট্যাশ্।

গোটো=[খু]—বিণ. জড়ো, একত্র ।। ধান্‌গুলো গোটো করা হয়েসে। [গোটা <গুট্]।

গোট্=[কুম, বা, রং]—বি. কোমরের অলঙ্কার ।। আইয্‌কাইল্ মেয়েরা গোট্ পরে না।

২=[চা]—বি. আকার ।। আমগুলি গোটে সোট।

৩=[য, চা]—বি. জাত ।। এগুলো বেশ্ গোটের্ আম্।

৪=[য]—বিণ. স্তূপ ।। খড়গুলা গোট্ দাও।

৫=[বা]—বিণ. রূপা ।। বাশ্‌কে এ্যাক্‌টা গোট্ ট্যাহা আসে।

গোট্‌কা=[ম, চা]—বি. গবাদি পশুর অণ্ডকোষ ফেলায় যে ।। গোট্‌কা আইসে হাঁর্‌ডা কাতাবু।

গোট্‌গাট্=[রং]—বিণ. গোল, ছোট অথচ সুন্দর ।। কাডাল্‌ডা বেশ্ গোট্‌গাট্। [<গোট=গোল+গাট্ অনুঃ]।

গোট্ গোট্ করা=[রং]—ক্রি. লাজল তলাইয়া যাওয়া ।। লাংগল্‌টা খালি গোট্ গোট্ করি জায়্‌ছে।

গোট্‌টাদি=[পা]—বিণ. অল্প ।। [< গোটাদুই]।

গোট্‌টানো=[চা]—ক্রি. স্তূপ করা ।। গর্‌গুলা গোট্‌টাইয়া থো। [<গোটানো =(জড়ো করা)]।

গোট্টে গোট্টে=[ম]—ক্রি. বিণ. দলেদলে ।। গোট্টে গোট্টে পুলিশ্ আইতাসে। [<গোষ্ঠি গোষ্ঠী ; অর্থ প্র.]।

গোট্‌না=[ম]—বি. নাড়াচাড়া করিবার উপকরণ। গোট্‌না দিয়া [illegible] গুই।

[<ঘোট্‌না<ঘোঁটন (=আলোড়িত করা)+আ স্বার্থে]।

গোঠান্=[কু]—বি. যেখানে গরু থাকে ॥ [<গো+ঠান<স্থান]।

গোঠা লাগা=[সি]—ক্রি. গরুর এক প্রকার ব্যাধি হওয়া।

গোঠ্‌না=[খু]—বি. গরু রাখার জায়গা।॥ গরুগুন্ গোঠ্‌নায় বাঁধ্। [< গোঠ<+না অতিরিক্ত শব্দ ; কিংবা <গোঠান্ দেখ]।

গোডা=[চট্ট]—বিণ. সম্পূর্ণ, পূর্ণ, সমগ্র ॥ গোডা গরত্ মাল্ ভরা। [< গোটা=সম্পূর্ণ]।

২=[কুম]—বি. ধনে সজ, ধনিয়া ॥ গোডা তর্‌কারিতে দিলে খুব শাদ্ অয় ॥ [<গোটা=ধনিয়া অর্থে]।

৩=[রং]—বি. পাঁচড়া ॥ আমার্ গোডা ঐছে। [দেখ গোটা$_8$]।

৪=[চট্ট]—বি. ফল ॥ আম্‌ড়ার্ গোডা। [<গোটা]।

৫=[কুম]—বি. বীজ ॥ বাল গোডার্ বাল ফল্। [পূর্বে দেখ]।

গোডা আলু=[রং]—বি. এক প্রকার আলু ॥ গোডা আলুর্ তর্‌কারি ভালা। [<গোটা+আলু]।

গোডাহারা=[রা]—বি. গরুর ভাগাড় ॥ মরা গরু গোডাহারায় ফেল্।

গোডে=[চা]—অব্য. হইতে, থেকে ॥ পানি গোডেই প্যাট্ খারাপ্ অয়্। [দেখ গোতে]।

গোডেল্যা=[কুন]—বি. চাকা, দলা ॥ কোরার্ বিতুরে গোডেল্যা বানুসে। [<গুটিলা]।

গোডোরি ব্যাং=[নো]—বি. কুনো ব্যাঙ ॥ [<কোটুরি<কোটর সং+ই +ব্যাঙ্<ব্যাজ সং]।

গোড্‌গাড্=[চা]—বিণ. গোলাকার ॥ কাডলুডা গোড্‌গাড্। [দেখ গোট্‌গাট্]।

গোড্‌গোডে=[রং]—অস. ক্রি. থরথর করিয়া, কাঁপিয়া ॥ বড়ি আইলে মোর্ [illegible] [illegible]গোডে ওঠে। [অনু.]।

২=[[illegible]]—ক্রি. বিণ. [illegible] মপে ॥ পুলিশের্ ধর্‌কে গোড্‌গোডে শৌগ্ কলে।

গোড্ গোড্=[রং]—ক্রি. বিণ. খুব জোরে ॥ কল্ দিয়া গোড্‌গোড্ কৈর‍্যা পানি পৈড়্‌তেছে।

গোড্‌ডা=[রা]—বিণ. একগুঁয়ে ॥ মানুশটা গোড্‌ডা।

গোড্‌না=[বা]—বি. পেষণ করার কাঠ ॥ [<ঘোঁটনা√ঘুট্+না প্র.]

গোড়=[রা, রং]—বি.কাছে, নিকটে ॥ তাঁরি মোর্ গোড় গেল্। [গোড়=পা]।

গোড়া=[পা]—বি. বাঁশের তৈরী খোয়াড়, যেখানে গরু ও ঘোড়াকে ঘাস খাইতে দেওয়া হয় ॥

২=[পা]—বি., বিণ. এক (গুটিবাড়ি খেলার প্রথম সংখ্যা) ॥ [গোড়া = আরম্ভ]

গোড়াইশ্=[রং]—বি. গোড়ার অংশ, মূল অংশ ॥ বাশের্ গোড়াইশ্ খান্ দি কি করিবু। [<গোড়া(=মূল)+ইশ প্র.]।

গোড়াতক্=[খু]—বিণ. কতকগুলো ॥ আমারে গোড়াতক্ আম্ দ্যাও। [< [<গোটা কতক]।

গোড়াত্=[খু]—ক্রি. বিণ. কিছু পরিমাণ ॥ গোড়াত্ ভাত্ খায়েনে। [< গোটা কত]।

গোড়া দেওয়া=[খু]—ক্রি. গাছের মূল ছেদন করা। [<গোড়া+দেওয়া]।

গোড়াদ্=[খু]—বিণ. অল্পসংখ্যক ॥ বাবার্ হতি গোড়াদ্ আম্ আনিও। [দেখ গোড়াত্]।

গোড়ান্=[ব]—বিণ. ঢালু, গড়ানে ॥ গোড়ান্ বাগায় পানি দাড়ায় না। [< গড়ান ; গড়া+আন প্র.]।

গোড়ান্ত=[রং]—বি. আদি, মূল ॥ মোর্‌টে আছে গোড়ান্ত। [<গোড়া (মূল)+অন্ত]।

গোড়ামুয়া=[নো]—বিণ. ঘোড়ার মুখের ন্যায় লম্বা মুখবিশিষ্ট ॥ [ঘোড়া +মুখ+আ প্র.]।

গোড়ার্ বড়্=[পা]—বি. [illegible] খেলায় শেষ জোকার ॥ [<গোড়া+বর (সবচে)+জয়]।

গোড়াশি=[রং]—বি. গোড়ার অংশ, মূল অংশ ॥ বাঁশের্ গোড়াশি। [দেখ গোড়াইশ্]।

গোড়ে=[খু]—বিণ. অলস ॥ গোড়ে লোকের্ কাম্ নয়্ ইটা। [<গড়া+ এ<ইয়া প্র.]।

গোড়োত্=[বা, রং]—বি. গোড়া, মূল ॥ নতুন্ চারাটার্ গোড়োত্ পানি দে (রং)। [<গোড়া+ত্=তে]।

গোড়্=[রা]—বি. পা ॥ গোড় ধুইয়া জুতা পর্। [<গোড়<গুল্‌ফ সং; গোড় হিং]।

২=[খু]—বি. ঢেউ ॥ ইশ্‌টিমার্ গেলি নদিতে গোড় হয়্।

গোড়্ গোড়া=[রং]—বিণ. অসভ্য ॥ তুই গোড়্‌গোড়া শয়্‌তান্।

গোড়্‌ঘাং=[খু]—বি. পাখি মারার ফাঁদ ॥

গোড়স্যাত্=[পা]—বি. গোড়ার অংশ, কাণ্ড, আসল ॥ তুমিই শব্ কামের্ গোড়্‌স্যাত্। [গোড়া=মূল+ স্যাৎ প্র.]।

গোড়াহ্যা=[রা]—বি. ডোবা ॥ মোর্ খেতের্ শামনে একনা গোড়হ্যা আছে। [<গড়া হিং]।

গোতম্=[রং]—বি. ঘি ॥ [< ঘৃতম্ (?)]।

গোতল্=[খু]—বি. গোয়াল ঘর ॥ [<গো+স্থল (স্থান)]।

গোতা=[পা]—বিণ. অলস ॥ গোতা মানুশ্ কাম্ করে না।

২=[রং]—বি. এক প্রকার ছোট মাছ ॥ গোতা মাছের্ ভাজি ভাল লাগে।

৩=[ফ]—বি. কাঁথা ॥ শিতকালে গোতার্ দর্‌কার্ হয়্।

৪=[কুম]—বি. আঘাত, ব্যথা ॥ [গুঁতা]।

৫=[প]—বিণ. সাদাসিধে ॥

গোতাইল্=[চট্ট.চা]—বি. গোশালা ॥ [দেখ গোতল্]।

গোতা মুড়ি দিয়া থাকা=[ম]—ক্রি. নিভৃতে চুপ করিয়া থাকা ॥ গোতা মুড়ি দিয়া এ বেলা কেনে বৈয়্যা আস বা ? [=কাঁথা মুড়ি দিয়া থাকা; বাগ্‌ধারা]।

গোতা দেওয়া=[ব]—ক্রি. স্নান করা, পানিতে ডুব দেওয়া ॥ [<গুতঃ غوطه আং+দেওয়া]।

গোতানো=[খু]—ক্রি. হাসিমুখে কোনো জিনিস জোর করিয়া দেওয়া ॥ মতি রায়কে ডাটাগুলো গোতায়ে দিয়েসে। [গুঁতানো ; অর্থ প্র.]।

গোতালা=[খু]=বি. বাধা, আড়ি ॥ শুভকাযে গোতালা লাগে বেশি।

গোতু=[ম]—বি. ঠেস ॥ গায়ে গোতু দিও না। [<গুঁতা]।

গোতে=[ম]—অব্য. হইতে ॥ কোহানু গোতে আইলা ? [দেখ গোড়ে]।

গোত্=[রা. ব]—বি. দেহ, শরীর ॥ গোত্ ধুয়ে আশি। [<গাত<গাত্র সং]।

২=[রং]—বি. গোত্র ॥ শত গোতে এমন্ খান্ খাছিশ্। [<গোত্র]।

গোত্‌তা=[কুম]—বি. ঘুড়ির ডিগবাজী ॥ পতিংড়া গোত্তা দিসে। [<গুতঃ غوطه আং]।

২=[রং]—বি. পদাঘাত ॥ গোত্তা দিয়া ফেলাই দিচে। [<গুঁতা]।

গোত্তা খাওয়া=[চা]—ক্রি. ঘোরা, ঘুড়িকে কৌশলে এদিক সেদিক ঘুরানো ॥ [দেখ গোত্তা+খাওয়া]।

গোত্‌তা দেওয়া=[কুম, চা]— ক্রি. এদিক সেদিক যাওয়া, হঠাৎ দিক পরিবর্তন করা ॥ গোত্তা দিয়া যেই গেলা তোমারে আর্ পাইলাম্ না। [দেখ গোত্তা +দেওয়া]।

গোত্‌তানো=[কুম]—ক্রি. ঘূর্ণিপাকে উড়া ॥ পুছ্‌ডিডা খালি গোত্তায়। [দেখ গোত্তা +আনো ক্রিয়ায়]।

গোত্‌তালি মারা=[পা, ক]— ক্রি. লাফালাফি বা ছটফট করা ॥ ঘোরাকুড়া গোত্তালি মাইর‍্যা চল্যা গেল্। [দেখ গোত্তা+আলি প্র.+মারা]।

২=[খু]—ক্রি. উলট পালট করা ॥

গোত্‌মাইরা=[চা]—অস. ক্রি. কিলাইয়া বা মারিয়া ॥ বেশি কতা কৈলে গোত্‌মাইয়া দিমু। [গুঁতো=(আঘাত)+মারিয়া]।

গোত্‌মা গাত্‌মা=[চা]—বিণ. মোটা সোটা ॥ সেয়াডায় বেশ্‌গোত্‌মা গাত্‌মা। [অনু.]।

গোত্‌মা গোত্‌মি=[ক]— বিণ. মোটা সোটা ॥ গোত্‌মা গোত্‌মি পোলাপান্। [অনু.]।

গোত্‌লানো=[ফ]—ক্রি. ঘোলাটে করা ॥ পানি গোত্‌লাইল্ কে ?

গোথে=[ম]—অব্য. হইতে ॥ তুমি কুনু গোথে আইস ? [দেখ গোতে]।

গোদা=[চা, কুম, বা, নো]—বিণ. বেঁটে ও মোটা, যাহার পাছা মোটা বা ভারী ॥ গোদা মাইয়াডা শোন্দর্ না। [গোদা=গোদযুক্ত ; অর্থ প্র.]।

২=[সি]—বি. সার ॥ এ বইয়ে গোনত্ গোদা নাই। [<গুদা হিং]।

৩=[পা]—বি.অলস প্রকৃতির লোক ॥ ওই গোদা কর্‌বি এ কাম্ ? শে আর্ হবি না। [দেখ গোদা]।

৪=[চট্ট]—বি. মাছ ধরার বেড়া বিশেষ ॥ ইয়ান্ বয়োত্ বড় গোদা।

৫=[চট্ট]—বি. নারিকেল গাছের ডাঁটার গোড়ার দিকের মোটা অংশ ॥

৬=[চট্ট]—বি. নদীর স্রোত বন্ধ করিয়া জমিতে পানি দেওয়ার জন্য বাঁধ ॥

৭=[রং]—বি. যমদূত ॥ গোদা আইলে শময় পাবা না বাহে।

গোদাইরা=]চা]—বিণ. যাহার চালচলন কথাবার্তা ইত্যাদি পুরুষের ন্যায়, অমার্জিত ॥ গোদাইরা মাইয়াডা দেহ গাসে উঠ্যসে। [=গোদড়া]।

গোদা গোদা=[চা]—বিণ. মোটা মোটা, বিশ্রী ॥ মাইয়াডার গোদা গোদা পাও কেমুন্ দেহা যায়। [গোদা= গোদবিশিষ্ট ; অর্থ প্র.]।

গোদানি=[কুম]—বি. লতানো গাছ বিশেষ ॥ গোদানি গাস্ অঙ্গের কাজে লাগে।

২ =[রা]—বি. উলকি ॥ [<গোদ্‌না হিং]।

গোদানো=[পা]—ক্রি. গ্রাহ্য করা, স্বীকার করা ॥ আমি গরিব্ তাই সে আমারে গোদায় না।

গোদান্=[কুম]—বি. উলকি ॥ পাড়ুই মায়ের্ কপালে গোদান্ দিলে। [দেখ গোদানি২]।

গোদাজন্=[ম]—বি. একপ্রকার আমন ধানের নাম ॥

গোদাম্=[চা]—বি. বোতাম ॥ [botao পোর্তু. ; বর্ণ বিপর্যয়]।

২ =[রা]—বি. ঘন কচুরীপানা ॥ পুকুরে গোদাম্ থাক্‌লে মাছ থাকুতি পারে না।

গোদার্ চে'রেং বেরেং=[চা]—বি. দুষ্টামি, ফাজলামি, এক কাজ রাখিয়া অন্য কাজ করণ ॥ তর্ গোদার চে'রেং বেরেং দেহামু, রাহ্।

গোদি=[বা]—বি. দুই বা ততোধিক নদী বা খালের বিস্তৃত মোহনা ॥

২ =[চা]—বিণ. গোদবিশিষ্ট ॥ [<গোদ+ই প্র.]।

গোদ্‌রন্=[চট্ট]—ক্রি. অতীত হওয়া ॥ শাঁয্ গোদুরি গেইয়ে। [< গুযরান گذران ফা.]।

গোদ্‌ল্ বন্‌ধ=[দি]—বি. আমন ধানের চারা রোপণের উৎসব ॥

গোদোম্=[রং]—বি. তুতুম পাখী ॥ কু দেইক্‌লে গোদোম্ কাঁদে (ডাকে)।

গোদোল্=[ব, রা]—বি. হা-ডু-ডু খেলা ॥

গোদ্=[সি]—বি. কোল ॥ বাচ্চাডা গোদে লও। [<গোদ্ হিং.]।

২=[নো]—বি. বায়েনা, ঠেকা ॥ গোদ্ খাইছে।

গোদ্‌লা=[রা]—বি. পুরাতন কাপড়ের তৈরী তোশক বিশেষ ॥ [=গোদড়া ; গুদড় হিং]।

২=[চা]—বিণ. অসুন্দরী মোটা ॥ গোদ্‌লা মাইয়া কেডায় বিয়া করব। [দেখ গোদা+লা স্বার্থে]।

গোয়ালাদি=[ব]—বি. একপ্রকার ভেষজ ॥

গোনা=[পা]—বি. বাজার ॥

২=[ক]—বি. বাঁক ॥ ওই গোনায় কাসে নাও থুইয়া আইসি। [<কোণা]।

৩=[ব]—বি. দুইক্ষেতের কোনা বা মিলনস্থান ॥

৪=[পা]—বি. নির্জনস্থান ॥

৫=[বা]—বি, নৌকার দাঁড় পাতিবার আড় কাঠি ॥

৬=[বা]—বি. মশারি ॥ [<খোনা]।

৭=[পা]—বি. নদীর তীরের খোঁচ স্থান ॥

গোনাগন্=[পা]—বি. বংশধর ॥ রহিম্ চৌধুরিদের্ গোনাগন্। [<গণাগণ= গোষ্ঠিবর্গ]।

গোনাগোন্=[পা]—বি. জনমানবের সাড়া ॥ রাতে এক্‌দম্ গোনাগোন্ নাই। [<গমনাগমন]।

গোনার্=[ম]—বি. দিক ॥ আইয্ পুব্ গোনার্ থাইক্যা বিশ্‌টি শুরু হৈসে। [গোনা<কোণা সং+র প্র.]।

২=[ম]—বি. ক্ষেতের আইল, পায়ে চলার পথ ॥ এই গোনার্ দৈয়া যাও।

গোনে=[বা]—অব্য. হইতে, থেকে ॥ ডাহা গোনে কবে আইস?

গোন্=[বা]—বি. অনুকূল আবহাওয়া, অনুকূল স্রোত ॥ 'গোনে নাইয়া যেগোনে দয়ে বাইয়া।' [<গমন]।

২=[সি]—বি. যাদুবিদ্যা ॥ হের গোনের্ উস্তাদ্। [<গুণ]।

৩=[বা]—বি. দিক্ ॥ কোন্ গোনে যাবি? [<কোণ]।

৪=[ম,বা]—বি. সময় ॥ গোন্ মত দাওয়াই খাইও। [<গোন্ হিং= সুযোগ]।

৫=[খু]—বি. আতিথ্য গ্রহণ ॥

গোন্ করা=[বা]—ক্রি. দেরী করা ॥ একটু গোন্ কর। [< গৌণ করা]।

গোন্ গুষ্টি=[খু]—বি. বংশ, গোত্র ॥ তারা আমার গোন্ গুষ্টির্ লোক্। [<গণ=গোষ্ঠী বর্গ+গোষ্ঠী সং]।

গোন্‌জা=[সি,রং]—বি,প্রোথিতবাঁশের খুঁটি ॥ পানির্ ভিতর্ এক্‌টা গোন্‌জা আছে। [দেখ গোঁজা, গোঁজ]।

গোন্‌মা=[নো]—বিণ. গম্ভীর, অমালাপী ॥ লোক্‌টা বড় গোন্‌মা।

২=[ম]—বি. ঘুষ ॥ দেশে গোন্‌মা খুরের্ অবাব্ নাই। [<গাঁজা<গান্‌জা হিং; অর্থ প্র.]।

গোন্‌বারন্=[ম]—ক্রি.অতীত হওয়া॥ রাইত্ গোন্‌বারিয়া দিন্ আইল্। [< গোজারন; গুযারনা হিং]।

গোন্‌টা=[কু]—বি. জঙ্গল ॥

গোন্‌ডা=[চট্ট]—বি. শুষ্ক গোবর, গোবরের ঘুঁটে ॥ গোন্‌ডা দি রান্দন্ যায়। [<ঘুটিয়া< ঘুটিক সং; ভুং গোইঁঠা হিং]।

গোন্দ=[বা]—বি. দুর্গন্ধ॥ মরা লাশ্ হতি গোন্দ আসে। [<গন্ধ; অর্থ প্র.]।

গোন্দা=[খু]—বি. গন্ধ ॥ [দেখ গোন্দ]।

২=[চা]—বিণ. মোটা ॥ গোন্দা মানুশ কোন কামের্ না। [<গব্‌দা হিং]।

গোন্দানো=[ক]—ক্রি. তত্ত্বতালাশ লওয়া ॥

২=[রং]—ক্রি. গন্ধ করা ॥ বাপু, কি গোন্দায়্‌রে? [<গন্ধ + আনো ক্রিয়ার]।

গোন্দালি=[রং]—বিণ. গন্ধযুক্ত ॥ বাপ্‌রে কি গোন্দালি জিনিশ্। [< গন্ধ+আলি প্র.]।

গোন্ধান্=[রা]—বি. দুর্গন্ধ ॥ মরা গরুর্ গোন্ধান্ আশ্‌ছে। [গন্ধ+আন]।

গোপর্=[সি]—বি. গোবর ॥ [< গোবর]।

গোপর্‌গাড্=[সি]—বি. যেখানে গোবর সংরক্ষণ করা হয় ॥ গোপর্ গাড়ে বেশ্ গোপর্ রয়সে। [<গোবর +গাদা]।

গোপা=[চা]—বি. মাছ জীবিত রাখিবার মাটির পাত্র ॥ মাস্‌টা গোপায় ফিরাইয়া রাখ্।

২=[পা]—বি. রান্নার তৈল রাখার ছোট মাটির পাত্র বিশেষ ॥

৩=[ম]—বি. শীতের রাতে যেখানে গরু রাখা হয় ॥ [<খোপ+আ প্র.]।

গোপাইল্=[রা,]—বি. গরুর লেজের চুলের গুচ্ছ ॥ গরুর্ লেজে গোপাইল্ না থাক্‌লে ন্যাড়া ন্যাড়া দেখা জায়্। [দেখ গোপালি]।

গোপাট্=[কুম, ম, চা, সি]— বি. গরু চলাচলের প্রশস্ত পথ, সড়ক ॥ [< গো+বাট]।

২=[কুম]—বি. পতিত জায়গা ॥ গোপাটে গরু চ'রে। [পূর্বে দেখ]।

গোপালি=[ম, কু]—বি. কেশ ॥ ঘোড়ার্ গোপালি দি কান্ তৈরি করিশ্ নাকি?

গোপাল্ গাদানি=[ক]—বিণ. পেটুকের ন্যায় ভোজন করে যে ॥ গোপাল্ গাদানিডায় খাইয়া আর্ নড়্‌তে পারে না।

গোপাল্ ভাংগ্=[রং]—বি,শ্বাদন্ত॥ অর্ গোপাল্ ভাংগ্ ভাংগ্যা গেইচে।

গোপেগাপে=[চা]—ক্রি. বিণ. ফাঁকে, সুবিধামত॥ গোপেগাপে কাম্‌ডা কৈর। [<খোপে খাপে]।

গোপ্=[রং, কুম, ক, চা]—বি. লাইন, পালা, জমি নিড়াইবার সময় কয়েকজন মিলিয়া যে পালা নিড়ায় ॥ এত্‌ক্ষণে দুই গোপ্ দেওয়া হল?

২=[বা]—বি. হাঁড়ী বিশেষ ॥

৩=[বা]—বি. খালের মোহনা ॥ [দেখ গোপ্৪]।

৪=[ম]—বি. ক্ষেতের কোনার অংশ॥ এই গোপ্‌টা এবার্ বাইর্ গেসে [< খোপ]।

৫=[সি]—বি. জালের অংশ ॥

গোপ্‌চি=[চা]—বি. গোপন ॥ বাবাইর্ গোপচি ট্যাহা দিয়া ছৌর্ দনি হৈয়া গেল্। [<খোপ+চি প্র.]।

গোপ্টা=[চা]—বি. বিস্তীর্ণ চারণ-

তুমি ।। গরুগুলা গোপ্টায় দিয়া আয়রে । [দেখ গোপাট্] ।

গোপ্তানি=[খু]—বিণ. গোপন ।। শক্ত কথা গোপ্তানি থায় না । [< গুপ্ত+আনি প্র.] ।

গোপ্‌না=[ম]—বি. আড়াল, আলো-বাতাসহীন স্থান ।। তোমাগো বারিহান্ গোপ্‌নায় মৈদ্যে । [দেখ গোপ্৪+না স্বার্থে] ।

গোপ্‌প্যা=[পা]—বিণ. যে বেশী গল্প বলে ।। তর্ মত গোপ্‌প্যা আর্ দেখিনি । [<গপ্<গপ্প<গল্প+ইয়া প্র.] ।

গোপ্‌মতন্=[ঢা]—ক্রি. বিণ. সুবিধা মত ।। গোপ্‌মতন্ কাম্ কর । [<যোগ (=সুবিধা)+মতন] ।

গোপ্ লওয়া=[চা]—ক্রি. আরম্ভ বা সূচনা করা, শৃঙ্খলাবদ্ধ করা ।। কাইল্ হবার্ কামের্ গোপ্ লৈলাম্ ।

গোপ্‌লা গাদল্=[রা]—ক্রি. বিণ. পেট ভরিয়া ।। শশুর্ বাড়ি গিয়া গোপ্‌লা গাদল্ খেয়েছি ।

গোফাইল্=[পা]—বি. গরুর লেজের চুলের গুচ্ছ ।। [দেখ গোপাইল্] ।

গোফাট্=[কুম]—বি. চওড়া বা বড় রাস্তা ।। গোফাট্ দৈয়া শিদা যাও । [দেখ গোপাট্] ।

গোফ্=[সি]—বি. নদীর ফাঁড়ি, যেখানে বিপদের কালে নৌক আশ্রয় নেয় ।। [<ঘোপ] ।

গোফ্‌নো=[ম]—বি. ব্যাঘ্র জাতীয় প্রাণী ।। গোফ্‌নো বিলাই দরয়া খায় ।

গোবংগি=[পা]—ক্রি. বিণ. অনবরত, একঘেয়ে ।। পুলাডা গোবংগি চিঁক্কর্ দুড়সে । [গো+ভঙ্গি] ।

গোবর্ দাড়ি=[খু]—বি. কপাটি খেলা ।।

গোবর্ বাগন্=[খু]—বি. বিলেতী বেগুন ।। গোবর্ বাগুনে শর্দি কাটে ।

গোবান্=[রা]—বি. প্রহার ।। তোমাকে গোবান্ না দিলে তুমি ঠিক্ হবা না । [<কোপান] ।

গোবারা=[কুম]—বি. খেয়াঘাট বা নৌকা ।। [<গুদারা<গুযার্ گذار ফা. ; বর্ণ বিপর্যয়] ।

গোবিন্দ=[রা]—বি. পোষা কবুতরের শ্রেণী বিশেষ ।। [<গোবিন্দ] ।

গোবিন্দ ভোগ্=[কুম চট্ট]—বি. পোলাওর চাউলের ধান বিশেষ ।। [<গোবিন্দভোগ] ।

গোবুদে=[খু]—বিণ. পচা, ব্যবহৃত ।। মাছ্'গুলি গোবুদে ঐ গেসে ।

গোবোদ্=[ব, পা, ম]—বিণ. বোকা, অবোধ ।। গোবোদ্ মাইর‍্যা । [< গাউদী হিং কিংবা গব্‌দা হিং= মোটা ; দেখ গোব্‌দা] ।

২=[ম]—বি. গোবধজনিত পাপ ।। [<গো বধ] ।

গোবৌ=[ম]—বি. ভাবী ।। গোবৌ বাইত্ আইলে খাঅন্দাঅন্ বালা অয় । [গো=ওগো +বউ<বহু প্রাং.<বধূ সং ; দেখ গোমাই৩] ।

গোব্‌দা=[ম]—বিণ. বোকা, নিষ্কর্মা ।। গোব্‌দা পোলাদিয়া করমু কি ? [< গব্‌দা হিং] ।

২=[ম]—বিণ. স্থূলকায়, গোলগাল ।। [পূর্বে দেখ] ।

৩=[কুম]—বিণ.বিশ্রী রকমের বড় ।। আলুডি গোব্‌দা কৈরা কাট্‌স কিয়ারে ? [পূর্বে দেখ] ।

গোব্‌বার্=[চট্ট]—বিণ. মেঘাচ্ছন্ন, আঁধার ।। চ'াইর মুইক্‌কাত্তুন্ গোব্‌বার্ ঐ আইয়ের্ । [<গুবার غبار ফা. =কুয়াশা, ঘনঘোর] ।

গোব্‌রা=[রং]—বি. একজাতীয় ঘাস, শ্যামা ঘাস ।।

গোব্‌রুনে=[খু]—বিণ. গৌরবর্ণ, পাকার পূর্বাবস্থাপ্রাপ্ত ।। গোব্‌রুনে আম্ পাড় । [<গৌর+বর্ণ+এ<ইয়া প্র.] ।

গোব্‌রে খানা=[ম]—বি. গোবর ফেলার গর্ত ।। [<গোবর+ইয়া প্র.+ খানা=খাত সং] ।

গোব্‌র‍্যা পোকা=[রা]—বি. গোবরে পোকা ।। গোব্‌র‍্যা পোকা বাসে খুব থায় । [<গোবরিয়া পোকা= গোবরে পোকা] ।

গোভান্‌ডা=[রং]—বি. গাছ বিশেষ (পাতা ছিঁড়িলে আঠা বাহির হয়) ।। গোভান্‌ডার্ আঠা বিশের্ কাম্ দ্যায় ।

গোভিন্=[রা]—বিণ. গর্ভবতী ।। গাইটা গোভিন্ । [<গাভিন<গর্ভিণী সং] ।

গোমনে=[ম]—ক্রি.বিণ. গোপনে ।। গোমনে কাম্ হাইর‍্যা আয় । [< গোপনে] ।

গোমর্=[চট্ট, কুম]—বি. দোষ, ত্রুটি ।। তোমার কথাত্ গোমর্ আসে । [<গুমর্ হিং ; অর্থ. প্র.] ।

২=[ম]—বি. অহঙ্কার ।। বেশি গোমর্ করন্ বালা না । [<গুমর্ হিং ; গুমান্ হিং] ।

৩ =[ম]—বি. অনুরাগ ।। ওই সুন্দির্ লাগ্যা কি এত গোমর্ ? [<গুমান্ گمان ফা. ; অর্থ প্র.] ।

গোমা=[কুম]—বি. গরম ।। কি গোমা ফালাইসে ! [=গুমা ; গুম=বদ্ধ আব-হাওয়া+আ প্র.] ।

২ =[রং]—বি. দ্রোণ পুষ্প ।। গোমার্ অশের্ অনেক্ গুন্ ।

৩=[ম,ঢা]—বিণ. মোটা তাজা, বেশী মোটা ।। পরের্ পোলা গোমা গোমা ।

৪=[রং]—বি. গোখ্‌রো সাপ ।।

৬=[ঢা]—বি. ছোট পেরেক ।।

গোমা আলু=[রং]—বি. অত্যন্ত ভালো ও শিকরবিশিষ্ট আলু ।। গোমা আলুর্ ডাইল্ ভালো ।

গোমাই=[ব, রং, রা, দি]—বি. গরুর মুখবন্ধ ।। গরুর মুখে গোমাই না দি মাঠে নেওয়া উচিত্ নয় (রং) । [< গো+মুখ+আই প্র.] ।

২ =[খু]—বি. গোবর ।। [<গোময়] ।

৩=[ম]—বি. মা ।। তোমার্ গোমাই কেমুন্ আসুইন্ ? [গো=ওগো+মাই <মাইআ প্রাং<মাতৃকা সং ; দেখ গোবৌ] ।

গোমা কাড়া=[খু]—বি. বড় [illegible]

বিশিষ্ট তাঁরকাটা ॥ গোমাকাডা মুতায় মারে। [<দেখ গোমা৩+কাঁটা]।

গোমান্=[সি]—বি. বড়াই, অহঙ্কার ॥ বেশি গোমান্ করিও না। [< গুমান্ گمان ফা.; অর্থ প্র.]।

২=[রং]—বি. গরুর মুখের ঢাকনি বিশেষ ॥ গরুর্ মুখে গোমান্ দ্যাও। [<গো+মুখ+আন প্র.]।

গো মারা=[খু]—ক্রি. একগুঁয়েমি করা ॥ গো মারি বশি থাকি লাভুটা কি? [<গোঁ+মারা]।

গোমা শাপ্=[রং, রা]—বি. গোখরা সাপ ॥ এক্‌টা গোমাশাপ্ বেড়াইছে(রা)। [দেখ গোমা৩+সাপ<সর্প]।

গোম্=[চট্ট]—বি. গম্ভীর ॥ এগ্‌বারে গোম্ ঐ গেসে গৈ। [<গুম্ گم ফা. =গুপ্ত; অর্থ প্র.]।

২=[চা]—বি. বাঙ্গির আকৃতি বিশিষ্ট খুব ছোট এক প্রকার ফল ॥

৩=[বা]—বি. পটকা, বোমা ॥ বিয়েতে গোম্ ফুডায়। [<বোম, বোমা; bomb ইং; তুং bomba পোতু.]।

৪=[বা]—বি. মৃতের বাড়ি ॥ গোমের্ বারিতে তিন্ দিন্ রান্দন্ মানা। ['গম্ غم ফা.=শোক বা দুঃখ]।

৫=[চট্ট]—বিণ. নিখোঁজ ॥ লোক্‌টি কোথায় গোম্ ঐ গেল্। [< গুম্ گم ফা.]।

৬=[চা]—বি. গম ॥ [<গউম< গহুম প্রাং<গোধূম সং]।

গোম্ করা=চা]—ক্রি. লুকানো ॥ চৌর্‌ডারে মাইরা একুদুম্ গোম্ করসে। [দেখ গোম্১ +করা]।

গোম্‌টা=[চট্ট]—বি. গরুর গোবর দিয়া তৈরী জ্বালানী বিশেষ, ঘুঁটি ॥ [দেখ গোমুডা]।

২=[রং]—বি. অভিমান, রাগ ॥ মুখ খানে খালি গোম্‌টা নাগে আছিল্। [< গোমড়া অথবা গুমট+আ স্বার্থে]।

গোম্‌টাউলি=[কুম]— বি. শাশুড়ী ॥ [<ঘোম্‌টা+উলি প্র.; অর্থ প্র.]।

গোম্‌ডলা=[রং]—বিণ. দীর্ঘসূত্রী ॥ গোমুডলা লোকের্ এ কাম্ না।

গোম্‌ড়া=[খু]—বিণ. বোকা ॥ [গুম্‌রাহ্ گمراه ফা.=পথভ্রষ্ট; দেখ গোম্‌রা]।

গোম্‌তি করা=[সি]—ক্রি. যাড়াইয়া যাওয়া ॥

গোম্‌বাক্‌রানো=[রং]—ক্রি. আচ্ছামত প্রহার করা ॥ চোর্‌ক ধরি গোম্‌বাকৃরাইচে।

গোম্‌বা ফ্‌লানো=[পা]—ক্রি. মুখ ভার করা ॥

গোম্‌বু=[রং]—অব্য. সম্বোধন বিশেষ ॥ কেন্‌টে গেছিলু গোম্‌বু? [গো +বু= বুবু; দেখ গোবৌ, গোমাই]।

গোম্‌রা=[নো,ফ]—বিণ. অজ্ঞ, মূর্খ, অবুঝ, পথভ্রষ্ট ॥ [দেখ গোম্‌ড়া]।

গোয়র্=[চট্ট]—বি. গোবর ॥ গোয়রে ভাল শাক্ অয়্ [<গোবর]।

গোয়া=[সি]—বি. সুপারি ॥ [<গুয়া <গুবাক]।

২=[খু]—বি. মোরগ ॥ যামাই আইসে গোয়া ধর্।

৩=[রং]—বি. যোনি ॥ [<গুঅ প্রাং<গুদ=মলদ্বার]।

৪=[পা]—বি. পাছা ॥ [পূর্বে দেখ]

গোয়াই ঘর্=[চট্ট]—বি. ঠাকুর ঘর ॥ [<গোসাঁই<গোস্বামী(=দেবতা)+ ঘর]।

গোয়াইল্‌লা=[চা,কুম]—বি. গোয়ালা ॥ এই গোয়াইল্‌লা আংগ গাই দোয়ায়্। [<গোয়ালা<গোপাল]।

গোয়াগোয়ি=[বা]—বি. সহবাস ॥ [দেখ গোয়া৩]।

গোয়া পাইরা=[কুম]—বিণ. দুইচাল বিশিষ্ট ॥

গোয়াচাপা=[ফ]—বি. ছোট কাপড়, নেংটি ॥ [দেখ গোয়া৪+চাপা]।

গোয়াচি=[চট্ট]—বি. পেয়ারা ॥ [গোয়া<guava পোর্তু.+চি প্র.]

গোয়াখালা=[কুম]—বি. দিনের বেলায় গরুকে যেখানে খাবার দেওয়া হয় ॥ গোয়াখালায় গাশ্ দ্যাও। [<গোশালা]।

গোয়াট্=[কুম]—বি. পতিত জায়গা ॥ গোয়াটে গরু চ'রে। [দেখ গোপাট্]।

২=[কুম,নো]—বি. সরকারী রাস্তা ॥ গোয়াট্ দিয়া মটর্ চ'লে। [দেখ. গোপাট্; অর্থ প্র.]।

গোয়াড়া=[খু]—বি. গরুর ঘাস দেওয়ার পাত্র বিশেষ ॥ গোয়াড়ায় যাবনা দ্যাও। [<গো+হাঁড়া]।

গোয়ানো=[কুম,পা,রং]—ক্রি. যাপন করা, অতিবাহিত করা ॥ অযথা দিন্ গোয়াইলে পরে হায়্ হায়্ কর্‌তি অয়্ (পা)। [<গোয়ানো<গমান]।

২=[পা]—ক্রি. কারো সঙ্গে বসবাস বা সংসার করা ॥ যার্ শাথে যে গোয়ায় শেই তাকে বালবাশে। [পূর্বে দেখ]।

৩=[কুম]—ক্রি. নষ্ট করা ॥ তোমে আরো গোয়াইলে বালা।

গোয়ামরি=[পা]— বি. মৌরী ॥ গোয়ামরি কত করি? [< গুয়া < গুবাক সং+ মৌরি< মহুরিআ প্রাং.<মধুরিকা সং]।

গোয়ামুরি=[ম]—বি. আমন ধান বিশেষের নাম ॥

২=[ম]—বি. মৌরী ॥ গোয়ামুরি খাও। [দেখ গোয়ামরি]।

গোয়ামুরি আইশ্=[ম]—বি. মৃদু হাসি ॥ নয়া বৌ গোয়ামুরি আইশ্ দ্যায়। [দেখ গোয়ামরি+হাসি= মিষ্টি হাসি]।

গোয়ায় হাল্‌ডি দেওয়া=[চা]— ক্রি. অন্যের ক্ষতি করা ॥ তুমি পার কেবল্ পরের্ গোয়ায় হালুডি দিতে। [=গুহ্য দেশে লাঠি দেওয়া; বাগ্‌ধারা]।

গোয়ারা=[ফ]—বি. গোশালা ॥ গরুগ্ গোয়ারা। [<গোয়ালা<গোশালা]।

২=[ম]—বিণ. প্রকুল্ল ॥ তারে খুব গোয়ারা দেহা যায়। [<গোয়ারা گوارا ফা.; অর্থ প্র.]।

গোয়ারি=[কুম]—বি. গরুর ঘর বা খোঁয়াড় ॥ গোয়ারিতায় চাঁদু আজা।

[< গোয়ালি < গোহাইল < গোশাল গোশালা]।

২=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥ আইলে গোয়ারি কেইলে আশি।

গোয়ার্=[নো]—বি. গরুর হাড় ॥ [<গো+হাড়]।

২=[কুম]—বিণ. গ্রাম্য, যাহার ভয় ভাবনা কম ॥ লোক্‌টা বর গোয়ার্। [<গোঁয়ার]।

৩=[পা]—বিণ. শক্তিশালী ॥ [পূর্বে দেখ]।

৪=[কুম, রা]—বি. বাঁশ বা সুপারি গাছের চটি বা কাইম ॥

৫=[ফ]—বি. ছোট ডোবা বিশেষ ॥ গোয়ারে কৈ মাস্ পাওয়া যায়।

গোয়ার্ কামর্=[ঢা]—ক্রি. বিণ. অনর্থক, স্বেচ্ছায় ॥ তুমি গোয়ার্ কাম্‌রে ওখানে গিয়া মাইর্ খাইলা। [=গুহ্য দেশের কামড়; বাগ্‌ধারা]।

গোয়ার্ম্যান্=[কুম]—বি. সরকার, গভর্ণমেণ্ট ॥ [<গভর্ণমেণ্ট government ইং]।

গোয়ালা=[রা]—বি. লতা বিশেষ ॥

গোয়ালিয়া=[বা]—বি. গঙ্গা ফড়িং॥

গোয়াল্=[কুম]—বি. পশু চিকিৎসক ॥ গরুর্ রোগে গোয়াল্ ডাহ। [গোপাল =গোরক্ষক]।

গোয়াল্ বেলা=[ব, রা]—বি. বেলা নয়টা দশটা ॥

গোয়াল্‌লি=[রং]—বি. রঙীন বড় ফড়িং বিশেষ ॥ বাইশ্যাত্ গোয়াল্‌লি দেখা যায়।

গোয়াশিশি=[রা]—বি. এক প্রকার তৃণ ॥ গোয়াশিশিতে ভুই বৈর‍্যাছে।

গোরপ্=[পা]—বি. অস্তমিত, ধ্বংস ॥ [গরূব غروب আং=সূর্যাস্ত অর্থে]।

২=[চা]—বি. রাখাল ॥

গোরপত্=[খু]—বিণ. লুপ্ত ॥ শেই নবাবের্ বংশ আর্ গোরপত্ পরায়্। [দেখ গোরপ্]।

গোরম্ চে'ত্তা=[খু]—ক্রি. হঠাৎ মাথা গরম হওয়া ॥ তার্ গোরম্ চে'ত্তিসে। [<গরম+চেতা; √চেত্+আ]।

গোরল্=[চট]—বি. ব্যাঙের ডিমের থোকা ॥ [<গরল]।

গোরশন্=[খু]—বি. গাছ বিশেষ ॥ গোরশুনের্ বড় গন্ধ। [গোরশুন]।

গোরশ্=[পা]—বি. গরুর দুধ ॥ [<গো+রস]।

গোরশ্ গোরশ্=[রং]—অব্য. নিশ্বাস বন্ধ হইয়া যাওয়ার উপক্রমের সময় গলার আওয়াজ ॥ গোরশ্ গোরশ্ করে কে? [অনু.]।

গোরস্তানে নেওয়া=[পা]—ক্রি. কারো মৃত্যু কামনা করা ॥ তোকে গোরস্তানে নিম্, তয় মারুম্। [< গোরস্তান্ گورستان ফা.+এ+নেওয়া; বাগ্‌ধারা]।

গোরা=[পা, নো, রা]—বি. বাখারী নির্মিত খোঁয়াড় ॥ গোরাতে গাশ্ দ্যাও।

২=[নো]—বি. ঢাকনা ॥ বাতের্ হাইলা গোরাদি রাইশ্।

৩=[পা]—বি. লেবু বিশেষ॥ গোরা কাট্যা দ্যাও, বাত খাম্। [<গোঁড়া]।

৪=[বা, ফ]—বি. ডাঁটা ॥ গোরা তর্‌কারি বালো।

৫=[ম]—বি. নৌকার গুড়া, যে কাষ্ঠ খণ্ডের উপর পাটাতন বিছানো হয় ॥ [<গুড়া]।

৬=[ম]—বি. ব্যস্ততা, কোন কাজের জন্য উঠিয়া পড়িয়া লাগার ভাব ॥

গোরাইঠা=[ম]—বি. বড় লাঠি॥ [< গরু (বৃহদর্থে)+লাঠা]।

গোরাইন্‌না=[ফ]—বি. লাঠি॥ গোরাইন্‌না দিয়া বারি মারুসে। [দেখ গোরাইঠা]।

গোরাইলা=[ম]—বি. বড় লাঠি ॥ [দেখ গোরাইঠা]।

২=[ম]—বিণ. হিংসুক ॥ গোরাইলা মাইন্‌ষে কারো বালাই দেক্‌পার্ পারে না। [<গয়ূর غيور আং+ইলা প্র.]।

গোরাকাঠ্=[ম]—বি. বেঞ্চ ॥

গোরাচি'লা=[চট]—বি. উপাসনার জন্য কবরের আকৃতিবিশিষ্ট কোঠা বিশেষ ॥ [গোরা<গোর گور ফা.+চালা=ছোট ঘর]।

গোরাড়ে=[খু]—বিণ. বড় ও মোটা ॥ লোক্‌টার্ হাতে এক্‌টা গোরাড়ে লাঠি।

গোরান্=[ব, খু]—বি. গাছ বিশেষ॥ [<গরান]।

২=[ফ]—ক্রি. কাটা ॥ [<গোড়া+আন প্র.]।

গোরাপ্=[খু]—বি. মুস্কিল ॥ বড় গোরাপ্ হৈসেরে। [<গড়বড় হিং কিংবা গড়প্ হিং=কাদায় ডোবা; অর্থ প্র.]।

গোরামাল্=[ফ]—বি. এক প্রকার ছোট দাগকাটা মাছ ॥

গোরামিয়া=[সি]—বি. (সাধারণতঃ) বড় ভাই (বিশেষতঃ যিনি ফর্সা)॥ [<গোরা(=ফর্সা) +মিয়াঁ হিং]।

গোরামুয়া=[কুম]—বি. মুখের দড়ি॥ গরুটায় গোরামুয়া সিরা্য খ্যাত্ খাইল্।

গোরালি=[পা]—বি. মাস্তুল আটকানোর ছোট দণ্ড ॥ গোরালির্ শাতে মাস্তুল্ বান্‌দে ॥

গোরাল্ টোকানো=[ঢা]—ক্রি. শয়তানী করা ॥ তুই এত গোরাল্ টোকাস্ ক্যা? [=গোড়ালি ঠোকানো; বাগ্‌ধারা]।

গোরি=[ম]—বি. মাচান ॥ লাউ গাসে গোরি দ্যাও।

গোরিন্‌দা=[ম]—বি. গুপ্তচর॥ আমার্ পিসে গোরিন্‌দা লাগ্‌সে। [গোয়েন্দা <গোই'ন্দহ্ گوئنده ফা.]।

গোরিয়া=[সি]—বি. পুরাতন ছন॥ গোরিয়া দিয়া আবার্ গর্ সাওয়ন্ যাইত।

গোরিয়াযারি=[সি]—বি. বিলাপ॥ যেন্ মা মরার্ গোরিয়াযারি শুরু কর্‌সে। [< গিরয়হ্ گریه ফা.+ যারী زاری ফা.]।

গোরিয়ানা=[সি]—বিণ. সাদা, ফর্সা, সুন্দর ॥ গোরিয়ানা লোক্। [< গোরা<গৌর সং+আনা প্র.]।

গোরিয়ানি=[সি]—বি. বাঁশের গোড়া ॥ গোরিয়ানি দিয়া গরের্ খুটা লাগাও।

গোরুরি=[চা, ম, কুম]—বি. অভিমান ॥ গরিবের্ কাসে অত গোরুরি দেহাইও না। [<গুরুর্ غرور আং +ই প্র.]।

গোরে ডাকা=[সি]—ক্রি. মৃত্যু নিকটবর্তী হওয়া ॥ তোমারে গোরে ডাকের্। [<গোর گور ফা.+এ+ডাকা]।

গোরের্ নারা=[নো]—বি. ধান কাটার পর ক্ষেতে অবশিষ্ট লম্বা খড় ॥ [<গোড়ার+নাড়া=খড়]।

গোরের্ পার যাওয়া=[ম]— ক্রি. মরা ॥ [<গোর گور ফা.+পাড়+যাওয়া]।

গোরৈল্=[চট্ট]—বি. ব্যাঙের্ ডিমের স্তূপ ॥ পানিত্ ব্যাঙের্ গোরৈল্ ভাশের্। [দেখ গোরল্]।

গোরো=[ব, রা]—বিণ. ফর্সা ॥ শবাই গোরো মাইয়্যা পছন্দ করে (রা)। [<গোরা<গৌর সং+ও<উয়া প্র.]।

গোরোপ্=[হ]—বি. অন্যায় ॥ [দেখ গোরাপ্]

গোর্=[ব, রা]—বি. নিকট ॥ বশন্ত রোগির্ গোরে না যাওয়াই ভালো। [গোড়=পা]।

গোর্ আযাব্=[সি]—বি. কবরের শাস্তি ॥ গোর্ আযাবের্ বর্ রাখিও। [<গোর্ گور ফা. +'আযাব عذاب আং]।

গোর্ করা=[চা]—ক্রি. মুখ ভার করিয়া থাকা, অন্ধকার হইয়া থাকা ॥ ম্যাগে গোর্ কৈর্য্যা রৈসে ॥ [<ঘোর =অন্ধকারের ভাব+করা]

গোর্কি=[সি]— বিণ. ছিনাল, অসতী ॥ হেতার্ বৌডা গোর্কি।

গোর্কুত্তে=[ম]—বি. মাছ বিশেষ ॥

গোর্ খাইয়া=[রং]—বি. গভীর গর্ত ॥ ঐঠার্ গোর্ খাইয়া কর্‌ল কে?[<গড়খাই<গড়খাত; তুং গড়য়্যা হিং]।

গোর্ খুদুনি=[চট্ট]—বি. কবর খুড়ে এইরূপে কাল্পনিক জীব বিশেষ ॥ [<গোর گور ফা.+√খুদ্+উনি প্র.]।

গোর্গুরি=[রং]—বি. পশুর গলার আওয়াজ ॥ এত গোরগুরি, বাপুরে বাপ্! [ধ্বন্যা.]।

গোর্গোরা=[রং]—বিণ. গভীর ॥ গোর্গোরা পুকুর্।

গোর্চি'লা=[চা]—বি. চিল জাতীয় পাখী বিশেষ ॥ গোর্চি'লায় মুর্গির্ সাওডা নিয়্যা গেল্। [গরু(বৃহদর্থে)+চিল+আ প্র.]।

গোর্চে'লি=[চট্ট]—বি. মাছ বিশেষ ॥

গোর্জ মারা=[রং]—ক্রি. দণ্ডদ্বারা আঘাত করা ॥ [<গুর্য গرز ফা.+মারা]।

গোর্ডাইনা=[ম]—বিণ.মোটাসোটা ॥ গোর্ডাইনা বলদ্।

গোর্তাল্=[ফ]—বিণ. ভীষণ, ভয়ানক ॥ কি গোর্তাল্ ম্যাগ্ কর্‌সে।

গোর্দা=[পা]—বি. হাস ॥ পোলাডার্ গোর্দা উড়্‌সে।

২=[কুম]—বি. প্লীহা, কলিজার সাথের ছোট মাংস পিণ্ড ॥ গরুর্ গোর্দা অনেকে খায়্। [<গুর্দা گرده ফা.]।

গোর্দা গুরানো=[পা]—ক্রি. রাগ দেখানো ॥ হে কেবল্ গোর্দা গুরাইতে পারে।

গোর্দা গুরুদি=[ফ]—বি. লড়াই, হুড়াহুড়ি ॥

গোর্পল্=[চা]—বি. অধিক পানিতে পলোর উপর দাঁড়াইয়া মাছ ধরার পদ্ধতি ॥ গোর্পল্ বাইয়া বেশি মাস্ মারন্ যায়্ না।

গোর্ফি=[কুম]—বি. ঝোঁপ, অন্ধকার স্থান ॥ পলাপলি খেলায়্ শুমর্ গোর্ফিত্তে পলায়্।

গোর্বা=[ম]—বিণ. দরিদ্র ॥ আম্‌রা গরিব্ গোর্বা মানুশ্। [<'গুর্বা غربا আং; 'গরীব غريب আং এর বহুব.]।

২=[চট্ট]—বি. বাপের ছোট ভাই, চাচা ॥

গোর্ মারা=[খু]—ক্রি. পায়ের গোড়ালি দিয়া আঘাত করা ॥ [<গোড় হিং+মারা]।

গোর্মুট্টা=[সি]—বিণ. মেঘাচ্ছন্ন ॥

গোর্রহুন্=[চা]—বি. বড় রসুন ॥ গোর্রহুন্ কোনু কোনু তর্কারিতে লাগে। [দেখ গোরশুন্]।।

গোর্সা=[চা]—বি. গরু বাঁধার লম্বা দড়ি ॥ [দেখ গোসর্] ॥

গোলক্=[পা]—বি. দশ বার হাত চওড়া নৌকা ॥

গোলম্‌বা=[নো]—বি. সাদা ফল বিশেষ ॥ গোলম্‌বা টক্ নয়্। [গোলাপ জাম]।

গোলা=[রা]—বি. ঘর নিকানোর জন্য মাটি মিশেল পানি ॥

২=[রা]—বি. কবুতরের শ্রেণী বিশেষ ॥

৩=[ফ]—বি.আমের রস ॥ এক্‌টা আমে অনেক্ গোলা ঐসে।

৪=[বা]—বি. মশারি ॥ গোলা টানাইয়া শোও।

৫=[চা]—বি. বিল ॥ গোলাতে বয়া পানি।

৬=[চট্ট, নো]—বি. মাঠ, জমি ॥

৭=[খু]—বি. জলের আবর্ত, নদীর মধ্যে যেখানে জল গোল হইয়া ঘোরে ॥ গোলায় পড়ি নাও ডুবল। [গোল+আ প্র.]।

৮=[চা, পা]—বি. পানি মিশ্রিত চাউলের গুঁড়ি ॥ [√গুল্]।

৯=[কু, পা]—বি.আখের ছোবড়া ॥ খারাপ্ কুশেরের্ রশ্ ঘোটেই পাওয়া যায়্ না, কেবল্ গোলা।

১০=[ফ]—বি. বেড়াজাল, ধাঁধাঁ ॥ তোমার্ কথায়্ গোলায়্ পড়্‌সি।

গোলাইয়া=[চা]—অস. ক্রি. গোল করিয়া, গোলাকার হইয়া ॥ খেইলের্ গর্‌ডা গোলাইয়া বানাও। [<গোল +ইয়া প্র.]।

গোলাখেত্=[কুম]—বি. বাড়ির পাশের জমি ॥ [দেখ গোলা৬ +ক্ষেত <ক্ষেত্র সং]।

গোলাচি'=[খু]—বি. আঙ্গুলের মাথা ॥ আঙুল্ডার্ গোল্চি' ফাটে গেসে।

গোলা তোলা=[পা]—ক্রি. কাজ নষ্ট করা ॥

গোলানো=[খু]—ক্রি. লণ্ডভণ্ডকরা, ছিন্নভিন্ন হওয়া ॥ খাটের্ উপর কাপড়্গুলি গোলায়ে আসে।

গোলান্=[রা, ব]—বিণ. উর্বর ॥ গোলান্ জমিত্ ফশল্ বেশি হয় (রা)।

গোলাপি=[ম]—বি. একটি আমন ধানের নাম ॥ [গুলাব گلاب ফা. +ই]।

গোলাপ্=[ম]—বি. সখী ॥ রহিমা রাবেয়ার্ গোলাপ্। [<গুলাব گلاب ফা.; অর্থ প্র.]।

গোলাপ্ পাইর্=[ম]—বি. গ্রাম্য খেলা বিশেষ ॥ গোলাপ্ পাইর্ পুলাপানের্ খেলা।

গোলাব্ যাম্=[কুম. চট্ট]—বি. গোলাপ ফুলের মতো সুগন্ধিযুক্ত জাম বিশেষ ॥ [দেখ গোলম্রযা]।

গোলামি=[বং]—বি. অকাজে সময় নষ্ট করণ ॥ তোর্ গোলামি ভাল লাগে না।

গোলাম্ড়ো=[বা]—বি. পায়ের গোড়ালি ॥

গোলামের্ গেডি=[চা]—বিণ. গালি বিশেষ ॥ পোলাডা এক্ কাজের গোলামের্ গেডি। [<গুলাম غلام আ: +এর +গেডি<গেন্দা হিং— শিশু]।

গোলামের্ পো=[চা]—বি. মেয়েদের গালি বিশেষ ॥ গোলামের্ পো গোলাম্, আমারে আর্ কত যালাবি! [দেখ গোলামের্ গেডি+পো<পুত্র সং]।

গোলাম্ জগর্=[রা]—বিণ. মাছ বিশেষ ॥

গোলুই=[কু]—বি. নৌকার মধ্যস্থান ॥ নৌকার্ গোলুইতে পানি ভরা। [<গলুই]

গোলে=[বা]—অব্য. হইতে ॥ কোথা গোলে আইস? [<গোড়+এ বিভক্তি]।

গোলে অম্বল=[পা]—বিণ. বিশৃঙ্খল ॥ আমার্ কাম্ গোলে অম্বল্।

গোলেটাক্=[বা]—বি. ভয়ঙ্কর ফাঁকি ॥ মানুশ্টা তুমারে এমুন্ গোলেটাক্ দিয়া গেল্।

গোলেয়া=[রং]—বি. গোলদ্রব্য ॥ এক্খান্ গোলেয়া আনি দেইহ্। [<গোল+ইয়া প্র.]।

গোল্যা=[বা]—বি. আঁটী ॥ দানের গোল্যাটা নি আয়।

গোলৈ=[ম. ক. পা]—বি. নৌকার সম্মুখের ও পিছনের কোণাকৃতি স্থান ॥ [দেখ গোলুই]।

গোল্=[ব, রা]—বিণ. মাঠের উপরের দিকের জমি ॥ গোল্ যমিতে ফশল্ ভাল হয় (ব)।

২=[কুম বা]—বি. রসালো শরীরের রস ঝরাইবার জন্য পায়ে স্বেচ্ছাকৃত তৈরী ঘা। [<গুল]।

৩=[খু,ফ]—বি. নদীর পাকের জল বুদ্বুদ ॥

গোল্ করা=[খু]—ক্রি. নিবানো ॥ আলোটা গোল্ কর্। [<গুল্ হিং +করা]।

গোল্ খার্=[চা, সি]—বি. পায়ের অলঙ্কার বিশেষ ॥ [=গোড় খাড়]।

গোল্গশ্ত্=[ম]—বি. আমোদ প্রমোদ ॥ শাদিতে খুব গোল্গশ্ত্ ঐসে।। [<গুল গশ্ত্ گل گشت ফা. =উদ্যানে ভ্রমণ]।

গোল্গুইল্যা=[চট্ট]—বিণ. গোলাকার ॥ গোলগুইল্যা আম্। [<গোল+গুইল্যা অনু.]

গোল্ গোল্=[রং]—বিণ. ঢিলা, পরিমাণ হইতে বেশী ক্ষয় প্রাপ্ত ॥ একেবারে গোল্গোলা হছে।

গোল্ঘা=[কুম]—বি. খড়ি ॥ চু'লায় গোল্ঘা দে।

গোল্টা=[ম]—বি. শ্লেষ্মা ॥

গোল্ ডালা=[পা]—বি. কুপরামর্শ ॥

গোল্তানি=[পা]—বি. পানিতে মাছের নড়া ॥ রুই মাস্ রাইতে গোল্তানি দেয়। [<গল্তান্ غلطان ফা. +ই প্র.]।

গোল্না=[নো]—বি. পাক ॥ গোল্নায় মধুদে ন যাইস্।

গোল্ পাকানো=[চা]—ক্রি. পরামর্শ করা ॥ রাইতে রাইতে গোল্ পাকাইয়া আমারে বোডে ফেল্ করাইল্। [<গোল (গোলমাল)+পাকানো]।

গোল্ফা=[চা]—বি. গেঁজ বা শিকড় ॥ তালের্ গোল্ফা বাইর্ ঐসে।

গোল্মালা=[পা]—বি. গোলাকার বস্তু ॥ তোর্ আতে গোল্মালা ওটা কিরে? [<গোল+মালা প্র.]।

গোল্মেক্=[চা]—বি. বড় পেরেক ॥ চ'কির্ হগল্ পায়ায় একটা কৈর্যা গোল্মেক্ নাগাও। [গুল্ মেখ گل میخ ফা.]।

গোল্লা=[চা]—বি. মাথার মধ্যস্থলে চুলের গোলাকার চিহ্ন ॥ অর্ মাথায় দুইডা গোল্লা। [<গোল+আ স্বার্থে]।

২=[দি, রা,বং]—বি. ফেনা, মুখের লালা ॥

গোল্লা খেলা=[কুম]—বি. দৌড়াদৌড় খেলা ॥

গোল্লা বেত্=[কুম]—বি. গ্রাম্য মাতব্বরদের হাতের বেত ॥

গোল্লা সুট্=[পা] —বি. একপ্রকার দৌড়াদৌড়ি খেলা ॥ [<গোল্লাছুট]।

গোল্শা=[খু]—বি. টেংরা জাতীয় মাছ ॥

গোলশাং=[বং] বি. হিজিবিজি, গণ্ডগোল ॥ তার গোল্শাংতে জিবন্ জাবেক্।

গোল্শ্যা=[ফ]—বিণ. পেটুক ॥ গোল্শ্যার্ মত গিল্গে।

২=[ফ]—বি. শকুন।

গোল্হুইস্=[নো]—বি. বস্তা সেলাইর সুঁই। [<গোল+সুইচ<সূচী সং]।

গোশা=[ম]—বিণ. কুড়ে, অলস ॥ গোশা মাইন্শের্ উন্নতি নাই।

গোশাই দেওয়া=[রং]—ক্রি. প্রণাম করা ॥ [গোঁসাই < গোস্বামী + দেওয়া]।

গোসা খাওয়া=[চুম]—ক্রি. তাঁতি বা গাছীর গান দুই চারি জনে মিলিয়া গাওয়া ॥ [<দোহা: গাওয়া]।

গোশায়্‌নিশ্‌=[ম]—বিণ. নির্জনবাসী, সংসারত্যাগী ॥ [<গোশহ্‌ নশীন گوشه نشین ফা.]।

গোশি=[ম; পা]—বি. শুকনা গোবর ॥ [ঘসি ম. বাং]।

গোশ্‌টি পারা=[সি]—বি. বংশধর ॥ আমার্‌ গোশ্‌টি গারা শবাই শিক্‌খিত। [<গোষ্ঠী সং+গারা অনুঃ]।

গোশ্‌ পারা=[পা]—ক্রি. বিলম্ব করা ॥

গোশ্‌মাইন্‌=[বা]—বি. ন্যাকড়া ॥ গোশ্‌মাইন্‌ সারা পাতিল্‌ নামান্‌ যায়্‌ না। [<দস্তমাল دستمال ফা.]।

গোশ্‌রা=[সি]—বি. কাঁটা মাছি ॥

গোসর্‌=[খু]—বি. গোচারণের লম্বা দড়ি ॥ গোসরের্‌ দড়ি কৈ? [<গো+চর=চরে যেখানে]।

গোসর্‌ দেওয়া=[ফ]—ক্রি. ঘাস খাওয়ার জন্য গরুকে লম্বা দড়ি সহ খুঁটায় বাঁধিয়া দেওয়া ॥ [দেখ গোসর্‌+দেওয়া]।

গোসল্‌=[চা]—বি. বিবাহের পূর্বে পাত্রীকে দেয় গোসলের সরঞ্জামাদি ॥ সকিনার্‌ বিয়ার্‌ গোসল্‌ আনসে। [দেখ গোচ'ল্‌; অর্থ প্র.]।

২=[পা, কুম]—বি. মেয়েদের মাসিক স্রাব ॥ [পূর্বে দেখ]।

গোসা=[বা]—বি. দড়ি ॥ একটা গোসা পাকাইতে ঐব। [=গোছা <গুচ্ছ]।

২=[কুম]—বি. জোড়া ॥ নাওভাত্‌ গোসা দিতে ঐব্‌। [গোছা]।

৩=[পা]—বি. উরু ॥ মেয়েডার্‌ গোসা থর্‌ থর্‌ করে।

গোসাইরা দড়ি=[চা]—বি. মাঠে গরু চরাইবার উদ্দেশ্যে খুঁটার সঙ্গে বাঁধা লম্বা দড়ি ॥ [দেখ গোসর্‌+ইয়া প্র.+দড়ি]।

গোসা দেওয়া=[ম]—ক্রি. ধানের চারা রোপণ করা ॥ বাদুলর্‌ মাগে গোসা দিলে বালা ধান্‌ অয়্‌। [গোছা<গুচ্ছ+দেওয়া]।

গোসানো=[ম]—ক্রি. ট্যাকে লওয়া, সঙ্গে লওয়া ॥ [<গোছানো]

গোসানো গাসানো=[চা]—ক্রি. কাজের জন্য তৈরী হওয়া ॥ দুইদিন্‌ বাদেই বিয়া, হগল্‌কার্‌ গোসাইয়া গাসাইয়া লও। [<গোছানো+গাছানো অনুঃ]।

গোসালা=[ম]—বি. খড়ের ঘর ॥ [<গোচালা=গরু থাকিবার চালা ঘর]।

গোসাল্‌=[ক]—বি. শৃঙ্খলা ॥ তার্‌ কামের্‌ কোন্‌ গোসাল্‌ নাই। [<গোছ+আল প্র.]।

গোসাল্‌পদ্‌=[ম]—বি. মজুরি না লইয়া সহযোগিতামূলক পদ্ধতিতে প্রতিবেশীর ক্ষেতে কাজ করণ ॥

গোসি=[সি]—বি. পায়ের গোড়া ॥ পুরিউগার্‌ গোসি বর মুডা। [<গোছ (=পায়ের গোড়ালি)+ই প্র.]।

২=[সি]—বি. কোন কাজের আরম্ভ ॥ [<গোছ=শৃঙ্খলা+ই প্র.]।

গোসিলা=[কুম]—বি. চিল বিশেষ ॥ গোসিলায়্‌ মাস্‌ খায়্‌।

গোসোড়্‌=[পা, ফ]—ক্রি. বিণ. লম্বা দড়ি দিয়া বাঁধা ॥ গরুগুলি গোসোড়্‌ দাও। [দেখ গোসর্‌]।

গোসোড়্‌ দেওয়া=[কু]—বি. একত্র করা, জোড়ান দেওয়া ॥ [দেখ গোসির্‌ দেওয়া]।

গোসোলা=[সি]—বিণ. মাংসওয়ালা, মাংসল ॥ গোসোলা মুর্‌গি দেইক্যা ধর কর্‌ ॥ [<গোশ্‌ত্‌ گوشت ফা.+ওলা হিং প্র.]।

গোসোল্‌=[চা, কুম]—বি. স্নান ॥ আমি গোসোল্‌ করমু। [দেখ গোচ'ল্‌]

গোস্‌=[চা. কুম]—বি. মাংস ॥ গরুর্‌ গোস্‌। [দেখ গোছ্‌]।

২=[কুম]—বি. মুরুব্বি ॥ বাপ্‌ মা মৈরা যাওয়ার্‌ আমার্‌ ঘর বাইয়ে অহন্‌ বাকির্‌ গোস্‌।

৩=[খু]—বি. বংশের খাঁজ ॥

৪=[চা. পা]—ক্রি. বিণ. একসঙ্গে, একত্র ॥ হগ্‌গাইন্‌গুলি গোস্‌ কৈরা রাখ। [গোছ<গুচ্ছ]।

৫=[ক]—বি. চুকলা, খুঁটি ॥ [<গোঁজ]।

৬=[ম]—বি. গঠন ॥ খাইরার্‌ শৈলের্‌ গোস্‌ খুব্‌ বালা। [<গোছ=গঠন]।

৭=[পা, কুম]—বি. কোঁচা ॥ ইন্দুরা গোস্‌ দিয়া দুতি ছিনদে। [=কোছ <কচ্ছ সং]।

গোস্‌কাস্‌=[কুম]—বি. মালকোঁচা ॥ গোস্‌কাস্‌ দিয়া কামে লাগ। [দেখ গোস্‌+কাছা<কচ্ছ]।

গোস্‌গাস্‌=[ক]—বিণ. ঠিকঠাক ॥ [<গোছগাছ]।

গোস্ত চোরা=[রা]—বি. এক জাতীয় মুরগি ॥ [<গোশ্‌ত گوشت ফা.+চোরা]।

গোস্‌তাহি=[চট্ট]—বি. বেয়াদবি ॥ গোস্‌তাহি মাফ্‌ করুইন্‌। [<গুস্‌তাখী گستاخی ফা.]।

গোস্‌পুরি=[চা]—বি. গোশ্‌তের পুর দেওয়া সমুসা জাতীয় পিঠা ॥ [দেখ গোছ্‌+পুরি<পুরিকা সং]।

গোস্‌মাইল্‌=[বা]—বি. ভাত তরকারীর পাতিল মুছিবার ন্যাকড়া ॥ [দস্তমাল دستمال ফা.+ই]।

গোস্‌রা=[চা]—বি. গরু বাঁধিবার দড়ি ॥ [দেখ গোসর্‌]।

গোস্‌লা=[নো, কুম]—বি. গরু ঘর ॥ গোস্‌লা গরের্‌ বেরা বাইঙা গেসে। [গোশালা<গোচালা; দেখ গোচ্‌লা]।

গোস্‌সা=[খু]—বি. রাগ, গোসা ॥ গোস্‌সা করস ক্যান্‌? [<গুস্‌সঃ غصه আঃ]।

গোস্‌সি=[কুম]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥

গোহর্‌=[কুম]—বি. গোবর ॥ [=গোবর<গোবর]।

গোহাইল্ উচ'া=[ম]—বিণ. গোহালের শ্রেষ্ঠ ॥ [গোহাল<গোশাল< গোশালা+উঁচু<উচ্চ সং]।

গোহান্=[পা]—বি. গান ॥ সাওতালুড়া গোহান্ গাইতে পারে। [<গান]।

গোহিল্=[দি]—বি. গোয়াল ঘর ॥ গোহিলে গরু থাকে। [=গোহাইল< গোশালা]।

গোহেড়ে=[খু]—বিণ. শক্ত, কঠিন ॥ এ গোহেড়ে মাটিতে কিস্যু হবে না। [<গো হাড়+ইয়া প্র.]।

গোচ্'সা=[খু]—বি. টাকি মাছ ॥

গোয়া=[বা]—বি. পেয়ারা, সফরি ॥ [<guava পোর্তু.]।

গোরা=[ম]—বি. যাহারা জঙ্গলে কাঠ কাটে ॥ [<গড়+উয়া প্র.]।

গৌরাংগ দেওয়া=[বা]—ক্রি. কোন কাজে মন না বসা ॥

গৌরি=[পা]—বি. দেরী ॥ এত গৌরি হল কেন্? [<গৌণ]।

গৌরুনে=[খু]—বিণ. গৌরবর্ণ ॥ গৌরুনে আর্। [<গৌর+উনে প্র.]।

গৌরে যাওয়া=[খু]—ক্রি. গৌরবর্ণ হওয়া ॥ আর গৌরে গেসে। [<গৌর+ইয়া প্র.+যাওয়া]।

গৌর্=[চট্ট]—বি. মজুর, বেতনভুক্ত ভৃত্য ॥ [<গাবুর<গাভুর ম: বাং]।

গৌল্=[চা]—বি. ফাঁকি ॥ এক্টা গৌল্ দিয়া দিলাম্। [<গুল غل ফা. অর্থ প্র.]।

ঘ

ঘআ=[চট্ট]—বি. <ঘষা ॥ পাওয়ত্ কিসু দি ঘআ দে।

ঘ'চ্ড়ি=[রা]—বিণ. বাঁকা ॥ এত ঘঁচ্ড়ি পথ্ ধর্চিশ্ ক্যান্?

ঘক্কাত্=[রং]—অব্য. হঠাৎ আঘাত লাগার শব্দ ॥ [ধ্বন্যা.]।

ঘগাশ্=[দি]—বি. বাঁশের তৈরী মাছ মারার উপকরণ বিশেষ ॥

ঘচ্যাত্=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ [অনু.]।

ঘচ্কে=[রা]—ক্রি. বিণ. অকস্মাৎ, হঠাৎ ॥ ঘচ্কে টান্ মার্লে দড়িটা ছিড়ে জাবে। [<ঘচ্(অনু.)+করিয়া]।

ঘচ্চাত্=[রা]—ক্রি. বিণ. শীঘ্র ॥ [দেখ ঘচ্যাত্]।

ঘচ্মচানো=[রং]—ক্রি. চোখ জ্বালা করা ॥ [<খচমচ (অনু.)=খচমচ+আনো প্র.]।

ঘঝো=[খু]—বিণ. মুর্খ, গোঁয়ার ॥ তোমার মতো ঘঝো কুলুর্ ঘান্ টান্তিও লাগে না।

ঘটনা=[ব]—বি. নরনারীর অবৈধ প্রেম ॥ [অর্থ প্র.]।

ঘটর্ মটর্=[রং]—বি. এক প্রকার বাজনা ॥ কিসের্ এত ঘটর্ মটর্ করিশ্। [অনু.]।

ঘটানো=[রা]—ক্রি. কাজ করানো ॥ তোমাকে দি এখানে ঘটান্ যাবে না।
২=[রং]—ক্রি. নির্মাণ করা ॥ খোদায় মাটি দি তনু ঘটাইছে। [<গঠন]।

ঘটি=[রা]—বি. লোকসান ॥ কাবারে এবার্ ঘটি জাবে। [<ঘাটি; তুং ঘটতী হিং]।

ঘটি মারা=[রা]—ক্রি. দেরীতে চাঁদ উঠা ॥ [<ঘটি (<ঘটিকা)+মারা =এক ঘটিকা পরে উদয় হওয়া]।
২=[রং]—ক্রি. অস্ত যাওয়া ॥ শুক্কুর্ ঘটি মারিচে। [দেখ ঘটি+মারা; অর্থ প্র.]।

ঘটিয়াল্=[রং]—বি. ঘাটমাঝি ॥ তোর্ মতো চালাক্ ঘটিয়াল্ আর্ দেখি না। [<ঘাট(<ঘট্ট সং)+ই +আল প্র.]।

ঘটোমটো=[খু]—বি. গণ্ডগোল ॥ শুধু শুধু ঘটোমটো না করে কাযে যা। [অনু.]।

ঘট্করি=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ [<ঘট্ (অনু.)+করিয়া]।

ঘট্কি=[রং]—বি. ঘটক ॥ তুই এক্টু ঘট্কি হয়্কো। [<ঘটক+ই]।

ঘট্ঘটা=[রং]—বিণ. অত্যন্ত ॥ বাপুরে কি ঘট্ঘটা আন্ধার্। [অনু.; তুং ঘুটঘুটে]।

ঘট্টা=[রা]—বি. কড়, হাতের শক্ত চামড়া ॥ [<ঘট্টা হিং; ঘাটা বাং]।

ঘটিবা=[চট্ট]—বি. ঘাটি ॥ ঘটিবা কনে গেইল্? [<ঘটি+বা=টা]।

ঘটৈ=[চট্ট]—বি. ঘটক ॥ ঘটৈ এ পঁথত্ বিয়া করা।

ঘদেন্=[ব]—বি. ধানভানার কাজে ব্যবহৃত উঁচা মাটির ঢিবি ॥

ঘদ্দি=[চট্ট]—ক্রি. বিণ. <ঘরদিয়া ॥ বন্যা ঔলে আঁরার্ ঘদ্দি পানি সুডে।

ঘদ্দুয়ার্=[চট্ট]—বি<ঘরদুয়ার ॥

ঘন গবারি=[রং]—বিণ. অত্যন্ত বেশী ॥

ঘন ঘাল্=[চট্ট]—বি. ঝাঁকিজাল ॥ [<ঘন+জাল]।

ঘনিয়া=[রং]—ক্রি.বিণ. নিকটে ॥ বিয়ার্ দিন্ ঘনিয়া আশিল্। [<ঘনাইয়া]।

ঘনোয়া=[রং]—ক্রি. বিণ. নিকটে ॥ [দেখ ঘনিয়া]।

ঘন্=[রা]—বি. ছুতারের প্রকাণ্ড ও ভারী হাতুড়ী ॥ [ঘন সং=লৌহমুদ্গর]

ঘন্কটা=[দি]—বি. ঘষা ॥ ঘন্কটাতে পাথর্ও ধর্ হয়্।

ঘন্ কিরাটে=[রা]—বিণ. কূটবুদ্ধিতে পাকা ॥

ঘন্ঘানি=[চট্ট]—বি. বৃথা বকাবকি ॥ ইয়ার্ ঘন্‌ঘানি আঁর্ গম্ ন লাগে। [ঘন ঘন=গ্যান গ্যান (অনু.)+ই প্র.]।
ঘন্টু=[রং]—বিণ. অকর্মা, অপোগণ্ড, অর্থহীন ॥ [< গন্ডু<গন্ডা< গণ্ডা]।
ঘন্ড্=[চট্ট]—বি. ষণ্ড ॥
ঘন্ডি=[চট্ট]—বি. ঘুড়ি ॥ [ঘুঁড়ি< ঘুড়ী কিংবা গুড্ডি হিং]।
ঘন্দড়া=[রা]—বি. শূকর ॥ [গীদড় হিং=শিয়াল ; অর্থ প্র.]।
ঘন্দোড়া=[রং]—বি. শূকর ॥ [দেখ ঘন্ দড়া]।
ঘন্ন্যায়োট্=[খু]—বি. এক স্থানে বার বার যাতায়ত ॥
ঘপা=[খু]—বিণ. মোটা, স্থূল ॥ ঘপা মানুশের্ চ'ল্‌তে বড় কশ্‌ট। [<গপ্ হিং=মোটা]।
ঘপাঘপ্=[ব, রং]—ক্রি. বিণ. খুব তাড়াতাড়ি ॥ ঘপাঘপ্ বড়শির্ বাতাটা তল্ কর্‌ছে (রং)। [অনু.]।
ঘপাত্=[রং]—ক্রি.বিণ. হঠাৎ ॥ এই শময়ে আঁই ঘপাত্ করি আশিল্। [অনু.]।
ঘপাত্ করা্যা=[রা]—ক্রি.বিণ. একেবারে ॥ [দেখ ঘপাত্+করিয়া]।
ঘপানো=[রা]—ক্রি. হয়রান করা ॥ আমাকে এত ঘপাই তোমার লাভ্ কি ?
ঘপ্ করে=[রা]—ক্রি.বিণ. তাড়াতাড়ি [<ঘপ্(অনু.)+করিয়া]।
ঘপ্‌ঘপে=[রং]—ক্রি.বিণ. দ্রুত, তাড়াতাড়ি ॥ ঘপ্‌ঘপে পাও ফ্যাল্। [< ঘপ্ ঘপ্(অনু.)+আ+ইয়া প্র.]।
ঘপ্‌চ'ং=[ব]—অব্য. জলে কোন কিছু পড়ার শব্দ ॥ [ধ্বন্যা.]।
ঘপ্‌শা=[খু]—বিণ. মোটা ॥ এত ঘপ্‌শা কাপড় পরা যায় ? [<গপ্ হিং+শা প্র.]।
ঘব্‌ঘব্ করা=[রা]—ক্রি. পানিতে শব্দ হওয়া ॥ ঘব্‌ঘব্ কৈরা পানি পড়্‌ছে। [ধ্বন্যা.]।

ঘরক্=[দি]—অব্য. দিগকে ॥ বাবু ঘরক্ তো কাকয় দেখা জায় না।
ঘরজ্জেয়া=[রং]—বি.<ঘরজামাতা তুই ঘরজ্জেয়া থাক্ হামার ভিত্‌তি।
ঘরত্=[চট্ট]—বি. বিকট শব্দ, উত্তাপ [<গরয়ত্ غيرت আং]।
ঘরন্চে=[ব]—বি. গুলঞ্চ লতা ॥ [<গুলঞ্চ+এ প্র.]।
ঘরা=[ব]—বি. উৎস, আকর ॥ এই বাড়িটা একেবারে বেয়ারামের্ ঘরা। [< ঘর+আ প্র.]।
২=[ব,রা]—বি. মুরগীর ঘর ॥ [পূর্ব দেখ]।
৩=[নো, ব]—বি. ছিদ্র ॥
৪=[রা]—বি. অজ পাড়াগাঁ ॥ [অর্থ প্র.]।
৫=[চট্ট]—বি. কলসী ॥ [<ঘড়া]।
ঘরাউ কথা=[রং]—বি. ঘরের গোপন কথা ॥ [<ঘর+আউ প্র.+কথা]।
ঘরানাভাবে=[রং]—ক্রি.বিণ. আপন ভাবে, বন্ধুভাবে ॥ [< ঘর+ আনা প্র.+ভাব+এ বিভক্তি]।
ঘরানি=[ব]—বি. বউ ॥ ওই না ঘরের্ ঘরানি শে। [<ঘরণী]।
২=[রং]—বিণ. গৃহপালিত, গ্রাম্য ॥ [<ঘর+আনি প্র.]।
ঘরানো=[রা]—ক্রি. নিবানো ॥ রাত্ হচে, বাতি ঘরাও।
ঘরিক্=[রং]—ক্রি. বিণ. কিছুক্ষণ ॥ ঘরিক্ খান্ থাকি দেখো। [<ঘড়ি +ক]।
ঘরিখানেক্=[ব, রা]—ক্রি. বিণ. খানিকক্ষণ ॥ ঘরিখানেক্ দেরি কর। [ঘড়ি+ খান+এক প্র.]।
ঘরিয়াল্=[রা]—বি. কুমীর ॥ এবার্ খাড়িত্ অনেক্ ঘরিয়াল্ আইছে। [< ঘড়য়াল্ হিং]।
ঘরুয়া=[দি]—বিণ. বৈধ ॥ তুই জারুয়া না ঘরুয়া কে জানে? [< ঘর+উয়া প্র.]।
২=[রং]—বিণ. অভদ্র, গোমূর্খ ॥ ঘরুয়া মানুশি তুই। [পূর্বে দেখ]।

৩=[ব]—বিণ. ঘরের কোণে আবদ্ধ ॥ তোর্ মতো ঘরুয়া আর্ নাই। [পূর্বে দেখ]।
ঘরে=[ব, দি]—অব্য. দের ॥ হামাঘরে বাড়িত্ ফুলের বাস্ আসে (ব) ; তোমাঘরে কান্ড দেখি আক্কেল তাক্ লাগিছে (দি)। [<গ+রে]।
ঘরেল্=[খু]—বিণ. উলঙ্গ, নেংটা ॥ [<ঘর+এল প্র. ; অর্থ প্র.]।
ঘরোন্দা=[রা]—বিণ. ঘরকুনো ॥ [দেখ ঘর্কুন্দা]।
ঘর্ আইজন্=[চট্ট]—ক্রি. বি. বিবাহের প্রস্তাব লইয়া বর পক্ষ হইতে কনের জন্য প্রার্থী হওয়া ॥ [<ঘর +আওন=আসা ; সম্বন্ধ আসা]।
ঘর্কুন্দা=[ব]—বিণ. সর্বদা বাড়িতে থাকে যে, ঘরকুনো ॥ [<ঘর +কোণ+দা প্র. ; দেখ ঘর্ খোন্দরা]
ঘর্ খেওয়া=[রং]— বিণ. যাহার দ্বারা সংসার নষ্ট হয় ॥ তুই ঘর্ খেওয়া মানুশি। [<ঘর+ খাওয়া=খায় যে]।
ঘর্ খোন্দরা=[রা]—বিণ কূপ মণ্ডুক ॥ তুই আর্ খেল্ ছাড়্‌বি না, ঘর্ খোন্দরা কুনঠিকার্। [<ঘর+ কোণ+দরা]।
ঘর্গান্=[চট্ট]—বি. ঘরখানা ॥ ঘর্গান্ পড়ি গেইয়ে। [<ঘরখান]।
ঘর্গোজা=[চট্ট]—বি. গৃহবিলাসী ॥ [<ঘর+গোঁজা=গুঁজে যে]।
ঘর্ঘরি=[চট্ট]—বি. মৃত্যুকালীন গলার শব্দ ॥ [<গরগরঃ غرغره আং +ই প্র. কিংবা ঘড়্‌ঘড়ি ধ্বন্যা.]।
ঘর্ ঘরিয়া=[রং]—বি. ছাতা আটকানো কল বিশেষ ॥ [<ঘর ঘর (অনু.)+ইয়া প্র.]।
ঘর্‌ঘর্=[রং]—বিণ. অগোছাল, এলোমেলো ॥ মোর্ কাজ্‌লা ঘর্‌ঘর্ হয়া গেছে। [<গড়বড় হিং]।
ঘর্ ঘাট্ লাগান্=[রা]—ক্রি. বি. কাজে লাগান ॥ [< ঘর+ঘাট+ লাগানো ; আসক্তির ফলে ঘর হইতে

ঘাটে এবং ঘাট হইতে ঘরে গমনাগমনের পান্না]।

ঘর্‌ঘৈর্‍্যা=[রা]—বিণ. অমসৃণ।। বাকৃশটা ঘর্‌ঘৈর্‍্যা। [< ঘরঘর (অনু.)+ইয়া প্র.]।

ঘর্‌ঘোটা=[রা]—বিণ. যে ঘরে থাকে।।

ঘর্‌য্যা=[চট্ট]—বি. ঘরামী।। [< ঘর+জা প্র.]।

ঘর্‌য্যা=[চট্ট]—বি. ঘরের ছাউনি দেয় যে লোক।। [দেখ ঘর্‌যা]।

ঘর্‌জোয়া=[রং]—বিণ. গৃহপালিত।। হেটা ঘর্‌জোয়া গরু। [<ঘর+জ +উয়া প্র.]।

ঘর্‌ দেওয়া=[য]—ক্রি. স্বামীস্ত্রীকে প্রথম একঘরে শুইতে দেওয়া।।

ঘর্‌পুকুর্‌=[ব]—বি. বাসর ঘর।। ঘর্‌পুকুরে নতুন্‌ বৌ।

ঘর্‌ফুরা= [রং]—বিণ. যাহার দ্বারা সংসার নষ্ট হয়।। তুই ঘর্‌ফুরা মানুশি। [<ঘর+ পোড়া= যে পুড়ে]।

ঘর্‌বৈডা=[চট্ট]—বিণ. বেকার।। [<ঘর+বয়ঠা. হিং]।

ঘর্‌ভাংগা=[রং]—বিণ. যাহার দ্বারা সংসার নষ্ট হয়।। তুই ঘর্‌ভাংগা মানুশি। [ঘর+ভাঙ্গা]।

ঘর্‌মুনি=[রা]—বি. এক শ্রেণীর সাপ।

ঘল্‌ঘলা=[রা]—বি. দোষ, দাগ।। ডিম্‌গুলাক্‌ রোদ্‌ দেখাছনা, ঘল্‌ঘলা পড়বে। [<ঘল ঘল(অনু.) + আ প্র.]।

ঘল্‌ঘলিয়া=[রং]—বিণ. পচা ঘলঘলিয়া ডিম্‌টা নারিশ্‌ কেনে? [দেখ ঘলঘলা ; ঘলঘল+ইয়া প্র.]।

ঘল্‌ঘশে=[য]—বি. দণ্ডকলস গাছ।।

ঘল্‌পা=[চট্ট]—ক্রি. বি. ঘর লওয়া, ঢুকান।।

ঘল্‌লওয়া=[চট্ট]—ক্রি. ঘরে ঢুকা।। আঁর্‌ ঘরে ঘল্‌লৈও ন। [<ঘর +লওয়া]।

ঘল্‌লন্‌=[চট্ট]—ক্রি. প্রবেশ করা, ঢুকা।। ঘরত্‌ ঘল্‌ল। [<ঘর +লওন=লওয়া]।

ঘল্‌লান্‌=[চট্ট]—ক্রি. ঘর লওয়ান, ঢুকান।। লাডি আন্‌ গাঁতত্‌ ঘল্‌লাই দে। [দেখ ঘল্‌ লওয়া]।

ঘশর্‌ মশর্‌=[রং]—বি. কাপড় ঘর্ষণের শব্দ।। [ধ্বন্যা.]।

ঘশা পয়্‌শা=[রং]—বিণ. অচল পয়শা।। [<ঘষা+পয়সা]।

ঘশা মান্‌জা=[রং]—বি. মাজা, ঘষা, সাফ করণ, তালিবালি।। ঘশা মান্‌জা করি কয়্‌দিন্‌ চলে? [<ঘষা (<ঘর্ষণ)+মান্‌জা(<মঞ্জন)]।

ঘশেয়া=[রং]—অস.ক্রি. ঘটাইয়া।। তোক এ দি ঘশেয়া দেমোই দেমো। [<ঘষাইয়া]।

ঘশৈল্‌=[দি]—বি. বাঁশের কাঠির তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ।।

ঘশ্‌=[বং]—ক্রি. বিণ. হঠাৎ, আচম্বিতে।। ঘশ্‌ করি বেড় করি দে। [অনু.]।

ঘশ্‌ঘশা=[রা]—বিণ. বড় বড়।। [অনু.]।

ঘশ্‌ঘশ্‌ করি=[রং]—ক্রি. বিণ. তাড়াতাড়ি করিয়া।। খালি ঘশ্‌ঘশ্‌ করি চলিছে। [<ঘশ্‌ঘশ্‌ (অনু.)+ করিয়া]।

ঘশ্‌শা=[চট্ট]—বি. তিল।।

ঘশ্‌শা চেঁড়্‌শ্‌=[চট্ট]—বি. দ্রোণ গাছ।।

ঘা

ঘাই=[রা]—বি. দেড় ইঞ্চি পরিমাণ গর্ত বিশেষ (মার্বেল খেলায় ব্যবহৃত)।। [<খাই<খাত]।

২ =[ব,রা]—বি. ডিম দেওয়ার সময় মুরগীর নীচে দেওয়া ডিম।।

৩=[রা]—বি. শেষ।। [<ঘাত]।

৪=[চট্ট]—বি. মাছের উর্ধ্বলাফে পানিতে সৃষ্ট আলোড়ন।।

৫=[রং,খু]—বি.খাদ বা গভীর দাগ।। [দেখ ঘাই]।

৬=[রং] –বি. প্রতিশোধ।। [< ঘাত]।

ঘাই চিনা=[রং]—ক্রি. বাধা বিপত্তি দেখিয়া কোন কাজ করা।। তুই ঘাই চিনি হাটিশ্‌। [দেখ ঘাই+চেনা]।

ঘাইচ্‌ করা=[রং]—ক্রি. জোর করিয়া ইজ্জতহানি করা, অত্যন্ত হয়রানী করা।।

ঘাইট্‌=[রা, নো]—বি. অপরাধ।। মোর ঘাইট্‌গুনা মাফ্‌ করি দাও। [< ঘটা হিং]।

ঘাইট্‌টাল্‌=[চট্ট]—বি. ঘাট ওয়ালা, খেয়া ঘাটের মাঝি।। [<ঘাট+আল প্র.]

ঘাই দেওয়া=[রং]—ক্রি. সুযোগ বুঝিয়া লাভবান্‌ হওয়া।। [<ঘাত; তুং ঘাত হিং+দেওয়া]।

ঘাইন্‌=[রা]—বি. তেলের ঘানি।। [<ঘানি]।

ঘাইয়া=[রা]—বি. বাঁকি জাবের নীচের অংশ। [ঘাই+ইয়া প্র.]।

ঘাইরা=[রা]—বিণ. যে এক কথায় কাজ করে না।। [<ঘাড়(ঘাট সং)+ ই প্র.]।

ঘাইল্‌=[রা]—বি. ফিট, মূর্চ্ছা।। [< ঘায়েল হিং; অর্থ প্র.]।

২=[রা]—বি. সুড়ং।।

ঘাইল্‌ খাওয়া=[রং]—ক্রি. বেকায়দায় পড়া, পরাজিত করা।। [দেখ ঘাইল্‌+খাওয়া]।

ঘাইল্‌ হওয়া=[চট্ট]—ক্রি. আহত হওয়া।। মারামারিতে অনেক্‌ লোক্‌ ঘাইল্‌ হৈল। [দেখ ঘাইল্‌+হওয়া]।

ঘাউ=[বা,খু]—বি.লাফালাফি।। পুকুরে মাস ঘাউ দিতেসে। [<ঘাত=আঘাত]।

ঘাউও=[খু]—বিণ. পচা, ঘাযুক্ত ॥ 'ঘাউও কাঁঠাল্ বুচি' খরিদ্দার্' ॥ [< ঘাত+ও প্র,]।

ঘাউটা=[রা]—বিণ. জটিল ॥

ঘাউতা=[ব]—বি. অলস ॥ ঘাউতা লোক্।

ঘাউম্চা=[রং]—ক্রি. গিঁট ॥ দড়ি খানত্ এক্টা ঘাউম্চা দে।

ঘাউম্মান্=[রং]—ক্রি. ঘামা ॥ গাওখান্ ঘাউম্মাছে। [< ঘাম(ঘর্ম) +আন প্র.]।

ঘাউম্শানি=[রং]—বি. ঘামের উৎকট গন্ধ ॥ তোর্ গাওখানি এত ঘাউম্শানি গোন্দাইছে। [ঘাম+সা+নি প্র.]।

ঘাউয়া=[রং]—বি. ঘা ॥ এক্টা বড় ঘাউয়া হছে। [< ঘাত+উয়া প্র.]।

ঘাউয়্যা=[রং]—বিণ. যাহার ঘা হইয়াছে ॥ [< ঘাত+ইয়া প্র.]।

ঘাউরা=[রা]—বিণ. যাহার শরীর ঘায়ে ভরা ॥ ঘাউরা কুত্তাটা তাড়িয়ে দে। [< ঘাত+রা প্র.]।

২=[রা]—বি. এক রকমের মাছ ॥

ঘাউর্=[ব]—বি. মাছ বিশেষ ॥

২=[ব রা]—বি. কলার কাঁদি ॥ এক্ ঘাউর্ কলা।

ঘাও=[রং]—বি. সাপের কামড় ॥ তোক শাপে ঘাও করিচে? [< ঘাত]।

ঘাও খাওয়া=[রা]—ক্রি. আঘাত পাওয়া ॥ আমি জিবনে এত ঘাও খাই নাই। [দেখ ঘাও]।

ঘাওয়া=[রং]—বি. সাপের কামড় ॥ শাপের ঘাওয়ার্ ঠেলাতো বুঝিশ্ নাই। [দেখ ঘাও+আ প্র.]।

২=[বা খু]—ক্রি. বি. মেরামত ॥

ঘাংরা=[চট্ট]—বি. সব্জী বিশেষ ॥

২ =[রং, পা]—বি.কফ ॥ ঘাংরাগুলা মুখ থেকে ফেল্।

ঘাংরান্যা=[রা]—বি. গোঙান, অনুনয় বিনয় করিয়া চাওয়া ॥ এত ঘাংরান্যা ভালো লাগে না।

ঘাঁই=[রং]—বি. দাগ, রেখা ॥ আগোত্ ঘাঁইটা জেক্। [দেখ ঘাই]।

২=[রা]—অব্য. জন্য, নিমিত্ত ॥ হামার্ ঘাঁই বশে থাকিছু না ॥ [দেখ ঘাঁয়্]।

৩=[চট্ট]—বি. জালের ঘর ॥ ঘাঁই সিরি মাস্ চ'লি গেল্। [দেখ ঘাইয়া]।

৪=[চট্ট]—ক্রি. বিণ. <ঘেঁষিয়া ॥ আঁর্ গতর্ ঘাঁই বৈসত্ ক্যা?

ঘাঁইচ্=[রং]—বিণ. অতি চালাক, কৃপণ ॥ তুই এক্টা ঘাঁইচ্। [দেখ ঘাঁচি]।

ঘাইট্টা=[চট্ট]—বি. খেয়াঘাটের মাঝি ॥ [ঘাট+ইয়া প্র.]।

ঘাইয়ারি=[চট্ট]—বি. সরু গলা ও বড় মুখবিশিষ্ট পাতিল বিশেষ ॥

ঘাইয়ারু=[রং]—বিণ.অত্যন্ত চালাক ॥ তোর্ নানতি ঘাইয়ারু আর্ না দেখিলু। [দেখ ঘাই +আরু প্র.]।

ঘাঁচি=[রং]—বিণ. বদমায়েশ ॥

ঘাঁয্যা=[চট্ট]—বি. কর্তিত কলা গাছের গোড়া ॥ ঘাঁয্যা পোঁচি' গন্ধ হৈয়ে।

ঘাঁয্যাল্লাই=[চট্ট]—বি. অবাধ্যতা ॥ ঘাঁয্যাল্লাই গরিলে চ'াকর্তুন্ বিদায় করি দেন্।

ঘাঁটা=[র. রা]—বি. রাস্তা ॥ [< ঘাট +আ প্র.]।

ঘাঁটা তাকা=[বা]—ক্রি. অপেক্ষা করা ॥ [দেখ ঘাঁটা+তাকানো=পথ চাহিয়া থাকা]।

ঘাটায় যাওয়া=[ব]—ক্রি. প্রস্রাব করিতে যাওয়া। [দেখ ঘাঁটা+য় (বিভক্তি)+যাওয়া; সুভাষণে]।

ঘাঁয়্ [রা]—ক্রি. জন্য ॥ তোর্ ঘাঁয়্ এক্ কথা হৈল্। [দেখ ঘাঁই]।

ঘাকার্ মাকার্=[রং]—ক্রি. বিণ. ব্যস্ততার সহিত ॥ তুই ঘাকার্ মাকার্ করি খাবার্ ধর্লু? [অনু.]।

ঘাক্লাত্=[রং]—অব্য. পানিতে পড়িয়া পানি খাওয়ার শব্দ ॥ ছাওয়াল্টা ঘাক্লাত্ করি পানি খাছে। [অনু.]।

ঘাগি চ'াচ'া=[ব]—বিণ. যে কোন কথা শুনিয়াও শুনে না ॥ সুড়িটা ঘাগি চ'াচ'া। [ঘাগ হিং+ই প্র. +চাচা]।

ঘাগিলেচা=[য]—বিণ. অমনোযোগী ॥ [দেখ ঘাগি চ'াচ'া; ছেঁচা (<√ছেঁচ <ছিদ সং)]।

ঘাগু=[রং]—বিণ.অত্যন্ত চালাক ॥ তুইতো কম্ ঘাগু নোয়াইশ্। [<ঘুঘু কিংবা ঘাগ হিং=বেজায় চালাক +উ প্র.]।

২=[ব]—বিণ. পটু, অভিজ্ঞ ॥ লোক্টা আকামের্ ঘাগু। [পূর্বে দেখ]।

ঘাগো=[খু]—বিণ. অর্ধভুক্ত ॥

ঘাগ্গা=[রং]—বিণ. লোভী ॥ তোর্ মত ঘাগ্গা মুই নোয়াও। [দেখ ঘাগি চ'াচ'া; ঘাগ+উয়া প্র.]।

ঘাগ্রা=[রং]—বি. কফ ॥

২=[খু]—বি.ঘোল তৈরী করার বাঁশের ঝাঁকরী ॥

ঘাচাউ ঘাচাউ=[রং]—ক্রি.বিণ. ঘচঘচ ॥ কাঁঠোল্ডা ঘাচাউ ঘাচাউ করোছে। [অনু.]।

ঘাচ্চাত্ ঘাচ্চাত্=[রং]—ক্রি.বিণ. ঘচঘচ ॥ কাঁঠোলডা ঘাচ্চাত্ ঘাচ্চাত্ করোছে। [অনু.]।

ঘাটা=[রা]—ক্রি.নাড়িয়া নোংরা করা। [< ঘাঁটা √ঘাঁট্]

২=[রা]—বি. < ঘণ্ট, তরকারী বিশেষ ॥

৩=[খু]—বি. গরুর সম্মুখের পায়ের উপরিস্থল ॥

ঘাটা খুলি=[ব]—বি.বাড়ীর চৌহদ্দি ॥ বাড়ির্ ঘাটাখুলি শাফ্ রাখা উচি'ত্।

ঘাটাঘাটি=[রং]—বি. খোঁজ ॥ এত ঘাটাঘাটি কর্নু পানু না। [ঘাঁটাঘাঁটি √ঘাঁট্]।

ঘাটাপট্রি=[রা]—ক্রি. বিণ. ইতস্তত: ॥ [< ঘট্পট্(অনু.)+রি প্র.]।

ঘাটাপাচ'া=[খু]—বি. আলোচনা ॥ বেশি ঘাটাপাচ'া করিস্ না। [দেখ ঘাটা+পাছড়া (<পাছড়ানো; তুং পছাড়না হিং)]।

ঘাটিয়া=[রং]—বি. <ঘটি ॥ এক্ ঘাটিয়া দুধ্ দেতো। [<ঘটি+ইয়া]।

ঘাটোয়াল্=[রা]—বি. বন্য জাতি বিশেষ ॥ ঝাংগরের্ চেয়ে তবু ঘাটোয়াল্ ভালো।

ঘাট্=[য]—বি. ঘানির ভিতরে সরিষা পেষার কাঠ বিশেষ ॥

ঘাট্ ঘাটালি=[রং]—বি. পথ, রাস্তা ॥ এখন্ ঘাট্ঘাটালি তামান্ শুকান্। [< ঘাট+ঘাট+আলি প্র.]।

ঘাট্খাত্=[কু]—বি. অপরাধ ॥ [দেখ ঘাইট্+খাত(<খতা' خطا আং)]।

ঘাট্হওয়া=[য]—ক্রি. পাতলা পায়খানা হওয়া ॥

ঘাড়া ধরনি=[চট্ট]—বি. বিবাহের দিনে বরের পথ আটকাইয়া টাকা আদায় ॥ পোয়ারা এক্শ টাকা ঘাড়া ধরনি ওডাইয়ে। [দেখ ঘাঁটা+ধরণ+ই প্র.]।

ঘাড়া=[রং]—বি. পিতলের নির্মিত কলসী ॥ এক্ ঘাড়া পানি আন্। [<ঘট+আ প্র.]।

ঘাড়ি মারা=[খু]—বি. পিছুটান দেওয়া ॥ গাড়ির ভালো বলদ্টা আয্ খালি ঘাড়ি মার্সে। [<ঘাট+ই প্র. +মারা]।

ঘাড়ে চাড়া=[য]—ক্রি. বি. শক্তি প্রয়োগ ॥[ঘাড়+এ(বিভক্তি)+চাড়া]।

ঘাড়েমি=[খু]—বি. গাফলতি ॥ ঘাড়েমি কর্লে কায্ চ'ল্বে কি ভাবে? [<ঘাড় +এ+মি প্র.]।

ঘাড়্ মোড়া=[য]—বি. বালিশ ॥ [< ঘাড়+মোড়া হিং]।

ঘাতি মারা=[য]—ক্রি. ওৎ পাতিয়া থাকা, ভান করা ॥ দেখ্, কেও আবার্ ঘাতি মেরে আসে কিনা? [<ঘাত+ই প্র.+মারা]।

২=[খু]—ক্রি. মুখ গোমড়া করা ॥ সোয়াল্ডা ওহেনে ঘাতি মারি বৈসে।

ঘাত্র্=[রং]—বি. বিকট শব্দ ॥ খালি ঘাত্র্ করি এক্টা চিক্র্ন্ দিনু। [ধ্বন্যা.]।

ঘানা=[খু]—বি. গর্ত ॥ ঘর্টার্ মধ্যে ঘানা কর্সে কে? [খানা<খন্ন প্রাং. =খাত সং]।

ঘানাঘোনা=[খু]—বি. কানাঘুষা ॥ [অনু.]।

ঘানি ঘানি=[রং]—বিণ. ক্ষুদ্র ক্ষুদ্র ॥ অত ঘানিঘানি চারাগুলো তুল্লে কেন্? [<খানি খানি(< খণ্ড সং) ; অর্থ প্র.]।

ঘানি পুটালি=[রং]—বি. অতিক্ষুদ্র পুঁটি মাছ। [দেখ ঘানি ঘানি ; পুট (<পুঁটি)+আলি প্র.]।

ঘানিয়া=[রং]—বিণ. অতিক্ষুদ্র ॥ একেবারে ঘানিয়া পুটি। [দেখ ঘানি ঘানি]।

ঘান্=[ব]—বি. <ঘানি ॥

ঘান্টি=[রং, রা]—বি. ঘণ্টা ॥ ঘান্টিটা বাও শোনেক্? [<ঘণ্টি হিং]।

ঘাপাঘাপি=[খু]—বি. মারামারি ॥ [ঘপ্ঘপ্ অনু.]।

ঘাপাত্ ঘুপুত্=[রং]—ক্রি. বিণ. মাঝে মাঝে ॥ উয়ার্ ঘাপাত্ ঘুপুত্ জর্ আইশে। [অনু.]।

ঘাপানি=[খু]—ক্রি. বি. ছিপঘারা পানিতে শব্দ করা ॥ ঘাপানি দে, মাস্ আশ্বে।

ঘাপানো=[খু]—ক্রি. পানি তোলপাড় করা, প্রহার করা ॥ পুকুরে মাস্ ঘাপাস্সে।

ঘাপান্=[খু]—বি. কুবাক্য, তিরস্কার ॥ পরের্ ঘাপান্ খাতি খাতি তোমার্ জিবন্টা গেল্।

ঘাপার্=[খু, ব]—বি. ধাক্কা ॥ ঘাপার্ খালে কেন্?

ঘাপার্ ঘাপার্=[রং]—ক্রি. বি. চিন্তা না করিয়া কোন দ্রব্যের মূল্য বাড়ান ॥ খালি এক্ নাগাড়ে ঘাপার্ ঘাপার্ হবে না। [অনু.]।

ঘাপু=[রা]—বিণ. বোকা ॥

২=[কু]—বিণ. নিকৃষ্ট, জঘন্য ॥ তোমার্ মত ঘাপু আর্ কে হবে?

ঘাপর্ ঘুপর্=[খু]—ক্রি. বিণ. ঘাপঘুপ শব্দ করিয়া ॥ 'এই গাংগে কুমোর্ নাই, ঘাপুর্ ঘুপুর্ নাইয়ে যাই'—ছড়া। [অনু.]।

ঘাপ্=[য]—ক্রি. বিণ. চুপ চাপ ॥ চে'র্টি আড়ালে ঘাপ্ মারি বশি আছে। [<গাপ<গাই'ব غائب আং]।

ঘাপ্চি=[দি]—ক্রি. বিণ. চুপ ॥ ঘাপ্চি মাইরে কেন্ বশে আছিস্? [দেখ ঘাপ্+চি প্র.]।

ঘাপ্টি=[খু]—ক্রি. বিণ. গোপন ॥ [দেখ ঘাপ্+টি প্র.]।

ঘাপ্রি=[য]—ক্রি.বিণ. আত্মগোপন ॥ [দেখ ঘাপ্টি]।

ঘাব্ধা=[খু]—বিণ.নোংরা ॥ ঘাব্ধা সেলে।

ঘামাইচ্=[রা]—বি. ঘামাচি ॥ [< ঘামাচি(<ঘর্ম মক্ষিকা)]।

ঘামাইজ্=[রং]—বি. ঘামাচি ॥ গরমে গাওত্ ঘামাইজ্ হয়্। [দেখ ঘামাইচ্]।

ঘামাঘাটা=[রং]—বি. শান শওকত ॥ এমন্ ঘামাঘাটা কিশের্। [<ঘনঘটা ; অর্থ প্র.]।

ঘামাচি'=[য]—বি. আমগোলঞ্চ লতা ॥ [ঘামাচি হইলে গলার পরে বলিয়া ; অর্থ প্র.]।

ঘামানি=[চট্ট]—ক্রি.বি. ঘর্ম নির্গমণ ॥ [<ঘাম+আনি প্র.]।

ঘামান্=[রা]—ক্রি. সিদ্ধ করা ॥ আগে ঘামাই দে। [<ঘাম+ আন প্র.]।

ঘামানো=[রং]—ক্রি. হয়রান করা, মাছ ধরা ॥ ওক ঘামাইদে ! পোকেস্টা ঘামানু। [ঘাম+আনো ; অর্থ প্র.]।

ঘামি=[বা, খু]—বিণ. বহুদর্শী ॥ [<ঘাঁই< ঘাগি]।

ঘামুজ্=[রা]—বি. ঘামাচি ॥ ঘামুজে গাও ডুবে গেছে। [দেখ ঘামাইচ্]।

ঘামুর্কি=[রং]—বি. আহাজারী ॥ আমার্ বড় ঘামুর্কি হয়ে। [< গোঁয়ার (<গাঁও+আর প্র. ; তুং

গমার হিং:) + কি প্র.]।

ঘাম্‌মর্‌=[রা]—বিণ. মূর্খ ॥ তোর্‌ মতন্‌ ঘামমর্‌ নাই। [দেখ ঘামুরুকি]।

ঘাম্‌লাঘাট্‌=[রা]—বি. গোলমাল ॥ ঘাম্‌লাঘাট্‌ কৈর‍্যা লাভ্‌ কি? [অনু.]।

ঘাম্‌শা=[রা]—বি. ঘর্মাক্ত গন্ধ ॥ [<ঘাম+ শা প্র.]।

ঘায়্‌=[কু]—বি. মাছের ঘাই ॥ [দেখ ঘাই৪]।

২=[রা]— বি. গর্ত ॥ এখানে একটা ঘায়্‌ খুঁড়্‌তে হবে। [দেখ ঘাই]।

৩=[খু]—অব্য. জন্য ॥ তোর্‌ ঘায়্‌ আমি মরেসি। [দেখ ঘাঁয়্‌; ঘা<ঘাত +এ বিভক্তি=আঘাতে]।

ঘারুয়া=[চট্ট]—বিণ. অবাধ্য ॥ পোলাডা বড় ঘারুয়া। [ঘাড়+উয়া প্র.]।

২=[রা]—বিণ. উচ্ছৃঙ্খল ॥ লোক্‌টি বড় ঘারুয়া।

ঘালা=[চট্ট]—বি. গাছের পত্রময় শুষ্ক ডালা ॥

ঘাল্‌=[রা]—বি. জালের মধ্যে মাছ আটকাইবার জায়গা।

ঘাল্‌লা=[খু]—বি. পানি সেচনের স্থান, পানি উঠাইবার জায়গা ॥ [ঘাট+লা প্র.]।

ঘাশান্‌=[বা, খু]—ক্রি. বি. আরম্ভ করা ॥ কথাটা ঘাশান্‌ ভাল হয়্‌ নাই।

ঘাশি=[রা]—বি. সহিস ॥ ঘোড়া আছে, ঘাশিও আছে। [<ঘাস+ই প্র.; ঘাসী]।

ঘাশু=[রং]—বিণ. চালাক, চতুর ॥ রহিম্‌ মিয়া ঘাশু মানুশ্‌।

ঘাশুয়া=[রং]—বিণ. ঘাসের গন্ধযুক্ত ॥ তর্‌কারি লা ঘাশুয়া লাগে। [ঘাস +উয়া প্র.]।

২=[রং, ব]—বি. এক প্রকার লম্বা কাস্তে ॥

ঘাশুয়া=[রা]—বিণ. তৃণাকীর্ণ ॥ [<ঘাস+উয়া প্র.]।

ঘাশো=[খু]—বিণ. নোংরা, অপরিষ্কার ॥

২=[ব]—বিণ. ঘৃণ্য, পিশাচ ॥

ঘি

ঘিউ=[ব, রং]—বি. <ঘৃত ॥

ঘিংগে=[রা]—ক্রি. বিণ. যাচঞা করিয়া, মাগিয়া ॥

ঘিংটান্‌=[রা]—ক্রি. নাড়িয়া এলোমেলো করা ॥ তর্‌কারি ঘিংটাই বশ্‌ল নাকি তুই?

ঘিংটানো=[খু]—ক্রি. অস্পষ্ট হওয়া ॥

ঘিকান্‌চ'ন্‌=[খু]—বি. উদ্ভিদ বিশেষ ॥ ঘিকান্‌চ'ন্‌ থেকে মাথা ব্যাথার্‌ অশুধ্‌ হয়্‌। [<ঘৃত কাঞ্চন]।

ঘিক্‌ঘিক্‌=[রং]—অব্য. এক প্রকার আওয়াজ ॥ শুকরটা খালি ঘিক্‌ ঘিক্‌ করি গেল্‌। [ধ্বন্যা.]।

ঘিঘান্‌=[রা]—ক্রি. লজ্জার মাথা খাইয়া কোন কিছু বার বার চাওয়া ॥

ঘি ঘি=[চট্ট]—অব্য. ছাগল ভেড়াকে তাড়াইবার শব্দ বিশেষ ॥ [ধ্বন্যা.]

ঘিচাঘিচি=[রং]—বি. টানাটানি ॥ অত ঘিচাঘিচি কর্‌লে ছিড়্যা যাবু। [=ঘেঁচা ঘেঁচি]।

ঘিচি'মিচি'=[খু]—বিণ. আজেবাজে, অর্থহীন ॥ [অনু.]।

ঘিচ্‌লাই=[রং]—বি. ঘা, ফোঁড়া ॥ মোর্‌ একটা ঘিচ্‌লাই হছে।

ঘিজ্‌লাই=[দি]—বি. ফোঁড়া ॥ মোর্‌ পাওত্‌ মস্ত একটা ঘিজ্‌লাই উঠিছে। [দেখ ঘিচ্‌লাই]।

ঘিড়া ঘাটা=[রং]—ক্রি. বেড়া দেওয়া, আবরণ দেওয়া ॥ [<ঘেরা (<ঘির +আ)+ঘাটা অনু:]।

ঘিতিনি=[রা]—বি. অন্যায় ভর্ৎসনা বা তিরস্কার ॥ আমাকে ঘিতিনি করে তোমার্‌ কি লাভ্‌?

ঘিদে=[খু]—বি. শামুকের মাংস ॥ ঘিদে খাওয়া শাপের্‌ রাগ্‌ বেশি।

ঘিনামিছা=[রং]—ক্রি. বিণ. অসংকুলান, ঘেষাঘেষি ॥ ঘিনামিছা করি থাকা লাগে না।

ঘিনাহা=[রা]—বিণ. খারাপ, বদমাইশ ॥ [<ঘৃনার্হ]।

ঘিন্‌=[রং]—বি. <ঘৃণা ॥ তোর্‌ মোটেও ঘিন্‌ নাই বাহে।

২=[দি]—অব্য. দিগকে ॥ [<গণ]।

ঘিন্‌ঘিনা=[রা]—বিণ. খারাপ ॥ ঘরটা ঘিন্‌ঘিনা হয়ে গেছে। [দেখ ঘিন্‌ +ঘিন+আ প্র.]।

২=[রং]—বিণ. ঘন ॥ [<ঘন+ ঘন+আ প্র.]।

ঘিন্‌ঘিন্‌ করা=[রং]—ক্রি. ঘৃণা ঘৃণা ভাব হওয়া, নাক তোলা ॥ তোর মত ঘিন্‌ ঘিন্‌ করি আর্‌ কেউ খালু না। [দেখ ঘিন্‌; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

ঘিন্‌টি=[রা]—বি. গিঁট ॥ দড়িটার্‌ ঘিন্‌টি ছাড়াও। [<গিন্‌টি<গ্রন্থিসং]।

ঘিন্‌ঠাহা=[রা]—বিণ. নোংরা ॥ ঘিন্‌ঠাহা ছেলেটাকে শরাও। [দেখ ঘিনাহা]।

ঘিন্‌পিত্‌=[রা]—বি. লজ্জাশরম ॥ তোমার্‌ মোটেই ঘিন্‌পিত্‌ নাই। [দেখ ঘিন্‌+পিত (<পিত্ত)]।

ঘিগু=[পা. কু]—বিণ. বোকা, আহাম্মক ॥ ঘিগুর্‌ মত কথা কও ক্যা?

ঘিঘে=[খু]—বি. এক প্রকার তিতা শাক ॥ গরম্‌ কালে ঘিঘে খাওয়া ভালো।

ঘিম্‌শানি=[রং]—বিণ. ভ্যাপসা ॥ কয়্‌দিন্‌ থাইকে ঘিম্‌শানি গরম্‌ পর্‌ছে। [<গিম্‌শা<গ্রীষ্ম+নি প্র.]।

ঘিয়া=[ব]—বিণ. ঘৃতের ন্যায় বর্ণ বিশিষ্ট ॥ [<ঘি(<ঘৃত)+আ প্র.]।

২=[রা]—বি. বাঁশের তৈরী ঘরের টানা ॥ ঘিয়ার্‌ উপর্‌ দিয়ে পায়্‌ হয়ে যা।

ঘিরত্=[চট্ট]—বি. ঘি ॥ পোলাওয়ে ঘিরত্ কম্ ঐসে। [<ঘৃত]।

ঘিরা=[চট্ট, পা]—ক্রি. বন্ধ করা ॥ [<ঘেরা]।

২=[নো, চট্ট]—বি. বেড়া ॥ [<ঘেরা]।

ঘির্‌গিশ্‌টি=[খু]—বিণ. নিবিড়, ঘন ॥ ঘির্‌গিশ্‌টি আন্‌দাব্। [দেখ ঘোব্‌কিশ্‌টি]।

ঘিশিয়া=[রং]—অস. ক্রি. ভিড়িয়া, ঘেষিয়া ॥ কোলেক্ ঘিশিয়া বৈশেক্ কেনে। [<ঘেঁষিয়া(<√ঘৃষ্ সং)]।

ঘিশ্‌টোন্=[রা]—বি. সংঘর্ষ ॥ দর্‌জার্ শাথে তার্ ঘিশটোন্ লাগ্‌ছে। [<ঘিশট(<ঘৃষ্ট সং)+ন প্র.]।

ঘিশ্ দেওয়া=[কু]—ক্রি. চাল কাড়ানো, কথা পাকাপাকি করা ॥

ঘিশ্‌না=[রা]—বি. ঘর্ষণ ॥ রিক্‌শার্ শাথে ঘিশ্‌না লেগে কাপড় ছিঁড়ে গেছে। [দেখ ঘিশিয়া ; ঘিশ্+না]।

ঘিশ্‌শিত্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ [ধ্বন্যা.]।

ঘু

ঘুইয্যা=[চট্ট]—বি. ঘোড়া ॥ [দেখ ঘুইর্‌গা]।

ঘুইত্‌তে=[চট্ট]—অস. ক্রি. < ঘুরিতে ॥ পারাত্ ঘুইত্‌তে উগ্‌গুয়া কান্‌ড দৈখ্‌লাম্।

ঘুইত্ চ'ড়ান্=[চট্ট]—ক্রি. পিঠে নেওয়া ॥ পোলারে ঘুইত্ চ'ড়াই বাযারত্ যা।

ঘুইর্‌গা=[চট্ট]—বি. ঘোড়া ॥ [< ঘোড়া+গা=টা]।

ঘুংগা=[রা]—বি. শূকর ॥ তাকে ঘুংগাতে তাড়া কর্‌ছে।

ঘুংগানি=[রং]—বি. <গোংগানি ॥

ঘুংগুটে কাড়া=[রা]—ক্রি. ঘোমটা দিয়া লজ্জাবতী হওয়া ॥ লোক্ দেখি মেয়েটা ঘুংগুট্ কাড়িল্। [<ঘোংগট্ হিং+কাড়া]।

ঘুংশি=[খু]—বি. ঘুড়ি ॥ শারাদিন্ ঘুংশি উড়োয়ে বেড়ালে চ'ল্‌বে? [<ঘুড়ী+শী প্র.]।

ঘুঁচা=[রা]—বি. আঘাত ॥ করিমের্ চোখে ঘুঁচা লাগ্‌লো। [<খোঁচা]।

ঘুক্‌রি=[রা]—বি. ঝিঁঝিঁ পোকা ॥ ঘুক্‌রি পোকা ডাক্‌ছে। [দেখ ঘুগ্‌রি]

ঘুগুরি=[রা]—বি. ঝিঁঝিঁ পোকা ॥ রাতের্ বেলা ঘুগুরি ডাকে। [দেখ ঘুগ্‌রি১]।

ঘুগ্‌রা ঘুটা=[রং]—বি. এক প্রকার লাল কাঠ ॥

ঘুগ্‌রা চ'লান্=[খু]—বি, বেদম মার ॥ ঘুগ্‌রা চ'লান্ দিলে চো'র্ ঠিক্ হয্ ॥

ঘুগ্‌রি=[খু]—বি. ছোট ঘণ্টা ॥ তোর্ কোমরের্ ঘুগ্‌রি কোথায়?

২=[রং]—বি. মাটির নীচের ছোট পোকা বিশেষ ॥

ঘুগ্‌রো=[য, খু]—বি. ঝিল্লি ॥ শন্‌ধায় ঘুগ্‌রো ডাকে। [দেখ ঘুঘুরা]।

ঘুগ্‌লো=[খু]—বি. ধানের ময়লা ॥ ঘুগ্‌লো ফেলে দাও।

ঘুঘুনাচা=[রং]—বি. শত্রুতা করিয়া বাড়ী হইতে উচ্ছেদ, উজাড় ॥ তোর্ ভিটা ঘুঘুনাচা কর্‌বো। [<ঘুঘু (পাখী বিশেষ)+নাচা = যথায় নাচে ; বাগ্‌ধারা]।

ঘুঘুবাকত্=[রা]—বি. গাছ বিশেষ ॥

ঘুঘুরা=[রা]—বি. ঝিল্লি ॥ [দেখ ঘুগ্‌রো]।

২=[রং]—বি. গলার এক প্রকার বাজনা ॥ ঘুঘুরাটা বেশ্ বাজে।

ঘুঘুরি=[খু]—বি. নূপুর ॥ মেয়েটি ঘুঘুরি পায়ে দিয়ে নাচে'। [<ঘুংগুর+ই প্র.]।

২=[রং]—বিণ. ভবঘুরে ॥ ঘুঘুরি লোকের্ মতো ঘুর ক্যান্?

ঘুঘুল্=[রা]—বি. চাউলবিহীন ধান ॥

ঘুচুক্=[রা]—ক্রি. বিণ. অতি অল্প সময়ে ॥ দাড়া ঘুচুক্ করে আস্‌ছি। [অনু.]।

ঘুচ্'=[চট্ট]—বি. <ঘুষ ॥ দারোগা ঘুচ্' খায়।

ঘুজা=[রা]—বিণ. খোলা ॥ ঘুজা কপাট্। [< ঘোচা(<ঘোচানো)]।

ঘুটা=[রা]—বি. ঘুঁটে ॥

ঘুটি=[রা]—বি. গণ্ডগোল ॥ ছেলেরা ঘুটি পেকে বেড়ায়্। [<ঘোঁট (=ঘট্ট সং)+ই প্র.]।

২=খু]—বি. মাঠের স্তূপাকার ময়লা ॥ [দেখ ঘুটা]।

ঘুটুকল্=[রং]—বিণ. গ্রাম্য, অভদ্র, কৃপণ ॥

ঘুটুনি=[রং]—বি. যাহা দ্বারা ঘাঁটা হয় ॥ ঘুটুনি দি তর্‌কারি নাড়। [<ঘুঁট (<ঘোঁটা<ঘট্টসং)+উনি প্র.]।

ঘুটুলি=[রং]—বিণ. ক্ষুদ্র, গোল ॥ [<গুটলি]।

ঘুটো=[খু]—বি. স্তূপ, কাঁড়ি ॥ নাড়ার্ ঘুটো।

ঘুট্‌ঘুটার্=[রং]—বি. গণ্ডগোল ॥ [<ঘুটঘুট(অনু.)+আর প্র.]।

ঘুট্‌ঘুটি=[রা]—বি. কারসাজি ॥ এশব্ তোহার্ ঘুটঘুটি। [দেখ ঘুটঘুটার্ ; ঘুটঘুট+ই প্র.]।

ঘুট্‌রা বাত্রৈ=[রা]—বি. চড়ুই জাতীয় পাখী ॥ [<ঘুটরা+বাবুই]।

ঘুড়ি=[খু]—বি. মাচা ॥ ঘুড়িতে লাউয়ের্ লতা উঠি গেসে।

ঘুড়্‌ঘুড়ি=[রং]—বি. মাটির নীচের পোকা বিশেষ ॥ [দেখ ঘুগ্‌রি]।

ঘুড়মানি=[রং]—বি. ঘুরানী ॥ মাথায় ঘুড়মানি হছে। [ঘোর+মানি=আনি প্র.]।

ঘুতা=[ব]—বি. চুঁ, গুঁতা ॥ আয়্‌-টাতে ঘুতা মার্‌। [গুঁতা]।

ঘুতানো=[রা]—ক্রি. মারা ॥ বৌকে ঘুতাইলে খারাপ্‌ হয়্‌। [<গুঁতানো]।

ঘুত্‌ করে=[খু]—ক্রি.বিণ. গোপনে ॥ তায়্‌ চিঁঠিডা ঘুত্‌ করে দিশ্‌।

ঘুনা=[রা]—বি. এক প্রকার ঘাস ॥

ঘুনা জাগা=[রা]—বি. গুপ্তস্থান ॥ [<গোজন<গোপন+আ+জগহ্‌ ফা.]।

ঘুনি=[রং]—অস. ক্রি. বিবেচনা করিয়া ॥ মনে মনে ঘুনি দেখি। [< গনি=গণনা করিয়া]।

২=[য]—ক্রি. ছোট মাছ ধরার যন্ত্র বিশেষ ॥

ঘুনিট্‌=[রং]—বি. রেল খালাসীদের থাকিবার ঘর ॥ [<ঘন্‌টি< ঘন্টি< ঘন্‌টা হিং (ঘর)]।

ঘুনে=[খু]—বি. মাছ ধরার বঁশের বাখারী নির্মিত ফাঁদ ॥ [দেখ ঘুনি২]।

ঘুন্‌=[খু]—বি. সুযোগ ॥ [< গৌণ ; অর্থ প্র.]।

ঘুন্‌ দেওয়া=[খু]—ক্রি. ঘনঘন যাতায়াত করা ॥ এ বাড়িতে এত ঘুন্‌ দিতেস কেন্‌ ?

ঘুন্‌ ধরা=[খু]—ক্রি. মূল বিষয়ে দৃষ্টি-পাত করা ॥ একাযে ঘুন্‌ ধর্‌বে কে ? [গুণ (নৌকার রশি)+ধরা ; অর্থ প্র.]।

ঘুন্‌টির্‌ দোআন্‌=[চট্ট]— বি. পানের দোকান ॥

ঘুন্‌ডা=[রা]—বি. মুরগীর ঘর ॥ ঘুনডায়্‌ দুয়ায়্‌ দেইন্‌। [<গুম (< গুল্ম সং)+টা=গুমটি]।

ঘুন্‌ডি=[চট্ট]—বি. ঘুড়ি ॥ পোয়া-হজল্‌ ঘুনডি উড়ায়ের্‌। [<ঘুঁড়ি< ঘুড্ডি কিংবা গুড্ডী হিং]।

ঘুন্‌ডিয়া=[দি]—বি. মুরগী রাখি-বার কাঠের ছোট ঘর ॥ [দেখ ঘুনডা]।

ঘুন্‌তা=[দি]—বি. মুরগী হাঁসের ঘর ॥ [দেখ ঘুনডা]।

ঘুন্‌না=[রা]—বিণ. নষ্ট ॥ ঘুন্‌না ধান্‌।

ঘুন্‌নি=[চট্ট]—বি. ঘোটকী ॥ [< ঘোড়(<ঘোড়া<ঘোটক সং)+নি প্র.]।

ঘুন্‌শি=[খু]—বি. ধান বিশেষ ॥

২=[খু]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ [দেখ ঘুনি+শি প্র.]।

ঘুনশুটি=[খু]—বি. ষড়যন্ত্র ॥ ওসব্‌ ঘুনশুটি আমি বুঝি'। [<গুম گم ফা. +ষট+ই প্র.]।

ঘুপচুপ্‌=[রা]—বি. দ্বিধাজড়িত ভাব ॥ মুই ঘুপচুপু ভালবাশি না। [অনু.]।

ঘুপ্‌চাপ্‌=[রা]—বিণ. গোপন ॥ [দেখ ঘাপ্‌+চাপ(<চাপা)]।

ঘুপ্‌চি=[রা]—বি. গুপ্তস্থান ॥ চোর্‌ ঘুপচিত্‌ লুকায়্‌। [<ঘুপসি]।

ঘুপ্‌টি=[রা]—বি. অন্ধকার ॥ কি ঘুপটিরে বাবা। [দেখ ঘাপ্‌+টি প্র.]।

ঘুপ্‌শি=[খু]—বিণ. গোপন, লুকান ॥ এতদিন্‌ কোথায়্‌ ঘুপ্‌শি সিলে? দেখ ঘুপ্‌চি]।

ঘুমারি=[রা]—বিণ. ঘুম কাতর ॥ তুই দুনিয়ায়্‌ ঘুমারি। [<ঘুম+আরি প্র.]।

ঘুমুক্‌=[খু]—বি. গুল্ম জাতীয় লতানো গাছ ॥

২ =[খু]—বি. নীল ফুল বিশেষ ॥

ঘুম্‌চা=[রা]—বি. বিরক্তিকর গরম ॥ এমন্‌ ঘুমচায়্‌ টেকা দায়্‌। [<গুম<গ্রীষ্ম সং+চা প্র.=গুমট কিংবা<ঘাম<ঘর্ম সং+চা প্র.]।

২=[রং]—বি. দড়ির এক প্রকার গিঁট ॥

ঘুম্‌চি=[রং]—বি. ছোট ছেলেদের কোমরের ফিতা ॥ ছেলেটার্‌ কোমরে ঘুমচি দাও। [<ঘুনশি]।

ঘুম্‌টি=[রা]—বি. রেলের ক্রসিং ॥ বাজারোত্‌ যাতে তিনটে গুমটি পার্‌ হতে হয়্‌। [দেখ ঘুনিট্‌]।

ঘুম্‌নি=[দি]—বি. ঘূর্ণী ॥ [< ঘুনুনি<ঘূর্ণী]।

২=[রা]—বি. ঘুমঘুম ভাব, প্রায় মূর্ছা ভাব ॥ ঘুমনি লাইগা পড়ে যাও কেন্‌ ? [<ঘুম+নি প্র.]।

৩=[রা]—বি. লবণ তৈল ঘি ইত্যাদি যোগে ভাজা চাউল ॥ জাঁরে আছে এ্যানা ঘুমনি দিম্‌। [ঘুঙ্গনী হিং]।

ঘুম্‌রি=[রা]—বিণ. গোপন কথা প্রকাশকারী ॥ ঘুমরি লোক্‌টার্‌ কাছে কিছু বলো না।

ঘুম্‌শা=[রং]—বি. গরম, তাপ ॥ ঘুমশা আগুনের্‌বাওজে। [<গুম<গ্রীষ্ম সং+শা প্র. কিংবা ঘাম<ঘর্ম সং+ শা প্র.]।

ঘুম্‌শানি=[ব]—বি. গুমোট ভাব, গরম ॥ যে ঘুমশানি ধরেসে, বিশ্‌টি আর্‌ এলো না [দেখ ঘিম্‌শানি]।

ঘুরি=[খু]—বি. মাচা ॥ [দেখ ঘুড়ি]।

ঘুরো=[খু]—বি. নৌকার সম্মুখ ভাগ, গলুই ॥ নৌকায়্‌ ঘুরোতে বশ্‌।

ঘুর্‌কি=[খু]—বি. ধোঁকা ॥ লোক্‌টা ঘুর্‌কি দিয়াসে। [ঘুর (<ঘোরা)+কি প্র.]।

ঘুর্‌কুট্‌টি=[খু]—বিণ. ভীষণ ॥ তোদের্‌ বাড়ি আয্‌ ঘুর্‌কুট্টি ঝ'গড়া হল কেন্‌ ? [<ঘোর+কুট্ট(< কুট্টন সং)+ই প্র.]।

ঘুর্‌মি পাক্‌=[ব]—বি. ঘুর পাক ॥ [<ঘুর+নি প্র.+পাক]।

ঘুর্‌মুটি=[রং]—বিণ. খুব ভীষণ ॥ আজ্‌ ঘুরমুটি আন্‌ধার্‌।

ঘুলা=[রং]—অস. ক্রি. দিশহারা হইয়া ॥ [<ঘোরা]।

২ =[রং]—বিণ. খারাপ ॥ ঘুলা ডিম্‌। [<ঘোলা]।

৩ =[রা]—বিণ.পচার পূর্বাবস্থা-বিশিষ্ট ॥পালাত্‌ শব্‌ ধান্‌ ঘুলা হয়ে গেছে।

ঘুলান্‌=[রং]—ক্রি. নষ্ট হওয়া বা পচায় ধরা ॥

ঘুলি=[রং]—বিণ. যাহা বিকৃত হইয়া গিয়াছে ॥ [<ঘোলা+ই প্র.]।

২=[রা]—বি. বাধা ॥ সব কাজে ঘুলি দিছ্ না।

ঘুলি করা=[ব]—ক্রি. কর্দমাক্ত করা ॥ পানি ঘুলি করিস্ নে। [দেখ ঘুলি+করা]।

ঘুলো=[খু]—বি. ঢেঁকির মুষল ॥ [<গুলো]।

২=[খু]—বি. লোহার বেড়ি ॥ [পূর্বে দেখ]।

ঘুল্মুলি=[রং]—বি. মাছ ধরার এক প্রকার ফাঁদ ॥

ঘুশা=[খু]—বি. ছোট চিংড়ি ॥

ঘুশি=[য]—বি. ভুষি ॥

২=[রা]—বি. ঘুঁটে, শুকনা গোবর, জ্বালানী ॥ জমির্ ঘুশি কুড়াবার্ মানা করে দাও। [ঘসি ম. বাং]।

ঘুশুর্ ঘুশুর্=[রা]—ক্রি. বিণ. ইতস্ততঃ ॥ ঘুশুর্ ঘুশুর্ করিছ্ না। [অনু.]।

২=[রং]—বিণ. ঘুষঘুষে, তড়বড়ে ॥ তোর্ জে ঘুশুর্ ঘুশুব্ জর্ ঐছে।

ঘুশুরা=[রং]—বিণ. ধনী, টাকা-পয়সাওয়ালা ॥ [<ঘুষ+উরা প্র. ; অর্থ প্র.]।

২=[রং]—বি. ধানের আবর্জনা বিশেষ ॥ এত ঘুশুরাওয়ালা ধান্ নেওয়া জায্ না ॥

ঘুশুরি=[রা]—বি. ঘুঁটে ॥ পাথারের্ ঘুশুরি কেহ কুড়ায়্ না জেন্ ॥ [দেখ ঘুশি+রি প্র.]।

ঘুশুরু=[দি]—বিণ. অপরিষ্কার ॥ তুই লোক্টা বড় ঘুশুরু।

ঘুশো=[খু]—বি. কুঁচি চিংড়ি।

ঘুশ্কি=[রং]—বিণ. অস্বাস্থ্যকর, অনুন্নত ॥ কোন্ ঘুশ্কি বাড়িতে নি-জাইশ্ মোক। [সবদার্থ গুপ্ত বেশ্যা]।

ঘুশ্ঘুইশ্শা=[চট্ট]—বিণ. ঘুষঘুষে, আঁতস্বলা ॥ [<ঘুষ্ঘুষ্ (অনু.)+ইয়া প্র.]।

ঘুশ্ঘুশি =[রং]—বিণ. ভিতরে ভিতরে, সামান্য ॥ [দেখ ঘুশ্ঘুইশ্শা]।

ঘুশ্ড়ি=[দি]—বি. শুকনা গোবর, ঘুঁটে ॥ এই, কেও ঘুশ্ড়ি কুড়াবা না। [দেখ ঘুশি+ড়ি প্র.]।

ঘুস্ঘুস্যা=[চট্ট]—বিণ. ঘুষ ঘুষে ॥ ঘুস্ঘুস্যা যব্। [ঘুস্ঘুস (অনু.)+ইয়া প্র.]

ঘে

ঘে=[রা]—অব্য. দেব ॥ আমার্ঘে বাড়ি ॥ [গে=গো]।

ঘেইগ্যান্=[চট্ট]—ক্রি.বি. পাশাপাশি করণ ॥

ঘেউ=[রং]—বি. ঘি ॥ ঘেউর্ শ্যার্ আট্ টেকা। [ঘিঅ প্রাং<ঘৃত সং]।

ঘেংগি পাতা=[রা]—ক্রি. কোন কিছু পাইবার আশায় নির্লজ্জভাবে অপেক্ষা করা ॥ [দেখ ঘেইগ্যান্]।

ঘেঁচেড়া=[দি]—বিণ. যে সহজে কথা শুনে না ॥ তোর্ মতোন্ ঘেঁচেড়া মানুশ্ মুই আর্ দেখিনি।

ঘেচু=[খু]—বি. খৈ জাতীয় খাদ্য বিশেষ ॥

ঘেচু খচা=[রং]—ক্রি. পুঙ্খানুপুঙ্খ ভাবে জিজ্ঞাসা করা ॥ পুলিশ ঘেচু খচি কথা নেয়্।

ঘেটি মোড়ান্=[খু]— ক্রি. অবাধ্য হওয়া ॥ ও আমার্ কথায্ ঘেটি মোড়ায়ে চ'লে। [=ঘাড় ফেরান ; বাগ্ ধাবা]।

ঘেটু=[খু]—বি. পাঁচড়া ॥ [<ঘেঁটা]।

ঘেটেল্=[খু]—বিণ. দুষ্ট ॥ [দেখ ঘেটি ; ঘেট্+এল প্র.]।

ঘেডি ঘুল্লা=[খু]—বি. অর্ধচন্দ্র ॥ [দেখ ঘেটি+ঘোরানো] !

ঘেড়েল্=[খু]—বিণ. উলঙ্গ ॥ [দেখ ঘেটেল্ ; অর্থ প্র.]।

ঘেনু=[খু]—বি. মগজ, ঘিলু ॥ [< ঘেলু<ঘিলু]।

ঘেন্না=[খু]—বি. অরুচি ॥ ঘেন্না করে কিস্যু খেতে নেই। [<ঘৃণা]।

ঘেন্না লাগা=[রং]—ক্রি. ঘৃণা লাগা ॥ এত ঘেন্না লাগে জে আর্ দেখিবা মনায়্ না। [দেখ ঘেন্না+লাগা]।

ঘেন্নানো=[চট্ট]—ক্রি. কট্মট্ করিয়া তাকানো, ক্রুদ্ধনেত্রে বা লুব্ধ নেত্রে দৃষ্টিপাত করা ॥ রাগে আঁরে ঘেন্নাই চাই রৈল্। [ঘেননা+নো প্র. ; নাম ধাতু]।

ঘেপ্চানো=[খু]—ক্রি. বিরক্ত করা ॥ এরান্ ঘেপ্চাস্সিশ্ ক্যান্ ?

ঘেঘেই যাওয়া=[দি]—ক্রি. নিবিয়া যাওয়া ॥

ঘেয়ার্=[চট্ট]—বিণ. বেয়াড়া ॥ [দেখ ঘ্যাউড়া]।

ঘেলু=[রা]—বি. ঘিলু, মগজ ॥ [দেখ ঘেনু]।

ঘেশ্কুল্=[রং]—বি. গলগণ্ড রোগের ব্যাথা বিশেষ ॥

ঘ্যাউড়া=[রা]—বিণ. বাঁকা স্বভাবের॥ [ঘাড়+উয়া প্র.]।

ঘ্যাংগর্=[রং]—বি. কফ, শ্লেষ্মা॥ নাকের্ ঘ্যাংগর্ শাফ্ করেক্। [দেখ ঘ্যাগর্]।

ঘ্যাংগা=[রা]—বি. এক জাতীয় বাঘ॥

ঘ্যাংগানো=[ব, রং]—ক্রি. কোন কিছু পাওয়ার জন্য বার বার মিনতি করা॥ ঘ্যাংগাইলেকি ঐব জরের্ মৈধ্যে বাত্ পাবি না (রং)। [ঘ্যাংগা (নাম ধাতু)+আনো প্র.]।

ঘ্যাংগোড়্=[রা]—বি. জমাট কাশি॥ এঠি ঘ্যাংগোড়্ অগ্‌লাইছ্ না। [দেখ ঘ্যাংগর্]।

ঘ্যাংটানো=[দি, রং]—ক্রি. হাত দিয়া বার বার নাড়াচাড়া করা॥ [ঘ্যাংটা<ঘাঁটা+আনো প্র.]।

ঘ্যাংটি পারা=[রং]—ক্রি. পুনঃ পুনঃ চাওয়া॥ ঘ্যাংটি পারি মোর্‌টেই দুইটি টাকা নিলে।

ঘ্যাংরানো=[খু]—বিণ. দুর্বল॥

২=[খু]—ক্রি. স্বর বিকৃত করা॥ [ঘ্যাংরা+আনো প্র.]।

৩=[খু]—ক্রি. আর্তনাদ করা॥ [পূর্বে দেখ]।

ঘ্যাংরাল্=[রা]—বি. পাখী বিশেষ॥

ঘ্যাচর্=[রা]—বিণ. অবাধ্য, শাসন অমান্যকারী॥ এই ঘ্যাঁচরটা আর্ ভাল হবে না। [<ঘেঁচড়]।

ঘ্যাচ্‌রা=[রা]—বিণ. অলস॥ [দেখ ঘ্যাঁচর্+আ প্র.]।

ঘ্যাঁতা=[রা]—বি. চূর্ণ॥

ঘ্যাঁরর্=[চট্ট]—বিণ. একগুঁয়ে॥ [দেখ ঘেঁরর্]।

ঘ্যাক্‌সা উল্‌টা=[রং]—বিণ. রং চটা॥

ঘ্যাগড়্=[রা]—বি. নাসিকা হইতে নির্গত শ্লেষ্মা॥ [দেখ ঘ্যাংগর্]।

ঘ্যাচ'ন্=[খু]—বিণ. অসভ্য, বর্বর, পাজি॥ তুমি বড় ঘ্যাচ'ন্।

ঘ্যাচ'র্=[রা]—বিণ. নাছোড় বান্দা॥ [দেখ ঘ্যাঁচর্]।

ঘ্যাচ'াং=[রং]—ক্রি. বিণ. হঠাৎ করিয়া॥ ছাগল্‌টাক ঘ্যাচাং করি জবো কর্। [অনু.]।

ঘ্যাচাঘেঁচি=[রং]—বি. বিরক্তি॥ ঘ্যাচাঘেচির্ লোক্। [<খেঁচাখেঁচি]।

ঘ্যাচ'ানো=[খু]—ক্রি. বিরক্ত করা॥ [<খেঁচানো বা খোঁচানো]।

২=[খু]—ক্রি. বিদ্রূপ করা॥

৩=[খু]—ক্রি. বার বার কোন কিছু নাড়াচাড়া করা॥

ঘ্যাচ'ান্=[খু]—বিণ. অবাধ্য॥

ঘ্যাচ্‌ঘাচিয়া=[রং]—বিণ. অত্যন্ত বিরক্ত করে বা বার বার কোন দ্রব্য চায় যে॥ ঘ্যাচ্‌ঘাচিয়া মানুশ্‌টা কেম্‌নে পড়ি রোইচে।

ঘ্যাচ্‌রা=[রং]—বিণ. যে অসৎ-কর্মের জন্য শাস্তি ভোগ করিয়া পুনরায় ঐ কর্ম করে॥ ঘ্যাচ্‌রা চোর্‌ডা আর্ ভাল হৈল্ না। [দেখ ঘ্যাঁচ্‌রা]।

২=[খু]—বিণ. নাছোড়বান্দা॥ আর্ ঘ্যাচ্‌রাপানা করিস্ না।

ঘ্যাচ্‌রানো=[খু]—ক্রি. জিদ করিয়া পুনঃ পুনঃ এক কাজ করা॥ [দেখ ঘ্যাচ্‌রা+নো প্র.]।

ঘ্যাটা ঘ্যাটি=[রং]—ক্রি. বিণ. নষ্ট॥ ভাল জিনিশ্‌লা ঘ্যাটাঘ্যাটি করি লাভ্ কি? [<ঘাঁটা ঘাঁটি]।

ঘ্যাটাল্=[রা]—বি. মাঝি, কাণ্ডারী॥ [<ঘাট+আল প্র.]।

ঘ্যাট্=[রা]—বি. অপরাধ॥ ঘ্যাট্ করেছ শিকার্ জাও। [<ঘাট(<ঘটী হিং)]।

ঘ্যাট্ কুল্=[রং]—বি. বুনো কচু জাতীয় গাছ॥ [<ঘেটু+কুল]।

ঘ্যাট্‌ঘেট্=[রং]—বি. কুকুরের ডাক॥ কুকুর্‌টা এক্ শমান্ ঘ্যাট্‌ঘেট্ করেছে। [ধ্বন্যা.]।

ঘ্যাড্‌ঘ্যাডানো=[চট্ট]—ক্রি. খিট্‌খিট করা, রাগে গালি দেওয়া, কড়া কথা বলা॥ ঘ্যাড্‌ঘ্যাডাইলে হিতে চ'লি যাইব।

ঘ্যাড়া=[রা]—বি. মাছ বিশেষ॥ ঘ্যাড়া মাছ্ লৈয়া আইছ্ না, খাবু না।

ঘ্যাড়োল্=[খু]—বি. ঢ্যাড়স, তরকারী বিশেষ॥

ঘ্যাতা কালানি=[রা]—বিণ. বোকা, যে কিছুই জানে না ও বুঝে না॥ [<গাধা+কালা+নি প্র.]।

ঘ্যাত্‌ঘোত্=[রং]—বি. ব্যাঙের ডাক, শব্দ বিশেষ॥ তোমার্ গিলায় কিশের্ এত ঘ্যাত্‌ঘোত্? [ধ্বন্যা.]।

ঘ্যাত্‌রা=[খু]—বিণ. দুর্বল॥

ঘ্যাদর্ ম্যাদর্=[রা]—ক্রি. বিণ. এলোমেলো, জগাখিচুড়ি॥ ঘ্যাদর্ ম্যাদর্ করে কোন কাজ্ করো না। [অনু.]।

ঘ্যানা=[খু]—বিণ. নিকৃষ্ট॥ ঘ্যানা বাস্থুড়া কনে গেল্?

ঘ্যান্ গব্‌রা=[রং]—বিণ. যাহার ঘৃণা নাই॥

ঘ্যান্‌ঘ্যানে=[খু]—বিণ. অস্থির॥ [<ঘ্যান ঘ্যান অনু.+এ. প্র.]।

২=[ব]—বি. প্যানপ্যান॥ [পূর্বে দেখ]।

ঘ্যারা=[খু]—বি. পিঠ॥ দাওয়ার্ ঘ্যারাদে ঘা দিশ্। [<ঘাড়+আ প্র.]।

ঘ্যারান্‌চি', ঘ্যারান্‌চে'=[খু]—বিণ. ছোট খাটো॥

ঘ্যারে=[ল]—অস. ক্রি. নিভাইয়া॥ [<ঘেরিয়া<ঘিরিয়া]।

ঘ্যারো=[খু]—বি. গ্রহ॥ [<গ্যারো<গরহ<গ্রহ]।

ঘ্যার্‌কত্=[রং]—ক্রি. বিণ. ক্ষণ-কালের মধ্যে॥ তুই অনার্ বাড়ি হতি ঘ্যার্‌কত্ ফিরি আশিশ্।

ঘ্যার্ ঘেরি=[রং]—বি. শব্দ ।। গলার ঘ্যার্‌ঘেরিতে বশে থাকা জায়্ না। [<ঘড় ঘড়ি (ধ্বন্যা.)]।

ঘ্যাল্ ঘ্যালা=[রং]—বিণ. অত্যন্ত নরম।। দল্‌টা কেনে ঘ্যাল্‌ঘ্যালা ঐছে। [<গল্ গল (অনু.)+আ প্র.]।

২=[রং]—বিণ. তরল ।। হালুয়াগুলা এত ঘ্যাল্‌ঘ্যালা কর্‌লু ক্যান্ ?

ঘ্যাল্ টাহে=[দি]—বি. বেকায়দা ।। তোর্ মত কত বাবু ঐটে ঘ্যাল্‌টাহেত্ পড়িছে।

ঘ্যাশ্ না=[রং]—বি. দুর্নাম ।। মান্‌শির্ ঘ্যাশ্‌না তোক ভাল লাগে বোধ্ হয়্। [<ঘোষণা : অর্থ প্র.]।

ঘ্যাশ্ শা=[রা]— বিণ. ঘাসজাত ।। [ঘাস+আ প্র.]।

ঘ্যাস্ কানো=[চট্ট]—ক্রি. টিট্‌কারি দেওয়া, শ্লেষপূর্ণ বাক্যবাণে জর্জরিত করা, কটূক্তি করা ।। খেলায় হারি গেয়ে হেতাল্‌লাই তোরা ঘ্যাস্‌কাও ক্যা।

ঘৈন্যা মাস্=[চট্ট]—বি. এক প্রকার মাছ ।। [ঘনিয়া+মাছ]।

ঘৈশ্যা=[চট্ট]—বি. তিল ।।

ঘো

ঘোংগর্=[রং]—বি. ঘোমটা, অবগুণ্ঠন ।। মাথাত্ ঘোংগর্ টান্যা দেঅক্। [দেখ ঘুংগুট্ কাড়া]।

ঘোংগা=[রা]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ।।

২=[রা]— বি. শামুক বিশেষ।। [ঘোংগা হিং]।

ঘোংয়ান্=[চট্ট]—ক্রি গোঁ গোঁ শব্দ করা ।। [<ঘোংরা (নাম ধাতু)+আন প্র.]

ঘোঁকানো=[ব]—ক্রি. গালি দেওয়া ।। আর্ কত ঘুঁকিশ্ ? [<ঘোঁকা (নাম ধাতু)+আনো প্র.]।

ঘোঁজ্=[রা]—বি. বস্ত্রের অবাঞ্ছিত সংকোচন বা ভাঁজ ।। কাপড়খান্ ঘোঁজ্ করিছ্ না।

ঘোঁডা=[চট্ট]—বি.<ঘোমটা ।।

ঘোঁদ্ লান্=[রা]—ক্রি. ঘোলা করা ।। [ঘোদ্‌লা<ঘোলা+আন প্র.]।

ঘোঁন্—[ব]—বি. <কোনা ।। যমির্ ঘোঁন্‌টা এত আঁটো যে হালের্ বলদ্ ঘোরে না।

ঘোঁশা=[রা]—বি. ঝিংগা জাতীয় ফল বিশেষ ।। ঘোঁশার্ খোশা দিয়ে গা মাজা ভাল হয়্।

ঘোঁশ্=[খু]—বি.পানি চুয়াইয়া আসা গর্ত ।। [ঘোশ<ঘুশ্]।

ঘোঁশ্ পারা=[ব]—ক্রি. হামাগুড়ি দেওয়া ।।

ঘোকন্=[রা]—বি. কুৎসিৎ ভর্ৎসনা, যদেচ্ছা গালাগালি ।। আগুক্ আঁয়্, কেমন্ ঘোকন্ দেই।

ঘোক্ না=[রং]—ক্রি. হাত ডুবাইয়া নাড়া ।। খাবার্ পানি কেন্ ঘোক্‌নালু ?

ঘোগা=[খু]—বি. সুড়ং ।। কে যেন্ বাঁধ্‌টি ঘোগা করে দিয়েসে।

২=[রং]—বি. মাছ মারার গর্ত বিশেষ ।। ঘোগায়্ মাছ্ আয়্ছে।

ঘোগ্ লা=[রা]—বি. মুখের লালা ।।

ঘোচুর্ মুচুর্=[রং]—বি. সংকোচ ।। ঠিক্ মত কথা কও, এত ঘোচুর্ মুচুর্ কর ক্যান্ ? [অনু.]।

ঘোচ্'=[খু]—বি. নিম্নভূমি ।। বিলের্ ঘোচে' এখনো পানি আসে। [<ঘোচ (<কুঞ্চন)]।

ঘোচ্ করা=[খু]—ক্রি. গর্ত করা ।। [দেখ ঘোচ্]।

ঘোচ্ মোচ্=[রং]—বি. সংকোচ ।। কথা কৈতে ঘোচ্‌মোচ্ করিছ্ না। [অনু.]।

ঘোঘা=[খু]—বিণ. একগুঁয়ে ।।

২=[খু]—বি. নদীর বাঁক ।। ঘোঘায়্ দুই খেও দিয়ে আশি, দেখি কিসু পাই নাকি।

ঘোটন্=[খু]—বি. লাকড়ি, জ্বালানি কাঠ ।।

ঘোটা=[রং]—বিণ. ক্ষুদ্র আকৃতি বিশিষ্ট ।। দুর্ শালায়্ ঘোটা ।। [দেখ ঘোটেয়া ; ঘটুয়া হিং=ছোট লোক]।

ঘোটাত্=[খু]—অব্য. শব্দ বিশেষ ।। [ধ্বন্যা.]।

ঘোটেয়া=[রং]—বিণ. ক্ষুদ্র আকার বিশিষ্ট ।। [দেখ ঘোটা]।

ঘোট্ ঘোট্=[রং]—ক্রি. বিণ. তন্ন তন্ন ।। এত ঘোট্‌ঘোট্ করি দেখ্‌লু তবু পালু না। [অনু.]।

ঘোট্ না=[রা]—বি.মন্থন দণ্ড।। ঘোট্‌না দিয়ে ডাইল্ ঘাটে। [<ঘোঁটনা<ঘট্ট সং)+না প্র.]।

২=[রা]—বি. একপ্রকার বাঁশ বা কাঠ ।।

ঘোট্ মারা=[রা]—ক্রি. হ্যাঁচকা টান মারা ।। ছিপে ঘোট্ না মার্‌লে মাছ্ ওঠে না। [দেখ খুট্]।

ঘোট্ লান্=[রং]—ক্রি. দণ্ড দ্বারা আলোড়িত করা ।। পানিগুলি ঘোট্‌লে দে। [দেখ ঘোট্‌না ; ঘোঁট+লা+ন]।

ঘোড়শ্=[রা]—বি. লতা বিশেষ।।

ঘোড়াকুর‍্যা=[রা]—বি. গাছ বিশেষ।।

ঘোড়া গস্ তানি=[রা]—বি. মন্দ স্বভাবের মেয়ে ।।

ঘোড়া বাঁধা=[রা]—ক্রি. অপেক্ষা করা ।। [বাগ্‌ধারা]।

ঘোড়া রোখা=[রা]—বিণ. জেদী, একগুঁয়ে ।। ঘোড়ারোখা লোক্‌টা কোন কথা শুন্‌তে চায়্ না। [<ঘোড়া (<

ঘোটক)+য়োখা<য়োখ+আ প্র.]।

ঘোড়া বাইল্=[খু]—বি. ঘোড়ার লেজের চুল ॥ [<ঘোড়া+বাল হিং]।

ঘোড়ার্ বাঁড়া=[খু]—বিণ. অপদার্থ ॥ [=ঘোড়ার লিঙ্গ ; বাগ্‌ধারা]।

ঘোদল্=[খু]—বি. গর্ত ॥ মার্‌বেলের্ ঘোদল্ খোড়্। [খোঁদল<খন্দ+ল প্র.]।

ঘোনা=[চট্ট]—বি. সমুদ্র উপকূলে জমির চতুর্দিকের বড় বাঁধ ॥

২=[চট্ট]—বি. ঠোকনা ॥ গাল্‌ত ঘোনা মারে ক্যা ?

৩=[চট্ট]—বি. তিন দিকে পাহাড় বা জলবিশিষ্ট স্থলভাগ ॥

৪=[রং]—বি. এক প্রকার ঘাস ॥

৫=[ব]—বিণ. শহর বা বড় রাস্তার সংযোগহীন ॥

ঘোনাই=[চট্ট]—অস. ক্রি. টোকনা দিয়া ॥ [দেখ ঘোনা, +ইয়া]।

ঘোনানো=[খু]—ক্রি. থামান, ভিড়ান ॥ ঘাটে নাও ঘোনাও। [ঘন+আনো প্র.]।

ঘোনি=[ব]—বি. বদ্ধস্থান, স্রোতোহীন জায়গা ॥

ঘোনে=[রা]—বি. অব্য. হইতে ॥ তুমি কোথা ঘোনে আশিলে ?

ঘোন্=[রা]—বি. অপ্রশস্ত বা সংকীর্ণ স্থান ॥

ঘোন্‌টা=[খু]—বি. ঘোমটা ॥ নতুন্ বৌর্ ঘোন্‌টা কৈ ?

ঘোপা=[ব. রা]—ক্রি. ঘামা ॥ গরমে গা ঘোপে গেল্ ॥

২=[রা]—বি. আড্ডা, স্থান ॥ [ঘোপ+আ প্র.]।

৩=[রা]—বি. অন্ধকার বা আলো বাতাসহীন স্থান ॥ ঘোপাত্ মুই থাক্‌বার্ পারি না। [পূর্বে দেখ]।

৪=[রা]—বি. বাঁক ॥ নদির্ ঘোপায় খুব্ মাছ্ পড়্ ছে।

ঘোপ্=[চট্ট]—বি. শ্রেণী বা স্তবক ॥

২=[য]—বি. কোণ ॥

৩=[রং]—বি. ফাঁস, দড়ি বা সুতার বাঁধন ॥ তুই কোন্ ঘোপত্ মাথা ঢুকি দিছিশ্।

৪=[রা]—বি. বাঁক ॥ নদির্ ঘোপে মাছ্ পড়ে খুব্।

৫=[রা]—বি. সংকীর্ণ স্থান ॥

ঘোপ্‌চং=[রা]—বিণ. নিষ্কর্মা ॥ ইডা এ্যাডা ঘোপ্‌চং ॥

ঘোপ্‌যাল্=[খু]—বি. মাছ ধরার জাল বিশেষ ॥

ঘোপ্‌পো=[বা]—বি. আলো বাতাস হীন স্থান ॥ ঘোপ্‌পোত্ মুই শুক্ পাবো না। [<ঘোপ+ও প্র.]।

ঘোমট্=[রং]—বি. বড়াই বা গর্ব ॥ এত ঘোমট্ করিবা না। [<গুমট]।

ঘোম্‌টা=[রং]—বি. মুখভার ॥ মুখ্ ঘোম্‌টা করেছ ক্যান্ ? [অর্থ প্র.]।

ঘোরন্‌চ'=[ব]—বি. এক প্রকার ভেষজ গাছ ॥

ঘোর্‌কিশ্‌টি=[খু]—বিণ. গাঢ় অন্ধকার ॥ ঘোর্‌কিশ্‌টি অন্ধকারে যাই কেমন্ করে ? [<ঘোর+কৃষ্ট<কৃষ্ণ+ই প্র.]।

ঘোর্‌প্যাচ্'=[খু]—বি. এদিক সেদিক ॥ ওর কথার্ কোন্ ঘোর্‌প্যাচ্' নাই। [ঘোর প্যাঁচ]।

ঘোলা=[বা]—বি. আবর্ত ॥ ঘোলায় পড়ি নৌকা মারা গেল্।

ঘোল্=[চট্ট]—বিণ. আবিল, ঘোলা ॥

ঘোল্ করা=[রা]—ক্রি. হেস্তনেস্ত করা ॥ এ ব্যাপারে ওকে ঘোল্ করে দিয়েছে।

ঘোল্ খাওয়ান্=[রা]—ক্রি. ফাঁকি দিয়া ঘুরানো ॥ হে লোক্‌টাকে ঘোল্ খাওয়াল। [বাগ্‌ধারা]।

ঘোল্‌ঘোলা=[রং]—বিণ. অত্যন্ত তরল ॥ ঘোলঘোলা দৈ। [অনু.]।

২=[রং]—ক্রি. পণ্ড করা ॥

ঘোল্‌ট্যাপা=[রা]—বিণ. বেঁটে, খাটো ॥ ঘোল্‌ট্যাপা ছেলে।

ঘোল্‌হাড়ে=[বং]—বিণ. ছোট মাছ বিশেষ ॥

ঘোশর্=[রা]—বি. জংগল ॥

ঘোশা=[রা]—বি. ধুঁধুলের খোসা ॥ ঘোশা দি ঘশ্‌লে গা শাফ্ হয়। [<খোসা]।

ঘোশানো=[রা]—ক্রি. পরিষ্কার করা ॥ থালা বাটি ঘোশাও।

ঘোশ্‌ঘোশা=[রং]—বিণ. মোটা সুতার বোনা ॥ এই কাপড়্ খান্ ঘোশ্ ঘোশা।

ঘোশ্‌টা=[রং]—বি. ঘষা ॥ বাঁশের্ ঘোশ্‌টা লাগি গায়ের্ ছাল্ গেইল্।

ঘোশ্‌লান্=[রং]—ক্রি. রগড়ানো ॥ চোখ্ দুইডা ঘোশ্‌লাইছ্ না। [<ঘষ্ (<ঘর্ষণ)+ল+আন প্র. ; দেখ ঘোশানো]।

ঘৌ=[রং]—বি. ঘুঘু পাখী ॥ ঘৌর্ গোসত্ বড় শাদ্। [<ঘুঘু]।

ঘৌর্=[চট্ট]—বি. কলার ছড়া ॥

চ

চওটা=[রং]—ক্রি. ভয় দেখানো, ধমক দেওয়া ॥ কেন্ মুরগিলাক্ চওটায়ছে। [<চোটা<চোটান (<চুট সং+আন)]।

চওটা চোটি=[রং]—ক্রি. বি. ভয় দেখান, ধমক দেওয়া, চটাচটি করণ ॥ [দেখ চওটা+চোটি=চোটাচুটি]।

চওড়েয়া=[রং]—অস. ক্রি. চপেটাঘাত করিয়া ॥ তোক চওড়েয়া এক্‌শেশ্ করুমো। [<চড়াইয়া]।

চওরের্ বাও=[রং]—বি. চামরের বাতাস ॥ বড় গরম্, চওরের্ বাও দে। [<চামরের বায়ু]।

চং=[রং]—বি. খেয়াল ॥

চংকা=[রং]—ক্রি. বি. ভয় পাওয়া ॥

চংকা দোশ্ হছে ছাইলাটার্। [<চমকা (<চমকান)=চমকিত হওয়া]।

চংকানো=[রং]—ক্রি. চমকিয়া উঠা ॥ [<চমকানো]।

চংগ=[রং]—বি. অভ্যাস ॥ নিনদে কাঁদি উঠা উয়ার্ চংগ।

চ'ওর্=[রং]—বি.<চামর ॥

চকর্ চাল্—[রা, দি]—বি. এক রকম গুটি খেলা, নড়চড় করণ ॥ দিন্‌রাইত্ নাই, খালি চকর্‌চাল্ খেলা। [<চক্রচাল (<চালনা)]।

চকা=[ব, রা]—বি. চুল্লী, চুলা ॥ [< চওকা হিং ; দেখ চৌকা]।

চকা পাক্‌ড়া=[রং]—বিণ. বিভিন্ন রঙের, চিত্রবিচিত্র ॥ চকাপাকড়া ছাগল্টা হামার্ না। [<চক্র+আ প্র.+পাখরা অনু: ; দেখ চক্‌রা পাক্‌রা]।

চকাল্=[রা]—বিণ. দৃষ্টিশক্তিসম্পন্ন॥ আমি কানা আর্ তুই বুঝি খুব চকাল্? [<চোখ(<চক্ষু)+আল প্র.]।

চকি=[দি]—বি.চৌকি ॥ মানুশ্ চকির্ উপর্ শোয়্। [<চৌকি<চউক্কী< চতুষ্কী সং]।

২=[দি]—বি. খাল, ডোবা ॥

৩=[রা, দি]—বি. মাটি কাটার পরিমাণ বিশেষ ॥

চকিয়া=[রং]—বি. থাকিবার চৌকি, খাট ॥ [দেখ চকি+আ প্র.]।

চকুয়া=[রং]—বি. বড় চুল্লী ॥ মজ্‌লিশি পাকের্ জনি্য চকুয়া খোড়া লাগ্‌ব। [দেখ চকা]।

চকোয়া=[রং]—বি. এক প্রকার পাখি ॥ 'উড়ি যায় চকোয়া পাখি, গলায় গজমতি হার।' [<চক্রবাক]।

চক্=[রং]—বি. মধ্যস্থল, মাঝখান ॥ তুই চকের্ মধ্যে থাকিশ্। [<চওক হিং]।

২=[দি]—বি. গাড়ির দুই চাকার মধ্যবর্তীস্থান ॥

৩=[রা]—বি.খণ্ড, টুকরা ॥ দুচক্ আমৈ চলড়ার্ হাভত্ দেয়্ না। [<চাক<চক্র]।

চক্‌কর্=[রং]—বি. কুহক ॥ আশার্ চক্করে পড়্যা কি লাভ্ হলু বাহে? [<চক্র]।

চক্ খাওয়া বা নাগা=[রং]—ক্রি. মূর্ছা যাওয়া ॥ [<চোখ খাওয়া বা লাগা]।

চক্‌খেলা=[রং]—বি. পাঁচখানা করিয়া সব সময় চালিতে হয় এইরূপ খেলা বিশেষ ॥ তুই চক্‌খেলের্ পাড়িশ্ কিনা কহ্?

চক্‌চন্দা লাগা=[রং]—ক্রি. তাক লাগা, আশ্চর্য হওয়া ॥ তামাশা দেইক্যা মুঁই চক্‌চন্দা লাগি গেনু। [<চোখ+চৌন্ধ হিং=ধাঁধা+লাগা]।

চক্‌টা মারা=[রং]—ক্রি. ধাঁকি জাল হঠাৎ তুলিয়া মাছ ধরা ॥ চক্‌টা মারি আজ্‌কাল্ ভাল মাছ্ পাওয়া যায়্। [<চটকা (<চট্‌কান<চট্ সং=ভেদ-করা)+মারা ; বর্ণ বিপর্যয়]।

চক্‌বকা=[রা]—বিণ. বেশী কথা বলে যে ॥ লোক্‌টা বড় চক্‌বকা। [< চক্‌বক (অনু.)+আ প্র.]।

চক্‌মকা=[রং]—বিণ. তৈল ও হলুদ পূর্ণ ॥ [<চক্‌মক্ (অনু.)+আ প্র.]।

চক্‌রা চক্‌রি=[রং]—বিণ. পাখড়া, বিভিন্ন রঙের ॥ বাছুরড়া চক্‌রা চক্‌রি হছে। [দেখ চকা পাক্‌ড়া ; চকর+ই প্র.]।

চক্‌রা পাক্‌রা, চক্‌রা বক্‌রা=[রং] —বিণ. রঙ্‌বেরঙের ॥ গাইয়ের এক্‌টা চক্‌রা পাক্‌রা বাছুর হছে। [দেখ চকা পাক্‌ড়া]।

চক্‌রা বক্‌রা=[রং]—বিণ. চমকিত ॥ [অন.]।

চক্ লাগা=[রং]—ক্রি. মূর্ছা যাওয়া ॥ আচম্‌কা চক্ লাগি পড়ি গেল্। [< চঅক<চমক+লাগা]।

চখো=[দি]—বিণ. বেশী লবণযুক্ত ॥ তর্‌কারি খান্ খুব্ চখো হৈছে। [< চোখা<চোক্ষ সং ; তুং চৌখা হিং ; অর্থ প্র.]।

চগ্‌বগ্যা=[রা]—বিণ. চোখা ॥ [চগ <চখো দেখ+বগ অনু:+ইয়া প্র.]।

চটক্=[রং]—বি. প্রহর, ক্ষণ ॥

চটক্‌বাজ্=[রা]—বিণ. ধুরন্ধর, কাজিল ॥ শে বড় চটক্‌বাজ্। [<চটক =চমক+বায باز ফা.]।

চটর্ পটর্=[রং]—ক্রি. বিণ. তাড়া-হুড়া, ঝট্‌পট্ ॥ চটর্‌পট্‌র করয়া কাম্‌টা কর্। [অনু.]।

চটা=[রা]—বি. বৃষ্টির ফলে সৃষ্ট মাটির পাতলা শক্ত খণ্ড খণ্ড চাপ ॥

চটাচট্=[রং]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চটাচট্ কাজ্‌টা করি ফালাও ॥ [অনু.] ॥

চটাংপটাং=[রং]—বি. উৎসাহী ব্যক্তি, কর্মীলোক ॥ [অনু.]।

চটাত্‌করি=[রং]—ক্রি. বিণ. অতি শীঘ্র ॥ চটাত্ করি জা। [চট্ করিয়া ; অনু.]।

চটি=[দি]—বি. চট ॥ ধানের্ টিপিটার্ উপর্ চটি ঢাকা দিশ্। [চট+ই+প্র.]।

২=[রা]—বি.হাড়ির জন্য তৈরী মাটি ॥ চটি নরম্ না হলে কাজ্ হয়্ না।

চটৌনি=[দি]—বি. চাটনি ॥ মা এবা চটৌনি দিবা? [<চট্‌নি হিং]।

চট্‌কানো=[রং]—ক্রি. রাগ হওয়া ॥ এতেই চট্‌কালো বাহে? [চটানো]

চট্‌কাল্=[রা]—বিণ. স্ফূর্তিবাজ ॥ চ্যাংড়াডা বেশ্ চট্‌কাল্। [<চটক+আল প্র.]।

চট্‌কি=[রং]—অস.ক্রি. রাগ হইয়া ॥ এই শামান্য কতাতে তুঁই চট্‌কি উঠ্‌লুঁ। [দেখ চট্‌কানো ; চটকাইয়া]।

২=[রা]—বি. চটিজুতা ॥

চট্‌কিয়া=[রং]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চট্‌কিয়া আহেক্। [<চট্ (অনু.)+করিয়া]।

চট্‌চটিয়া=[রং]—বি. একপ্রকার ফল (ইহা আকারে গোলমরিচের মত, কাপড়ে ও গায়ে লাগিয়া থাকে) ॥

চট্‌কল্=[রা]—বি. চট্টগ্রামের অপর নাম ॥

চট্পটা=[রং]—ক্রি.বিণ. তাড়াতাড়ি। [<চট্পট্(অনু.)+আ প্র.]।

চট্ভটা=[রং]— বিণ. জরুরী॥ তুই চট্ভটা কাম্ বুঝিশ্ না ক্যান্? [দেখ চট্পটা]।

চটম্বরি=[রং]—বি. বাবুগিরি, বিলাসিতা॥ রোজ্কার্ নাই এক্ পৈশা, এ্যাখন্ চট্মবরি চৈল্বার্ নয়্।

চডক্=[দি]—বি.বজ্র, বাজ॥ পর্শু হাটে চডক্ পড়ে তিন্জন্ মারা গেছে।

চড্ডি=[বং]—বি. খেলার ছোট ডাং গুলি॥

চড়ক্=[রা]—বি. বজ্র॥ আজ্ বড় চডক্ পড়্ছে। [দেখ চডক্]।

চড়া=[রা]—বি. মাঠ॥ এই চড়া দি বাড়ি জাও।

চড়াই=[রা]—বি. মোরগ, মুরগি॥ মুই চড়াইর্ গোস্ত দি ভাত্ খাইছোঁ। [<চড় (<চটক সং)+আই প্র.]।

চড়ুয়া=[রং]—বিণ. চরের অধিবাসী॥ চড়ুয়া মাইন্শের্ শাহশ্ বেশি। [<চর +উয়া প্র.]।

চড়ৈ ঠ্যাংগা=[রা]—বিণ. খুব লম্বা, হালকা পাতলা॥ [চড়ই<চটক সং+ ঠ্যাং<টঙ্গ সং+আ প্র.]।

চড়্চড়্ করিয়া যাওয়া=[রং]— ক্রি. রাগে হঠাৎ কোন স্থান ত্যাগ করিয়া যাওয়া॥ আমার্ কথায় তুমি চড়্চড়্ করি কোন্ডে জাবা বাহে?

চত্তর্=[রা]—বি.তরফ॥ [<চত্বর]।

চতা আতা=[রা]—বিণ. চৈত্রমাসের উৎপন্ন আতা॥ চতা আতা খাতে শাদ্ না। [চৈত<চৈত্র+আ প্র.+ আতা পোর্তু.]।

চতু=[রং]—বিণ. চালাক॥ ছেলেটা বড় চতু। [<চতুর সং]।

চত্তা=[রং]—বি. বিছুটি॥

চত্রা=[রং]—বি. কাছারী ঘর, বৈঠকখানা॥ চত্রায় দুজন্ ফকির্ আছে। [<চত্বর সং]।

চনা=[রং]—বিণ. সুস্বাদু॥ পাকা আম্ চনা লাগে।

চন্কা=[রং]—বি. বাঁশের দরজা আটকানোর হুড়কা॥

২=[রং]—বিণ. বয়স্ক, তেজীয়ান॥ [<চংগা হিং]।

চন্কে=[রং]—ক্রি. বিণ. একটু খোড়াইয়া॥ গরুটা চন্কে হাট্ছে। [<চমকে<চমকিয়া]।

চন্চনা=[রং]—বিণ. অতিশয় শুষ্ক, শক্ত॥ এটা চন্চনা বাঁশ্। [<চন্চন্ (অনু.)+আ প্র.]।

চন্চনি=[রা]—বি. ব্যথা, যন্ত্রণা॥ মাথায় চন্চনি উঠেছে। [দেখ চন্চনা +ই প্র.]।

চন্চন্ কর্যা যাওয়া=[রা]—ক্রি. খুব দ্রুত যাওয়া॥ শে চন্চন্ কর্যা গেল্ চল্যা। [<চন্চন্ (অনু.)+ করিয়া যাওয়া]।

চন্ডি পাট্=[রা]—বি. যেখানে দাঁড়াইয়া নৌকা চালানো হয়॥ [< চণ্ডীপাট]।

চন্দনি=[রং]—বি.একপ্রকার মসলা॥

চন্দন্ শার্=[রা]—বি. একটি ধানের নাম॥ [<চন্দন সার]।

চন্দল্=[দি,রা]—বি. ভুঁড়ি॥ অর্ চন্দল্টা দিনে দিনে বড় হছে।

চপট্=[দি, রং]—বি. ঘোরাফেরা, যাওয়া আসা॥ বাড়িটাত্ দেওয়ের্ চপট্ হছে।

চপড়্=[রং]—বি. খড়ম॥ চপড়্পায়ে টপ্টপ্ হাঁটে। [<চপ্পল]।

চপ্চপানো=[রং]—ক্রি. পানিতে শব্দ করা॥ দিঘিটাত্ মাছ্ চপ্চপায়্ছে। [<চপ্চপ্ (ধ্বন্যা.)+আনো প্র.]।

চভাক্=[রা]—ক্রি.বিণ. ধক্ করিয়া॥ কথাটা শুনে জানটা চভাক্ করে উঠ্ছে। [অনু.]।

চভুড়্=[রা]—বি.নৌকা ঠেলার লগি॥

চম্কা=[রা]—বি.মাটির বেড়া, আড়া॥

চম্কাহ্=[রা]—বি. গর্ত॥

চয়্=[রা]—বি. পছন্দ॥ কাপড়্টা আমার্ খুব চয়্ হছে। [<চাহ্ হিং]।

চরপ্=[রা, দি]—বি. চর্বি॥ গোশত্ গুলাত্ এনাও চরপ্ নাই। [<চরব< চর্বী چربی ফা.]।

চরব্=[রং]—বি.চর্বি॥ [দেখ চরপ্]।

চরা=[রং]—বিণ. চরবাসী॥ [দেখ চড়ুয়া]।

চরাই=[রং]—বি. মোরগ মুরগী॥ [দেখ চড়াই]।

চরা করা=[রং]—ক্রি. বিচরণ করা, ঘাস খাওয়া॥ গরু মাঠে চরা করে। [<চর(<চরণ)+আ প্র.]।

চরাট্=[রা, রং]—বি.নৌকার গলুয়ের পাটাতন॥ ডেংগি নাওডার্ চরাটে বৈয়া বৈডা টান্ দে।

চরি=[রং]—বিণ. নির্মম॥ এত চরি কথা কওয়া যায়্ না। [<চড়(< চণ্ড সং)+ই প্র.]।

চরিচর্=[রং]—বি. আচরণ, ব্যবহার॥ তার্ চরিচর্ ভালা না। [< চরিতর<চরিত্র]।

চরিত্কার্=[রং]—বি. আচরণ॥ উয়ার্ চরিত্কার্ বড় খারাপ্। [< চরিত্র+কার্য]।

চরিয়া=[রং]—অব্য. সরিয়া যাওয়ার ইঙ্গিত॥ [<সরিয়া]।

চরু=[রা, রং]—বি. জানু, উরু॥ তার্ চরুতে ফোঁড়া হৈয়াছে।

চরুন্=[রং]—বিণ. ঢেঁকির মুষল॥ ঢেঁকির্ চুরুন্টা ভাংগি গেছে।

চরুয়া= [রং]—বিণ. চরবাসী॥ চরুয়া লোক্ খুব্ শাহশি। [দেখ চড়ুয়া]।

চরুশ্=[রা]—বিণ. চিকন, সমান॥ লাঠিটা চরুশ্ করি ছিলাইছি। [< চৌরস<চতরস্র সং]।

চরোপ্=[রা]—বি. চর্বি॥ মাংশে চরোপ্ ভরা। [দেখ চরপ্]।

চর্কা=[রং]—ক্রি. বি. মচকান॥ পড়ি গিয়ে মোর্ হাত্ চর্কিছে। [দেখ চর্কানো]।

চর্কা চর্কি=[রং]—বিণ. পাগল বা পাগলের অনুরূপ॥ যত চর্কা চর্কির্ ছলত্ মুঁই পড়িছুঁ।

চর্‌কানো=[রং]—ক্রি. মচকিয়া যাওয়া ॥

চর্‌কি=[রা]—বি. সুতা পাকানোর যন্ত্র ॥ [চরখী چرخی ফা.]।

চর্‌চরা=[রা]—বিণ. অতিশয় শুষ্ক ॥ [চরচর (ধ্বন্যা.)+আ. প্র.]।

চর্‌পাটা=[রা]—বি. নিতম্ব ॥ তার্ চর্‌পাটায় এক্‌টা ফোঁড়া হছে।

চর্‌পাটানো=[রং]—ক্রি. আস্তে আস্তে চলা ॥

চর্‌পোটা=[রা]—বি. উরুদেশ।

চর্‌বর্‌=[রং]—ক্রি. বিণ. আঠা আঠা ॥ ছুওয়ার্ গাটা চব্‌বর্ কর্‌ছে। [অনু.]।

চর্‌ভরট্‌=[রং]—বি. নদীর এলাকার বস্তি বিশেষ ॥ [<চর+ভরাট]।

চল্‌চলা=[রং]—বিণ. উজ্জ্বল ॥ সোনার অং চল্‌চলা। [<চলচল (অনু.)+আ প্র.]।

চল্‌মলা=[বা]—বিণ. পরিষ্কার ॥ জাগ-গাটার পানি চল্‌মলা। [<চল্‌মল্ (অনু.) +আ]।

চশি=[রা]—বি. এক জাতীয় পিঠা ॥

চহলা=[দি]—বি. রাস্তায় পানি জমিয়া সৃষ্ট গভীর কাদা ॥ [চহলা হিং (< চিকিল পঙ্ক)]।

চহ্‌রা=[দি]—বিণ. বেয়াড়া, বদরাগী ॥ [<চুহড়া হিং=ঝাড়ুদার ; অর্থ প্র. ; চুহড় হিং=ধোকা দিয়া শিকার ; তুং চোযাড়, চোহাড় বাং]।

চা

চা=[রা]—বি. পাখি বিশেষ ॥ চলরে বিলত্ চা মারি।

চাআর্‌=[বা]—বি. ইচ্ছা ॥ কোন্ কাজেই তার্ চাআর্ নাই। [চাওয়া+র প্র.]।

চাই=[রং]—বিণ. বদমেজাজী, মেয়েলী স্বরবিশিষ্ট ॥

চাইকানো=[রং]—ক্রি. অস্বাদ গ্রহণ করা ॥ তরকারিলা চাইকাই নে। [< চাকা (তুং চখনা হিং)+নো প্র.]

চাইটা চাইটি=[রং]—বি. গরুর পদাঘাত, লাথি। গাইটা এক্ শমান্ চাইটাচাইটি করেছে। [<চাটি ; অর্থ প্র.]।

চাইট্‌=[রা]—বি. লাথি ॥ মহিষে চাইট্ মার্‌তে পারে। [<চাটি ; অর্থ প্র.]।

চাইরোদি=[বং]—ক্রি. বিণ. চারিদিক দিয়া ॥ চাইরোদি কাঁটার্ ব্যাড়া। [<চারি দিক]।

চাইরোভিতি=[দি]—ক্রি. বিণ. চারিদিক ॥ [<চাইর<চারি+ভিতি< ভিত্তি সং]।

চাইলেন্‌=[রং]—বি. চালুনি ॥ চাইলেন্ নিয়া আয়, ময়দা চালিবু। [<চালুন]।

চাইল্‌=[রং]—বি. ফাজলেমি, প্রবঞ্চনা ॥ হোগ্‌লা চাইলের্ মানুষি মুই দেখাও। [চাল ; অর্থ প্র.]।

চাউটানো=[রা, দি]—ক্রি. লাথি মারা ॥ গাইটা খালি চাউটায়। [দেখ চাইট্+আনো প্র]।

চাউটালি=[বং]—বি. অমূলক আলোচনা, টিটকারী ॥ [<চউটাল<চটুল +ই প্র.]।

চাউদি=[বং]—বি. মুরগীর বিষ্ঠা ॥ বারান্দাত্ মুরগির্ চাউদি কেন্।

চাউনা=[বা]—বি. জালের নিম্নভাগের মোটা দড়ি ॥ চাউনা ছিঁড়ে গেছে, তাত্ কি হবে ?

চাউয়া=[রং]—বি. গণ্ডগোল, গোলমাল ॥ এত চাউয়া কিশের্।

চাউলা=[রং]—বিণ. শক্ত ॥ গুয়াটা চাউলা। [চাউল+আ প্র.=চাউলের ন্যায় শক্ত]।

চাউলা চাউলা=[রং]—বিণ. শক্ত শক্ত ॥ গুয়াটা চাউলা চাউলা। [দেখ চাউলা ; আধিক্যার্থে শব্দদ্বিত্ব]।

চাউলাতি=[রং]—বি. যে ব্যক্তি চাউলের ব্যবসায় করে ॥ তোর্ চাউলাতির্ কথা মুই শুন না। [<চাউল +আতি প্র.]।

চাউলাতিয়া=[রং]—বিণ. যে বাড়ি বা পাড়ার লোকেরা চাউলের ব্যবসায় করে ॥ [দেখ চাউলাতি+আ প্র.]।

চাওদি=[বং]—বিণ. মুরগীর তরল বাহ্য ॥ [দেখ চাউদি]।

চাওয়া=[বা]—বি. চা ॥ চাওয়াখাইলে আয়। [<চা+ওয়া (অতিরিক্ত)]।

চাং=[বং]—বি. ফসল পাহারা দিবার জন্য ছোট ঘর বিশেষ ॥ আলুগুলি পাহারা দিতে চাং বানান্ লাগব। [চঙ্ক সং]।

চাংগর্‌=[রা]—বি. বড় টিলা ॥ এক চাংগর্ মাটিতেই ওরা ভৈরা গেল্।

চাংগা=[দি]—বি. গরুর গাড়ির বাঁশের মাচা ॥ গাড়ির্ চাংগাখান্ পুরান্ হৈ গেইছে। [দেখ চাং+আ প্র.]।

২=[বং]—বি. কাঠের ধামা ॥ ধান্‌গুলা চাংগাতে থো।

৩=[রং]—বিণ. সজাগ ॥ [< চংগা হিং<চঙ্গ সং]।

চাংগাল্‌=[রং]—বি. চোয়াল ॥ চাংগালের দাঁত্‌টিতে বেদ্‌না কর্‌ছে। [<চোয়াল]।

চাংগি=[দি]—বি. মাচান ॥ কদুর চাংগিটা খুব নিচো হৈছে। [দেখ চাং+ই প্র.]।

২=[ব, রা,]—বি. শবাধার ॥ চাংগি দেখলে শবাই ডর করে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[রা]—বি. ছাদ, বড় ডালি ॥ চাংগিত্ থাইকা পেইজ্ পার্। [পূর্বে দেখ]।

চাংড়া=[রং]—বি. গরুর বাথান ॥

চাংরা=[রং]—বি. কাঠের থাম ॥ থান্গুলা চাংরাত্ থো। [দেখ চাংগা +রা প্র.]।

চাই=[রা]—বি. প্রবল ইচ্ছা ॥ [< চাহ্ হিং ; দেখ চয়্]।

চাঁচড়্=[রা]—বি. অভাব ॥

চাঁচা=[রা]—বি. ঝিনুক ॥

চাঁচ্ড়া=[রা]—বি. এক প্রকার পাখি ॥ চাঁচ্ড়া পাখির্ ঠোঁট্ কি শুন্দর্!

চাঁছি=[বা]—বি. দুধের ননী, যাহা পাত্রে লাগিয়া থাকে ॥ চাঁছিগুলি হাতা দি চাইছেনি। [ছাছ্ হিং+ই]।

চাঁটি=[রা]—বি. পিঁপড়া ॥ চাঁটির্ জ্বালায় ঘরেত্ চিনি রাখা জায়্ না। [<চীওঁটী হিং]।

চাঁঠি=[দি]—বি. পিঁপড়া ॥ [দেখ চাঁটি]।

চাঁড়ানো=[রা]—ক্রি. উত্তোলন করা, উচুঁতে উঠানো ॥ বস্তাটা চাঁড়ে দাওতো ভাই। [চাড়া+আনো প্র.]।

চাঁড়ি=[দি]—বি. পানি রাখার বড় মাটির পাত্র ॥ গরু চাঁড়িতে পানি খায়্। [<চাড়ি, চাটি]।

চাঁড়্=[রা]—বি. ইচ্ছা, উৎসাহ ॥ তার্ পড়্বার্ চাঁড়্ আছে।

চাঁপাতি=[রা]—বি. কাঁঠালের বিচিহীন কোষ ॥ চাঁপাতি খালে পেট্ বিশাইবেনে।

চাঁরা=[রা]—বি. উঠান, উচ্চস্থান ॥ [<চড়া<চঁড়া (<চণ্ড সং)]।

চাকানো=[রং]—ক্রি. স্বাদ লওয়া ॥ তকাই চাকাই দেখ্। [চাকা (<চাখা) =চখ্না হিং]।

চাচা=[রং]—বি. ঝিনুক ॥

চাচ্=[রং]—বি. বাঁশের তৈরী চাটাইর ছেঁড়া অংশ ॥ চাচ্ খানা গাখি ফালাও। [<চচ্চ<চঞ্চ সং]।

চাটা=[রং]—ক্রি. বি. আত্মগৌরব প্রদর্শন ॥ থাক্ থাক্ অতো চাটাইস্ না।

চাটাই=[রা]—বি. দালাল ॥ চাটাইডা এক্ মুখে দুই কথা কয়্। [<চাটু<চাটু প্রাং<চাটু সং+আই প্র.]।

চাটাং চাটাং=[রং]—বি. তিরস্কার ॥ [অনু.]।

চাটাত্=[বা, দি]—বিণ. দম্ভপূর্ণ ॥ তোর্ চাটাত্ কথা শুন্লে গাও জলে। [<চাটাতি<চাটুত্তি<চাটুক্তি]।

চাটার্ চাটার্=[রং]—বি. দর্পভরে কাহাকেও তিরস্কার ॥ তুই এত চাটার্ চাটার্ করিশ্ কেন্। [=চটর চটর; অনু.]।

চাটি=[রং]—বি. ঘরের বেড়া ॥ তোর্ ঘরের্ চাটিখান্ কি হছে। [< [চট্+ই প্র.]।

চাটি ভাড়া=[রং]—বি. ঘরের বেড়া ॥ তোর্ ঘরের্ চাটি ভাড়া কিছুই নাই। [দেখ চাটি+বেড়া]।

চাটু=[রা]—বি. ভাত রাখিবার ধাতব পাত্র বিশেষ ॥ [<চটু= চাটাল পাত্র বলিয়া চাটু]।

চাট্=[রা]—বি. ভাড়া ॥ [< চোট (<চুট্ সং)]।

২=[রা]—বি. স্বাদ, তাড়ি পানের পূর্বের খাওয়া ॥ গোস্ত খ্যায়া চাট্ লাগিছে। [চাট হিং]।

চাট্কান্=[রা]—ক্রি. বি. টিট্কারি দেওয়া ॥ যখন্ তখন্ চাট্কান্ ভাল্না। [<চট্কান(<চট্ সং+ক+আন প্র.) ; তুঃ চট্কানা হিং]।

চাট্কি=[রা]—বি. আহলাদ, গর্ব ॥ তোর্ চাট্কি দেখ্লে রাগ্ উঠে। [দেখ চাট্ +কি প্র.]।

চাট্কোল্=[রা]—বি. তাল পাতার তৈরী আসন বিশেষ ॥

চাট্টাশ্ চাট্টাশ্=[রং]—অব্য. খড়ম পায়ে হাটিবার শব্দ ॥ [ধ্বন্যা.]।

চাট্ খাইক্যা=[রা]—বিণ. অবস্থা খারাপ হইলেও যে ভালমন্দ খাইতে চায় ॥ [<চাটুয়া<চাট্ (দেখ চাট্ +য়া) ; খাউক (<খাদক সং)+ইয়া প্র.]।

চাট্ লাগা=[রা]—ক্রি. স্মরণ থাকা ॥ [দেখ চাট্ +লাগা]।

চাড়া=[রা, দি]—বিণ. উঁচু জমি ॥ ঐ চাড়া জমিত্ কিছুই হবে না। [দেখ চাঁরা]।

চাড়ি=[রং]—বি. মুখ খোলা মাটির বড় পাত্র ॥ [দেখ চাঁড়ি]।

চাতাল্=[রা]—বি. ঘরের ছাদ, ভিতরের ছাদ ॥ ঘরের্ চাতাল্টা ভেংগে গেছে। [<চাতার<চত্বর]।

২=[রা]—বি. ঝাঁপনি ॥ এ বাল্কের্ চাঅল্ কৈ।

৩=[রং]—বি. বাড়ীর অবেষ্টিত ছাদ ॥ [দেখ চাতাল্]।

চাতে=[রং]—অব্য. চেয়ে, চাইতে ॥ লোহার্ চাতে শোনার্ দাম্ অনেক্ বেশি। [<চাইতে]।

চাতোর্=[রা, দি]—বি. উঠান ॥ ধান্গুলা চাতোরে দে। [দেখ চাতাল্]।

চাত্রা=[রা]—বি. গাড়ির দুই পাশের কাঠ ॥ চাত্রা ঠিক্ না থাকলে গাড়ি চড়া উচিত্ না।

চাদানি=[রং]—বি. চা রাখার পাত্র ॥ [<চা(চা চীনা)+দানী دانی ফা.]।

চাদে=[রং]—বি. নখ ॥

চান্=[রা]—বি. রীতি ॥ চামারা চান্ ছাড়্। [<ছন<ছন্দ সং]।

চান্তারা=[রং]—বিণ. সুন্দর ॥ ছেলেটির্ গান বড়চান্তারা। [<চন্দ< চন্দ্র+তারা]।

চান্দয়া=[রং]—বি. <চাঁদোয়া ॥ ওয়াজের্ মফিলে চান্দয়া টানাও।

চান্দরি=[রং]—বি.গৃহের পার্শ্ব ভাগ ॥ ঘরের্ চান্দরিটা ছোট।

চান্দশা=[রং]—বি. কুঁড়ে ঘরের ত্রিকোণাকার বেড়া ॥

চান্দা=[রং]—বি. মাছ বিশেষ ॥ [<চাঁদা]।

চান্দাড়্=[রা]—বি. খড়ের ঘরের উঁচু থাম ॥

চান্দারি=[রা]—বি. চালের উপরি অংশ ॥ চান্দাড়ি দি পানি পড়ে।
২=[দি]—বি. খাবারের জিনিস রাখার বাঁশের তৈরী গোলাকার ডালা ॥
চান্দারু=[রা]—বিণ. গবা, বোকা। এমন্ চান্দারু লোক আর্ দেখিনি।
চান্দার্=[র]—বি. বাড়ীর আশে পাশের ভূমি ॥ চান্দারে তামাক্ বুনছি।
চান্দি=[রং]—বি. নখ ॥ হাতের্ চান্দি বড় হলে কাটা উচিত্।
চান্দিয়া=[রং, দি]—বিণ. টাক বিশিষ্ট ॥ চান্দিয়া বুড়াক ডাক্। [চান্দি =ব্রহ্মতালু, মস্তকের উপরিভাগ+ ইয়া প্র.]।
চান্দের্ ব্যারাম্=[রং]—বি. ঋতু, হায়েজ ॥ তার্ চান্দের্ ব্যারাম'ঐছে [<চান্দ(<চন্দ্র সং)+এর +বে আরাম بےآرام ফা. ; অর্থ প্র.]।
চান্দ্যা মাথা=[রা]—বি. টেকো মাথা ॥ আমার্ দাদার্ চান্দ্যা মাথা। দেখ চান্দিয়া]।
চান্নাত্=[রং]—ক্রি.বিণ. শিড়্শিড়্॥ পাঁও চান্নাত্ করি উঠিল্। [অনু.]।
চান্লা=[রা]—বি.মাছ ধরার উপকরণ বিশেষ ॥
চাপড়্=[রা]—বি. একটি ধানের নাম।
চাপর্=[রা]—বি. উঁচু জমি ॥ চাপরে ভাল ধান্ হয়্ না।
চাপা=[রা]—বি. মাথার সজ্জা বিশেষ॥
২=[রং]—বি. ঘাসের চাপড়া ॥ চাপা পুকুরের্ পাড়োত্ দে।
৩=[রা]—বি. তালি ॥ [<চাপ+ আ প্র.]।
চাপি=[রা, রং]—বি. কাঁঠালের চিমটা কোষ ॥
চাপুয়া=[রং]—বি. গোলাকার মাছ কচ্ছপাদি ॥
২=[রং]—বিণ. স্ফীত, মোটা, প্রকাণ্ড ॥ মানুশটার্ পাছা চাপুয়া।
চাপুর্ চুপুর্=[রা]—ক্রি. বিণ. আগ্রহ সহকারে ॥ চাপুর্ চুপুর্ করে রাতদিন্ কেবল্ খাওয়া। [অনু.]।
চাপুলা=[রং]—বিণ. নুলো, পঙ্গু ॥ ব্যারামে শে চাপুলা ঐচে।
চাপ্=[রা]—বি. মাটির ঢেলা ॥ কবরের্ উপর্ চাপ্ দাও।
২=[রা]—বি. নদীর পাড় ॥
চাপ্লাইম্=[রা]—বি. একটি ধানের নাম ॥
চাফাল্=[রা]—বিণ. স্রোতোহীন বিল, জলা অঞ্চল ॥ [<চাপা+ল প্র.]।
চাবা=[রং]—অস. ক্রি. চর্বণ করিয়া ॥ [<চাবাইয়া(<চাবানো)]।
চাবারি=[রং]—বি. মাড়ি ॥ চাবারির্ দাঁত্টা বিশ্ করোছে। [<চাপাটি]।
চাবি জাল্=[রা]—বিণ. বড় মাছ ধরার ছোট জাল ॥
চাব্ড়া=[রং, রা]—বি. ঘুঁটে ॥ চাব্ড়া দি চুলা ধরাও। [দেখ চাপা১]।
চাব্লা=[রা]—বি. তালি ॥ চাব্লা দেওয়া জামা।
চাভল্=[রা]—বি. চর্বন-দন্ত। [< চাব <চাবব <চার্ব (<চর্বণ)+ল প্র.]।
চাভোর্=[রা]—বি. মুড়ি ভাজার মাটির পাত্র বিশেষ ॥
চামড়্=[রা]—বিণ. শুষ্ক প্রায়॥ জামাটা না শুকালেও চামড়্ হয়েছে।
চামা=[রা]—বি. খোসা পাতলা ডিম ॥ [<চাম্ (চর্ম সং)+আ প্র.]
চামাত্ চুমুত্=[রং]—বি. কথা বলিতে লজ্জা বোধ ॥ হক্ কথা কৈতে কিশের্ চামাত্ চুমুত্। [অনু.]।
চামার্ চুমুর্=[রং]—বি.কথা বলিতে লজ্জাবোধ ॥ [অনু.]।
চামুড়ি=[দি]—বি. হাঁস মুরগীর চামড়া ॥ [<চাম (<চর্ম সং)+উড়ি প্র.]।
চাম্চাড়া=[রং]—বি. চামচিকে ॥ [<চাম (চর্ম সং)+চড়া (<চটক সং)]।
চাম্চিল্কা=[রং, রা, দি]—বি.চামচিকে ॥ [<চামচিরকা (<চর্ম চটিকা সং)]।
চাম্ ঘাশ্=[রং, রা]—বি. ঘাস বিশেষ, এক প্রকার কচু ॥
চাম্টা=[রং]—বিণ. অত্যন্ত নোংরা ॥ [<চাম (<চর্ম)+টা প্র.; অর্থ প্র.]।
চাম্টি=[রং, পা]—বি. নাপিতের পানি রাখার পাত্র ॥ [চামতি<চাম-পাতি<চর্ম পাত্র+ই প্র.]।
২=[রা, ব]—বি. চামড়া ॥ [<চাম (<চর্ম)+টি প্র.]।
চাম্টি লাগা=[রং]—বিণ. ময়লা-যুক্ত ॥ [দেখ চাম্টা+লাগা]।
চাম্টিয়া=[রং]—বিণ. অত্যন্ত নোংরা ॥ [দেখ চাম্টা+ইয়া প্র.]।
চাম্ঠা=[রা, দি]—বি. বড় জোঁক ॥ [<চাম (চর্ম)+কাটা=কাটে যে]।
চাম্ড়ি=[রা]—বি. মুরগীর চামড়া ॥ [দেখ চামুড়ি]।
চাম্পা=[দি, রা]—বি.পাঁচ (ডাংগুলি খেলার সময় পাঁচকে চাম্পা বলে) ॥
চাম্রি=[রা]—বি. চামড়া ॥ [দেখ চাম্টি২]।
চায়া=[রং]—ক্রি. <চাওয়া ॥
চারা=[রা, রং]—বি. বিচালি ॥ [< চারা হিং]।
২=[রং]—বি. হাতীর খাদ্য ॥
চারাট্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ শব্দ করা ॥ হাটুয়াটা মোর্ কেনেবা চারাট্ করি উঠিল্। [অনু.]।
চার্ উঠান্=[দি]—ক্রি. জমির এক পল্লা মাটি উঠানো ॥ এ জমির্ চার্ না উঠালে ধান্ ভাল হবি না।
চার্খানা=[বা, দি]—বি. মেয়েদের কাপড়ের নীচের অংশ, বড় গামছা ॥ বুড়ি মানুশের্ চার্খানা পিন্দায়্ ভালা। [<চার+খানা (<খণ্ড)]।
চার্চিন্তা=[রা]—বি. ভাবনা ॥ [চারি+চিন্তা]।
চার্ দেওয়া=[রা]—ক্রি. মাছ ধরার জন্য প্রলোভন স্বরূপ মশলা মিশ্রিত

খাদ্য দেওয়া ॥ [<চার (দেখ চারা,)+দেওয়া]।

চার ধরা=[রা]—ক্রি. বৃদ্ধি পাওয়া ॥ বাতের্ বেদ্‌নাটা আবার্ চার্ ধর্‌ছে। [দেখ চাড়্; অর্থ প্র.]।

চার্ পরা=[রা]—ক্রি. আগ্রহ হওয়া ॥ [দেখ চাড়্+পড়া]।

চালা=[রা]—বি. সাড়া ॥ চালা কর্‌ছ না কেনে জি?

চালা করা=[রা]—ক্রি. কথা বলা ॥ শহজে শে চালা করে না। [দেখ চালা+করা]।

চালান্=[রা]—বি. গাড়ির উপরের পাটাতন ॥ [<চাল+আন প্র.]।

চালাম্=[রং]—বি. এক চালের ঘর ॥ শে চালামে থাকে। [দেখ চালান্]।

চালি=[দি, রা, রং]—বি. বারান্দা ॥ পুবু ঘর্‌টার্ মাত্‌রো এক্‌টা চালি। [<চাল+ই প্র.]।

চাল্‌শা=[রা]—বি. শেষ ॥ তোর্ জিবনের্ এখন্ চাল্‌শা হবে। [<চল্লিশা<চল্লিশ+আ প্র.; অর্থ প্র.; মৃতের জন্য চেহ্‌লম বা চল্লিশ দিনের অনুষ্ঠান]।

চাহা=[দি]—বি. চা ॥ এনা চাহাটাহা খিলাবেন্ নাকিতে। [দেখ চাওয়া]।

চাহি=[দি]—বিণ. উচিত ॥ তোর্ চাহি শাস্‌তি হৈছে। [<সহীহ صحيح আং কিংবা √চাহ্+ই প্র.]।

চি

চিংগা=[রা]—বি. একখণ্ড বাঁশ ॥ বাঁশের্ চিংগা দি আম্ পাড়্।

চিংগি=[রা]—বি. ছোট লাঠি ॥ চিংগি মারিস্ না মরে যাবো।

চিঁচুর্=[রা]—বি. জলজ উদ্ভিদ, গবাদি পশুর খাদ্য বিশেষ ॥ গরু চিচুঁর খায়ে পাত্‌লা হাগিচে।

চিঁয়ার্=[রা]—বি. বিছা ॥

চিকট্=[রা]—বি. মাছ ধরার জাল বিশেষ ॥

চিকা=[দি, রং]—বি. ছুঁচো ॥ [<চিক্ক (চিক্‌চিক্ করে বলিয়া) সং]।

চিকাশ্=[রা, রং]—বি. সূর্য, বেলা, সূর্যকিরণ ॥ চিকাশ্ থাক্‌তে বাড়ি এশো।

চিক্যাল্=[রা]—বি. রৌদ্র ॥

চিক্যাশ্=[রা]—বি. সূর্য ॥ [দেখ চিকাশ্]।

চিক্‌কা=[রা]—বি. বোয়াল মাছের বাচ্চা ॥

চিক্‌খড়্=[রা]—বি. চিৎকার ॥ পেটের্ বেদ্‌নায় এই চিক্‌খড় কাট্‌বার্ ধর্‌ল। [<চিক্‌কার<চিৎকার]।

চিক্‌চিকা=[রা, সি]—বিণ. উজ্জ্বল ও গাঢ় ॥ গরুর্ রঙ্‌টা কালা চিক্‌চিকা। [অনু.]।

চিক্‌টা=[রা, দি, রং]—বিণ. আঠালো, তেলযুক্ত ॥ মাথায় শাবান্ দেওয়ায় চিক্‌টা হয়ে গেছে।

চিক্‌ঠ্যা=[রা]—বিণ. আঠালো ॥ চিক্‌ঠ্যা মাটি।

চিক্‌নাই=[রা]—বি. তেজ, চর্বি ॥ লোক্‌টার্ খুব চিক্‌নাই বেড়েছে। [চিকন<চিক্কণ সং+আই প্র.; তুং চিকনাই হিং]।

চিক্‌রা চিক্‌রি=[রং]—বি. চিৎকার ॥ উহার্ চিক্‌রাচিক্‌রিতে অনেক্ মানুশ আশ্‌ছে। [চিক্‌রা<চিক্কার<চিৎকার+আ এবং ই প্র.; আতিশয্যে দ্বিত্ব]।

চিক্‌মুড়া=[রং]—বিণ. কৃশ ও কালো ॥ মেয়েটা এক্‌টু চিক্‌মুড়া।

চিখ্‌ড়ান্=[রা]—ক্রি. ভীষণ চিৎকার করা ॥ [দেখ চিক্‌খড়্+আন প্র.]।

চিগ্‌রান্=[রা]—ক্রি. চিৎকার করা ॥ এমোন্ চিগ্‌রোচে তাক কি থামান্ জাবে? [দেখ চিখ্‌ড়ান্]।

চিগ্‌রি=[রা]—বি. স্পর্দ্ধা, সাহস ॥ তোমার্ চিগ্‌রি তো বড় কম্ না। [<জিগর جگر ফা.=হৃদয়+ই প্র.]।

চিগ্‌রি করা বা দেখান্=[রা]—ক্রি. নিজের পোশাকের বাহার, চলনের, ঢং, কথার বাহাদুরী ইত্যাদি আহ্লাদের সাথে দেখানো ॥ [দেখ চিগ্‌রি; অর্থ প্র.]।

চিচ্‌চারা=[রং]—বি. বাসনাদি, অলঙ্কারাদি ॥

চিচ্‌চিড়ি=[রা]—ক্রি. বিণ. ভীষণ জোরে ॥ মার্ খাইয়ে চিচ্‌চিড়ি কাইটে দৌড়্ দিল্।

চিটা=[রং, রা]—বি. পুরানো গুড় ॥

চিটান্=[রা]—বিণ. চাউলহীন ধান ॥ এবারে শিকি ধান্ চিটান্ হয়েছে। [<শিটা<শিষ্ট (অবশিষ্ট); অর্থ প্র.]।

চিট্=[রা]—বি. ক্ষুদ্র চিঠি ॥ এক্ চিট্ নিয়ে জাব, দেখা হলেই টাকা দিবে। [<চিট্ হিং]।

২=[রা]—বি. হিসাবের কাগজ ॥ হাট্‌শদার্ চিট্‌টা দেখি। [পূর্বে দেখ]।

৩=[রা]—বি. দাগ বিশেষ ॥ [<চিত্র সং]।

চিট্‌কা=[রা, পা]—বিণ. আঠালো, চটচটে ॥ গুড়্‌গুলি বড় চিট্‌কা। [দেখ চিটা; চিট্+কা প্র.]।

চিট্‌কা মাটি=[রং]—বি. এঁটেল মাটি ॥ চিট্‌কামাটি পাওত্ আট্‌কি গেইচে। [দেখ চিট্‌কা]।

চিড়ি=[রা]—বিণ. খুব শক্ত ॥ ছ্যাগ্‌নাটা খুব চিড়ি।

চিড়িক্ মারা=[রা]—ক্রি. বিদ্যুৎ চমকানো ॥ চিড়িক্ মার্‌লে আমার্ ডর্ করে। [<চিড়্ (অনু.)+ইক প্র.]।

চিড়্চিড়্যা=[রা]—বিণ. খিট্খিটে, বদ মেজাজী ॥ [<চিড়্ চিড়্ (অনু.) +ইয়া প্র.]।

চিতর্=[রা, দি]—বিণ. ভবঘুরে ॥ চিতর্ হয়ে কেন্ ঘুরে বেড়াচ্ছিশ্ ? [<চিত্তারা<চিত্তহারা]।

চিতা=[রা]—বি. একপ্রকার গাছ ॥

চিতাই=[রা]—বি. নাশ্তা বিশেষ ॥ গরম্ চিতাই খাবিত্ আয়্। [দেখ চিতাই পিঠা]।

চিতাই পিঠা=[রং]—বি. চাউল দিয়ে তৈরী এক প্রকার পিঠা ॥ [দেখ চিত্যাই +পিঠা (<পিষ্টক সং)]।

চিত্যাই=[রা]—বি. চাউলের আটার রুটি ॥ আইজ্ হামার্ মা চিতাই তুল্ছে। [দেখ চিতাই]।

চিতোয়া=[রা]—বি. চাউলের আটার পিঠা ॥ চিতোয়া খাওয়া ভাল। [দেখ চিতাই ; চিৎ+উয়া প্র.]।

চিতোর্=[রং]—বি. চিৎ ॥ চিতোর্ হয়া শুইছ্ না। [<চিৎ+উর প্র.]।

চিত্তো=[রং]—বি. দ্রব্য ॥ মুই একলা চিত্তো পাইচুঁ।

চিত্র মুখি=[রা]—বি. একটি ধানের নাম ॥ [<চিত্রমুখী]।

চিনি আলো=[রা]—বি. একপ্রকার চিকন ধান ॥

চিনি কলা=[রা]—বি কলার শ্রেণী বিশেষ ॥

চিনিক্=[রা]—বি. উথাল পাথাল ॥ চিনিক্ পারিস্ না। [<চিলিক<চিল (<চিল্ল সং=রব)+ইক প্র.]।

চিনি মুখোত্=[রা]—বি. বিবাহের লগ্ন স্থির ॥ আজ্কে মোর্ বেটির্ চিনি মুখোত্ হবে। [চিনি+মুখ+ত বিভক্তি]।

চিনি শক্কর্=[রা]—বি. একটি ধানের নাম॥[চিনি+শক্কর<শর্করা সং]।

চিন্কা=[রা]—বি. স্বাস্থ্যের উন্নতি॥ গরুডার্ অহন্ খুব চিন্কা ঐছে রে। [<চিকনা<চিক্কণ হিং; বর্ণ বিপর্যয় কিংবা<চাঙ্গা<চঙ্গ সং]।

চিন্তিনি=[রং]—বিণ. চিত্রিণী ॥ চিন্তিনি মাইয়ালা খুব্ শরম্ [< চিত্রিণী]।

চিপা=[রা]—বি. চাপ ॥ ছেলেডার্ হাতে চিপা দিও না। [<চিপ (< চাপা)+আ প্র.]।

২=[রা]—বিণ. সরু, সংকীর্ণ ॥ এমন্ চিপা জায়গায় থাকা যায় না।

চিপাতো=[রা]—বিণ. বেঁটে ॥ তোর্ বাপ্তো চিপাতো মানুশ্। [দেখ চিপা২ +তো প্র.]।

চিপান্=[রা]—ক্রি. ভিজা কাপড় হইতে জল নিংড়ান ॥ কাপড়্ডা চিপাইয়া রৌদে দাও। [দেখ চিপা+ন প্র.]।

চিপু=[রা]—বিণ. কৃপণ ॥ লোক্টা বড় চিপু। [দেখ চিপা২+উ প্র. ; অর্থ প্র.]।

চিপ্=[রা, দি]—বি. কানের পাশ ॥

চিপ্টা=[রা]—বিণ. কৃপণ ॥ [দেখ চিপা২ ; চিপ্+টা প্র.]।

চিপ্শ্যা=[রা]—বিণ. কৃপণ ॥ তুই বড়ো চিপ্শ্যা। [দেখ চিপা২ ; চিপ্ +শা প্র.]।

চিমুট্=[দি]—বিণ. কৃপণ ॥ [< কিপটা ; দেখ চিপ্টা]।

চিম্কি=[রা]—বিণ. খুব সামান্য, আঙ্গুলের ডগার উপর যতটুকু ধরে ॥ এক্ চিম্কি চুন্ দেও। [<চিমটি< চর্ম্ম সং+টি প্র.]।

চিম্ড়া=[রা]—বিণ. শক্ত ॥ পুরান্ বেগুন্গুলি চিম্ড়া হয়ে গেছে। [চিম (চর্ম)+ড়া প্র.]।

২=[রা]—বিণ. আধা গরম ॥ চিম্ড়া মুড়ি খাইতে ভাল লাগে না।

চিম্ড়ি=[রা]—বিণ. কাঁচা শস্য ॥ ছোলার্ চিম্ড়ি খেতে বেশ্ মজা। [দেখ চিম্ড়া ; অর্থ প্র.]।

চিম্মু=[রা]—বিণ. মিথ্যাবাদী ॥

চিম্রা=[রা]—বিণ. শক্ত, কঠিন ॥ ওর্ মত চিম্রায় দেবে ধার্ ? [দেখ চিম্ড়া]।

চিম্শা=[রা]—বিণ. কচি অবস্থায় শুষ্কতা প্রাপ্ত। শমস্ত চাল্ কুমড়াগুলা চিম্শা নাইগ্ছে। [দেখ চিপ্শ্যা]।

চিম্শানি=[রং]—বিণ. অসহ্য ॥ আইজ্ চিম্শানি গরম্ পৈর্ছে। [< চিম (<চর্ম)+ছেনী (<ছেদনী)]।

চিয়ান্=[রং]—ক্রি. বি. উপস্থিত হওয়া ॥ [<চেঅন<চেতন]।

২=[রা]—ক্রি. বি. সতেজ দেখান ॥

চিয়ারি=[রা]—বি. পুরুষের বুকের লোম ॥

চিয়ার্=[রং]—বি. বিচ্ছু ॥

চিয়াল্=[রা]—বি. মৃত ব্যক্তির পুণ্যের উদ্দেশ্যে কিছু খাওয়ানোর বন্দোবস্ত ॥ [<চেহেল چہل ফ.= চল্লিশ দিনের ফাতেহা]।

চির্যা=[রা]—বিণ. ছিন্ন ॥ [<চিড় (<ছিন্ন)+ইয়া প্র.]।

চির্=[রা]—বি. বিদ্রূপ॥ [<ছেড় হিং]।

চিলং বিতং=[রং]—বিণ. এলোমেলো ॥ কোনু কাজ্ চিলং বিতং করি থোয়া ঠিক্ না। [অনু.]।

চিলা=[দি]—বি. চিল ॥ মাছ্টা চিলা নি গেছে। [<চিল্ (<চিল্ল সং=রব) +আ প্র.]।

২=[রা]—বি. এক প্রকার ঘুড়ি ॥ [দেখিতে চিলের ন্যায় বলিয়া]।

চিলিক্=[রং]—বি. খুব তেজ ॥ তোর্ বড্ড চিলিক্ হছে। [দেখ চিনিক্]।

চিলিক্ ভাশা=[রং]—ক্রি. স্ফূর্তি হওয়া ॥ খাবার্ পাইয়া চিলিক্ ভাশ্ছে। [দেখ চিনিক্+ভাসা]।

চিলিম্=[দি]—বি. তামাকের ছিলিম ॥ [<চিলম হিং<ফা.]।

চিলোক্=[রা]—বি. <স্ত্রীলোক ॥

চিল্কা=[রং]—ক্রি. চমক দেওয়া ॥ দেয়া চিল্কে। [<ছল্কা<ঝল্কা< ঝলকা সং]।

চিল্ কাউয়া=[রং]—বি.ধানবিশেষ॥ [দেখ চিলা+কবরা হিং]।

চিল্‌কান্‌=[রং]—ক্রি. চিকমিক করা, চমকানো ॥ ঘাটা চিল্‌কাছে। [দেখ চিল্‌কা+আন প্র.]।

চিল্‌তা=[রা]—বি. হিসাবের কাগজ ॥ হাট্‌শদার্‌ চিল্‌তাডা কৈ? [মূল অর্থ টুকরা; অর্থ প্র.]।

চিল্‌মিল্‌ করা=[রা]—ক্রি. বিদ্যুৎ চমকানো ॥ বিজল্‌কি চিল্‌মিল্‌ করোচে রে। [<ঝিলমিল করা]।

চিল্‌লক্‌=[রা, দি]—বি. স্ত্রীলোক ॥ এ পাড়ার্‌ চিল্‌লক্‌গুলো খুব্‌ অসভ্য। [দেখ চিলোক্‌]।

চিল্‌লা=[রং]—বি. টুকরা ॥ পানুটা চিল্‌লা চিল্‌লা করি দে। [দেখ চিল্‌তা]।

চিশ্‌টান্‌=[রা]—ক্রি. স্বাস্থ্যের উন্নতি হওয়া ॥

চু

চুইটা=[রা]—বি. মাটির ঢাকনী ॥

চুংগি=[রা]—বি. চোং ॥ [বৃহদার্থে চোঙ্গা]।

চুঁওড়ি=[রা]—বি. একপ্রকার জলজ উদ্ভিদ্‌ ॥

চুঁচি=[রা]—বি. স্তন ॥ [<চুঁচ(<চুচুক সং)+ই প্র.]।

চুঁচুড়া=[রা]—বিণ. খুচরা, ছোট ॥ [<চুঁচড়ো(<চূর্ণ সং)]।

চুঁট্‌=[দি, রা]—বি. ককুদ, কাঁধের মাংসপেশী ॥ কাঁড়ের্‌ চুঁট্‌ বেশ্‌ উচুঁ হয়েছে।

চুঁরা=[রা]—বি. ঝাকি জালের দড়ি ॥ মাছ্‌গুলা চুঁরা ধরে টানোচে। [<চূড়া সং]।

চুক্‌রি=[রা]—বি.লাল রংগের টক ফল বিশেষ ॥ [<চুকৃরি(<চুক্র সং+ই প্র.)]।

চুকাই=[রা]—বি. ছোট মাটির ভাণ্ড ॥

২=[রা]—বি. একপ্রকার শাক ॥

চুচুড়া=[রা, দি]—বি. খুচরা মাছ ॥ এব্‌ ডালি চুচুড়া মারছি। [দেখ চুঁচুড়া]।

চুচুরা=[রা]—বিণ. আনাড়ি ॥

চুচুরা=[রা]—বিণ. ছোট ছোট ॥ চুচুরা মাছে কাঁটা বেশি ॥ [দেখ চুঁচুড়া]।

চুটি=[রা]—বি. শাল পাতার বিড়ি ॥ শাওতালুরা চুটি খায়্‌।

চুড়ান্‌=[রা]—ক্রি. বি. সম্মুখভাগে ভার বা চাপ কম হইলে গাড়ি উলটাইয়া যাওয়ার ভাব হওয়া ॥ গাড়ির্‌ মুরাবাত্‌ আস্তে ভরা আস্‌বে, ভাইতে চুড়াচে। [<চূড়া সং+আন প্র.; নাম ধাতু]।

চুতর্‌=[দি]—বি. নিতম্ব ॥ [<চূতড় হিং]।

চুতিয়া=[রা]—বিণ. শঠ, ধুরন্ধর, ধড়িবাজ ॥ তুই বড় চুতিয়া। [<চূতিয়া হিং=বোকা; অর্থ প্র.]।

চুত্‌রা=[রা]—বি.বুনো গাছ বিশেষ ॥

চুদু=[রা]—বি. মেয়েলি স্বভাবাপন্ন ॥ এমোন্‌ চুদু কোথাকার্‌। [√চুদ্‌+উ প্র.]।

চুদ্‌দ্‌=[রা]—বি. সীমানা ॥ [<চৌহদ্দি<চৌ(<চতুঃ সং)+হদ্দ আ.]।

চুনট্‌ করা=[রা]—ক্রি. চুন লেপিয়া দেওয়া ॥ [<চুণ(<চূর্ণ)+ট প্র.+করা]।

চুনা=[রা]—বি. কচি আমের আচার, আমসি ॥

২=[রা]—বি. চুনের রং ॥ কুমড়াডা চুনা ধরেছে। [<চুণ+আ প্র.]।

চুনাতা=[দি]—বি. চুন বিক্রেতা ॥ [<চুণ(<চূর্ণ)+আতা প্র.]।

চুনাতি=[দি, রা]—বি. চুন রাখার পাত্র ॥ [দেখ চুনাতা; চুন+আতি প্র.]।

চুনিয়া=[দি]—বি. চুন ॥ মুর্‌গিটা চুনিয়া হাগেছে। [<চুন+ইয়া প্র.]।

চুন্‌খা=[রা]—বি. চুনের রং ॥ চুন্‌খা পড়া কুমড়া না হলে বড়ি দেওয়া হয়্‌ না। [<চুন+কা প্র.]।

চুন্‌দা=[রা]—বিণ. হতবাক ॥ [<চৌন্ধ্‌ হিং=চোখে ধাঁধা লাগা]।

চুন্‌দা লাগা=[রা]—ক্রি. হতভম্ব হওয়া ॥ পথে বাঘ্‌ দেখে শে চুন্‌দা লেগে গেল্‌। [দেখ চুন্‌দা]।

চুন্‌দি=[রা]—ক্রি. বিণ. অতি চঞ্চলতার দরুন বেসামাল ॥ চুন্‌দি জাছ্‌ না এনা আস্‌তে ধিরে চল্‌। [দেখ চুন্‌দা+ই]।

চুন্‌নি=[রা]—বি. যে স্ত্রীলোক চুরি করে ॥ [<চোর+নি প্র.]।

চুন্‌পড়া=[রা]—বিণ. গালি বিশেষ, কুখ্যাত ॥ [দেখ চুন্‌পড়ি; পুংলিঙ্গ; চৌপট্‌ হিং=বোকা]।

চুন্‌পরি=[রা]—বিণ. নিকৃষ্ট ॥ এই চুন্‌পরির্‌ জালায়্‌ আমি আর্‌ বাঁচি না। [<চুন+পড়(<পড়া)+ই প্র.]।

চুন্‌ পাড়ি=[রা]—বিণ. যাহার কুখ্যাতি আছে এমন ॥ [দেখ চুন্‌ পড়া]।

চুপত্‌ করিয়া=[রং]—ক্রি. বিণ. চুপে চুপে ॥ ভাঁই, এই কতাকেনা চুপুত্‌ করিয়া কয়া আপ্‌নু। [চুপুত্‌ (অনু.)+করিয়া]।

চুব্‌ড়া=[রা]—ক্রি. চুবানো ॥ খৈয়ের্‌ ধান্‌গুলা পানিত্‌ চুব্‌ড়াই আন্‌। [<চোব্‌ড়ান=চুবান]।

চুমক্‌=[রং]—বি. চুমা ॥ গালত্‌ চুমক্‌ দিচে। [<চুমা (<চুম্বন)+ক প্র.]।

চুম্‌কুট্‌=[রা]—অব্য. শব্দ বিশেষ ॥ [চুমকুড় (<চুমকরনা হিং)]।

চুন্কুড়্=[রা]—বি. চুমুক ॥

চুম্নু=[রা]—বি. মিথ্যা, ছলনা ॥ খেলায় চুম্নু করিছ্ না।

চুয়া=[রং]—বি. ডোবা ॥

২=[রা]—বিণ. ফাঁকা ॥

৩=[রং, দি]—বি. কুয়া ॥ হামার্ চুয়াটির্ পানি খুব্ ভাল।

৪=[রং]—বি. মাছের কূপ ॥

চুয়ান্=[রা]—বি. বন্দোবস্ত করা ॥ [<চুকান]।

চুয়ারি=[রা]—বি. চারচালা ঘর ॥ একটা চুয়ারি ছাইতে গেলে অনেক্ খড় লাগে। [চৌ<চতুঃ সং+আরি প্র.]।

চুয়ারি করা=[রা]—ক্রি. উঁচু করা ॥ তুমি তাকে চুয়ারি কর্তে পার্লে ছাড়ো না। [দেখ চুয়ারি+করা ; অর্থ প্র.]।

চুয়ার্=[রা]—বি. গাছ বিশেষ ॥ চুয়ার্ গাছে ফল্ ধর্ল নাকি।

চুত্তি=[রা]—বি. তামাক পাতা ॥ [<চুরট+ই প্র.]।

চুরি=[রং]—বি. চূর্ণ ॥ [<চুর (<চূর্ণ সং)+ই প্র.]।

চুরন্=[দি]—বি. ঢেঁকির মুষল ॥ [<চুরনঅ<চূর্ণক]।

চুর্=[রা]—বি. গয়না বিশেষ ॥ হাতের্ চুর্ ভাঙ্ছে। [<চূড় (<চূড়ী হিং) ; বৃহদার্থে]।

চুর্পটি=[রা]—বিণ. জীর্ণশীর্ণ কঙ্কালসার ॥

চুলক্, ভুলক্=[রং]—বি. শারীরিক সুস্থতা ॥ [অনু.]।

চুলন্=[রং]—বিণ. চূর্ণ ॥ [দেখ চুরি র=ল]।

চুল্চুলি=]রং]—বি. ফিটফাট সুন্দরী স্ত্রীলোক ॥ দেখ্রে চুল্চুলি কোনা যায়। [<চুল্চুল্ (অনু.)+ই প্র.]।

চুল্টি=[রং]—বি. পায়ের অঙ্গুলের ভূষণ ॥ এখ্ন কেউ আর্ চুল্টি পরে না।

২=[রা]—বি. চুল বাঁধিবার ফিতা ॥ [<চুল (<চূড়া সং)+টি প্র.]।

চুল্বলি=[রং]—বি. তিসি ॥

চুল্লুত্, ভুল্লুত্=[রং]—বি. প্রতারণা ॥ তুই মোক চুল্লুত্ ভুল্লুত্ করিশ্ ? [অনু.]।

চুশাভাদ্=[রং]—বিণ. মিষ্টভাষী ॥ তোর্ মত চুশাভাদু নাই।

চুশ্কা=[রা]—বি. গাছ বিশেষ ॥

চুহোল্=[রা]—বি. সঙ্গী ॥ চ্যাংড়ারা চুহোলের শাথে খেলা করে। [<সহেল্ <সহেলী হিং ; পুংলিঙ্গ]।

চে

চেংকু=[রং]—বি. ডাণ্ডাগুলি খেলার গুলি বিশেষ ॥ চেংকু পেন্ঠি খেত্তে পারিশ্।

চেংগ্ ডান্টা=[রং]—বি. বাঁশের কাঠি দিয়া গ্রাম্য খেলা বিশেষ ॥ [দেখ চেংকু+ডাণ্ডা (<দণ্ড সং)]।

চেংটি=[রং]—বি. মাছের পোনা ॥ পুকুরে কিছু চেংটি ছাড়্। [দেখ চেংড়ি ; অর্থ প্র.]।

চেংড়ি=[রং]—বি. বাঁদী ॥ অর্ বাপের্ বাড়িত্ পাঁচটা চেংড়ি আছে [চেঙ্গড়া +ই=স্ত্রীলোক]।

২=[দি]—বি. ছোট মেয়ে ॥ [পূর্বে দেখ]।

চেঁচেই=[দি]—অস. ক্রি.<চেঁচাইয়া ॥ তুই অমন্ চেঁচেই বেড়াশ্ কেন্ ?

চেঁচুড়্=[রা]—বি জলজ ঘাস বিশেষ ॥ চেঁচুড়্ খিলানে গরুর্ দুধ্ বর্বে।

চেচুড়া=[রা]—বি. একপ্রকার আগাছা ॥

চেদির্কি=[রা]—বি. ফাজলেমি ॥ অত চেদির্কি ভালা না।

চেপ্টি=[রা]—বি. আমের শ্রেণী বিশেষ ॥

২=[রা]—বি. গরু মহিষের গোবরের তৈরী চ্যাপ্টা জ্বালানি বিশেষ ॥

চেলি=[রং]—বি. শিষ্য ॥ শাশুড়ীর চেলি বোচ্কা টানে। [<চেলা হিং]।

চেল্হি=[রা]—বি. মাছ বিশেষ ॥ চেল্হি মাছ খাতে মিঠা।

চ্যাওয়ার্=[রং]—বি. বাড়ীর চারদিকের বেড়া ॥ বাতাশে চ্যাওয়ার্‌টা পড়ি গেইছে। [<চ্যাগার্]।

চ্যাং=[রা]—বি. মাছের দল ॥ মাছের্ চ্যাং দেখ্যাছি।

চ্যাংগর্=[রং]—বিণ. দুষ্ট, শয়তান ॥ পোলাডা বড় চ্যাংগর্। [দেখ চেংড়ি; চঙ্গ+র প্র.]।

চ্যাংগা=[রা]—বি. চুংগি ॥ চুলাতে চ্যাংগা দি ফুঁ দে। [দেখ চুংগি]।

চ্যাংগেরা=[দি]—বি. মেয়ে, ছোট বাচ্চা ॥ এই চ্যাংগেরা খান্ বড় খারাপ্। [দেখ চেংড়ি]।

চ্যাংটা=[রং, রা]—বিণ. আঠালো ॥ গুড়ট্যা বড্ড চ্যাংটা হয়েছে।

২=[রা]—বিণ. দুর্গন্ধবিশিষ্ট ॥

৩=[রা]—বিণ. দুষ্ট ॥ [দেখ চেংড়ি; চঙ্গ+টা প্র.]।

চ্যাংটিয়া=[রং]—বিণ. দুইতিন বছর বয়সের ॥ ছাওয়াটা এক্টু চ্যাংটিয়া হৌক্। [দেখ চেংড়ি]।

চ্যাংঠামি=[রা]—বি. অসভ্যতা ॥ [দেখ চ্যাংটা৩+আমি প্র.]।

চ্যাংড়া=[রা, দি]—বি. ছেলে, যুবক ॥ 'চ্যাংড়া বন্ধুর্ হাশি, গলে দিল ফাঁশি'—গ্রাম্য গনি। [দেখ চেংড়ি]।

চ্যাংড়া পেংড়া=[রা]—বি. ছেলে পেলে ॥ শব্‌কাজ্ চ্যাড়া পেংরা দি হয়্ না। [দেখ চ্যাংড়া+পেংড়া অনু:]।

চ্যাংড়াম্=[রা]—বি. ছেলেমি, ফাজলামি ॥ এত চ্যাংড়াম্ করিশ্ ক্যান্? [দেখ চ্যাংড়া+মু প্র.]।

চ্যাংড়ার্ বাতান্=[রং]—বি. ছেলেদের আড্ডা ॥ [দেখ চ্যাংড়া+র (সম্বন্ধে)+বাথান<বাবান<বাস্থান<বাসস্থান]।

চ্যাংড়ি=[রা]—বি. যুবতী ॥ [দেখ চেংড়ি]।

চ্যাংনা=[রং, রা]—বি. মুরগীর ছানা ॥ চিলে এক্টা চ্যাংনা লৈয়া গেল্।

চ্যাং মাছ্=[দি]—বি. এক প্রকার ছোট মাছ ॥

চ্যাংরা কাল্=[রং]—বি. শৈশবকাল ॥ [দেখ চ্যাংড়া+কাল]।

চ্যাংরি=[রং]—বি. অল্প বয়স্কা মেয়ে ॥ [দেখ চেংড়ি]।

চ্যাঁর্=[রা]—বি. বিছা ॥ ছেলেটারে চ্যাঁরে কামর্ দিছে।

চ্যাঁচ্‌কা=[রং]—বি. বাঁশ চাঁছার পর পরিত্যক্ত আবর্জনা ॥ চ্যাঁচ্‌কাগুলি চুলাত্ দে, চপ্ করি জল্‌বে। [<চাঁচ (<চক্ষ্‌ সং)+কা প্র.]।

চ্যাকর্=[দি]—বি. পায়খানার বেড়া ॥ [=চেগার, চ্যাগার]।

চ্যাকা=[রা]—বি. উনুন ॥ চ্যাকাতে ভাত্ রান্। [দেখ চকা]।

চ্যাকানি=[রা]—বি. ভাতের ফেন ॥

চ্যাকা মাছ্=[রং]—বি. চাঁদা মাছ ॥

চ্যাকার্=[রা, দি]—বি. বেড়া ॥ পেইজের ভিটায়্ চ্যাকার্ দেও। [দেখ চ্যাকর্]।

চ্যাকা লাগান্=[রা]—বিণ. টোল খাওয়ানো ॥

চ্যাকোয়ার্=[রং]—বি. বাড়ীর চতুর্দিকের বেড়া ॥ চ্যাকুয়ার্ দিতে অনেক্ কুন্ লাইগ্‌বে।

চ্যাক্‌চ্যাক্=[রা]—ক্রি. বিণ. ধুপধুপ ॥ তোক চ্যাক্‌চ্যাক্ কর্যা লাথি মার্‌মু। [অনু.]।

চ্যাক্‌টা=[রং]—বিণ. আঠালো, চটচটে ॥ গমের্ আটাঁ খুব্ চ্যাক্‌টা।

চ্যাখ্‌টা=[রং]—বিণ. কঞ্জুস, বখিল, কৃপণ ॥ [দেখ চ্যাক্‌টা; অর্থ প্র.]।

চ্যাগ্‌লান্=[রা]— ক্রি. বক্‌বক করা ॥ তুই বড় চ্যাগ্‌লাশ্

চ্যাট্=[দি]—বি. পুরুষের লিঙ্গ ॥

চ্যাট্‌চ্যাট্=[রা]—ক্রি. বিণ. আঠা আঠা ॥ খাবে গা চ্যাট্‌চ্যাট্ কর্‌ছে। [চট্‌চট্; অনু.]।

চ্যাঠা=[রা]—ক্রি. বিণ. চেতনা, হুঁশ, জাগরণ ॥ কোন্ রোগে ধরেছে, আজ্ চার্‌দিন্ হল আমার্ ধন্ চ্যাঠা হয়্ না। [চেতা(চেতন)]।

চ্যাড়্ খুত্‌তে বোড়া=[রং]—অব্য. হিতে বিপরীত ॥ চ্যাড়্ খুত্‌তে বোড়া বিড়াইবে। [<চ্যাড়া (কেঁচো)+খুদিতে (<খোদা)+বোড়া (<বোড়্‌ সং=সর্প)=কেঁচো খুড়তে সাপ]।

চ্যাতে=[রং]—অব্য. < চাইতে, অপেক্ষা ॥

চ্যাত্=[রা]—বি. চৈতন্য, জ্ঞান ॥ তাঁই চ্যাত্ হোলো। [<চেত(<চেতন)]।

চ্যাত্‌রা=[রা, দি]—বিণ. চেপ্টা ॥ ডেক্‌চিটা বড্ড চ্যাত্‌রা

চ্যাদ্‌রে=[রং]—অস. ক্রি. ছড়াইয়া ॥ চ্যাদ্‌রে বশে আছিশ্ ক্যান্?

চ্যাদ্‌লা=[রা]—বিণ. আঠা, ময়লা ॥

চ্যান্‌দর্=[রা]—বি. দোষারোপ ॥ না জেনে কারো চ্যান্‌দর্ করা ঠিক্ না।

চ্যান্‌দলা=[রা]—বিণ. বোকা, বোধহীন ॥

চ্যান্‌লা=[রা]—বিণ. কানা ॥

চ্যাপর্ চ্যাপর্=[রং]—বিণ. অনর্থক, বাজে ॥ তোর্ চ্যাপর্ চ্যাপর্ কথা মোর্ গায়ে শয়্ না। [অনু.]।

চ্যাবারি=[রং]—বি. বাঁশের খণ্ড ॥

চ্যাব্‌লা=[রা]—বিণ. ফাজিল, রাগী ॥ তুই বড় চ্যাব্‌লা রে। [দেখ ছ্যাব্‌লা]।

২=[রা]—বি. একপ্রকার ছোট মাছ ॥

চ্যামা=[রা]—বি. নরম খোসাযুক্ত ডিম ॥

চ্যাম্‌চ্যামা=[রা]—বিণ. অতিশয় ময়লা ॥ এমন্ চ্যাম্‌চ্যামা পিরান্ লিয়ে কৈ জাও? [<চ্যাম্‌চ্যাম্ (অনু.)+আ প্র.=চ্যাপ্‌চ্যাপা]।

২=[রং]—ক্রি. বি. গ্রাহ্য করা ॥

মোর্ কতা কেউ চ্যাম্‌চ্যামায় না।

চ্যাম্‌টা=[রং]—বিণ. পুনঃ পুনঃ তাগাদা সত্ত্বেও কাজ করিতে অনিচ্ছুক এমন, অকর্মণ্য ॥ চ্যাম্‌টা চাকর্ রাখার্ দর্‌কার কি ?

চ্যাম্‌শা=[রা, দি]—বিণ. ভ্যাপসা ॥ চ্যাম্‌শা গরম্ লাগ্‌ছে। [দেখ চ্যাম্‌টা ; +শা প্র.]।

২=[দি]—ক্রি. বি. শুকাইয়া কুঁকড়াইয়া যাওয়া ॥

চ্যারা=[রং, রা, দি]—বি. কেঁচো ॥

চ্যারাক্=[রং]—বি. বাতি, আলো ॥ চ্যারাক্‌টা লাগাও। [চিরাগ چراغ ফা.]।

চ্যার্‌চ্যারা=[ব, রা]—বিণ. ময়লা ॥ [<চ্যারচ্যার(অনু.)+আ প্র.]।

চ্যালাট্=[রা]—বি. নৌকার প্রান্তে কাঠের তৈরী বসিবার স্থান ॥

চ্যাল্‌কা=[রং]—ক্রি. বি. ঠকানো, প্রতারণা করা ॥ তুঁই শগল্‌কে চ্যাল্‌কাইশ্।

চ্যাল্‌কান্=[রা]—ক্রি. পিচ ফেলানো ॥

চ্যাল্‌কামি=[রং]—বি. প্রতারণা, প্রবঞ্চনা ॥ কারো শাথে চ্যাল্‌কামি না করিশ্। [দেখ চ্যাল্‌কা+মি প্র.]।

চ্যাল্‌চ্যালা=[রং]—বিণ. অতিশয় পাতলা ॥ কাপড়খান্ খুব্ চ্যাল্‌চ্যালা।

চ্যাল্‌লা=[দি]—বি. কাপড়ের ন্যাকড়া ॥

চ্যাল্‌লান্=[রা]—বি. চীৎকার ॥ এত চ্যাল্‌লান্ কিশের্। [<চিল্লান< চিল্লানা হিং]।

চ্যাল্‌শ্যা=[রা]—বি. মৃতব্যক্তির জন্য চল্লিশ দিনের অনুষ্ঠান॥ [দেখ চাল্‌শা]।

চৈ

চৈঁ=[রং]—বি. মসলার গাছ বিশেষ ॥ গোশ্ রান্‌তে চৈঁ দিলে খুব্ মজা হয়। [<চইআ<চবিকা সং]।

চৈ=[রা]—বি. পিঠার ছাঁচের কাঁটা ॥ আমাক চৈ দাও, পিঠা তৈরি করি।

২=[রা]—বি. পাতিহাঁস ॥ চৈ ডিম্ দিছে।

চৈক্যা=[রা]—বি. নালা এই চৈক্যাতে বেশি পানি নাই।

চৈচিরতা=[রা]—বি. লতা বিশেষ॥ চৈচিরতা ভিজে পানি খাইচি। [< চই(<চবিকা সং)+চিরতা (< কিরাততিক্ত সং)]।

চৈট্=[রা]—বি. আনাগোনা ॥ রহিম্‌দের্ বাড়িতে চৈট্ খুব্ কম্।

চৈত্‌রা=[রং]—বি. বৈঠকখানা ॥ চৈত্‌রায় মেহ্‌মান্‌দের্ বৈতে দিও। [<চবুতরা হিং<চত্বর সং]।

চৈন্ দরা=[রং]—ক্রি. হতবাক্ হওয়া, মাথা ঘুরা, জ্ঞানশূন্য হওয়া ॥ ফাশির্ মুর্‌দা দেখি একেবারে চৈন্‌দরায় নাগাছ। [দেখ চুন্‌দা+ধরা]।

চো

চোং=[রা]—বি. এক প্রকার ঘুড়ি ॥

২=[রং]—বি. প্রধান ব্যক্তি ॥ ইনিই কাজের্ চোং। [<চাঙ্গা ; অর্থ প্র.]।

চোঁকা=[রা]—বি. খোসা, বাকল, চোকলা ॥ আমের্ চোঁকা গরুক দেও। [<চোক্‌লা<চোলক সং ; বর্ণ বিপর্যয়]।

চোঁচা=[রা]—ক্রি. বিণ. একটানা ॥ চোঁচা দৌড় দে। [<চোঁ চোঁ (অনু. =একটানা)+আ প্র.]।

২=[দি]—বি. খোসা, আবরণ ॥ [দেখ চোঁচ্]।

চোঁচ্=[রা]—বি.বাঁশ বা লতার চিকন অংশ বিশেষ ॥ [<চোঁচা<চঞ্চা সং]।

চোঁচ্ বাঐ=[রা]—বি. চড়ুই পাখি ॥ চোঁচ্ বাঐ তাল্ গাছত্ কতো বাশা করিবে। [সুচ+বাবুই (<বর্ব্বরী সং]।

চোঁতা=[রা]—বি. নকল ॥ [<চোতা <চ্যুত=পতিত কাগজ ; অর্থ প্র.]।

চোঁহ্‌রা=[নো রা]—ক্রি. মিথ্যা গুণ কীর্তন করা ॥ [<চোমরানো]।

চোকরা=[রং]—বি. জলচৌকি ॥ চোকরাত্ বশেক্। [দেখ চকি ; চক্ +রা প্র.]।

চোকা=[রা]—বিণ. তৈয়ারী ॥ [< চুকা<চুকান]।

২=[রা]—বি. ছাল, বাকলা ॥ আমের্ চোকা গরুরে দাও। [দেখ চোঁকা]।

৩=[রং]—বিণ. তেজী ॥ গরুটি খুব্ চোকা। [চোখা<চোক্ষ সং ; অর্থ প্র.]।

চোকানো=[রা]—ক্রি. আগা করা ॥ অত চোকাইও না, কাম্ আগে যৌছ্।

[চোখা<চোক্ষ সং+আনো প্র ; অর্থ প্র.]।

২=[রা]—ক্রি. তোড়জোড় করা ॥ শুধু চোকালে হয় না কাজ্ কর্‌তে হয়। [পূর্বে দেখ]।

চোক.চাকি=[রা]—বি. প্রজাপতি ॥

চোক.মোক.=[রা]—বিণ. তেল মশলা-সহ খুব স্বাদযুক্ত ॥ চোক্‌মোক্ তর্‌কারি ছাড়া ভাত্ খাওয়া জায় না। [<চক্‌মক্ (অনু.)]।

চোখ.খা=[রা]—বিণ. ধারাল ॥ [দেখ চোকা]।

চোখ.চিমা=[রা]—বিণ. স্বার্থপর, ক্ষুদ্রমনা ॥ চোখ্‌চিমা লোকের কাছে কিছু আশা করা জায় না। [<চোখ (<চক্ষু) + চিবা<চিপা ; অর্থ প্র.]।

চোচা=[রং]—বি. খোসা ॥ আমের্ চোচা ফ্যালে দেও। [দেখ চোঁচা]।

চোচ.রা=[রা]—বিণ. ছোট, বাজে ॥ চোচ্‌রা মাছ্। [দেখ চুঁচুড়া]।

চোছা=[রং]—বি. খোসা ॥ একটু চোচাও দেইল্‌না, আমত্ দুরের্ কথা। [দেখ চোঁচা]।

চোজ.ভরা=[রং]—বি. বি. বাবুই পাখি। [<সূচ+ভরা ; গ্রাম্য বিশ্বাস যে, বাবুই সূচ দিয়া তাহার বাসা তৈরী করে]।

চোটানো=[রা]—ক্রি. কোদাল দিয়া মাটি কাটা ॥ জমিতে বড় ঘাশ্, তাই চোটাতে হবে।

চোট.=[রা]—বি. পালা ॥ [< চুট হিং<চুট্ সং=ছেদনে]।

২=[রং]—বি. ধার ॥ এই দাও খানের্ বড় চোট্। [অর্থ প্র.]।

৩=[রং]—বি. ঘা ॥ কলাগাছটা এক্‌চোটে কাটিশ্।

৪=[রং]—বি. রাগ ॥ তুই এতো চোট্ কাক দেখাইশ্?

চোট.টামি=[রা]—বি. চোরের মত কাজ ॥ যেখানে শেখানে চোট্‌টামি কৈর না। [<চূট্টা হিং<চোর+টা +মি প্র.]।

চোত.তা=[রং]—বি. বিছুটি ॥ চোত্‌তা নাগ্‌লে চুল্‌কায় খুব।

চোদন. লাগা=[রং]—ক্রি. কষ্টপাওয়া ॥ [<চোদা (অশ্লীল) ; নিজন্তে চোদন +লাগা]।

চোদে খাওয়া=[রং]—ক্রি. কিছুই করিতে না পারা ॥ তুমি জিবনে খালি চোদেই খাবে? [দেখ চোদন লাগা ; চোদা খাওয়া]।

চোদ.না=[রা]—বিণ. বোকা ॥ [দেখ চোদন লাগা ; চোদ+না প্র.]।

২=[রা]—বিণ. আশ্চর্য ॥ তুই জি হামাক চোদ্‌না কর্‌লুরে?

চোন.=[রা]—বি. এক জাতীয় ঘুড়ি ॥

চোন.দা=[রা]—বিণ. হতভম্ব ॥ চোন্‌দার্ মত চাইয়া রৈছ ক্যা? [দেখ চুন্‌দা]।

চোপা=[রা]—বি. মুখ ॥ হালুয়া খাইতে চোপার্ দর্‌কার্।

চোপা নাড়া=[রা]—ক্রি. অতিরিক্ত বকবক করা ॥ ওমন্ কৈরা তুই চোপা নাড়িছ্ না। [দেখ চোপা+নাড়া<লাড়া (<লড়্ সং)]।

চোপ.ড়া=[দি, রা]—বি. ছোট চাঁদা মাছ ॥ চোপ্‌ড়া মাছে খালি কাটা।

২=[রং]—বি. খলিশা মাছ ॥

চোপ. দেওয়া=[রা]—ক্রি. দা দিয়া জোরে কিছু কাটা ॥ চোপ্ দি কাঠ্ কাটে। [<চোপ (অনু.)+দেওয়া]।

চোপ.রৈ=[দি]—বি. খড়ম ॥

চোবর.=[রা]—বি. গোহাল বাড়ি ॥ চোবরে গরু রাখে।

চোবোড়.=[রা]—বি. খোয়াড়, রাত্রিতে গরু বাঁধার স্থান ॥

চোম.ড়া=[রং]—বিণ. চারিদিক ঘেরা ॥ চোমুড়া বেড়া দেঅক্। [< চৌ+মুড়া (<মণ্ডিতা)]।

চোম.কা=[রা]—ক্রি. বি. হঠাৎ আশ্চর্য হওয়া ॥ তোকে দেইকা চোম্‌কে উঠ্‌ছে। [<চমকা<চমকান =চমকিত হওয়া]।

চোয়ট.=[রা]—বি. বাড়ির সম্মুখের স্থান ॥

চোরন.=[রা]—বিণ. সমস্ত ॥ চোরন্ রাত্ ঘুম হয়নি।

চোস.তা লাগা=[দি]—ক্রি. হতবাক্ হওয়া ॥

চোহ.ড়.=[রং]—বি. চৈর, লগি ॥ আগে জলের্ ছিটা পরে চোহড়ের্ গুতা।

চৌ

চৌকা=[রা, রং]—বি. চুলা ॥ চৌকাতে হাড়ি বশাও। [হিং ; দেখ চকা]।

চৌকি=[রা]—বি. নালা, খাল ॥ পুকুরের শব্ পানি চৌকি দি নামি গেল্।

পিড়া=[রং]—বি. জল- ॥ চৌকিয়া পিড়াত্ বশেক্। [<চৌকি (<চতুষ্কী সং)+আ প্র.+ পীড়া <পীঠ সং]।

চৌখ.=[দি]—বি. চোখ ॥ তোর্ চৌখ আংগুলি দি দেখেই দিবা পারোঁ। [<চোখ<চক্ষু সং]।

চৌচালা=[রা]—বিণ. চঞ্চল ॥

চৌচালাকি=[রং]—বি.চাতুরি ॥ আর্ চৌচালাকি করিস্ না। [<চৌ<চতুঃ +চালাকী چالاکی ফা.]।

চৌতালি=[রা]—বি. রবিশস্য ॥

চৌথ্যাল.=[রা]—বিণ. চৌকোনা, সমতল ॥ জাগাটা চৌথ্যাল্ হৈয়্যা আছে। [<চৌ+থল<স্থল বা তল]।

চৌপাকে=[রং]—ক্রি. বিণ. চারি-

দিকে ॥ [<চৌ+পাক (<পক্ষ সং) +এ বিভক্তি]।

চৌবাড়ি=[রং]—বি. চারি দিক্ ॥ ঘরের্ চৌবাড়ি বেড়া দির্। [<চৌ +বাটী ; অর্থ প্র.]।

চৌয়ারি=[রং]—বি. চার চালবিশিষ্ট খড়ো ঘর ॥ [দেখ চুয়ারি]।

চৌয়ুর,=[রা]—বি. লগি ॥ নৌকা বাইতে চৌয়ুর্ লাগে। [দেখ চৌর্]।

চৌরংগি=[রং]—বিণ. দক্ষ ॥ ছেলেটি শব্ কাজে চৌরংগি। [<চৌ+রং+ ই প্র.]।

চৌরি=[রা]—বি. খেলার চারি গুণি-বার রীতি ॥ [<চৌর<চতুর্ সং+ ই প্র.]।

চৌর,=[রা]—বি. নৌকা চালাইবার লগি ॥ [দেখ চৌয়ুর্]।

চৌল,=[রং, রা]—বিণ. হাতের তালু পরিমান ॥ এক চৌল্ পানি দ্যাও ॥ [<চলূলু হিং]।

চৌহাটা=[রং]—বি. চক, চারিরাস্তার মিলন স্থল ॥ চৌহাটায় তার্ শংগে দেখা হবে। [<চৌ+হাট<হট্ট সং+আ প্র.]।

চঁ

চ'=[খু]—বিণ. ফাঁকা, পরিষ্কার ॥ এই চ' বায়্গাটায় এক্টু বশি। [<চআ <চষা ; অর্থ প্র.]।

চ'অন,=[চট্ট]—ক্রি. হাল চাষ করা ॥ [<চষণ=চষা]।

চ'অল,=[চট্ট]—বি. <ছাগল ॥ চ'অলে বিয়াইয়ে।

চ'ঐ=[নো]—বি. <চৌকি ॥ চ'ঐ ঐল্ গরের্ শোবা।

চ'ঐর,=[নো]—বি. নৌকা ঠেলিবার বাঁশ ॥ চ'ঐর্ দি নৌকা বায়্।

চ'ঐল,=[চট্ট]—বি. <চাউল ॥ ঘরত্ চ'ঐল্ নাই।

চ'ওড়, চ'ওড়,=[চট্ট]—অব্য. খাওয়ার সময় এক প্রকার শব্দ ॥ [অনু.]।

চ'ওড়া=[সি]—বি. <সাপুড়ে ॥

চ'ওড়ি=[চট্ট]—বি. <চাকুরি ॥ রহিম্ চাহা খাইক্যা চ'ওড়ি করে।

চ'ওয়া=[ফ]—ক্রি. চাষ করা ॥আউ-ল্যায় খেত্ চ'য়্। [<চষা]।

চ'ওয়ালে=[পা]—বিণ. কিছু বলিবার মত ক্ষমতাসম্পন্ন ॥ চ'ওয়ালে লোক্ দেইখ্যা পাঠাও। [<চোয়াল+এ প্র.]।

চ'ওর,=[পা]—বি: <চাপড় ॥ তারে চ'ওর্ মার্লা ক্যা ?

চ'ওরি=[চট্ট]—বি. <সুপারি ॥ চ'ওরি আইন খাইওম্।

চ'ওরি ঘর,=[য]—বিণ. পাঁচ চাল বিশিষ্ট ঘর ॥ যামাইআলি চ'ওরি ঘরে বশাও। [দেখ চুয়ারি]।

চ'ং=[ম]—বি. এক প্রকার ঘুড়ি ॥ চৈ'ত্ মাশে চ'ং উরায়্। [<চঙ্গ= মইয়ের আকৃতিবিশিষ্ট]।

২=[কুম]—বি. ভঙ্গিমা ॥ চ'ং করে্যা না।

৩=[সি]—বি. চণ্ডাল, নমশূদ্র ॥ [< চণ্ড সং]।

চ'ংকা=[চট্ট]—বি. চাষে ব্যবহৃত মই ॥ [<চং<চঙ্গ+আ প্র.]।

চ'ংগ=[ঢা]—বি. চাষে ব্যবহৃত মই ॥ চ'ংগ দিয়া গাসে ক্যারে উড। [< চঙ্গ]।

চ'ংগ পাইট্টা=[ম]—বি. ঘুড়ি বিশেষ ॥ [দেখ চ'ং+পাটী (<পট্টী) +আ প্র.]।

চ'ংগ বংগ=[সি]—বি. ছলাকলা, চাঞ্চল্য ॥ লোক্টার্ চ'ংগ বংগ দেইখ্যা আমার্ শন্দে অয়্। [<চংবং (অনু.)]।

চ'ংগল,=[সি]—বি. শিকারী পাখির নখ, ছোঁ ॥ চি'লের্ চ'ংগল্ খাইক্যা মুর্গির্ বাচ্'চা'ডা বাচা'ন্ গেল্ না। [<চংগল چنگل ফা.]।

চ'ংগা=[বা]—বি. মই ॥ চ'ংগা দিয়া গাস উডে। [দেখ চ'ংগ]।

চ'ংগা বংগা=[চট্ট]—বি. রং চং ॥ তুঁই কাবে কার্বারে চ'ংগা বংগা গরি ওরে কিল্লাই। [দেখ চ'ংগ বংগ +আ প্র.]।

চ'ংগা ভাংগা=[কুম]—বি. এক প্রকার তরকারী ॥

চ'ংগুল,=[ঢা]—বি. নখ ॥ বাগের্ চ'ংগুল্ দারাল্। [দেখ চ'ংগল্]।

চ'ংটি=[বা]—বি. নাকের অলঙ্কার বিশেষ ॥

চ'ংবং=[কুম]—বি. ন্যাকামি ॥ কাবে কামে চ'ংবং করা বালা না। [দেখ চ'ংগ বংগ]।

চ'ংবৈংগা=[কুম]—বিণ. যে ন্যাকামি করে ॥ হে বর চ'ংবৈংগা। [দেখ চ'ংগ বংগ+ইয়া প্র.]।

চঁ'ঐর,গ্যা=[চট্ট]—বিণ. ঘন কাঁটা-যুক্ত ঘাসবিশিষ্ট স্থান ॥

২=[চট্ট]—বি. চড়ুই পাখি ॥ ঘরের চ'ালে চঁঐর্গ্যায় বাশা বাঁন্সে। [< চড়ুই+গা (অতিরিক্ত)]।

চঁ'অরা=[চট্ট]—বি. <চামড়া ॥ গরুর্ চঁ'অরা দি যুতা হয়্।

চঁ'চৈর,=[চট্ট]—বি. মরামাস ॥ মাথাত্ চঁ'চৈ'র্ হৈয়ে।

চঁ'ডন,=[চট্ট]—ক্রি. বি. পদদলিত করণ ॥

চঁ'ডা=[নো]—বি. কাইম, কুঁড়ে ঘরের চাল তৈরীর সরঞ্জাম ॥ [<চট্টা]।

চ'কর,=[সি]—বি. প্রজাপতি ॥ চ'করের্ শৈল্যে নানা রং আসে।

চ'কর, মকর,=[সি]—বিণ. [illegible]

বিচিত্র ॥ [<চক্কর<চক্র ; মকর অনু:]।

চ'কর্ মকর্ করা=[নো]— ক্রি. ইতস্তত করা ॥ চো'রের্ মত চ'কর্ মকর্ কর ক্যা ? [অনু.]।

চ'কাইট্=[সি]—বি. বড়শির ফাৎনা ॥ [চখ<চোখ+কাঠি]।

চ'কিং=[কুম]—বি. চুল ॥ মেয়ের্ মাথায় লম্বা চ'কিং।

চ'কুগড়্=[পা]—বি. পাটালি গুড় ॥

চ'কুনে=[খু]—ক্রি. বিণ. চমকাইয়া ॥ আনু ভয়ে চ'কুনে উঠেসে। [< চমকে ; বর্ণ বিপর্যয়]।

চ'কৈ=[কুম]—বি. কলাগাছের কাণ্ডের অভ্যন্তরস্থ থোড় ॥

চ'ক্=[য]—বি. চার বিঘা জমির পরিমাণ ॥ এক্ চ'ক্ যমির্ দাম্ হাযার্ টাকা। [<চৌক<চতুষ্ক সং]।

২=[কুম]—বি. মাঠ ॥ চ'কে গেলে রৈদ্ লাগে। [<চউক<চউক্ক প্রাং< চতুষ্ক সং]।

৩=[কুম]—ক্রি. বিণ. শীঘ্র ॥ চ'ক্ করি আয়্। [অনু.]।

চ'ক্কনি=[চট্ট]—বিণ. ক্ষুদ্র ॥

চ'ক্কর্=[চা]—বি. পাক ॥ তামাম্ডা শহর্ এক্টা চক্কর্ মার্সি।.[<চক্র]।

২=[খু]—বি. সাপের ফণা ॥ গুখ্রা শাপের্ চ'ক্কর্ দেখ্লে ভয়্ লাগে। [<চক্র]।

চ'ক্কা=[কুম]—বি. কাঠের চক্ষু বা গিরা ॥ চ'ক্কা কাট্তে খুব্ কশট্। [<চোখ (চক্ষু)+আ]।

চ'ক্কুদান্=[খু, য]—বি.লতা জাতীয় গাছ বিশেষ, লাল ভেরেণ্ডা ॥ [<চক্ষু +দান=দান করে যে (?)]।

চ'ক্কুনা=[খু]—বি. ক্ষুদ্র মাছ বিশেষ ॥

চ'ক্কুনি=[কুম,নো]—বি. একপ্রকার ক্ষুদ্র মাছ ॥

চ'ক্কোর্=[খু, বা]—বি. ভাব ॥ লোক্টার্ চ'ক্কোর্ বালা নয়্। [< চক্কর<চক্র]।

২=[ফ]—বি. কৌশল ॥ 'বাইলের্ কাম্ চ'ক্কোরে করে, তেল্ কিন্না সালা বরে' (প্রবাদ)। [অর্ধ প্র.]।

চ'ক্চ'কা=[চট্ট]—বিণ. উজ্জ্বল ॥ চ'ক্চ'কা যিনিশ্ [<চক্চক্(অনু.)+ আ প্র.]।

চ'ক্চ'ক্=[চা]—ক্রি.বিণ. একপ্রকার শব্দ ॥ চক্চক্ কৈর্যা কুত্তায় যেন্ কিডা খায়্। [ধ্বন্যা.]।

২=[ফ]—বিণ. খুব পরিষ্কার ॥ ঐ বাড়িটা খুব্ চ'ক্চ'ক্ দেখা যায়্। [দেখ চ'ক্চ'কা]।

৩=[খু]—বি. ঝিকিমিকি ॥

চ'ক্বা=[চট্ট]—বি.<চক্রবাক, চখা ॥

চ'ক্বান্দা=[ঢা]—বিণ.মাঠ জোড়া ॥ চ'ক্বান্দা আমাগ খেত্। [দেখ চ'ক্ +বাঁধা]।

চ'ক্রাচ'ক্রি=[পা]—বিণ.নানা রং বিশিষ্ট ॥ চ'করাচ'করি পহি। [< চককর<চক্র+আ ; চককর+ই প্র.]।

চ'খম্=[কুম]—বি, মই, চঙ্গ ॥ চ'খম্ লৈয়া খেত যা। [দেখ চ'ংগ ; বর্ণ বিপর্যয়]।

চ'খি=[চট্ট]—বিণ. দাতা ॥ তোয়ার্ বাপ্ বর চ'খি আচি'ল্। [<সখী سخی আঃ]।

চ'খ্=[সি]—বি. ক্ষেত, ময়াল ॥ ই চ'খের্ দান্ খুব্ বালা। [দেখ চ'ক্]।

চ'গন্=[ম]—বি, মই ॥ চ'গন্ দিয়া খেতে মৈ দেয়্। [দেখ চ'ংগ ; বর্ণ বিপর্যয়]।

চ'গর্=[ঢা]—বি,মই ॥ চ'গর্ লাগাইয়া গাসে উঠ্। [দেখ চ'গন্, চ'হর্] ॥

চ'গর্ চ'গর্=[ক]—বি.বাজে কথা ॥ তোমার্ চ'গর্চ'গর্ শহ্য অয়্ না। [অনু.]।

২=[চট্ট,ম]—বিণ. ভ্যাবাচ্যাকা ॥

৩=[খু]—ক্রি. বিণ. চটপট ॥ চ'গর্ চ'গর্ কাম্ কৈরা ফেল্।

৪=[কুম]—ক্রি.বিণ.এদিক সেদিক ॥ চো'রের্ মতন্ হে চ'গর্চ'গর্ চায়্।

চ'গর্ বগর্ করা=[খু]—ক্রি. নিজের কথা গর্ব করিয়া বলা ॥ অত চ'গর্বগর্ কৈর না, আমি শব্ যানি। [দেখ চ'গর্চ'গর্]।

চ'গামি=[পা]—বি. দুষ্টামি ॥ চ'গামি করিস্ না। [দেখ চ'গ্লেমি]।

চ'গো=[পা, ক, খু]—বি. মই ॥ চ'গোয় চ'ড়ে গরের্ চা'লে উঠ্। [দেখ চ'ংগ]।

চ'গ্বগা=[সি]—বিণ. চালাক ॥ [< চগ্বগ্ (অনু.) +আ প্র.]।

চ'গ্লেমি=[পা]—বি. বাঁদরামি, ফাজলামি ॥ [<ছাগল+আমি প্র.]

চ'চ্'চ'ড়ি=[ম]—বি. স্বার্থে আঘাত লাগার ফলে অস্বস্তিকর ভাব ॥ ওর্ যিনিশ্ আমাকে দিয়েসে তাতে তোমার্ চ'চ্'চ'ড়ি বেঁধেসে কেন্ ? [< চড়চড় (অনু.)+ই প্র.]।

২=[খু]—বি. দুই তিন রকমের শাক মিশ্রিত খাদ্য ॥ চ'চ্'চ'ড়ি খাতি ভাল লাগে। [<চচ্চড়ি]।

চ'টক্দার্=[ব] —বিণ. বাহারে ॥ চ'টক্দার্ শাড়ি। [চটক হিং= চাকচিক্য+দার دار ফা.]।

চ'টক্তারা=[কুম]—বি. ধান বিশেষ ॥

চ'টর্ মটর্=[পা]—ক্রি. বিণ. চটাচট শব্দ করিয়া ॥ 'চ'টর্ মটর্ খড়ম্ পায়্, দেখ্তো দাদি কেডা যায়্' (গ্রাম্যছড়া)। [ধ্বন্যা.]।

চ'টা=[পা]—বি. ময়লা ॥ মাতায়্ চ'টা ঐচে'।

চ'টানো=[বা]—ক্রি. এক প্রস্থ মাটি তুলিয়া আনা ॥ খেত্ চ'টাইয়া খালে বান্ দ্যাও। [<চট্+আনো প্র. ; নাম ধাতু]।

চ'টান্=[বা]—বি. সাধারণতঃ নদী বা খালের পাড়ের তৃণবহুল মাঠ ॥ [<চটান হিং]।

২=[খু]—বিণ. উঁচু জমি ॥ চ'টান্ যমির্ দাম্ কম্। [পূর্বে দেখ]।

চ'টায়্ ঠেকা=[ক]—ক্রি. শক্ত হওয়া ॥ রৈদের্ চো'টে যমিডা চ'টায়্ ঠেকুসে। [<চটা (দেখ চ'টান্)+য় বিভক্তি+ ঠেকা (টিক সং)]।

চ'টাল্=[খু]—বিণ. চওড়া ॥ [দেখ চ'টান্ ; অর্থ প্র.] ।

২=[চা]—বি. মাঠ ॥ [দেখ চ'টান্] ।

চ'টি=[খু, বা]—বি. জালের ফাঁস তৈরী করার বাঁশের এক প্রকার বেত ॥

৩=[সি]—বি. বাঁশের টুকরা ॥ এক খান্ চ'টি আন্ ।

চ'টৈ=[সি]—বি. চড়ুই পাখি ॥ চ'টৈ পট্ করি উরি যায় । [<চটক] ।

চ'ট্‌কনা=[সি,চা]—বি. থাপড়, চড় ॥ হুদাহুদি সেরাডারে চ'ট্‌কনা মার্‌লি কেরে ? [চট্‌খনা হিং ; দেখ চ'ট্‌খানা] ।

চ'ট্‌কা=[সি]—বি. কোনও কিছুর সামান্য অংশ ॥ লাডিডার্ চ'ট্‌কা উঠি গেসে । [<চট্(<চটা)+কা প্র.] ।

২=[খু]—বি. বিছুটি ॥

৩=[কুম]—বি. মাটির বা ঘাসের চাপ ॥

৪=[ব]—বি. মাছ রাখার বাঁশের খাঁচা বিশেষ ॥

চ'ট্‌কাচ'ট্‌কি=[চা]—বি. রাগারাগি ॥ এত চ'ট্‌কাচ'ট্‌কি বালা না । [=চটাচটি] ।

চ'ট্‌কা যাল্=[কুম]—বি. বাঁশের কাঠি লাগানো জাল বিশেষ ॥ [<চট্ (=বিদীর্ণ করা)+কা প্র.+ জাল] ।

চ'ট্‌কা দরা, চ'ট্‌কা লাগা =[চা] —ক্রি. বৃষ্টির জন্য জমির উপরি ভাগ শুকাইয়া ফাটল যুক্ত হওয়া ॥ চ'ট্‌কা-দর্‌লে ফশল্ বারে না । [<দেখ চট্‌কা +ধরা ; লাগা] ।

চ'ট্‌কানা=[ম]—বি. কানপটিতে থাপড় ॥ [দেখ চ'ট্‌কনা] ।

চ'ট্‌কানো=[কুম]—ক্রি. মারা ॥ [দেখ চ'ট্‌কনা+উ প্র.] ।

চ'ট্‌কান্=[ম]—বি. থাপ্পড় ॥ [দেখ চ'ট্‌কনা] ।

চ'ট্‌কা পোকা=[পা]—বি. এক প্রকার কীট ॥

চ'ট্‌কাল্=[ম]—বিণ. দক্ষ, নিপুণ ॥ [দেখ চ'টক্‌দার্ ; চটক+আল প্র. ; তুং চট্‌কীলা হিং] ।

চ'ট্‌কি=[চা,খু]—বি. উপাধি বিশেষ ॥

২=[কুম]—বি. যাহারা নারিকেলের হুক্কা তৈরী করে ॥

৩=[কুম]—বি. বক ধরিবার যন্ত্র ॥

৪=[নো]—বি. চুড়ি তাগা ইত্যাদির ছোট ব্যবসায়ী ॥

চ'ট্‌খানা=[নি]—বি. শক্ত চড় ॥ [দেখ চ'ট্‌কনা] ।

চ'ট্‌চ'টা=[বা]—বি. বুনোগাছ বিশেষ ॥

চ'ট্‌চ'টি=[ম, পা]—বি. <চচ্চড়ি ॥ গুদা আমের্ চ'ট্‌চ'টি কর্ ।

চ'ট্‌টফট্‌ট=[খু]—বিণ. চালাক ॥ [<চ'ট্+অ ; ফট্+অ ; ছটফট (অনু.)=ছটফটে] ।

চ'ট্‌টশ্=[ম]—বি. পলায়ন ॥ [ধ্বন্যা. ; অর্থ প্র.] ।

চ'ট্‌টারি=[সি]—ক্রি. বিণ. খুব তাড়াতাড়ি ॥ চ'ট্‌টারি কাম্ শেশ্ কর্ । [<চট্(অনু.)+করি<করিয়া] ।

চ'ট্‌টিবাঝ্=[সি]—বিণ. প্রবঞ্চক, ধোঁকাবাজ ॥ [<চাট্ট <চট্ট +ই প্র.+বায باز ফা.] ।

চ'ট্‌পটানি=[চা]—বি. এক প্রকার লতা ॥ চ'ট্‌পটানি পট্‌পট্ কৈরা ফোডে ।

চ'ট্‌লা=[সি]—বিণ. চঞ্চল, চালাক ॥ [দেখ চ'ট্‌কাল্] ।

চ'ট্ লাগা=[সি]—ক্রি.একত্রে মিশিয়া যাওয়া ॥ বৈয়ের্ পাতা চ'ট্ লাগি গ্যাসে । [<চ'ট্(=জট)+ লাগা] ।

চ'ডন্=[কুম]—ক্রি. বি. বাড়ান ॥ দানুবেত্তু চ'ডন্ বালা না । [দেখ চ'ডন্] ।

চ'ডর্=[চট্ট]—ক্রি. বিণ. পটাপট, হঠাৎ॥ তুই চ'ডর্ গরি এই কথা কিল্লাই কৈলি ? [=চটর (অনু.)] ।

চ'ডর্ চ'ডর্=[চট্ট]—বি. চলাফেরার শব্দ ॥ [অনু.] ।

চ'ডর্ চু'ডুর্=[চট্ট]—ক্রি. বিণ. ঝট ফট ॥ চ'ডর্ চু'ডুর্ খাই যা । [দেখ চ'ডর্ চ'ডর্] ।

চ'ডর্ ফডর্=[চট্ট]—বি.ফাজলামি॥ [অনু.] ।

চ'ডা=[চট্ট]—বিণ. পাশ, চওড়া ॥ [দেখ চ'টান্] ।

২=[চট্ট]—ক্রি. পদদলিত করা ॥

চ'ডান্=[কুম]—বি. মুক্ত মাঠ, খোলা গোচারণ ভূমি ॥ [দেখ চ'টান্] ।

চ'ডি=[কুম]—বি. জাল বুনিবার যন্ত্রবিশেষ ॥ [<চটি] ।

২ =[চট্ট]—বি. মাঝারী ধরনের মোটা মটকা বা ডেকচি ॥ চা'ইর্ শেরা চ'ডি ।

৩=[কুম]—বি.বাঁশের পাৎলা ফালি॥ বাশের্ চ'ডি দিয়া খল্‌ফা তৈয়ার্ অয় । [<চটি]।

৪=[চা]—বি. শুকনা কুল ॥

৫=[চা]—বি. হাটে বেচাকেনার জায়গা ॥ আগে চ'ডি রাইক্যা খোও । [<চট্টি< চত্বরী چتری ফা. ; তুং ছত্রী সং] ।

৬=[কুম]—বি. <ঝুঁটি, বৃষের কাঁধের উচচ মাংসপিণ্ড ॥

৭=[খু]—বি. সুপারির কারখানা ॥

৮=[চা]—বি. ঢাকনি ॥

চ'ড়া=[ব]—বি. চড়ুই পাখী ॥ চ'ড়া গুলিন্ দালানে থাকে । [দেখ চ'ড়াই] ।

চ'ড়াই=[পা]—বি. মোরগ মুরগী ॥ [<চটক সং] ।

চ'ড়াট্=[ক, পা]—বি. নৌকার মাথার পাটাতন ॥ চ'ড়াট্ ধুইয়া ফেল্ । [<চড়া আট<চণ্ডপাট<চণ্ডীপাট] ।

চ'ড়ি=[খু]—বিণ. হৃষ্টপুষ্ট ॥ শিশুটা বেশ্ চ'ড়ি ।

চ'ড়োয়া=[খু]—বি. ঘরের মটকা ॥

চ'ড়ু=[ব]—বি. প্রায় দেড়হাত উঁচু নগি ॥

চ'ড়ুকা=[খু]—বি. বিদ্যুৎ ॥ চ'ড়ুকা পৈড়া গাস্‌টা বৈরা গেসে । [<চটক+ আ প্র.] ।

চ'ড়ুকি=[ক]—বি. সুতা জড়াইবার

লাটাই ॥ [চর্‌খী چرخی ফা.]।

চ'তরন্‌চি'=[নো]—বি. বিছানার মোটা চাদর ॥ [<শতরঞ্জী شطرنجی ফা.]।

চ'তর্‌=[ম]—বি. নিতম্ব, পাছা ॥ [<চুতড় হিং.]।

২=[চট্ট]—বিণ. অগভীর, ছোট ॥ চ'তর্‌ খাল যোয়ারে পানি না উঠের্‌। [দেখ চ'তল্‌]।

চ'তল্‌=[চা]—বি. জমিনের অপেক্ষা-কৃত উচ্চস্থান ॥ এই চ'তল্‌ডায়্‌ একটু খারও ঠাই পাইবা।

২=[কুম]—বিণ. সমতল, চর ॥ চ'তল্‌ যাগা দা আড়তে বালা। [< চট্টয়ল্‌ হিং]।

চ'তান্‌=[পা]—বি. পানির নীচের সমতল জায়গা ॥ চ'তান্‌ যায়্‌গায়্‌ পাট্‌ যাগ্‌ দেও। [দেখ চ'টান্‌]।

চ'তালি=[পা]—বি. আড়ম্বরপূর্ণ ভাব ॥ ওশব্‌ চ'তালি সাড়্‌।

চ'তিনতি=[নো]—বি. টাল বাহানা ॥ হে ট্যাহা দেয়্‌ না আলি চ'তিনতি করে। [অনু.]।

চ'তুরা=[চট্ট]—বি. বাহিরের ঘর, বৈঠকখানা ॥ চ'তুরাত্‌ বৈ কতা কও। [<চুতর چوتر ফা.]।

চ'ত্যাল্যা [নো]—বি. নিম্ন সমতল ভূমি ॥ চ'ত্যাল্যাত্‌ খুব্‌ দান্‌ অয়্‌। [দেখ চ'তল্‌+ইয়া প্র.]।

চ'ত্‌কৈরা=[কুম]—ক্রি. বিণ. তাড়া-তাড়ি ॥ চ'ত্‌কৈরা আয়্‌। [দেখ চ'ট্‌টারি]।

চ'ত্‌তি=[চট্ট]—বি. ছাতা ॥ [<ছত্তি <ছত্রী সং]।

চ'ত্‌তির্‌=[সি]—বি.চৈত্র ॥ চ'ত্‌তির্‌ মাইশ্যা রৈদ্‌ বর কয়া। [<চত্তির< চৈত্র]।

চ'ত্‌লা=[খু]—বিণ. প্রায় শুকানো, অগভীর ॥ চ'ত্‌লা পুকুর্‌ ॥ [দেখ চ'তল্‌ +আ প্র.]।

চ'ত্‌লি=[ক]—বি.অগভীর জলাশয় ॥ চ'ত্‌লিতে বোয়াল্‌ মাস্‌ থাকে। [দেখ চ'তল্‌+ই প্র.]।

চ'দল্‌=[ক]—বি. অলস ॥ দিন্‌ রাত্‌ চ'দলের্‌ মত শুইয়া থাক কেন্‌?

চ'দর্‌ বদর্‌=[ম]—বি.গড়িমসি ॥ বা বেডা চ'দর্‌ বদর্‌ করিস্‌ না। [অনু.]।

২=[চা]—বি. মাতব্বরি ॥ শেবার্‌ কামে চ'দর্‌ বদর্‌ খাটে না।

৩=[ম]—বি. খামখেয়ালী, বাচ্ছে তাই ॥ শরকারি রিন্‌ আইনা চ'দর্‌ বদর্‌ কৈর না।

৪=[পা]—বি. আহলাদ ॥ মাইয়াডায়্‌ চ'দর্‌ বদরে আর্‌ বাচে' না।

চ'দর্‌ বদর্‌ শেশ্‌অওয়া [ম]—ক্রি. আনন্দ আহ্লাদ লোপ পাওয়া ॥ বন্যায়্‌ শব্‌ চ'দর্‌ বদর্‌ শেশ্‌ ঐসে। [দেখ চ'দর্‌ বদর্‌+শেষ হওয়া]।

চ'দল্‌=[চা]—বিণ. উলঙ্গ ॥ লেংডা চ'দল্‌ ঐয়া গোরস্‌ ক্যান্‌?

চ'দা=[সি]—বিণ. বোকা ॥ এই কথা হুইন্যা বেটা চ'দা বনি গেল্‌। [< চৌন্‌ধ হিং]।

চ'দু=[ক]—বিণ. বোকা ॥ আমারে এত চ'দু মনে কৈর না। [মূল অর্থ গাণ্ডু (catamite)]।

২=[খু]—বিণ. মূল্যহীন ॥ ওর্‌ মত চ'দু লোক্‌কে ভয়্‌ করি না। [পূর্বে দেখ]।

চ'দৈ=[ম]—বি. চর, লাথি ॥ তোর্‌ চ'দৈ লাইগা পাইলাডা বাইংগা গেল্‌।

চ'দ্‌রি=[সি, কুম]—বি. চৌধুরী, সম্মানজনক উপাধি ॥ চ'দ্‌রি বাইত্‌ কাম্‌ করি। [<চৌধুরী]।

চ'দ্‌রি চ'দ্‌রি ঠেকা=[বা]— ক্রি. নিজেকে বড়মনে করা ॥ আয়্‌কাল্‌ যেন্‌ চ'দ্‌রি চ'দ্‌রি ঠেক্‌তেস মনে হয়্‌। [দেখ চ'দ্‌রি ; চৌধুরীর ন্যায় মনে হওয়া]।

চ'নক্‌=[ম]—বি. ছোলা ॥ চ'নক্‌ ভাযা বেশ্‌ মযা। [<চণক]।

চ'না বোট্‌=[চট্ট]—বি. ছোলা ॥ কাচা চ'নাবোট্‌ ভিযাই খাইলে যোর্‌ বাড়ে। [<চনাবুট হিং]।

চ'নু=[চট্ট]—বি. পুরুষাঙ্গ ॥

২=[কুম]—বি. আদরের ডাক ॥ চ'নু মিয়া এদিকে আইজ।

চ'ন্‌চ'না=[সি]—বিণ. চালাক, শক্ত ॥ পুয়াডা খুব চ'ন্‌চ'না। [দেখ চ'ন্‌-চৈ'ন্‌না]।

চ'ন্‌চ'নি=[চট্ট]—বি. এক প্রকার শব্দ ॥ [<চন্‌চন্‌ (ধ্বন্য.)+ই প্র.]।

২=[চট্ট]—বি. ব্যথা, যন্ত্রণা ॥

চ'ন্‌চ'ন্যা=[চট্ট]—বিণ. চঞ্চল ॥ [দেখ চ'ন্‌চৈ'ন্‌না]।

চ'ন্‌চ'ন্‌ করা=[সি]—ক্রি. টন টন করা, বেদনা অনুভব করা ॥ মাথাডা বেতায়্‌ চ'ন্‌চ'ন্‌ করে। [অনু.]।

চ'ন্‌চৈ'ন্‌না=[কুম]—বিণ অধিক শুষ্ক, পাকা ॥ চ'ন্‌চৈ'ন্‌না বাশ্‌। [< চন্‌চন্‌ (অনু.)+ই প্র.]।

চ'ন্‌ডিপাট্‌=[ম]—বি.গাড়ির নালবাঁশ আটকানোর কাষ্ঠ দণ্ড ॥ চ'ন্‌ডিপাটের্‌ অবাবে গারির্‌ নায়্‌বাশ্‌ আগ্‌লা ঐয়া গেসে। [<চণ্ডীপাট]।

২ =[বা]—বি.নৌকায় বসিবার আসন, যেখানে দাঁড়াইয়া নৌকা চালানো হয় ॥

চ'ন্‌ডিবাট্‌=[চা]—বি. নৌকার হাল ধরার উচ্চ মাচান, যাহার উপর দাঁড়াইয়া হাল ধরা হয় ॥ চ'ন্‌ডিবাট্‌ডা বাইংগা গেসে। [দেখ চ'ন্‌ডিপাট্‌]।

চ'ন্‌ডিয়াট্‌=[কুম, নো]—বি. নৌকার পাটাতন ॥ [দেখ চ'ন্‌ডিপাট্‌]।

চ'ন্‌দনি=[সি]—বি. জ্যোৎস্না, চাঁদের কিরণ ॥ চ'ন্‌দনি আমার্‌ বর বালা লাগে। [<চাঁদনি<চান্‌দ্‌নী হিং]।

চ'ন্‌দনি হাইল্‌কা=[কুম]—বি. পাখি বিশেষ ॥ চ'ন্‌দনি হাইল্‌কা কেউ খায়্‌ না। [<চন্দ<চন্দ্র+শালিক+ আ প্র.]।

চ'ন্‌দন্‌=[ম]—বি. শবজী বিশেষ ॥ শাবু খেতে চ'ন্‌দন্‌ শাক্‌ তুলসে।

চ'ন্‌দন্‌ নস্‌তি=[পা]—বি.চাউল ॥ চ'ন্‌দন্‌ নস্‌তি গরে নাই, আমোদ্‌ কি দিয়া করি।

চ'ন্‌দি=[ম]—বি. পশু পক্ষীর সঙ্গমেচ্ছা ॥

চ'ন্‌দোর্‌=[বা]—বি.চাঁদ ॥ আশমানে চ'ন্‌দোর্‌ উট্‌সে। [<চন্দর<চন্দ্র সং]।

চ'ন্নর্ কৈরা=[কুম]—ক্রি. বিণ. একরূপ শব্দ করিয়া ॥ গেলেশ্ডা চ'ন্নর্ কৈরা বাইংগা গেল্। [<চন্নর (ধ্বন্যা.)+করিয়া]।

চ'ন্না=[চট্ট]—বি. পুকুরের পাড় ॥

২=[সি]—বি. কপাল ॥

চ'ন্নি=[ঢা]—বি. বিশ্রাম, অবসর ॥ তর্ আত্ পায়ের্ একটু চ'ন্নি নাই ক্যান্‌রে। [<চয়ন হিং+ই প্র.]।

২=[সি]—বি. জ্যোৎস্না, চাঁদের কিরণ ॥ চ'ন্নির্ মৈদ্যে বেরাইতে বর আরাম্। [দেখ চ'ন্দনি]।

চ'পট্=[পা]—বি. রাগ, তেজ, জেদ ॥ গরুটা বড় চ'পটের্।

চ'পত্=[বা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চ'পত্ করি আইও। [অনু.]।

চ'পর্=[ব]—বিণ. সমস্ত ॥ চ'পর্-রাতৈ পাড়ায় গান্ বায়না হয়েসে। [<চৌ+পর (<প্রহর)]।

চ'পুরদ্=[চট্ট]—বি. নির্ভর ॥ তোঁয়ারে আল্লার্ চ'পুরদ্ গৈর্লাম্ ॥ [<সপুর্দ سپرد ফা.]

চ'প্যাত্‌তি=[সি]—ক্রি. বিণ. জলদি ॥ চ'প্যাত্‌তি আইও। [দেখ চ'পত্+ই প্র.]।

চ'পোট্=[পা]—বি. আগ্রহ ॥ [দেখ চ'পট্]।

চ'প্‌কানো=[পা, কু, ম]—ক্রি. ভয় পাওয়া, ভয় দেখানো ॥ বাপ্‌রে একেবারে চ'প্‌কে গেলি যে!

চ'প্‌পরিয়া=[কুম]—ক্রি. বিণ. সকাল সকাল ॥ চ'প্‌পরিয়া কাম্‌টা কর্। [দেখ চ'প্‌পর্+ইয়া প্র.]।

চ'প্‌পর্=[কু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চ'প্‌পর্ কৈরা কাম্ শাইরা বাইত্ যা। [অনু.]।

২=[চট্ট]—বি. ছাদ ॥ [<ছপ্‌পর হিং]।

চ'প্‌পাত্‌তি=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চ'প্‌পাত্‌তি খাই না। [দেখ চ'প্যাত্‌তি]।

চ'প্‌পা বাইয়া=[বা]—ক্রি. বিণ. চট করিয়া ॥ চ'প্‌পা বাইয়া এদিকে আয়্। [<চপ্ (অনু.)+আ প্র.+মাইয়া<মারিয়া]।

চ'প্‌পারি=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চপ্‌পারি যা। [চপ্ (অনু.)+করি<করিয়া]।

চ'প্‌রি=[ম]—বি. পিঠা বিশেষ, খোলা পিঠা ॥ চ'প্‌রি পিঠা গোস্‌তের্ সালুন দিয়া মযা।

চ'প্‌শান্=[পা, কু]—ক্রি. ভড়্‌কাইয়া যাওয়া ॥ বাপ্‌রে, চ'প্‌শে গেলি! [চুপসান, চোপসান(<চুষ্ ধাতু শোষনে)]।

চ'প্‌সে=[বা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চ'প্‌সে আইও। [দেখ চ'প্‌পারি ; চপ+সে হিং বিভক্তি]।

চ'ফোট্=[পা]—বি. তেজ ॥ ওর্ চ'ফোটে শারা গেরাম্ কাপে। [দেখ চ'পট্]।

চ'বক্=[ম]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ ॥

চ'বট্=[ম]—বি. তেজ, চম্পট ॥ চে'ৱ্‌টা মানুশের আলাপ্ পাইয়া চ'বট্ দিল্। [দেখ চ'পট্]।

চ'বত্=[কুম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ চ'বত্ কৈরা আয়্। [দেখ চ'পত্]।

চ'বর্=[ফ]—বি. চর্বি ॥ খাশিডার্ চ'বর্ খুব্ বেশি। [<চ'রব<চরবী چربی ফা ; বর্ণ বিপর্যয়]।

চ'বিল্=[চট্ট]—বি. উপায় ॥ আঁরে বাঁচ'াইবার্ খনো চ'বিল্ গর। [<সবীল سبيل আ:=পথ]।

চ'বু তারা=[চট্ট, সি]—বি. চৌচালা ঘর ॥ [<চবুতরা হিং]।

চ'বুর্=[নো]—বি. সবুর, ধৈর্য ধারণ ॥ [<সবর صبر আ:]।

চ'বোক্=[ঢা]—বি. ভয় ॥ আমাদের্ খামাখা চ'বোক্ দেহাইয়া দৌরাইসে। [<চাবুক چابک ফা. ; অর্থ প্র.]।

২ =[খু]—বি.<চাবুক, অস্ত্র বিশেষ ॥ চ'বোক্ নে মারামারি করুত্তি যাসেন্।

চ'ব্‌বত্=[কুম]—ক্রি. বিণ. শীঘ্র, ত্বরায় ॥ চ'ব্‌বত্ কৈরা আয়্। [দেখ চ'পত্]।

চ'মক্ বালি=[ম]—বি. কানের অলঙ্কার বিশেষ ॥ [<ঝমক<ঝুমকা (ঝুম ঝুম)<বালা<বলয় ; ক্ষুদ্রার্থে]।

চ'মান্=[ম]—বি. <সমান ॥ তার্ চ'মান্ বিদ্যাআলা এই মহালে নাই।

চ'ম্‌কা=[ম]—বিণ. চকমকে ॥ হগল্ চ'ম্‌কা যিনিশ্ লৈয়াইসে। [< চমক+আ প্র.]।

২=[চট্ট]—বি. মই, চাষের উপকরণ বিশেষ ॥

চ'ম্‌কাবালি=[নো]—বি. অলঙ্কার বিশেষ ॥ মাইয়্যার্ লাইগ্যা চ'ম্‌কাবালি আইন্য। [দেখ চ'মক্‌বালি]।

চ'ম্‌চ'মা=[ঢা]—বিণ. মচমচা ॥ চ'ম্‌চ'মা মুরি খাইতে বালা। [অনু.]।

২=[সি]—বিণ. পরিপূর্ণ ॥ লোক্‌টা দনে যনে চ'ম্‌চ'মা।

চ'ম্‌চ'মি=[সি]—বি. ঐশ্বর্যের প্রাচুর্য ॥ হৈ বারির্ আর্ চ'ম্‌চ'মি নাই। [দেখ চ'ম্‌চ'মা]।

চ'য়ন্=[চট্ট]—ক্রি. বিণ. সত্য ॥ চ'য়ন্ কৈরা কৈ, আঁই ই কাম্ ন গর্‌সি।

চ'য়া=[সি]—ক্রি. বি.<চষা ॥ হাল্ চ'য়া বালা অয় নাই।

চ'য়ি=[চট্ট]—বি. চৌকি ॥ [< চৌকি(<চতুষ্কী)]।

২=[চট্ট]—বি. পাহারা ॥ [<চৌকি <চতুষ্কী ; মূল অর্থ চতুষ্পথে অবস্থিত আড্ডা]।

চ'য়ুগ্যা=[কুম]—বি. চড়ই পাখি ॥ [দেখ চ'ঐরগ্যা]।

চ'য়েন্=[ঢা]—বি. বিশ্রাম ॥ শারাদিন্ খাইটুটা মরি, চ'য়েন্ পাই না এট্টুও। [<চয়ন হিং]।

চ'রংগি=[সি]—বি. ঘুরপাক ॥ আমার্ মাথাডা চ'রংগি দিতাসে। [<চৌ+রং +ই প্র. ; অর্থ প্র.]।

চ'রক্=[কুম, ব]—বি. বজ্র ॥ চ'রক্ পরিসে।

চ'রক্ দেওয়া=[বা]—ক্রি. বাতাস দেওয়া ॥
২=[কুম]—ক্রি. ধান মাড়াইবার পর কুলার বাতাসে পরিষ্কার করা ॥ কাল্‌খার্‌ দানুগুলির্‌ চ'রক্‌ দেওয়া বালা ঐসে না।
চ'রক্ হওয়া=[ব]—ক্রি. ভয়ে চমকিত হওয়া ॥ হামাক দেইখ্যাই ওরা চ'রক্‌ হয়া গেল্‌॥
চ'রখ্ দেখা=[কুম]—ক্রি. ধাঁধাঁ লাগা ॥ কামে আমারে এক্‌কেলে চ'রখ্‌ দেখাইয়া সার্‌সে। [<চড়ক]।
চ'রট্=[ফ]—বি. নৌকার সম্মুখের বা পিছনে বসিবার আসন ॥
চ'রদ্=[কুম,নো]—বি. অতি ঠাণ্ডা ॥ আইয়্‌ বর চ'রদ্‌ পর্‌সে। [<সর্‌দ سرد ফা.]।
চ'রন্‌দার্=[ঢা]—বি. বধূর সাথে যায় এমন অভিভাবক ॥ নয়া বৌয়ের্‌ শংগে চ'রন্‌দার্‌ যাইব কে? [<চড়ন (=চড়া)+দার دار ফা.]।
২=[ঢা, বা]—বি. আরোহী ॥ নায়ে চ'রন্‌দার্‌ কয়্‌যন্‌ উইঠ্‌সে? [< চ'ড়ন্‌দার্‌]।
চ'রা=[পা, সি]—বি. চর, মাঠ ॥ [<চড়া]।
২=[সি]—বি. গরুর লেজের চুলের গুচ্ছ ॥ [<ছড়া<সটা]।
৩=[সি]—বি. সুপারির ফুল ॥ [দেখ চ'রা২]।
৪=[সি]—বি. অপক্ক বাঁশ ॥ চ'রা দিয়া খুটি ঐবো না।
৫=[ম]—বি. মোরগ ॥ চ'রাক আদার্‌ দে। [দেখ চ'ড়াই]।
৬=[সি, ঢা]—বি. চড়ুই পাখী ॥ [দেখ চ'ড়া]।
৭=[কুম]—বিণ. চওড়া ॥ এত চ'রা তক্‌তার্‌ দর্‌কার্‌ নাই। [<চওড়া]।
চ'রাইত্যা=[ঢা]—বি. নদীর বেলা ভুমি ॥ নদির্‌ চ'রাইত্যায়্‌ আইটতে বালা লাগে। [<চড়া+ইত্যা প্র.]।
চ'রাইন্যা=[কুম]—বি. অধিক খরচ করে যে ॥ তে বর চ'রাইন্যা মানুশ্‌। [ছড়ান+ইয়া প্র.]।
চ'রাচ'রি=[সি]—বি. পরস্পর চপেটাঘাত ॥ [<চড়াচড়ি (<চপেট); আতিশয্যে]।
চ'রাটি=[বা]—বি. মাছ, ডিম ইত্যাদি ভাজিবার পাতিল ॥
চ'রাট্=[কু]—বি. মাচা ॥
২=[ম, বা, পা, খু]—বি. নৌকার গলুই সংলগ্ন পাটাতন ॥ চ'রাট্‌ না থাকায়্‌ নাও বাইতে কশ্‌ট হয়্‌।
চ'রান্=[পা]—বিণ. সমতল ॥ চ'রান্‌ যায়্‌গায়্‌ নৌকা বিড়াও। [দেখ চ'রা]।
চ'রাবরা=[নো]—বি. ঘুরাফেরা ॥ [<চরা+বরা অনুঃ]।
চ'রাবোট্=[ঢা]—বি. যাহার উপর দাঁড়াইয়া বড় নৌকায় বৈঠা বাওয়া হয় ॥ [দেখ চ'ড়াট্‌]।
চ'রায়ে দেওয়া=[ঢা]—ক্রি. পাকাইয়া চাওয়া ॥ ঠান্‌ডা হবার্‌ আগে সাওয়াটা চ'খ্‌ চ'রায়ে দিল্‌। [< চড়াইয়া(< চড়ান)+দেওয়া]।
চ'রি=[ঢা]—বি. বিল ॥ [দেখ চ'রা; চর+ই প্র.; অর্থ প্র.]।
২=[কুম]—বি. ঘুঁটনী ॥ চ'রি দিয়া ডাইল্‌ নারে।
চ'রিফিরি=[সি]—ক্রি. বিণ. ঘুরিয়া, ফিরিয়া ॥ গরু আওরর্‌ মাযে চ'রিফিরি খায়্‌। [<চরিয়া ফিরিয়া]।
চ'রিয়ে দোয়া=[খু]—বি. পাঁঠা ॥
চ'রুন্=[পা]—বি. ঢেঁকির মুষল॥
চ'রুর্ বরাই=[ম]—বি. অন্যের অর্থে বড়াই ॥ খুব দেখি চ'রুর্‌ বরাই শুরু ঐসে। [<চড়ুই+র(সম্বন্ধে)+ বড়াই]।
চ'রৈ=[ম]—বি. মোরগ মুরগী ॥ [দেখ চ'ড়াই]।
চ'রৈন্=[ঢা]—বি. মাটির বড় চাকা ॥ এই চ'রৈন্‌ডা বাইংগা পর্‌ব।
চ'রৈর্=[বা]—বি. লগি ॥
চ'র্=[বা]—বি. সাপের খোলস ॥ গাসের্‌ ডালে এক্‌টা চ'র্‌।
২=[পা]—বি. বড় বৈঠা ॥ চ'র্‌টা আন্‌ত।
চ'র্‌উয়া=[ম]—বি. চরের বাসিন্দা ॥ [<চর+উয়া প্র.]।
চ'র্‌কা=[কুম]—বি. ঘুঁটনী ॥ চ'র্‌কা দিয়া ডাইল্‌ নারে। [দেখ চ'রি২]।
২=[ম]—বি. নকল কাগজ, tracing paper ॥
চ'র্‌কাবদা=[চট্ট]—বি. অপরিণত ডিম ॥ বেই কুরায়্‌ চ'র্‌কাবদা পারে হিয়্‌ নাকি গিরস্‌থর্‌ হানি করে। [চড়কা= অপরিণত+বদা<বয়দ: بيضه আং =ডিম]।
চ'র্‌কি=[ঢা]—বি. চরকা ॥ [< চরখী چرخی ফা.]।
চ'র্‌কোডা=[চট্ট]—ক্রি, বি. কচলাইয়া নষ্ট করা, এঁটো করা ॥ [<ছড়া(< ছড়ান)+কুটা (কুট্টন সং)]।
চ'র্‌ চ'ান্‌চ'াল্=[ঢা]—বি. চর এলাকা, জায়গা ॥ চ'র্‌চ'ান্‌চ'ালে বাস্কি কৈর না। [চর+অঞ্চল]।
চ'র্‌চ'রা=[সি]—বিণ. শুষ্ক ॥ মাস্‌টা চ'র্‌চ'রা বাযা কর্‌। [<চরচর (অনু.) +আ প্র.]।
চ'র্‌চ'রি=[সি]—বি. একপ্রকার ছোট কীট ॥
২=[সি]—বি. ক্ষুদের পিঠা ॥ চ'র-চ'রি খাইতারনি?
চ'র্‌চ'রিয়া=[ম]—বি. ক্ষেত্রাদির শুষ্ক অবস্থা ॥ খেতে চ'র্‌চ'রিয়া লাগ্‌লে ফশল্‌ মৈর্‌যা যায়্‌। [দেখ চ'র্‌চ'রা; ইয়া প্র.]।
চ'র্‌চ'া=[খু]—বি. কাল বড় পিঁপড়া ॥ চ'র্‌চ'ায়্‌ ঘর্‌ ভরে গেসে।
চ'র্‌চে' আনা=[পা]—ক্রি. দেখিয়া শুনিয়া আনা, সংগ্রহ করিয়া আনা ॥ [<চচিয়া আনা]।
চ'র্‌তা=[কুম, নো]—বি. সুপারি কাটার যন্ত্র ॥ [সরওতা হিং]।
২=[পা]—ক্রি. বিণ. বেশী পরিমানে ॥
চ'র্‌তি=[পা]—বিণ. উর্ধ্বগামী ॥

পাটের্ বাবার্ চ'র্তি। [<চড়(<চড়া) +তি প্র.]।

চ'র্দি=[চট্ট]—বি. শীত ॥ [<সরদী سردی ফা.]।

চ'র্পোটা=[ব]—বি. উরুদেশ ॥

চ'র্বায্=[কুম]—বিণ. চালাক ॥ সেলেটা বর চ'র্বায্। [<চর+বায باز ফা.]।

চ'লন্=[ঢা, কুম]—বি. বরযাত্রা ॥ বিয়ার্ চ'লন্ আইতাসে। [<চলন=গমন]।

চ'লন্দার্=[কুম]—বি. বরযাত্রী, নাইয়র আনিতে যাহারা যায় ॥ বৌ আনতে চ'লন্দার্ কে কে যাইব? [দেখ চ'লন্ দার্]।

চ'লন্শাইর্=[চট্ট]—বিণ. যে কোন মতে চলিতে পারে এমন ॥ শে এক্ যন্ চ'লন্-শাইর্ লোক্। [<চলন+শাইর <সেই<সহীহ্ صحیح আং]।

চ'লম্=[সি]—বি. পট্টি ॥ ভাঙা পাওয়ে চ'লম্ দিসে।

চ'লম্ লাগান্=[সি]—ক্রি. বি. পাচন ইত্যাদির মুখ বেত দিয়া শক্ত করিয়া বাঁধা ॥ চলম্ লাগাও নৈলে পাযুনের্ আল্ পট্ করি খুলি যাইবো। [দেখ চ'লন্]।

চ'লা=[কুম]—বি. কাঠবিড়াল ॥ চ'লায় গম্ খায়। [দেখ চ'লৈ]।

২=[ফ]—বি. খড়ি, লাকড়ি, জ্বালানি কাঠ ॥ চ'লার্ দাম্ বাইরা গেসেগা। [<চেলা (<চিরা, চেরা)]।

৩=[বা]—ক্রি. পরিপুষ্ট নারিকেলের পানি কমিয়া যাওয়ায় শব্দ হওয়া ॥ নারাইয়া দেখ্ত নারিকেল্টা চ'লে কিনা?

৪=[বা]—বি. দুই জলাশয়ের মধ্যবর্তী জল যাতায়াতের পথ ॥ চ'লা দিয়া শব্ মাস্ বাইর্ ঐয়া গেসে।

চ'লা করা=[ম]—ক্রি. কাঠ কাটিয়া খড়ি করা ॥ [দেখ চ'লা$_2$+করা]।

চ'লাট্=[খু]—বি. অঞ্চল ॥ এ চ'লাটে আর্ এমুন্ মানুশ্ হয় না। [<তলাট< তল্লাট]।

২=[খু]—বি. বাঁশের খণ্ড ॥ [দেখ চ'লা$_2$+ট প্র.]।

চ'লা মুখ্=[সি]—বি. হেঁসেল, রান্নাঘর ॥ বৌ চ'লামুখে আসে। [<চুলা (<চুল্লী সং)+মুখ=সম্মুখ]।

চ'লুক্=[চট্ট]—বি. ব্যবহার ॥ তোঁয়ার্ চ'লুক্ ভালা নয়। [<সলুক سلوک আং]।

চ'লেমু=[কুম]—বি. হলুদ ॥ চ'লেমু সারা তর্কারি শাদ্ অয় না।

চ'লৈ=[কুম]—বি. কাঠবিড়ালী। চ'লৈয়ের্ যালায় গাসে ফল্ থাহে না। [দেখ চ'লা]।

চ'লৈয়া=[সি]—বিণ. যে দেশ বিদেশে যায় ॥ তারা চ'লৈয়া মানুশ্। [<চল (<চলা)+ইয়া প্র.]।

চ'লোন্=[ফ]—বি. পাল্কী, বরযাত্রী ॥ চ'লোন্ বৌ নিয়া রওয়ানা ঐসে। [দেখ চ'লন্]।

চ'ল্=[কুম, সি]—বি. লোহার শিকযুক্ত মাছ ধরার হাতিয়ার ॥

২=[পা]—বি. হাতের তালু পরিমাণ ॥ এক্ চল্ পানি দে। [<চৌল <চল্লু হিং]।

৪=[সি]—বি. প্রচলন ॥ আগের চ'ল্ আর্ নাই। [<চলন=প্রথা]।

২=[পা]—বি. <চোয়াল ॥ আমার্ চ'লে বেধা হসে।

৩=[বা]—বি. নারিকেল শুকাইয়া ঝুনা হওয়ার পূর্বাবস্থা ॥

৪=[খু]—বি. বৃহৎ গর্ত বিশেষ ॥ বিলির্ চ'লে মাস্ ধর্তে যাব।

চ'ল্কান্=[খু]—ক্রি. উপাচাইয়া পড়া ॥ [তুং ছলক্না হিং]।

চ'ল্চা'লা=[সি]—বি. যাত্রা ॥ [<চলন চালন=গমন]।

চ'ল্টা=[পা]—বি. ঘা বা পাঁচড়ার উপরের শুকনা চামড়া ॥ পাঁচ্ড়ার্ চ'ল্টা উঠাইলে রক্ত বাইর্ অয়। [< ছাল+টা প্র. কিংবা<চট্‌না; দেখ চ'ল্লা]।

চ'ল্ডা উডা=[ঢা]—ক্রি. কিছু অংশ খসিয়া যাওয়া ॥ পাইল্যাডার্ চ'ল্ডা উডাইল্ কে? [দেখ চ'ল্টা+ উঠা]।

চ'ল্তি=[সি]—বি. আলগা উনুন ॥ নৌকায় চ'হরি ঘর্ চ'ল্তি লাগে। [< চুল<চুল্লা+তি প্র.]।

চ'ল্না=[কুম]—বি. চুল্লী ॥ চ'ল্নায় নার্কি দে। [<চুল্লা<চুল্লী সং]।

চ'ল্বলা=[কুম]—বিণ. উৎফুল্ল ॥ [< চল্ বল্ (অনু.)+আ প্র.]।

চ'ল্বলানি=[পা]—বি. চঞ্চলতা ॥ [দেখ চ'ল্বলা+নি প্র.]।

চ'ল্বল্যা=[চট্ট]—বিণ. অতি চঞ্চল, অস্থিরমতি ॥ চ'ল্বলা চা'কর্। [দেখ চ'ল্বলা; চ'লবল্+ইয়া প্র.]।

চ'ল্ভল্=[চট্ট]—বিণ. চঞ্চল ॥ এত চ'ল্ভল্ হৈচা'ও কিয়ের্ লাই? [দেখ চ'ল্বলা]।

চ'ল্লা=[খু]—বি. ক্ষুদ্রাংশ, চাঁড়া ॥ হারিটার্ চ'ল্লা উঠ্যা গিসে। [দেখ চ'ল্টা]।

চ'শম্=[কুম]—বি. লজ্জা ॥ লোক্টার্ মোডেই চ'শম্ নাই। [<চশম چشم ফা.=চক্ষু]।

চ'শম্খুরা=[ঢা]—বিণ. উচিত ॥ হে চ'শম্খুরা কথা কৈতে কেউরে বয় করে না। [দেখ চ'শম্খোর্+আ প্র.]।

চ'শম্খোর্=[ঢা]—বিণ. কৃতঘ্ন, লজ্জাহীন ॥ তেনার্ মত চ'শম্খোর্ খুব্ কম্ আসে। [দেখ চ'শম্+খোর خور ফা.]।

চ'শিয়া=[কুম]—বিণ. কৃপণ ॥ লোক্টা খুব চ'শিয়া।

চ'শ্মা পানি=[সি]—বি. ঘা পাঁচড়া প্রভৃতি হইতে নির্গত পানি ॥ [< চশমহ্ چشمه ফা.+পানি]।

চ'হন্ডি=[ম]—বি. কাঁড়ি, স্তূপ ॥ এই চ'হন্ডির্ মালিক্ কে?

চ'হম্=[কুম]—বি. মই ॥ চ'কে চ'হম্ডা লৈয়া যা। [দেখ চ'গম্]।

চ'হরি ঘর্=[খু,বা]—বিণ. চার চাল বিশিষ্ট ঘর ॥ [দেখ চুয়ারি]।

চ'হর্‌দি=[চা]—বি. আয়তন, সীমা ।। এই খেতের্ চ'হর্‌দি যানি না । [< চৌ+হদ্দ ১৯ আং+ই প্র.] ।

চ'হল্‌=[চট্ট]—বি. এক প্রকার গাছ ।।

চ'হি=[চট্ট]—বি. খাট ।। চ'হির্ উপর্ বিসানা পাত্ । [দেখ চ'য়ি] ।

চ'হিদার্‌=[ম]—বি. চৌকিদার ।। চ'হিদার্ রাইতে পাহারা দেয় । [দেখ চ'য়ি+দার ১/১ ফা.] ।

চ'হি পিডা=[চা]—বি. শেমাই পিডা ।। চ'হি পিডা খাইতে দুদ্‌কলা লাগে । [দেখ চ'হি+পিঠা]

চ'হিক্‌=[ম]—বি. মৌচাক ।। চ'হিকে মদু অয় ।

চ'হিমহি=[ম]—ক্রি. বিণ. সামনা-সামনি ।। এক্‌কেরে চ'হিমহি দরা পরুসে । [চোখ+ই প্র.+মুখ+ই প্র.= চোখে মুখে] ।

চ'হির্‌ [ফ]—বি. বাঁশের লগি ।। বৈঠা থুইয়া চ'হির্ লও ।

চ'হির্‌ হ্যাদা=[ম]—বি. চোখের ছ্যাঁদা, দৃষ্টি শক্তি ।। তর্ চ'হির্ হ্যাদা-নাই ? [<চোখ+এর (সম্বন্ধে)+ছেঁদা (<ছিদ্র)] ।

চ'হে তেল্‌ দিয়া কান্‌দন্‌=[চা]—ক্রি. মায়াকান্না কাঁদা ।। তাই যে চ'হে তেল্ দিয়া কানদে হেইডা আম্‌রা বুঝি । [<চোখ+এ(বিভক্তি)+তৈল+দিয়া +কাঁদন=কান্না] ।

চ'হৈ=[কুম]—বি. কলাগাছের ভিতরের অংশ ।।

চ'া

চ'া=[খু, য]—বি. ইচ্ছা ।। পেটের্ অশুখ্ হলে খাওয়ার্ চ'া থাকে না । [চাহা=চাওয়া] ।

২=[সি]—বি. চাষা, কৃষক ।। এ বেটা চ'া । [<চাআ<চাষা] ।

চ'াই—[খা, চা]—বি. বাঁশের শলাকার তৈরী মাছ ধরার খাঁচা ।। বর্‌শার দানখেতে চ'াই পাত্‌লে খুব্ ইচা মাস্ পরে ।

২=[কুম]—বি. চারপায়া খাট ।। [দেখ চ'য়ি] ।

৩=[সি]—বি. ছোট ফোড়া বিশেষ ।। হাতো চ'াই ঐচে', গালি দ্যাও ।

৪=[খু]—বি. ছোট ওল ।। এ খ্যাতে এক্ যোরা চ'াই লাগ্‌বে ।

৫=[খু]—বি. আগ্রহ ।। তোমার্ দেখ্‌বার্ চ'াই কেন্ এত ? [< চাহি =চাহিদা] ।

চ'াইকের্‌ মদ্‌=[মু]—বি. মধুচক্রের মধু ।। চ'াইকের্ মদু খাইতে চ'াইলে কপুট করন্ লাগে । [<চাকি(<চক্র)+মধু] ।

চ'াইক্‌কা দেহা=[চা]—ক্রি. স্বাদ গ্রহণ করা ।। সালন্‌ডি একটু চ'াইক্‌কা দেহ । [<চাকিয়া দেখা] ।

চ'াইগ্‌গা=[কুম, চা]—ক্রি. বিণ. হয়ত, সম্ভবতঃ ।। ডেন্তে চ'াইগ্‌গা খাইতু খাইছে ।

চ'াইট্‌টা দেহা [চা]—ক্রি. অল্প খাইয়া পরীক্ষা করিয়া দেখা ।। একটু চ'াইট্‌টা দেহ সালোন্‌ডা কেমুন্ ঐসে । [<চাটিয়া দেখা] ।

চ'াইট্‌টানো [কুম]—ক্রি. নড়াচড়া করা ।। বেটারা এত চ'াইট্‌টায় কেন্ ? [<চাইট<চাটি=লাথি+আনো প্র.] ।

চ'াইট্‌টা পাইট্‌টা [চা]—ক্রি. বিণ. যত্ন সহকারে, একেবারে নিঃশেষ করিয়া ।। কুত্তায় ফেন্‌ডি চ'াইট্‌টা পাইট্‌টা খাইল্ । [<চাটিয়া+পাইট্‌টা (অনু:)] ।

চ'াইডাইয়ানো=[কুম]—ক্রি. নড়চড় করা ।। [দেখ চাইট্‌টানো] ।

চ'াইড্‌গানো=[কুম]—ক্রি. পানির মধ্যে গড়ানো ।। সোট সেলেপেলেরা পানিতে চ'াইড্‌গায় । [দেখ চ'াইট্‌টানো ; গানো<কানো] ।

চ'াইড্‌ডা=[কুম, চা]—বিণ. চারিটি, অল্প ।। চ'াইড্‌ডা বাত্ খাইয়া লও । [<চারিটা]

চ'াইত্‌=[সি]—বি. তারিখ ।। আয্ কয় চ'াইত্ ?

চ'াইত্‌তানা=[চা]—বি. এক প্রকার গাছ ।। চ'াইত্‌তানার্ তক্তা দিয়া বালা চৌকি হয় । [দেখ চ'াইত্‌তানি] ।

চ'াইত্‌তানি=[কুম]—বি. এক প্রকার গাছ ।। চ'াইত্‌তানি গাসের্ বাক্‌ল বালা অয় । [<ছাতিয়ন (< সপ্তপর্ণ)+ই প্র.] ।

চ'াইদা=[পা]—বিণ. টেকো, টাক-ওয়ালা ।। চ'াইদা মাথা ।

চ'াইন্‌=[সি]—বি. চাউল হইতে ধান পৃথক করার বাঁশের যন্ত্র ।। [< চালুনি] ।

২=[কুম]—বি. ইঙ্গিত, জানান ।। বিদেশে সেলের্ অশুখ্ বিশুখ্ ঐলে আগে মায় মনে চ'াইন্ দেয় । [<চানি (<চিহ্ন)] ।

৩=[কুম]—বি. মাছের শ্বাস ।। মাসের্ চ'াইন্ দেখ্‌লেই বোঝা যায় মাস্ আসে কিনা ।

৪=[চট্ট]—বি. চা গুলি ।। চ'াইন্ ভালা গরিয়ো । [চা+উইন<গুলিন] ।

চ'াইন্‌চ'রা=[চট্ট]—বি. চড়ুই ।। [<চায়চড়া<চর্মচটিকা ; অর্থ প্র.] ।

চ'াইন্‌ চু'ইন্‌=[সি]—বিণ. হৃষ্টপুষ্ট ।। [অনু.] ।

চ'াইন্‌দা=[চা, ফ]—বিণ. গালি বিশেষ ।। দুরু চ'াইন্‌দার্ গরের্ চ'াইন্‌দা । [<চান্দ(<চন্দ্র)+ইয়া প্র.] ।

চ'াইন্‌না পিডা=[চট্ট]—বি. পিঠা বিশেষ ।।

চ'াইগ্‌জা=[চা]—বি. এক প্রকার

মাছ ।। গাঙে চ'াইপ্লা মাস্ পাওয়া যায়্ । [<চাপিলা] ।

চ'াইয়া=[ঢা, ফ]—অস. ক্রি. চাহিয়া ।। সেরিডার্ মুহি চ'াইয়া রৈস্ ক্যা, শরম্ নাই ? [চাহিয়া] ।

২=[কুম]—বি. এক প্রকার বেতের কাঁটা ।।

চ'াইয়ালতা=[ঢা]—বি. এক প্রকার লতা ।। এই দুই আইরে চ'াইয়ালতা দেও নাই । [দেখ চ'াই+আ প্র.] ।

চ'াইয়ে=[খু]—অব্য. চেয়ে, অপেক্ষা ।। তোর্ চ'াইয়েও ভালো । [<চাইতে, চেয়ে] ।

চ'াইরা=[ম]—বি. মাথার খুলি ।। বারি দিয়া তর্ মাথার্ চ'াইরা ফাটাইয়া দিমু । [<চাড়ি<চাটি পালি+আ প্র.] ।

চ'াইরানো=[বা]—ক্রি. পরিচালিত করা ।। তুমি বাপু গেরামের্ পোলাপান্ গুলারে চ'াইরাইয়া ফের । [<চাই-লানো <চালানো] ।

চ'াইরো মযব্=[সি]—বি. চারি ইমামের মত ।। গুয়রের্ গুস্ চ'াইরো-মযবে হারাম্ । [<চারি+মযহব مذهب আং=পথ, ধর্ম] ।

চ'াইর্ গন্না=[চট্ট]—বিণ. চারিটা ।। আর্ চাইর্গুয়া ভাত্ দেও । [<চারি +গুলা=টা] ।

চ'াইর্ চৈ'ষ্যা=[সি]—বিণ. চারিবার চাষ করা হইয়াছে এমন ।। [<চারি +চাষিয়া<চাষ+ইয়া প্র.] ।

চ'াইর্ চে'াখে=[সি]—ক্রি. বিণ. সামনাসামনি, মুখোমুখি ।। আমার্ চ'াইর্-চে'াখে শে গালাগাল্ দিসে । [<চারি চোখ+এ বিভক্তি] ।

চ'াইর্রানো=[ঢা]—ক্রি. নড়াচড়া করা ।। পুগের্ডায় মাসে চ'াইর্রায় ? [দেখ চ'াইরানো] ।

চ'াইলা=[ঢা]—বি. চল্লিশ, ৪০ ।। [< চালিআ<চালিশা<চল্লিশ+আ প্র.] ।

২=[ম, ঢা]—বিণ. শক্ত ।। চ'াইলা কাডল্ খাইতে অনেকে পসন্দ করে ।

৩=[ঢা]—বি. চল্লিশটি পাঁচসেরী গণনা করা হইলে উহাকে এক চ'াইলা বলে ।। এহানে দুই চ'াইলা পাড্ । [দেখ চ'াইলা] ।

চ'াইলানো=[ফ]—ক্রি. চাউল করা ।। দান্ চ'াইলাইয়া দে । [চাইল<চাউল +আনো প্র. ; নাম ধাতু] ।

চ'াইল্১=[সি]—বি. বাঁশের ভেলা ।। নদি দিয়া চ'াইল্ যায় । [<চাইল< চাল+ই প্র.] ।

২=[ঢা]—বি. <চাউল ।। গরে চ'াইল্ নাই, খাইবা কি ?

৩=[ম, খু, বা]—বি. ঠাট, ব্যবহার ।। তার্ চ'াইল্ দেখ্লে মনে গোশা দরে । [<চালি<চাল+ই প্র.] ।

৪=[পা]—বি. চাল, কূটনীতি ।। লোক্টার্ চ'াইল্ বুযা কঠিন্ । [<চাল +ই প্র. ; তু: চাল হিং] ।

৫=[চট্ট]—বি. পাশাখেলার চাল ।। বৌত্ মাথা খাডাই চ'াইল্ দেঅন্ লাগে ।

চ'াইল্ চ'ক্কর্=[বা]—বি. ধরণ ধারণ ।। সেলেটার্ চ'াইল্ চ'ক্কর্ দেখ্লে আমার্ গা গিদ্গিদ্ করে । [দেখ চ'াইল্ ; চক্র] ।

চ'াইল্চ'ালা=[নো]—বি. চাল চলন, আচার ব্যবহার ।। সোট বৌডার্ চ'াইল্ চ'ালা বালা । [<চাল+চাল+আ প্র.] ।

চ'াইল্টাইল্=[সি]—বি. চালডাল ।। গরে চ'াইল্ টাইল্ নাই, বাযারে যাই । [দেখ চাইল+ডাইল=চাল ডাল] ।

চ'াইল্তা=[চট্ট,বা]—বি. টকফল বিশেষ ।। [<চালিতা] ।

চ'াইল্দা=[চট্ট]—বি.<চালিতা ।। চ'াইল্দা বর্ খারআ ।

চ'াইল্লা=[ম]—বিণ.অম্ল ।। চ'াইল্লা বাত্ দেইন্ । [<চারি+টা প্র.] ।

২=[কুম]—বি. এক প্রকার ঘাস ।। [<চালিয়া<চাল+ইয়া প্র. ; চালের ন্যায় শক্ত বলিয়া] ।

৩=[নো]—ক্রি. বিণ. হাঁকিয়া ।। খৈ গুলি চ'াইল্লা দ্যাও না বৌ? [<চালিয়া <চালা=চালুনীর দ্বারা পরিষ্কার করা] ।

৪=[কুম]—বি. চল্লিশা ।। [দেখ চ'াইলা] ।

চ'াইল্আন্না পানি=[কুম]—বি. চাল ধোয়া পানি ।। গাইডারে চ'াইল্-আন্না পানি দেও । [দেখ চ'াইল্২+আন+আ প্র.+পানি] ।

চ'াইল্শা=[ফ]—বি. গতি ।। লোক্টার্ এক্টা বল্দা চ'াইল্শা আসে । [দেখ চ'াইল্+শা প্র.] ।

চ'াইল্শ্যা=[ঢা]—বি. চোখের ক্ষীণ দৃষ্টি ।। [<চালিশ<চল্লিশ+ইয়া প্র. ; চল্লিশ বৎসরের ক্ষীণ দৃষ্টি] ।

চ'াইশ্কা=[ম]—বি. বড় চিলা ।। ওহ্না যমিত্ লাংগল্ বাইলে বর বর চ'াইশ্কা উডে । [<চাইক্কা<চক্র] ।

চ'াউংরা=[সি]—বি. মাছের ভার ।। চ'াউংরায় বেশ্ মাস্ আসে । [<চাঙ্গরা (<চঙ্গোটক সং)] ।

চ'াউটা=[ফ]—বি. জলের পোকা বিশেষ ।। [<চাট্ (<চাট্না হিং) +উয়া প্র. কিংবা চিয়ুঁটা=বড় পিঁপড়া ; অর্থ প্র.] ।

চ'াউট্টা=[ম]—বি. একপ্রকার রক্ত-শোষক পোকা ।। কুতুতাডার্ শৈল্লে চ'াউট্টা ঐসে । [দেখ চ'াউটা] ।

চ'াউদ্দুর্=[ঢা]—বি. চাদর ।। যারের্ মৈদ্দে চ'াউদ্দুর্ গতর দে । [<চাদর چادر ফা.]]

চ'াউনি, চ'াওনি=[পা, ফ]—বি. ধাত্রী ।। [<চাও(<চাওয়া=দেখা)+নি প্র.] ।

চ'াউন্দা=[কুম, ঢা]—বি. একপ্রকার সাদা ও চ্যাপ্টা ছোট মাছ ।। চ'াউন্দা মাসের্ শব্ শৈল্লে কাডা বরা । [< চাঁদা] ।

২=[ম]—বি. শামিয়ানা, চাঁদোয়া ।। চ'াউন্দা লট্কাইয়া লও । [<চানদুয়া <চাঁদুয়া (<চন্দ্রাতপ সং)] ।

চ'াউয়া আন্ডা=[ঢা]—বি. অপূর্ণ খোসাবিহীন কোমল ডিম ।। বোয়াগের্

চ'উম্‌য়া আনুডা পারন্‌ বালানা। [< চাম (<চর্ম্ম সং)+উয়া প্র.+আণ্ডা <অণ্ড সং]।

চ'উম্‌য়া উহ্‌নে=[ঢা]— বি. চামড়ার উকুন॥ [দেখ চ'উম্‌য়া আনুডা; উকুন<উৎকুন সং]।

চ'উর্‌=[সি]—বি.এক জাতীয় গাছ॥

চ'উলা=[কুম]—বিণ. বেশী নরম বা শক্ত নয় এমন॥ চ'উলা কাডল্‌ অনেকেই পসন্দ করে।

চ'উলাইন্‌না=[ফ]—বিণ. চাউল ধোয়া॥ চ'উলাইন্‌না পানি গরুরে দেও। [দেখ চ'াইল্‌লান্‌না পানি]।

চ'উলানিয়া=[ফ]—বিণ. ফল পাকিবার পূর্বাবস্থা প্রাপ্ত॥ আম্‌গুলি চ'উলানিয়া ঐসে।

চ'উলি=[কুম]—বি. এক প্রকার ঘাস॥ চ'উলি খাইলে গাইর্‌ দুদ্‌ বারে। [দেখ চ'াইল্‌লা১]।

চ'উলিয়া=[ম]—ক্রি. ঘাস বিশেষ॥ [দেখ চ'াইল্‌লা১]।

চ'উল্‌ ফুরানো=[বা]—বি. মারা যাওয়া॥ কালার্‌ মার্‌ চ'উল্‌ ফুরাইসে। [<চাউল+ফুরানো=শেষ হওয়া; অর্থ প্র.]।

চ'উল্‌লা=[ম, ঢা]—বিণ. পাকা অথচ শক্ত॥ চ'উল্‌লা কাডালের্‌ দাম্‌ কত? [দেখ চ'উলা]।

চ'ঐন্‌=[ঢা]—বি. ডালা বিশেষ॥ বাবার্‌ থিকা চ'ঐন্‌ আইন্যা। [<চালইন <চালুনি]।

চ'ও=[কুম]—বি. বাচ্চা॥ কবুতরের্‌ চ'ও ফুটসে। [<ছাও (<শাবক সং)]।

চ'ওটা=[ম]—বি. এক প্রকার জলচর পোকা॥ বিলে মাস্‌ দরা গেলে শৈল্‌লে চ'ওটা দরে। [দেখ চ'উটা]।

চ'ওন্‌=[কুম]—ক্রি. বি. চাওয়া, দেখা॥ তোমার্‌ দিকে আর্‌ চ'ওন্‌ যায়্‌ না। [<চাহন=চেয়ে থাকা]।

চ'ওন্‌চি'ন্‌দন্‌=[কুম]—ক্রি. বি. দেখাশুনা, তত্ত্বাবধান॥ খাম্‌খেতে গুলির্‌ চ'ওন্‌চি'ন্‌দন্‌ করে কে? [দেখ চ'ওন্‌ + চিন্ত (<চিন্তা) + ন প্র.]।

চ'ওর্‌ [চট্ট]—বি.<চাকর॥ আরার্‌ বারিত্‌ দুইবন্‌ ঠিয়া চ'ওর্‌ আসে। <চাকর چاکر ফা.]।

চ'ওর্‌বন্দ=[ম]—বি. কারিগর॥ 'চ'ওর্‌বন্দের টুই উদাম'—প্রবাদ।' [<ছপ্পর হিং+বন্দ بند ফা.]।

চ'ওলি [ফ]—বি. চাতুরী॥ ভাবির্‌ লগে দেওয়রেরা চ'ওলি করে। [< চাউরি<চাতুরি<চতুর+ই প্র.]।

চ'ং=[পা]—বি. চাঙারী॥ চ'ংএর্‌ উপর্‌ পিয়ায্‌ রাখ্‌। [দেখ চ'উংরা]।

২=[বা]—বি. লাশ বহন করিবার খাট বিশেষ॥ চ'ংএ করয়া মুরদা নেয়্‌। [<চাঙ্গ<চঙ্গ]।

৩=[চট্ট]—বি. বড় ঢিলা, চাঙ্গর, চাপ॥ [<চাঙ্গর]।

৪=[পা. ব, ম, ফ]—বি. ঘরের ভিতরের মাচান॥ চ'ংএর্‌ উপর্‌ গুয়া থুইচু'। [দেখ চ'ং১]।

৫=[চট্ট]—বি. শিম লাউ লতা আশ্রয় করিবার উপযোগী মাচান॥ [দেখ চ'ং১]।

চ'ংগা=[সি]—বিণ. মোটাসোটা॥ বেশ্‌ চ'ংগা ঐ গেসে দেহি। [<চাঙ্গ <চঙ্গ সং+আ প্র.]।

২=[কুম]—বি. মই॥ খেতে চাংগা লৈ যা। [দেখ চ'ংগ]।

৩=[ফ, ঢা]—বি. ঢেলা, শক্ত মাটির ক্ষুদ্র অংশ॥ [দেখ চ'ং৩]।

চ'ংগানো=[ক, নো]—ক্রি. ঢিল নিক্ষেপ করা॥ কাচ'া আম্‌গুলি চ'ংগা-ইয়া পাড়ে কে? [দেখ চ'ংগা৩+নো প্র.; নামধাতু]।

চ'ংগারি=[ঢা, ম]—বি. বাঁশের খাট॥ [<চ'ং+আরি প্র.]।

চ'ংগৈর্‌=[বা]—বি. কাটল, মৃত্তিকা খণ্ড॥ [দেখ চ'ং৩]।

চ'ংগোর্‌=[পা]—বি. কর্ষিত জমির বড় বড় ঢিলা॥ মুগুর্‌ দিয়া খেতের্‌ চ'ংগোর্‌ বাঙে। [দেখ চ'ংগৈর্‌]।

চ'ংবাশ্‌=[ঢা]—বি. কবরের মাচা॥ চ'ংবাশ্‌ শক্ত ঐলে কবর্‌ সোত্‌ কৈর্‌য়া বাংগে না। [<চাঙ্গ+বাঁশ<বংশ]।

চ'ংরা=[খু]—বি. প্যাঁচ॥ চ'ংরা দিয়া কালাই দিমু। [<চাঁড়া<চাড়া <চাট (<চেষ্টা সং)+আ]।

২=[সি]—বি. চলন্ত মাচান॥ [< চাঙ্গ+রা প্র.]।

চ'অরা=[চট্ট]—বি. চামড়া॥ গরুর্‌ চঁ'অরা। [<চামড়া<চর্ম+ড়া প্র.]।

চ'অর্‌=[চট্ট]—বি. <চামর, চমরী গাই॥

চ'উক্‌=[চট্ট]—বি. চাবুক॥ [< চাবুক چابک ফা.]।

চ'চ'=[চট্ট]—বি. মোটা বেত, বাঁশ বা হুগলার মাদুর॥ ভাত্‌ খাইবার্‌ চঁ'চ্‌'। [<চক্র সং]।

চ'চ' দেওয়া=[খু]—ক্রি. রস বাহির করিবার জন্য খেজুর গাছ দ্বিতীয়বার চাঁছা॥ [<চাঁছ<চাঁছা+দেওয়া]।

চ'াটি মারা=[কু]—ক্রি. থাপ্পড় মারা॥ চ'াটি না মার্‌লে সেলের্‌ বাঁদ্‌-রামি দূর্‌ হবে না। [<চাটি+ মারা]।

চ'াদের্‌ কানাই=[য]—বিণ. আলালের ঘরের দুলাল॥ [<চান্দের<চন্দ্র +এর(সম্বন্ধে)+কাহ্নাঞি (<কৃষ্ণ)]।

চ'াপি=[কু]—বি. কাঁঠালের ভুতি॥ কাঁঠালের চঁ'াপি খেয়ে গরুর্‌ দুধ্‌ খুব্‌ হস্‌সে।

চ'ায়ারা=[চট্ট]—বি. কাঁচ বা মাটির টুকরা॥ ভাংগা বাসনের্‌ চঁ'ায়ারাগুলা ফেলি দ্যা। [<চাঙড়া]।

চ'ার্‌=[চট্ট]—বি. মেটে বাসন, পেয়া-লার ভাংগা টুকরা॥ গুরা পুয়ায়্‌ চঁ'ার্‌ দি খেলা করে। [দেখ চঁ'ায়ারা]।

চ'কর্‌ মাকর্‌=[ম]—ক্রি. বিণ. ইতস্তত:, অনিচ্ছাকৃত॥ [=চকর মকর (অনু.)]।

চ'কল্‌=[দি]—বি. বাঁশের পাত্র॥

চ'কল্‌ চু'কল্‌=[বা]—বিণ. মোটা সোটা, ভাল॥ চ'কল্‌ চু'কল্‌ মুরগির

বাচ্'চ'া। [<চাকল<চাঙ্গা+ল ; চু'কল অনু:]।

চ'াকা=[সি]—ক্রি. স্বাদ গ্রহণ করা ॥ [<চাখা]।

২=[চা]—বি. ঢিলা ॥ চাকা (< চক্র)]।

চ'াকাখেত্=[চা]—বিণ. মাটির বড় বড় ঢিলাবিশিষ্ট চাষ করা জমি ॥ এই চ'াকাখেত্ দিয়া আডোন্ যায় না। [দেখ চ'াকা+ক্ষেত্র]।

চ'াকাতো=[খু]—বিণ. চাচাতো ॥ করিম্ তার্ চ'াকাতো ভাই।

চ'াকারি=[সি]—বি. দলা, চাকা ॥ মাটির্ চ'াকারি। [দেখ চ'াকা$_{২}$+রি প্র.]।

চ'াকার্ বাকার্=[রং]—বি. ছল-চাতুরী, মিথ্যা প্রবঞ্চনা ॥ শব্ শময় তোর্ চ'াকার্ বাকার্। [<চকর বকর <চক্র বক্র ; অথবা অনু.]।

চ'াকি=[খু]—বি.ছোট ওল ॥ এ খ্যাতে এক্ যোড়া চ'াকি লাগ্বে। [দেখ চ'াকা:$_{২}$ চাক+ই ক্ষুদ্রার্থে]।

২=[ম]—বি. যাঁতা। চ'াকি দিয়া কালাই বাংতে যুইত্। [দেখ চ'াকা$_{২}$+ ই প্র. ; তুং চক্কী হিং]।

চ'াকি দেওয়া=[রা]—ক্রি. ডিম দেওয়া ॥ কাডল্ডাত্ মাসিয়ে চ'াকি দিসে, খাইব কে ? [দেখ চ'াকি +দেওয়া ; অর্থ প্র.]।

চ'াকির্ রশ্=[খু]—বি. মৌমাছির চাকের মধু ॥ সেলেপেলের্ কাশ্ ঐলে চ'াকির্ রশ্ খাওয়ান্ লাগে। [<চাক (<চক্র)+এর (সম্বন্ধে)+রস]।

চ'াকুনি=[ব]—বিণ.তরকারীর আস্বাদ গ্রহণ করে যে ॥ তুই নুন্ চ'াকুনি খুব্ ভালা হচি'স্। [দেখ চ'াকা+নি প্র.]।

চ'াকুমাকু করা=[কু]—ক্রি. অরুচি বশত: অর্ধপেট খাওয়া ॥ [অনু.]।

চ'াকুম্ চ'াকুম্ করা=[চা]—ক্রি. আধা চাখা করিয়া খাওয়া ॥ চ'াকুম্ চ'াকুম্ কৈর‍্যা খাইলে খাওয়া গায়্ লাগে না। [অনু.]।

চ'াকুলা=[ব]—বিণ. অধাঙ্গবিশিষ্ট, যে চলিতে অক্ষম ॥ তুই চ'াকুলার্ মম্ এক্টা।

চ'াকুলি=[বা]—বিণ. যে চলিতে অক্ষম ॥

চ'াকেল্=[পা, কু]—বি. মধুর চাক ভাঙে যে ॥ [<চাক (<চক্র)+এল প্র.]।

চ'াক্=[পা]—বি. মাটির তৈরী গোলাকার চক্র, কুমার্ নিচে'র্ চ'াক্টা বাইংগা গেইচে'। [<চাক (চক্র)]।

২=[ফ, চা]—বি. চুলা, উনুন ॥ চ'াক্ বরা আগুন্। [দেখ চ'কা]।

৩=[রং]—বি. কাঠ ফাটানোর আড়, ঘর তৈরীর কাঠের আড় ॥ [দেখ চ'াং$_{১}$]।

৪=[রা]—বি. অঞ্চল ॥ এ চ'াকে খুব্ ব্যারাম্। [দেখ চ'ক্]।

৫=[ফ]—বি. মাছের ঝাঁক, মাছের বাচ্চা ॥ এক্ চ'াক্ হৈলের্ পনা দেহ্-সিরে। [<ঝাঁক]।

৬=[বা, সি]—বি. বাঁশের বৃত্ত ॥ ডালায় চ'াক্ না দিলে মম্বুত্ অয় না। [দেখ চ'াক্]।

৭=[ব]—বি. এক প্রকার জাল ॥ [<ছাঁকা]।

৮=[কুম, নো]—বি. টুকরা, খণ্ড ॥ মাডির্ চ'াক্ মেই শকৃত বাংতে চ'ায়্ না। [<চাকা (<চক্র)]।

৯=[পা]—বি. চাকা ॥ গাড়ির্ চ'াক্। [দেখ চ'াক্]।

১০=[সি]—বি. বাসা ॥ বল্লার্ চ'াকে হাত্ দিস্ না। [দেখ চ'াক্]।

চ'াক্ক্ল=[চট]—বি. মোটা শ্বেত বর্ণের ধান বিশেষ ॥

চ'াক্কা=[ম]—বি. রুটি তৈরী করিবার গোলাকার পিঁড়ি ॥ [দেখ চ'াক্]।

২=[ম]—বি. মাটির ঢেলা ॥ খেতের্ চ'াক্কা বাংতে ঐব। [<চক্র]।

৩=[চা]—বি. ঢিল, টুকরা ॥ পিপ্-রার্ কামোরে গাওডা হমান্ চ'াক্কা হৈয়া গেসে। [<চক্র]।

চ'াক্ কাটা=[ফ]—ক্রি. ডিম দিবার জন্য ঘর তৈরী করা ॥ বিলে পোল্মাস্ চ'াক্ কেটেসে। [দেখ চ'াক্$_{১০}$+ কাটা]।

চ'াক্কাট্=[ব]—ক্রি. বিণ. উজ্জ্বল ॥ দেওয়াটা এক্ শমান্ চ'াক্কাট্ হসে খালি। [অনু.]।

চ'াক্কাশ্=[ব]—ক্রি. বিণ. হঠাৎ উজ্জ্বল ॥ দেওয়াটা চ'াক্কাশ্ হয়ে উঠ্ল। [দেখ চ'াক্কাট্ ; শ]।

চ'াক্কা মারা=[চা]—ক্রি.ঠেলাগাড়ীর চাকায় ধরিয়া ধাক্কা দেওয়া, ঢিল ছোঁড়া ॥ গারিডার্ চ'াক্কা মার্। [দেখ চ'াক্$_{৯}$+মারা=ঠেলা দেওয়া]।

২=[সি]—বিণ. সবল ও সুস্থ, শক্তিশালী ॥ চ'াক্কামারা বেডিডা কিস্সু কায্ করে না। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

চ'াক্কি=[চা]—বি. বটিকা, কুই-নাইন ॥ যর্ ঐলে চ'াক্কি খাইও। [দেখ চ'াক্$_{৮}$+ই প্র. ক্ষুদ্রার্থে]।

২=[চা]—বি. ছেলেদের খেলার গাড়ী বিশেষ ॥ পোলা পাইনে চ'াক্কি চ'ালায়।

চ'াক্কোশ্=[চা]—ক্রি.বিণ.প্রত্যক্ষ ॥ লাব্ডা চ'াক্কোশ্ দেহা যায়। [< চাক্ষুষ]।

চ'াক্খশ্=[ম]—ক্রি. বিণ. প্রত্যক্ষ ॥ এক্কেরে চ'াক্খশ্ দেইক্যা আইলাম্। [দেখ চ'াক্কোশ্]।

চ'াক্যাল্=[পা]—বিণ. মাছ মারার ফাঁদ ॥ [দেখ চ'াক্$_{৭}$+জাল]।

চ'াক্দানা=[চা]—বি. ঘোরা, চক্কর ॥ রৈদে খারনে আমার্ মাথাডা এক্টা চ'াক্দানা দিসে। [< চক্র+ধাঁধাঁ (<ধন্দ সং) ; দেখ চ'াক্ +দেওয়া]।

চ'াক্ দেওয়া=[চা]—ক্রি. মাথা ঘুরা ॥ কতাডায় আমার্ মাতাডা চ'াক্ দিসে। [<চাক(<চক্র)+দেওয়া]।

চ'াক্ধা=[ম]—বি. অতিদূর, তফাৎ ॥ চ'াক্ধা থাইক্কা আইসি, আপ্নার্ লগে দেহা কর্তে। [চ'াকদানা ; অর্থ প্র.]।

চ'াক্‌খায়্‌ নিয়ে উঠানো=[ব]—ক্রি. তাড়াইয়া দেওয়া ॥ মার্‌তে মার্‌তে তারে চ'াকখায়্‌ নিয়া উঠালো নাকি? [দেখ চ'াকখা+য় (বিভক্তি)+নিয়া উঠানো]।

চ'াক্‌ভাঁয়্‌=[ব]—ক্রি. বিণ. চক্রাকারে ॥ পথ্‌টা চ'াক্‌ভাঁয়্‌ গেইচে'। [<চাক(<চক্র)+ভাব+এ(বিভক্তি)]।

চ'াক্‌মা=[ব]—বি. খণ্ড ॥ [দেখ চ'াক্‌কা৩]।

চ'াক্‌লা=[পা]—বি. ছোট পাখি বিশেষ ॥

২=[রা]—বিণ. চওড়া ॥ [দেখ চ'াক্‌১+লা]।

৩=[ম]—বিণ. কর্দমাক্ত ॥ কাদা কাদা চ'াক্‌লা পথে হাট্‌লে শর্‌দি কর্‌বো।

৪=[বা, খু, য]—বি. চক্রাকার মাটির সরা বিশেষ, মাটির চাক ॥ [দেখ চ'াক্‌+লা প্র.]।

চ'াক্‌লি=[চট্ট]—বি. দইয়ের পাতিল ॥

চ'াক্‌লিদান্‌=[ঢা]—বি. একপ্রকার আউশ ধান ॥ চ'াক্‌লি দানের্‌ বাত্‌ খুব মুলাম্‌।

চ'াখা=[কুম]—বি. ঢেলা ॥ [দেখ চ'াক্‌কা২]।

চ'াখামোখা=[ব]—বিণ. অল্প ॥ এমন চ'াখামোখা তর্‌কারি দিয়ে কি ভাত্‌ খাওন্‌ যায়?

চ'াগা ইসা=[চট্ট]—বি. বড় চিংড়ি মাছ ॥

চ'াগি=[ঢা]—অব্য. বুঝি, সম্ভবতঃ ॥ [<চাহি+গিয়া]।

চ'াগুয়া=[ব]—বি. বুনো সুপারি বিশেষ (যুদ্ধের সময় এর চাহিদা ছিল) ॥ বুনুয়াদের্‌ বিয়াত্‌ চ'াগুয়া গাসের্‌ ডালা লাগে। [<চাঅ<চাট+গুবাক সং]।

চ'াগ্‌দা=[খু]—বিণ. গোল ॥ চ'াগ্‌দা মিনিশ্‌ শহরেই গড়াইয়া যায়্‌। [দেখ চ'াক্‌+দা প্র.]।

চ'াচ'ত্‌=[চট্ট]—বিণ. <চাচাতো, খুড়তুত ॥ হিতে আঁর্‌ চা'চ'ত্‌ ভাই।

চ'াচ'র্‌=[ফ]—বি. ডুবা চর ॥ চা'চ'রে গরু বাইন্দা সুখ নাই।

চ'াচ'াড়ি=[খু]—বি. গাছ চাঁছার কালে উঠা পাতলা ছিলকা ॥ [<চাঁছা+রি প্র.]।

চ'াচ'ারা=[ম]—বিণ. চাচাত ॥ চা'চ'ারা বাই। [<চাচা<চচা হিং+রা প্র.]।

চ'াচ'াসলা=[পা]—বি. মানা ॥ চা'চ'াসলা করি তবুও শেখানে যাওয়া বাদ্‌ দেয়্‌ না। [<চাঁছা+ছোলা]।

চ'াচ'াসোলা=[পা]—বিণ. সাফ, সুন্দর ॥ [দেখ চ'াচ'াসলা]।

চ'াচ'াসোলা কতা=[ম]—বি. নীরস বা রূঢ় কথা, অভদ্র কথা ॥ লোক্‌টা বর চ'াচ'াসোলা কতা কয়্‌ ॥ [দেখ চ'াচ'াসলা+কথা]।

চ'াচি'=[ম,প,ব]—বি. দুধের কড়াইর গায়ে লাগা দুধের সর ॥ [<চাঁছ (<চাঁছা)+ই প্র.]।

চ'াচু'নির্‌ আশ্‌=[ম]—বি. বাঁশ চাঁছারকালে উঠা আঁশ ॥ চা'চু'নির্‌ আশ্‌ দিয়া বিরা বানাও। [<চাঁছ<চাঁছা+নি+র (সম্বন্ধে)+আঁশ (<অংশ)]।

চ'াচে'ার্‌=[ম]—বি. চাচা শ্বশুর ॥ তিনি আমার্‌ চা'চে'ার্‌ হন্‌। [চাচা+হশুর<শ্বশুর]।

চ'াচ্‌'=[সি, কুম]—বি. বাঁশ বেত বা হোগলার চাটাই ॥ [<চাঁচ(<চঞ্চ সং)]।

২=[কুম, খু]—বি. বিছানা ॥ চা'চ্‌' পাতি শোও। [পূর্বে দেখ]।

চ'াচ্‌'কা পেট্‌=[বা]—বি. ছোট পেট ॥ চ'াচ্‌কা পেটে কি এত খানা ধর্‌বে?

চ'াচ্‌'নি=[ফ]—বি. বাঁশ চাঁছা আবর্জনা ॥ [দেখ চ'াচু'নির্‌ আশ্‌]।

চ'াচ্‌'রা=[ঢা, ম]—বি. নদীর মধ্যস্থিত চর ॥ নাওডা চ'াচ্‌'রায়্‌ ঠেইক্যা গেসে। [দেখ চ'াচ'র্‌]।

চ'াচ্‌'রি=[বা]—বি. ছোট চাটাই ॥ চ'াচ্‌'রি না হলে তাল্‌ গণা যায়্‌ না। [দেখ চ'াচ্‌'+রি প্র.]।

চ'াযু=[কুম]—বি. চাচা ॥ আমার্‌ চ'াযু ডাহা থাহে। [<চাচু (<চাচা), আদরে]।

চ'াটা=[সি]—বি. প্রদীপ ॥

২=[সি]—বি. দুই বস্তুর পরস্পর সংলগ্ন অবস্থা ॥ ইগুন্‌দো চ'াটা লাগি রৈসে? [<চট+আ প্র.]।

৩=[সি]—বি. মাটির দীপাধার ॥ চ'াটাত্‌ বাতি যালাও।

৪=[সি]—বি. ছোট মাছ বিশেষ ॥

চ'াটাই=[ব]—বিণ. দালাল ॥ [<চাট<চাটু<চাটু সং+আই প্র.]।

চ'াটাই করা=[পা]—ক্রি. কেনাবেচা করা ॥ শে হাটে শর্‌শার্‌ চ'াটাই করে। [দেখ চ'াটাই+করা]।

চ'াটান্‌=[ম]—ক্রি. চাটুবাক্যে ভুলান ॥ চ'াটাইয়া মাল্‌ বেচে'। [দেখ চ'াটাই; চাটু+আন প্র.]।

চ'াটাবাটা=[সি]—বি. ঘনিষ্ঠতা ॥ দুই বেয়াইনে বর চ'াটাবাটা লাগ্‌সে। [অনু.; অথবা দেখ চ'াটা২+বাটা অনু.]।

চ'াটাম্‌=[য, খু]—বি. মিথ্যা গল্প, চালাকি, বাজে কথা ॥ [দেখ চ'াটান্‌; চাট+আম প্র.]।

চ'াটাম্‌ করা=[য]—ক্রি. অতিরঞ্জিত করিয়া বলা ॥ সেলেটা খুব চ'াটাম্‌ করে। [দেখ চ'াটাম্‌+করা]।

ছুপে ধরা=[রা]—ক্রি. চাপিয়া ধরা ॥ কি কচুনু, তাই ছুপে ধরিছে মোক। [ছুপে < ছুপ + ইয়া অস. ক্রি. বিভক্তি]।
ছুপ্নি কাটা=[রং]-ক্রি. ওৎ পাতা ॥
ছুব্=[রা]—বি. থুথু ॥ [<ছেপ <ক্ষিপ্ সং)]।
ছুমে=[রা]—ক্রি. বিণ. দিকে, ধারে ॥ এই ছুমে যাও। [<সমুহে <সম্মুখে সং]।
ছুয়া=[রং]—বিণ. অপবিত্র ॥ [দেখ ছুআপাত্]।
২=[রং]—বি. স্ত্রীলোকের মাসিক ঋতুস্রাত ॥ [অর্থ প্র.]।
৩=[দি]—বি. ছেলে ॥ [ছাওয়া <শাবক সং]।
ছুয়াঘর্=[রং]—বিণ. প্রসূতির ঘর, আঁতুড়ঘর ॥ [দেখ ছুয়া+ঘর]।

ছুয়াছালা=[রং]—বি. যেখানে নোংরা দ্রব্য ফেলা হয় ॥ ছুয়াছালাত্ যাইছ না, নাপাক্ হবু। [দেখ ছুয়া+শালা]।
ছুয়া পাওয়া=[রং]—ক্রি. ঋতুস্রাব হওয়া ॥ [দেখ ছুয়া২+পাওয়া]।
ছুয়া বাড়ি=[রং]—বি. অশুচি স্থান ॥ ছুয়াবাড়ি গেলে গাও ধোয়া লাগে। [দেখ ছুয়া+বাড়ী]
ছুরন্=[রা, দি]—বি. চাবি ॥ তালার্ ছুরন্ নাই। [<ছোড়ান= ছাড়ান ; অর্থ প্র.]।
ছুলাম্=[দি]—বি. লবণ ॥ তর্-কারিতে ছুলাম্ কম্ হছে।
ছুলুত্ ছালুত্=[রং]—বি. চোরের মত তাকান ॥ কাজ্ কর্বার্ কর্, ছুলুত্ছালুত্ করি দেখিশ্ কি?
[অনু.]।
ছুলুলু=[রা, দি]—বি. শঠ, ধূর্ত ॥ অর্ মতন্ ছুলুলু আর্ নাই। [<ছুলুলু হিং=বোকা ; কিংবা ছল+লু প্র. কিংবা শট+লু প্র.]।

ছে

ছেউতি=[রং]—বি. <সেঁউতি, যাহা দ্বারা নৌকার পানি সেচা হয় ॥
ছেচ্কি=[রা]—বি. রান্না করার লোহার খন্তা বিশেষ ॥ মাগো ছেচ্কিটা লিয়া আয়্ত।
২=[রা]—বি. পানি সেচনের পাত্র বিশেষ ॥ [সেচ+কি প্র.]।
ছেনি=[রং]—বি. অর্ধচন্দ্রাকৃতি লোহারে দা ॥ [<ছেদনী সং]।

২=[রা]—বি. পানি সেচনের উপ-করণ বিশেষ ॥ [<সেচনী]।
ছেন্চি=[রা]—বি. চুল্লি হইতে পাতিল কড়াই ইত্যাদি নামাইবার অবলম্বন বিশেষ ॥
ছেবেলি=[দি]—বিণ. মিথ্যুক ॥ [সিফ্ল: سفله আং+ই প্র. =নীচ, ঘৃণ্য]।
ছেব্ড়ি=[রা]—বি. ছোট মাছ বিশেষ ॥

ছেম্কি যাওয়া=[দি]—ক্রি. থমকিয়া যাওয়া ॥ ওর মুক্ দেখি ছেম্কি গেল্। [<চমক (<চমৎ সং)+ইয়া+ যাওয়া]।
ছের্কি=[দি]—বি. দৈয়ের ছোট ভাঁড় ॥ এক্ ছের্কি দৈ আনিশ্। [<সের+কি প্র.=যাহাতে এক সের ধরে]।

ছ্যা

ছ্যাঅট্=[রা]—বি. খণ্ড কাপড় ॥ [ছেঅ<ছেদ সং+ট প্র.]।
ছ্যাও=[রা]—বিণ. চালু ॥ পুকুর্ পাড়্ডা খুব ছ্যাও। [<ছেদ সং]।
২=[রা]—বিণ. খাটো ॥ এই হাল্গোড়া একটু ছ্যাও হয়েছে।
৩=[রা]—বি. সেলাই বিহীন লুঙ্গি কাপড় ॥
ছ্যাওটা=[রা]—বি. কাপড়ের অংশ বিশেষ ॥ [দেখ ছ্যাঅট্]।

২=[রং]—বি. মেয়েদের স্তনের উপরে পরিধেয় বস্ত্র ॥ বেডি ছাওয়ারা ছ্যাওটা পেন্ছে। [পূর্বে দেখ]।
ছ্যাওট্=[রা, রং]—বি. মেয়েদের পাঁচ হাতি কাপড় ॥ [দেখ ছ্যাওটা]।

ছ্যাওতি=[রা, রং]—বি. ছেনি, জল সেচনের উপকরণ বিশেষ ॥ [<সেঁউতি +তি প্র.]।

ছ্যাও দেওয়া=[রা, রং]—ক্রি. কাটা ॥ মোটা গুড়িটা ছ্যাও দিয়া লও। [দেখ ছ্যাও]।

২ =[রা, দি.]—ক্রি. বাতাস বহা ॥ [অর্থ প্র.]।

ছ্যাওনা=[রা]—বি. বকনা ও এঁড়ে বাছুর ॥

২=[রা]—বি. মুরগীর বাচ্চা ॥ [< ছানা <ছা <ছাও (<শাবক সং)+ না প্র.]।

ছ্যাওয়া=[রা]—বি. উদুখল ॥ [দেখ ছ্যাও+আ প্র.]।

ছ্যাং ছ্যাং করা=[রং]—ক্রি. হঠাৎ কোনও কিছুতে গায়ে ঠাণ্ডা লাগা ॥ [দেখ ছ্যাংছ্যাংগা]।

ছ্যাংছ্যাংগা=[রং]—বিণ. ঠাণ্ডা, শীতল ॥ ছ্যাংছ্যাংগা পানি দে ॥ [<ছ্যাং ছ্যাং (অনু.)+আ প্র.]।

ছ্যাংটা=[রং]—বিণ. ছোঁয়া লাগা, অল্প কিছু পোড়া ॥

ছ্যাংটা লাগা=[রং]—ক্রি. ছেঁকা লাগা॥

ছ্যাংরা=[দি]—বি. শিশু ॥ ছেংরা কোনাক দুধ দাও। [<ছেঁওড়া (চমও সং)]।

ছ্যাংগট্, প্যাংগট্=[রং]—বি. অসম্মতি প্রদর্শন॥ মুই কতাটা শুনবার চাঁও তাই খালি ছ্যাংগট্ প্যাংগট্ করে। [অনু.]।

ছ্যাংগত্=[রং]—বি. হঠাৎ কোনও কিছুতে গায়ে ঠাণ্ডা লাগন ॥ কিবাছোটা ছেংগত্ করি লাগ্‌ল। [অনু.]।

ছ্যাঁকা=[রা, দি]—বি. ফিল্টার করা পানি ॥ আজ্ ছ্যাঁকা করে কাপড় দুমু।

১=[রং]—ক্রি. <সেঁচা ॥ পাগাড়ের্ পানিগুলো ছ্যাঁক্।

২=[রা]—ক্রি. বাঁশ ছেঁচিয়া তৈরী বেড়ার উপকরণ বিশেষ॥ [ছেঁচ্+ আ প্র.]।

ছ্যাঁচেড়া=[দি]—বি. যে সহজে কিছু দিতে চায় না ॥ তোর্ মতন্ ছ্যাঁচেড়া মুই দেখি নাই। [<ছেঁচড় (ছিন্বর সং)+আ প্র.]।

ছ্যাঁচোর্=[রা]—বিণ. কিপটে ॥ লোক্‌টা বড় ছ্যাঁচোর্। [দেখ ছ্যাঁচেড়া]।

ছ্যাঁচ্=[রা]—বি. ঘরের ছাউনির অতিরিক্ত অংশ ॥ [<ছাঁচ]।

২=[রা]—বি. কাণ্ডজ্ঞান ॥ তোর্ অত ছ্যাঁচ্‌ছাড়া কথা।

৩=[রা]—বি. চিনির তৈরী মিষ্টি বিশেষ ॥

ছ্যাঁচ্‌চাই=[রা]—ক্রি. বিণ. সত্য সত্যই, বাস্তবিকই ॥ [<সাচ্‌চা হিং< সত্য সং+ই. প্র.]।

ছ্যাঁচ্‌ড়া=[রা]—বিণ. অভদ্র আচরণ-কারী, প্রতারক ॥ [দেখ ছ্যাঁচেড়া]।

ছ্যাঁদাড়ে=[রা]--বিণ. দুষ্ট, নোংরা, অপরিষ্কার ॥ ছেলেটা বড় ছ্যাঁদাড়ে। [দেখ ছ্যাঁচেড়া]।

ছ্যাঁন্‌তা=[রা]—বি. ছাকনি বিশেষ ॥ [দেখ ছ্যাঁন্দা]।

ছ্যাঁন্‌দা=[রা]—বিণ. ছিদ্র, ফুটা ॥ ছ্যাঁন্দা কল্‌শিডা ঝালাই করা। < ছেঁদা<ছিদ্দ<ছিদ্র সং]।

ছ্যাকা=[রং]—বি. কলার বাকল পোড়া ছাইয়ের চোয়ানো পানি (কাপড় কাচার জন্য) ॥ [দেখ ছ্যাঁকা]।

২ =[রং]—ক্রি. দোহন করা ॥ গাইটা ছ্যাকাও।

ছ্যাকা পাড়া=[রং]—ক্রি. ক্ষারে কাপড় দেওয়া ॥ কাপড় ছ্যাকা পাড়িছোঁ ধোয়া লাগে। [দেখ ছ্যাকা]।

ছ্যাকা ধরা=[ধরা]—ক্রি. ঘিরিয়া বা চাপিয়া ধরা ॥ [দেখ ছ্যাঁকা ; ছাঁকিয়া ধরা]।

ছ্যাকোটি=[রা]—বি. পোশাকের বাহার, চলনের ঢং, কথার বাহাদুরি ॥

ছ্যাক্‌না=[রং]—বিণ. দুষ্ট ॥ ছ্যাক্‌না গাই।

২=[রং]—বিণ. বিস্বাদ ॥ তকাইগুলো ছ্যাক্‌না লাগে।

ছ্যাচা=[রা]—বিণ. সত্য ॥ ছ্যাচা কথা বলিও। [দেখ ছ্যাঁচ্‌চাই]।

২=[রং]—বি. ঘরের বেড়ায় ব্যবহৃত সুপারি গাছ বা বাঁশ ॥ [দেখ ছ্যাঁকা২]।

ছ্যাচাই=[রা.দি]—ক্রি.বিণ. সত্য ॥ তুমি ছ্যাচাই ভাত্ খাইছ। [দেখ ছ্যাঁচ্‌চাই]।

ছ্যাচাং=[দি]—বি. ঝাল, মরিচ ॥

ছ্যাচায়্=[দি]—ক্রি.বিণ. সত্যি ॥ তুই ছ্যাচায় কহিছ্ কি মিচায় কহিছ্ কিছুই বুজা জায় না। [দেখ ছ্যাঁচ্‌চাই]।

ছ্যাচ্‌চোর্=[রা,রং]—বিণ. অবাধ্য ॥ ছ্যাচ্‌চোর্ লোক্‌টাক খেদাও। [দেখ ছ্যাঁচোড়]।

ছ্যাচ্‌ড়া=[রং]—বিণ. কৃপণ ॥ [দেখ ছ্যাঁচেড়া]।

ছ্যাচ্‌রা=[রং, রা]—বিণ. ছোটলোক, বেহায়া ॥ তুই বড় ছ্যাচ্‌রারে। [দেখ ছ্যাঁচ্‌ড়া]।

ছ্যাছ্যা=[রং]—বি. খেৎলা মুলি বাঁশ ॥ ঘরের্ বেড়া ছ্যাছ্যা দিয়া দেইম্। [<ছেঁচা]।

ছ্যাছ্‌ড়ে=[রং]—অস. ক্রি. টানিয়া, হিঁচ্‌ড়িয়া ॥ না আইলে ছ্যাছড়ে আন্। [<ছেঁচড়াইয়া<ছেঁচড়ানো]।

ছ্যাতা=[রা]—বি. দাগ, ছাতা ॥ আমড়ার্ উপ্‌রে খুব ছ্যাতা পড়্‌ছে। [দেখ ছাতুয়া]।

ছ্যাতান্=[রা]—বি. মাছ বিশেষ ॥

ছ্যাত্‌না=[রা]—বিণ. বিরূপ ॥ [দেখ ছাতুয়া ; ছাত্+না প্র.]।

ছ্যাদক্=[রং]—বিণ. খাটা, সত্য ॥ তুই ছ্যাদক্ দিলে ক। [<সাদিক صادق আং]।

ছ্যাদড়্=[রা]—বিণ. নাছোড়বান্দা ॥ [দেখ ছ্যাঁদাড়ে]।

ছ্যাদরে যাওয়া=[রা]—ক্রি. চড়াইয়া যাওয়া ॥ [<ছেতরাইয়া (ছেতরান) +যাওয়া]।

ছ্যাদর্=[রা. রং]—বিণ. কতব্যজ্ঞান-শূন্য, অশ্লীল বাক্য বলিতে পটু, লজ্জাহীন ॥ [দেখ ছ্যাঁদাড়ে]।

ছ্যাদর, ভ্যাদর,=[রং]—বিণ. অপরিষ্কার ।। তোমার কাম্ ছ্যাদর্ ভ্যাদর্ হয়্। কেন্? [দেখ ছ্যাঁদাড়ে; ভ্যাদর অনু:]

ছ্যাদা=[রা]—বি. দলের মোড়ল ।। [<সদ্দার<সর্দার سردار ফা.]।

ছ্যাদোর,=[রা]—বি. সজারু ।। ছেদোরের্ কাঁটা দিয়ে কলম্ বানিচেন্।

ছ্যাদ্‌না=[রা]—বি. ময়লা ।। [দেখ ছ্যাত্‌না]।

ছ্যানাই=[দি]—বি. পানি সেচনের উপকরণ ।। [<সেচন সং+আই প্র.]।

ছ্যান,=[রা]—বি. এক প্রকার হাতিয়ার ।। ছেন্ দি খেজুরের্ গাছ্ কাটে। [দেখ ছেনি; বৃহদার্থে]।

ছ্যান্‌দা=[রং]—বিণ. ছিদ্র, ভাঙ্গা ।। [দেখ ছ্যাঁন্‌দা]।

ছ্যাপ,=[রা, রং]—বি. ছেপ, থুথু ।। ঘরে ছ্যাপ্ ফালাইছ্ না। [<ছেপ (<ক্ষিপ সং)]।

ছ্যাপ্‌ছ্যাপান,=[রং]—ক্রি. বক বক করা ।। ছ্যাপ্‌ছ্যাপাইছ্ না। [দেখ ছ্যাপ্‌ছ্যাপি]।

ছ্যাপ্‌ছ্যাপি=[রা, দি]—বিণ. যাহার পেটে কথা থাকে না ।। তোর্ মত ছ্যাপ্‌ছ্যাপি আর্ হয়্ না। [< ছ্যাপ্‌ছ্যাপ্ (অনু.)+ই প্র.]।

ছ্যাপ্‌ড়া=[দি]—বিণ. নিচু ।। [< চাপ+ড়া প্র.]।

ছ্যাপ্‌লা মাছ,=[রং]—বি. এক প্রকার মাছ, চেলা মাছ ।। ছ্যাপ্‌লা মাছ্ কাঁয় খায়্? [<চাপিলা মাছ]।

ছ্যাবার,=[রা]—ক্রি. বিণ. সত্যিই ।। [< সাফাই < সাফা صفا আং + ই প্র.]।

ছ্যাব,=[রং, দি]—বি. ছেপ, থুথু ।। ঘরে ছ্যাব্ ফেলিছ্ না। [দেখ ছ্যাপ্]।

ছ্যাব্‌ড়া=[রা]—বিণ. অর্ধচূর্ণ ।। গম্‌গুলো গুড়া হয়্‌নি, ছ্যাব্‌ড়া হয়ে আছে। [<ছিবড়া (<ছিব+টা সং)]।

ছ্যাব্‌বার,=[রা]—বিণ. রক্তাক্ত ।। মায়ের্ চোটে ছ্যাব্‌বার্ হয়ে গেছে।

ছ্যাব্‌লা=[রা]—বি. মাছ বিশেষ।

ছ্যাব্‌লাই=[রং]—বিণ. কানপাতলা ।। তুই বড় ছ্যাব্‌লাই মানুশ্। [ছ্যাবলা+ই প্র.]

ছ্যাব্‌লাই মাছ,=[রং]—বি. চেলা মাছ ।। [দেখ ছ্যাব্‌লা]।

ছ্যাম, করা=[রং]—ক্রি. ছায়া করা ।। [<ছায়া <ছাঁয়া <ছায়া সং+ করা]।

ছ্যারা=[রং]—বি. লোক ।। ছ্যারাটা বাড়ি গেলে। [দেখ ছ্যাংরা]।

ছ্যারাব, ভোগ,=[রং]—বি. কষ্ট ।।

ছ্যার্‌কা=[রং]—বি. শালিক ।। ছ্যার্‌কা বড় কিচির্ মিচির্ করে। [<শারিকা সং]।

ছ্যাল্‌ছ্যালা=[রং]—বি. এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত নিচু ।। [< ছ্যালছ্যাল (অনু.)+আ প্র.]।

ছ্যাল্‌লা বেল্‌লি=[রা] —বি. বিরক্তি। গরমে ছেলেটা ছেল্‌লা বেল্‌লি করে। [<চিল্লা (<চিৎকার)+ বেল্লা অনু:+ই প্র; তু: চিল্লাচিল্লী হিং]।

ছৈ

ছৈন্‌চাঁ=[রা]—বি. ঘরের চাল হইতে যে স্থানে পানি পতিত হয় ।। ছৈন্‌চাঁর্ পানি ঘরে পড়ে। [<ছাঁইচ]।

ছৈল,=[রং]—বি. আবর্জনা, আপদ ।। ঘরের্ ছৈল্ দূর্ করেক্।

২=[দি]—বি. মেয়ে।। [দেখ ছওয়াল্]।

৩=[রা]—বিণ. পরিষ্কার, নির্মল ।। ছৈল্ পানিতে নাও বাইতে ভাল লাগে।

ছৈল, ভুর্‌কান,=[রং]—ক্রি. ভুলানো ।। এক্ আনার্ পয়্‌শা দিয়ে ছৈল্ ভুর্‌কাছ্ছ। [দেখ ছৈল্১+ভুলকান <ভুলানো]।

ছো

ছোইল,=[রং]—বি. ছেলে ।। এই ছোইল্‌টা কার্ বাহে? [দেখ ছওয়াল্]।

ছোইল, পৈল,=[রং]—বি. ছেলেপিলে ।। এই ছোইল্ পৈল্ কার্ বাহে। [দেখ ছোইল্+পৈল অনু:]।

ছোওয়াল,=[রং]—বি. ছেলে মেয়ে ।। [দেখ ছওয়াল্]।

ছোঁচা=[দি]—বিণ. পাঁজি ।। [দেখ ছুঁচা]।

ছোঁচানো=[রা]—ক্রি. শৌচ করানো ।। অকে ছোচাই দেনা কেন্। [<ছোচ <শৌচ+আনো প্র.]।

ছোঁচোর,=[রা]—বি. কলাগাছের শুকনা পাতা ।। কলার্ ছোঁচোরের্ ছাই দিয়ে কাপড় ধুয়্।

ছোঁতর,=[রা]—বি. কলা গাছের শুকনা শাখা ।। ছোঁতর্ দিয়ে পাট খড়ির বোঝা বাঁধে।

ছোঁল,=[রা]—বি. ছেলে।। চামুর্ ছোঁল্ নাই। [দেখ ছোইল্]।

ছোক্‌ড়া ছাগল,=[রং]—বি. পাঁঠা ।। [দেখ ছুঁড়া+ছাগল]।

ছোক্‌বোক,=[রং]—বি. লোভ ।। [অনু.]।

ছোক্‌রা==[রং]—বি. মেয়ে বেশী পুরুষ নর্তক ।। [দেখ ছুঁড়া; অর্থ প্র.]।

ছোচ্‌তেন্‌=[রা]—ক্রি. বি. দোষা-রোপ ॥

ছোচ্‌না=[রা]—বিণ. পাতিচোর ॥ [দেখ ছুঁচ ; ছুঁচ+না প্র.]।

ছোচ্‌লান্‌=[রা]—ক্রি. কষানো ॥ গোশ্‌তের্‌ তর্‌কারি অনেক্‌খন্‌ ধরে ছোচ্‌লাতে হয় নবেত্‌ শাদ্‌ হয়্‌ না।

ছোছা=[রং]—বিণ. শঠ ॥ ব্যাটা বড়ো ছোছা। [দেখ ছুঁচা]।

ছোছ্‌বোছ্‌=[রা]—বি. চুরির নিয়তে -তাকান ॥ [অনু.]।

ছোটদা=[রং]—বি. ছোট কাটারী, ছোট ভাই ॥ [ছোট+দা (দোত্র) এবং ছোট+দাদা (<তাত)]।

ছোট মিয়া=[রং]—বি. দেবর ॥ [ছোট+মিয়া হিং]।

ছোট বা=[রং]—বি. জ্যাঠা, কাকা ॥ আমি ছোটবার্‌ শংগে ঢাকা জাবু। [ছোট+বাবা]।

ছোট বাপ্‌=[রা]—বিণ. ছোট চাচা ॥ [<ছোট+বাপ<বপপ<বপ্র সং]।

ছোটা=[বা,খু]—বি. সুপারী কলা ইত্যাদির খোল ছিঁড়িয়া পাকান দড়ি ॥ কয়েক্‌ গাছা ছোটা নিয়া আশ্‌।

২=[রং]—বি. বাঁধা ॥ গরুর্‌ মুখ্‌ ছুটে দে।

৩=[রা]—বি. পথ ॥ এই ছোটা দি গাড়ি জায়্‌ না।

ছোট্‌কি=[দি]—বি. ছোট বৌ ॥ এক্‌খান্‌ পান্‌ দে গো ছোট্‌কি। [< ছোট+কি প্র.]।

ছোড়া=[বা, দি]—বি. কিশোর, ছেলে ॥ [দেখ ছুঁড়া]।

ছোড়ান্‌=[রা, দি]—ক্রি. ছাড়িয়া দেওয়া, নামানো ॥ গরুর্‌ কান্‌ধাত্‌ থাইকে গাড়িটা ছোড়াও।

২ =[রা, দি]—বি. চাবি ॥

৩=[রা]—ক্রি. বি. কামড়ান ॥ কুকুরে ছোড়ান দিবে, একটু ঘুইরা জা।

ছোন্‌চা=[রা]—বি. বাড়ির পিছন দিক ॥

ছোন্‌চা কান্‌চি=[রা]—বি. আনাচ কানাচ ॥

ছোবা=[রা]—ক্রি. রস নিংড়ানো ইক্ষু গাছ ॥ কুশরের্‌ ছোবা দি আখাও ভাল দেওয়া পার্‌চোঁনা।

ছোবান্‌=[রং]—ক্রি. বি. পোড়ানো, ঝল্‌সানো ॥ আলু গুলি ছোবাই নিয়ে আস্‌।

ছোয়া=[দি]—বি. ছোট ছেলে ॥ [< শাবক সং]।

২=[রা]—বি. বানের জল মাপা কাঠি ॥

ছোয়ায়্‌ না পাতা=[রং]—ক্রি. দোষ পড়িতে না দেওয়া।

ছোরানি=[রং]—বি. চাবি ॥ মোর্‌ ছোরানিটা হারে গেছে। [দেখ ছুরন্‌+ই প্র.]।

ছোরান্‌=[রং]—বি. চাবি কাঠি ॥ এই বাক্‌শের্‌ ছোরান্‌ উপার কাছে। [দেখ ছুরন্‌]।

ছোর্‌=[রা]—বি. নদীর কিনারে বা খালবিলের ধারে পানি ঘিরিয়া মাছ ধরার স্থান ॥

ছোর্‌খেলা=[রং]—বি. খেলা বিশেষ॥

ছোলোম্‌=[রং]—বি. কল্কি ॥ এক্‌ ছোলোম্‌ তামাক্‌ দে। [দেখ ছিলিম্‌]।

ছোল্‌ মাট্‌=[রা]—ক্রি. বিণ. সমান॥ লাঠিটা দা দিয়ে ছোল্‌মাট্‌ কর্‌।

২=[রা]—ক্রি. বিণ. কোন রকমে শেষ ॥ কাজটা তাড়াতাড়ি ছোল্‌মাট্‌ কর্‌।

ছৌ=[রা]—বি. গরু মহিষের গাড়ির উপরের ঢাকনি। [<ছৈ]।

ছৌল্‌=[রা]—বি. ছেলে সন্তান ॥ ছৌলডা বড় খারাপ্‌। [দেখ ছুওয়াল্‌]।

জ

জ=[দি]—বি. যব ॥ [<যব]।

জং=[রং]—বি. জরা, জীর্ণতা ॥ জিনিশ্‌ খানিত্‌ জং ধরাই নশ্‌ট করি ফেলাইছিশ্‌ তুই ? [যংগ زنگ ফা.]

জংগ=[রা]—বি. গ্রাম্য মুসলমানী গান বিশেষ ॥ [জঙ্গ جنگ = যুদ্ধ, যুদ্ধের গান]।

জংগলিয়া=[দি]—বিণ. জংগলে পূর্ণ॥ জংগলিয়া পথ্‌ দি অনেক্‌দুর্‌ জেতে হবে। [<জঙ্গল সং+ইয়া প্র.]।

জংগল্‌ বাড়ি=[রং]—বি. মরুদেশ ॥ জংগল্‌ বাড়িত্‌ পানি নাই। [<জঙ্গল সং+বাড়ি]।

জংগান্‌=[রা]—বি. বিদ্রূপাত্মক গাথা গান ॥ এবে জাবি চল্‌ জংগান্‌ শুনা আশি। [দেখ জংগ+গান]।

জংগর্‌=[রা]—বি. মাছ মারার উপ-করণ বিশেষ ॥

জকি=[রং]—ক্রি. বিণ. রাগিয়া ॥ কথাটা কৈতে কৈতে জকি উঠিল্‌ ক্যানে ? [<ঝাঁকিয়া]।

জক্‌=[রা]—বিণ. যক্ষের মত কৃপণ ॥ তুইতো টাকার্‌ জক্‌। [<যক্ষ]।

জক্‌কো=[রা]—বিণ. অধিক লবণাক্ত॥ কে খাবে খরো জক্‌কো ছালুন্‌। [< যবক্ষার ?]।

জখন্‌মতে=[রং]—ক্রি. বিণ. যেমন, যেইমাত্র ॥ জখন্‌মতে জাইম্‌ তখন মতে আশিম্‌। [<যখন মাত্র]।

জখা=[দি]—ক্রি. মাপা ॥ কয়্‌হাত্‌ খাল্‌ জখি নি আয়্‌তো ॥ [<জোখনা হিং ; তুং মাপাজোখা]

জগর্‌থগর্‌=[রং]—ক্রি বিণ. এলোমেলো ॥ কাপড়গুলা জগর্‌থগর্‌ করিছ্‌ না। [অনু.]।

জগশ্যাল্‌হাই=[রা]—বি. ধান বিশেষ॥ খৈ করিবিত জগশ্যালহাই ধান্‌ বুনিবি।

জগা=[বং]—বিণ. উজবুক, আহাম্মক॥ ছেলেটা এক্‌দম্‌ জগা। [দেখ জগাই]।

২=[রা—বি. ডুমুর ফল॥ [দেখ জগৈ]।

জগাই=[রং]—বিণ. বোকা॥ জগাই চ্যাংরা কিছুই বুঝে না। [নাম বিশেষ]।

জগৈ=[রা]—বি. ডুমুর ফলাদি॥ [<যজ্ঞডুমুর]।

জগ্‌ডলা=[রা]—বি. ধানের শ্রেণী বিশেষ॥

জগ্‌লুট্‌=[রং]—বি. গণ্ডগোল॥[হিং =জগৎ লুণ্ঠন; দেখ জুগ্‌লুট্‌]।

জটা=[রা]—বি. আমন ধান বিশেষ॥

জটিয়া=[রং]—বিণ ঝুঁটিওয়ালা, শিখাযুক্ত॥ [<জট+ইয়া প্র.]।

জটিরা, জটিলা=[বং]—বিণ. কেলেঙ্কারী, অসুবিধা জনক॥ তোর যত জটিলা কাজ। [<জটিল+আ প্র.]।

জট্‌রা=[রা]—বি. পোকা লাগিবার ফলে দলা পাকান অবস্থা॥ কলাইগুলায় জট্‌রা লাগিচে। [<জট+রা প্র.]।

জঠুরা=[রা]—বিণ. শক্ত॥ আম্‌টি মাঝে মাঝে জঠুরা। [<জট+উরা প্র.]।

জড়ানো=[রং]—ক্রি. সামলানো॥ আপ্‌না ঘর্‌ আপ্‌নে জড়ায়েক্‌। [<জড়(সংহতি)+আনো প্র.]।

জড়্‌=[রং]—বি. গোষ্ঠি॥ 'কুড়ুলে কাটে আর জড়ে হাটে'—প্রবাদ। [<জোট]।

২=[দি, রা]—বি. ঝগড়া॥ ওরা দুই ভাইয়ে খুব জড় নাগাইছে। [<ঝগড়া]।

জড়নি=[রা]—বি. শ্লোক॥ বিধান্‌ খুব জড়নি জানে।

জড়্‌শুট্‌=[রা]—বি. ওষ্ঠপ্রান্তের ঘা (অল্প জরের পর হয়)॥ জড়্‌শুট্‌টা এখনও শারে না। [<জর ঠুঁটা]।

জতমোনে=[রং]—ক্রি. বিণ. যত ইচ্ছা॥ জতমোনে খাইতে পারে। [<যত+মন (ইচ্ছা)+এ বিভক্তি]।

জতা=[দি]—বি. জুতা॥ মোর্‌ জতা গুলা ছিড়ি গেইছে। [<জুতা]।

জত্‌ঘড়ি=[রং]—ক্রি.বিণ. যেইমাত্র, যখনই॥ জত্‌ঘড়ি আলো তত্‌ঘড়ি গ্যালো। [<যত+ঘড়ি(<ঘটিকা সং)]।

জদিকালে=[রং]—ক্রি. বিণ. ভবিষ্যতে॥ জদিকালে শে না বাঁচে, কি উপায় হবি? [<যদিকালে]

জনাজতি=[বং]—ক্রি. বিণ. প্রত্যেককে॥ টাকাগুলা জনাজতি ভাগ্‌ করে দাও। [<জনা+জাতি]।

জনাজাত্‌=[রা]—ক্রি. বিণ. একেএকে॥ [দেখ জনাজতি]।

জনোরার্‌=[রং]—বি. বাঘ॥ এই জংগলত্‌ জনোরার্‌ থাকে। [<জানুরার জানور ফা.; অর্থ প্র.]।

জন্‌গা=[রং]—বি. মাছ মারার যন্ত্র বিশেষ॥ জন্‌গায়্‌ কি মাছ্‌ পড়ছে?

জন্‌জরা=[রা]—বি. ভুট্টা॥ জন্‌জরার্‌ ছাতু বেশ্‌ মজা॥

জন্‌জালি=[রং]—বিণ. ঝগড়াটে, গণ্ডগোলে॥ জন্‌জালি কাজ্‌ ফুরায়্‌ না। [<জঞ্জাল+ই প্র.]।

জন্‌জাল্‌=[রং]—বি. অস্বস্তি॥ হামার্‌ কাজত্‌ জন্‌জাল্‌ লাগিচে। [<জঞ্জাল]।

জন্‌ধুরা=[রং]—বি. জাহাজি বা বড় লেবু বিশেষ॥ তুই মোর্‌ জন্‌ধুরা খালু ক্যা। [<জম্বীর সং]।

জন্‌পাইট্‌=[রং]—বি. দিনমজুর॥ দন্‌জন্‌ জন্‌পাইট্‌। [<জন+পাত্র; অর্থ প্র.]।

জপ্‌জপা=[রং]—বিণ. অধিক পরিমাণ, জবজবা॥ জপ্‌জপা করি মাথায়্‌ তেল্‌ দিছে। [অনু.]।

জব্‌তে=[রং]—ক্রি.বিণ. যাবৎ॥ জব্‌তে না আশে, তব্‌তে মুই জাইমু না। [<যাবৎ+এ বিভক্তি]।

জব্‌থব্‌=[রা]—বিণ. ভারী॥ জব্‌থব্‌ পাথর্‌। [অনু.]।

জমিন্‌=[রা]—বি. বুনট॥ কাপড়্‌টার্‌ জমিন্‌ খুব্‌ ভাল। [<যমীন زمین ফা.; অর্থ প্র.]।

জম্‌কানো=[রা]—ক্রি. জ্বালান॥ আগুন্‌টা জম্‌কিয়ে দে। [<চমক+আনো প্র.]।

জম্‌কান্‌=[রা]—ক্রি. বিণ. একত্র॥ জম্‌কান্‌ হয়ে আই। [<জমকাল]।

জম্‌থম্‌=[রা]—বিণ. স্থির, না কম না বেশী॥ বর্‌ষার্‌ পানি জম্‌থম্‌ হয়ে আছে, কমেও না বাড়েও না। [<জম (জমা)+থম; তুং থমথম]।

জয়া=[রং]—বি. এক প্রকার তৈলাক্ত মাছ॥ জয়া মাছের্‌ মত চখু আর্‌ কান্‌ আছে।

জয়্‌নো=[রং]—বি. কাহিল, দুর্বল, শক্তিহীন॥ ঐ জয়্‌নোর কথা তুই ধরিছ্‌ না।

জয়্‌পু=[রং]—বিণ. দুর্বল॥ তুই এক্‌টা জয়্‌পু মানুশ্‌। [<যঈফ ضعیف আং]।

জয়্‌মালা=[রং]—ক্রি. বিণ. যত পরিমাণ॥ জয়্‌মালা লাগে জয়্‌মালা দিমু। [<যত+মালা (পরিমাণ বিশেষ)]।

জরা খোয়া=[রং]—বিণ. পোকার খাওয়া॥ ওক্‌গলা জরা খোয়া তামাক্‌ আছেন। [<জরা+খাওয়া]।

জরাতক্‌=[রং]—বিণ. সামান্য পরিমাণ, ক্ষুদ্র॥ জরাতক্‌ জিনিশ্‌ তোক না দিমু। [যররঃ ذره আং+তক হিং]।

জরান্‌=[রা]—ক্রি. একত্র করা॥ আমি শকল্‌কে জরাইছি। [<জড়ান]।

জরিবানা=[রা]—বি. জরিমানা॥ দশ্‌ টাকা জরিবানা কর্‌ছে। [জুর্‌মানহ্‌ جرمانه ফা.]।

জরুয়া=[রং]—বি. রোগী॥ বাড়িত্‌ জরুয়া আছে। [<জর+উয়া প্র.]।

জর্‌মা=[রং]—বি. জন্ম, পয়দা ।। তুই কার্ জর্‌মা তা কাঁয়্ জানে। [<জন্ম+আ প্র.]।

জর্‌মেজে=[রা]—ক্রি. বিণ. কোনদিন, জীবনে ।। জর্‌মেজে কথা শুনিনি শুনি হে কথা। [<জন্মে]।

জর্‌শরি=[রং]—বি. মুখের এক প্রকার ঘা ।। মোর্ মুখত্ জর্‌শরি হচে। [<জর+শারি]।

জর্‌শুট্‌=[রা]—বি জ্বরের সময় ঠোঁটে যে ফোড়া হয় ।। জর্‌শুঁট্ হয়ে মুখ্ ভুবে গেচে। [দেখ জড়্‌শুট্]।

জর্‌শেশ্‌=[রং]—বি. আপদ ।। এটা একটা জর্‌শেশ্।

জলম্‌=[রং]—বি. যুগ, কাল ।। এই কয়টা টাকা মেরে তুই কয় জলম্ খাবি? [<জনম<জন্ম]।

জলম্‌দার্‌=[রা]—বি. গালি বিশেষ ।। [<যুলম ظلم আং+দার دار ফা.]।

জলম্‌দ্যার্য়া=[রা]—বিণ. পেটুক ।। লোক্‌টা আস্ত জলম্‌দ্যার্য়া। [দেখ জলম্‌দার্+ইয়া প্র.]।

জলা=[রা]—বি. নালা, নর্দমা, জল প্রবাহের পথ ।। [<জল+আ প্র.]।

জলাই=[রং]—বি. লোহার বড় পেরেক ।। নৌকা বানাতে জলাই লাগে। [<শলা<শলাকা সং]।

জলান্‌=[রা]—বি. প্রসবের পর নির্গত ফুল ।। [<জলাম <জলাবু প্রাঃ <জরায়ু সং; অর্থ প্র.]।

জলি=[রা]—বি. ধানের শ্রেণীবিশেষ ।। [<জল+ই প্র.]।

জলুক্‌=[দি]—বি. জোঁক ।। এই পুকুরটাত্ খুব জলুক্। [<জলৌকা সং]।

জলুয়া=[রং]—বি. যে দ্রব্য জলে থাকে ।। জলুয়া দল্‌লা উঠাছিশ্ কি?

জলেংগা=[রং]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার ফাঁদ বিশেষ ।।

জলোই=[রং]—বি. তারকাঁটা ।। [দেখ জলাই]।

জলোংগা=[রং]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ।। আজ্ জলোংগায় মাছ্ পড়েনি।

জল্‌চল্‌=[দি]—বি. একসাথে উঠাবসা ।। ওর্ সাথে আগে থেকেই আমার জল্‌চল্ আছে। [ছোঁয়া জল পান করা অর্থে]।

জল্‌জলিয়া=[রা]—বিণ. পাতলা, মিহিন ।। জল্‌জলিয়া কাপড়্ বেশি টিকে না। [অনু.]।

জল্‌তরংগ=[রা]—বি. পায়ের অলংকার বিশেষ।

জল্‌দা=[রং]—বি. অপারগ, বেহায়া ।।

জল্‌দি=[রং]—বি. এক প্রকার রোগ ।। তোর্ হাত্‌গুলায় কি জল্‌দি ঐছে?

জল্‌পান্‌=[রং]—বি. মুড়কি ।। হাট থাকি জল্‌পান্ আইন্য। [অর্থ প্র.]

জল্‌লৈক্যা=[রা]—বি. মরিচ ।। জল্‌লৈক্যা খুব ঝাল্। [<ঝাল+অক+ইয়া প্র.]।

জল্‌শান্‌=[রা]—বি. মুড়িমুড়কি ।। [দেখ জল্‌পান্]।

জল্‌হর্‌=[রা]—বি. একটি ধানের নাম।

জহ্‌রা=[রং]—বি. একপ্রকার বড় ঘা বা ক্ষত ।। জহরা মোর্ এক্‌বার্ হৈছিল্। [যহর زهر ফা.=বিষ]।

জহাতিয়া=[দি]—বিণ. গোপনে সঞ্চয়কৃত ।। তোর্ জহাতিয়া টাকাগুলা কি কর্‌লু?

জহিলা=[রং]—বিণ. অথর্ব ।। এত কম্ বয়শেই জহিলা হল্‌?

জহিলাপড়া=[দি]—বিণ. বেকার, অকর্মণ্য ।। তোর মতন্ জহিলাপড়া লোক্‌দি কোন্ কাজ্ হবে না।

জা

জাইঠ্যা=[রা]—বি. বাঁশ জাতীয় ঘাসের ছোট ছোট ঝোঁপ ।।

জাইহোনে=[রা]—ক্রি. বিণ. যাইয়া তারপর ।। [<যাইয়া+শুনিয়া]।

জাউ=[রা]—বি. খাদ্য সামগ্রী বিশেষ ।। [<যবাগু সং]।

২=[র]—বি. স্বামীর বড় ভাবী, জা ।। [<যাতা, যাতৃ সং]।

জাউই=[রং]—বি. মাঠ ।।

জাউ জাউ=[রং] বি. কলরব, গালি, বকুনি ।। তর্ এত জাউ জাউ শুনিবা না মনায়্। [অনু.]।

জাউনি=[রা]—বি. ক্ষেতে ধানের চারা গজানোর পর দেয় মই ।। [<জাঁত (<জাঁতা=চাপিয়া ধরা)+উনি প্র.]।

জাউন্‌=[রা]—বি. তুষ খড় কুটি ইত্যাদি সহযোগে কাদ করা মাটি ।। দেউল্‌রা জাউন্ করিচে কদিন্ ধরি তায় কি কর্বো। [<জাব (<জবস সং)+উন প্র.]।

জাউর্‌=[রং]—বি. ছোটমাছ ।।

জাউলি=[রা]—বি সাপের বিষ ঝাড়া গীত ।। জাউলি না জান্‌লে বিশ্ ঝারা জায় না। [<জাঙ্গলি সং=সাপুড়ে]।

২=[রা]—বি. কচিঘাস বিশেষ ।। পাট্ খেতে খুব্ জাউলি হৈচে।

৩=[রা]—বি. রোয়া ধানের কচি চারা ।।

জাঐ দেওয়া=[রা]—ক্রি. গাছ একটু বড় হইলে জমিতে মই দেওয়া ।। আউশের্ খেতে জাঐ দিতে হবে। [দেখ জাউনি; জাঁত+মই+দেওয়া]।

জাঐনা=[রা]—বি. আম বিশেষ ।। জাঐনা আম্ খেতে ভাল না।

জাও=[রং,রা]—বি. ননদিনী, জা, স্বামীর বড় ভাইয়ের স্ত্রী ।। [দেখ জাউ] ২

জাওই=[রা]—বি. ছোট মাঠ ॥ [দেখ জাউই]।

জাও জাওয়ানি=[রং]—বি. শ্লোক বিশেষ ॥

জাওটা=[রং]—বি. চিকন বাঁশ বিশেষ ॥ জাওটা বাঁশের উহা দেইশ্। [<জট+উয়া প্র.]।

জাওনি=[রং]—বি. একটি কৃষি পদ্ধতির নাম ॥ [দেখ জাউনি]।

জাওন্=[রা]—বি. দেওয়ালে গাঁথিবার জন্য শুকনা মাটি পানি দ্বারা কাদা-করণ ॥ [জাব (নাম ধাতু)+অন প্র.]।

জাওয়া=[রা]—বি. বাঁশের শ্রেণী বিশেষ ॥

২=[রা]—বি. বীজ পরীক্ষা করণ ॥ ধান্ জাওয়াতে দে।

জাওরা=[রং]—বি. হজম, নষ্ট ॥ তুই কিছু জিনিশ্ জাওরা করিছিশ্। [<জাবর+আ প্র.]।

জাওর্=[রা]—বি. জাবর ॥ গরু জাওর্ কাটে। [<জাবর]।

জাং=[রা]—বিণ. উরু সমান॥ নদিতে জাং পানি। [<জঙ্ঘা]।

জাংগর্=[রা]—বি. বংশ ॥ গরুটার্ জাংগর্ ভালো। [<জন+-বর ?]।

জাংগা=[রা]—বি. মাস্তুল সংলগ্ন দড়ি বিশেষ ॥

জাংগাইল্=[বং]—বি. মাছ ধরার বড় জাল বিশেষ ॥

জাংগারা=[রা]—বি. ভুট্টা ॥ আমরা জাংগারার্ ছাতু খাই।

জাংগাল্=[রা]—বি. ছোট রাস্তা, মাঠের উচুঁ আইল ॥ [<জঙ্গাল সং]।

জাংগি=[রা]—বি. শীম লাউ ইত্যাদি গাছের বাঁশের তৈরী মাচা ॥

২=[রা]—বি. প্যান্ট, জাঙ্গিয়া ॥ ছেলেটা জাংগি পরেছে। [<জাঙ্গ(<জঙ্ঘা সং)+ইয়া প্র.]।

৩=[রং]—বি. লাঙ্গলের অংশ বিশেষ ॥

জাংলা=[রা]—বি. তরকারীর মাচান ॥ লাউ গাছের্ লাগি জাংলা দিতে হবে।

জাংলি=[রং]—বি মাচান ॥ লাউগাছে জাংলি দিতে হয়্।

জাংসাং=[রং]—বিণ. বোকা, অবোধ ॥ তোর্ মত জাংশাং আর্ দেখো না মুই। [অনু.]।

জাঁই=[দি]—ক্রি.বিণ. নষ্ট ॥ কলমটা জাঁই কর্ল কে ? [<যাই ضائع আং]।

জাঁইঠা=[রা]—বিণ. যমজ ॥ এর্ দুই ভাই জাঁইঠা। [জাঁই <যমজ+ঠা <স্থ √স্থা]।

জাঁই তাঁই=[রা]—বিণ. যেই সেই ॥ [জহাঁ তহাঁ হিং]।

জাঁইতা টাকি=[রা]—বি. টাকি মাছ বিশেষ ॥ জাঁইতা টাকির্ ভর্তা খাইতে ভাল। [জাত+ইয়া প্র.+টাকি (মাছ বিশেষ)]।

জাঁউলি=[দি,রা]—বি. আম কুড়াইয়া রাখার জন্য দড়ির তৈরী জাল বিশেষ ॥ শে এক্ জাউলি আম্ লিয়ে এল। [<জাল+ই প্র.]।

জাঁঐ=[রা]—বি. ফুপা, জামাই ॥ লাজ নাই জাঁঐ ভাতারির্। [<জামাই]।

জাঁওই=[রা]—বি. জামাই ॥ বুড়ি-তোর্ জাঁওই অ্যাল্ গাজা নিয়া। [<জামাই]।

জাঁওইন্=[রা]—বি. জমির এক প্রকার চাষ ॥

জাঁওন্=[রা.দি]—বি. দেওয়াল দিবার জন্য তৈরী নরম কাদা মাটি ॥ [দেখ জাউন্]।

জাঁওর্=[রা]—বি. বংশ ॥ তোর্ জাঁওরের্ দেশ্ ঠা না হলে একাজ্ করিশ্ ? [<জমর <জরম <জনম <জন্ম সং]।

জাঁকান্=[রা]—বি জামাই ॥ [<জামাইক<জামাতৃক+আন প্র.]।

জাঁকি আসা=[রা]—ক্রি. বিণ. ঝগড়া করিবার জন্য তৈরী হইয়া আসা ॥ তারা দল্ বেঁধে জাঁকি এসেছে। [<জাঁকিয়া আসা]।

জাঁকৈ=[রা]—বি. বাঁশের তৈরী তিন কোনা বিশিষ্ট মাছ ধরার উপকরণ বিশেষ ॥

জাঁকোই=[রা]—বি. ছোট মাছ ধরিবার হাতিয়ার বিশেষ ॥

জাঁক্=[রা]—বি. গালি গালাজ, অকথ্য ভাষা ॥ তুই জানিয়া কিশের্ জাঁক্ পাড়িশ্ ? [অর্থ প্র.]।

জাঁক্ড়া=[রং]—বিণ. লম্বাচুল বিশিষ্ট॥ অমুক্ এক্টা জাঁক্ড়া। [<ঝাঁকড়া]।

জাঁতু=[রা দি]—বি. পানি সেচার কাঠের তৈরী সেঁওতি ॥ জাঁতু না জুড়্লে জান্ বাঁচ্বে না। [যন্ত্র সং]।

জাঁন্=[রা]—বি. মাছ ধরার ফন্দি বিশেষ ॥

জাঁয়ৈ=[বং রা]—বি. জামাই ॥ মেয়ের্ জাঁয়ৈ আশুছে। [<জামাই]।

জাঁর্=[রং]—সর্ব. যে ব্যক্তি ॥ জাঁর্ জায়্ জাউক্ মুই না জাও। [<যারা <যাহারা]।

জাকড়্ দেওয়া=[দি]—ক্রি. চুক্তিতে ধার দেওয়া ॥ [জাকড় হিং+দেওয়া]।

জাকন্=[রং]—বি. আবর্জনা ॥ জাকন্গুলা শাপ্টে ফ্যাল্।

জাকাতি=[রং]—বি. দানের দ্রব্য ॥ তুই জাকাতি মানত্ নেইছ্ না। [< যকাত زکوة আং+ই]।

জাকিয়া=[বং]—অস. ক্রি. রাগিয়া, ত্যক্ত হইয়া ॥ কথা কৈতে না কৈতে জাকিয়া উঠিলুজে। [ঝাকিয়া]।

জাকির্=[দি]—বি. সেতু ॥ [জামির <জম্বীর সং]।

জাকৈ=[রং]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ ॥ [দেখ জাঁকৈ]।

জাকোড়্ থাকা=[রা]—ক্রি. টাকা পয়সা বা অন্য কিছু মৌজুদ থাকা ॥ [দেখ জাকড়্ দেওয়া]।

জাকোন্=[বং]—বি. টুকরা টুকরা বাঁশ একসঙ্গে গাঁথিয়া তৈরী উপকরণ ॥ জাকোন্ দিলে গোছলের্ শুবিধা হয়্।

জাক্লা=[রং]—বি. এক বাঁশের মই ॥ জাক্লায় কি হবে ?

জাগন্=[রা]—বি. ধান বিশেষ ॥

জাগিল্=[দি]—ক্রি. বিণ. জাগ্রত ॥

অনেক্ রাইতে জাগিল্ থাইনু। [<জাগ +ইল প্র.]।

জাগ্ আশা=[রা]—ক্রি. পাট ছাড়াইবার সময় হওয়া ॥ পাটের্ জাগ্ আশ্‌ছে তুতে হবে। [<জাগ+আসা]।

জাগ্ দেওয়া=[রা]—ক্রি. গাছের পাতা দিয়া আম ঢাকিয়া রাখা এবং এইরূপে পাকান॥ জাগ্ দেওনাইল্ আমের্ কত দাম্?

জাগ্‌না=[রং]—বি. জাগিয়া থাকা 'ঘুম না আসার অবস্থা ॥ এত জাগ্‌না শরিলে শয়্? [<জাগ্ সং+না প্র.]।

জাজ্‌জিলিমান্=[বা]—বিণ. ধ্রুব সত্য ॥ তুই জাজ্‌জিলিমান্ মানুশ্‌টাথাকৃতে একাম্ কেমন্ করে হল। [জাজল্যমান]।

জাড়ুয়া=[রা]—বিণ. শীত যাহার অসহ্য বা ভয়ের কারণ ॥ তুই এমন্ জাড়ুয়া একটু জাড়েই কাঁপিশ্। [<জাড়<জাড্য সং; জাড়া হিং+উয়া প্র.]।

জাতাম্=[রা]—বিণ. খুব ॥ চোর্‌টাকে জাতাম্ মারা মেরেছে। [<জাঁত (<জাঁতা=চাপিয়া ধরা)+আম প্র.]।

জাতোন্=[রা]—বিণ. ভাল জাতের ॥ জাতোন্ গাইয়ের্ বকন্ বাছুর্। [<জাত+ওন প্র.]।

জাত্‌তক্=[রা]—বি. প্রসব॥ বাড়িতে জাত্‌তক্ হৈয়াছে। [<জাত+ক]।

জাত্‌মত=[রা]—ক্রি. বিণ. ঠিকমত ॥ জাত্‌মত কাম্ করো। [<জাত+মত]।

জাদাং=[রা]—বিণ. বোকা, বাদামী, বিশ্রী ॥

জাদ্=[রা]—বি. মাথার অলঙ্কার বিশেষ ॥ [<জ'আদ جعد আং: অর্থ প্র.]।

জানা=[রা]—বি. নাসিকা, নাক ॥ [<ঘোনা সং (?) কিংবা ঘ্রাণ সং (?) সং]

জানানি=[রা]—বি. বিয়ের পর পাত্রীর বাড়ীতে ভোজোৎসব ॥ জানানিতে বহুলোক্ হয়েছিল। [<জানানো]।

জান্=[রং]—বি. মাছমারার ফাঁদ বিশেষ ॥ জানে মাছ্ ক্যামন্? [<ঘোনা (?)]।

২=[রা]—বি. মাছ ধরিবার জন্য খালের মধ্যে উচঁু বাঁধ ॥ [অর্থ প্র.]।

৩=[রং]—বি. জলনিকাশের রাস্তা ॥ [<যান; অর্থ প্র.]।

জান্‌মাল্=[দি]—বি. জঞ্জাল ॥ [<জঞ্জাল হিং]।

জান্‌টুমান্=[রং]—বি. অবস্থাশালী ॥ ওম্‌রা (উহারা) খুব্ জান্‌টুমান্ গিরগত্। [<gentleman ইং]।

জান্‌দরাল্=[বা]—বি. যোগ্য ॥ তোর্ মত জান্‌দরাল্ আর্ কে আছে? [<জাঁদরেল<general ইং]।

জাফা=[বা]—বিণ. বাড়তি॥ শম্পত্তি ওগে হলে পর্ জাফা জমি বড় ভাইজ্‌কেই দেয়া হয়্। [<ইযাফঃ ايضافه আং]।

জাফোত্=[বা]—বি. দাওয়াৎ, নিমন্ত্রণ ॥ [<যিয়াফত ضيافت আং]।

জাবড়্=[দি]—বি. জমিতে দ্বিতীয় চাষ ॥ জমিটাত্ জাবড়্ দেওয়া লাগ্‌বে।

২=[বা,রং]—বি. ময়লা, আবর্জনা ॥

জাবর্‌শাইল্=[বং]—বিণ. গণ্ডগোলে, ভেজাল ॥ তোর্ এই শব্ জাবর্‌শাইল্ কথা ছাড়েক্।

জাবাড়্=[বা]—বি. বোরো ধানের জমিতে কাদা করণ ॥ জমিতে এখন্ জাবাড়ের্ জো হয়েছে। [<জাব+ড়; অর্থ প্র.]।

জাবাড়্ দেওয়া=[রা]—ক্রি. গলা পর্যন্ত পানিতে ডুবাইয়া রাখা ॥ গরমের্ দিনে গলা জাবাড় দি থাক্‌তে বেশ্ আরাম্।

জাবার্=[দি]—বি. চতুর্থবার জমির চাষ ॥ [দেখ জাবাড়]।

২=[রা]—ক্রি. জমি সমান করা ॥ জমিতে জাবার্ দাও, ধান্ লাগাতে হবে। [দেখ জাবাড়্]।

জাবার্ দেওয়া=[বং, রা]—ক্রি. পচানো ॥ জাবার্ দেলে মাটিতে ফশ্‌ল্ ভাল হয়্। [দেখ জাবাড়্]।

জাবিদা=[রং]—বি. নির্দিষ্ট, স্থায়ী, একান্ত নিজস্ব ॥ তোর্ কি এটা জাবিদা নদি জে আর্ কাঁহো আশ্‌বে না? [<জাব়েদ جاوید ফা. অথবা যাবিতঃ ضابطه আং]।

জাব্‌ড়া=[দি,রং]—বি. আবর্জনা ॥ [<জাব+ড়া; অর্থপ্র.]।

জাব্‌রা=[বং]—বি. জঙ্গল, আবর্জনা ॥ আইগ্‌নার্ জাবুরাগুলা শাপ্‌টি ফ্যালাতো জাই।

জাবুর্=[বা]—বি. খড় ইত্যাদির আবর্জনা ॥ জাবুর্ দিয়ে মাছ্ ঢাকিছে। [দেখ জাবুরা]।

জাব্‌কলা=[রং]—বি. কাচাকলা ॥ জাব্‌কলা রোগির্ পৈথ্‌ত।

জাব্‌ড়া=[রং]—বি. আবর্জনা ॥ [দেখ জাবুরা]।

জাব্‌ড়ান্=[রা]—ক্রি. মাখান ॥ ছাওযাটা মুখত্ কালি জাব্‌ড়াছে। [<জাবড়+আন প্র.]।

জাব্‌রা=[বং,বা]—বি. খড়কুটা, আবর্জনা ॥ জাব্‌রা দিয়া রান্না করা জায়্।

২=[বা]—বিণ. অপরিষ্কার ॥ তুই এত জাব্‌রা খাওযা খাশ্ ক্যা? [পূর্বে দেখ]।

জামাইর্=[বং]—বি. বড় লেবু ॥ [<জামির<জম্বীর সং]।

জামা জোড়া=[বং]—বি. পোশাক পরিচ্ছদ ॥ জামাজোড়া পিন্‌দি কোন্‌ঠে জাবো? [<জামহ جامه ফা.+জড়োয়া<জড়াউ হিং]।

জাম্=[দি]—বি. কাঁসার বড় বাটি বিশেষ ॥ জাম্ বাডিত্ "করে ডাল্ বাড়িশ্। [<জাম جام ফা.]।

জাম্‌খোরা=[রা, দি, রং]—বি. বড় বাটি, গামলা ॥ জাম্‌খোরাত্ বেশি করে ছালন্ লও। [দেখ জাম্+খোরা সহ শব্দ; ক্ষুদ্রার্থে খুরি; খোর হিং]।

জাম্টিয়া=[রং]—বি. যমজ ॥ এই ছাওয়া দুইটা জাম্টিয়া। [দেখ জাঁইঠা +ইয়া প্র.]।

জাম্বুরা=[রা]— বি. কাঠ হইতে কাঁটা তোলার লোহার অস্ত্র বিশেষ ॥

জামির্=[রা]—বি. কমলা ॥ রংপুরে জামিরের্ আবাদ্ আছে। [<জামির <জম্বীর সং]।

জামাল্ কোঠা=[রা]—বি. বৃক্ষ বিশেষ ॥ জামাল্ কোঠা নিয়ে আয়ুত মেশ্ওয়াক্ কর্বু।

জাম্লা=[দি]—বি. বাজার করিবার থলি বা ব্যাগ ॥ বাজার্ করা জাম্লাটা দাও। [যনবীল زنبیل ফা.]।

জাম্লি=[রং]—বি. ঝোলা ॥ এক্ জাম্লি খরচ্তন্ নিছু মুই।

জায়ন্=[রা]—বি. ঘরে দেওয়াল দিবার কাদামাটি ॥ [দেখ জাউন্]।

জায়েল্=[রা, দি]—বি. ঝড়, ঝড়ো হাওয়া ॥ জায়েল্ আশ্ছে।

জায়্=[রং]—সর্ব. যে ॥ [<যে]।

জায়্তায়্=[রং]—সর্ব. যে সে, সকলে ॥ জায়্তায়্ এই কথা কৈছে। [<যাহা তাহা]।

জায়নামাজ্=[রা]—বি. নামায পড়িবার বিছানা ॥ নামাজের্ নাম্ নাই জায়নামাজের্ বায়্না। [<জায়নমায جاۓ نماز ফা.]।

জারা ধরা=[রং]—ক্রি. মরিচা ধরা ॥ কুড়াল্টাত্ জারা ধর্ছে। [<যংগার زنگار ফা.+আ প্র.]।

জারি=[রং]—বি. বিলাপ, গান বিশেষ ॥ [<যারী زاری ফা.]।

জারুয়া=[রং]—বি. অবৈধ সন্তান, যে উপপতির গর্ভ জাত ॥ [<জার+উয়া প্র.]।

২=[দি]—বিণ. খারাপ, নোংরা ॥ আর্ জারুয়া কথা কহিবু তে মুখ্ ভাংগি দিম্। [পূর্বে দেখ]।

৩=[দি]—বিণ. শীতকালীন ॥ ওর্ মুখত্ খুব জারুয়া ঘা হৈছে। [<জাড় (<জাড্য সং)+উয়া প্র.]।

জারে যাওয়া=[রা]—ক্রি. জীর্ণশীর্ণ বা কাহিল হওয়া ॥ তোর্ কতায়্ মোর্ কলুজা জারে গেচে।

জার্যা=[রা]—বিণ. জর্জরিত ॥ তর-কারি নুনে জার্যা। [দেখ জারে যাওয়া]।

জার্=[রা]—বি. শীত ॥ জারের্ দিনে পিঠা খাইতে আরাম্। [<জাড় <জাড়া হিং<জাড্য সং]।

২=[রং, রা]—বি. কলঙ্ক, গ্লানি ॥ এই দুনিয়ায়্ কার্ বা জার্ নাই ? [<জার (উপপতি) ; অর্থ প্র.]।

জার্ পার্=[রং] — বি. কলঙ্ক বিশেষ, গ্লানি বিশেষ ॥ এই দুনিয়ায়্ কার্ জার্ পার্ নাই ? [দেখ জার্ ২+পার (অনু:)]।

জার্রা=[রং]—বিণ. অতিসামান্য, স্বল্প ॥ [<যররঃ ذرہ আং]।

জালট্=[রা]—বি. আখের খোসা ॥

জালা=[রা]—বিণ. কচি ॥ [জালক সং]।

জালি=[রা]—বি. ঢাকনী, বাঁশের সরু বেতের তৈরী খাবার ঢাকনী ॥ [<জাল+ই ক্ষুদ্রার্থে]।

২=[রা, রং]—বি. পয়সা রাখার ক্ষুদ্র থুলি বিশেষ ॥ কোমরত্ বান্দে লে জালিডা। [<জাল+ই প্র.]।

জালুম্=[রা]—বিণ. সম্পূর্ণ ॥ জালুম্ মিথ্যা কথা একাজ্ আমি করিনি। [<যুলম ظلم আং ; অর্থ প্র.]।

জালুয়া=[দি]—বি. জেলে ॥ এই জালুয়া তুই মাছ্ বেচিবু ? [<জাল +উয়া প্র.]।

জালোই=[রা]—বি. রস ইত্যাদি জাল দিবার মাটির পাত্র ॥ [<জালা +ই প্র.]।

জাল্কো=[রা]—ক্রি. বিণ. যেমন করে ॥ জাল্কো করে পার্ তেমন্ করে কর।

জাল্মাছ্=[রা]—বি. চিংড়ি মাছ, চিংড়ি মাছ ॥ বেশি জাল্মাছ্ খাওয়া ঠিক্ না।

জাল্শা=[রং]—বি. আবরণ, মাকড়-সার জাল ॥ ঐখান কিশের্ জাল্শা গাওত্ লাগিছে বাহে।

জাহাতাহা=[রং]—ক্রি. বিণ. যেখানে সেখানে ॥ জাহাতাহা হাট্খোলা না খায়েক্। [জহঁা তহঁা হিং]।

জাহাদি=[রং]—বি. একপ্রকার বড় বাতাবি লেবু ॥ হোটা কিন্তু শুন্দর্ জাহাদি।

জাহান্=[রং]—বি. প্রাণ, জীবন, জান্ ॥ তর্ লাগি মুঁই জাহান্ দিম্। [<জান جان ফা.]।

জাহান্ খাওয়া=[রং]—ক্রি. শরীর নষ্ট করা, জীবন খোয়ানো ॥

জাহান্ শেশ্=[রং]—বিণ. শরীর দুর্বল ॥ তুই একটা জাহান্শেশ্ মানুশ্। [দেখ জাহান্+শেষ ; অর্থ প্র.]।

জাহিলা=[দি, রা]—বিণ. দুর্বল ॥ মান্-শিটা খুব জাহিলা হছে। [দেখ জহিলা]।

জি

জি=[দি]—বিণ. যেমন, যেরূপ ॥ লোক্টা জি করিনা ওঁর্ দিবি টাকা ? [<যে]।

২=[রং]—অব্য. সম্ভ্রমসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ ॥ মামাজি বশেন্। [জীব <জীব সং]।

৩=[রং]—বি. জীবন, মন, প্রাণ ॥ আমার্ জিয়ের্ ভিতর্ কেমন্ কর্ছে। [<জীব=জীবন]।

জিউ=[রং]—বি. জীবন, প্রাণ ॥ কথাডা শুনিয়া তোর্ জিউডা জে গেছিল্ একেবারে। [দেখ জি৩]।

২=[রা, দি]—বি. মন ।। [পূর্বে দেখ]।

জিউ দিয়া=[রা]—ক্রি. বিণ. প্রাণ উৎসর্গ করিয়া ।। এত জিউ দিয়াও তাহার্ মন্ পাইলাম্ না। [দেখ জি৩+দিয়া]।

জিউলোচা=[বা]—বি. বিরহদশার অস্থিরতা ।। [<জীব+নচা হিং= জীবন ব্যতিব্যস্ত করে যে বা যাহা]।

জিওইল=[রা]—বি. শিঙিমাছ ।। [<জিয়ল]।

জিওনি=[বা]—বি. যাহারা মাছের ব্যবসা করে ।।

জিওন্=[রং]—বিণ. দীর্ঘকাল জিয়াইয়া রাখা ।। জিওন্ মাছ্ খাইতে ভাল লাগে। [<জীনা হিং<√জী সং]।

জিওন্ কুন্ডু=[রা]—ক্রি.বি. মৃত্যুর আগেই নিজ আত্মার সৎকার করণ ।। [<জীবন+কুণ্ড]।

জিওলা=[রা]—বি. কঞ্চি ।। [<জিঙ্গল]।

জিংগি চামচ্=[রা]—বি. চা চামচ ।। দে তরে তোহারগে জিংগি চামচ্ টা। [<ঝিনুক+ই+চামচ]।

জিঁয়ানা=[রা]—বি. বড় বড় মাছ ধরার ছিপ জাতীয় যন্ত্র বিশেষ ।। আরে শালা, এই খানে জিঁয়ানা পাত্। [দেখ জিওন্+আ প্র.]।

জিক্=[রা]—বি. চুলার তিন কোনের উঁচু মাটির ঢিলা ।। জিকের্ উপ্রে পাইলা বোয়ায়্। [<ঝিঁক]।

জিগরি=[রা,রং]—বি. নাড়িভুঁড়ি ।। খাশির্ জিগরি খেতে ভাল। [<জিগব جگر ফা.+ই]।

জিগা=[রা,রং]—বি. জিয়ালা বা জিউনি গাছ ।।

জিগিরি=[দি]—বি. নাড়িভুঁড়ি ।। ছুরির্ গুতা দি পেটের্ জিগিরি বাইর্ করিছে। [দেখ জিগরি]।

জিগির্=[রা]—বি. কলরব, ধুয়া, এক কথা বার বার বলা ।। জিগির্ ধরালি কেন্? [<যিকর ذکر আং]।

জিগ্নি=[রং]—বি. এক প্রকার গাছ্ ।। এই জিগ্‌নিঠা মোর্ ভাগত আছে।

জিটি=[বা]—বি. টিক্‌টিকি ।। [<জ্যেষ্ঠ]।

জিটে=[রং]—ক্রি.বিণ. যেখানে।। জিটে শিটে মোক না কয়েজাশ্ কেনে? [<যে ঠাঁই]।

জিতাদম্=[রং]—বি. প্রাণ স্পন্দন, জীবন ।। জিতাদম্ থাক্‌তে একায়্ করো নায়্। [<জেতা হিং+দম دم ফা.]।

জিদ্দি=[রং]—বি. নির্বন্ধ ।। [<যিদ্দ ضد আং+ই প্র.]।

জিনাহ্=[রা]—বি. বড়শির টোপ বা আধার। [দেখ জিঁয়ানা]।

জিন্=[রা]—বি. মজুরী ।। ধান্ ভাংগাব্ জিন্। [<জীনা হিং=বাঁচা]।

জিন্নি=[রা]—ক্রি.বিণ. খুব বেশী ।। তরকারিতে লবন্ জিন্নি পড়েছে।

জিভ্‌রা=[রা]—বিণ. প্রাণভরা, পছন্দসই ।। বলদ্ জোড়াডা আমার্ খুব্ জিভরা ঐছে। [দেখ জিভ+ভরা]।

জিভালি=[রা]—বি. খেজুর রস নামানোর জন্য ব্যবহৃত বাঁশের যন্ত্র বিশেষ ।। জিভালি ঠিক্ না থাক্‌লে রশ্ গাছ্ চুঁয়ে পড়বে।

জিমিন্‌দে=[রা]—ক্রি. বিণ. যে দিক দিয়া ।। জিমিন্‌দে খুশি জারে বাপু। [<যেমন দিয়া]।

জিম্‌কা=[রা]—বিণ. যে রকম ।। জিম্‌কা লোক্ ঠিক্ করিচু। [যেমন+কা স্বার্থে; তুঃ আজিকা কালিকা]।

জিয়নি=[রং, রা]—বি. যাহাতে জমা রাখা হয় ।। [দেখ জিওন্+ই প্র.]।

জিয়ন্=[রা, রং]—বি. জীবন ।। [<জীবন]।

জিয়াত্=[রং]—বি. ফসল ।। জিয়াত্ এবারে ভাল হয়েছে। [<জিরাত <যরা'আত زراعت আং]।

জিয়ানা=[রা]—বি. কই মাগুর ইত্যাদি মাছ ।। এই পুখুরোত্ জিয়ানা মাছ্ নাই। [দেখ জিওন্+আ প্র.]।

জিয়ালা=[রং]—বি. বড়শীতে দেওয়া জ্যান্ত মাছের টোপ ।। জিয়ালাতে কি মাছ পড়েছে? [<জীব+আলা প্র.]।

২=[রা]—বি. তাজা মাছ পানিতে রাখার পাত্র বিশেষ ।। [পূর্বে দেখ]।

জিয়ালি=[রা]—বি. মাছ ব্যবসায়ী। [দেখ জিওনি]।

জিয়াশোশ্=[রা]—বি. স্ত্রীর বড় বোন ।। [<জেঠশাশ<জ্যেষ্ঠশ্বশ্রূ]।

জিরাইত্=[রং]—বি. ক্ষেত ।। জিরাইত্ খান্ তোর্ গাত্ লাগে না জে। [দেখ জিয়াত]।

জিরাইত্ বাড়ি=[রং]—বি. শস্য ক্ষেত্র বিশেষ ।। তোর্ চোখ্ নাই, জিরাইত্ বাড়ি দিয়া হাটিছ্? [দেখ জিরাইত্+বাড়ী]।

জিলাই=[রা]—বি. আপদ ।। [দেখ জিল্লতি]।

জিল্লতি=[ঢা, কু,ম]—বি. হয়রানী, নীচতা, আত্মলাঞ্ছনা ।। চাকুরি করা জিল্লতি। [<যিল্লত ذلت আং+ই প্র.]।

জিল্লিক্=[রং]—বি. বিদ্যুৎ ।। আকাশে জিল্লিক্ দিতাছে। [<ঝিলিক]।

জু

জুআনি=[রং]—বিণ. যুবক ।। জুআনি ব্যাটা। [<জওয়ান جوان ফা.+ই প্র.; তুঃ যুবন্ সং]।

জুআনো=[রা]—ক্রি. সহ্য হওয়া ।। [<যোগ+আনো প্র.]।

জুংড়া=[রা]—বি. মাছ ধরার সরঞ্জাম বিশেষ ।।

জুংলি=[রা]—বি., বিণ. নোংরা, অসভ্য ।। [<জংলি <জঙ্গল]।

জ্কিল্=[রং]—বিণ.সমান, সমকক্ষ ॥ তোমার্ জুকিল্ কি মোরা। [<জোখ <জোখনা+ইল প্র.]।

জ্ক্তি=[রং]—বি. জোয়ালের মাঝখানে লাঙ্গল আটকাইবার জন্য ব্যবহৃত রশি ॥ [<জোত<যোক্ত্র সং]।

জ্খিয়া=[রং]—ক্রি. বিণ. ব্যাপিয়া॥ শারা ময়াল্ জুখিয়া এমুন্ মানুশি নাই। [মূল অর্থ ওজন করিয়া, মাপিয়া]।

জ্গা=[রং]—বি. গরুর গাড়ীর জোয়াল ॥ জুগাতে গরু জুত্। [<যুগ]।

জ্গি=[রা]—বি. ময়রা ॥ জুগির্ ঘর্ থাকি এক্শের্ রশগোল্লা আনো। [<যোগী; অর্থ প্র.]।

২=[রং]—বি. যারা চুন বিক্রি ও তৈরি করে ॥ [পূর্বে দেখ]।

জ্গ্জ্গ্=[রা]—বি. অব্য. কবুতরের শব্দ ॥ কবুতর্ ডা জুগ্জুগ্ করছে। [ধ্বন্য]।

জ্গ্নি=[রা—বিণ. অতিভোজী ॥ লোক্টা বড় জুগ্নি। [<যোগিনী]।

জ্গ্লট্=[রা]—বি. সর্বনাশ ॥ [<জগ্ (<জগৎ)+লুট্ (<লুণ্ঠন); দেখ জগ্লুট]।

জ্টকি=[দি]—বি. গাড়ী জুড়িবার কালে গরুর গলায় বাঁধিয়া দেওয়া রশি ॥ [দেখ জুক্তি]।

জ্ত্=[দি]—ক্রি. বিণ. শায়েস্তা ॥ মেয়ে জুত্ করে দিব। [<যুক্ত=উপযুক্ত]।

২=[রং]—বি. কায়দা ॥ এলাজেন্ (এখন তবে) মার্বার্ জুত্ হচে। [পূর্বে দেখ]।

৩=[রা]—বি. মেরামত ॥ ঘড়িটা জুত্ কর্তে হবে। [দেখ জুত্]।

জ্ত্ করা=[রা]—ক্রি. মেরামত করা ॥ মোর্ জুতা জুত্ কর্তে হবে। [দেখ জুত্+করা]।

জ্ত্ পালে জোলা মর্দ=[রা]—সুবিধা পাইলে বোকাও বাহাদুর (প্রবাদ হয়) ॥ [দেখ জুত্+পাইলে+জোলা+মর্দ مرد ফা.]।

জ্দা ভাত্=[রং]—ক্রি.বিণ. পৃথগন্ন॥ অবা জুদাভাত্ হৈচে। [<জুদা جدا ফা.+ভাত]।

জ্নি=[রং]—বি. স্ত্রী বিড়ালের লিঙ্গ ॥ [<যোনি]।

জ্মা=[রা]—ক্রি. খাওয়া ॥ [তুং জিমানা হিং]।

২=[রা]—ক্রি. উপস্থিত হওয়া ॥ [<জমা <জম্'আ جمع আং]।

জ্ম্ব্=[রা]—বিণ. খুব ভারী ॥ জুম্বু পাথর্। [অনু.]।

জ্য়া=[রং, রা, দি]—বি. জোয়াল ॥ [<যুগ সং]।

জ্য়ানা=[রা]—বিণ. বিধেয়, অনুকূল ॥ [<যোগ+আনা প্র.]।

জ্য়ান্যা=[রা]—বি. গরু ছাগলের কামোত্তেজনা॥ [দেখ জোয়ানো+ইয়া প্র.]।

জ্য়ানো=[রা]—বি. পশুর কামভাব হওয়া ॥ ছাগল্টা জুয়াছে পাঁঠা খুঁজতে হবে। [<যোগানো]।

জ্রা=[রং]—বিণ. ঠাণ্ডা ॥ জুরা ভাত্ মুই খাবার্ না পাও। [<জুড়ান]।

জ্রি=[দি]—ক্রি. বিণ. জুড়িয়া ॥ এই আত্রাফ্ জুরি ওর্ নাম। [<জুড়িয়া]।

জ্র্কুট্ মারি=[রং]—ক্রি. বিণ. সদর্পে॥ খুব্ জুর্কুট্ মারি আয়েক্। [<যোর زور ফা. +খোঁটা (<কূট সং)+মারিয়া]।

জ্লংগি=[রং]—বিণ. বোকা, জোলা ॥ ঐ বেটাছোয়াটা এক্কেবারে জুলংগি।

জ্লি=[রং]—বি. বোকা, অচতুর ॥ তুই এক্টা জুলি দেখোঁজে। [জোলা+ই স্ত্রী; জোলা=বোকা; দেখ জুলুহি]।

২=[রা]—বি. ডোবা, গর্ত ॥ [<জোল+ই প্র.ক্ষুদ্রার্থে; তুং নয়ানজুলি]।

জ্লি পাগার্=[রং]—বি. জল সরিবার অল্প গভীর গর্ত বা খাল ॥ [দেখ জুলি২+পাগার<পগার]।

জ্ল্ংগি=[দি]—বি. জানালা ॥

জ্ল্দান্=[রা]—বি. থালা ॥ [<জুয্‌ব جزو আং+দান دان ফা.; অর্থ প্র.; মূল অর্থ থলি]।

জ্ল্পি=[রা]—বি. জিলাপী ॥ তার্ পেটে জুল্পির্ প্যাচ্ ভরা। [<জলিবী হিং]।

জ্ল্হি=[রং]—বি. বোকা (মেয়ে) ॥ তুই এক্ঠা জুল্হি দেখোঁজে। [জোলাহা হিং জোলহ جولاه ফা.+ই প্র.]।

জে

জেই জেটে=[রং]—অব্য. যে যেখানে ॥ জেই জেটে জাবো জল্দি ফিরি আয়েক্। [<যে যে ঠাঁই]।

জেইটানি=[রং]—বি. স্ত্রীর বড় বোন॥ মুই জেইটানির্ বাড়ি জাঁও। [<জ্যেষ্ঠ+আনি প্র.]।

জেইটে=[দি]—ক্রি.বিণ. যেখানে ॥ [<যেঠাঁই]।

জেও=[রং]—সর্ব. যে ॥ জেও কথা শেও কাজ্।

জেওয়াই=[রং]—বি. বাজার সওদা আনিবার ভাণ্ড ॥ [জেব جيب ফা.< আং+আই প্র.]।

জেকিশ্=[রা]—ক্রি.বিণ. যতটুকু ॥ জেকিশ্ পাশ্ জেক্মা কর্। [<যাহাকিছু]।

জেটে=[রং]—সর্ব. যাহা ॥ জেটে ইচ্ছে শেটে নে। [<যেটা]।

জেঠেই শেঠেই=[রং]—ক্রি.বি.যেখানেই ॥ জেঠেই শেঠেই ছ্যাব্ ফেলাইশ্ ক্যা? [<যে ঠাঁই সেঠাঁই]।

জেঠ্যা=[রা]—বি. ধানের রোগ॥ ধানে জেঠ্যা লাগ্যাছে। [<জেট+ইয়া প্র.]।

জেড্ বাংগালা=[রং]—বি. এক ঘরের সঙ্গে তৈয়ারী আর এক ঘর ।। ধনি মানুশেরা জেড্বাংগালা তোলে। [<জোড় + বাংলো bungalow ইং]।

জেত্তি=[রা]—ক্রি. বিণ. যেদিকে।। জেত্তি দুচোখ্ জায় চলে জাম্ । [< যেদিক্]।

জেদি=[রং]—ক্রি. বিণ. যেদিক্ ।। জেদি ইচ্ছে শেদি জাএক্ । [< যেদিক]।

জেদিগি=[রা]—ক্রি. বিণ. যেদিকে।। জেদিগি মনায় শেদিগি জা । [< যেদিকে]।

জেন্ঘড়ি=[রং]—ক্রি. বিণ. যখন ।। জেন্ঘড়ি আইল্ তেন্ঘড়ি গেইল্ । [<যখন ঘড়ি]।

জেন্তি=[রং]—ক্রি. বিণ. যেদিকে।। জার্ জেন্তি ইচ্ছা জাও । [<যে খান দিয়া]।

জেয়াপত্=[রং]—বি. দাওয়াত, আমন্ত্রণ, নিমন্ত্রণ ।। হামাক জেয়াপত্ দিছে। [<যিয়াফত ضيافت আং]।

জের বের্=[রং]—বি. অত্যাচার, অনুনয়বিনয় ।। [যের বার زیربار ফা. =অতিরিক্ত ঋণগ্রস্থ হওয়া, ব্যতিব্যস্ত হওয়া]।

জেলা=[দি]—ক্রি. বিণ. যেই সময়, যখন ।। তে জেলা ভাত্ খাইশ্। [<যে বেলা]।

জ্যা

জ্যাউন্=[রা]—বি. দেয়ালের মাটি রাখার জায়গা ।। [জাব + অন প্র.]।

জ্যাওশ্=[রা]—বি. স্ত্রীর বড় বোন ।। হামার্ জ্যাওশ্ বাড়ি নাই। [<জ্যেষ্ঠ + শ্বশ্রূ]।

জ্যাংগা=[রা]—বি. হাফপ্যাণ্ট ।। [দেখ জাংগি]।

জ্যাংগাল্=[রা]—বি. সড়ক, রাস্তা ।। [দেখ জাংগাল্]।

জ্যাউন্=[রা]—বি. কাদাযুক্ত মাটি ।। [দেখ জাওন্]।

জ্যাতা=[রা]—বিণ. জীবিত ।। মাছ-গুলি জ্যাতা। [দেখ জিতাদম]।

জ্যাহাদার্=[রা]—বিণ. খুব লম্বা চওড়া ।। লোক্টি কি জ্যাহাদার্। [<জাহাঁদার جهاندار ফা.]।

জ্যাক্ড়া=[রং]—বিণ. যে কথা শুনে না ।। চ্যাংড়াটা খুব্ জ্যাক্ড়া।

জ্যাখি=[রা]—বি. ছেলেদের মাছ মারণ ।।

জ্যাট্পৈত্=[রং]—বি. বড় ভায়রা ভাই ।। হামার্ জ্যাট্ পৈতের্ বাড়ি জাব। [জ্যেষ্ঠাপতি]।

জ্যাতো=[দি]—বিণ. যত ।। জ্যাতো ধন্কড়ি ত্যাতো মানুশ্ নাই। [<যত]।

জ্যাদোন্=[রং]— বিণ. যেরূপ ।। তুই জ্যাদোন্ মানুশ্ তোর্ ত্যামন্ শাজা হৈল্। [<যে ধরণ]।

জ্যানাম্যানা=[রা]—বিণ. যাহা তাহা ।। জ্যানাম্যানা কথায় কাজ্ হবেনা। [< যেন তেন<যেমন তেমন]।

জ্যান্কালে=[রং]—ক্রি. বিণ. যখন ।। জ্যান্কালে আলো ত্যান্কালে গ্যালো। [<যেহেন কালে]।

জ্যান্দর্=[রা]—বিণ. অপরিষ্কার ।। বাড়িঘর্ জ্যান্দর্ হয়ে আছে।

জ্যাব্=[রং]—বি. পকেট ।। জ্যাবের্ মধ্যে ট্যাহা আছে। [<জয়ব جيب আং হইতে ফা. জেব]।

জ্যামারি=[রং]—বি. যোগান ।। মুই দুধ্ জ্যামারি করছু।

জ্যালা=[রং]—ক্রি. বিণ. যখনি ।। তুই জ্যালায় আশিবু মুই শ্যালায় জাম্। [<যে বেলা]।

জ্যাল্জ্যাল্=[রা]—বিণ. পাতলা ।। তর্কারি একেবারে জ্যাল্ জ্যাল্ হচে। [জল জল=জলের ন্যায়]।

জ্যাশোন্=[রা]—বি. স্ত্রীর বড় বোন ।।

জৈ

জৈট্রা=[রং]—বি. বিবাদ ।। এই মানুশ্টা জেটেই জায় শেটেই জৈট্রা লাগায়। [<জটলা]।

জৈড়্যাল্=[রা]—বিণ. জেদী ।। ছেলে গুলান্ শব্ জৈড়্যাল্। [ঝগড়া + আল প্র.]।

জৈড়্=[রা]—বি. জুলুম, আবদার, জেদ, বায়না ।। ছেলেটি শব্ শময় জৈড় করে। [দেখ জৈড়্যাল্]।

২=[রং, দি]—বি. ঝগড়া ।।

জৈন্=[রা]—বি. এক প্রকার খড় ।।

জৈপ্=[রং]=বি. অতিবৃদ্ধ ।। জৈপ্ মানুশ্টা চট্চটে হাট্বার্ পার্ না। [<যঈফ ضعيف আং]।

জো=[রং]—বি. সুত্রপাত ॥ তুইতো আগত্ ঝগ্‌ড়ার্ জো কর্‌লু। [<যোগ সং]।

২=[রং]—বি. প্রকার, উপায়, গাছের মাটি যুক্ত শিকড় ॥ ওটে থাকি হুক্‌শিবার্ জো নাই। [পূর্বে দেখ]।

জোইয়া=[রং]—অস. ক্রি. মজুত করিয়া ॥ তোমার্ লাগি টাকা কি জোইয়া থুইচুঁ। [<যোগাইয়া]।

জোওয়াব্=[রং]—বি. কথা ॥ জওয়াব্ কওনা কেনে বাহে। [<জবাব جواب আং]।

জোংগাল্=[রং]—বি. জোয়াল, লাঙ্গলের যে অংশ গরুর ঘাড়ে থাকে ॥ জোংগাল্ খান্ জে ভাইংগা গেল্। [< জোয়াল<যুগ সং+আল প্র.]।

জোংনা=[রং]—বি. বাঁশের তৈরী মাচা বিশেষ ॥

জোঁকা=[রং,রা]—বি.মাপ॥ জোঁকামত এক্‌টা বাঁশ্ কেটে আন্। [<জোকা বা জোখা (মাপাজোখা)]।

জোঁতা=[রা]—বি. জুতা ॥ হাঁটত্ জায়ে জোঁতা নিমু ॥ [<জুতা]।

জোঁত্=[রং রা]—বি. গাড়ির জোয়ালের দড়ি বিশেষ ॥ জোঁত্ ছিড়ি গরু পালাল। [<যোত্র সং]।

জোঁয়াত্=[রং]—বিণ. নিজস্ব ॥ শব্ ভাইকে ফাঁকি দিয়ে জোঁয়াত্ পুনজি করাবার্ ধর্‌ছিল্ ॥ [দেখ জোয়াতা]।

জোকা=[রং]—ক্রি.বিণ, তুল্য, সমান॥ তোর্ শাধ্য নাই জে মোর্ জোঁকা খাটিশ্। [দেখ জোকা]।

২=[রং]—বি. মাপ, পরিমাপ ॥ দড়িখান্ জোকা দে নে এলায়্। [জোখ হিং]।

৩=[রং]—বিণ. নিকাশ, হিসাব ॥

জোক্=[রং]—বি. লোহার পেরেক ॥

জোখা=[রা,রং]—বি. মাপ ॥ পায়ের্ জোখা নিয়ে জা।

জোখা লওয়া=[রা]—ক্রি. কোন কিছুর মাপ লওয়া ॥ জামার্ জোখা লৈয়া দর্‌জির্ কাছে জাও? [দেখ জোখা]।

জোগান্=[রং]—বি. পিছু ॥ মোর্ জোগান্ ধর ক্যাঁ? [<যোগান; অর্থ প্র.]।

জোগি ধর্‌ম্ম=[রং]—বি. যোগ শাস্ত্র॥ [<যোগী ধর্ম]।

জোগে ভাগে=[রা]—ক্রি. বিণ. সময়মত, নিদ্দিষ্ট সময়ে ॥ মজ্‌লিশের্ খাওয়া দাওয়া জোগেভাগে খেতে হয়্। [< যোগ+এ বিভক্তি+ভাগ+এ বিভক্তি; অর্থ প্র.]।

জোগ্=[দি]—বিণ যোগ্য ॥ আমি আর্ তোমার্ জোগ্ নাই। [<যোগ্য]।

জোগ্‌পাটা=[রং] —বি. যজ্ঞকালে। ধারণ করা হয় এমন উত্তরীয় ॥ [< যজ্ঞপট্ট]

জোটো=[বং]—ক্রি. বিণ. একত্র ॥ শব্‌গুলা এক্‌টে জোটো কর্। [<জট +ও প্র.]।

জোড়া=[রা]—ক্রি. বিণ. কাজে রত ॥ হামি জোড়া আছি জ্যাতে পার্‌বো না। [<জুড়+আ প্র.]।

জোড়া মু্টি ফল্=[রা]—বি. কুচ যুগল, স্তনদ্বয় ॥ মাইয়ার্ বুকের্ জোড়ামুটিফল্ খুব্ ডাংগর্। [<জোড়া মুষ্টি ফল; অর্থ প্র.]।

জোতন্=[রং]—বি. গাড়ীতে গরু বাঁধার দড়ি ॥ গরুর্ জোতন্ দে। [<যোত্র সং+অন প্র.]।

জোতা=[রা]—ক্রি. গরুকে চাষের কাজে লাগানো ॥ নয়া গরুটাহালে জোত্। [তুং জোতনা হিং; জোত+আ প্র.]।

জোত্=[রা]—বি. জোয়ালের দড়ি ॥ গরুর্ গলায় জোত্ লাগাও? [<যোত্র সং]।

২=[রং]—বি. সাহায্য ॥ কিশানকে জোত্ দে।

জোনাই=[রং]—বিণ. জ্যোৎস্না ॥ জোনাই রাত্ খুব্ ভাল। [<জোণ্হা প্রাং<জ্যোৎস্না সং+ই প্র.]।

জোনাক্=[দি]—বি. জ্যোৎস্না ॥ [দেখ জোনাই+ক প্র.]।

জোনার্=[ব, রা]—বি. শুকর ॥ [<জানবর جانور ফা.]।

জোন্=[রং,]—বি. চন্দ্র॥ ঐ দেখ্ জোন্ উঠ্‌ছে। [<জোণ্হা প্রাং< জ্যোৎস্না সং; অর্থ প্র.]।

জোন্‌জোরা=[রা]—বি. ভুট্টা ॥ ভাত্ নাই তাই জোন্‌জোরা খাছ্‌ছিশ্।

জোন্‌হাকি=[রা]—বি. গাছ বিশেষ॥ জোন্‌হাকি গাছের্ পাতাগুলা কি শুন্দর্। [<জ্যোৎস্না+কি (সদৃশ অর্থে)]।

জোমাটিয়া=[দি]—বি. যমজ ॥ [দেখ জোয়াটিয়া]

জোয়াটিয়া=[দি]—বিণ. যমজ ॥ তারা জোয়াটিয়া ভাই। [<যমজ+আটিয়া প্র.; তুং ষোলাটিয়া বথাটিয়া ইত্যাদি]।

জোয়াতা=[বং,রা]—বি. একান্নবর্তী পরিবারে কারো কিছু নিজস্ব সম্পদ ॥ এক্ ভাইয়ের জোয়াতা কিছু থাক্‌লেই আর্ ভাইএর্ চোখ্ টাটায় [<জনাজাত<জন+জাত+আ প্র.]।

জোয়ান্=[রা]—ক্রি. গরু মহিষাদির কামলিপ্সা হওয়া ॥ গরুটা জোয়াচে শাঁড় দেওয়া লাগ্‌বে। [যুবা (নাম ধাতু) +আন প্র.]।

জোরা=[রং]—বি. নালা॥[<ঝোরা]।

২=[রা]—বি. বোরো ধানের চাউলের গুড়ার সহিত গুড় ও পানি দিয়া তৈরী এক প্রকার হালুয়া ॥

জোরানো=[রং রা]—ক্রি. জালিয়া দেওয়া ॥ বাতি জোরাও। [<জাল্+আনো প্র.]।

জোরোয়ার্=[রং]—বিণ. শক্তিশালী, ক্ষমতাবান ॥ লোক্‌টা কোন্ জোরোয়ার্ নয়্। [<যোরাআবর زورآور ফা.]।

জোর্মাংগা=[রং]—বি. বিবাহের পর পাত্রীর আত্মীয়ের বাড়ীতে পাত্র পাত্রীকে দেওয়া নিমন্ত্রণ ॥

জোলা=[রা]—বি. প্রাচীরের নিচের অংশের ছিদ্র ॥ [<জোল+আ প্র.]।

২=[রা]—বি. ছোট গর্ত ॥ এই বাতে রাস্তা দিয়া চল্তে জোলাত্ পড়্যা জাবু। [পর্বে দেখ ; অর্থ. প্র.]।

৩=[রা]—বি. নীচু স্থান ॥ [পুর্বে দেখ]।

৪=[রা]—বি. দুই জমির মধ্যবর্তী সীমা নির্দেশক অগভীর খাল ॥ [পুর্বে দেখ অর্থ. প্র.]।

জোলাপাতি=[রং]—বি. চুড়ই ভাতি॥ [<ঝোল+আ প্র.+ভাতি]।

জোলোংগি=[রং]—বিণ. বোকা, জোলা॥ ঐ বেটে্ ছাওটা এক্কেবারে জোলোংগি।

জোল্না=[দি]—বি. জমি ॥ তাদের্ জোল্না টোল্না নাই।

ঝ

ঝঅনি=[নো]=বি আগুন রাখার পাত্র বিশেষ ॥ ঝঅনিত্ করা্যা আগুন্ লৈয়া আয়্।

ঝঐ=[নো]—বি. মাছ্ ধরিবার যন্ত্র ॥

২=[নো]—বি. বৃষ্টি ॥ শিতকালে ঝঐ অয়্ না। [ঝরি=বৃষ্টি]।

ঝওই=[ক]—ক্রি. ঘন ধানগাছ্ পাতলা করিবার জন্য দেওয়া মই ॥ দান গলো ঐসে, ঝওই দ্যাও। [<জমই <জলমই]।

ঝওক্, শওক্=[চট্ট]—বি. উৎসাহ, উদ্দীপনা ॥ [<جوش‌شوق আং]।

ঝওর্=[কম]—বি. (অনিষ্টকারী) পশু পাখীর দল ॥ আগের্ ঝওরের্ লাইগ্যা খেতের্ শাইল্ রাহন্ দায়্।

ঝওয়ার্=[ম]—বি. পরিবেশ, প্রতিবেশী ॥ অতবর লোক্ এই ঝওয়ারে আর্ নাই। [<জিবার্ جوار আং]।

ঝওলা=[ম]—বি. পিচ্ছিল রস ॥ গরুর্ মুখ্ দিয়া ঝওলা পর্সে। [দেখ যোল্কা]।

ঝং=[ম]—বিণ. বড় মালবাহী নৌকা ॥

ঝংকা=[ম]—ক্রি. বিণ. যখন ॥ আমি ঝংকা গেসি হেয়া খাইতো বৈসে।

ঝংকাই=[চট্ট]—ক্রি. বিণ. যখন ॥ [দেখ ঝংকা+ই]।

ঝংগলা=[ফ]—বি. মাথার আবরণ ॥ [দেখ ঝংগুর্]।

ঝংগার্=[সি]—বি. মরিচা ॥ দাওডাত্ ঝংগার্ দরে গেসে। [<ঝংগ زنگ ফা. |-আর প্র.]।

ঝংগি=[সি]—বিণ. একগুঁয়ে, নোংরা ॥ এই ঝংগির্ লগে তরা মিল্সো ক্যান্? [<জংগী جنگی ফা.]।

২=[সি]—বি. তালের আঁশ ॥

৩=[সি]—বি. ঘোড়ার লেজ দ্বারা তৈরী পাখি ধরার ফাঁদ ॥

ঝংগু=[কুম]—বিণ. যোদ্ধা, যুদ্ধ ভালবাসে যে ॥ ঝংগু কুরাটা দি ঝংলি কুরাটারে দরো। [<জংগ زنگ ফা.+উ প্র.]।

ঝংগুর্=[সি]—বি. বাঁশ ও পাতার তৈরী মস্তক ও পৃষ্ঠাবরণ ॥

ঝংঝংগা=[সি]—বিণ. ছিদ্রবিশিষ্ট ॥ ঝংঝংগা কাপর্। [অনু.]।

ঝংঝরা=[পা]—বিণ. প্রায় শুকনা ॥ উঠানের্ গাশ্ ঝংঝারা হোয়েসে। [< ঝর্ ঝর্(অনু)+আ প্র.]।

ঝংলা=[কুম]—বি. আগাছা ॥ খেত্টাত্ ঝংলা বরা। [জংলা<জঙ্গল সং+আ প্র.]।

ঝংলানো=[পা]—ক্রি. শিক্ষা ॥ গরুটা হালে ঝংলাও। [<জোয়ালানো < জোয়াল (<যুগল সং)+আনো প্র.]।

ঝঁঅরা=[চট্ট]—বিণ. ঝগড়াটে ॥ আঁই হিতির্ নান্ ঝঁঅরা মাইয়্যা আর্ ন দেই।

ঝঁঅল্=[চট্ট]—বি. জংগলের অধিবাসী ॥ [<জংলু ; দেখ ঝংলা]।

ঝঁঅল্=[চট্ট]—বি. ঝোঁপ, জঙ্গল ॥ ইয়াল্ ঝঁঅলত্ থায়ে। [<জঙ্গল ; দেখ ঝংলা]

ঝঁঠ্=[নো]—বি. পশুপাখীর যৌন মিলন ॥ [জোট]।

ঝঁয়্রা=[চট্ট]—বি. পেরেক তুলিবার যন্ত্র বিশেষ ॥

ঝকর্ ঝকর্=[য, খু]—বি. গদ্গদ ভাব ॥ কায্ করিস্নে অথ ঝকর্ ঝকর্ কেন্? [অনু.]।

ঝকা=[সি]—ক্রি. পুনরাবৃত্তি করা ॥ ই কথা ঝকায্ কেনে?

ঝকাঝকি=[সি]—বি. বিবাদ ॥ [অনু.]।

ঝাকি=[চট্ট]—বিণ. বুদ্ধিমান্ ॥ [< ঝকী ذکی আং]।

ঝক্=[বা]—বি. ঝুঁকি, তেজ, উৎসাহ ॥ বুরা বেডার্ আর্ ঝক্ নাই। [<ঝোঁক]।

ঝক্কর্=[ম]—বিণ. অধিক লবণাক্ত ॥ নুনে ঝক্কর্ ঐসে। [<যবক্ষার]।

ঝক্কা=[পা]—বিণ. ঘোর ॥ যামাইডা এক্কেরে ঝক্কা কালা। [<যক্ষ সং ; অর্থ প্র.]।

ঝক্কা বরা=[বা]—ক্রি. " খাওয়া ॥ ঝক্কা বর্সে, অহন্ আর্ কতা কি, আপ্না পথ্ দেহো। [দেখ ঝক্কা+ভরা]।

ঝক্কুনি=[ম]—বি. প্রতিবাদ ॥ যামাইর্ কথা হুইন্যা বৌডা ঝক্কুনি দিয়া উডে। [<ঝাঁকানি]।

যক্‌খা=[চট্ট]—বিণ. ভীষণ, অত্যন্ত ॥ যক্‌খা তামুক্‌খোর্‌। [দেখ যক্কা]।

যক্‌যক্‌=[সি]—বিণ. একেবারে নূতন ॥ [ঝক্‌ঝক্‌]।

যক্‌খা=[নো—বিণ. কঠিন, শক্ত ॥ করিম্‌ শেখ্‌ যক্‌খা আদ্‌মি।

যক্‌নি=[ঢা]—বিণ. আহত ॥ ফৌয্‌দারিত্‌ তিন যন্‌ লোক্‌ যক্‌নি ঐসে। [<যখমী زخمی ফা.]।

যক্‌রা=[ব]—বি. দেওয়াল ॥

যক্‌শকে=[খু]—বিণ. জীর্ণ ॥ দালান্‌ডা যক্‌শকে হয়ে পড়েসে। [< যকযক (অনু.)+এ. প্র.]।

যখা=[পা]—বিণ. অতিশয় ॥ গুড় গুলি যখা কালা। [দেখ যক্‌কা]।

যখ্‌নি=[ঢা]—বি. প্রতিহিংসা ॥ পরের্‌ডা দেইক্যা তর্‌ এত যখ্‌নি ক্যান্‌? [দেখ যক্‌নি; অর্থ প্র.]।

যখ্‌রা=[ম]—বিণ. খারাপ ॥

যগর্‌=[সি]—বি. লোহার তৈরী একপ্রকার অস্ত্র ॥ কাযিয়ার্‌ শময়্‌ যগর্‌ আনে।

যগুরি=[কু]—বিণ. যে বেশী ঝগড়া করে ॥ বৌডা যবর্‌ যগুরি। [ঝগড়া +উরি প্র.]।

যগেবগে=[নো]—বি. আজে বাজে লোক ॥ বড় দন্‌ যগেবগের্‌ হাতে গেল্‌। [অনু.]।

যগ্‌যগা=[সি]—বিণ. উজ্জ্বল ॥ [অনু.; ঝক্‌ঝকা=ঝক্‌ঝকে]।

২=[সি]—বি. রাংতা কাগজ ॥ যগ্‌যগাদি পান্‌ গুর‍্যা পান্‌দানো রাখ।

যগ্‌ডুম্বর্‌=[ব]—বি. একপ্রকার ভেষজ গাছ ॥ [<জগ (যজ্ঞ)+ডুমুর (<উডুম্বর সং)]।

যগ্‌রার্‌ গোডা=[নো]—বি. এক প্রকার গাছের গোটা ॥ [দেখ যগ্‌ডুমুর্‌ +র(সম্বন্ধে)+গোটা]।

যবা=[সি]—বি. প্রতিফল ॥ আমারে যে শাস্তানর্‌ (যন্ত্রনা দেয়) হে তার্‌ যবা, পাইবো। [জবা جزا আং]।

যবানো=[কুম]—ক্রি. বিস্তার করা, প্রচার করা ॥ কতাডা বেশি যবাইও না। [<ঝাঁঝাঁ (অনু.)+আনো প্র.]।

যয্‌মান্‌=[চট্ট]—বি. শিষ্য ॥ ঠাউরে খালি যয্‌মান্‌ বাড়ি যায়্‌। [দেখ যযবান্‌]।

যয্‌বান্‌=[চট্ট]—বি. নাপিত যাহাদের কাছ হইতে বার্ষিক মাহিয়ানা বাবদ চাউল ইত্যাদি পায় ॥ [<যজমান; অর্থ প্র.]।

যয্‌মান্‌=[কুম]—বি. শিষ্য ॥ লাবু ঠাকুরের্‌ খালি তিন্‌গর্‌ যয্‌মান্‌। [দেখ যয্‌বান্‌]।

যটল্‌লা=[চট্ট, খু]—বি. গণ্ডগোল ॥ [<জটলা(<জট+লা)]।

যটা=[সি]—বি. দোষ ॥ তোমার যটায়্‌ ইকাম্‌ ঐসে। [<জটা সং; অর্থ প্র.]।

২=[ব]—বি. আমন ধান বিশেষ ॥

যটাবিয্‌=[ফ]—বি. একপ্রকার ধান ॥ [<জটা বীজ]।

যটিতি=[ম]—ক্রি. বিণ. শীঘ্র। যটিতি কৈরা আয়্‌। [<ঝটিতি সং]।

যটুর্‌=[খু]—বিণ. অসিদ্ধ, শক্ত, কথায় পাকা ॥ কথার্‌ পাকে যে যটুর্‌ হয়েসিশ্‌। [<জেঠ (<জ্যেষ্ঠ সং)+উর প্র.]।

যট্‌=[সি, কুম]—ক্রি. বিণ. জমাট, জট ॥ মাস্‌ গুইন্‌ যট্‌ বানদি উঠের্‌। [<জোট]।

২=[পা, সি]—বি. শরীরের জন্মগত ছাপ বা দাগ ॥ তার্‌ মুখো এক্‌টা যট্‌ আসে। [<জড়ুল]।

৩=[ক]—বি. তালগাছের তালহীন ছড়া ॥ তাল্‌গাসের্‌ যট্‌ কাইট্যা রশ্‌ বাইর্‌ কর। [<জট <জটা সং]।

যট্‌কৈরা=[কু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ যট্‌ কৈরা কাপ্‌ড়া গাইরা আয়্‌। [<ঝট+করিয়া]।

যট্‌কি যাওয়া=[সি]—ক্রি. হালকা হওয়া ॥ গোরাটা খুব্‌ যট্‌কি গ্যাচে।

যট্‌তি=[ম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, শীঘ্র ॥ যট্‌তি কৈরা কাপ্‌ড়া শার্‌। [দেখ যটিতি]।

যট্‌পটানি=[সি]—বি. অনিচ্ছার হাত পা ছোড়া ॥ মাইর্‌ খাইরা পোয়াডা যট্‌পটানি শুরু কর্‌সে। [ঝটফটানি]।

যঠুর্‌=[খু]—বিণ. শক্ত, কর্মঠ ॥ লোক্‌টা কায্‌ কর্‌তে কর্‌তে যঠুর্‌ হয়ে গেল্‌। [দেখ যটুর্‌]।

যডংগা=[চট্ট]—বি. পোয়াবারো ॥

যডা=[কু]—বি. ধান বিশেষ ॥ যডা দানের্‌ ফলন্‌ কম্‌। [দেখ যটা]।

যড্‌লা=[ঢা]—বি. বিবাদ ॥ তোরা হ্যাতো যড্‌লা করিশ্‌ ক্যানে? [দেখ যটল্‌লা]।

যড়্‌=[পা]—বি. মাস্তুল বাঁধার বাঁশ ॥ [<জড় (জট)]।

যড়্‌ যড়ি করা=[নো]—ক্রি. ঝগড়া করিবার নিয়তে বক্‌বক করা ॥ অতো যড়যড়ি কর কিতা তোমারে কিতা কৈসি [<ঝগড়া ঝাটি করা]।

যত ইতি=[সি]—ক্রি. বিণ. যাহা কিছু ॥ [<যত+ইতি সং]।

যত্যা=[পা]—সর্ব. যাহা ॥ যত্যা কর বুয্‌য্যা কর। [<যত+তা (তাহা)]।

যত্‌ বৈল্‌=[সি]—ক্রি.বিণ. যত সময় ॥ যত্‌ বৈল্‌ মনে কর বহ আমার্‌ আপত্‌তি নাই। [<যত + বৈল <বেলা]।

যত ভুই=[খু]—ক্রি.বিণ. যতদূর ॥ তুমি যত্‌ ভুই পার দৌড়াও। [<যত +ভুঁই+ভূমি]।

যদর্‌ পদর্‌=[কু]—ক্রি. বিণ. ফেলা ছড়া ॥ খুব যদর্‌পদর্‌ করে খেলার্‌ আর্‌ নড়্‌তে পার্‌সি না। [অনু.]।

যদা=[খু]—বিণ. ন্যায্য ॥ কথাটা যদা। [<যথা(<যথার্থ)]।

২=[নো]—বিণ. বোকা ॥ এমন যদা পোলা আর্‌ দেহি নাই। [<চদা <চোদা (অশ্লীল)]।

৩=[খু]—বিণ. খারাপ ॥ যদা গরু হালে বয়্‌ না। [দেখ যদা২]।

যদ্দুরা=[ক]—বিণ. অলস ॥ লোক্‌টা যদুরা। [দেখ যদা২+উরা প্র.]।

যনা=[সি]—বিণ. বাচ্চা ॥ তুই মানুশের্ যনা নায়্ নিরে? [<জন (<জনন সং)+আ প্র. ; তুং জনা হিং =জাত, সন্তান]।

যনাযতি=[সি]—ক্রি. বিণ. মাথা পিছু ॥ যনাযতি পাচ্ ট্যাহা পাইসে। [<জন+জাতি সং]।

যনাপতি=[সি]—ক্রি. বিণ. প্রত্যেকে ॥ [<জন+প্রতি]।

যনি=[সি]—বি. জোনাকী ॥ [< জোইনি প্রা. বাং<যোগিনী সং]।

যনিক্=[সি]—বি. গাছ বিশেষ (যাহার গোটার মাঝখান দিয়া ছিদ্র থাকে) ॥ যনিকর্ গুটা দি তস্‌বি বানায়্।

যনুন্=[সি]—বিণ. অস্থির ॥ খাও-যার্ লাগি একেবারে যনুন্। [< জুনুন جنون আং =পাগল]।

যন্‌করাই=[ন]—বি. আমন ধান বিশেষ ॥

যন্‌কি=[চট্ট] -বি. রাগ ॥ লোক্‌টার যন্‌কি উঠিয়ে

...=[সি]· -বি. একরকম বুনো ফল ॥

যন্‌যনা=[সি]—বিণ. শুষ্ক ও শক্ত ॥ যন্‌যনা বালু। [অনু]

যন্‌যনি=[সি]—বি. শিশুদের খেলা বিশেষ ॥

যন্‌যাল্যা=[চট্ট]—বিণ. ঝগড়াটে ॥ বৌথার্ বড় যন্‌যাল্যা। [<জঞ্জাল হিং+ইয়া প্র.]।

যন্‌টানো=[খু]—ক্রি. বাড়িয়া যাওয়া ॥ ঘরে আগুন্ লেগেই যন্‌টিযে উঠেগে। [<জটানো <জটা + নো প্র.]।

যন্‌টু=[ম]—বিণ. পাকা ॥ আফ্‌শর্ যন্‌টু মাতুব্বর্। [যন্<জুণ্ণ প্রাং<জীর্ণ সং+টু প্র. ; তুং ঝুনা< জীর্ণ সং]।

যন্‌ডু=[ম]—বিণ. ঝুনা, বুড়া, পাকা ॥ লোক্‌টা বর যন্‌ডু। [দেখ যন্‌টু]।

যন্‌তন্=[নো]—ক্রি বিণ. তৎক্ষণাৎ ॥ যন্‌তন্ কি শব্ কায্ করা যায়্। [<যহন তহন<যখন তখন]।

যন্‌তা=[নো]—বি. ধান্য বিশেষ ॥ যন্‌তা ধান্ খুব্ মোটা।

যন্‌তা আগুন্=[য]—বিণ. টাটকা আগুন ॥ যন্‌তা আগুন্ দেখ্যা ডানের্ আত্ পুরল কেম্‌নে? [<জ্বল+তা প্র. +আগুন]।

যন্‌তারনা=[চা]—বি. অস্থিরতা, যন্ত্রণা ॥ তোর্ কি যন্‌তারনা উঠ্‌সে। [< যন্ত্রণা]।

যন্‌তি=[খু]—বি. জানোয়ার, পশু ॥ গিনযন্‌তি খোদার্ গিশ্‌টি। [<জন্তু সং]।

যন্‌দিফন্‌দি=[ফ]—ক্রি. বিণ. টাল বাহানা ॥ এত যন্‌দিফন্‌দি কর ক্যা। [<ছন্দ+ই প্র. + ফন্দি (<ফনদ فند আ/ফা. + ই)]।

যন্‌নাল্=[সি]—বি. জেনারেল, সেনাপতি ॥ যন্‌নালর্ শাসনে গেসোনি এক্‌দিন্, ডবাইযা মুতি দিবাম্। [< জেনারেল general ইং]।

যন্‌বাস্‌সা=[ন,চা]—বি পরিবার পরিজন ॥ যন্‌বাসসা লৈয়া শে বহুত্ কশ্‌টে আসে। [যন زن ফা + বচ্চচ بچه ফা.]।

যন্‌বাহার্=[দা]—বি. লোকশক্তি, জনবল ॥ আমার্ তো যন্‌বাহার নাই। [<জনবহর]।

যন্ মুরিদা [সি]—বিণ. স্ত্রৈণ ॥ যনমুরিদার্ বেস্‌তু নাই। [زن ফা. + মুরীদ مرید ফা.<আং + আ প্র]।

যপু=[ম]—বিণ. বাচাল, যে বেশী কথা বলে। ॥ লোক্‌টা খুব্ যপু। [জপ+উপ্র.]।

যপে=[সি]—বি আবৃত্তি, বারবার এক কথা বলা ॥ কবিতা খান্ বালা কৈরা যপে কর্। [<জপ+ই প্র.]।

যপ্‌শি=[খু]—বিণ. কৃপণ ॥ শে এক্‌টা আস্তু যপ্‌শি।

যফু=[সি]—বিণ. বাচাল ॥ মানুশটা বর যফু। [দেখ যপু]।

যফ্=[চট্ট]—বি. <জপ ॥ আল্লার্ নাম্ যফ্ কর্।

যফ্ যফি=[কুম]—বি. আওয়াজ ॥ পানির্ যফ্‌যফি হোনা যায়্। [<যফযফ (ধ্বন্যা.)+ই প্র.]।

যবর্=[পা]—বিণ. শক্তিশালী ॥ [<জববার جبار আং]।

যমিন=[চট্ট]—বি. জমি ॥ [যমীন زمین ফা.]।

যবুর=[পা]—বিণ. ঘন, গাঢ় ॥ বুকের্ কাশি একেবারে যবুর্ হযে গেসে। [<জবর جبر আং=বল, উৎপীড়ন]।

যবের্=[ফ]—বিণ. মস্তবড় ॥ যবের্ বড় লোক্। [দেখ যবর্]।

যব্‌যবা=[সি]—বিণ. আর্দ্র ॥ [< জব্‌জব্ (অনু.)+আ প্র.]।

৪=[বা]—বি. পানিতে ডালপালার তৈরী মাছের কৃত্রিম বাসা ॥ [দেখ যারা ৩]।

৫=[ম]—ক্রি. বিণ. ফসল বাহির (হওয়া) ॥ খেতৃটায়্‌ যারা খাইসে পাক্‌তে অখন্‌ পন্‌র দিন্‌। [<ঝাড়া =ঝাড়িয়া বাহির হওয়া]।

৬=[বা]—বিণ. অপেক্ষাকৃত বড় ॥ আমার্‌ চাঁইতে হে অনেক্‌ যারা। [দেখ যারা ৩ ; অর্থ প্র.]।

৭=[সি]—বি. টকলেবু বিশেষ ॥ যারা লেম্বুর্‌ রশ্‌ বেশি। [<যাইরা (<জাম্বীর)]।

৮=[সি]—ক্রি. সহ্য করা ॥ ই কথা যারা মুশ্‌কিল্‌। [দেখ যারা ৩]।

৯= সি]—বি. শীত ॥ মাগ্‌ মাইয়া যারা ॥ [<জাড়া হিং]।

১০=[নো]—বি. খেজুর গাছের দ্বিতীয় কাটার রস ॥ [<ঝরা]।

১১=[সি]—বি. নাড়া ॥ বইয়ে গাসে যারা দ্যাও। [<ঝাড়া]।

যারা গর্‌=[ফ]—বি. লাকড়ি রাখিবার ঘর ॥ যারাগর্‌তোন্‌ দার্‌উয়া লৈয়া আর্‌। [<ঝাড়া ঘর]।

যারাপচিঁ=[ম]—বি. ঝাড়ফুঁক ॥ এই ব্যারাম্‌ যারাপচিঁয়ে শার্‌ব না। [<ঝাড়া+পোঁছা]।

যারাফিরা=[ফ]—বি. মলত্যাগ ॥ বিয়ানে উইট্যা যারাফিরা কৈরা খাইতে বও। [<ঝাড়া+ফিরা, ফেরা ; অর্থ প্র.]।

যারাব্‌=[ম]—বি. আঘাত ॥ বারি বোঝা লৈয়া গারে যারাব্‌ পাইসি। [দেখ যরপ্‌]।

যারা লেম্‌বু=[নো—বি. কাগজি লেবু ॥ [দেখ যারা ৭+নিম্বক সং]।

যারি=[কুম]—বি. মুষলধারে বৃষ্টি ॥ [<ঝড়ী হিং<ঝটিকা সং]।

২=[নো]—বি. গালাগালি ॥ এত যারি গাও কেন্‌? [<জারি <যারী زاری ফা. ; অর্থ প্র.]।

৩=[ম, পা]—বি. ছোট ঘট, শৌচ কার্য্যের পাত্র বিশেষ ॥ যারি লৈয়া পায়্‌খানাত্‌ যাত্তি লাগ্‌বে। [<ঝারি (<ঝর্ঝরী সং)]।

৪=[ফ]—বি. ফুল রাখার পাত্র বিশেষ, ফুলের ডালা ॥ [দেখ যারি ৩]।

৫=[সি, ফ, চট্ট]—বিণ. প্রবাহিত, চালু, নির্গত ॥ সোত্তু গাংএর্‌ পানি যারি ঐয়া বর গাংয়ে পরে। [<জারী জারী جاری অং]।

যারিযুরি=[ম]—বি. ফাঁকিজুকি ॥ যারিযুরি সাইরা দাও। [দেখ যারি২ +যোর زور ফা.+ই]।

যারু=[কুম]—বিণ. <ঝাড়ু ॥ যারুটা আন্‌।

যারুগা=[চট্ট]—বিণ. জারক ॥ যারুগা পোয়া। [দেখ যারক্‌]।

যারুনি=[চা, কুম, নো]—বিণ. জারজ ॥ যারুনি মাইয়ারে বিয়া কর্‌বে কে? [দেখ যারক্‌+নি প্র. ; স্ত্রী]।

যারুন্‌=[ম]—বি. ঝাটা, কুলা ॥ [<ঝাড় (<ঝাড়া)+উন প্র.]।

যারুয়া=[বা]—বিণ. জারজ ॥ [দেখ যারক্‌ পুয়া]।

২=[সি]—বি. প্লীহা ॥ পেডত্‌ যারুয়া ঐসে। [দেখ যারুয়া]।

৩=[চট্ট]—বি. বৃক্ষ বিশেষ ॥

যার্‌য়া=[ফ]—বিণ. জারজ, উপপতি জাত ॥ [<জার+ইয়া প্র.]।

যারৈল্‌=[সি]—ক্রি. (জারুল) গাছ বিশেষ ॥ যারৈলের্‌ তক্‌তা শক্‌ত।

২=[চট্ট]—বি. বৃক্ষ বিশেষ ॥

যারো=[খু]—বিণ. জারজ, বেশ্যার সন্তান ॥ [<জার+ও প্র.]।

যার্‌=[কুম]—বি. কাপড় চোপড় রাখিবার স্থান ॥ যাযাডা যারে রাখ্‌। [<ঝার (<ঝাট সং)]।

২=[চা, কুম]—বি. শীত ॥ যার্‌ কর্‌তাসে লেপ্‌ নামাও। [<জাড় (<জাড্য সং)]।

৩=[বা, ক]—বি. ঝাড় ॥ এক যার্‌ বাশ্‌। [দেখ যার্‌]।

যার্‌উয়া=[বা]—বিণ. ঘন সন্নিবিষ্ট শাখা সম্বলিত ॥ বাগানের্‌ গাস্‌গুলি যার্‌উয়া দেখায়্‌। [<ঝাড় (<ঝাট সং)+উয়া প্র.]।

২=[ফ]—বিণ. জারজ ॥ যার্‌উয়া পেলোর্‌ আবার্‌ বাহাদুরি। [দেখ যারুয়া]।

যার্‌ কাডা=[চা]—বি. শীতের প্রকোপে গায়ের লোমের গোড়ায় নির্গত গুটিকা বিশেষ ॥ যার্‌ কাডায় অয়্‌ গাওডা ভৈর‍্যা গেসে। [দেখ যার্‌২ +কাঁটা (<কণ্টক সং)]।

যার্‌গা=[কুম]—বিণ. জারজ ॥ [দেখ যারুয়া]।

যার্‌গুয়া=[কুম,চট্ট]—বিণ. জারজ ॥ তে আস্‌তা যার্‌গুয়া পোলা। [দেখ যারক্‌ পুয়া]।

যার্‌ দরা=[ম]—ক্রি. শীত লাগা ॥ [দেখ যার্‌২+ধরা]।

যার্‌দা=[খু]—বিণ. মজবুত ॥ যিনি-শ্‌টা বড় যার্‌দা। [<যোরদার زوردار ফা.]।

যার্‌বা=[নো]—বিণ. জারজ ॥ যার্‌বা যনের্‌ কতার্‌ হোয়াদ্‌ নাই। [দেখ যারক্‌ পুয়া]।

যার্‌বাই=[চট্ট, সি]—ক্রি. বিণ. জড়াইয়া ফেলিয়া বা ধরিয়া ॥ [দেখ যার্‌রাইয়া]।

যার্‌মনি=[কুম, খু]—বি. কচুরি পানা ॥ আমাগ পুগৈরে যার্‌মনি আসে। [দেখ যামৈন্‌]।

যার্‌মনি লতা=[খু]—বি. একপ্রকার লতা ॥ যার্‌মনি লতায়্‌ বাগান্‌ ধ্বংশ কৈরা ফালাইসে। [দেখ যার্‌মনি+লতা]।

যার্‌ যার্‌=[কুম, পা]—বিণ. অস্থির, আকুল ॥ মেয়েটা কাইন্‌দা যার্‌যার্‌ ঐসে। [< যার যার زارزار ফা.]।

যার্‌যির্‌=[সি]—অব্য. নিজ নিজ ॥

যার্‌যির্ কাম্ যার্‌যির্ করন্ বালা। [< যাহার যাহার]।

যার্‌রা=[সি]—বি. আবর্জনা॥ [< জাবড়া]।

যার্‌রা যার্‌রো=[কুম]—বিণ. অতি অল্প, সূক্ষ্ম॥ যারবা যারবা কৈরা খোদায় হিশাব্ লৈব কেয়ামতের দিন্। [দেখ যরা]।

যার্‌লা=[খু]—বি. ছোট মাছ বিশেষ॥

যালট্=[চট্, পা]—বি. ওয়াড়, ঝালরদার আবরণী॥ বালিশের যালটে ফুল্ তোল। [< ঝালর ([illegible] সং)]।

২=[পা]—বি. কাগজ [illegible] নকশা॥ [অর্থ প্র.]।

যালা=[সি]—বি [illegible] ই লোক্ কাযের্ যালা যানে না। [illegible] জেল্লা < জিলা' جلا আ;]।

২=[চা]—বি. গরম॥ কি [illegible] লাগ্‌তাসে। [< জ্বালা]।

৩=[চট্, ম]—বি. [illegible] অঙ্কুরিত ধানগাছ॥ [illegible] জালক সং]।

৪=[সি]—বি, স্ত্রীলোক॥ [illegible] সং+লা]।

যালাই=[পা]—বি. অতিরিক্ত উত্তাপ [illegible] [< জালা+ই প্র.]।

২=[খু]—বি. বড় [illegible] হাড়ি॥ [< জালা+ই প্র.]।

যালাইনা কবিতর=[পা]—বিণ. দুষ্ট॥ তুই যালাইনা কবিতর হসিশ্। [< জালালি (সিলেটের হযরত শাহজালাল পুরুষ শাহ জালাল। বহু) ইয়া+ কবুতর (কবুতর کبوتر ফা.); অর্থ প্র.]।

যালাউতান্=[চট্]—বি. ভিটাছাড়া॥ তে আর্ ঘর্ পুড়িবেবে যালাউতান্ কৈর্‌যো। [< জলা' جلا +বতন্ وطن আ;]।

যালা কান্‌দে=[খু]—ক্রি. বিণ. অতিষ্ঠ॥ [< জাঁকন্দনী جان کندنی ফা.=মৃত্যু যন্ত্রণা]।

যালা খেত্=[ক]—বি. যে খামে ধানের চারা ফেলা হয়॥ যালা খেতে গরু ডুক্‌সে। [দেখ যালা৩+ক্ষেত্র সং]।

যালানো=[সি]—ক্রি. সংস্কার করা॥ পুকুরটি যালাইয়া লও। [< ঝালানো]।

২=[কুম]—ক্রি. গজানো॥ চারাডা যালাইসে। [দেখ যালা৩+নো প্র, নাম ধাতু]।

৩=[পা]—ক্রি. পুনঃ পুনঃ অনুসন্ধান করা বারবার [illegible] করা, অনুশীলন করা [illegible] [দেখ যালানো; [illegible]]।

যালা [illegible]—[illegible] ধানের চারা [illegible] +পাট]।

যালো [illegible]—বিণ. খালি, শূন্য॥ [illegible] যাস্ পড়রো [illegible] (অনু:)]।

[illegible] —বি. অংকুর [illegible] হইতে তৈরী [illegible]]।

যালা [illegible]—বি. [illegible] [দেখ যালা [illegible]]।

যালা [illegible] ধানের চারা [illegible] [দেখ [illegible]]।

যালা [illegible]—বি. ধানের চারাগাছ [illegible] জমি॥ [দেখ যালা [illegible] প্র.]।

যালা বিল. [illegible]—বিণ. [illegible] অসহ্য. [illegible] جان بلب [illegible] ফা.=ওষ্ঠাগত প্রাণ]।

যালা মাস=[বা]—বি, চিংড়ি মাছ॥

যালায়্ তালায়্=[কুম]—ক্রি. বিণ. সুবিধার সুযোগে॥ তোকটা যালায় তালায় কাম্ যানে।

যালায়ে পুড়ায়ে খাওয়া=[য]—ক্রি. ত্যক্ত বিরক্ত করা॥ তুই যে যালায়ে পুড়ায়ে খালি। [< জ্বালাইয়া পুড়াইয়া খাওয়া]।

যালার্ গতর্ তালা দেওয়া=[সি]—ক্রি. কাটা ঘায়ে নুনের ছিটা দেওয়া॥ তুই আর্ যালার্ গতর তালা দিস্ না রে ভুনা। [< জ্বালা+র+গাত্র+তাল+আ+দেওয়া; অর্থ প্র.]।

যালার্ যাউ=[কুম]—বি. আতপ চাউলের তৈরী এক প্রকার জাউ॥ [দেখ যালা৩+র+জাউ(< যবাগু সং)]।

যালালি কৈতর্=[ম, চা]—বি. এক প্রকার কবুতর॥ যালালি কৈতর পাওন ঠিক্ না। [দেখ যালাইনা কবিতর্]।

যালাল্=[ব, বা]—বি. কূপের ভিতরের পানির উৎস॥ কূপটার্ যালাল্ ঠিক্ নেই বলে পানি উঠে না। [< জল+নাল (< নালা < নালক সং)]।

যালি=[ব, বা]—বিণ. ছোট॥ দেখ যালা৩+ই প্র.]।

২=[খু]—ক্রি. বিণ খালি, শুধু, স্রেফ॥

৩=[কুম]—বি. কুমড়া॥ [দেখ যালা৩+ই প্র.]।

৪=[চট্]—বিণ. পাকা শুষ্ক ফল বিশেষের ছোবড়া॥ [জাল+ই প্র.]।

৫=[পা]—বিণ. নূতন॥ [দেখ যালা৩+ই প্র.]।

৬=[ম, চা]—বি. সুতার তৈরী মাছ ধরিবার যন্ত্র॥ [< জাল সং+ই প্র.; ক্ষুদ্রার্থে]।

৭=[বা, ব, কুম]—বি. পয়সা রাখিবার থলিয়া॥ যালির মধ্যে পয়সা থো (ব)। [দেখ যালি৬; অর্থ প্র.]।

৮=[ক, খু, বা]—বি. বাঁশের তৈরী ঢাকনা॥ [< জাল+ই সাদৃশ্যার্থে]।

৯=[সি]—বি. এক প্রকার বেত॥ সিলেটে যালি বেত্ আসে।

যালি যালি=[নো]—বি. সচ্ছিদ্র॥ কাপড়খান্ যালিযালি ঐ গেসে। [দেখ যালি৬; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

যালি দেওয়া=[ব, খু]—ক্রি. গাদা দেওয়া, সাজানো॥ ধানগুলা যালি দেও।

যালিম্=[কুম]—বিণ. কাণ্ডজ্ঞানহীন ॥ বেডাডা যবর্ যালিম্। [<যালিম ظالم আং=অত্যাচারী]।

যাল্‌নি=[ম]—বিণ. অলন্ত ॥ 'যালুনি পরান্ কি দিয়া যুরাই শুনা বন্দুরে' (গ্রাম্য গান)। [<যলন্তি<অলন্ত]।

যাল্‌য়া=[য, বা]—বি. খেজুর রস জাল দিবার বড় মাটির কড়াই বিশেষ, গুড় রাখার মাটির পাত্র ॥ যালুয়া থাইক্যা এট্টু গুড় আন্। [দেখ যালো]।

যালো=[য, খু]—বি. খেজুর রস জাল দিবার বড় মাটির কড়াই বিশেষ ॥ [<জাল+উয়া প্র.]।

২=[ফ, ম]—বি. জেলে ॥ যালোবা মাস্ দবে। [জাল+উয়া প্র.]।

যালো হাড়ি=[খু]—বিণ. মাটির হাড়ি, ডাবা ॥ আম্‌রা যালো হাড়িতে খেজুরের রশ্ যাল্ দেই। [দেখ যালো+হণ্ডী সং]।

যাল্=[ক, কুম, সি, নো, বা, ম]—বি. জা, স্বামীর ভ্রাতার স্ত্রী ॥ [<জা (<যাতৃ সং)+ল প্র.]।

২=[চা]—বি. এক প্রকার গালি ॥ [<জাহিল جاهل আং]।

যাল্ কাম্‌লা=[কুম]—বি. ধাত্রী ॥ যাল্‌কাম্‌লা ডাইক্যা আন্। [<জা (<জাত সং)+ল+কাম (<কর্ম সং)+লা প্র.]।

যাল্‌কেচ্‌' পিডা=[চা)—বি. পিঠা বিশেষ ॥

যাল্ যাড়া=[সি]—ক্রি. দুঃখ লাঘব করা ॥ [<ঝাল ঝাড়া]।

যাল্‌যুল্=[সি]—বি. কটু স্বাদ ॥ [<ঝাল+যুল অনুঃ]।

যাল্ বিস্‌মা=[চট্ট]—বি. যে জমিতে জালা হয়। [দেখ যালা বিছ্‌'মা]।

যাল্ মাস্=[সি, ব]—বি. চিংড়ি মাছ ॥ [দেখ যালা মাস]।

যাল্ মিডান্=[ম, কুম]—ক্রি. প্রতিশোধ লওয়া, আক্রোশ মিটান ॥ শুযোগ্ পাইয়া বুযি আইয্ যাল্ মিডাইলা। [<ঝাল (<জ্বাল সং)+মিটানো]।

যাল্‌না=[য, খু]—বি. জানালা ॥ যালনার্ দাম্ কত? [জানালা<জ্যানেলা janella পোর্তু.]।

২=[নো]—বি. জেলে ॥ [<জাল+উয়া প্র.]।

৩=[ম]—বি ধান বা চাউল রাখিবার মাটির বড় পাত্র বিশেষ ॥ যাল্‌নায় দান রাখ্। [দেখ যালো]।

যাল্‌লাই=[চট্ট]—অব্য. যাহার জন্য ॥ যাল্‌লাই কাঁদি তিহারা হাশে। [<যার লাই<যাহার লাগি<লাগিয়া]।

যাল্‌লার্=[নো]—বিণ. নবজাত শিশুর উপলক্ষে চাউলের তৈরী পিঠা বিশেষ। যাল্‌লাক খাইলে পানি বেশি পাইলে লাগে। [দেখ যাল্ কাম্‌লা, লাড়ু (<লড্ডু সং) কিংবা যাল লাড়ু]।

যাশ্‌দ্=[ম]—বিণ. চতুর বা সেরা দুষ্ট ॥ [<যাশুস<জাসুস جاسوس আং]।

যাসাউ=[বা]—ক্রি. বিণ. যথেষ্ট ॥ খাওযাডা যাসাউ ঐসে। [দেখ যাচ্‌'তি]।

যাহন্=[পা, ফ]—বি. নৌকার মাচা ॥ যাহন না দিলে মাল্ উঠান যাবে না।

২=[ম]—বি. স্তূপ ॥ আমি গরু পাট্ যাহন্ দিয়া রাখ্‌সি। [<জাগ+অন প্র.]।

যাহা=[চা, কুম]—বি. মাচা ॥ লাউগাসের যাহাডা দিয়া দে। [ঝাঁকা]।

২=[ম]—বি. বাঁশের তিনকোন বিশিষ্ট মাছ ধরিবার ফাঁদ বিশেষ ॥ যাহা সাধা মানুদার্ (গর্তের) মাস্ দরা যায় না।

যাহাতোক্=[ম]—অব্য. ক্রি. বিণ. যখনি ॥ যাহাতোক্ সে ও কথা বল্‌লো অম্‌নি কেন্ লাঠি মার্‌লে না তাকে? [<জাহাঁ+তক হিং]।

যাহাবাযি=[চট্ট]—বি. আপ্রাণ চেষ্টা ॥ [দেখ যাবাযি]।

যাহাযি গুরি=[ম]—বিণ. বিশেষ ॥ সেয়ারা যাহাযি গুরি উরায়। [<জাহাজ<জহায جهاز আং+ই প্র.+ঘুড়ি]।

যাহি=[ফ,চা,কুম]—বি. <ঝাঁকি ॥ যাহি দিয়া গাসেত্তুতে আম্ পাড়ে কে?

যাহি যাল্=[ম,বা,কুম]—বি. মাছ ধরার ছোট জাল, ঝাঁকি জাল ॥ [<ঝাঁকি জাল]।

যাহেরি=[ম]—ক্রি. বিণ. বাহিরে, প্রকাশ্যে ॥ [<যাহির ظاهر আং+ই প্র.]।

যাহের্=[পা]—বিণ. যাহারা জেলের কাজ ॥ [<যাকির ذاكر আং]।

যাহেলি=[চট্ট]—বি. মূর্খতা ॥ ইজ্জা গোঁয়ার যাহেলি। [দেখ যাইল্+ই প্র.]

যাহেল্=[ফ]—বিণ. গোঁয়ার ॥ লোকটা বড় যাহেল্। [দেখ যাইল্]।

যাহৈ=[পা]—বি. ঐক্যতান ॥ [দেখ যাইওর্]।

যাহৈ দেওয়া=[ফ]—ক্রি. যাই দেওয়া ॥ ধান খেতে যাহৈ দেওন্ লাগব। [দেখ যওই+দেওয়া]।

যাহৈর্=[ম]—বি. শিহরণ। এমুন্ ডর্ পাইসে যে শরির্‌ডা যাহৈর্ দিয়া উঠ্‌সে। [<ঝাঁকার<ঝাঁকরান]।

২=[ক, ম]—বি. চিৎকার ॥ যাহের্ দিল্ কেরে? [দেখ যাইওর্]।

৩=[ম]—বি. মাছের প্রাচুর্য ॥ আইর্ খালে যাহের্ লাগ্‌সিল্।

যাহোর্=[বা]—বি. পাট খড়ি ॥

ঘি

ঘি=[পা]—বি. ফুফু, পিসি ॥ ঘিএর্ বাড়ি বেড়াতে যাব। [পরে দেখ]।

২=[কুম]—বি. কন্যা, মেয়ে ॥ [<ঝি<ঝীআ প্রাং<ধীআ পালি<দুহিআ<দুহিতা সং]।

৩=[কুম, ক]—বি. থালা, চাচী ॥ আমার্ ঘিয়ে আমারে খুব্ আদর্ করে। [অর্থ প্র.]।

ঘিঅ=[চট্ট]—ক্রি. বিণ. যেখানে ॥ ঘিঅ গেলে টেঁয়া পাইয়ুন্ হিঁয়ত্ যাইয়ুম্। [< যে+এ=অনির্দেশক অব্য.]।

২=[কুম]—বি. প্রাণ ॥ এখনো তার্ ঘিঅ আসে। [<জিও<জীব সং]।

ঘিঅল্=[সি]—বি. এক প্রকারের মাছ, মাছ বিশেষ ॥ [<জি<জীব+ল অর্থ প্র.]।

ঘিআপত্=[সি]—বি. নিমন্ত্রণ ॥ [দেখ যাফত্]।

ঘিইয়ান্=[চট্ট]—অব্য. যেইখান ॥ ঘিইয়ান পাওস্ আন্। [<যেই+হান(<স্থান)]।

ঘিউ=[ব]—বি. মন ॥ [দেখ ঘিঅ[২]; অর্থ প্র.]।

ঘিউত্ পাল্=[ফ]—বি. ছেলে-পিলে ॥ ঘিউত্ পালের্ হৈ চৈ আর্ ভালা লাগে না। [<ঝি পুত্(<পুত্র সং)+পাল(<পালি সং)]।

ঘিউনি=[চা]—বিণ. কর্মঠ ॥ এমন্ ঘিউনি দেহিনি যে এই কাম্ করতে পারে। [<জিনো<জিন্‌ন ... আং; ই প্র. কিংবা<জীবন+ই প্র.]।

ঘিউন্=[চট্ট]—অব্য. যেই বস্তু-গুলি ॥ ঘিউন্ আইন্‌স হিউন্ দি দেও। [<যে গুন<যে গুলিন]।

ঘিউট্=[বা]—বি. উৎসাহ, উদ্দী-পনা ॥ [<জীব+ট প্র.]।

ঘিওন্=[সি]—বি. <জীবন ॥ লোক্‌টার্ ঘিওনের্ আশা নাই।

ঘিওল=[সি]—বিণ. যাহা সহজে মরে না। বাযার্ থাকি ঘিওল্ মাস্ আনিও। [দেখ ঘিঅল্]।

ঘিংকার্=[চট্ট]—বি. চিৎকার ॥ ঘিংকার্ দিল্ কেডা রে? [<ঝংকার (√<ঝম্+<কৃ+অ সং)]।

ঘিংগট্=[নো, কুম]—বি. ঝিঙা, তরকারি বিশেষ ॥ ইয্যা ঘিংগট্ ন খাইয়ুম্। [<ঝিঙ্গাক সং]।

ঘিংগানো=[ম]—ক্রি. জীবিত হওয়া ॥ মেলাক্ পলা মরি আবার্ ঘিংগিয়াসে। [<জী সং+আনো প্র.]।

২=[কুম, বা, চা]—ক্রি. জিজ্ঞাসা করা। তারে কতাডা ঘিংগাও। [<জিগ্ (<জিজ্ঞাসা)+আনো প্র.=জিগানো]।

ঘিংগা মস্‌লি=[চা]—বি. চিংড়ি মাছ ॥ [<ঝিংগা+মছলী হিং]।

ঘিংগা মাস্=[চা]—বি. চিংড়ি মাছ ॥ [<ঝিংগা মাছ]।

ঘিংগাল্=[খু]—বি. জোয়াল ॥ [<জোয়াল (<যুগ+ল সং প্র.)]।

ঘিংগুল্=[ম]—বি. কঞ্চি, বাঁশের প্রশাখা ॥ ঘিংগুল্ দিয়া সেইলাটারে কি মাইর্ না মার্‌তাসে। [দেখ ঘিংগৈল্]।

ঘিংগৈল্=[চা, ফ]—বি. বাঁশের কঞ্চি ॥ খেতে ঘিংগৈলের্ বেরা দেও।

ঘিংট্যা=[ম]—বিণ. শক্ত ॥ ঘিংট্যা ঐয়া রৈসে।

ঘিংরা=[ম]—ক্রি. বিণ. বয়স অনুপাতে বৃদ্ধি না পাওয়ার অবস্থা ॥ লাউ গাস্‌টা ঘিংরা দৈরা রৈসে। [দেখ ঘিংট্যা]।

ঘিংলা=[চা, কুম, নো]—বি. বাঁশের কঞ্চি ॥

২=[সি]—বি. রুই মাছের বাচ্চা ॥ রৌ ঘিংলাটার্ দাম্ কত?

৩=[ফ]—বিণ. কাহিল ॥ সেরিডা যবর্ ঘিংলা।

ঘিংলা পোরা=[চা]—বি. একপ্রকার চিকন সাপ ॥ হাওয়া গাসে ঘিংলাপোরা হাপ্ আসে। [দেখ ঘিংলা+পোড়া; মূলার্থ দেখিতে পোড়া কঞ্চির ন্যায়]।

ঘিংলাহোরা=[কুম]—বি. চিকন সাপ ॥ [দেখ ঘিংলা পোরা]।

ঘিঁইক্যা=[চট্ট]—ক্রি. বিণ. যেইদিকে ॥ [যেই মিক্যা<যেই+মুখ+ইয়া প্র.]।

ঘিঁয়ত্=[চট্ট]—ক্রিবিণ. যেইখানে ॥ ঘিঁয়ত্ পারস্ থাকিস্। [দেখ ঘিঅ+ত বিভক্তি]।

ঘিঁয়াত্, হিয়াত্=[চট্ট]—ক্রি. বিণ. যেখানে সেখানে ॥ ওবা তুই ঘিঁয়াত্ হিয়াত্ সেপ্ ন ফেলাইস্। [দেখ ঘিঁয়ত্+সে+খান+ত বিভক্তি]।

ঘিকা=[সি]—ক্রি. বাঁচা ॥ [<জী+আ প্র.]।

ঘিকানি=[সি]—বি. জিজ্ঞাসা ॥ [দেখ ঘিংগানো]।

ঘিকাবুলা=[সি]—বি. আলাপ প্রলাপ ॥ একটুও ঘিকাবুলা করল না। [<ঘিকা (দেখ ঘিকানি)+বলা]।

ঘিকাঘিকি=[ঘি]—বি. হিংসা, দ্বেষ ॥ [<ঝিঁকা ঝিঁকি; অর্থ প্র.]।

ঘিকারন্=[কুম]—ক্রি. বি. জিকির তোলা ॥ [<জিকর্ ذکر আং+অন্ প্র.]।

ঘিকার্=[সি]—বি. জিজ্ঞাসা ॥ কতাটা ঘিকার্ কৈরা দেখ্। [দেখ ঘিকানি]।

ঘিকার্ পুসার্=[সি]—বি. জিজ্ঞাসা ॥ [দেখ ঘিকার+পুছা (<পুছ<প্রচ্ছ সং)]।

ঘিকির্, ফিকির্=[কুম]—বি. চেষ্টা, তালাস ॥ ঘিকির্ ফিকির্ না করলে খোদা কি গরের্ তলি ফাইরা দিবো। [<ঘিকির (দেখ ঘিকারন্)+ফিকর فکر আং=চিন্তা]।

ঘিকিঝিকি=[সি]—বি. দীপ্তি, প্রকাশ ॥ [<ঝিকিমিকি]।

ঝিক্যা=[চট্ট]—অব্য. যেই দিকে ॥ ঝিক্যা মানুশ্‌যন্‌ গেইয়ে তুইয় ইক্যা যা। [দেখ যিঁইক্যা]।

ঝিক্=[বা]—বি. কাঁপুনি ॥ রোগের্‌ চোঁডে মেয়েটি যিক্‌ দিয়া উঠে।

২ =[সি]—বি. হিংসা ॥ এত যিক্‌ করা ঠিক্‌ না।

৩ =[পা, ম, বা]—বি. চুলার তিন কোণার উচুঁ মাটির ঢিবি ॥ [<ঝিক]।

৪ =[ম]—বি. মাটির উচুঁ জায়গা। [দেখ যিক্৩]।

যিক্‌কর=[ঢা]—বিণ. চিক্কন ॥ [< [<ঝিকরা]।

২ =[ঢা]—বি. সাহস ॥ [<জিগর جگر ফা. ; অর্থ প্র.]।

যিক্‌কা গাস্=[বা, ফ]—বি. জিওল গাছ ॥ যিক্‌কা গাসের্‌ কশ্‌ দিয়া আঠা অয়্‌।

যিক্‌কাইর্ মারা=[ম]—ক্রি. হঠাৎ বিকট আওয়াজ করিয়া উঠা ॥ বারুদের আগুন্‌ যিক্‌কাইর্‌ মার্‌য়া উডে। [চিক্‌কার (<চীৎকার)+ মারা]।

যিক্ বান্‌দা=[সি]—ক্রি. জমাট বাঁধা ॥ দানে যে যাতৃ যিক্‌ বান্‌দসে পচি' যাইবো। [<ঝাঁক+বাঁধা]।

যিক্‌রা=[সি]—বিণ. হালকা ॥ কদিনর্‌ তাপে হুকাইয়া যিক্‌রা ঐ গেসে। [দেখ যিক্‌কর্১]।

ঝিগর্=[সি, ম]—বি. আত্মা, মন, সাহস ॥ তার্‌ যিগর্‌ বর সোজু। [দেখ যিক্‌কর্১]।

২=[চট্ট]—বি. কলিজা ॥ আইন্‌ বক্‌রির ঝিগর্‌ আইন্যা। [দেখ যিক্‌কর্২]।

ঝিগলা=[নো]—অব্য. যে গুলি ॥ [<যে গুলা]।

ঝিগা=[পা]—বি. জিওল গাছ ॥

২=[পা,নো]—বি. জিওল গাছ ॥ ঝিগার্‌ আঠা শক্‌তো।

ঝিগাইর্=[কুম]—বি. হৈ চৈ ॥ এত ঝিগাইর্‌ কিয়ের্‌ রে? [দেখ ঝিকাজন্‌]।

ঝিগানো=[ঢা, কুম]—ক্রি. জিজ্ঞাসা করা, আদর আপ্যায়ন করা ॥ আইয়্‌ কাইল্‌কার্‌ দিনে কেঐ কারে ঝিগায়্‌ না। [দেখ বিংগানো]।

ঝিগাঝিগি=[সি]—বি. উত্তম শিক্ষা বা শাস্তি ॥ [দেখ ঝিকাঝিকি ; অর্থপ্র.]।

ঝিগার্ করা=[সি]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ ঐমানুশ্‌টারে ঝিগার্‌ কর্‌, তান্‌ বারি কিথানো? [দেখ ঝিকার্‌+করা]।

ঝিগার্‌নলা=[পা]—বি. জিওল নামক গাছের ডাল ॥

ঝিগির্=[কুম, ঢা]—বি. ধ্যান, উপাসনা ॥ [দেখ ঝিকারন্‌]।

২ =[ম]—বি. কলরব ॥ কিয়ের্‌ ঝিগির্‌ উট্‌সে? [অর্থ প্র.]।

ঝিগির্ কাটা=[খু]—ক্রি. অনর্গল কথা বলা ॥ ভাতৃ খেতে বশে এত ঝিগির্‌ কাট্‌সে কেন্‌? [দেখ ঝিগির্‌ +কাটা]।

ঝিগিশা=[চট্ট, সি]—বি. জিদ, হিংসা ॥ [<জিগিষা ; অর্থ প্র.]।

ঝিগুইন্=[সি]—অব্য. যে গুলি ॥ আমাটাইন্‌ টেকা ঝিগুন্‌ পাইতায়্‌, অগুইন্‌ আমি দিলাউয়্‌। [দেখ ঝিউন্‌]।

ঝিগ্‌গানো=[নো, কুম]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ তোরে কি ঝিগ্‌গাইসে? [দেখ বিংগানো১]।

ঝিগ্‌গর্=[সি]—বি. হৃদয় ॥ মানুশ্‌টার্‌ ঝিগ্‌গর্‌ সোট। [দেখ যিক্‌কর্২]।

ঝিগ্‌গরি=[ম]—বিণ. বলশালী ॥ সেয়াডা যব্‌ ঝিগ্‌গরি। [দেখ ঝিগ্‌গর্‌ +ই প্র.]।

ঝিগ্‌গির্=[পা]—বি. চিৎকার, উচ্চৈঃস্বরে আহ্বান ॥ অত যোরে ঝিগ্‌গির্‌ পাড়সো ক্যা? [দেখ ঝিগির্১]।

ঝিগ্‌ঝিগ্=[সি]—বি. প্রতিযোগিতা ॥ [দেখ ঝিকাঝিকি]।

ঝিঝানো=[কুম]—ক্রি. শির শির করা ॥ আতুটা ঝিঝায়্‌, বোদ্‌ পাই না। [ঝিঁঝিঁ (অনু.)+আনো প্র.]।

ঝিন্=[পা]—বি. কোন কিছু পাওয়ার জন্য জিদ ॥ কাপড় কেনার্‌ লাগি সেলে ঝিন্‌ দর্‌সে। [<জিদ (<ঝিদ্‌ ضد আং)]।

ঝিন্‌যা=[ঢা]—বিণ. খোঁড়া, রোগা ॥ গাইডা ঝিন্‌যা। [<ঝিঁ ঝিঁ <ঝিন্‌ ঝিন্‌(অনু.)+আ প্র.]।

ঝিন্‌রা=[নো]—বিণ. দুর্বল, নিস্তেজ ॥

ঝিট্যা=[কুম]—ক্রি. বিণ. যাহা ॥ তুয়্‌ ঝিট্যা খুশি তাহাই কর্‌। [<যে+টা]।

ঝিট্‌কা=[ম]—বিণ. শক্ত, শুকনা ॥ গুর্‌ গুলা ঝিট্‌কা ঐয়া গেসে।

ঝিডা=[কুম]—সর্ব. যাহা, যেটা ॥ ঝিডা তোমার্‌ হিডা লৈয়া যাও। [< যে টা]।

ঝিড্ডান্ কাট্=[পা]—বি. খেজুর গাছ কাটার কয়েক দিন পরে আবার কাটা ॥ ঝিড্ডান্‌ কাটের্‌ রশ্‌ মিশ্‌টি বেশি। [<জিরান (<জরীআন جریان আং ?)+কাটা ; দেখ জিরানি]।

ঝিতা=[সি]—বিণ. ডাহা ॥ ঝিতা মিসা কতা। [<জীতা<জীবিত ; অর্থ প্র ; তুঃ জীতা হিং]।

২=[সি]—বিণ. টাটকা ॥ ঝিতা মাস্‌। [অর্থ প্র.]।

ঝিতাবলি=[কুম]—ক্রি. বিণ. শক্তি প্রয়োগ ॥ এত ঝিতাবলি কৈর‍্যা কতা আদায়্‌ কর্‌তে চাঁও? [<জীতা+ বল+ই প্র.]।

ঝিত্ করা=[ঢা]—ক্রি. চুপ করা ॥ ঝিত্‌ করি থাক্‌। [<ঝিত্‌ (অনু.)+ করা]।

ঝিত্‌ভা=[সি]—বিণ. <জীবিত ॥ তার্‌ বাপে অহনো ঝিত্‌ভা আসেন্‌।

ঝিদিন্=[ব]—ক্রি. বিণ. যখন ॥ ঝিদিন্‌ যাই শব্‌ কমুহিনি। [যে দিন]।

ঝিদ্‌রা=[সি]—বিণ. ঈর্ষাকারী, হিংসুক ॥ মানুশটা বর ঝিদ্‌রা। [দেখ ঝিদ্‌+উয়া প্র.]।

ঝিদ্=[চট্ট]—বি. জোর ॥ [দেখ ঝিদ্‌ ; অর্থ প্র.]।

ঝিদ্‌খির্ ঐয়া=[নো]—ক্রি. বিণ. উপশম হইয়া ॥ ঝিদ্‌টা একটু ঝিদ্‌খির্‌

ঐয়া আসে। [<ঝির্‌ঝির্ (অনু.)+ হইয়া]।

ঝিদ্খরে=[সি]—বিণ. পরশ্রীকাতর, অনিষ্টকারী ॥ ঝিদ্খুরেরা সমাজের দুশমন্। [দেখ যিদ্+খোর خور ফা.]।

যিদ্দি=[ম]—বি. রাগ ॥ হের্ যিদ্দি উঠ্‌সে। [দেখ যিদ্+ই প্র.]।

যিদ্দিয়া=[নো]—বিণ. রাগী ॥ এই পোলাডা বড় যিদ্দিয়া। [দেখ যিদ্দি+আ প্র.]।

যিনা=[সি]—বি. বাড়াবাড়ি, জেদবশে উল্লাস ॥ এত যিনা বালা না।

যিনাই=[পা, নো]—বি. <ঝিনুক ॥ যিনাই দিয়া পাইল্যা আচ্‌রাইয়া শাক্ কর্। [দেখ যিনি]।

যিনানো=[সি]—ক্রি. শয়তান বা দুর্দান্ত হওয়া ॥ তোমরা অত যিনাইসো কেনেবে পুয়াইন্? [দেখ যিনা+নো প্র.]।

যিনারা=[চা]—বি. <জানালা ॥ যিনারাডা বন্দ কৈরা দেও। [দেখ যান্‌লা]।

যিনারি [কুম, না, সি, ফ]—বি. ছোট জোঁক ॥ এই কাঠে যিনারি মার্। [দেখ যিনার্]।

২=[চা]—বি. বহুমূত্র রোগ ॥ তার্ যিনারি এসে।

যিনার্=[সি]—বিণ. হুঁশিয়ার ॥ বড়ো যিনার্ বেটা, কবে ঠগ্ তারে পারতো না। [<যাইনার (<যহীন ذهين আং+আর প্র.)]।

২=[সি]—বি ছোট তারকাঁটা, পিন, আলপিন। [দেখ যিনারি]।

যিনালা=[চা]—বি. জানালা ॥ যিনালাডা খুইল্যা দে। [দেখ যান্‌লা]।

যিনি=[চট]—ক্রি. বিণ. যেই স্থানে ॥ যিনি যায় হিনিতে আঁই তোঁয়ারে ধরি আনুম্। [<যে হানই<যে খানেই]।

২=[কুম]—বি. <ঝিনুক ॥ যিনির্ বুতাম্। [দেখ যিনিক্]।

যিনিক্=[কুম]—বি. <ঝিনুক ॥ যিনিকের্ গুদাম্ (=বোতাম)।

যিনি খাওয়া=[সি]—ক্রি. খুব দৌরাত্ম্য করা, ধরাকে সরা জ্ঞান করা ॥ [দেখ যিনানো]।

যিনি পোক্=[কুম, সি]—বি. জোনাকী ॥ আন্দাইরে যিনিপোক্ উরে। [<জুনি<জোনাই<জোনাকী +পোক ; দেখ যুনি]।

যিনিশ্=[চা]—বি. সোনার অলংকার ॥ চা'ইর্ বরি যিনিশ্ দেওন্ লাগ্‌ব। [<জিনস جنس আং ; অর্থ প্র.]।

যিনিশ্ হাতি=[নো]—বি. সহায় সম্পত্তি ॥ বাফে হুতেরে যিনিশ্‌হাতি ভাগ্ করি দিল্। [দেখ যিনিশ্+পাতি <পাত(<পত্র)+ই প্র.]।

যিনেই=[পা, ফ]—বি. <ঝিনুক ॥ যিনেই দিয়া আচ্‌ড়াইয়া তোল্। [দেখ যিনৈ]।

যিনেয়্ উঠা=[ম]—ক্রি. বহুকাল রোগ ভোগের পর আরোগ্য লাভ করা। [<জিবাইয়া (<জিয়ন< জী সং+অন)+উঠা]।

যিনৈ=[বা]—বি. <ঝিনুক ॥ গাংগে যিনৈ পাওয়া যায়। [দেখ যিনাই, যিনেই যিনি, যিনিক্]।

যিন্=[ম]—বি. ঘৃণা ॥ তোমার্ একটু যিন্‌ও নাই। [<ঘৃণ<ঘৃণা]।

যিন্ আটান্=[সি]—ক্রি. একজন একজন করিয়া সকলের কথা বলা ॥ সে একেবারে যিন্ আটাইয়া কৈলো। [<জিন্ (<যীন زين ফা.)+ আটানো ; অর্থ. প্র.]।

যিন্‌গান্=[কুম]—ক্রি. জিজ্ঞাসা করা ॥ তোমারে যিন্‌গাইল্ কি? [দেখ যিংগানো ,]।

যিন্‌যি=[চা]—বি. ঝিঁ ঝিঁ পোকা ॥ চৈত্ মাসে যিন্‌যি ডাকে। [<ঝাঁ ঝিঁ (<ঝিল্লী সং)]।

যিন্‌যিন্=[সি]—বি. রক্ত চলাচল বন্ধ হেতু বেদনা ॥ আমার্ পাওটা যিন্‌যিন্ করে। [দেখ যিন্‌যি আইত্যা]।

যিন্‌যি আইত্যা=[কম, নো]—বি. কটিবাত ॥ আমাগো গরুর্ যিন্‌যি আইত্যা রোগ্ ঐসে। [<ঝিন্ ঝিন্ (অনু.)+বাত+ইয়া প্র.]।

যিন্‌টি=[চা]—বি. একপ্রকার গাছ ॥

যিন্‌তি বাইর্=[সি]—বি. জিতের পুরস্কার ॥ এবার্ আমি যিন্‌তি বাইর্ পাইসি। [<জিন (<জিনা<জি) +তি+বাযী بازی ফা.]।

যিন্‌দেগি=[নো]—বি. জাগরণ ॥ [<যিন্দগী زندگی ফা. ; অর্থ. প্র.]।

যিন্‌ন=[চা]—বি. হজম ॥ যা খায় একটুও যিন্‌ন অয় না। [<জিন্‌ন <জীর্ণ সং]।

যিন্‌ন্=[খু]—বি. হজম ॥ আর্ এটু কোম্ খাস্ তয় যিন্‌নু হবে। [দেখ যিন্‌ন]।

যিন্‌পারা=[কুম]—বিণ. নির্দয় ॥ এমন্ যিন্‌পারা লোক্ আর্ দেহি নাই। [যিন (দেখ যিন্ শয়্‌তান্)+পারা< প্রায় সং]।

যিন্‌বাড়ি=[কু]—বি. মিস্ত্রিদের কাজে ব্যবহৃত দণ্ড বিশেষ ॥ মিস্‌তির্ যিন্‌বাড়ি দিয়েই আমাকে মার্ দিয়েছিল্। [বাড়ি=ছড়ি]।

যিন্ শয়তান্=[কুম]—বিণ. বড় দুষ্ট ॥ সোরাডা যবর্ যিন্ শয়্‌তান্। [জিন جن আং+শয়তান شيطان আং]।

যিপ্‌রা=[সি]—বি. জিহ্বা, লোভ ॥ তার্ যিপ্‌রা তো কম্ নায়। [< জিহ্বা]।

২=[সি]—বি. লেলিহান শিখা ॥ আগুনের্ যিপ্‌রা দেখ্ কদ্দুর্ উঠে। [অর্থ প্র.]।

যিপ্‌শর্=[চট]—বি. নৌকার ছোট পাল বিশেষ ॥

যিফ্‌রা=[কুম]—বি. জিহ্বা ॥ যিফ্‌রাত্ গাও ঐসে। [দেখ যিপ্‌রা¹]।

যিবন্ গাস্=[খু]—বি. জিওল গাছ ॥ যিবন্ গাসের্ পাতা সাগলে খুব্ খায়। [<জিওল+গাছ]।

যিব্‌মানে=[ম]—ক্রি.বিণ. যাবজ্জীবন ॥ [<জীব মানে]।

যিবা=[চট্ট]—অব্য. যেইটা ॥ যিবা তোর্ ভালা লাগে হিবা নে। [যে+বা =টা]।

যিবায়্=[য]—ক্রি.বিণ. যে উপায়ে ॥ তুমি যিবায়্ পার দেহা কৈর। [যে+ভাব+এ বিভক্তি]।

যিবি শংশার্=[ঢা]—বি. মন্ত্র-তন্ত্র বলে কাহাকেও মারিবার ফন্দি ॥ ফকির্ যিবি শংশার্ কৈর‍্যা বংশডারে নির্বংশ কর্‌লো ॥ [<জীবন সংশয়]।

যিবে=[খু]—বিণ. লোভী ॥ অত যিবে হওয়া ভাল না। [<জিব < জিহ্বা+এ<ইয়া প্র.]।

যিব্=[বা]—বি. পকেট ॥ [<জেব <জয়ব جيب আং]।

যিব্‌পোয়া=[চট্ট]—বি. মেয়ে ॥ [< ঝিঅ (<দুহিতা সং)+পো (<পুত্র) +আ প্র.]।

যিব্‌বা=[পা]—বি. জিহ্বা ॥ যিব্‌বাত্ গাও ঐচে। [<জিহ্বা]।

যিব্‌রা=[কুম, সি]—বি. জিহ্বা ॥ তার্ যিব্‌রাডা এত বর কেরে? [দেখ যিপ্‌রা]।

যিব্‌রা বেচ'ন্=[ঢা]—ক্রি. খাওয়া ॥ পরের্ বাইত্ কেম্‌বে যিব্‌রা বেচ্'তে গেলিরে? [দেখ যিপ্‌রা+বেচন= বেচা ; অর্থ প্র.]।

যিব্‌লা=[ঢা]—বি. খাওয়ার লালসা ॥ এত যিব্‌লা কেন্ তর্? [দেখ যিপ্‌রা]।

২=[সি]—ক্রি.বিণ. যে সময় ॥ যিব্‌লা অবশর্ পাও আইশো। [যে+বেলা]।

যিব্‌লা পুষা=[ঢা]—বি. আহার ॥ পয়্শা চ'াইর্‌ডা দিয়া বুঝি 'যিব্‌লা পুষা কর্‌সে? [দেখ যিপ্‌রা+ পূজা]।

যিমক্=[চট্ট]—বি. ছয়,৬ ॥

যিমানো=[পা]—ক্রি. গভীরভাবে চিন্তা করা ॥ এত যিমাও ক্যা। [অর্থ প্র.]।

২=[ম]—ক্রি. নিবান ॥ বাতিটা যিমাও। [অর্থ প্র.]।

৩=[বা, সি]—ক্রি. <ঝিমানো তন্দ্রাভাব হওয়া ॥ তুমি এত যিমাও ক্যা।

যিম্‌ন্‌তান্=[চট্ট]—অব্য. যেই ধরণ ॥ যিমুন্‌তানের্ গর হিমুন্‌তান্ অয়্। [<যেমন+তা+ন]।

যিম্=[ফ,কুম]—ক্রি. বিণ. স্থির ॥ বাতাশ্ নাই গাসের্ পাতা যিম্ দৈর‍্যা রৈসে। [<ঝিম]।

২=[ম]—বি. বুদ্‌বুদি ॥ পুকুরে মাসে যিম্ সার্‌তাসে। [অনু.]।

৩=[ফ]—বি. তন্দ্রা ॥ যিম্ দর্‌সে তবু হুইব না? [<ঝিম]।

৪ =[বা]—বি. পকেট ॥ কোর্‌তার্ যিমে পয়্শা আসে। [দেখ যিব্]।

যিম্, যিম্=[কুম, ঢা]—বি. শরীরের অবসন্ন অবস্থা ॥ [<ঝিম্‌ঝিম্ (অনু.)]।

যিম্ দেওয়া=[ঢা]—ক্রি. বুদ্‌বুদি ছাড়া ॥ এহানে পুডি যিম্ দিসে। [দেখ যিম্, +দেওয়া]।

যিম্ দরা=[পা]—ক্রি. অজ্ঞান হওয়া ॥ শামান্য আগাতেই যিম্ দর্‌লো।

২ =[পা]—ক্রি. পানিতে মাছের নড়া ॥

যিম্‌নি=[খু]—বিণ. চকচকে ॥ থালাখানা বেশ্ যিম্‌নি আসে। [< ঝিলমিল (অনু.)]।

যিম্ মারা=[ম]—ক্রি. চুপ করা ॥ যিম্ মাইরা বৈয়া রৈস কেরে। [দেখ যিম্+মারা]।

যিম্‌মাশ্ করা=[য]—ক্রি. হজম করা। একায্ করে তুই যিম্‌মাশ্ কর্‌তে পার্‌বি না।

যিম্‌লা=[কুম]—বি. বাঁশের শাখা ॥ মাশ্‌টার্ শাবে যিমল্‌া দিয়া সাত্‌রগ মার্‌তাসে।

যিয়না=[কুম]—বিণ. জীবিত ॥ পুটি-মাস্ কহনো যিয়না থাকে না। [< জীব+না প্র.]।

যিয়নি=[বা]—বি. জেলে, মাছ ব্যব-সায়ী ॥ যিয়নি পায়া। [দেখ যিয়ানি]।

যিয়রি=[চা]—বি. কন্যাস্থানীয়া মেয়ে ॥ যিয়রির্ বিয়া কবে? [< ঝি(<দুহিতা সং)+আরি প্র.]।

যিয়ল্=[ম, সি]—বি. শিং ও মাগুর মাছ ॥ [দেখ যিয়ৈল্]।

২ =[চট্ট]—বি. জীবিত মাছ গাঁথা বড়শী ॥ [দেখ যিয়ৈল্]।

যিয়লা=[চট্ট]—বি. চুপ ॥

যিয়া=[পা]—বি. গহনা ॥ নুতন বৌকে যিয়া দেও। [<জেওর < যেবর زيور ফা.]।

২=[বা]—বিণ. লোভী ॥ সেলেটা এক্‌দম্ যিয়া। [<জিহা<জিহ্বা ; অর্থ প্র.]।

৩=[সি]—বি. নীচের ঠোঁট ॥ [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৪ =[সি]—বি. সেঁউতির মুখের পুরু চাকা ॥ যিয়া সুটি গেসে হেওতে পানি হিচ'া মুশ্‌কিল্।

৫=[নো]—বি. ঝিংগা ॥ আঁত্‌তে যিয়া হোদ্ লাগে।

যিয়াইল্‌লা=[নো]—বিণ. ভীরু ॥ হেইতে বড় যিয়াইল্‌লা।

যিয়া থাকা=[চা]—ক্রি. বাঁচিয়া থাকা ॥ কোন রহমে যিয়া আসি। [< জী<√ জীব+ আ প্র.+থাকা]।

যিয়ানা=[সি]—বি. কচুগাছের আগা ॥ যিয়ানা গুইন্ রও বাহ্'বে। [জী< √জীব+আনা প্র.]।

২=[ব]—বি. মাঝি ॥ নদিত্ যিয়ানা ডাক্‌সে। [দেখ যিয়ানি]।

যিয়ানি=[বি]—বি. যাহারা মাছ না মারিয়া অন্যের কাছ হইতে মাছ খরিদ করিয়া বিক্রি করে ॥ [<জিয়ান+ ই প্র.=যাহারা মাছ জিয়াইয়া বিক্রি করে]।

২ =[কুম]—বি. মাছ জিয়াইয়া রাখার পাত্র বিশেষ ॥ যিয়ানিতে শিং মাস্ আসে। [অর্থ প্র.]।

যিয়াবতি=[সি]—বি. জুলুম, গালি মন্দ ॥ পেডের্ পোলা ঐয়া কি যিয়াবতি করে? [যিয়াদত زيادة আং+ই ফা. প্র.]।

যিয়ানে=[সি]—ক্রি. বিণ. যেইখানে ॥ [<যে হানে<যেখানে]।

যিয়ানো=[কুম, সি]—ক্রি. জিয়াইয়া রাখা, জীবিত করা। আল্লা সারা যিয়াইব কে? [<জিয়ানো]।

যিয়াকতি=[ম]—বিণ. নিমন্ত্রিত ॥ এরা হগল্ যিয়াকতি মেমান্। [দেখ যাফত্+ই প্র.]।

যিয়াফত্=[চট্ট]—বি. ভোজ উৎসব ॥ [দেখ যাফত্+ই প্র.]।

যিয়াবাতি=[পা]—বি. দেয়াশলাই। [<দিয়া <দীপ সং+বাতি (<বর্তিকা সং)।

যিয়ারা=[সি]—বিণ. সোঁদা, ভিজা ভিজা ॥

যিয়ারাযা=[চট্ট]—বিণ. দুষ্ট ॥

২=[কুম, সি]—বি. ননদী, বিয়াইর মেয়ে ॥ আমার্ যিয়ারাযারে বিয়া দেঅন্ লাগ্ব। [<ঝিয়ারি<ঝি (<দুহিতা সং)+আরি প্র.]।

যিয়ারি লতা=[ঢা]—বি. এক প্রকার লতান গাছ ॥ যিয়ারি লতাব্ হাগ্ বালা।

যিয়ারে=[ফ]—ক্রি. বিণ. অবশেষে ॥ হেগ্ যিয়ারে কতাডা হুন্‌সে। [<জের <যের زیر ফা.+এ (বিভক্তি)]।

যিয়ার্=[ম]—বি. তেলের টিন ॥ এক্ যিয়ার্ কেরাশিন্ তেল্ আইন্য।

যিয়ালা=[ফ, ম]—বি. বড়শীতে গাঁথা জ্যান্ত ছোট মাছ। [দেখ যিযাল্]।

২=[কুম, ফ]—বি. এক প্রকার বৃক্ষ ॥ যিয়ালা কাঠের্ তক্তা দিয়া নৌকা তৈরি অয়্। [<জিওল<জী+অল প্র.]।

৩=[নো]—বি. মেয়ে মানুষ ॥ মোডা মোডা যিযালারা হাড়ায় হাড়ায় খরাত্ করে। [যিয়া=ঝি+লা প্র.]।

যিয়ালি=[পা]—বি. মাছ ব্যবসায়ী ॥ [দেখ যিয়ানি]।

যিয়াল্=[পা, চট্ট]—বি. এক প্রকার মাছ, শিঙি মাছ ॥ [দেখ যিয়ল্]।

যিয়াশ্লি=[কুম]—বি. দেয়াশলাই ॥ [<দীআ সলাই <দীপশলাকা সং]।

যিয়ে=[খু]—বিণ. অতি লোভী ॥ তোমার্ মেয়েটি দিন্ দিন্ বড় যিয়ে হয়ে উঠ্‌সে। [দেখ যিবে]।

২=[কু]—বি. সুতার চিকন ও শক্ত দড়ি ॥

যিয়েনি=[কু]—বি. ধীবর ॥ যিয়েনিরা মাস্ শিকার্ করে। [দেখ যিয়ানি]।

যিয়েল্=[খু]—বি. এক প্রকার গাছ ॥ [দেখ যিয়ালা]।

যিয়েল্ পারা=[ক]—ক্রি. চিৎকার করা, চেচান ॥ হুদাহুদি যিয়েল্ পার ক্যা। [<জিগির (<যিকর ذکر আঃ)+পাড়া]।

যিয়েল্ মাস্=[য]—বিণ. শিংমাছ ॥ যিয়েল্ মাসের্ শের্ কত? [দেখ যিয়ৈল্+মাছ]।

যিয়ৈল্=[ফ]—বি. মাছ ধরার ফাঁদ ॥ যিয়ৈল্ পাত্‌লে বড় বড় মাস্ পাওয়া যায়্। [<জিওল <জীব+ল প্র.]।

যিয়োট্ হওয়া=[ঢা]—ক্রি. জমাট হওয়া ॥ খুব্ যিয়োট্ ঐব। [<জমাট+হওয়া]।

যিরা=[ঢা]—বি. আউশ ধান বিশেষ ॥ [<জিরা<জীরক সং]।

২=[নো]—বি. কলা গাছের রোগ বিশেষ ॥ কলা গাস্‌টারে যিরায় ধর্‌সে। [<জীর (কেঁচো)+আ প্র]।

যিরা যিরা=[কুম]—ক্রি. বিণ. ক্ষুদ্র ক্ষুদ্র ॥ এত যিরা যিরা কৈরা কাটলি ক্যারে? [দেখ যিরা; কিংবা যর্র: ذره আঃ; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

যিরাতি=[প]—ক্রি.বি. আত্মীয়দের দ্বারা কোন কাজ সম্পন্ন করান ॥ [পরে দেখ; অর্থ প্র.]

২=[ম]—বি. ঔপনিবেশিক চাষী ॥ [<যরা'আত্ زراعت আঃ+ই প্র.]।

যিরাত্=[ফ, বা]—বি. ফসল, শস্য, রবিশস্য ॥ নিযের্ যিরাতের্ যেমন্ দয়া পরের্‌ও তেমন্ দয়া। [দেখ যিরাতি; অর্থ প্র]।

২=[ম, সি]—বি. চাষবাস ॥ আরা সিলেট্ গিরা যিরাত্ কৈরা খায়্। [পূর্বে দেখ]।

যিরানি=[সি]—বি. বিশ্রাম ॥ আরা এখন্ যিরানিত্ আসে। [দেখ যিড়্যান্ কাট্; জিরান+ই প্র.]।

যিরাফি=[কুম]—বি. জিলিপি ॥ [<জিলাপি <জলীবী হিং]।

যিরে খাওয়া=[সি]—বিণ. নেহাৎ হালকা ॥ যিরেখাওয়া বেটা। [<জীর (কেঁচো) + এ(বিভক্তি)+খাওয়া]।

যিরেট্=[কু]—বিণ. মিশ্রিত ॥ যিরেট্ ধান্।

যিরের্ পাতা=[য]—বি. তেজ পাতা ॥ হাট্ হতে যিরের্ পাতা আনিও। [দেখ যিরা+এর (বিভক্তি)+পাতা (<পত্র সং)]।

যির্=[কুম, ম]—বি. কৃমি ॥ সেরাডার্ পেডের্ বিত্‌রে যির্ ঐসে। [<জীর <জীর্ণ সং]।

২=[সি]—বি. কেঁচো ॥ [অর্থ প্র.]।

৩=[খু]—বি. লম্বা ঝুরিবিশিষ্ট বৃক্ষ ॥

যির্কা=[চট্ট]—বি. জিহ্বা ॥ [দেখ যিপ্‌রা]।

যির্ কাঠি=[চট্ট]—বি. উনুনে খর কুটা ঠেলিবার কাঠি বিশেষ ॥

যির্ গাস=[চট্ট]—বি. অশ্বত্থ গাছ ॥

যির্গয়া=[চট্ট]—বি. জিহ্বা ॥ চানি যির্গুয়া লম্বা করি ফেলাইর্। [দেখ যির্কা+উয়া প্র.]।

যির্যির্ করা=[ঢা]—ক্রি. ব্যথা হওয়া ॥ আমার্ পাওটা যির্যির্ করে। [<যির্যির্(অনু.)+করা]।

যির্যিরাইয়া=[সি]—অস. ক্রি. ছোট ছোট রন্ধ্রপথে ধীরে ধীরে প্রবাহিত হইয়া ॥ যির্যিরাইয়া পানি পরে। [দেখ যির্যিরানো]।

যির্যিরানো=[সি]—ক্রি. অল্প অল্প করিয়া পড়া বা বহা ॥ খালে দি যির্যিরাইয়া পানি যায়্রের্। [<ঝির্ ঝির্ (অনু.)+আনো প্র.]।

যির্পা=[চট্ট]—বি. জিহ্বা ॥

যিরপাত্ যাও হৈয়ে। [দেখ যিপ্রা ; বর্ণবিপর্যয়]।

যির্‌বা=[কুম, নো]—বি. জিহ্বা ॥ আমার্ যিরবাত্ গাও ঐচে'। [দেখ যির্‌পা]।

যিলক=[চট্ট]—বি. জিহ্বা ॥ [দেখ যির্‌কা]।

যিলা=[কুম, সি, চট্ট, নো]—বি. ছিদ্র ॥ ঠিলার্ নিচ্' দিয়া একটা যিলা হৈ গেসে। [<জিলা<ঝলা 'جلا' আং; অর্থ প্র.]।

২=[চট্ট]—বি.. আগুনের ফুলকি ॥ [অর্থ প্র.]।

৩=[ম, ব, কুম]—বি. ঝিলিক, ঔজ্জ্বল্য ॥ [দেখ যিল্]।

৪=[ম.সি]—সর্ব. যে ॥ যিলা কৈচে' হিলাবে আন গিযা। [<যে+লা]।

যিলাতিশ্‌তানা=[ম, খু]—বি. অধঃ-পতিত দেশ ॥ [<যিল্লতী ذلتی আং +আস্তানহ্ آستانہ ফা.]।

যিলাদার্=[ম]—বিণ. চমকদার ॥ তোমার্ টুপিটা খুব যিলাদার্। [দেখ যিলা+দার دار ফা.]।

যিলিংগা=[ম]—ক্রি. বিণ. অত্যধিক ঠাণ্ডাজনিত কাঁপুনি বা জড়তা ॥

যিলিক্=[চা]—বি. রং ॥ [< ঝিলিক ; অর্থ প্র.]।

২=[খু]—বি. বিদ্যুতের চমক ॥ মেঘলা দিনে যিলিক মারে।

যিলিক্ পারা=[পা]—ক্রি. আহলাদ দেখান ॥ [দেখ যিলিক্+পাড়া]।

যিলিম্=[নো]—বি ঝিনুক ॥ যিলিম্ রাইক্কে কানে লাগে।

যিল্=[ফ]—বি. ক্ষুদ্র কাঁকর ॥ যিল্-ওয়ালা চাউলের্ বাত্ খাওন্ যায় না।

২=[বা, পা]—বি. কিরণ, আলো, বর্ণচ্ছটা ॥ কাপরের্ উপ্রে রংরে যিল্ দরেসে। [দেখ যিলা]।

৩=[কুম]—বি. কুরআন শরীফ ॥ [< জিলদ جلد আং=চর্ম : চামড়ার বাঁধাই ; দেখ যিল্ করা ; অর্থ প্র.]।

যিল্ করা=[সি]—ক্রি. বই বাঁধান ॥ কোরান্খান্ যিল্ করাইয়া লও। [দেখ যিল্৩+করা]।

যিল্‌কানি=[সি]—বি. বেদনার তীব্র অনুভূতি ॥ [<ঝিলিক+আনি প্র. ; অর্থ প্র.]।

যিল্‌কানো=[ম]—ক্রি. টাটানো ॥ শিং মাসের কাটা লাগ্যা যিল্কায়। [দেখ যিল্কানি ; আনো প্র ; অর্থ প্র.]।

২=[পা]—ক্রি. বিদ্যুৎ চমকান ॥ ম্যাগ্ যিল্কাইতেচে'। [দেখ যিলিক্ (নামধাতু)+আনো প্র.]।

৩=[সি]—ক্রি. আহলাদ প্রকাশ করা ॥ এত যিল্কাও ক্যা। [অর্থ প্র.]।

যিল্‌কি=[সি]—বি. বিদ্যুৎ, বাজ ॥ আশ্মানে যিল্কি দিতাসে। [<ঝিলিক +ই প্র.]।

২=[কুম]—বি. তালি বা ডাক ॥ মেগের্ ডাকে কানে যিল্কি লাগে। [অর্থ প্র.]।

যিল্‌যিলা=[পা]—বিণ. উজ্জ্বল, আনন্দিত ॥ খাশের্ খবরে সেলেটা যিল্‌যিলা হৈল্। [দেখ যিল২+যিল+আ প্র.]।

যিল্‌বা=[কুম]—বি. জিহ্বা ॥ যিল্বা দা লোল্ পরে। [দেখ যিপ্রা]।

যিল্‌মিল্=[সি]—বি. ঝকমক ॥ [অনু.]।

যিল্‌লতি=[পা, নো]—বি. কষ্ট, দুঃখ, অপমান, লাঞ্ছনা ॥ পুয়াগুইন্ বড় যিল্লতি দিতাসে। [<যিল্লত ذلت আং+ই. প্র.]।

যিল্‌লত্=[খু, সি]—বি. অপমান ॥ তাকে একেবারে যিল্লত্ করে সেড়ে দে (খু)। [দেখ যিল্লতি]।

যিল্‌লি=[বা]—বি. জেদ ॥ [< যিদ্দ্ ضد আং+ই প্র.]।

যিল্‌হি=[ফ]—বি. বিদ্যুৎ ॥ [দেখ যিল্কি২]।

যিশোকি=[চা]—বি. গালি বিশেষ ॥ এই যিশোকি তুই আমার লগে কত্তা কৈস্ না। [< ঝি (<দুহিতা সং) +শোক+ই প্র. কিংবা ঝি+পো< পুত্র সং+শাকী<শোদক+ই ; স্ত্রী]।

যিসাতা=[সি]—ক্রি. বিণ. যাহা কিছু ॥ বৈবার্ লাগিন্ যিসাতা পাস্ লৈয়া আয়। [<যে+ছাতা (<ছত্রাক সং)]।

যিসিম্=[ম]—বি. শরীর দেহ ॥ যিসিম্ মোড়া ঐলে কি হব. যোর্ নাই। [<জিসম جسم আং]।

যিস্‌মানি=[ম]—বিণ. দৈহিক, শারীরিক ॥ তার যিসমানি কুয়ত্ খুব বেশি। [<জিসমানী جسمانی আং]।

যু

যু=[কুম]—বি. সুযোগ, সুবিধা ॥ যু বুইযা কাম্ করন্ লাগে। [<জো (<যোগ সং)]।

যুআনি=[কুম]—বি. খাঁচা ॥ যুআনির্ তলে যোর্‌গার্ সাও।

যুই=[চট্ট]—বি. <যোগী ॥

২=[ম]—বি. আগুন ॥ যুই আন্যা দে, তামুক্ খাইবাম্। [<জ্যোতি ; তুং জুই অ.]।

যুইট্যা হালিক্=[চা]—বিণ. ছোট শালিকের শ্রেণী বিশেষ ॥ যুইট্যাহালিক্ মান্দার্ গাসে বাহা করে। [<ছোট+ইয়া+শালিক (<শারিকা সং)]।

যুইতা=[পা]—বি. মাছ মারিবার যন্ত্র বিশেষ ॥ যুইতা দিয়া বড় মাস্ মারা যায়।

যুইতের্ গর্=[বা]—বি. উঁচু টুই কিন্তু চালের নীচের দিক প্রায় মাটির

কাছাকাছি এমন এক ধরণের খড়ের ঘর ॥ [<জুত (দেখ যুইত্)+এর (বিভক্তি)+ঘর]।

যুইত্তের্ লাইগ্যা শুইতে না পারা = [কুম]—ক্রি. বেশি আরাম হেতু অসুবিধা হওয়া ॥ [<জুত (<যুক্ত সং)+লাগিয়া শুইতে না পারা ; অর্থ প্র.]।

যুইত্যা=[ঢা]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ [দেখ যুইতা]।

২=[পা]—বি. জুতা। যুইত্যা কিন্বার্ ট্যাহা নাই। [<জুতা হিং]।

যুইত্যানো=[কুম]—ক্রি. কাজ আরম্ভ করিবার পূর্বে যোগাড়যন্ত্র করা ॥ যুইত্যাইতে যুইত্যাইতে দিন্ গেল্। [<জুত+আনো প্র.]।

যুইত্যান্=[চট্ট]—ক্রি. অনুপাত মত লবণ মরিচ মসলা জল ইত্যাদি তরকারীর সহিত মিশ্রণ করা ॥ [দেখ যুইত্যানো ; অর্থ প্র.]।

যুইত্=[বা]—বি. নমুনা, গঠন ॥ গরের্ যুইত্ বালা ঐসে। [<জুত (<যুক্ত সং)]।

২=[নো, সি, ঢা]—বি. আরাম, জুত ॥ আইযগা খাবার্ যুইত্ নাই। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[কুম, খু]—বি. সুযোগ ॥ যুইত্ পাইয়া যা তা করা দরস বুঝি? [পূর্বে দেখ]।

৪=[কুম]—ক্রি. বিণ. ঠিক ॥ যুইত্ মত কাম্ কৈরে। [অর্থ প্র.]।

৫=[নো]—ক্রি. বিণ. চুপ ॥ কান্দিস্ না, যুইত্ কৈরা থাক্। [অনু.]।

৬=[কুম]—বি. চিকন রশি বিশেষ ॥ দানের্ বোঝা বান্‌তে যুইত্ লাগে। [<যোত <যোক্ত্র সং]।

৭=[ফ]—বি. ঘরের দুই কোনার চেয়ে উঁচু মধ্যস্থান ॥ [দেখ যুইত্]।

যুইত্ বাইত্=[সি]—বি. সুযোগ সুবিধা ॥ [দেখ যুইত্১+বাইত অনু:]।

যুইন্=[নো]—বি. পত্তন, গঠন, গড়ন ॥ [দেখ যুইত্]।

যুইনা=[ম]—বিণ. অতিশয় প্রাচীন ॥ হের্ নানায় যুইনা বুরা ঐয়া গেসে, তও মরে না। [<ঝুন্<ঝুনা (<জীর্ণ সং)+ইয়া প্র.]।

যুইন্যা=[বা]—বি. পোকা বিশেষ ॥ নাওডাত্ যুইন্যায় দরসে।

যুইম্=[কুম]—বি. বাঁশের তৈরী খাঁচা ॥

যুইপা=[ম]—ক্রি. বিণ. ঢাকিয়া, ছাপাইয়া ॥ বিশুটি আবার্ যুইপা লৈসে। [<ঝাঁপাইয়া]।

যুইয়া ওরলা=[ঢা]—বি. বড় পিপঁড়া ॥ যুইয়া ওর্‌লা কামর্ দিসে।

যুইর‍্যা=[ফ]—ক্রি. বিণ. একত্র করিয়া, জুতিয়া ॥ লাঙলে গরু দুইডা যুইর‍্যা দে। [<জুড়িয়া]।

যুইর্=[চট্ট]—বি. মাথাল, টোকা ॥

যুইর্ গাউর্=[চট্ট]—বিণ. অকেজো ॥ হিতে এক্‌বেরে যুইর্ গাউর্। [দেখ যুইত্২+এর (বিভক্তি) +গাভুর, গাবর]।

যুইর্‌যা=[কুম, ম]—ক্রি. বিণ. সঙ্কুচিত ॥ যারের্ লাগি বুরা বেডাডা যুইর্‌যা দিয়া রৈসে।

যুইল্যা=[বা]—ক্রি. বিণ. নুইয়া ॥ আমাগোর্ বারে গাসটা যুইল্যা পর্‌সে। [<ঝুলিয়া]।

যুইল্ বাওয়া=[বা]—ক্রি. একগাছ হইতে ঝুলিয়া অন্য গাছে যাওয়া ॥ সেরাডা বেশ্ যুইল্ বাইতে পারে। [ঝুল+বাওয়া]।

যুংগা=[সি]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ যুংগাত্ মাস্ লাগ্‌সে। [<চুংগা]।

যুংগুইর্=[কুম]—বি. টোকা, মাথাল ॥ [দেখ যুংগুরা]।

যুংগুরা=[সি]—বি. মাথা ও পিঠ ঢাকিবার উপযোগী টোকা বা বাঁশের ছাতা ॥ [দেখ যুংগুইর্]।

যুংগুর্=[খু, সি]—বি. তালপাতার তৈরী মাথাল ॥ [দেখ যংগুরা]।

যুংরা=[সি]—বি. ডিম পাড়িবার বা ডিমে তা দিবার ঝুড়ি ॥ কয়াচিঁ মুর্‌গি হারাদিন্ যুংরাত্ বৈয়া থাকে।

যুংলা=[ম]—বি. বনজঙ্গল সমাকীর্ণ ॥ এমন যুংলা বায়্‌গায় কি মানুশ্ থাকে। [<জংলা]।

২=[ফ]—বি. মাছ তরকারী নাড়িবার হাতা ॥ যুংলা দিয়া কদু তর্‌কারিডা লাড়া দেও।

যুঁইযুঁই আডা=[নো]—ক্রি. বাঁকা হইয়া হাঁটা ॥ বুড়ায়া যুঁইযুঁই আটে। [<ঝুঁকিয়া ঝুঁকিয়া হাঁটা]।

যুঁইর্=[চট্ট]—বি. খড়ের তৈরী ছাতা ॥ গিরিসের্ যুঁইর্ আসে। [দেখ যুংগুইর্]।

যুঁডা=[নো, চট্ট]—বি. কবরী, খোপা ॥ মাথার্ চুল্ যুঁডা বাইন্‌দা রাখ্। [<ঝুঁটা, ঝুঁটি (জুট)]।

যুঁডি=[চট্ট]—বি. জোড়া, দল ॥ যুঁডি বান্‌দি কড়ে যাও? [<জোট+ই প্র.]।

যুঁর্=[চট্ট]—বি. টোকা, মাথাল ॥ [দেখ যুঁইর্]।

যুঁহা=[কু, ম]—বি. পরিমাপ ॥ যুহাঁ দিয়ে দেখ্ কোন্‌টা বড়। [<জোখা]।

যুকন্=[কুম]—ক্রি. মাপা ॥ যুক্যা দেহ খালে পানি কদ্দুর্। [<জুখ (<জোখা)+অন প্র.]।

যুকা=[খু]—বি. পানি বাড়িবার মাপ ॥ যুকার্ গুনে পানি বেশি ঐ সিল্। [দেখ যুঁহা]।

২=[খু]—বি. অর্শরোগ ॥

যুকানো=[সি]—ক্রি. শান্ত ছেলে-মেয়েদের সাথে লাঠালাঠি করিয়া অশান্ত করা ॥ পোয়াটারে আর্ যুকাইও না। [<চোখা (<চোক্ষ সং)+নো প্র.]।

২=[সি]—ক্রি. মাপ নেওয়া ॥ যুকাইয়া দেখ্ কয়হাত্ লম্বা। [দেখ যুকা+নো প্র.]।

যুকামাপা=[সি]—বিণ. পরিমিত, সামান্য ॥ অতো যুকামাপা খাওয়া দেওয়া যায় না। [দেখ যুকা+মাপ +আ প্র.]।

যুকার্=[সি]—বি. হুলুধ্বনি ॥ [<জোকার (<জয়কার সং)]।

যুকুর্=[পা,বা]—বি. ধানভানার সময় এক তালে পা ফেলা ॥ মেয়েরা যুকুর্ দিয়ে দান্ বানে। [দেখ যুকার্]।

যুকোনি=[কুম,]—বি. মুরগী রাখিবার খাঁচা বিশেষ ॥ যুকোনিতে মুরগির্ সাও রাহো। [<ঝাঁকা+নি প্র.]।

যুক্ করা=[বা]—ক্রি. চুপ করা ॥ যুক্ কৈরা থাক্, কান্দিস্ না। [<যুপ <চুপ+করা]।

যুক্কা=[সি]—বি. অপয়া, ভারী ॥ নাওর্ মাযে যুক্কা কেরে, নাওতো চ'লে না।

২=[সি]—বিণ. জোঁকে খাওয়া, ক্ষত বিশিষ্ট ॥ যুক্কা বেটার্ গা দুয়াই দেও। [<জোঁক (<জলৌকা সং) +আ প্র.]।

যুক্ ধরা=[সি]—ক্রি. ঝিমান ॥ গরুডার্ যুক্ দর্সে। [<ঝিম+ধরা; ঘুমের সাদৃশ্যে ঝুম<ঝিম]।

যুক্যুইক্কা=[নো]—বিণ. নারার ভিতরে কিছুই নাই, পোকায় খাইয়াছে এমন ॥ এই নারাগা তুনে খাই যুক্যুইক্কা ঐ গেগে। [<যুক যুক (অনু.)+ইয়া প্র.]।

যুক্যুকাই=[নো]—অস. ক্রি. জবজব করিয়া ॥ যুক্যুকাই নাড়ৈলের্ হানি লড়ে। [<যুক্যুক্ (অনু.)+আই+ইয়া প্র.]।

যুক্তা=[ম]—বি. সামর্থ্য ॥ যুক্তা মত কাম্ করো। [<যোগ্যতা]।

যুক্তি=[কুম,]—বি. দাঁড়িপাল্লার লম্বাদড়ি ॥ যুক্তির্ দরি শক্তো অওন্ লাগে। [<যুক্(দেখ যুকা) +তি প্র.]।

২=[সি]—বি. পাল্লার একদিকের ঝোঁক ॥

যুখাযুখি=[সি]—ক্রি. বি. পরিমাপ করণ ॥ [দেখ যুকা; ই প্র.]।

যুখ্=[ম]—বি. মাপ ॥ বাবায় যুখ্ দিয়া আই। [<জোখা]।

যুগা=[চা]—বিণ. নিঃশেষ ॥ এক্কেরে বাই যুগা ঐয়া গেলাম্ গা হারাদিন্ খাইটুটা।

যুগার্=[ম]—বি. ব্যবস্থা ॥ টাকার্ যুগার্ করো। [যোগাড়<যোগ সং+আড় প্র.]।

যুগালি=[ফ,]—বি. সাথী, সাহায্যকারী ॥ রায়মিস্তিরির যুগালি লাগে। [<যোগ (দেখ যুগার্)+আলি প্র.; সাধু জোগাড়িয়া, জোগাড়ে]।

যুগাল্=[চা]—বি. সাহায্য, সূচনা, প্রারম্ভ ॥ এই কামের্ যুগাল্ দিতে ঐব না। [দেখ যুগার্]।

যুগি=[সি]—বি. হিন্দু তাঁতী, নাথ, সাধু ॥ যুগি হক্কলে বাক্কা কাপর্ বানায়। [<যোগী]।

যুগিনি=[চা]—বিণ. যে গরুর শিং হয় না ॥ যুগিনি গাই দেখ্তে খারাপ্। [<যোগিনী; লোকব্যুৎপত্তি]।

যুগিপুঁতা=[য]—বি. নির্মম অত্যাচার ॥ ওকে যুগিপুঁতা না পুঁতে কোনু কথা নেই। [<মৃত যোগীর ন্যায় পোতা(<পোথ সং+আ)]।

যুগিয়ানি=[সি]—বি. যুগির তৈরী পাতলা গামছা ॥ যুগিয়ানির দাম্ বেশী কম্সে না। [<যোগী+আনি প্র.]।

যুগির্ খাতা=[ফ]—বি. একপ্রকার ঘাস ॥ [<যোগীর কাঁথা]।

যুগোতি=[ফ]—বিণ. ক্ষমতাশালী ॥ 'শিশুও যদি অয় যুগোতি, তবুও চাই শোংগতি'—প্রবাদ। [<যোগ্যতা]।

যুগ্গি=[ম]—বিণ. <যোগ্য ॥ যুগ্গি কতা মুহে যোয়ায় না।

যুগ্গমান্=[ফ]—বিণ. উপযুক্ত ॥ তার্ হাতুটি সেলেই যুগ্গমান্। [<যোগ্য+মান প্র.]।

যুগ্ বিগ্ গালি=[চা]—বি. আদর সম্ভাষণ ॥ এই আকালের্ দিনে কেঐ কেঐরে যুগ্বিগ্গালা করে না। [<জুগ (অনুঃ)+জিজ্ঞাসা]।

যুগ্লা=[ম]—বিণ. যমজ ॥ বৌডার্ গর যুগ্লা পুত্ ঐসে। [<যুগল+আ প্র.]।

যুঝিবাঝি=[নো]—অস. ক্রি. বোঝাপড়া করিয়া ॥ আইয়্ কাইল্ বেকেই যুঝিবাঝি যায়। [<বুঝিয়া+বাজিয়া (অনুঃ)]।

যুযুর্ মুযুর্=[সি]—বিণ. শতছিন্ন ॥ কাপর্ ফারিয়া যুযুর্ মুযুর্ ঐসে। [অনু.]।

যুয্=[নো]—বি. মারামারি ॥ সেলে দুইটা যুয্ করে। [<যুঝ্ (<যুদ্ধ সং)]।

যুয্যু=[সি]—বি. <যুদ্ধ ॥ যার্মানির্ যুয্যু শেশ্ ঐসে।

যুয্দান্=[ম]—বি. কোরান কেতাব বাঁধিয়া রাখার থলি ॥ [<জুয্' ج‍ز আং+দান دان ফা.]।

যুটা বলি=[ম]—ক্রি. বিণ. তোড়া বাঁধিয়া ॥ যুটাবলি আম্ আইসে, তুফানে রাখ্লে অয়। [<জটা+বলিয়া (<√বল্ <√বৃধ+আ)]।

যুট্টা=[বা]—বি. এঁটো ॥ তোমার যুট্টা খাইব কে? [<ঝুটা(<জুষ্ট সং)]।

যুট্মুট্=[সি]—ক্রি. বিণ. মিছামিছি ॥ যুট্মুট্ মার ক্যা। [<ঝুট (হিং)+মুট (অনুঃ)]।

যুঠা=[সি]—বিণ. উচ্ছিষ্ট, এঁটো ॥ যুঠা খাও। [দেখ যুট্টা]।

যুড়া=[কুম]—বি. উচ্ছিষ্ট ॥ [দেখ যুট্টা]।

২=[কুম]—বি. খোপা ॥ [দেখ যুর্টি]।

যুড়ানো=[ফ]—ক্রি. সংগ্রহ করা ॥ ট্যাহা যুড়াইয়া লৈ, তারপর্ বাজারে যামু। [<জোট+আনো প্র.]।

যুড়া=[য]—বি. জোড়া ॥ এক্ যুড়া শাড়ি দেন্ত। [<জোড়া (<যুগ্ম সং)]।

যুড়ি খেপ্না=[ফ]—বি. মাছ ধরিবার ছোট জাল ॥

যুড্যান্=[নো]—বি. খেজুর গাছ কাটিবার প্রথম দিনের পরিষ্কৃত অংশ ॥

যুতি=[বা, ফ, পা]—বি. মাছ মারিবার হাতিয়ার ॥ যতি দিয়া বর মাস্ দরা যায়।

যুতিযুতি=[ব]—ক্রি. বিণ. চুপিচুপি, মুরুব্বিদের অগোচরে ॥ সকলে যুতিযুতি একাম্ করেসে। [অনুঃ]।

যুতেবাতে=[ব]—ক্রি. বিণ. গোপনে॥ যুতেবাতে কি কর? [অনু.]।

যুত্যা=[সি, চট্ট]—বি. খড়মের উপরিস্থিত কাষ্ঠ, বউলা ॥ হাবর্ করা পথে চোঁল্বার শময় খরমের যুত্যা বাংগি গেল্ (সি)।

যুত্=[নো, ফ, ঢা]—ক্রি. বিণ. চুপ ॥ যুত্ করি থাইক্‌লে মাইন্‌শে মনে করে বেকুব। [অনু.]।

২=[য, খু]—বি. কাজের নিয়ম বা ধারা ॥ কামে যুত্ পালাম্ না। [<জুত(<যুক্ত)]।

৩=[পা, খু]—বি. ক্ষমতা, সুযোগ ॥ তোমার্ কোনৈ যুত্ নাই। [অর্থ প্র.]।

৪=[কু]—বি. সরু শলাকাবিশিষ্ট মাছ ধরিবার অস্ত্র বিশেষ ॥

৫=[ব]—বি. মেরামত॥ পুরান্ যুতা যুত্ কর্‌তে হবে। [দেখ যুত্; অর্থ প্র.]।

৬=[সি]—বি. ভার বহনের দাঁড়, জোয়ালের দড়ি ॥ যুত্ সারা গরু যুরবায় কেম্‌নে? [<জোত (<যোত্র সং)]।

৭=[খু]—বি. ইচ্ছা, ইশারা ॥ তোমার্ যুতে আমার্ যেতে হবে তার্ কি মানে আসে। [দেখ যুত্$_{২}$, অর্থ প্র.]।

যুত্করা=[বা]—বিণ. গোপন ॥ তোমার্ লগে এক্‌টা যুত্করা কথা আসে। [<যুত্ (অনু.)+করা]।

যুত্‌বাত্=[পা]—ক্রি. বিণ. ঠিকঠাক॥ যুত্‌বাত্ কৈরা লও। [দেখ যুত্$_{২}$+বাত অনুঃ]।

২=[কুম]—ক্রি. বিণ. চুপচাপ ॥ যুত্‌বাত্ বৈয়া কতা হোন্। [অনু.]।

যুত্ত=[ম]—বিণ. যুক্ত॥ [দেখ যুত্$_{২}$]।

যুদি=[চট্ট]—অব্য <যদি॥ হিতে যুদি আইত বড় মবা ঐত।

যুদিল্=[পা]—অব্য. <যদি ॥ তুমি যুদিল্ যাও আমি যাইবার্ পারি। [<যদি+ল]।

যুদে=[কু]—বি. পৃথক্ ॥ তার্ ভাগের্ অংশ যুদে করে দাও। [<জুদা جدا ফা.]।

যুদ্দা=[সি]—বিণ. আলাদা ॥ 'কানা গরুর্ যুদ্দা আথাল্'—প্রবাদ। [দেখ যুদে]।

যুনা=[ঢা]—বিণ. কুটা ॥ যুনা পাইল্যা টিহে না। [<ঝুনা (<জুন্ন প্রাঃ <জীর্ণ সং)]।

২=[ম]—বি. লোহার তার ॥ যুনা দিয়া বেরা বান্দে।

যুনাধাকি=[পা]—বিণ. অভিজ্ঞাত ॥

যুনাবালি=[ফ]—বিণ. পাকা ॥ মাইয়াডা শব্ কামেই যুনাবালি। [দেখ যুনা+বালি <বালুকা সং]।

যুনি=[চট্ট, পা, ম, খু]—বি. জোনাকী পোকা ॥ রাইতে অনেক্ যুনি পোকা যলে। [< জোনি < জোনাই< জোনাকি কিংবা<যোগিনী; অর্থ প্র.]।

যুনিক্=[খু, বা]—বি. জোনাকী পোকা ॥ আন্ধাইর্ রাত্‌তিরি যুন্‌িক যল্‌লি ভাল দেখায় (খু)। [দেখ যুনি]।

যুনের্ আলো=[কুম]—বি. চাঁদের আলো ॥ [যুন <জোন < জোন্‌হা প্রাঃ<জ্যোৎস্না সং+এর+আলোক; অর্থ প্র.; যুন্$_{৩}$]।

যুন্যাপহর্=[চট্ট]—বি. অস্পষ্টভাবে আলোকিত বা আলো আঁধারে মিশান অবস্থা ॥ [দেখ যুনের্ আলো+পসর (স্ফর সং)।

যুন্=[বা]—বিণ. পাকা, ঝুনা ॥ যুন্ নাইর্‌হল্। [দেখ যুনা]।

২=[পা]—বি. আলোচনা, শব্দ ॥ তোমার্ বাপের্ কাসে সেলের্ বিয়ের্ যুন্ দিলাম্।

৩=[কুম]—বি. চাঁদ ॥ যুনের্ পর্ ঐলেই আই যাইয়াম্। [দেখ যুনের্ আলো]।

৪=[চট্ট]—বি. চায়ের চামচ ॥

যুন্‌যুন্‌ইয়া=[নো]—বিণ. চাটকা ॥ [<যুন্‌যুন্ (অনু.)+ইয়া প্র.]।

যুন্‌নি=[ম]—বি. মেয়েদের কানের গহনা ॥ বাবির্ কানের্ যুন্‌কি বেশ্ মানাইসে। [<ঝুমকি]।

যুন্‌যাল্=[খু]—বি. <জঞ্জাল ॥ বাড়ির ভিতর্ যুন্‌যাল্ ভরা।

যুন্‌যুনা=[ঢা]—বিণ. শুষ্ক, খড়খড়ে ॥ লাক্‌রিগুলি হগ্‌না যুন্‌যুনা। [দেখ যুনা; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

যুন্‌ডা=[ঢা]—বিণ. খুব বুড়া ॥ যুন্‌ডা বুরিডা মরে না। [দেখ যুনা]।

যুন্‌ডাইয়া=[সি]—অস. ক্রি. খালি করিয়া ॥ গাস্ থাক্যা আম্‌গুন্ যুন্‌ডাইয়া পায়ি লাইচে'।

যুন্‌ডাইয়া আনা=[সি]—ক্রি. দলবদ্ধ ভাবে আনা ॥ পুলিশ্ ডাকাইতের্ দল্‌রে যুন্‌ডাইয়া আন্‌লো। [দেখ যুন্‌ডা বাংগা]।

যুন্‌ডা বাংগা=[সি]—ক্রি. দলভাঙ্গা ॥ [<ঝুন্‌ড হিং]।

যুন্‌ডা লাগা=[সি]—ক্রি. দলবদ্ধ হওয়া ॥ বিপদে যুন্‌ডা লাগা ঠিক্। [দেখ যুন্‌ডা বাংগা]।

যুন্‌দাল্=[খু]—বি. জঞ্জাল ॥ বাড়ির্ ভিতর্ যুন্‌দাল্ বোঝাই।

যুন্‌না=[নো]—বি. ব্যাগ, থলি ॥ এইবার্ যুন্‌না কান্দে লৈসে। [<ঝোলনা]।

যুন্‌না খাতা=[কুম]—বি. ছেঁড়া কাঁথা ॥ কহিয়ের্ যুন্‌না খাতা। [<দেখ যুনা+কাঁথা (কন্থা সং)]।

যুন্‌কি=[চট্ট]—বি. আলোর মশাল ॥ চোঁগত্ যুন্‌নি দেএনি ইন্‌লাই ন দেইয়ে। [দেখ যুনের্ আলো]।

যুপি=[চা]—বি. জঙ্গল, বন ॥ হিয়াল্‌ডা যুপিত্ বৈয়্যা পলাইসে। [<ঝোপ(<ক্ষুপ সং)+ই প্র.]।

যুপি দরা=[চা]—ক্রি. গাছের অগ্রভাগে জটা বাঁধা ॥ বায়্গোন্ গাস্টা যুপি দৈয়া রৈসে্। [দেখ যুপি+ধরা]।

যুপৈর্=[বা,]—বি. হুলুধ্বনি ॥ পুযার্ শময়্ হিন্দু মেয়েরা যুপৈর্ দেয়্। [দেখ যুকার্]।

যুপ্না=[বা]—বি. ছোট জঙ্গল ॥ যুপ্নাত্ হিয়াল্ থাহে। [<ঝোপ +না ; দেখ যুম্না₂]।

যুপ্পুরাইয়া=[বা]—ক্রি. বিণ. লাফাইয়া ॥ পানিত কিডা যুপ্পুরাইয়া উঠসে্। [<ঝপ্পর (ধ্বন্যা.)+ আ+ইয়া]।

যুপ্রা=[ম]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ [< ঝাপ (< ঝাঁপ)+রা প্র.]।

যুপ্রি=[সি]—বি. মেয়েছেলে ॥

যুপ্লা=[চা]—বিণ. থোকাথোকা ॥ [<ঝোপ+লা প্র.]।

যুপ্শি=[ম]—বি. ময়লা ॥ তর্ মাথায়্ অত যুপ্লি ক্যা। [<ঝোপ+ শি প্র.]।

যুফা=[ম]—বি. মাপ ॥ দব্যিন্ কাসে যামার্ যুফা দেও। [দেখ যুকা]।

যুফানি=[চা]—বি. বাঁশের বাখারির তৈরী মুরগী ঢাকিয়া রাখিবার গোলাকার খাঁচা বিশেষ ॥ যুফানিত্ মুর্গির্ সাও গুলি ডোহা। [ঝাঁপা+নি প্র.]।

যুফ্নি=[চা, কুম]—বি. হাঁস মুরগী ইত্যাদি রাখার বাঁশের তৈরী খাঁচা বিশেষ ॥ [দেখ যুফানি]।

যুবা=[ফ]—বি. বড় নৌকার হালের সাথে বাঁধা হয় এমন কাষ্ঠ দণ্ড বা বাঁশ ॥ হাল্টি যুবার্ শাথে মযবুত্ করা্যা বান্।

২=[ফ, য]—বিণ. ভাল, উত্তম ॥ তর্কারিডা খাইতে তারি যুবা লাগে। [<যীবা زیبا ফা=সুন্দর, উপযুক্ত]।

যুবাবাতি=[ম]—বিণ. <যুবতী ॥ যুবাবাতি মাইয়ার্ বিয়া দিসৈন্না ?

যুবি=[ফ]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥

যুব্বিহাল্=[নো]—বি. খারাপ অবস্থা ॥ [زبون আং+ই প্র.+হাল حال আং]।

যুব্যুব্বা=[নো]—বিণ. বেশী পরিমাণ ॥ যুব্যুব্বা টিয়া। [<যুব্ যুব্ (অনু.)+ইয়া প্র.]।

যুব্ড়ানো=[কু]—ক্রি. পানিতে চুবানো বা ডুবানো ॥ চো'র্টাকে পানিতে যুব্ড়েসিলো। [<জাবড়ানো]।

যুব্ড়ি=[নো]—বি. ঝোপ, জঙ্গল ॥ যুব্ড়ির মদ্যে ঢলাই রৈসে। [<ঝোপ +ড়ি]।

যুব্বা=[কুম, পা]—বি. লম্বা জামা, চোগা ॥ যুব্বা গায়ে কৈ যান্ ? [<জুব্বঃ جبه আং]।

যুব্বা যুব্বি=[য]—বি. মোটা পরিচ্ছদ ॥ যুব্বাযুব্বি গায়ে দিয়ে কৈ যাও ? [দেখ যুব্বা+যুববি অনুঃ]।

যুব্লা=[বা]—বি. তরকারী ॥ যুব্লা নিয়া আরও।

যুমা=[নো]—বি. বাঁশের কাটা গোড়া ॥

যুমাল্=[কুম]—বি. <জোয়াল ॥ গরুর্ কান্দে যুমাল্ থাহে।

যুমি থাকা=[সি]—ক্রি. ফলের ভারে নুইয়া পড়া ॥ লেবু গাস্টা যুমি রৈসে।

যুমিয়া=[চট]—বি. চট্টগ্রামের আদিম অধিবাসী ॥

২.—[সি]—ক্রি. বিণ. বেশী করিয়া ॥ ইবার্ আম্ যুমিয়া আইসে।

যুমুইর্=[ফ]—বি. তালে তালে ঢেঁকিতে পাড় ॥ যুমুইর্ দেও তাড়াতাড়ি চা'ইল্ যাড়া ঔক্। [<ঝুমুর(<ঝুমরি সং)]।

যুমু=[খু]—বি. জুম্মা ॥ হেই যুমুর্ নামাযে যাবিনি ? [<জুমআঃ جمعه আং]।

যুমুক্=[বা]—বি. নূপুর ॥ যুমুকের্ বাত্না বাজা।

যুমোহ্ বর্=[খ]—বি. জুম্মা মসজিদ ॥ [দেখ যুমু+র (বিভক্তি)+ ঘর]।

যুম্=[নো]—বি. জো ॥ বাবুয়া কতায়্ যুম্ লাগাইসে। [<জো (< যোগ সং)]।

২=[চা, বা]—বি. রাগ, নেশা ॥ খিকির্ কর্তে কর্তে যুম্ উইট্যা গেসে।

৩=[বা]—বি. জেদ। মেয়েটার্ বর যুম্।

৪=[সি]—বি. গম, ধান বিশেষ ॥ ইটা যুম্ দানর্ গাস্।

৫—[বা, কুম]—বি. দল, পলো দিয়া মাছ ধরার দল ॥ তাইন্ যুম্ বাইয়া বৌত্ মাস্ মার্সৈন্।

৬=[চট]—বি. পার্বত্য জাতির চাষ বিশেষ ॥ [দেখ যুম্₄]।

যুম্ করা=[খু]—ক্রি. জেদ করা ॥ বাপ্ মায়্ যুম্ করা্যা বিয়া করাইসে। [দেখ যুম্₃+করা]।

যুম্কা=[কুম, নো]—বি. কানের অলঙ্কার ॥ যুম্কার্ রেওয়ায্ এখন্ আর্ নাই। [<ঝুমকা]।

২=[চা]—বি. একপ্রকার বাদ্যযন্ত্র ॥ যুম্কা বাযাইতে আমোদ্ লাগে। [ধ্বন্যা.]।

যুম্কা গাস্=[চা]—বি. গাছ বিশেষ ॥ [<ঝুমকা+গাছ]।

যুম্কুলি=[কুম]—বি. পাখি বিশেষ (রাত্রে কুটকুট শব্দ করে) ॥ যুম্কুলি ডাহে।

যুম্ খেত্=[কুম]—বি. বিভিন্ন রকমের শস্যক্ষেত ॥ যুম্খেতের্ বিত্রে আপ্ও ডুক্তে পারে না। [দেখ যুম্₄+ক্ষেত্র সং]।

যুম্খেতি=[নো]—বি. নানা প্রকার চাষ ॥ [দেখ যুম্₄+খেত (<ক্ষেত্র) +ই প্র.]।

যুম্না=[কুম]—বি. পাহাড়ী জাতি ॥ যুম্নারা পাহারে থাহে।

২=[বা]—বি. ঝোপ ॥ [দেখ যুপ্না]।

৩=[নো]—বি. কাপড়ের তৈরী থলি ॥ [দেখ যুম্না]।

৪=[চা]—বিণ. বৃদ্ধ ॥ য়ুম্না বুরিডা কৈ যায় ? [<বুনা ; অর্থ প্র.]।

য়ুম্না যাম্না=[নো]—বি. কাপড় চোপড় ॥ বুড়ি য়ুম্না যাম্না লৈয়া আইসে।

য়ুম্বিল্=[কুম]—বি. ঝোলা, গাঁঠরি ॥ পাগ্লার্ য়ুম্বিলে অনেক্ কিসু আসে। [<যন্বীল زنبيل ফা.]।

য়ুম্বা বার্=[ম, চা]—বি. শুক্রবার ॥ [দেখ য়ুমু+বার]।

য়ুম্বু কুম্বু=[খু]—বি. মেঘাচ্ছন্ন আকাশের অবস্থা ॥ আয় কেমন্ য়ুম্বু কুম্বু দিয়াসে। [অনু.]।

য়ুম্বুল্=[কুম]—বি. লম্বাকোট ॥ শিতের্ শময় অনেকে য়ুম্বুল্ লাগায়। [দেখ য়ুম্বিল্]।

য়ুম্মা=[ম]—বিণ. পিতৃহীন (গালি অর্থে) ॥

২=[চট্ট]—বি. বৌদ্ধধর্মীয় গোত্র বিশেষ।

য়ুম্মাত্তি=[সি]—ক্রি বিণ. হঠাৎ, সশব্দে ॥ [<ঝুমমত (ধ্বন্যা.)+ইয়া প্র.]।

য়ুম্মির্=[খু]—বিণ. লক্ষ্মীছাড়া ॥ য়ুম্মির্ তোর্ য়ুন্নি শংশার্ডা গেল্।

য়ুম্মুর্, য়ুম্মুর্ করা=[সি]—ক্রি. জোরে পানি নাড়িয়া শব্দ করা ॥ কে রে পুকুরিত্ য়ুম্মুর্ য়ুম্মুর্ করে। [ধ্বন্যা.]।

য়ুম্মুরাইয়া=[ফ]—ক্রি. বিণ. শব্দ করিয়া, জোরে ॥ য়ুম্মুরাইয়া উঠ্লো কিরে ? [<ঝুমমুর (ধ্বন্যা.) আ+ইয়া প্র.]।

য়ুম্রা=[ম]—বি. জনতা ॥ ঐখানে অত য়ুম্রা কিশের ? [<জম্মি গফীর جم غفير আং]।

য়ুম্রু=[বা]—বি. বিবাহের আগের দিনের উৎসব ॥ রিনার্ য়ুম্রু দিমে আইস্।

য়ুম্লা=[বা, ফ]—বি. কাঠের বড় হাতা।

২=[সি] — বিণ. পাইকারী ॥ য়ুম্লার্, য়ুম্লা গালাগালি দিও না। [<জুমলা جملة আং]।

য়ুয়া=[ব]—বি. গরু বা মহিষের গাড়ির অগ্রদণ্ড ॥ গাড়ির্ য়ুয়া বাধো। [< জুঅ প্রা:<যুগ সং]।

২=[ম]—বিণ. অভিজ্ঞ, নিপুণ ॥ [দেখ য়ুনা]।

য়ুয়াইন্কা=[চা]—বিণ. মেয়েদের গালি বিশেষ ॥ য়ুয়াইন্কা তুই আইয়া ন, দেহামুনে তামশা। [দেখ য়ুয়ান্+ইকা প্র.]।

য়ুয়ান্=[পা]—বিণ. যুবক ॥ য়ুয়ান্ বেটার্ বিয়া দ্যাওনা ক্যা ? [জুয়ান جوان ফা.]।

য়ুয়ান্কি শোগা=[চা]—বিণ. গালি বিশেষ ॥ ঐ য়ুয়ান্কি শোগা, এই মিহি আইস্ না। [দেখ য়ুয়ান্+কি প্র. +শোক+আ প্র.]।

য়ুয়ান্ পোয়া=[সি]—বি. বয়স্ক ছেলে ॥ তার্ য়ুয়ান্ পোয়াডা মরি গেল্। [দেখ য়ুয়ান্+পো (<পুত্র) +আ প্র.]।

য়ুয়াপ্=[সি]—বি. উত্তর, জবাব ॥ চিঁডির্ য়ুয়াপ্ পাই নাই। [<জবাব جواب আং]।

য়ুয়ালন্=[কুম]—ক্রি. গরুকে হালের কাজ শিখান ॥ দাম্বাড়া য়ুয়ালো। [<জোয়াল+অন প্র. ; নামধাতু]।

য়ুয়ালি=[নো]—বি. সাহায্যকারী মজদুর ॥ [দেখ যুগলি]।

য়ুয়াল্=[নো]—বি. <জোয়াল ॥

য়ুয়ে=[য]—বি. পোকা বিশেষ ॥

য়ুয়ো=[কু]—বি. গাড়ীর জোয়াল ॥ আমার্ গাড়ির্ য়ুয়ো ভেংগে গেল্। [দেখ য়ুয়া]।

য়ুরন্=[বা]—ক্রি. পরিষ্কার করা ॥ বাগান্তলি য়ুরেয়া ফেল্। [ঝাড়ন]।

২=[কুম]—বি. দৈ বসাইবার টক ॥ দৈএ য়ুরন্ মিশাও, না ঐলে বৈবে না।

য়ুরা=[ব]—বি.<জোড়া ॥ এক্ য়ুরা যুতা।

২=[চা]—বি. গোল পেঁচ, জটা ॥ তোমার্ চুঁল্ য়ুরা বাইন্দা রাখো। [<জোড়া]।

য়ুরাইল্=[কুম]—বিণ. ঠাণ্ডা ॥ য়ুরাইল্ দুদ্ খাই না। [<জুড়াইল]।

য়ুরাযুরা=[কুম]—বিণ. গুড়া গুড়া ॥ গেলাস্টা বাইংগা য়ুরাযুরা ঐসে। [অনু.]।

য়ুরানি=[পা]—বি. তন্দ্রা ॥ পড়্তে পড়্তে য়ুরানি আইয়া পড়ে। [<জুড়ানি ; অর্থ প্র.]।

য়ুরানো=[কুম]—ক্রি. জমা করা ॥ অনেক্ কল্টো কৈরা এগুলি য়ুরাইসি। [<জোটানো]।

২=[সি]—ক্রি. অনবরত কাঁদা ॥ মার্ লাগি বাচ্চাডায় রাইতুদিন্ য়ুরায়্।

৩=[কুম]—ক্রি. বেহুঁশ হওয়া, অচেতন হওয়া ॥ আট্টার আগেই সেরাডা শুয়ে য়ুরাইয়া গেসেগা। [<জুড়ানো]।

য়ুরামন্ত=[চট্ট]—বি. একটি রোগের নাম (বমি ও পায়খানা একত্রে হওয়া) ॥

য়ুরি=[ম, সি, নো কুম]—বি. জালা ॥ য়ুরি কাইট্টা খেতে পানি আন। [<ঝোরা (<ঝরা) + ই ক্ষুদ্রার্থে অথবা <জুলি ; তুঃ নয়নজুলি]।

২=[ম]—বি. বাদ্যযন্ত্র বিশেষ ॥ য়ুরি দিয়া গানের্ তাল্ দেও।

৩=[সি]—বি. দুই ঘরের মধ্যবর্তী ফাঁক ॥

য়ুরিন্দা=[বা, খু, ফ]—বি. নৌকার আলগা টুই বা ছোট দরজা ॥ মেগ্ পর্তাসে য়ুরিন্দা নামাইয়া দে। [<জোড়+বান্ধা]।

২=[চা]—ক্রি. বিণ.জোড়া, জট ॥ য়ুরিন্দা বাইন্দা গোসোল্ কর্তে যাইস্ না। [<জোড়া বান্ধিয়া]।

য়ুরিমুরি=[সি]—ক্রি. বিণ. ছোট ছোট ॥ আলুডি য়ুরিমুরি কৈরা কোড়। [<ঝুর (=যাহা ঝুরঝুর করিয়া পড়ে)+ই প্র.+মুরি অনু:]।

য়ুরিয়াল্দার্=[কুম]—বিণ. জোরে মানে না আপনি মোড়ল ॥ [<জোর (<জোর زور ফা.)+আল+দার دار ফা. প্র.]।

যুরো মাস্=[ম]—বিণ. ছোট মাছ ॥ [দেখ যুরিমুরি ; মাছ]।

যুর্=[কুম]—বি. জোড়া ॥ এক্ যুর্ বিনামা আইন্য। [<জোড়]।

২=[পা, চট্ট]—বিণ. ঠাণ্ডা, শীতল, নিরীহ, চুপ করিয়া থাকে যে ॥ [<জাড় (<জাড্য সং)=শীতল ; <জড়=নিরীহ]।

৩=[সি]—বি. শক্তি ॥ তার্ অনেক্ যুর্ আসে। [<যোর زور ফা.]।

৪=[ম]—বি. নালা ॥ যমিতে যুর্ থাকা বালা। [দেখ যুরি]।

যুর্কা=[চট্ট]—বি. ভাঁড়ার ঘরে হাড়ি পাতিল রাখার বাঁশের তাক ॥

২=[চট্ট]—বি. বাঁশের মাথায় বেত দিয়া বোনা মাছ আটকাইবার ফাঁদ বিশেষ ॥

যুর্কি=[সি]—বি. ছোট নালা ॥ যুর্কি উপ্‌কি দি পার্ ঐ যাও। [দেখ যুরি+কি প্র.]।

যুর্যুরা=[সি]—বিণ. পাতলা ও শুষ্ক ॥ যুর্যুরা মাটিতে কপি বোনে। [<ঝুরঝুর(অনু.)+আ প্র.]।

যুর্বা=[কুম]—বি. হাঁড়ি পাতিল রাখার বাঁশের তৈরী তাক বিশেষ ॥ পতিল্‌ডা যুর্বার্ বিত্‌রে রাখ্।

যুর্বা যার্বা=[নো]—বি. কাঁথা কাপড় ॥ যুর্বা যার্বা নিয়া যায় কৈ? [দেখ যুর্বা যুর্বি] ॥

যুলা=[ম]—বি. তন্তুবায় ॥ যুলারা কাপর্ বোনে। [<জোলা<জওলাহ্ جولاه ফা.]।

২=[ম]—বি. বোকা ॥ যুলার্ লাহান্ কাম্ করো কেরে। [অর্থ প্র.]।

৩=[ব]—বি. দেমাক, অহঙ্কার ॥ খুব্‌তো যুলা বাড়্যা গেসে।

৪=[ম]—বি. গোপন সঞ্চয় ॥ 'যুলার গর খোলা'—প্রবাদ। [<ঝোলা=থলি ; অর্থ প্র.]।

৫=[পা]—বিণ. তরল, পানসে ॥ হাট্ থেকে যুলা গুড় এনো। [<ঝোলা]।

৬=[পা]—বি. ঝোলা ॥ ফকিরের্ যুলাত্ কি? [<ঝোলা]।

যুলাযুলি=[সি]—বি. নিজস্ব টাকা পয়সা ॥

যুলাক্=[নো]—বি. ঔষধ বিশেষ ॥ যুলাক্ খাইলে হেডের্ অশুখ বালা অয়্। [<জুল্‌লাব جلاب আং]।

যুলি=[কুম]—বি. নাড়িভুড়ি ॥ কাউয়া গুলি গরুর যুলি খাইসে। [<ঝুলি (থলি) ; অর্থ প্র.]।

২=[কু, পা, ব]—বি. ডোবা, গাড়া, গর্ত ॥ এই যুলির্ পানিতে আমাদের্ শব্ কাম্ চ'লে। [<জুলি]।

ঝোকানো=[রং]—ক্রি. দোল দেওয়া ॥ ঐ ডাল্‌টা ঝোকাও, আম্ পড়ক্ । [< ঝুঁকানো, ঝাঁকানো]।

ঝে'াড়া=[য,খু]—বি. বাঁশের ছোট পাত্র বিশেষ (মালপত্রের জন্য গরুর গাড়িতেও ব্যবহৃত হয়) ॥ ঝে'াড়াতে তর্‌কারি থো । [<ঝোড়া ; তুং ঝুড়ি]।

২=[য]—বি. ফসলের পোকা ॥ ঝো'ড়া লাগি এবার্ ধান্ নশ্‌ট হোলো ।

৩=[চট]—বি. খন্দক ॥ এই গৈন্ ঝো'ড়াত্ বাগ্ আসে ।

৪=[খু]—বিণ. দুই কাটের চারা ॥ ঝো'ড়া আঁখের্ গুড়্ ভালো হয় না ।

৫=[রং]—ক্রি. দু:খিত হওয়া ॥ মরা ছাওয়াটার্ কথা তুল্‌লে বোয়্ মন্ ঝো'ড়ে ॥ [<ঝুরা ; <ঝুর্+আ]।

ঝে'াড়্=[খু]—বি. শুষ্ক খেজুর পাতার অাঁটি ॥

ঝে'ান্‌টি=[খু]—বিণ. সুন্দরী ও বুদ্ধিমতী ॥ এক্‌টা ঝে'ান্‌টি মেয়ে দেখে সেলে বে দ্যাও । [<যৌবনবতী]।

ঝোপা=[রা]—বি. সুতার তৈরী কেশ বন্ধনের উপকরণ বিশেষ । [<ঝোপ <ক্ষুপ সং+আ সাদৃশ্যার্থে]।

২=[ব]—বি. তোড়া ॥ এক্ ঝো'পা ফুল্ । [পূর্বে দেখ]।

ঝোপ্ দরজা=[রং]—বি. বাড়ীর সদর দরজা ॥

ঝে'ান্না=[চট]—বি. ছোট সাপ বিশেষ ॥

ঝোঁর্‌=[য]—বি. পথ, রাস্তা ॥ ঝোঁর্‌টা ভাল না।

ঝোঁলা=[চট্ট]—বি. কলেরা ॥ রাইতে হিতার্‌ ঝোঁলা ঐয়ে॥ [<ঝোল্‌ (=পাতলা বাহ্য)+আ ; অর্থ প্র.]।

ঝোলা দেওয়া=[রং]—ক্রি. ঠকানো॥ তুই মোক ঝোলা দিলু।

ঝোলাবর্‌=[রা]—ক্রি. বিণ. সঙ্গে সঙ্গে ॥ ঝোলাবর্‌ টাকাটা বের্‌ করে দিলে॥

ঝোঁলের্‌ লাউ অম্‌বলের্‌ কদ্‌=[খু]—বিণ. দোমুখো ॥ তুমি ঝোঁলের্‌ লাউ আম্‌বলের্‌ কদ্‌দু দিকেই কথা কও। [=ঝোলের লাউ+অম্বলের কদু ; কদ্‌দু كدو ফা. ; অর্থপ্র.]।

ঝোঁল্‌কি=[খু]—বি. ঘরের জানালা বা আলো হাওয়া গমনাগমনের পথ ॥ [<ঝরকি=ঝরকা]।

ঝোর্‌গাবান্‌ন্যা=[চট্ট]—বি. দুর্যোগের দিন॥ [<ঝড়+গা প্র.+বন্যা]।

ট

ট=[য, খু]—বি. কল্কির টিপনি বা ঠিকরি ॥ কল্‌কির্‌ ট সাড়া তামাক্‌ খাইয়া আরাম্‌ নাই।

টআরা=[চট্ট]—বি. গলার অভ্যন্তর, হলকুম ॥ বড়ি টআরার্‌ ভিতর্‌ ফেলি দে। [<টাকরা]।

টঅলান্‌=[চট্ট]—ক্রি. দেখান, মাতব্বরি করা ॥ তুই আঁর্‌ এম্‌তে বর মাইন্‌শি টঅলাইস্‌ ন। [দেখ টঅল্‌ ; অর্থ প্র.]।

টঅল্‌=[চট্ট]—বি. টহল ॥ পুলিশে টহল্‌ দেয়্‌। [<টহল হিং]।

টঐন্‌=[চট্ট]—বি. টিন ॥ টঐনের্‌ ঘর্‌ চা'ট্‌গা যেলাত্‌ কম্‌। [<টিন tin ইং]।

টঐরা=[চট্ট]—বি. বাঁশের শলা দ্বারা তৈরী একপ্রকার মাছ মারার ফাঁদ ॥ পানির্‌ আঁতে টঐরা বায়াই লৈ গিইয়ে গেই।

টও=[ব]—বি. হুকার কল্কির ছিদ্রে দেওয়ার মাটির ক্ষুদ্র ঢেলা॥ [দেখ ট]।

টওকানো=[নো]—ক্রি. ব্যথা করা ॥ পায়র্‌ বেদ্‌নাডা খুব্‌ টওকাইতাসে। [অনু.]।

টওয়া=[বা]—বি. ঘরের খুঁটি ঠিক আছে কিনা তাহা পরীক্ষা করিবার জন্য ব্যবহৃত সুতা ॥

২=[বা,খু]—বি. কল্কির ছিদ্রের মুখে ব্যবহৃত মাটির গোলাকার টুকরা॥ [দেখ ট]।

টওয়ানো=[বা]—ক্রি. বংশ.দণ্ড বা পায়ের সাহায্যে জলমগ্ন কোন বস্তুর সন্ধান করা ॥ নাওডা কৈ আসে, টওয়াইয়া দেহ। [টওয়া (নামধাতু)+আনো প্র.]।

টওয়াবাব্যা=[নো]—বিণ. অশ্লীল, বেহায়া ॥

টওরানো=[চট্ট]—ক্রি. বাঁকা হওয়া ॥ গাস্‌গুলা হুপায়্‌ টওরাই গেল্‌গৈ।

টওর্‌=[চট্ট]—বি. গলার অভ্যন্তর, হলকুম ॥ বড়ি টওর্‌ মাইযে ফেলি দে। [দেখ টআর্‌]।

টওল্‌=[কু, পা]—বি. ইতস্তত: ঘুরাফেরা ॥ পুলিশ্‌ টওল্‌ দি বেড়ায়্‌। [<টহল<টহলনা হিং]।

টং=[রা]—বি. কবুতরের বাসা ॥ [<টংগ<তুঙ্গ ; অর্থ প্র.]।

২=[নো]—বি. উঁচু মাচান ॥ টংগে বহি আখ্‌ খের্তু পাহারা দেয়্‌। [পূর্বে দেখ]।

৩=[কুম]—বি. ঘরের ভিতরের ছাদ ॥ টংগের্‌ উপ্‌রে অনেক্‌ নলে আসে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৪=[চট্ট]—বি. পাহাড়ে বাস করিবার ক্ষুদ্র গৃহ ॥ [পূর্বে দেখ]।

টংক=[ব]—বিণ. শক্ত ॥ কাঠ্‌খানা খুব্‌ টংক।

টংকি=[দি, রা]—বি. গরুর পেটের পর্দা দ্বারা তৈরী ছোটদের খেলনা বিশেষ ॥ বাচ্‌চাটার্‌ টংকি বানাই দে না।

টংগম্‌=[কুম]—বিণ. উচুঁ ॥ [<টংগ<তুঙ্গ সং]।

টংগি=[রং]—বি. ১০১ সেরে এক টংগি ॥ হেটে কয়্‌ টংগি পাট্‌ আছে ?

২=[রং]—বি. মৃত্যু ॥

৩=[রা]—বি. পাটখড়ি ॥

৪=[রা]—বি. বৈঠক খানা ॥ [দেখ টং]।

৫=[ঢা]—বি. উচ্চ স্থানের ছোট ঘর, টং ॥ টংগিতুতে আলা নায়্‌। [<টংগ<তুঙ্গ সং+ই প্র.]।

টংগিতা=[নো]—বিণ. চুক্তি, ঠিকা ॥ টংগিতা কাম্‌ হবরে অয়্‌।

টং টং=[রা]—বিণ. অত্যন্ত খাট॥ কাপড়টা টং টং হচে। [অনু.]।

টং টং করি=[রং]—ক্রি. বিণ. মাথা উঁচু করিয়া ॥ বাঘটা টংটং করি বশি আছে। [<তুঙ্গ ; অর্থ প্র. ; কিংবা অনু.]।

টংটংগা=[সি]—বিণ. অতিলম্বা ॥ [অনু.]।

২=[সি]—বিণ. মজবুত ॥ গর্‌খান্‌ বেশ্‌ টংটংগা। [অনু.]।

টংশি=[ম]—বি. কাঠি ॥ 'বংশি মারলায়্‌ টংশি দিয়া নলের চুংগা গোয়ায়্‌ দিয়া'—ছড়া।

টঁঅশা=[চট্ট]—বি. তামাশা ॥ অাঁই টঅঁশা দেখবার্ লাই আয়্যি। < তমাশা تماشا আ:]।

টকা=[সি]—বি. বুলবুলি ॥ 'টকা আমার্ মিয়া বাই, বরৈ কালা বারিত্ যাই। [অনু.]।

টকাটকি=[পা]—বি. বিবাদ ॥ ওদের্ টাকাটকি আর্ গেল্ না। [<তর্কা-তর্কি]।

টকাসকা=[ম]—বি. ছেলেপেলে ॥

টকি=[পা]—বি. সিনেমা ॥ [< টকি talke ই:]।

টকিজা=[রং]—বি. স্বীকারোক্তি ॥

টকে টকে=[পা]—ক্রি.বিণ. সুযোগের সন্ধানে ॥ টকে টকে থাকি শালাক শক্ত মার্ দেব।

টকোই=[রা]—বি. সবাক চিত্র, সিনেমা ॥ [দেখ টকি]।

টক্=[ম]—বি. আগ্রহ ॥ হের্ লেহা পরার্ মোডে টক্ নাই। [<টক< তর্ক সং ; অর্থ প্র.]।

২=[পা]—বি. অভ্যাস ॥ তোমার্ এত খু টক্ ক্যা ? [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[খু]—বি. গুণ বা শক্তির আধিক্য প্রকাশ ॥ [পূর্বে দেখ]।

টক্‌কনাত্ত=[খু]—বি গিরিগিটি ॥ [অনু. ; যে টক্‌টক্ শব্দ করে]।

টক্ করে=[ক]—ক্রি.বিণ. সহজেই ॥ শে টক্‌করে কাবড়া কৈরা ফালাইসে। [অনু.]।

টক্‌কর্=[বা]—বি. ঝিমুনি ॥ পার থুইয়া হের্ টক্‌কর্ দিতাসে।

২=[চট্ট]—বি. কামড় ॥ হিতারে হাপে টক্‌কর্ দিইয়ে। [ঠোকর]।

৩=[কুম]—ক্রি. বিণ. হঠাৎ ॥ হের্ ফুডিডারে বর মাস্‌টায় টক্‌কর্ কৈরা খাইয়া লাইল্। [অনু.]।

টক্‌কর্, টক্‌কর্=[নো]— বি. কাজনামী ॥ টক্‌কর্ টক্‌কর্ করা হোলাহাইনের্ লাই খাড়ে না। [অনু.]।

টক্‌কর্ দেওয়া=[ফ]—ক্রি. উত্তেজিত করা ॥ গরুরে টক্‌কর্ দিলে দৌড় দিব। [<টক্কর+দেওয়া ; অর্থ প্র.]।

টক্‌কা=[নো]—বি. লাফ ॥ টক্‌কা দি খাল্‌ডা হার্ ঐ আয়্। [<টপকা হিং]।

টক্‌কাইত্=[খু]—বি. সরীসৃপ বিশেষ ॥ [দেখ টক্‌কনাত্ত]।

টক্‌কা মারা=[বা]—ক্রি. গরু তাড়াইতে বিশেষ শব্দ উচ্চারণ করা ॥ গরুগুলি টক্‌কা মাইরা খেদাইয়া লৈ যা। [অনু.]।

২=[বা]—ক্রি. উল্লসিত হওয়া ॥ মিয়া এত টক্‌কা মার ক্যা ? [< টপকা+মারা ; অর্থ প্র.]।

টক্ কুরে=[খু]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ তুমি টক্‌কুরে এশ। [<টপ +করিয়া] ।

টক্‌কো শাপ্=[য]—বি. তক্ষক সাপ ॥ [<তক্ষক সাপ]।

টক্‌যগ্=[কুম]—বি. তর্ক বিতর্ক, ঝগড়া ॥ এইতে খালি টক্‌যগ্ লাগানের্ মৈদ্যে উস্‌তাদ্। [টক<তর্কসং +যগ অনু:]।

টক্‌টকানো=[রং]—ক্রি. টিকটিকির আওয়াজ করা, বাধার সৃষ্টি করা ॥ [টকটক অনু.+আনো প্র. ; নামধাতু]।

টক্‌টকি=[রং]—বিণ. অবাক, আশ্চর্য ॥ মোক দেখি টক্‌টকি হবে।

টক্‌টকে=[পা]—ক্রি. বিণ. সুযোগের সন্ধানে ॥ টক্‌টকে থাইক্যা শালাক শক্ত মার্ দেব।

টক্‌টক্যা=[কুম]—বিণ. খুব গাঢ় ॥ গাসের্ আম্ পাইক্যা টক্‌টক্যা লাল্ ঐসে। [=টকটকে]।

টক্ টক্=[নো]—বিণ. অভদ্র, লজ্জাহীন ॥ মুবের্ উপ্‌রে টক্‌টক্ কথা কও ক্যা ?

টক্‌টাহি=[বা]—বি. অত্যন্ত আদর ॥ বেশি টক্‌টাহি বালা না। [অনু.]।

টক্‌টৈক্যা=[চা,ফ]—বি. খুব গাঢ় ॥ লাল্ টক্‌টৈক্যা আম্। [দেখ টক্‌টক্যা]।

টক্ পড়া=[ম]—বি. ধৈর্য ধরা ॥ তোমার্ বুঝি আর্ টক্ পরে না ?

টক্‌বা টক্‌বি=[রং]—বি. লাফালাফি ॥ এত টক্‌বা টক্‌বি কিশের্ ? [<টপকা টপকি হিং]।

টক্‌বেটকে=[চা]—ক্রি. বিণ. কায়দা বেকায়দায়, যেখানে সেখানে ॥ টক্‌বেটকে মারিস্ না।

টক্‌রৈ=[রং]—বি. শামুক ॥ টক্‌রৈ দি পাও কাটিছে।

টক্‌শানো=[খু]—ক্রি. লোভ হওয়া ॥

টগর্=[য]—বিণ. পেটমোটা ॥ মাইয়্যাডা বড় টগর্।

২=[বা, খু]—বি. কচুরিপানা ॥ খালে টগর্ বরা। [<টগর<তগর সং (সাদৃশ্যে)]।

টগর্ টগর্=[নো]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ মাইয়্যাডা টগর্ টগর্ কথা কয়্। [অনু.]।

২ =[নো, চট্ট]—ক্রি. বিণ. নড়াচড়া, ছটফট ॥ টগর্ টগর্ কর্‌লে কি আর্ চ'লন্ যায়্ ? [অনু.]।

টগা=[সি]—বি. ছনের শিস ॥ টগা দি মাস্ গাথি লৈয়া যাও।

২ =[পা]—বিণ. চতুর ॥ সাওয়াটা বেশ্ টগা। [দেখ টগর্]।

৩ =[পা]—বি. উপযুক্ত সময়ে কাজের ইঙ্গিত॥

টগাইন্যা=[পা]—বিণ. দুর্বল ॥ সাওয়াটা রোগে বুগে টগাইন্যা হয়ে গেচে'।

টগানে=[পা]—বিণ. প্রায়ই রোগে ভোগে যে ॥ সাওয়াটা টগানে হচে'।

টগানো=[য]—ক্রি. তিড়িং তিড়িং করিয়া লাফানো ॥

২=[খু]—ক্রি. নামানো ॥

টগোর্=[খু]—বি. কচুরিপানা ॥ পুকুরটা একেবারে টগোরে ভরে গেচে'। [দেখ টগর্₂]।

টগ্=[পা]—বি. ওজন দণ্ড ॥ সাল্‌গুলা টগে ওযন্ দ্যাও।

টগ্‌গর্=[রা, রং]—বিণ. খুব পাকা ॥ আমটা পেকে টগ্‌গর্ হছে। [অনু.]।

২=[ক]—বি. কচুরিপানা ।। কুয়ারির্ মদ্দি টগ্‌গর্ বরা । [দেখ টগর্₁] ।

টগ্‌বগ্‌=[ব]—ক্রি. বিণ. টাল খাছানা চোঁর্ দরা পৈর‍্যা টগ্‌বগ্ কর্‌তাসে । [অনু.] ।

২=[ব, নো]—বি. মনোমালিন্য, বিবাদ, ঝগড়া ।। টগ্‌বগ্ করি আর্ কাড়্ডা হল না (ব) ।

৩=[ব]—বি. ছলনা, প্রবঞ্চনা ।। তুই বড় টগ্‌বগ্ মানিশ্ । [অনু.] ।

টগ্‌বগ্ করা=[পা]—ক্রি. বাদানুবাদ করা ।। আমি টগ্‌বগ্ করার্ মানুশ্ না । [অনু.] ।

টগ্‌বগাইয়া=[সি]—ক্রি. বিণ. চক্ষু বড় করিয়া ।। নয়া বৌ টগ্‌বগাইয়া চাঁয় । [অনু.] ।

টগবহর্=[পা]—বিণ. উলট পালট ।।

টগ্‌রা=[চট্ট]—বি. চুলা হইতে ছাই বা কয়লা তুলিবার জন্য নারিকেলের মালার তৈরী হাতা ।।

টগ্‌রা=[পা]—বিণ. চালাক ।। সাওয়াটা বড় টগ্‌রা । [<তির্যক সং=টেরা; টেরা ব্যক্তি চালাক হয় বলিয়া লোক সংস্কার] ।

২=[দি, রা]—বি. কানা ।। চোখে দেখ না, টগ্‌রা কোথা কার্ । [পূর্বে দেখ]

৩=[কুম, বা]—বি. কুচরিপানা ।। [দেখ টগর্₁] ।

টগ্‌রানো=[ঢা]—ক্রি. হঠাৎ হওয়া বা করা ।। বুড়ি আইয্ কোন্ শোমে মানি টগ্‌গরাইয়া মৈরা গেসে । [অনু.] ।

২=[সি]—ক্রি. পায়চারি করা, দৌড়ের পর ধীরে ধীরে হাঁটিয়া বিশ্রাম লওয়া ।।

টগ্‌রি=[বা]—বি. শাপলা, কুমুদ ।। টগ্‌রি তর্‌কারিত্ খাওয়া যায় । [< টগর+ই প্র.] ।

টট করা=[সি]—ক্রি. উদ্দেশ্যহীন ভাবে ঘুরাফিরা করা ।। ইতে খালি হারাদিন্ টট করি বেরায় । [<টো টো করা ; অনু.] ।

টটা নামা=[সি]-ক্রি. গালের নীচের দিক ফুলা, পানি জমা ।। হালাক্ দামাডার্ টটা নামি গেসে ।

টট্‌কিনা=[সি]—বিণ. বিপদজনক ।। কাম্‌ডা বর টট্‌কিনা ।

টট্‌টরাইয়া=[ঢা]—বিণ. চালাক ।। এই পোলাডা বড়োর্ টট্‌টরাইয়া ।

টট্‌টরি=[রং]—বি. অনুর্বর জমি ।।

২=[রং]—বিণ. মূর্চ্ছাপ্রায় ।। তোক এক্‌কে টট্‌টরি নাগাইমু ।

টট্‌টর্ করা=[পা]—ক্রি. অনর্গল কথা বলা ।। সাওয়াটা বড় টট্‌টর্ কর্‌তে পারে । [টরটর(অনু.)+করা] ।

টট্‌পড়া=[রং]—বিণ. অনুর্বর ।। কোন্ টট্‌পড়া জায়গায় তুই থাকিশ্ ?

২=[রং]—বিণ. অপরিস্কৃত ।।

টডমড=[চা]—বিণ. যৎকিঞ্চিৎ, খুচরা ।। টডমড লেহা পরায় আইষ কাইল্ চ'লে না । [অনু.] ।

টডর্ বডর্=[নো]-বি. খামখেয়ালী ।। কোনু কাম্ কৈত্তো টডর্ বডর্ করন্ বালা ন্য । [অনু.] ।

টডর্ মডর্=[নো]-বিণ. দায় সারা ।। টডর্ মডর্ কাম্ করা আমি পসন্ হরি ন । [অনু.] ।

টডিনডি=[চট্ট]—বিণ. বাজে, জোড়তালি দেওয়া, শক্ত ভাবে নির্মিত বা সুন্দর ভাবে ব্যবস্থিত নহে এমন ।। পুরানা টডিনডি কাঠ্‌গুনা দিয়া চোঁকি বানা ।

টড্‌ডৈর‍্যা=[ঢা]—বি. চঞ্চল ।। তুই বর টড্‌ডৈর‍্যা । [অনু.] ।

টনক্=[ঢা, কুম]—বিণ. শক্ত ।। টনক্ পোলার্ কথাই বেশি ।

টনা=[চট্ট]—বি. মাছ ধরার ফাঁদের গোড়ার অংশ ।। টনার্ ভিতৃতর্ মাস্ গল্‌লায় ।

২=[সি]—বি. ছোট ট্যাংরা মাছ ।। টনা বিরানি মবা ।

৩=[চট্ট]—বি. কঞ্চি ।। বাঁশের্ টনা দি খেতের্ বেড়া দে ।

৪=[ব]—বি. ন্যাকড়া ।। [<তেনা <ছিন্ন সং] ।

৫=[সি]—বি. কুটা, আঁকশিওয়ালা লম্বা বংশদণ্ড ।। টনা দি ধরৈ পারি লাও ।

৬=[সি]—বি. দুষ্ট বুদ্ধিসম্পন্ন ।। লোক্‌টা খুব টনা ।

টনি=[কুম, নো]—বি. ধর্মজালে ব্যবহৃত বাঁশের কঞ্চি বা খুঁটি ।।

৭=[ক]—বি. কঞ্চি ।। বাশের্ টনি দিয়া বাকা বানায় ।

টন্ করা=[সি]—ক্রি. ধাতব পদার্থের শব্দ করা ।। টন্‌করি টেকার্ তান্‌কু আর্ বাযে না । [অনু.] ।

টন্‌কা=[কুম]—বিণ. ভঙ্গুর ।। কাচের্ জিনিশ্ টন্‌কা ।[<ঠুনকা] ।

টন্‌ট=[ব, রা]—বিণ. চালাক, চতুর ।।

টন্‌টনা=[রং]—বিণ. টানটান ।। মরা মানুশ্‌টার্ পাও টন্‌টনা হচে । [অনু.] ।

২=[রং]—বিণ. সাবধান ।। ছাওয়াটা খুব টন্‌টনা । [অনু.] ।

৩=[সি]—বিণ. শুকনা, পাকা, শক্ত ।। টন্‌টনা কাডল্ । [অনু.] ।

৪=[সি]—বিণ. বুদ্ধিমান্ ।। টন্‌টনা পুয়া । [অনু.] ।

টন্‌টনি=[সি]—ক্রি. বিণ. ক্রস্ত ।। [অনু.] ।

২=[রং]—বি. উচ্চবাচ্য ।। কোন্ টন্‌টনিপড়া মান্‌শির্ পাছ্ ধরিছিশ্ তুই ?

৩=[রং]—বি. উপবাস ।।

৪=[সি]—বি. বেদনা ।। মাথার্ বিশে টন্‌টনি করের্ । [অনু.] ।

টন্‌টনি ঝ'ন্‌ঝ'নি=[নো]—বি. যাতনা ।। আমার্ গাওখান্ খুব টন্‌টনি ঝ'ন্‌ঝ'নি কর্‌তাসে । [অনু.] ।

টন্‌টনিয়া=[রং]—বিণ. শীর্ণ ।। পানির্ অভাবে চারাগুলি টন্‌টনিয়া হচে । [অনু.] ।

২=[নো]—বিণ. শক্ত ।। মাড় দেওয়া কাহড় হুকাইয়া টন্‌টনিয়া অইসে । [<টনটনে ; অনু.] ।

টন্‌টনে=[খু]—বিণ. পরিপূর্ণ ।। অংকে আর্ টন্‌টনে বুদ্ধি । [অনু.] ।

টন্‌টন্‌=[চা]—ক্রি বিণ. ফাটিয়া যাইবার ভাব ॥ ফোরাড়া বেদ্‌নায় টন্‌টন্‌ কর্‌তাসে। [অনু.]।

টন্‌টপদ্‌=[য]—বি. জঞ্জাল ॥ বেশি পোলাপাইন্‌ অওয়া টন্‌টপদ্‌।

টন্‌টব্‌=[য]—বি. জ্বালা, আপদ ॥ তার্‌ টন্‌টবে আর্‌ থাক্‌তাম্‌ পার্‌সি না। [<তাণ্ডব সং]।

টন্‌টর্‌, টন্‌টর্‌=[সি]—ক্রি. বিণ. কানাকানি ॥ শে টন্‌টর্‌ মন্‌টর্‌ করি কি বলিল্‌? [<তন্ত্রমন্ত্র ; অর্থ প্র.]।

টন্‌টেন্‌না=[কুম]—বি. পরিষ্কার, স্পষ্ট ॥ পোলায় এক্‌করে টন্‌টেন্‌না কথা কয়। [=টনটনে]।

২=[য]—বিণ. শক্ত, ফাজিল ॥ পোলা বর টনটেন্‌না।

টন্‌টো=[ব]—বিণ. চালাক ॥ তোর্‌ সাওয়াটা বেযায় টন্‌টো।

টন্‌ডাই=[য]—ক্রি. বিণ. রাগান্বিত হইয়া ॥

টন্‌না=[রং]—বিণ. শুকনা, পাতলা ॥ ছাওয়াটা না খাইয়া টন্‌না হচে।

টন্‌নাত্‌ করা=[সি]—ক্রি. ধাতব পদার্থে বাড়ি মারিয়া শব্দ করা ॥ টন্‌নাত্‌ করি টেকার্‌ তান্‌কু আর্‌ বাযে না। [অনু.]।

টন্‌নাত্‌তি=[সি]—ক্রি. বিণ. টন করিয়া ॥ টন্‌নাত্‌তি ইতার্‌ মাথাত্‌ বারি মারি দিল্‌। [অনু.]।

টন্‌নি=[নো]—বি. অযাচিত সুপারিশ-কারী, অনাহূত ব্যক্তি, অনধিকার চর্চাকারী ॥ তাগের্‌ কাই মিডাইতে টন্‌নির্‌ দর্‌কার্‌ নাই। [<এটর্নি attorney ইং]।

২=[পা]—বিণ. শুকনা, পাতলা ॥ সাওয়াটা না খাইয়া টন্‌নি হচে'।

৩=[চট, নো]—বি. ঠক, চালাক ॥ কাসারি নাইযে হেতু টন্‌নি আসে। [দেখ টন্‌নি]।

টপর্‌=[নো—বি. সূঁচ ॥

২=[রং, দি]—বি. গাড়ীর উপরে রোদ বৃষ্টি হইতে বাঁচার জন্য ছাউনি ॥ বেটি ছাওয়াল্‌রা জাবে গাড়িত্‌ ভাল দেখে এক্‌টা টপ্‌র দেইশ্‌। [<টোপর ; অর্থ প্র.]।

টপর্‌ টপর্‌=[রং]—বি. অস্থির ভাব ॥ [অনু.]।

টপাক্‌=[কু. পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টপাক্‌ করি আয়্‌। [অনু.]।

টপাচ'রি=[খু]—বি. অনর্থক পায়চারি ॥ ওখানে টপাচ'রি হস্‌সে কেন্‌।

টপাটপ্‌=[সি]—ক্রি. বিণ. সঙ্গে সঙ্গে, তাড়াতাড়ি ॥ টপাটপ্‌ খাইয়া হালাও। [অনু]।

টপাত্‌ করিয়া=[রং]—ক্রি. বিণ. শীঘ্র শীঘ্র ॥ মোর্‌ দেশের্‌ কতাকোনা টপাত্‌ কবি কওয়া জায়্‌ না। [অনু.]।

টপ্‌=[খু]—ক্রি. বিণ. ভর্তি যমিত্‌ পানি টপ্‌ দিয়ে রয়েসে। [<স্তূপ ; অর্থ প্র.]।

২=[রা]—বি. কানের অলঙ্কার বিশেষ ॥

টপ্‌কন্‌=[চা]—ক্রি. আছাড় ॥ খাও-নের্‌ কতা হইন্যা টপ্‌কন্‌ খাইয়া আইয়া পর্‌সে। [<টপকনা হিং ; অর্থ প্র.]।

টপ্‌ করে=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি করিয়া ॥ টপ্‌ করে আশিশ্‌। [অনু.]।

টপ্‌কা=[ম]—বি. ফাঁকি ॥ হে টপ্‌কা দিয়া আমাত্‌তে পাচ্‌' ট্যাহা বাইর্‌ কর্‌যা নিল্‌। [টপকা হিং ; অর্থপ্র.]।

টপ্‌কানো=[রা]—ক্রি. নিজের আয়ত্তের মধ্যে আনা ॥ বহু চেশ্‌টার্‌ পর্‌ শে মেয়েটাকে টপ্‌কিয়েছে। [দেখ টপকা+আনো প্র.]।

২=[পা]—ক্রি. উস্কানি দেওয়া ॥ [পূর্বে দেখ ; অর্থপ্র.]।

টপ্‌কা মারা=[ম]—ক্রি. নির্বিঘ্নে কার্যোদ্ধার করা ॥ লোক্‌টা পরে আইশ্যা টপ্‌কা মাইরা কাম্‌ শাইরা নৈল্‌। [<টপ্‌কা হিং+মারা ; অর্থপ্র.]।

টপ্‌কি=[সি]—বি. লাফ ॥ এক্‌ টপ্‌কিতে খাল্‌ পারে যাও।

টপ্‌কে যাওয়া=[পা]—ক্রি. কাহাকেও আক্রমণ করা ॥ শে চো'র্‌টাকে টপ্‌কে গেল্‌।

টপ্‌টপা=[কু, পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টপ্‌টপা খা। [অনু.]।

২=[সি]—বিণ. পরিপূর্ণ ॥ লেবুডা রশে টপ্‌টপা। [অনু.]।

টপ্‌টপি=[সি]—ক্রি. বিণ. একটার পর আরেকটা, খুব তাড়াতাড়ি ॥ [অনু.]।

টপ্‌টপে=[রং]—ক্রি. বিণ. জলদি, তাড়াতাড়ি ॥ টপ্‌টপে খাতো বাহে ; [<টপাটপ ; অনু.]।

টপ্‌টপ্‌=[রা, দি]—অব্য. কিছু পতনের শব্দ ॥ টপ্‌টপ্‌ করে পানি পড়ে। [অনু.]।

টপ্‌পারি=[সি]—ক্রি. বিণ. তাড়াতাড়ি, দ্রুত ॥ কাম্‌ডা টপ্‌পারি শেশ্‌ কর্‌। [<টপ অনু.+করিয়া]।

টপ্‌পার্‌ উপর্‌=[রা]—ক্রি. বিণ. সংক্ষেপে ॥ টপ্‌পার উপর্‌ কথাটা বলে ফেল্‌। [অনু.]।

টফাক্‌=[কু, পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টফাক্‌ করি আয়্‌। [দেখ টপাক্‌]।

টবর্‌ করা=[চট]—ক্রি. থামা ॥

টব্‌=[য]—বি. পানি রাখিবার পাত্র ॥ [<টব tub ইং]।

টব্‌কে=[রা]—অস. ক্রি. লাফ দিয়া ॥ দেওয়াল্‌ টব্‌কে চোর্‌ আলো। [<টপকাইয়া<টপকা (নাম ধাতু)+ইয়া অস. ক্রি. বিভক্তি]।

টব্‌খা=[কুম]—বি. চুলা হইতে আগুন বা ছাই তুলিবার জন্য নারিকেলের মালার তৈরী চামচ ॥

টব্‌টবি=[কুম]—বি. শাপলা ॥ খেতে টব্‌টবি ঐলে দান্‌ বালা অয়্‌ নাঁ।

টব্‌টবিয়া=[কুম]—বি. লতা গাছ বিশেষ ॥ [অনু.]।

টব্‌টৈয়া=[নো]—বিণ. কানায় কানায় পূর্ণ ॥ দুধে বাটি টব্‌টৈয়া ঐ গ্যাসে। [অনু.]।

টব্‌বরত্‌=[নো]—অব্য. হঠাৎ ।। টব্‌বরত্‌ কৈরা হে হানিত্‌ হড়লো । [অনু.] ।

টব্‌বর, টব্‌বের্‌=[চট্ট]—অব্য. টুপ্‌-টুপ্‌ ।। টব্‌বর্‌ টব্‌বর্‌ বাড়ি পরে । [অনু.] ।

টব্‌বশ্‌=[কুম]—বিণ. অতিশয় বিস্মিত, হতভম্ব ।। ব্যাপার্‌ দেইখ্যা আমি টব্‌বশ্‌ ঐয়া গেলাম্‌ ।

টব্‌বা=[রা]—বি. হাতে তালি দিয়া গেয় গান ।। [<টপ্পা] ।

টভি ঝাড়া=[রং]—ক্রি. মারা যাওয়া ।। তাঁই কাইল্‌ টভি ঝাড়্‌চে ।

টমি=[খু]—বি. বাতি, ল্যাম্প ।। [< টেমী<টেম হিং] ।

টম্‌টমা=[রং]—বি. স্ত্রীলোকের স্তন ।।

টম্‌টম্‌=[পা]—বিণ. রসালো, নরম ।। ফল্‌গুলি পেকে টম্‌টম্‌ হচে' । [অনু.] ।

টম্‌বল্‌=[ব]—বি. কুপি ।।

টয়া=[পা]—বি. যোনি দেশের সম্মুখস্থ উঁচুস্থান ।। [<টং<তুঙ্গ সং ; অর্থ প্র.] ।

২=[পা]—বি. মোরগের মাথার ঝুঁটি ।। মোর্‌গের্‌ মাথায়্‌ লাল্‌ টয়া । [পূর্বে দেখ] ।

৩=[রা]—বি. গাছের আগা ।। গাছের্‌ টয়াত্‌ কাক্‌ বশেছে । [পূর্বে দেখ] ।

টরশা=[বা]—বি. বড়শির ছিপের মাথায় লাগানো বাঁশের চিকন কাঠি ।। কৈ মাস্‌ মারনের্‌ বরেতে টরশা লাগান্‌ লাগে ।

টরা=[নো]—বিণ. শক্ত ।। ডাইল্‌ টরা ঐয়া গেসে ।

২=[পা]—বিণ. ছিদ্র ।। পাইলাটা টরা অয়ে গেইচে' ।

৩=[নো]—বি. খুব ছোট ডাব ।।

৪=[চট্ট]—ক্রি. বিণ. জমাট, শক্ত ।। শিতে একক্কেরে টরা হৈ গেসে । [দেখ টরা] ।

৫=[চট্ট]—বি. মুখ গহ্বর ।। অর্‌রি টরাত্‌ বা হৈয়ে । [<টাকরা ; দেখ টরা] ।

৬=[রা]—বি. পাখি ধরিবার যন্ত্র বিশেষ ।।

৭=[কুম]—বি. খিল ।। লাংগলের্‌ টরাডা খুইল্যা গেসে না ?

টরা লাগা=[চা]—ক্রি. কোন জীব বা গাছ বর্ধিত না হওয়া ।। গাস্‌গুলি টর্যা লাগা রৈসে ।

টরি=[বা, কুম]—বি. মাপিবার পাত্র বিশেষ ।। টরি দিয়া চাইল্‌ মাইপ্যা দেও । [<টুকরী<টোকরী হিং ; দেখ টর্‌হি] ।

২=[নো]—বি. খুব ছোট ডাব ।।

৩=[চট্ট, কুম]—বি. কচি ফল ।। আমের্‌ টরি বর্‌তা মধা ।

টরিয়া=[খু]—বি. ফড়িয়া, ক্ষুদ্র ব্যবসায়ী ।। টরিয়ার্‌ কাসে মাল্‌ বেচে' কেবল্‌ ঠগ্‌তে হয়্‌ ।

টরে টক্কা খেলা=[চা]—ক্রি. ফাঁকি দিয়া ঘুরান ।। এত টরে টক্কা খেল্‌লে কেম্‌নে তোমার্‌ লগে কার্‌বার্‌ ঐব ? [<টরে টক্কা (টেলিগ্রাফে ব্যবহৃত শব্দ সংকেত)+খেলা ; অর্থ প্র.] ।

টরৈ=[সি]—বিণ. ছোট ।। টরৈ গাসের্‌ আম্‌ বর মধা ।

টরৈয়া=[খু, বা]—বিণ. ছোট ।। তুই আবার টরৈয়া নাপিত্‌ হলে করে ?

টর্‌=[চট্ট]—বিণ. লক্ষ্য ।। টর্‌ করি চল্‌লে বিপদ অয় ন । [<ঠাহর] ।

টর্‌কি=[বা]—বি. অতি কচি নারিকেল ।।

টর্‌টরাইয়া=[সি]—ক্রি. বিণ. অস্পষ্ট ভাবে ।। টর্‌টরাইয়া কি কও, বুঝি না । [<টর্‌টর্‌ অনু.+করিয়া] ।

টর্‌টরে=[য]—বিণ. যে খুব বেশী কথা বলে ।। টর্‌টরে পোলা । [অনু.] ।

টর্‌টর্‌=[য]-বি. চতুরতা, বাচালতা ।। [অনু.] ।

টর্‌টর্‌ করা=[চা]—ক্রি. আগে আগে কথা বলা ।। এত টর্‌টর্‌ কর ক্যা ? [অনু.] ।

টর্‌টৈর্যা=[চা]—বিণ. চতুর, চনচনে ।। সেমুরা বর্‌ টর্‌টৈর্যা । [অনু.] ।

টর্‌ভর্‌ করা=[পা]—ক্রি. অনর্থক কথা বলা ।। মেয়ে লোক্‌ ক্যা রাতুদিন্‌ টর্‌ভর্‌ করি বেড়ায়্‌ ।

২=[চা]—ক্রি. দুষ্টামি করা ।। সোয়াডা বর টর্‌ভর্‌ করে ।

টর্‌লৈ=[কুম]—বি. এক প্রকার টক্‌ ফল ।। টর্‌লৈ খাইতে খুব টক্‌ ।

টর্‌হি=[বা]—বি. মাপিবার পাত্র বিশেষ ।। টর্‌হি দিয়া চাইল্‌ মাইপ্যা দেও । [দেখ টরি] ।

২=[খু]—বি. চতুর, দুষ্ট ।। এই টর্‌হির্‌ লগে পার্‌বা না ।

৩=[খু]—বি. কচি ডাব ।।

টলাট=[ক]—বি. নলজাতীয় গাছ বিশেষ ।।

২=[ক]—বি. অঞ্চল, সীমানা ।। তার্‌ মত বেলাবি সাতুর এই টলটে নাই । [<তল্লাট] ।

টলা=[সি, কুম]—বি. বনবিড়াল ।। টলায়্‌ মুরগি দৈরা খায়্‌ ।

২=[চা]—ক্রি. খারাপ হওয়া ।। 'নসিব্‌ যদি টলে খাইতে বৈলে পুটকি গলে' —প্রবাদ । [<টল্‌+আ প্র.] ।

টলাটলা=[সি]—বিণ. বড় বড় ।। মাইয়্যাডার্‌ টলাটলা চৌক্‌ । [অনু.] ।

টলানো=[পা]—ক্রি. ঢলিয়া পড়া ।। তোর্‌ গান্‌টার্‌ কথাত্‌ কান্‌ টলেছে ? [<টল সং+আনো প্র.] ।

২=[রং]—ক্রি. উপলাইয়া পড়া ।। [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

টলেংগা=[পা]—বিণ. পরিষ্কার, নির্মল ।। টলেংগা পানি ।

টল্‌=[সি]—বি. বাঁশের ধারালো বাকল ।। টল্‌দি মোরগা যবা করা যায়্‌ ।

টল্‌কানো=[রং]—ক্রি. ঢলিয়া পড়া ।। দুধ্‌লা টল্‌কাছে আজ্‌ । [<টল সং+কানো প্র.] ।

টল্‌কে=[সি]—ক্রি. বিণ. অছিলায় ।। কি টল্‌কে খাতির্‌ পাহাইলো, আমি যানি না ।

টল্‌টলা=[সি]—বিণ. উচচ ।।

২=[পা, য, রং]—বিণ. নির্মল ॥ সাগলে টল্‌টলা পানি খায় (য) ।

টল্‌টল্‌=[কুম] —বিণ. রসে ভরা, তরল ॥ [অনু.] ।

২=[খু]—ক্রি. বিণ. থলথল ॥ আরটা পেকে টল্‌টল্‌ কর্‌সে । [অনু.] ।

টল্‌মল্‌ করা=[পা]—ক্রি. নড়াচড়া বা এদিক ওদিক করা ॥ [অনু.] ।

টল্‌লা=[চা]—বি. একপ্রকার লতা ॥ টল্‌লা গাসে ইচা'য় আন্‌ডা পাড়ে ।

টল্‌লা গোডা=[চা]—বি. একপ্রকার বনজ গোটা ॥ টল্‌লা গোডায় বরি খায় ।

টল্‌লা বাশ্‌=[চা]—বি. একপ্রকার বাঁশ ॥ [<তল্লা বাঁশ] ।

টশা, টশি=[রং]—বিণ. কালা, বধির ॥ ছাওয়াটা একেবারে টশা ।

টশ্‌=[সি,য]—ক্রি. বিণ. ঢিলা, হালকা ॥ কামটা একটু টশ্‌ কর্‌ ।

২=[রং]—বিণ. আশ্চর্য, হতবাক ॥ তোর্‌ কতা শুনি টশ্‌ লাগিছে । [অনু.] ।

৩=[সি]—বিণ. অতিরিক্ত, বাড়তি ॥ আম্‌রার্‌ দলো টশ্‌ এক্‌যন্‌ দেও, নৈলে খেল্‌তাম্‌ না ।

টশ্‌কানো=[রা]—বিণ নরম হওয়া ॥ তার্‌ পাশান্‌ মন্‌ টশ্‌কে না । [<টস্কান <টসকনা হিং] ।

টশ্‌টশা=[রং]—বিণ. পাকিয়া সিঁদুরের মতো লাল, বেশী পাকা ॥ পাকিয়া টশ্‌টশা ঐছে । [অনু.] ।

টশ্‌টশ্‌=[কুম]—অব্য. ঠাস্‌ ঠাস্‌, চট্‌ চট্‌ ॥ টশ্‌টশ্‌ কৈরা তার্‌ গালে দুইডা চ'র্‌ মার্‌ল । [অনু.] ।

২ =[খু]—বি. ব্যথা ॥ মাসের্‌ ক্যাটা লাগায় হাত্‌ টশ্‌টশ্‌ কর্‌সে । [অনু.] ।

টশ্‌রানো=[খু]—ক্রি. বেশী হাসিতে গিয়া এলাইয়া পড়া ॥ শে হাশ্‌তে হাশ্‌তে টশ্‌রায়ে পড়্‌সে ।

টশ্‌শা=[রং]—বিণ. অবশ, কোঁকড়ানো ॥

টশ্‌শা লাগা=[রং]—ক্রি. শীতে অসাড় হওয়া ॥ হাত্‌গুলা শিতে একেবারে টশ্‌শা লাগ্‌ছে ।

টশ্‌শি যাওয়া=[রং]—ক্রি. এলাইয়া যাওয়া ॥ কাইন্‌তে কাইন্‌তে ছাওয়াডা টশ্‌শি গেছে ।

টহর্‌=[ফ]—বি. খোরাক ॥ তোর্‌ টহর্‌ বন্‌ কৈরা দিম্‌ ।

টহস্‌=[ম]—বি. জিজ্ঞাসা ॥ তুমি আমার্‌ কাসে কি টহস্‌ কর্‌তাস ?

টহাটহা=[রা]—বিণ. অতি উত্তপ্ত ॥ টহাটহা আগুন্‌ । [টকটকে] ।

টহাটানো=[য, খু]—ক্রি. কোনকিছু না দেওয়া সত্ত্বেও বারবার যাওয়া আসা করা ॥ এত টহাটালে লাভ্‌ হবে না ।

টহাট্‌=[য, খু]—বি. ছোট বাজার বিশেষ ॥ টহাটোর্‌ খায়্‌না নাই ।

টহে টহে=[পা]—ক্রি. বিণ. সুযোগের সন্ধানে, সতর্ক দৃষ্টি নিয়া ॥ টহে টহে পাইক্যা শালাক শক্ত মার্‌ দেব । [অনু.]

টা

টাঙ্গাল্‌=[চা]—বিণ. বাঁকা, বক্র ॥ চাহাডা টাঙ্গাল ঐসে । [<টাল ; <টল্‌ সং. শাং] ।

টাই=[ক, পা]—বি. প্রলোভন । মেয়েটাকে টাই দিয়ে ডেকে আন্‌ ।

২ =[খু]—অব্য. নিকট ॥ কার্‌ টাই গেসিলি ? [<ঠাঁই<স্থান সং] ।

৩=[ফ]—বি. সুর, রাগিণী ॥ বয়াতিরা টাই দিয়া গান্‌ করে । [<তান সং]

৪=[পা]—বি. ইশারা । [<ঠার] ।

৫=[চট্ট]—বি. টাকি মাছ, লেঠা মাছ ॥ টাই মাস্‌ বড় হৈলে হৌল্‌ অয়্‌ । [<টাকি] ।

৬=[কুম]—বি. শীত ॥ খুব্‌ টাই পর্‌সে । [<ঠাণ্ডা<ঠাণ্ডা] ।

টাইও=[য]—বি. গণ্ডদেশ ॥ তার্‌ টাইও ধৈরা টান্যা আন্‌ ।

টাইংগা=[খু]—বি. পাটখড়ি ।

টাইক্যা=[চট্ট]—বি. কাটা ধান গাছ, নাড়া ॥ ধানের্‌ টাইক্যা ঘরত্‌ ন আন্‌ ।

টাইক্‌=[পা]—বি. নৌকার গুড়াথেকে তলা পর্যন্ত ব্যবহৃত কাঠের টুকরা ॥

২ =[য]—ক্রি. বিণ. একই সময়, একভাবে, একই অবস্থায় ॥ শে এক্‌-টাইকে দুই শের্‌ বাত্‌ খায়্‌ ।

টাইক্‌কা=[ফ]—অস. ক্রি. ফোড়ন দিয়া ॥ কাপড়ের্‌ যমিন্‌ডা টাইক্‌কা দেও । [<টাকিয়া √টাকা] ।

২ =[চট্ট]—বি. খেসারী ইত্যাদি ডালের গাছ মাড়াইবার পর পরিত্যক্ত অংশ ॥

টাইগ্‌রাম্‌=[পা]—বি. দড়ি পাকাই-বার যন্ত্র ॥ টাইগ্‌রাম্‌টা উট্‌কাইতেসি ।

টাইট্‌ই=[সি]—বি. আরোগ্য লাভ ॥

টাইট্‌প্‌নি=[খু]—বি. ছোট কল বিশেষ ॥

টাইট্‌ম্‌ব=[খু]—বি. পরিপূর্ণ ॥ মাঠ্‌ যলে টাইটুম্বর হয়েসে । [< টইটুম্বর : অনু.]

টাইট্‌=[চা]—বি. শক্ত ॥ বস্‌তাটা টাইট্‌ কৈরা বান্‌দ । [<tight ইং] ।

২ =[ম]—বি. পাটখড়ির বেড়া ॥ [<টাটি] ।

টাইট্‌ ঘেরা=[য, খু]—বি. গরু বাছুর রাখার জন্য ঘেরা ॥ টাইট্‌ ঘেরা সাড়া গরু রাখা দায়্‌ । [দেখ টাইট্‌] ।

টাইট্ সাল্=[কু, পা]—বি. একপ্রকার গাছের ছাল ॥

টাইট্ কাদ্=[ম, খু]—বি. বাঁশের তৈরী কাঁদ ॥

টাইন্=[সি]—অব্য. নিকট, কাছে ॥ তোমার্ টাইন্ আসে? [<ঠাঁই<স্থানে সং]।

২=[সি]—অব্য. গুলি, গুলা ॥ ফুল্-টাইন্ লও।

টাইপ,, টাইব,=[চা, কুম, সি]—বি. বাঁশ বা ইক্ষুর দুই আঁখের মধ্যবর্তী স্থান ॥

টাইব্=[পা]—বি. চোয়ালের মাংস ॥ তোর্ টাইব্ ফুল্‌চে' ক্যা?

টাইব্‌লামি=[ম]—বি. টালবাহানা ॥ টাইব্‌লামি কৈরা কয়্‌দিন্ চ'ল্‌বি?

টাইয়া=[সি]—বিণ. অলস ॥ লোক্‌টা বড় টাইয়া।

২=[চা, সি]—বিণ. অতিরিক্ত শীতল, <ঠাণ্ডা ॥ টাইয়া পানি।

টাইয়্যানি=[চা]—বি. অতিরিক্ত শীত ॥ টাইয়্যানির্ লাইগ্যা কিসু করন্ যায়্ না। [দেখ টাইয়া,+নি প্র.]।

টাইয়া টুইয়া=[সি]—বিণ. ঠাণ্ডা ॥ [দেখ টাইয়া,+টুইয়া অনু:]।

টাইয়া লাগা=[চা]—ক্রি. অতিরিক্ত ঠাণ্ডায় হাতপা অবশ হইয়া যাওয়া ॥ [দেখ টাইয়া,+লাগা]।

টাইয়ো=[খু]—বি. চোয়াল ॥ শে তার্ টাইয়োয়্ চ'ড়্ মেরেসে।

টাইর্=[কুম]—বি. সুতা পাকাইবার যন্ত্র ॥ [<টাকু<তর্কু সং+র প্র.]।

টাইলা=[সি]—বিণ. পেটুক ॥

টাইলা দেওয়া=[ম]—ক্রি. ঝাড়া ॥ দান্‌গুলা টাইলা দে। [<টাল হিং+ দেওয়া]।

টাইল্=[ম, চা, কুম, সি]—বি. বাঁশের পাতলা চটার তৈরী ধান রাখিবার বড় পাত্র, গোলা ॥ [<টাল হিং]।

২=[কুম]—বিণ. পূর্ণ, ভর্তি ॥ খেতে পানি টাইল্ ঐয়া লাইগা রৈসে। [< টাল ; অর্থ প্র.]।

টাইশ্যা=[রা]—বিণ. ঈষদুষ্ণ ॥ টাইশ্যা দুধ্ খাওয়া ভাল।

২=[রা]—বিণ. বাসি ॥ পানি টাইশ্যা হয়ে গেছে।

টাউ=[ম]—বি. ছোট মাছ বিশেষ ॥ ভাদ্র আশিনে টাউ মাস্ পাওয়া যায়্'।

টাউইর্‌গ্যা=[কুম]—বিণ. সন্তানহীন ॥ হেইতে টাউইর্‌গ্যা মানুশ্।

২=[কুম]—বি. ভূত ॥ হেইতেরে টাউইর্‌গ্যা দৈস্‌সে।

টাউংরা=[রং]—বিণ. অসুখের ফলে কাহিল ॥ [<ট্যাংরা (মাছবিশেষ) ; সাদৃশ্যে]।

২=[রং, সি]—বি. হাড় ॥ ব্যারামে টাউংরা বার্ হচে (রং)। [পূর্বে দেখ]।

টাউক্=[সি]—বি. চরখার লৌহদণ্ড বিশেষ ॥

২=[সি]—ক্রি. বিণ সোজা ॥ টাউক্ বরাবর যাও। [তাক=লক্ষ্য]।

টাউক্‌কা=[বা, চট্ট]—বিণ. টাক বিশিষ্ট ॥ হের্ নানায়্ টাউক্‌কা [< টাক+উয়া প্র.]।

২=[ফ]—বি. দড়ি পাকানোর কাঠের তৈরী বস্তু ॥ [টাকু<তর্কু সং]।

টাউক্‌রা=[সি]—বি. নদীতে খাটি দেওয়ার একটি উপকরণ ॥ টাউক্‌রা-গুলি লম্বা বালা অ-।

টাউক্‌রাশ্=[রং]—বি. দড়ি পাকাই-যন্ত্র বিশেষ ॥ [দেখ টাউক্‌কা ২]।

টাউ টাউ=[রং]—বিণ. টক, মুখরা ॥ [অনু.]।

২=[কুম]—ক্রি. বিণ. নিঃশেষ ॥ বাত্‌গুলা টাউ টাউ কৈরা খাইল্ কে?

টাউট্=[সি, পা]—বি. দালাল ॥ লোক্‌টা টাউট্। [টাউট tout ইং]।

টাউডার্=[ফ]—বিণ. ঠক, প্রতারক ॥ লোক্‌টা টাউডার্। [দেখ টাউট]।

টাউডাল্=[কুম]—বিণ. ধূর্ত, প্রবঞ্চক, শঠ ॥ হেইতে ববর্ টাউডাল্। [দেখ টাউডার্]।

টাউনড=[খু]—বি. মুখের চামড়া ॥ [<তুণ্ড সং=মুখ ; অর্থ প্র.]।

টাউব্‌বা=[চট্ট]—বি. টাকি মাছ ॥

টাউয়া=[কুম]—বি. গালের রোগ বিশেষ ॥ গালে টাউয়া উঠ্‌লে বিশ্‌ করে। [টাবা+উয়া প্র.]।

২=[কুম]—বিণ. টকও নহে, মিঠাও নহে এমন ॥ এই গাসের্ আম্ টাউয়া।

৩=[বা]—বিণ. সঙ্কুচিত ॥ শিতে আত্ পাও টাউয়া ঐসে। [<টাইয়া =ঠাণ্ডা]।

৪=[ফ]—বি. উপরি ভাগ ॥ [টুই+ আ প্র.]।

৫=[কুম]—ক্রি.বিণ. ঠাণ্ডা ॥ কেমন্ টাউয়া লাগে। [দেখ টাউয়া ৩]।

টাউয়া গাল্=[রং]—বিণ. মুখরা ॥ [দেখ টাউয়া]।

২=[ম, কুম]—বি. ফোলা গাল ॥

টাউয়ানো=[ফ]—ক্রি. ফাঁকি দেওয়া ॥

টাউর্=[খু]—বি. দড়ি তৈরীর যন্ত্র ॥ টাউর্ নে বাটে কাট্‌তে লাগ্। [দেখ টাইর্]।

২=[রা]—বি. মৃগীরোগ ॥ অক টাউর্ হবে।

টাউলি=[কু, পা]—বিণ. শুষ্ক ॥ টাউলি বুইটাত্ চ'শ্ দিতে হবে।

২=[পা]—বিণ. ক্ষুদ্র ॥ টাউলি ঘরে কোন্ মতে থাকি।

টাওঅর্ পাওয়া=[কুম]—ক্রি. টের পাওয়া, শব্দ পাওয়া ॥ আমি টাওঅর্ পাইসি তোমার্ আলাপ্। [<ঠাহর পাওয়া]।

টাওক্যা=[ম]—বি. সুতা কাটিবার চরকা ॥ [<টাকু<তর্কু সং+আ প্র.]।

টাওটা=[ম]—বি. বিপত্তি ॥

টাওন্ গোড়া=[পা]—শক্তিশালী ঘোড়া ॥ [<টাঙন+ঘোড়া ; তুং টাঙ্গন তাজি(কবিকঙ্কণ)]।

টাওয়া=[সি]—বি. গালের উপরি-ভাগ ॥ [টাবা+উয়া প্র.]।

টাওয়ানো=[রা]—ক্রি. কলরব বা গোলমাল করা ॥ এত টাওয়াশ্ ক্যা?

টাওয়ানো=[কু]—ক্রি. সন্ধান করা ॥ [<ঠাহর+আনো প্র.]।

টাওর্=[পা]—বি. টের ।। [< ঠাহর] ।
২=[রা]—বি. জিদ ।। টাওর্ ধর্লে কেন্ ?
৩=[য]—বি. হট্টগোল, গোলমাল ।। বিয়াত্ অল্প কথায় টাওর্ বাযে ।
টাওলানো=[সি]—ক্রি. অনর্থক দোষ ধরা ।। এত টাওলাও ক্যা ?
টাওলি=[রা,পা]—বি. ছোটজমি ।। এই টাওলিটায় কি বুনেচ (রা) ?
টাং=[রা]—বি. কোঁচড় ।। টাংগে টাহা পয়শা রাইখো না । [ট্যাক] ।
২=[কুম]—বি. বাক্স ।। টাঙের বিত্রে কাপর্ বরা । [<ট্রাঙ্ক trank ইং] ।
টাংক=[কু,পা]—বি. বড় টিনের বাক্স ।। [দেখ টাং২] ।
টাংগনি=[কুম]—বি. কাঁথা বালিশ রাখার আধার ।। [<টঙ্ক+আনি প্র.] ।
টাংগন্=[রা]—বিণ. তাজি ।। টাংগন্ ঘোড়া । [দেখ টাওন্ গোড়া] ।
টাংগর্=[বা]—বি. ট্যাক, কোঁচড় ।। [দেখ টাং+র-প্র.] ।
টাংগা=[চট্ট, রা, বা]—বি. মাছ ধরিবার বড় বড়শি ।। [<টঙ্ক সং =টাঙ্গি ; অর্থ প্র.] ।
২=[চা]—বিণ. উচাটন, সচেতন ।। চো'রের্ বয়ে মনুডা টাংগা ঐয়া রৈসে । [<টঙ্ক সং ; অর্থ প্র. ।
৩=[ফ, রা, দি]—বি. পাটখড়ি ।। টাংগার্ বেড়া টিহে না ।
৪=[রা]—বি. কুড়াল ।। টাংগা দিয়া গাছ্ কাট্ । [<টঙ্ক সং] ।
৫=[চা,ফ]—বি. সরিষা তিল মরিচ ইত্যাদির শুকনো গাছ ।। টাংগা দিয়া দ্যাহুউয়া অয় ।
৬=[য]—বি. দাকা ।। [<তক্ত সং] ।
টাংগাইল=[য]—বিণ. যাহা টাঙানো আছে ।। টাংগাইল্ সবি । [<টাঙা (নাম ধাতু) ; ইল প্র.] ।

টাংগা থাকা=[পা]—ক্রি. আগ্রহান্বিত থাকা ।। খবরের্ যন্য মন্ টাংগা থাকে । [দেখ টাংগা২] ।
টাংগানো কাপড়্=[রা]—বি. মশারি ।। [অর্থ প্র.] ।
টাংগারি=[খু]—বি. বাঁশের তৈরী পাত্র ।। [<তাগারী ; অর্থ প্র.] ।
টাংগারু=[রং]—বি. লম্বা লোক ।। [টাংগ (=ঠ্যাঙ)+আরু প্র. ; মূল অর্থ লম্বা ঠ্যাঙযুক্ত] ।
টাংগাশ্, টাংগাশ্=[রং]—ক্রি. বিণ. দ্রুত, তাড়াতাড়ি । [অনু.] ।
টাংগি=[বা, ফ]—বি. পাটখড়ি ।। টাংগির্ বেরা টিহে না ।
২=[সি]—বি. মিস্ত্রির বাটালি ।। [পূর্বে দেখ] ।
৩=[য]—বি. টাংগাইবার উপকরণ ।। টাংগিত্ বোতন্ থো । [<টাঙা (নাম ধাতু)+ই প্র.] ।
টাংগু=[সি]—বিণ. অস্থিসার ।।
২=[সি]—বি. ছোট রুই মাছ ।। রৌ টাংগুর্ দাম্কত ?
টাংগুয়া=[সি]—বি. কঞ্চি ।। উরি গাছে টাংগুয়া দেও ।
টাংগুন্=[ব]—বি. টাউন, শহর ।। টাংগুনে টকি দ্যাখ্বার্ যামু । <টাউন town ইং] ।
টাংগোর্=] রা]—বি. গোগাড়ী চালকের রান্নার বুলি ।।
টাংঘা=[দি]—বিণ. লম্বা ।। [< ঢ্যাঙা] ।
টাং চড়া=[রং]—ক্রি. মৃত্যু হওয়া ।। [ঠ্যাং চড়া ; বাগ্ধারা] ।
টাংনি=[সি]—বি. যাহা দিয়া টাংগাইয়া রাখা হয় ।। বোতলের্ টাংনি সিরি গেসে । [<টাঙা+নি প্র.] ।
টাংরি=[রং]—বি. অস্থিসার মেয়ে লোক ।। [<ট্যাংরা (মাছ বিশেষ); সাদৃশ্যে] ।
টাংলি=[রং]—বিণ. লম্বা ।। টাংলি গাইটা হামার্ ।
টাঁ টাঁ=[চট্ট]—বি. মনের উড়ু উড়ু অবস্থা ।। পোয়া বাড়িত্ তুন্ গেইয়ে লাগত্ মন্ টা টা করের্ ।
টাঁইহ্যা ট্যাপ্‌রা=[রা]—বিণ. আঁকা-বাঁকা ।। রাস্তাটা টাঁইহ্যা ট্যাপ্‌রা । [অনু.] ।
টাঁওর্=[রা]—বি. মৃগী রোগ ।।
টাঁক্=[পা]—বি. অনুমান, আন্দাজ ।। যাই বলো আমার্ হাতের্ টাঁক্ আসে । [<তাক] ।
২=[পা]-বি. তরল পদার্থ মাপার আধার ।।
টাঁটা=[রা]—বি. ঝিনুক, ছোট শামুক ।। টাঁটার জোরেই হাঁশ্ বড় ।
টাঁড়া=[দি]—বি. গাছ হইতে ফল পাড়িবার লম্বা বাঁশ ।। 'আমের্ গাছত্ টাড়া, কাক্‌লা মুখেত্ বাঁড়া'—ছড়া ।
টাঁড়ি=[রং দি, রা]—বি. গ্রাম, পাড়া ।। এটা মুশল্‌মান্ টাঁড়ি ।
টাঁড়্=[রং, রা]—বি. বাঁশের তৈরী উঁচু মাচা ।।
২=[রা]—বি. লটকানো বা ঝুলন্ত মাচা ।। টাড়ে পিঁয়াজ্ আছে ।
৩=[দি]—বি. কাপড় মেলিয়া দেওয়ার রশি বা বাঁশ ।। কাপড়্‌টা টাঁড়ত্ দে ।
টাঁর্=[বা]—বি. এক প্রকার পুল, সাঁকো ।।
টাঁর্‌পু=[রা]—বি. বাহাদুরী ।। এখানে টার্‌পু খাটবে না । [<ট্যাফুঁ] ।
টাঁশে, টাঁশো=[কু]—বিণ. ঝিঁঝিঁ ধরা, রগে টাঁন ধরা ।। টাঁশে পা দিয়ে ঠিক্‌মত হাঁটা যায় না ।
টাকল্=[সি]—বি. দা বিশেষ ।। টাকল্ দা । [<টক+ল প্র.] ।
টাকা=[রা]—বি. ফোড়নের সরঞ্জাম বিশেষ । [<টাঁকা] ।
টাকানো=[সি]—ক্রি. অস্থায়ী ভাবে সেলাই করা ।। [টাক+আনো প্র. ; নামধাতু] ।
টাকা পাতা=[বা]—বি. গোলাকার পাতা বিশেষ ।। টাকাপাতার্ রশ্ পেটের্ অসুকে উপ্‌কারি । [টাকার মত গোলাকার অর্থে] ।

টাকুমনি=[রা, রং]—বিণ. পূর্ণ পাকা ॥ আমটা পেকে টাকুমনি হয়েছে ॥

টাকুয়া=[রং]—বিণ. যাহার টাক পড়িয়াছে ॥ টাকুয়া মাথায় ত্যাল্ দিলে কি ঐব। [<টাক+উয়া প্র.]।

টাকুরাইশ্=[রা]—বি. দড়ি পাকাইবার যন্ত্র বিশেষ। [দেখ টাকুর্]।

টাকুর্=[ম, রা, য, খু]—বি. পাটের রশি কাটিবার চরকা বিশেষ ॥ [< <তর্ক্ু সং+র প্র.]।

টাকেযুকে=[সি]—বিণ. ঠিক মাপ অনুযায়ী ॥ [টাকে অনু:+যুকে<জুখ =মাপা]।

টাক্যা=[পা]—বিণ. ক্ষুদ্রাকৃতি ॥ টাক্যা লোকের গায়ে কত শক্তি ?

২=[পা, বা]—বি. সুতা পাকাইবার যন্ত্র ॥ [<টাকু<তর্কু সং+আ প্র.]।

টাকোয়া=[রং]—বিণ. পারদর্শী ॥ তুমিতো ঐ কামের্ টাকোয়া।

টাকোর্=[রং]—বি. মাপ বিশেষ (নয় ইঞ্চিতে এক টাকোর) ॥ দুই টাকোরে এক্ হাত্।

টাক্=[চট্ট]—বি. চুমুক ॥ এক্ টাকে দব্ খাইলাও।

২=[পা]—বি. নাতিদীর্ঘ চিকণ কাঠ বা লৌহদণ্ড ॥

৩ =[চা]—বি. বোতলে তৈল ইত্যাদি ভরিবার টিনের চুঙ্গি ॥ বোতলের্ মোহ টাক্ দিয়া তেল্ বব্।

৪ =[ব, বা, সি, খু]—বি. কুলুংগী, তাক, দেয়াল-আলমারী ॥ টাকের্ উপর্ দোয়াত্ কলম্ আসে। [<তাক طاق আং]।

৫=[ম]—বি. ফাঁকি ॥ খিলা (কেন) টাক্ খাইলা বা ?

টাক্করে পথ্ লওয়া=[সি]—ক্রি. আঘাত খাইয়া ঠিক পথে আসা ॥ [< টক্কর+এ (বিভক্ত)+পথ লওয়া]।

টাক্কর্=[কুম]—বি. ধাক্কা ॥ [< টক্কর হিং]।

টাক্কল্ দা=[চট্ট]—বি. বড়দা ॥ টাক্কল্ দা সাড়া গাস্ কাড়া ন যাইব। [দেখ টাকল্]।

টাক্কা=[ঢা]—ক্রি. টোকা, আঙুল দিয়া মৃদু আঘাত ॥ [<টোকা]।

২=[পা]—বি. যাহার মাথায় টাক পড়িয়াছে ॥ 'মাথায় টুপি দিয়া, টাক্কায় করে বিয়া।' [<টাক+উয়া প্র.]।

টাক্কারত্যোগা=[নো]—বি. কড়া নজর ॥

টাক্কু=[চট্ট]—বি. চরকার সরু সুতা, ঘূর্ণমান সুঁই ॥ [<টাকু+আ. প্র.]।

টাক্টি=[কুম]—বি. পায়খানা ॥ বারির্ উত্তরে টাক্টি থাহন্ বালা। [<টাট্টী <টট্টী হিং]।

টাক্টিক্=[খু]—ক্রি. বিণ. ঠিক ॥ টাক্টিক্ করে মেপে দাও। [<ঠিক ঠাক]।

টাক্টর্ করা=[সি]—ক্রি. কিছু কিছু কাজ করা ॥ [অনু.]।

টাক্টোল্=[রং]—বি. নিয়ম ॥ টাক্-টোল্মত কাজ্ কর।

টাক্ত=[বা]—বিণ. সাব্যস্ত ॥

টাক্তা=[বা]—বি. ধান কাটিবার জন্য নিযুক্ত সাময়িক মজুর ॥

টাক্ দরা=[চা]—ক্রি. চীৎকার দিয়া কিছু ক্ষণ হাঁ করিয়া থাকা ॥ সেরাডা চিঁক্কের্ দিয়া টাক্ দৈরা রৈসে। [<তাক ধরা]।

টাক্নি=[রা]—বি. সেলাইয়ের সুচের ন্যায় অস্ত্র বিশেষ ॥

টাক্ পরা=[ম]—ক্রি. বিশেষ অসু-বিধা হওয়া ॥ আমার্ পাওয়াতে তোমার্ টাক্ পড়লো ক্যা ? [টাক পড়া রাগ্বারা]।

টাক্ মারা=[কুম]—ক্রি. ঘুষি মারা ॥ টাক্ মারা নাক্ বাংগ্যা দিয়াম্।

টাক্রা টাক্রি=[কুম]—বি. তর্কা-তর্কি ॥ [অনু.]।

২=[ম]—বি. কাড়াকাড়ি ॥ খাওন্ নিয়া টাক্রা টাকরি কর্‌তাসে কেরে ? [অনু.]।

৩=[সি]—বি. শিশুদের রোগ বিশেষ ॥ [অনু.]।

টাক্রাল্=[রা]—বি. কাঠের তৈরী দড়ি পাকাইবার যন্ত্র ॥ [<টাকু < তর্ক্ু সং+আল প্র.]।

টাক্রাশ্=[রা]—বি. দড়ি পাকাইবার যন্ত্র বিশেষ। [দেখ টাক্রাল্]।

টাকরশ্=[কু, পা, ব, রং]—বি. হাতে দড়ি পাকানোর জন্য ব্যবহৃত টাকু ॥ [দেখ টাক্রাশ্]।

টাক্রৈশ্=[রং]—বি. সরু দড়ি পাকাইবার যন্ত্র বিশেষ ॥ টাক্রৈশ্‌গ্নি তাতুয়া পাকাও বাহে। [দেখ টাক রাশ্]।

টাক্শা=[নো]—বি. অব্য. আশ্চর্য সূচক ॥

টাক্শৈ=[ম]—বিণ. সমান ॥ বাশ্টা টাক্শৈ। [তাক+সই প্র.]।

টাক্হাতা=[নো]—বি. টাকাপাতা, গোলাকার পাতা বিশেষ ॥ [দেখ টাকা পাতা]।

টাখানো=[সি]—ক্রি. অস্থায়ী ভাবে কোন কিছু করা ॥ গরের্ বেরাডা টাখ্যা রাখ। [টাক (নাম ধাতু)+ আনো প্র.]।

টাখোরা=[রা, দি]—বি. ছোট শামুক ॥ টাখোরা হাঁশের্ খাদ্য।

টাখ্=[সি]—বি. বাঁশের বেতের তৈরী তাক ॥ টাখে বালিশ্ থও। [< তাক طاق আং]।

টাগা=[ফ,ম]—বি. তিল, মরিচ প্রভৃতি গাছের শুকনো খড়ি ॥

২=[নো]—ক্রি. খাওয়া, ধূমপান করা ॥

৩=[চট্ট]—বি. টাকা ॥ [<টাকা]।

টাগাই =[ঢা]—বি. কচুরিপানা ॥ গরুর্ লাইগ্যা টাগাই আন্। [দেখ টগর্]।

টাগারি=[চা]—বি. কাঠের থালা ॥ টাগারিত্ ডাইল্ খো।

২=[ম]—বি. রামদা ॥

টাগার্=[চট্ট]—বি. তরকারীর ঝোল

টাঁগে=[পা, কুম]—বি. কচুরি পানা ॥ টাগের্ দানের্ খতি করে। [দেখ টগর্]।

টাগ্দরা=[ঢা]—বিণ. একটানা, প্রখর ॥ টাগ্দরা রৈদে যাবি কৈ। [<তাক ধরা]।

২=[ঢা]—ক্রি. স্থির হইয়া থাকা, চোখ উলটাইয়া থাকা ॥ চি'ক্কর্ দিয়া পোলাডা টাগ্ দৈরা রৈসে। [পূর্বে দেখ]।

টাগ্রা=[রা]—বি. নুলো, খোঁড়া ॥ টাগ্রাকে কৈ পাঠালে? [অনু.]।

২=[ফ, বা]—বি. মুখ গহ্বরের উপরিভাগ ॥ টাগ্রাত্ কাড়া বিন্সে। [<টাকরা]।

৩=[ঢা]—বি. বোধশক্তি ॥ শে টাগ্রাসারা মানুশ্। [<তাক (=অনুমান)+রা প্র.]।

৪=[বা]—বি. গলা ॥ বেশি ॥ কত কৈলে টাগ্রা সিরা্যা হালাইমু। [<টাক্রা]।

টাটক্=[রং]—বি. ভোজবাজী বাদ্যারা টাটক্ দেখাইতে উছ্তাদ।

টাটা=[রা,ব]—বি. ছোট শামুক ॥ হাঁশে টাটা খায়্।

২=[ফ]—বি. লোহার তৈরী ত্রিফলা অস্ত্র বিশেষ ॥ টাটা দিয়া মাস্ মারে।

৩=[খু]=বি. বিজলী, বজ্র ॥ কালা মেঘে টাটা পড়ে। [<ঠাডা<স্তব্ধ সং]।

টাটুয়া=[সি]—বি. রশি তৈরীর উপকরণ বিশেষ॥ টাটুয়ার্ রশি মযবুত অয়্।

টাটুয়া দেওয়া=[বা]—ক্রি. অত্যন্ত শক্ত হওয়া ॥ মাটি শুকাইয়া টাটুয়া দিয়া গেসে।

টাটি=[রা, দি, রং]—বি. বেড়া ॥ টট্টা হিং]।

২=[খু]—বি. পায়খানা ॥ টাটিতে লোক্ আসে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

৩=[ক]—বি. উচুঁ জায়গা ॥ বর্শায় টাটির্ উপ্রে হিয়াল্ থাহে। [<তটী (=উচ্চস্থান)]।

টাটির্ দিকে যাওয়া=[কু]—ক্রি. পায়খানা প্রস্রাব করিতে যাওয়া ॥ [<টাট্টি হিং+র+দিকে যাওয়া]।

টাট্=[সি]—বিণ. শক্ত ॥ অত টাট্ অওয়া বালা না। [<টাইট tight ইং]।

২=[সি]—বি. ছালার কাপড় ॥

টাট্কা=[রা]—বি. ঘেরাও করিয়া মাছ ধরিবার জাল ॥ টাট্কা দিয়া রুই ধরে।

টাট্কি=[কুম]—বি. পায়খানা ॥ টাট্কিত্ গিয়া আইগ্যা আয়্। [<টাট্টি (বর্ণ বিপর্যয়)<টাট্টি হিং]।

২=[ম]—বিণ. অযথা, বাজে ॥ টাট্কি তর্ক সাইরা দেও।

টাট্কিনি=[পা]—বি. এক প্রকার ছোট মাছ ॥ টাট্কিনি মাস্ খেতে মযা।

টাট্টা=[সি, ঢা]—বিণ. শক্ত ॥ টোট্টা গুয়া।

টাট্টা পাতা=[বা]—বি. গোল-পাতা ॥ টাট্টা পাতার্ গর্ বেশ্ টিকে।

টাট্টি=[সি, রা]—বি. বাঁশের বেড়া ॥ দেখ টাটি]।

টাট্টু=[সি]—বি. শক্ত সুপারী ॥

টাট্মান্যা=[ম]—বিণ. রীতিমত হৃষ্ট পুষ্ট ॥ তার্ শরির্ বেশ্ টাট্-মান্যা। [<তাঁত (<তন্ত সং)+মাঁজা সুতার ন্যায়; অর্থ প্র.]।

টাট্রি=[রা]—বি. অচেতন ॥ এক্ লাঠিতে গরুটাক টাট্রি লাগাছে।

টাডাইয়া থাকা=[ঢা]—বিণ. না খাইয়া থাকা ॥ হারা দিন্ টাডাইয়া থাইক্যা হাযে খাইতে আইসি।

টাডানো=[ঢা]—ক্রি. ডাকাডাকি করা ॥ খামাকা এত টাডাস্ ক্যারে। [<টাটা অনু.+আনো প্র.; নামধাতু]।

২=[ব]—বি. ব্যথা করা ॥ শিং মাসে কাড়া দিলে টাডায়্। [<টাটানো]

টাডাল্=[নো]—বি. অবিচারী, অবিবেচক ॥ টাডালের্ আতে টিয়া গলে হাইতা ন। [দেখ টাউডাল্]।

টাডি=[কুম, সি, ঢা]—বিণ. শক্ত ॥ টাডু=[চট্ট]—বিণ. শক্ত ॥ টাডু ধমকে লাব্ ন এয়ৈ।

টাড়ি=[রং]—বি. গ্রাম ॥ এই টাড়ির্ লোক্ গুলি ধনি।

টানা=[খু]—বিণ. উঁচু ॥ বুরুটা টানা হয়েসে।

টানা আস্লি=[সি]—বি. অভাব অনটন ॥ আমার কোনু টানাআস্লি নাই।

টানাই যাওয়া=[খু]—ক্রি. কড় হওয়া, বেশী শুকাইয়া যাওয়া ॥ ধান্-গুলি রোদে টানাই গেসে।

টানাইয়া মানাইয়া=[কুম]—ক্রি. বিণ. নিখুঁতভাবে ॥ কতাডা টানাইয়া মানাইয়া কও।

টানাকাচি'=[ঢা]—বি. কাস্তে কাচি ॥

টানা খিচ'া=[ঢা]—বি. অভাব অনটন ॥ খুব টানা খিচ'াব্ মৈদ্যে দিন্ কাটাই। [<টানা+খিচা]।

টানা খিচ'া করা=[ম]—ক্রি. সেবা করা ॥ অশুখের্ শময় টানাখিচ'া করে কে? [দেখ টানাপিচ'া]।

টানা দেওয়া=[ফ, ঢা]—ক্রি. শক্ত করিয়া বাঁধা ॥ গাস্টাত্ টানা দেও। [অর্থ প্র.]।

টানানো=[সি]—ক্রি. বাড়া ॥ আইয চ'াইলের বাযার্ টানাইসে।

২=[ম]—ক্রি. খোঁড়ানো ॥ সেরাডা টানাইয়া চ'লে। [(পা)টানিয়া চলা অর্থে]।

টানান্=[পা]—বি. অহঙ্কার, গর্ব ॥ ইয়াটার্ বড় টানান্।

টানা পথ=[পা]—বি. লম্বা পথ ॥ এই টানাপথে যাবু না।

টানা বড়্শি=[পা]—বি. লম্বা ডোর-বিশিষ্ট বড়শি ॥ টানা বড়শিতে কাতুনা লাগে না।

টানামানা=[কুম]—বি. অভিমান তানবাহানা ॥

টানাশ্=[সি]—বিণ. গরম মেজা-জের ॥ মাইয়াডা বর টানাশ্। [টান আঁশ]।

টানা হ্যাচ্‌'রা করা=[চা]—ক্রি. সেবা যত্ন না করা, অযত্নে রাখা ।। [<ঠানা হেঁচড়া] ।

টানি=[ঢা]—বি. ঘুড়ি উড়াইবার সুতা ।। [<তানা থিং] ।

২=[রা]—ক্রি. বিণ. দিকে ।। [<স্থান+ই প্র.] ।

টানি যাওয়া=[সি]—ক্রি. বেশী শুকাইয়া যাওয়া ।। রৈদে দান্ টানি গেসে । [অর্থ প্র.] ।

টানি যাগা=[ঢা]—বি. উঁচু জায়গা ।। টানি যাগাত্ পানি উঠে না ।

টানে=[ব, রা]—ক্রি. বিণ. দিকে ।। বাড়ির্ টানে পথ্ ছাড়ায় (রা) । [<[স্থান+এ প্র.] ।

টান্=[সি]—বি. চেষ্টা ।। গরের্ সানি দিবার্ টান্ নাই ।

২=[সি]—বিণ. সেয়ান, চালাক ।। মাইয়াডা বর টান্ ।

৩=[রা]—বি. দুর্ভিক্ষ ।। দেশে খুব্ টান্ । [=টানাটানি] ।

৪=[ঢা]—বি. চাহিদা ।। আইয্ বাযারে মাসের্ খুব্ টান্ ।

৫=[ম]—বিণ. উঁচু ।। টান্ যাগাত্ দান্ বালা অয়্ নাই ।

৬=[য]—বি. অভ্যাস ।। ভোরে উঠা তার্ টান্ হযে গেসে ।

টান্‌কা মারা=[বা]—ক্রি. বিস্মিত হওয়া ।। টান্‌কা মার্‌লি দেখে ?

টান্‌টা=[য, ম]—বি. বিরক্ত ।। এত টান্‌টা শয্য হয়্ না । [<তাণ্ডব সং] ।

২=[ম]—বি. মুশকিল ।। কান্‌টায় বাযাইল্ টান্‌টা । [পূর্বে দেখ] ।

টান্ টান্=[সি]—বিণ. কর্কশ ।। লোক্‌টা বর টান্‌টান্ কতা কয় ।

টান্‌টুন্=[সি]—বিণ. কিঞ্চিৎ, সামান্য ।।

টান্‌ঠা=[ঢা]—বি. বোঝা ।।

টান্‌ডল্=[য]—বি. জুয়াচোর ।। ডাহাত্ বহুত্ টান্‌ডল্ আসে । [দেখ টাউডাল্] ।

টান্‌ডা=[চা]—বি. হিড়িক, বিরক্তি ।। এত টান্‌ডা বালা না । [দেখ টান্‌টা] ।

২=[চা, কুম]—বি. অভাব, দুরবস্থা ।।

৩=[ফ]—বি. পরিশ্রম ।। এত টান্‌ডা কার্ লাইগ্যা ।

৪=[সি]—বি. গরজ ।। আমার্ টান্‌ডা নাই । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

টান্ দেওয়া=[কুম]—ক্রি. দোহন করা ।। আমি গাইডা টান্ দিয়া আছি । [অর্থ প্র.] ।

টান্ দেখানো=[ম]—ক্রি. গরিমা করা ।। এত টান্ দেহাও ক্যারে ? [অর্থ প্র.] ।

টান্ ধরা=[পা]—বিণ. কমা ।। পানি টান্ দৈর্‌চে' ।

টান্‌না টুন্‌না=[রা]—ক্রি. বিণ. কোনরকমে ।। টান্‌না টুন্‌না দশ্‌টাকা যোগাড়্ কর্‌ছি । [<টেনে টুনে<টানিয়াটুনিয়া] ।

টান্‌নাত্, টান্‌নোত্=[রং]—ক্রি. বিণ. ছটফট ।। কোন কথা কৈলে টান্‌নাত্ টান্‌নাত্ করি উঠে । [অনু.] ।

টান্ পৈর্‌কা্রি=[ঢা]—বি. পূজার উপকরণ ।।

টান্‌পোরা=[ঢা]—বিণ. বেশী পোড়া ।। পাইল্যাডা টান্‌পোরা । [<টান পোড়া] ।

টান্‌বাক্=[ম]—বি. আমাশয় ।। [<টান=কষা+পাক] ।

টান্ মানা=[ঢা]—ক্রি. অভাব পূরণ হওয়া ।। চাইল্ মোন্ চাউলে মাশে টান্ মানে না ।

টান্ মারা=[ঢা]—ক্রি. সুর ধরা, তান ধরা ।। এত রাইতে কেরে বাশিত্ টান্ মারল ?

টাপর্=[রা, রং]—বি. ছৈ ।। নাওয়ের টাপরের্ তলে বৌ আছে ।

২=[দি]—বি. টোপর ।। টাপরটা ভাংগি গেছে । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

টাপল্ করা=[ঢা]—ক্রি. গল্প করা ।।

টাপা=[ফ]—বি. মুরগী ঢাকিয়া রাখার বড়ো পলো ।।

২=[কুম]—বি. বাঁশের তৈরী পাত্র বিশেষ ।। বন্দের্ থাক্যা এক্ টাপা গাগ্ আন্ ।

৩=[কু]—বি. বিয়ের ছাদনা ।। [দেখ টাপর্] ।

৪=[রা, পা]—বি. ছই ।। [দেখ টাপর্] ।

টাপানো=[সি]—ক্রি. কুড়ান ।। আম্ টাপাও ।

২=[রা]—ক্রি. দৌড়ানো ।। টাপাতে টাপাতে জাও ।

টাপ্‌রি=[য, ফ, খু]—বি. ছোট ভাড়াটে নৌকা ।।

টাপ্‌রিয়া নাও=[বা]—বি. এক মাঝি চালিত ক্ষুদ্র নৌকা ।।

টাপ্‌রে=[খু]—বি. ছোট নৌকা ।।

টাপে টোপে=[খু]—ক্রি. বিণ. কানায় কানায় ।। ভার্‌টা টাপে টোপে শুড্ ভর্‌তি । [অনু.] ।

টাপোর্=[রা]—বি. গরুর গাড়ীর ছই ।। [দেখ টাপর্] ।

টাপ্=[রা]—বি. দৌড় ।। চোরে টাপ্ দিল্ ।

টাপ্‌টুপ্=[পা]—বিণ. নিস্তব্ধ ।। [অনু.] ।

২=[ঢা]—বি. মৃদু শব্দ ।।

টাপ্‌পু=[রা]—বি. ভীড় ।।

টাপ্‌পোর্=[বা]—বি. গরুর গাড়ীর ছই ।। [দেখ টাপর্] ।

টাফ্‌রা=[কুম]—বি. বেড়া উঁচু করিবার ছোট খুঁটি ।। টাফ্‌রাডা বওয়াও ।

টাফ্=[বা]—বি. খোপ ।। মুরগির্ টাফে শিয়াল্ ঢুক্‌ছে । [দেখ টাপা] ।

টাবর্=[রং]—বি. গাড়ির ছই ।। [দেখ টাপর্] ।

টাবা=[ম, ঢা]—বি. হাঁস মুরগী বন্ধ রাখার জন্য বাঁশের তৈরী খাঁচা ।। [দেখ টাপা] ।

টাবি=[য]—বি. লজ্জা ।। তার্ টাবি নাই ।

টাবানো=[কুম]—ক্রি. মাছের শ্বাস ফেলিবার শব্দ করা ।।

টাব্দ=[ম]—বিণ. ছোট ।।

টাবুরা=[রা]—বি. ভাড়া নৌকা টাবুরা ছাড়া জাওয়া জাবে না। [দেখ টাপুরিয়া]।

টাবুরিয়া=[য]—বি. যাত্রিবাহি ছোট নৌকার মাঝি ॥ [দেখ টাপুরিয়া নাও]।

টাবুরে=[রা, খু]—বি. এক মাল্লার নৌকা ॥ [দেখ টাবুরিয়া]।

টাবৈর্=[ফ]—বি. কচুরি পানা ॥ খালে টাবৈর্ ববা।

টাবোট্=[রা]—বি. মাছ বিশেষ, টাকি মাছ ॥

২=[রা]—ক্রি. বি. উপরের দিকে লম্ফ প্রদান ॥

টাব্গি=[চা]—বি. ফাঁকি ॥ হেরা ববর্ টাব্গি দিতারে।

টাব্গি টুব্গি=[বা]—বি. রসাল কথা ॥ হেয় খুব্ টাব্গি টুব্গি যানে। [অনু.]।

২=[পা]—বি ফাঁকি ঝুকি ॥ তোমার্ টাব্গি টুবগি বেবাকে বুঝি।

টাব্বর্=[রং]—বি. গাড়ীর ছই ॥ [দেখ টাপর্]।

টাব্বানো=[কুম]—ক্রি. পানিতে আঙুল দিয়া আওয়াজ করা ॥ [অনু.]।

টাব্বাল্=[নো]—বি. প্রতারক ॥ টাব্বালের্ হাল্লাত্ হড়িস্ না। [দেখ টাউডাল্]।

টাব্বুশ্=[কুম]—বিণ. অবাক। [অনু.]।

টাব্বুশ্ খাই যাওন্=[চট্ট]—ক্রি. বিস্মিত হওয়া, হতভম্ব হওয়া ॥ তার্ শাহশের্ কথা হুনি টাব্বুশ্ খাই গেলাম্। [অনু.]।

টাব্রা=[খু]—বি. খাঁচা ॥ মুরগি টাব্রাত্ রাখ। [দেখ টাবা+রা প্র.]।

টাব্রি নৌকা=[খু]—বি. এক মাল্লাই নৌকা ॥ [দেখ টাবুরা]।

টামি=[কুম]—বি. বাড়ী ॥ হেতে টামিতে আসে।

টামিটুমি=[বা]—বি. গৃহস্থালির ছোট খাট দ্রব্যাদি ॥ শংশারে টামিটুমি লাগে। [অনু.]।

টাম্=[রং]—বি. একপ্রকার জাম ॥

২=[দি, রা]—বি. পিয়ারা ॥ মোক একটা টাম্ দে না।

টাম্টুমি=[রা]—বি. ছেলেদের ছোট ঢোল ॥ গরুর্ ভুরি দিয়ে টাম্টুমি বানায়। [অনু.]।

টাম্নি=[রা]—বি. ছোট কোদাল ॥

টায়ট্=[খু]—বি. ছোট বেড়া ॥

টায়র্=[চট্ট, নো]—বি. নজর, লক্ষ্য ॥ [<ঠাহর]।

টায়্ টান্ডা=[সি]—বি. অভাব, অনটন ॥ লোক্টার্ কোন্ টায়্টান্ডা নাই। [<টায় (অনু:)+তাণ্ডব সং]।

টায়্ টায়্=[ফ]—ক্রি. বিণ. হুবহু ॥ তার্ শাথে আমার্ কতা টায়্টায়্ মিলে।

২=[চা]—ক্রি. বিণ. ফাঁকে ফাঁকে, মাপে মাপে, ঠিকমত ॥ ওয় খালি টায়্টায়্ থাকে।

৩=[রা]—ক্রি. বিণ. অনতিরিক্ত, সমান সমান ॥ চাদর্টা বিছানায় টায়্টায় লেগেছে।

টায়ে টায়ে=[কুম]—ক্রি. বিণ. সমান সমান ॥ কাপর্ টায়ে টায়ে ঐসে। [দেখ টায়্ টায়্৩]।

টায়্রা=[খু]—বি. চোয়াল ॥ আমার্ টায়্রাত্ কাঁটা ফুট্সে।

২=[কুম]—বি. কপালের অলঙ্কার ॥ টায়্রাডা শুন্দর্। [<tiara ইং]।

টারা আলাযি=[য]—বি. অলি জিহ্বা ॥ তার্ টারা আলাযি খাট [<টাকরা+আলজিভ]।

টারাটারি=[কুম, সি]—বি. প্রতিযোগিতা, শত্রুতা ॥ দুই বাইয়ে খুব টারাটারি। [অনু.]।

টারানো=[বা]—ক্রি. খিল ধরা, অনুভূতিহীন হওয়া ॥ যারে আত্পাও টারাইয়া গেসে।

টারাশ্ টারাশ্=[পা]—অব্য. বিকট শব্দ বিশেষ ॥ [ধ্বন্যা.]।

টারি=[রং]—বি. পাড়া ॥ টারি বেড়াবার্ গেছিনু।

টার্=[রং]—বি. কাপড় রাখিবার বা শুকাইবার উপকরণ বিশেষ ॥

টার্কা টার্কি=[য]—বি. সলা পরামর্শ ॥ [<তর্কাতর্কি]।

টার্কিশ্=[পা]—বি. পাটের সুতা কাটিবার যন্ত্র ॥ [<তার্কশ্ تارکش ফা.]।

টার্গা=[চট্ট]—বি. জিহ্বার মূল অংশ ॥ টার্গাত্ কাটা বিন্সে। [<টাকরা]।

টার্হান্=[কুম]—বি. প্রতিমা ॥ [<ঠাকুরানী]।

টালক্=[পা]—বিণ. ঠাণ্ডা ॥

টালন্=[চট্ট]—ক্রি. কাটান ॥ তারা কন্ রঅমে দিন্ টাইল্ত।

টালা=[রং, পা]—বি. বেতের তৈরী মাপিবার পাত্র ॥

২=[কু, পা]—বি. ঠাণ্ডা, শীত ॥

৩=[চা]—বি. শাক ॥ কদুরা পাতার্ টালা বর মযা।

৪=[নো]—বি. ভাজা ॥

৫=[পা, য]—বিণ. স্বচ্ছ ॥ টালা ফডিকের্ মত পানি।

৬=[পা]—বি. সদ্যোজাত শিশু ॥ টালাটুলির্ মুখত্ মদু দেও।

৭=[রা]—বি. জংলা ॥

৮=[কুম]—বি. মুরগি রাখিবার বাঁশের খাঁচা ॥ বাযারতে একটা টালা আইন্য।

৯=[নো]—বি. মাথাল ॥ মাঝিরা টালা মাতাত্ দেয়্।

টালাই=[খু]—বি. ছোট লম্বা নৌকা ॥

টালাটাল্=[চট্ট]—বিণ. প্রচুর ॥ গাসত্ টালাটাল্ আম্ ধৈর্গে। [<টাল হিং]।

টালানো=[রা, দি]—ক্রি. মাথায় চাঁটি মারা ॥

২=[ব]—ক্রি. বাছিয়া লওয়া ॥

৩=[রং]—ক্রি. ঠেলিয়া ফেলা ॥ তারে টালি বাইর্ করি দে। [<টাল প্রা, বাং ; তুং টাল্না হিং]।

৪=[বা]—ক্রি. একটু একটু নাড়া দেওয়া ।। পাস্ দিয়া টালাও কেন্ ? [পূর্বে দেখ] ।

৫=[ফ]—ক্রি. জমিতে অল্প মই দেওয়া ।

টালি=[কু, রা]—বি. ঠেলাগাড়ী ।। [দেখ টালানো৩] ।

২=[বা]—বি. মাটির ছোট পাত্র বিশেষ ।। গুরের্ টালি ।

৩=[কু]—বি. স্তূপ ।। কচু'রির্ টালিতে শার্ হয় । [<টাল হিং+ই প্র.] ।

৪=[পা]—বি. গণনার জন্য ব্যবহৃত বাঁশের শলাকা ।। বস্তা নামাইতে টালি দরিও ।

টালিবালি=[ম, য]—বি. টালবাহানা ।। টালিবালি বাদ্ দিয়া টাকা দিবে কি না বল্ । [অনু.] ।

টালুমালু=[য]—ক্রি. বিণ. ভীতমনে এদিক ওদিক তাকান ।। টালুমালু করিশ্ কেন্ ? [অনু.] ।

টালোক্=[পা]—বিণ. ঠাণ্ডা, শান্তশিষ্ট ।। সাওতালটা টালোক্ ; টালোক্ পানি ।

টাল্=[রা]—বি. তরমুজের জমি ।। টালে বেশি তরমুজ্ নেই ।

২=[য,ঢা,কু,বা]—বি. গাছের মাচান ।। [<টল সং, অর্থ প্র.] ।

৩=[কুম]—বি. থৈ ।। খাল ছেঁচে টাল্ দেয় না ।

৪=[বা]—বি. ঝাঁকা ।। কদুগাসের্ টাল্ পর্‌য়া গেসে । [<টল সং ; অর্থ প্র.] ।

৫=[চট্ট]—বিণ. বেশী, অনেক ।। [<টাল হিং] ।

৬=[কুম]—বি. স্তূপ ।। গোবরের্ টাল্ । [<টাল হিং] ।

৭=[ঢা, ফ, কুম]—বিণ. ঠাণ্ডা ।। টাল্ পানি ।

৮=[পা]—বি. বাজি বা ফুটির চাষ ।। এবার্ টাল্ আবাদ্ বাল হয়েসে ।

৯=[ম,য]—বি. বাগান, ক্ষেত ।। টালে গোলাপ্ গাস আসে ।

১০=[কু, পা]—বিণ. বাঁকা ।।

টাল্কা=[ম, ঢা]—বিণ. ঠাণ্ডা, শীতল ।। টাল্কা পানি ।

টাল্কি=[রা]—বি. শীত ।।

২=[ফ]—বিণ. চুপ, নিস্তব্ধ ।।

টাল্কি মারা=[পা]—ক্রি. নীরবে থাকা ।। সে আমার্ কথায় টাল্কি মারসে । [দেখ টাল্কি২] ।

টাল্টক্কর্=[ম]—বি. বিবাদ ।। কি কতায় আবার্ টাল্টক্কর্ লাগ্ল ?

টাল্টি বাল্টি=[ঢা, মা]—বি. টালবাহানা, ফাঁকিবাজী ।। টাল্টিবাল্টি কৈরা কয়্‌দিন্ চ'ল্‌বি । [অনু.] ।

টাশ্=[বা]—বি. তাস ।। হামার্ টাশ্ খেলার্ অভ্যাশ নাই । [<তাস] ।

টাশ্কা=[ম]—ক্রি. বিণ. অজ্ঞান ।। টাশ্কা মার্‌য়া পর্‌ল কেডা ?

টাশ্কা লাগা=[পা]—ক্রি. অবাক হওয়া ।। [দেখ টাশ্কা ; অর্থ প্র.] ।

টাশ্কি=[ঢা]—বি. হতবাক, অবাক ।। হের্ কতা হুইন্যা টাশ্কি লাইগ্যা গৈসি । [দেখ টাশ্কা লাগা] ।

টাশ্কি লাগা=[কুম, ঢা]—ক্রি. হঠাৎ মাথা ঘুরিয়া যাওয়া, অবাক হওয়া ।। [দেখ টাশ্কা লাগা ; অর্থ প্র.] ।

টাশ্ খাওয়া=[পা]—ক্রি. আশ্চর্যান্বিত হওয়া ।। তার্ কথায় টাশ্ খাইলাম্ ।

টাশ্টাশ্=[ঢা]—ক্রি. বিণ. স্পষ্ট করিয়া, উচ্চস্বরে ।। টাশ্টাশ্ কৈরা পর্ । [অনু.] ।

টাশ্ লাগা=[খু]—ক্রি. বিণ. শ্বাস রুদ্ধ হইবার উপক্রম হওয়া ।। কাদতে কদ্‌তে টাশ্ লেগেসে ।

টাহর্ পাওয়া=[কুম]—ক্রি. বুঝিতে পারা ।। কেম্‌নে টাহর্ পাইলা ?

টাহা=[য, খু]—বি.<টাকা ।।

টাহি=[ঢা]—বি. এক প্রকার মাছ ।। টাহি মাস্ । [<টাকি] ।

টাহুনি=[ম]—বি. চুক্তি ।।

টাহুরি=[কুম]—বি. খিন, ভূত ।। হিতারে টাহুরিয়ে পাইসে । [ঠাকুর+ই প্র. ; অর্থ প্র.] ।

টাহুর্=[ম]—বি. রশি, সুতা পাকাই-বার যন্ত্র বিশেষ । [দেখ টাহৈর্] ।

টাহৈর্=[ব]—বি. টাকু, নাটাই ।। টাহৈর্ দিয়া শুতা পাকায় । [<টাকুর <তর্ক সং+ব প্র.] ।

টাহো=[য, খু]—বি. টেকো, যাহার মাথায় টাক আছে ।। [<টাক+ও প্র.] ।

টি

টিউকল্=[খু]—বি. নলকূপ । [< টিউবওয়েল tubewell ইং] ।

টিউনি=[চট্ট]—বি. টিকি, ঝুঁটি ।। সোড মাইয়া টিউনি রাহে । [<টিকি+নি প্র.] ।

টিওর্=[রা]—বি. মেছুয়া, মাছ ব্যবসায়ী ।। টিওর্ পাড়া । [<তিয়র <তীবর সং=হীনজাতি বিশেষ, মৎস্যজীবী] ।

টিংগা=[ফ]—বিণ.টক ।। টিংগা বোড়ৈ ।

টিংটিংগা=[রং]—বিণ. উঁচু ।। ধানের্ আঁটিগুলা টিংটিংগা করি বাধ্ ।

টিংরা=[রা]—বিণ. যে অধিক বাছ-বিচার করে ।। টিংরা মানুশেক্ লিয়েই জতো মুশকিল্ রে ।

টিংরি=[রা]—বি. সাহস, ক্ষমতা ॥ তোর্ এদ্দুর্ টিংরি হ'চে হামাক মারবি।

টিংশ=[রা]—বি. হিংসা ॥ টিংশের্ শমান্ পাপ্ নাই। [<হিংসা]।

টিঁইরি=[চট্ট]—বি. এক মুখ বিশিষ্ট চুলা ॥ টিঁইরি চুলাত্ রান্না গরিব ঐব।

টিঁয়ন্=[চট্ট]—ক্রি. টিকিয়া থাকা ॥ যিনিশ্ ইয়ান্ টিঁয়িব্বো। [<টিকন]।

টিঁয়া=[চট্ট]—বি. টাকা ॥ 'টিঁয়া সাড়া যগত্ বিয়া।' [<টাকা]।

টিঁহি=[য]—বি. ঘরের টুই ॥ টিঁহিরপর বৈশা কি কর? [<টিকি]।

টিকর্=[রা]—বি. সমতল মাঠের মধ্যস্থিত উঁচু অংশ ॥ টিকরে গরু চ'রায়। [টিকরা <তুঙ্গরা<তুঙ্গ সং রা প্র; অর্থ প্র.]।

২=[রং]—বি. নদীর পাড়ের উঁচু জায়গা ॥ [পূর্বে দেখ]।

৩=[খু]—বি. মাথার তালু ॥ তার্ টিকর ডিল্ পড়্সে। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

টিকা=[রং]—বি. পাছা, গুহ্যদ্বার ॥ টিকাতে ঘা হচে।

২=[সি, কুম]—বি. মাথার অলঙ্কার ॥ [<টিকা হিং]।

টিকাটি=[সি]—বি. শিকারের জন্য বাঁশের তৈরী যন্ত্র বিশেষ ॥

টিকাপনা=[ব]—বি. এক প্রকার ভেষজ গাছ ॥

টিকারা=[পা]—বি. ডঙ্কা ॥ নৌকা বাইচে'র্ টিকারা বাজ্সে! [টিকারা হিং]।

টিকি=[সি]—বি. টিকা ॥ টিকি বালাইয়া তামুক্ খায়্। [<টিকিয়া হিং]।

২=[য]—বি. স্তূপ ॥ ময়লার্ টিকি কালাইয়া দাও।

৩=[পা]—বি. চালের উপরের প্রান্ত ॥ চ'ওরি গরের্ চা'রট্যা টিকি হয়্। [দেখ টিঁহি]।

টিকিতে ঠেকা=[পা]—ক্রি. শেষ সীমায় পৌঁছানো ॥ [দেখ টিকি৩; অর্থ প্র.]।

টিকিরা=[দি]—বি. পাছা ॥ গরুটির্ টিকিরায় গোশত্ নাই!

টিকোযি=[ঢা]—বি. চায়ের কেতলী ঢাকিয়া রাখার কাপড় ॥

টিকোর্=[নং]—বি. উঁচুস্থান ॥ ঐ টিকোরে উইয়ের ঢিবি আছে। [দেখ টিকর্]।

টিক্=[য]—বি. বেড়া উঁচু করিবার জন্য ব্যবহৃত উপকরণ ॥ বেড়ার্ নিচে টিক্ না দিলে বেড়াত্ উলু ধরে। [< ঠেক্]।

টিক্কা=[চট্ট, ঢা]—বি. তামাক খাওয়ার একপ্রকার চেপ্টা কালো আগুনী ॥ টিক্কা বালাই তামু খাও।

ক্কা মারা=[য]—ক্রি. পরের উপর ভর করিয়া চলা ॥ তুই কেবল্ টিক্কা মারার্ তালে আচি'শ্। [<টেক্কা মারা]।

টিক্‌কিশ্, টিক্‌কিশ্=[রং]—ক্রি. বিণ. থামিয়া থামিয়া ॥ মাথা খালি টিক্‌কিশ্ টিক্‌কিশ্ করি বিশায়্ছে। [অনু.]।

টিক্‌কৈর্=[ঢা]—বি. স্তূপ ॥ এক্ টিক্‌কৈর্ মাডি। [দেখ টিকর্; অর্থ প্র.]।

টিক্‌টিকা=[ম]—বিণ. অতি উচ্চ ॥ গরড়া যবোর্ টিক্‌টিকা। [টিক্‌টিক অনু.+আ প্র.; অর্থ প্র.]।

টিক্‌টিকি=[রা]—বি. শীর্ষ দেশ ॥ গাছের্ টিক্‌টিকিতে একটা পাখি বশে আছে।

টিক্‌টিঁহি=[পা]—বি. কাঠগড়া ॥ টিক্‌টিঁহির্ পর্ খাড়া হয়া মিথ্যা কথা কৈতে পার? [দেখ টিক্‌টিকি]।

টিক্‌না=[রা, ফ]—বি. গো-মহিষাদির পায়ের উপরের অংশ, কোমর ও মলদ্বারের মধ্যস্থল ॥ টিক্‌নার্ হাড় নরম্ চিবাইয়া খাইতে মজা (রা)।

টিক্‌নি=[নো]—বি. অবিন্যস্ত কেশ, খোঁপা ॥ কথা না হইন্‌লে তার্ টিক্‌নি দৈরা লৈয়া আয়্। [<টিকি+নি প্র.]।

টিক্‌মারা=[ম]—ক্রি. চুপ করা ॥ টিক্ মাইরা রৈয়া থাক্।

টিক্‌রা=[সি, কুম]—বিণ. ছোট, কচি ॥ টিক্‌রা আমের্ বরতা মযা।

২=[রং]—বি. গুহ্যদ্বার ॥

৩=[রং]—বি. রুটি ॥ টিক্‌রা দুই-খানা খা।

৪=[রং]—বি. চর ॥ নদিতে নতুন্ টিক্‌রা পড়েছে।

টিক্‌রি=[রং]—বি. নদীর চর ॥ ঐ টিক্‌রিটাতে জাবার্ পাবু কি? [দেখ টিক্‌রা৪]।

২=[ম]—বি. চুলা ॥ হৌরি বৌযে আলাপ্ করে টিক্‌রি পারে বৈয়া।

৩=[কুম]—বি. টিকি ॥

৪=[রা]—বি. ছোট রুটি ॥

৫=[দি]—বি. লাফ ॥ কি বল্‌চি না বল্‌চি না শুনতেই শে টিক্‌রি মেরে দাড়ালু।

টিক্‌রে=[খু]—বি. মাথার তালু ॥ রোদে হেটে আশে সেলেটার্ মাথার্ টিক্‌রে পুড়ে গেসে। [দেখ টিকর্৩; অর্থ প্র.]।

টিক্‌র্যা=[রা]—বিণ. উঁচু, অনাবাদী ॥ টিক্‌র্যা জমি আবাদ্ না করলে দেশের্ অভাব্ মিট্‌বে না। [দেখ টিকর্+ আ প্র.]।

টিক্‌লি=[রা]—বি. টিপ ॥ মেয়ের্ কপালে শিন্দুরের্ টিক্‌লি। [<টিকা +লি প্র.]।

টিক্‌শানো=[পা]—ক্রি. স্থির হওয়া, স্থায়ীভাবে থাকা ॥ একটু টিক্‌শা বশ, মনের্ কথা খুলে বলি।

টিক্‌শে=[খু]—বিণ. খুব কড়া ॥ টিক্‌শে রৈদ্ উঠ্‌সে। [<তিগ্ম< তীক্ষ্ণ+গা প্র.]।

টিগশ্=[রা]—বি. টিকেট ॥ বাবু দুই আনার্ টিগশ্ দেন্। [<টিকেট ticket ইং]।

টিগা=[চট্ট]—বি. টিকা ॥ টিগা দিতাম্ ন দৈর্‌লেও। [<টিকা]।

টিগিট=[য]—বি. টিকেট ॥ এক্‌খান্‌ টিগিট্‌ দেন্‌। [দেখ টিগশ্‌]।

টিটি=[পা, রা]—বি. মোরগ মুরগী ॥ জামাই আল টিটি ধর (রা)। [অনু.]।

টিটি পকি=[রং]—বি. মোরগ ॥ [<টিটি পক্ষী ; ধ্বন্যা.]।

টিটি পক্‌কি=[রা]—বি. গৃহপালিত হাঁস মুরগী ইত্যাদি ॥ [দেখ টিটি পকি]।

টিটি পক্‌খি=[চা,পা]—বি. তিতির পাখী ॥ [<তিতির পক্ষী]।

টিটি পৈকের্‌ মতো=[ম]—ক্রি.বিণ. ইনাইয়া বিনাইয়া ॥ শে আমারে টিটি পৈকর্‌ মতো বুঝাইল্‌। [দেখ টিটি পকি]।

টিট্‌কেরি=[খু, য]—বি. উপহাস, ঠাট্টা ॥ গুরুযনের্‌ শংগে টিট্‌কেরি দিতে নেই। [<টিটকারি]।

টিট্‌ খাওয়া=[রং]—ক্রি. অস্থির হওয়া ॥ কিশোত্‌ তুহ্‌ অতো টিট্‌ খাচিশ্‌ ?

টিট্‌টা=[পা]—বি. বি. গলদেশ, ঘাড় ॥ তার্‌ টিট্‌টা ফুলচে। [ঠড্ডা হিং=মেরুদণ্ড কিংবা টুটি=কণ্ঠদেশ]।

টিট্‌টাফুলা=[পা]—বি. গলাফুলা রোগ ॥ টিট্‌টাফুলা রোগে বুগ্‌তাসি।

টিট্‌টার্‌ মাটি=[পা]—বি. ঢেলা পাকানো গোলাকার মাটি বিশেষ ॥

টিট্‌টি=[চা]—বি. উঁচু স্থান ॥ সেরাডা টিট্‌টিত্‌ উঠ্‌সে পৈর্‌যা যাইব।

টিট টিহি=[রা]—বিণ. পাতলা ॥ এতটুকু টিট্‌টিহি ছেলে, তার্‌ আবার্‌ দাপট্‌। [অনু.]।

টিডিং টিডিং=[চা]—বি. তিড়িং বিড়িং ॥ রাখ, তোমার্‌ টিডিং টিডিং দেহামু। [অনু.]।

টিডি পৈক্‌=[চা]—বি. এক প্রকার ছোট পাখি ॥ 'টিডি পৈকের্‌ ডাকে শৈল্যে গোস্যা লাগে।' [<টিডি পক্ষী ; দেখ টিড্‌ডি]।

টিট্‌ডি=[ব]—বি. পত্রপাল, ফসলাদি নষ্ট করে এমন এক প্রকার পতঙ্গ ॥ খেতে টিড্‌ডি লেগেসে। [টিডডী হিং]।

টিনা=[রা]—বি. একজাতীয় ছোট জোঁক ॥

টিন্‌টিনে=[খু]—বিণ. রুগ্ন ॥ সাওয়াটা বড় টিন্‌টিনে। [অনু.]।

টিপা=[রং]—বি. কৃপণ ॥ তোর্‌ মত টিপা আর্‌ নাই। [<টিপ+আ প্র. ; অর্থপ্র.]।

২=[ব, রা]—বি. বাচ্চা, পোনা ॥ কৈএর্‌ টিপা খেতে শাদ্‌ নয়।

টিপাটিপি=[ফ]—বি. ইশারা ॥ টিপাটিপি কৈরা কিয়ের্‌ পরামর্শ কর ? [অনু.]।

টিপায়্‌ টিপায়্‌=[সি]—ক্রি. বিণ. গোপনে ॥ টিপায় টিপায়্‌ মাম্‌লা শারি লাও। [টীপনা হিং ; অনু. ; অর্থপ্র.]।

টিপালু=[রং]—বিণ. কৃপণ ॥ তোর্‌ মত টিপালু আর্‌ নাই। [দেখ টিপা]।

টিপি দেওয়া=[রং]—ক্রি. ইঙ্গিত করা ॥ তুই টিপি দিয়া ঝগ্‌ড়া লাগালু। [<টীপনা হিং]।

টিপিশাড়ে=[খু]—ক্রি. বিণ. আস্তে আস্তে ॥ টিপিশাড়ে গিয়া ধর্‌। [দেখ টিপি দেওয়া ; তুঃ চুপিসারে]।

টিপ্যা=[বা]—ক্রি. চাপ ॥ [<টীপনা হিং]।

টিপ্‌=[রা]—বি. চুঙ্গি, ফানেল ॥ তেল্‌ ঢাল্‌তে টিপের্‌ দর্‌কার্‌।

টিপ্‌কাটা=[খু]—বিণ. মাপে কম দেয় যে ॥ তুই বড় টিপ্‌কাটা লোক্‌।

টিপ্‌কারি=[চ]—ক্রি. বি. ইটের ফাঁক বন্ধ করণ ॥ আস্‌তর্‌ দেওনের কাম্‌ নাই টিপ্‌কারি দিয়া দেও। [<টিপ্পি প্রাঃ]।

টিপ্‌টিপা=[রা]—বিণ. যে কোন কিছু করিতে ইতস্তত: করে ॥ তুমি বড় টিপ্‌টিপা। [অনু.]।

টিপ্‌টিপি পানি=[ব, রা]—বি. গুড়ি গুড়ি বৃষ্টি ॥ টিপ্‌টিপি পানির্‌ মননি বের্‌ হওয়া বিপদ্‌ (ব)। [অনু.]।

টিপ্‌টিপে=[য, খু]—বিণ. যে ইতস্তত: করে ॥ লোক্‌টা বড় টিপ্‌টিপে। [অনু]।

টিপ্‌ দেওয়া=[চা]—ক্রি. বড়শী দিয়া মাছ ধরিবার সময় পানি নাড়িয়া মাছকে আমন্ত্রণ করা ॥ টিপ্‌ দিলে মাস্‌ দরে।

টিপ্‌নি=[য]—বি. গাঁজার কল্কি ॥

টিপ্‌বাত্তি=[কুম, চট্ট]-বি. টর্চ লাইট ॥ টিপ্‌বাত্তিডা তোমার্‌ কাসেনি ?

টিপ্‌ মারা=[রং]—ক্রি. চুপ করা ॥ মেয়েটা ভয়ে টিপ্‌ মেরে বসে আছে।

টিপ্‌রা=[চা]—বি. বাদ্যযন্ত্র বিশেষ ॥ টিপ্‌রাডা বাযাও।

টিপ্‌র্‌যা=[চা]—বি. গরুর গামলা, ধান সিদ্ধ করিবার পাত্র ॥ টিপ্‌র্‌যা পাইতা দান্‌ হিযাও

টিপ্‌লি=[বা]—বি. টিপ ॥ কপালে তার শোনার্‌ টিপ্‌লি।

টিফা=[সি]—বি. আঙুলের চাপ ॥ তোর্‌ আত কেনে টিফা দিলায়্‌ ?

টিফ্‌নি=[সি]—বি. টিপ ॥ ইগুর্‌ গলাত্‌ কেনে টিফ্‌নি মার্‌স ? [<টিপুনি]।

টিবা=[পা]—বি. খড়ের ছোট গাদা বা স্তূপ ॥

টিবানি=[ম]—বি. গুড়ি গুড়ি বৃষ্টি ॥ এই টিবানির্‌ মৈদ্যে নও যাই। [<টিপ্‌ পানি ; দেখ টিপ্‌টিপি পানি]।

টিবানো=[পা]—ক্রি. টিপা ॥ হাত্‌খান্‌ একটু টিবায়্যা দে। [<টীপনা হিং]।

টিবিন্‌=[য]—বি. টিফিন ॥ কিছু টিবিন্‌ দেন্‌। [<টিফিন tiffin ইং]।

টিবিশ্‌ টিবিশ্‌ করা=[বা]—ক্রি. বড়শির টোপ গিলিতে মাছের দেরী করা ॥ [অনু.]।

টিবে=[কু,পা]—বি. চোয়াল, গণ্ডদেশ ॥ ওর টিবেতে চিম্‌টে দিলে কে ? [টেবো <টাপুয়া=ফোলা ; অর্থ প্র.]।

টিবে টিবে—[সি]—বিণ. প্রায় পূর্ণ ॥

টিব্‌টাব্‌ থাকা=[সি]—ক্রি. স্বচ্ছলাবস্থায় থাকা ॥ [অনু.]।

টিব্‌টার্‌=[সি]—বি. সুব্যবস্থা ॥ লোক্‌টার টিব্‌টার্‌ আসে। [অনু.]।

টিব্‌রা=[নো]—বি. কৃপণ॥ ইয়ান্ টিব্‌রা মাইন্‌শের্‌ কাম্‌ ন। [<টিপ্ +রা প্র.]।

টিমক্=[রা]—বি. গর্ব, অহঙ্কার॥ ঘরে নাই কিছু, আবার্ টিমক্ দেখ। [<টিমাক হিং; দেখ টিমুক্]।

টিমা=[পা]—বি. পিপাসা॥ আমার্ টিমা লাগ্‌চে'।

২=[কুম]—বি. আটক, বাধা॥ হে গরুডা উডাইলে তুমি চি'মা দিয়া রাইখ্যা দিবা।

টিমিশ টামিশ্=[সি]—অব্য. ক্রি. বিণ. ইতস্তত:॥ অতো টিমিশ টামিশ্ করি কাম্ করতায় পারতায় না। [অনু.]।

টিমুক্=[রা]—বি. অভিমান॥ বৌয়ে টিমুক্ করে বশে আছে। [<টিমাক হিং; দেখ টিমক্]।

টিম্=[রা]—বি. টিন॥ টিমের্ দর্ কত? [<টিন tin ইং]।

টিম্‌টিমা=[রা]—বিণ. ক্ষীণ বা টিমটিমে আলোবিশিষ্ট॥ হারিকেন্‌টা টিম্‌টিমা কেন্? [অনু.]।

২=[ম, সি]—বিণ. ভরপুর॥ তার্ উগার্ দানে টিম্‌টিমা। [অনু.]।

টিম্‌টিমি=[কুম]—বি. ইশারা॥ মালিকের্ টিম্‌টিমি পাইয়া চো'র্ বাগ্‌সে।

টিম্‌টিম্যা=[চট্ট]—ক্রি. বিণ. ভরপুর॥ খাই পেট্ টিম্‌টিম্যা ঐয়ে। [অনু.]।

টিম্‌টিম্=[রং]—অব্য. এক প্রকার শব্দ॥ তোর্ প্যাট্‌টা কেন্ টিম্‌টিম্ করি বাজেছে? [অনু.]।

টিম্ মারা=[ম]—ক্রি. চুপ করা॥ টিম্ মাইর‍্যা কথা হোন্।

টিয়ক্ টিয়ক্ করা=[কুম]—ক্রি. ছট্‌ফট্ করা॥ মার্ মন্ পোলা মাইয়্যার্ লাইগ্যা খালি টিয়ক্ টিয়ক্ করে। [অনু.]।

টিয়র্=[ম]—বি. জেলে॥ টিয়র্‌রা মাস্ দরে। [<তেওর; হীন জাতি বিশেষ]।

২=[রা]—বিণ. অবাধ্য, দুষ্ট॥ ছাওয়াটা বড় টিয়র্। [পূর্বে দেখ; অর্থপ্র.]।

টিয়শ্=[নো]—বি. টিকেট॥ টিয়শ্ কিন্‌তে কত লাইগ্‌সে? [<টিকেট ticket ইং]।

টিয়া=[চট্ট]—বি. নিতম্ব, পাছা॥ তার্ টিয়াত্ ফোঁড়া ঐসে।

২=[চট্ট]—ক্রি. টিকা, টিকিয়া থাকা॥ মাটির্ পাতিল্ বেশি টিয়ে না।

৩=[কুম]—বি. উরুদেশ॥ তার্ টিয়াত্ দাউদ্ ঐসে।

টিয়াঠুইট্‌টা=[ঢা]—বি. সাপ বিশেষ॥ টিয়াঠুইট্‌টা শাপের্ বিশ্ নামে না। [মূল অর্থ—টিয়া পাখির মত যাহার ঠোঁট]।

টিয়ানো=[ঢা]—ক্রি. পরের ধন দেখিয়া হিংসা করা॥ পরের্‌ডা দেখ্যা টিয়াইলে কি ঐব?

টিয়ারা=[ঢা]—বি. কচি আম॥ টিয়ারার্ বর্‌তা বর মযা।

টিয়ে=[রা]—অব্য. টে (সম্বোধনে)॥

টিরট্=[সি]—বি. শক্ত সুতা বিশেষ॥ টিরট্ দি গেন্‌যি বানাইলে বৌত্ দিন্ যায়।

টিরি=[ম, নো]—বি. উনুন॥ টিরিত্ আগুন্ যালা। [দেখ টির্‌হি]।

টিরিটিরি=[ফ]—বি. লাফালাফি॥ পোলাপাইনে বড় টিরিটিরি করে। [অনু.]।

টিরে=[খু]—বি. পিঠা বিশেষ॥

টির্‌খি=[ম]—বি. চুলা, উনান॥ [দেখ টির্‌হি]।

টির্‌টিরা=[রং]—বিণ. খিটখিটে॥ [অনু.]।

টির্‌হি=[ম]—বি. উনুন॥ [দেখ টির্‌খি]।

টিলা=[য]—বি. ছোট হাঁড়ি॥ [<ঠিলা<ঠিলিয়া হিং]।

২=[পা]—বি. খড়ের ছোট গাদা॥ [অর্থ প্র.]।

টিলানো=[পা]—ক্রি. মাথার চুলে বিলি কাটিয়া উকুন ধরা॥ টিলায়া কত উকুন্ আইন্‌লায়।

টিলি=[রা]—বি. ডিম দেওয়ার আগের মুরগী॥ টিলির্ ঝোল্ খুব্ মজা।

টিলিক্ টিলিক্=[ঢা]—বি. অত্যধিক বাড়াবাড়ি॥ [অনু.]।

টিল্যা=[ঢা]—বিণ. একক, পৃথক্॥ এক্ টিল্যা বারি ডাকাগ?

টিল্=[রা]—বি. ডিম দেওয়ার আগের মুরগী॥

টিল্‌কানো=[ঢা]—ক্রি. লাফানো॥ সোড সোড পোলাপানে খালি টিল্‌কায়।

টিল্‌লা=[চট্ট]—বি. কলস। এক্ টিল্‌লা পানি আন্। [<ঠিলিয়া হিং]।

টিল্‌লি=[রা]—বি. মুরগীর বাচচা॥

টিল্‌লিক্ টিল্‌লিক্=[ঢা]—বি. লাফালাফি॥ এত টিল্‌লিক্ টিল্‌লিক্ কর ক্যান্? [অনু.]।

টিল্‌লু=[রং]—বিণ. সুপক্ব॥ আম্‌টা পাকি টিল্‌লু হছে। [অনু.]।

টিশ্=[কুম, ঢা]—বি. মলাট॥ বৈডার্ টিশ্ লাগাইয়া দাও।

টিশ্‌কল্=[ম]—বিণ. ফাজিল, দুষ্ট॥ টিশ্‌কল্ পোলাডা আগে আগে কথা কয়।

টিশ্‌কারি=[কুম]—বি. ঠাট্টা, বিদ্রূপ, তিরস্কার॥ এত টিশ্‌কারি করস্ কেরে? [<টিটকারি]।

টিশ্‌টাশ্ করা=[সি]—ক্রি. টিটকারি দেওয়া॥ ইতে টিশ্‌টাশ্ করে খালি॥ [টিশ্‌টাশ্ অনু.]।

টিহা=[পা]—বি. টিকা॥ বশন্‌তের্ টিহা নেওয়া উচি'ত্। [টিকা]।

টিহাদার্=[পা]—বি. টিকা দেয় যে॥ টিহাদার্ দেইখ্‌লে পোলা পাইনে পলায়। [<টিকাদার]।

টিহাশ্=[সি]—বি. টিকিট॥ আট্ গণ্ডা টিহাশ্ দেইন্ বাবু। [<টিকেট ticket ইং]।

টিঁহিক্যান্=[রা]—ক্রি. যন্ত্রণায় টনটন করা ॥

টিঁহিতে টিহা=[পা]—ক্রি. শেষ সীমায় পৌঁছা ॥ [<টিকিতে ঠেকা]।

টিহে=[য]—বি. ইনজেকশন ॥ [< টিকা ; অর্থপ্র.]।

টিহে পাহি=[য]—বি. টিয়া পাখী ॥ আমাগোর্ টিহে পাহি কোনে? [< টিয়া পাখী]।

টু

টুই=[কুম]—বি. কপি ॥ আডেতুতে অগ্‌গা টুই আইন্যা।

২=[রং]—বি. খড়ো ঘরের মটকা ॥ [<টিকি]।

টুইট্যা=[চট্ট]—বি. ছোট একজাতীয় মাছ ॥ টুইট্যা মাসের্ কামড়ে বড় বিশ্।

টুইন্যা=[কুম, ম]—বিণ. ছোট, খর্বকায়, অল্পবয়স্ক ॥ পোলাডা টুইন্যা। [<টুনিয়া হিং]।

টুইন্‌কা মাদ্‌বর্=[ম]—বি. ইচঁড়ে পাকা মাতব্বর ॥ [<ঠুনকা+মাতব্বর <মু'তবর্ আং]।

টুই পারা=[ঢা]—ক্রি. চিৎকার করা ॥ টুই পাইর‍্যা কান্দে। [টুই ধ্বন্যা.+ পারা<পাড়া]।

টুইরা=[ম]—বি. কুড়ে ঘর ॥ এই টুইবাড়া কার্?

টুইর্ পাতিলা=[চট্ট]—বি. ছোট পাতিল ॥ টুইর্ পাতিলাত্ গবি ভাত্ রান্ধ।

টুইর্‌গা=[চট্ট]—বিণ. ছোট ॥ টুইর্‌গ্যা আন্।

টুইল্যা=[পা]—বি. বসিবার আসন ॥ টুইল্যাত্ বস। [<টুল stool ইং]।

টুইল্যামি=[বা]—বি. একের কথা অন্যাকে বলা ॥ তুমি খালি টুইল্যামি কর।

টুংগা=[রা]—বিণ. বিকলাঙ্গ ॥ টুংগা হচু, তাই জাওয়া পারবু না।

টুংগানো=[রা]—ক্রি. নখ দিয়া বাছা ॥ চাউল্ গুলি টুঙিয়ে লও।

টুংগি=[চট্ট]—বি. ছোট বড়শী ॥ পাড়ার্ পোয়াউন টুংগা বড়শি দি বিলে ঝিঁলে মাস্ ধরে।

টুংগি ঘর্=[রা]—বি. বৈঠক খানা ॥ টুংগি ঘর বৈশো, হামি আশ্‌ছি। [<তুঙ্গ+ঘর ; অর্থ প্র.]।

টুংড়া=[য]—বি. আম পাড়িবার ছোট খলিয়া ॥ টুংড়া কোটা নিয়া আন্। [<ঠোঙ্গা]।

২=[ব]—বিণ. খোঁড়া, বিকলাঙ্গ ॥ টুংড়া বেড়ায় একহাত্ দিয়া অনেক্ কাম্ করতে পাবে।

টুংদারা=[কুম]—বি. একপ্রকার খেলা ॥

টুঁইর্=[চট্ট]—বি মাগুর মাছ ॥ টুঁইর্‌গা কৈ পাচিলে?

টুঁটা=[দি]—ত্রি. বিণ. খুত, দোষী ॥ কাঁঠাল্ কাটি টুঁটা করি দিছে।

টুঁড়া=[চট্ট]—বিণ. দুষ্ট, ছিদ্র, নষ্ট ॥ কিম্বন্ ইবান্ টুঁড়া এগা।

টুঁড়ি=[কুম]—বি. ঠোঁট ॥ [<তুণ্ড সং +ই ; অথবা<ত্রোটি সং— পাখীর ঠোঁট]।

২=[কুম]—বি. টুঁটি ॥ তর টুঁড়ি ছিঁড়ি ফেলাইমু। [টুঁটি<ত্রোটি স]।

টুঁশি=[বা]—বি. কটি পাজামার ডগা ॥

টুঁহি=[বা]—বি. আগা, সর্বোচ্চ স্থান ॥ গাছের্ টুঁহিতে উঠছে। [দেখ টুই ২]।

টুকা=[কু]—বি. মাথাল ॥ টুকা মাথায় দাও। [<টোকা touca পোর্তু ; অর্থ প্র.]।

২=[গি]—বি. নৌকা, নিষ্ঠি ॥ এক্ খান্ টুকা আইনুন। [<টোকা]।

টুকানো=[ম, ঢা]—ক্রি. কুড়ানো ॥ বরৈ টুকাই আন্‌গা। [<কুড়ানো ; বর্ণবিপর্যয়]।

টুকি মারা=[কু]—ক্রি. উঁকি মরা ॥ মেয়েরা বড় টুকি মারতে যানে।

টুক্যানো=[চট্ট]—ক্রি. টোকা দেওয়া ॥ টুক্যাই চা কাটুটেল্ পাইকো কিনা। [টোকা+আনো প্র. ; নামধাতু]।

টুকৈর্=[বা]—বি. টাকু ॥ টুকৈর্ দিয়া যাল্ বুনে। [<তর্কু সং]।

২=[বা]—বি. কল্কির আকারের চোঙ্গা ॥ টুকৈর্ সারা বোতলে তেল্ বরা যায় না।

টুক্=[রা]—বি. ন্যাকড়া ॥ টুক্ দিয়া লন্ঠন্ মোছ্। [<টুকরা ; অর্থ প্র.]।

২ =[সি]—বি. নদীর পাড়ের বাড়তি অংশ ॥ টুকর্ যমিনের্ বরুণা কি?

টুক্‌কা=[সি]—ক্রি. বিণ. না চাহিতে ॥ টুক্‌কা পাইসি, খাও। [অনু.]।

২ =[বা]—বি. আঁকশি, যে লম্বা দণ্ড দিয়া গাছ হইতে ফল ইত্যাদি পাড়া হয় ॥

টুক্‌কি=[চা]—বিণ. ছোট ॥ টুক্‌কি সেবিডায় মধুর্ বুদ্দি। [টুকু]।

টুক্‌কুনি=[ম]—বিণ. ছোট ॥ টুনি দৈখ্ খুব টুক্‌কুনি। [<টুকুন]।

টুক্‌কুন্=[কুম]—বিণ. ছোট ॥ [দেখ টুক্‌কুনি]।

টুক্‌কুরত্=[নো]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টুক্‌কুরত্ কৈরা ডুব দিয়া আন্ [অনু.]।

২ =[কুম]—ক্রি. বিণ. শেষ ॥ তার্ উগ্‌গা পোলা আসিল্ হেইডাও টুক-কুরত্ এসে।

টুক্‌টুই=[কুম, নো, চট্ট]—বি. টিকটিকি ॥ টুকুটুই বাম্বলে নাকি বেহেস্‌তে যায়। [<টিকটিকি]।

টুক্‌টুকানো=[চট্ট]—ক্রি. টুকটুক আওয়াজ করা ॥ [টুকুটুক্ (নাম ধাতু) +আনো প্র.]।

টুক্‌টুকি=[কুম, নো]—বি. টিক-টিকি ॥ টুক্‌টুকিয়ে টুকটুকাইসে, হাচ'া কতা ঐসে। [<টিকটিকি]।

টুক্‌টুক্ করে=[পা]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ [অনু]।

টুক্‌টুনি=[নো]—বি. টিকটিকি। [<টিকটিকি]।

টুক্‌টুরি=[চট্ট]—বি. টিকটিকি ॥ [<টিক্‌টিকি]।

টুক্‌টুহি=[ঢা]—বি. টিকটিকি ॥ টুকটুহি বেরাত্ থাইক্যা টিক্‌টিক্ করে। [টুকটুক (ধ্বন্যা.)+ই প্র. ; টুকটুক করে যে,]।

টুক্ ধরা=[কুম]—ক্রি. ভুল ধরা ॥ পুলা পাইনের্ কথাত্ অত টুক্ ধরন্ ঠিক্ না।

টুক্‌না=[খু]—বি. কুলা বা কুলা জাতীয় পাত্র ॥

টুক্‌নি=[খু]—বি. গুঁড়া জিনিস ছাঁকিবার যন্ত্র ॥

২=[দি, রং, পা, রা,]—বি ঘটি ॥ এক্ টুক্‌নি পানি আন্।

৩=[রা]—বি. স্বর্ণকারের যন্ত্র বিশেষ ॥

টুক্‌রি=[খু, য]—অব্য. লুকোচুরি খেলার শব্দ বিশেষ ॥ ওবুবু টুক্‌রি দে। [ধ্বন্যা.]।

টুক্‌শা পড়া=[রা]—ক্রি. এখানে সেখানে কোন কথা বলাবলি করা ॥ শে বাড়ি বাড়ি টুক্‌শা পাড়ি বেড়ায়্।

টুগুর্ বুগুর্=[ব]—ক্রি. বিণ. কোন রকমে ॥ টুগুর্ বুগুর্ দিন্ কাটাই। [অনু.]।

টুটা=[পা]—ক্রি. কমা ॥ তোমার্ পায়ের্ ফুলা কি টুটিচে'? [<টুটনা হিং]।

টুটানো=[কুম]—ক্রি. পিছপা হওয়া ॥

টুটি=[য]—বি. ছিন্নবস্ত্র ॥ [<টুট +ই<টুটনা হিং ; অর্থ প্র.]।

টুটু=[পা]—বি. লুকোচুরি খেলা ॥ পোলাপানে টুটু খেলে। [অনু.]।

টুটুকি=[কুম]—বি. গলা ॥ বেশি কতা কৈলে টুটুকি সিরা্যা ফেলাইম্। [<টুঁটি]।

টুটুটি=[কুম]—বি. গলার উচুঁ হাড় ॥ [দেখ টুটুকি]।

টুটুটুরানো=[ম]—ক্রি. অস্পষ্ট কথা বলা ॥ [<টুরটুর অনু.+আনো-প্র]।

টুটুটুরে=[য, খু]—বিণ. পটু ॥ সেলেটা বড় টুটুটুরে।

টুডুর্‌মুডুর্=[চট্ট]—অব্য. টুপ-টাপ ॥ পানিত্ টুডুর্‌মুডুর্ ডুব মারে। [অনু.]।

টুডি=[চট্ট]—বি. থুতনি ॥ তোর্ টুডিআন্ সিড়ি নৈয়দ্। [<টুঁটি< ত্রোটি সং ; অর্থ প্র.]।

টুড্‌ডুরি=[ফ]—বি. গলা ॥ উট্‌টাহানি সুইট্‌কাডার্ টুডুডুরি চ'াইপ্যা দরলে কি আর্ বাচ্‌'ব? [দেখ টুডি]।

টুড্‌রি=[চট্ট]—বিণ. ছোট খাট ॥ টুডুরি মাস্। [<টুকরা]।

টুনা=[ম]—বি. ফুলের সাজি ॥ টুনা বৈরা ফুল তুলসে।

২=[সি]—বিণ. একদিক্ উঁচু ॥ তোমার্ পকেট্ টুনা দেহা যায়্।

৩=[ম]—বি. গরুর মুখের আবরণ ॥

টুনি=[কুম, রা, নো, খু]—বি. বাঁশের কঞ্চি ॥ টুনির্ কলমে বালা লেখা অয়্। [টহ্‌নী হিং]।

২=[চট্ট]—বি. খুঁটি ॥ [<স্থূণা সং]।

৩=[রা]—বি. জালের চূড়া ॥ এত মাছ্ জালের্ টুনি ভর্‌তি।

৪=[ঢা]—বি. পাল্লা ॥ টুনি দা মাপ্।

টুনি লতা=[ঢা]—বি. একপ্রকার লতা ॥

টুনু=[য, ফ]—ক্রি. বিণ. কাছ ॥ আমি ফুলতা রহিমের্ টুনুত্যা নিসি। [<থান<স্থান সং ; অর্থ প্র.]।

টুন্‌কা=[ক]—বিণ. টোটকা ॥ টুনকা ওস্তুদে অনেক ব্যারাম্ শারে। [<টোটকা]।

টুন্‌কি=[সি]—ক্রি. আঙুল দ্বারা মৃদু আঘাত ॥ [টুক্+নি প্র.]।

টুন্‌টা=[য]—বি. ঝগড়া ॥ কিয়ের্ টুনটা রে?

টুন্‌টুনা=[রং]—ক্রি. বিণ. শীতে জড়সড় ॥ কুত্তাটা জারোতে টুনটুনা হচে।

২=[রং]—ক্রি. বিণ. শীর্ণ ॥ রশের্ অভাবে চারাগুলি টুনটুনা হচে।

টুন্‌টুনানো=[কুম]—ক্রি. কানে-কানে কথা বলা, কুপরামর্শ দেওয়া ॥ বৌয়ে যামাইর্ কানে খালি টুন্‌টুনায় বিন্ন অওনের্ লাইগ্যা। [অনু.]।

টুন্‌টুনি=[সি]—বি. শব্দ ॥ কিতা টুনটুনি করে রে? [ধ্বন্যা.]।

টুন্‌টুন্যা [চট্ট]—বিণ. ছোটখাট অথচ সুন্দর, আকর্ষণীয় [অনু.]।

টুন্‌টুন্=[চট্ট]—অব্য. একপ্রকার শব্দ ॥ [অনু.]।

টুন্‌ডুল্=[কুম, নো]—বি. চুলা বিশেষ ॥ [<তন্দুর হিং<তন্নুর تنور আং]।

টুন্‌ডা=[সি]—বিণ. যে ব্যক্তির হাতে সব আংগুল নাই ॥ [<টুন্‌টা, টুন্‌ডা হিং=বাহুহীন বা হস্তহীন]।

২=[পা, ম]—বিণ. অকর্মণ্য ॥ টুন্‌ডা লোক্। [পূবে দেখ ; অর্থ প্র.]।

৩=[বা]—বিণ. লেজকাটা ॥ গাইডা টুন্‌ডা ক্যা? [পূর্বে দেখ]।

টুন্‌ডি=[সি]—বি. বিকলাঙ্গ স্ত্রীলোক ॥ টুনডি রে কিসু শাহায্য কর। [দেখ টুন্‌ডা+স্ত্রীলিঙ্গে ই প্র.]।

টুন্‌ডুল্=[ঢা, নো, চট্ট]—বি. চুলা ॥ [দেখ টুন্‌ডুল্]।

টুন্‌ডুল্ মাদ্‌তি=[কুম, নো]—অব্য. তহবিল খালি ॥ আইয্ আবার্

টুনডুল্ নাম্তি ঐ গেসে। [দেখ টুনডুল্ ; অর্থ প্র.]।

টুনটুনাত গচা=[কুম]—বি.খৈ ॥

টুনটুন্ টুনটুন্=[চট্ট]—অব্য. ঝনঝন ॥ ঘরেত্ টুনটুন্ টুনটুন্ শব্দ করে কিয়েরে?

টুনহি=[পা]—বি. মাটির তৈরী ক্ষুদ্র পাত্র বিশেষ ॥

টুপকখি=[পা]—বি. কোকিল ॥ [টু শব্দ করে যে পক্ষী]।

টুপশ=[রা]—ক্রি. বিণ. শীঘ্র ॥ টুপশ্ কৈর‍্যা আয়্। [অনু.]।

টুপা=[কুম, ম]—বি. মাটির হাঁড়ি, ঘটি ॥ মশ্যিদের্ বনি্যা টুপার্ দর্কার্।

২=[সি]—বি. একপ্রকার সুগন্ধযুক্ত বোরো ধান ॥

টুপানো=[রা]—ক্রি. তন্দ্রার বশে ঝিমানো ॥ অয়্ নিন্দেতে টুপছে। [দেখ টুপনি ধরা ; টুপ্ দরা]।

২=[ম]—ক্রি. কুড়ানো ॥ পাইল্যা লাইল্যা ডাংগর্ করলাম্, খৈ টুপাইয়া খাও। [দেখ টুপানো]।

টুপি=[ম]—বি. শিশিতে তরল পদার্থ ঢালিবার চুংগি বিশেষ ॥

২=[সি]—বি. ভাতের হাঁড়ি ॥ টুপিত্ বাত্ নাই। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৩=[ব]—বি. একপ্রকার ধান ॥

টুপি দেওয়া=[বা]—ক্রি. পানিতে ধান বোনা ॥

টুপুত করি=[রং]—ক্রি. বিণ. শীঘ্র শীঘ্র ॥ কতা কোনা টুপুত্ করি ক। [অনু.]।

টুপুনি=[দি]—বি. ঘটি ॥ এক টুপুনি পানি আন্।

টুপুশকে=[ব, রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টুপুশ্কে ফিরে আয়্। [অনু.]।

টুপ্=[ঢা]—অব্য. শব্দ বিশেষ ॥ টুপ্ কৈর‍্যা ডুব দে। [অনু.]।

২=[ব]—বি. টুপী ॥ মাথায়্ টুপ্ দিয়া বিয়া কৈর্তে যায়্। [<টোপ]।

টুপ্কি=[সি]—বি. লাফ ॥ টুপ্কি দিয়াউ এই খাল্ পার্ হওন্ যায়্। [<টপকনা হিং]।

টুপ্টুপ্যা=[চট্ট]—ক্রি. বিণ. কানায় কানায় পূর্ণ, উপচাইয়া পড়ার উপক্রম ॥ খলশত্ পানি টুপ্টুপ্যা গরি ন পুরাইস্। [অনু.]।

টুপ্নি ধরা=[রা]—ক্রি. ঘুমে ধরা ॥

টুপ্ ধরা=[সি]—ক্রি. ঝিমানো ॥ মুরগি টুপ্ দৈর্সে।

টুপ্পুশ=[রা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ টুপ্পুশ্ করে আয়্। [অনু.]।

টুফা=[কুম, সি]—বি. দধির ছোট পাতিল ॥ এক্ টুফা দৈ আন্। [দেখ টুপি₂]।

টুফি=[সি]—বি. ভাতের ডেকচি ॥ বাতের্ টুফিডা উনানে চাঁপা। [দেখ টুপি₂]।

টুফ্টুফ্=[চট্ট]—বিণ. কানায় কানায় ভরা ॥ পুণ্ডইরত্ টুফ্টুফ্ পানি। [অনু.]।

টুবা=[পা]—বি. কুয়া ছাকনী ॥ টুবা বালা না হলি কুয়ার্ মল্ বালা হয় না।

২=[পা, ম]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার যন্ত্র বিশেষ ॥ টুবা পাইত্যা পুটি মাস্ দর্সি।

টুবাইয়া টুবাইয়া=[নো]—ক্রি. বিণ. ঝিমাইয়া ঝিমাইয়া, আস্তে আস্তে ॥ হিত্তে টুবাইয়া টুবাইয়া আইতাসে। [দেখ টুপ্ দরা]।

টুবা টুবা=[লো, কুম]—ক্রি. বিণ. কানায় কানায় ॥ ঠিংলাডা টুবাটুবা বরা। [অনু.]।

টুবারিয়া=[খু]—বি. এক মাল্লার নৌকা বিশেষ ॥ টুবারিয়া নৌকায় করে আম্রা যাতে পার্বো। [<টাপুরিয়া]।

টুবি=[সি, চট্ট]—বি. দধি বসাইবার মেটে পাত্র ॥ [দেখ টুপি]।

২=[রা]—বি. ধানের চারা তুলিয়া বোনার নিয়ম বিশেষ ॥ পানি বেশি হচে, টুবি না দিলে ভিঁড় বোনা জাবে না।

৩=[চট্ট]—বি. দুধের খোরা ॥ টুবিত্ দুদ্ দোআয়্। [দেখ টুফি]।

৪=[চট্ট]—বি. টুপি ॥ মাথাত্ টুবি দ্যাও। [<টুপি]।

টুবুটুবু=[সি, ঢা, পা]—বিণ. কানায় কানায় পূর্ণ ॥ বিশটির্ পানিতে পুকুর্ টুবুটুবু হচে' (পা)।

টুব্যা=[ফ]—বি. মাছ মারার যন্ত্র ॥ আইল্ কাট্যা টুব্যা পাত্পো।

টুবো=[ব]—বি. মাছ মারিবার সরঞ্জাম বিশেষ ॥

২=[যা]—বি. চাউল মাপিবার পাত্র বিশেষ ॥

টুব্=[পা]—বি. কোড়াল পাখীর ডাক ॥ আশাড় মাশে কোড়াল্ পৈখের্ টুব্ শুনা যায়্। [অনু.]।

টুব্কি=[চট্ট]—ক্রি. আঙুলের আঘাত ॥ টুব্কি মারি চাঁআ। [অনু.]।

টুব্টুব্=[পা]—বিণ. কানায় কানায় পুরা ॥ পানিতে নদি টব্টুব্ বরা। [অনু.]।

টুমা=[দি, ঢা, সি]—বি. টুকরা ॥ মাস্টা কয় টুমা কর্তাম্ (ঢা)? [<স্তোম সং]।

২=[সি]—বি. ভুমিখণ্ড ॥ কোন্ টুমা তোমার্? [পূর্বে দেখ]।

৩=[নো]—বি. মোটা সাধারণ শাড়ী ॥

টুমা দেওয়া=[স]—ক্রি. টুকরা করা ॥ মাস্টাব্ বিশ্ টুমা দ্যাও। [দেখ টুমা]।

টুম্=[সি]—বি. টুকরা ॥ [দেখ টুমা]।

টুম্কি=[রা]—বি. ভুঁড়ির পর্দার তৈরী ঢোল বিশেষ ॥

টুম্টাম্=[সি]—বি. টুকরা টাকরা ॥ ই টুম্টাম্ খানাইন্ কতয় বেচ্তায়? [দেখ টুম্+টাম অনু:]।

২=[ম]—বিণ. সামান্য কাজ ॥ সংসারে টুমটাম্ কাম্ সব্ সময়ৈ থাকে। [পূর্বে দেখ]।

টুম্‌টুমি=[ব]—বি. শিশুদের বাদ্য যন্ত্র বিশেষ ।। টুমটুমি বাযাও । [অনু.] ।

টুম্‌টুম্‌=[বা]—বিণ. অতিরিক্ত ফোলা, ভর্তি ।। পানি খেয়ে পেট টুম টুম হচে । [অনু.] ।

টুয়া=[সি]—ক্রি. বি. অত্যধিক চাপের ফলে পাশের দিকে ঠেলিয়া বাহির হওন ।। বস্‌তাস্‌ চ'াইল্‌ টুয়া দিসে ।

২ =[ফ, নো, রা]—বি. চালের শীর্ষ স্থান ।। [দেখ টুই₂] ।

৩ =[ম]—বি. জল মাপিবার কাঠি ।। টুয়া দিয়া দেখসি, আইয় চ'াইর্‌ আঙুল্‌ পানি বাব্‌চে' ।

৪ =[চট্ট, নো, কুম]—বি. মাছ ধরিবার ফাঁদ ।। টুয়া পাইত্যা মাস্‌ দরে ।

টুয়া মাতাল্‌=[য]—বি. এক শ্রেণীর মাথাল ।। একিবারে টুয়া মাতাল্‌ লতি হল ।

টুরা=[পা]—বিণ. বামন ।। লোক্‌টা টুরা বলি মনে হয় ।

টুরি=[বা, ম, কুম]—বি. সোয়া সেরী পাত্র ।। টুরি দিয়া দান্‌ চ'াইল্‌ মাপে ।

২ =[ফ]—বি. গরুর মুখোশ বিশেষ ।। [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

৩ =[ব]—বি. ক্ষুদ্র ব্যাঙ বিশেষ ।।

৪ =[খু, কুম, য]—বি. মুড়ি লইয়া খাইবার ছোট পাত্র বা ডালা ।।

৫ =[ফ]—বি. তৈল মাপিবার টিনের কৌটা ।। [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

৬ =[বা]—বি. ছোট এক পোয়া ।। চ'াল্‌ টুরিতেই সত্‌তি এক্‌ শের্‌ অয় । [পূর্বে দেখ ; অর্থ প্র.] ।

টুরুক্‌=[চট্ট]—বি. দাঁড় বাঁধিবার খুঁটি ।। টুরুক্‌ ভাংগে গেইয়্যে ।

টুর‍্যা=[ফ]—বি. খুব ছোট আম ।।

২ =[ফ]—বিণ. বেঁটে, খাটো ।। গাস্‌টা টুর‍্যা ঐয়া রৈচে' ।

টুরো=[খু]—বি. ছোট বাচচা ।।

টুর্‌হি=[পা]—বি. বাঁশের কঞ্চির তৈরী একপ্রকার ঝুড়ি ।। [দেখ টুরি] ।

টুলা পাইলা=[কুম]—বি. ভাঙা পাতিল ।। টুলা পাইলা দিয়া খোলা অয় । [টুটা পাতিল] ।

টুলা পাতি=[ম]—বি. বনভোজন ।। অহন্‌ আব্‌ টুলা পাতি খেলার্‌ বয়শ্‌ নাই ।

টুলা মালৈ=[ম]—বি. বনভোজন ।। সোড্‌ শময়্‌ কত টুলামালৈ খাইসি ।

টুলি=[সি]—বি. দুই চালের সর্বোচ্চ সংযোগ স্থল ।। টুলিডা বান্দ ।

২ =[কুম]—বি. মাটির হাঁড়ি ।। [<ঠিলি<ঠিলিয়া হিং] ।

টুল্‌টাল্‌=[পা]—বি. পরিষ্কার ।। গরুদুয়ার্‌ অ্যাক্‌দম্‌ টুল্‌টাল্‌ কৈরা রাক্‌সে ।

টুল্‌টুইল্যা=[চট্ট]—বিণ. আসন্ন-প্রসবা ।। হিতান্‌ বৌয়ে টুলটুইল্যা ঐযে । [অনু.] ।

টুল্‌টুলা=[পা]—বিণ. নরম ।। আম্‌টা পেকে টুলটুলা হচে' । [তুঃ তুলতুলা] ।

টুল্‌টুলি=[রা]—বি. নাকের অলংকার বিশেষ ।।

টুল্‌টুলিয়া=[সি]—বিণ. ক্ষুদে ।। টুল্‌টুলিয়া মরিচ্‌' বরো ঝাল্‌ ।

টুল্‌টুল্‌ করা=[ঢা]—ক্রিঃ ডুবুডুবু অবস্থা হওয়া, দোলা ।। নাওডা এক্‌কেলে টুল্‌টুল্‌ করে ডুইবা যাইবনি ? [অনু.] ।

টুল্‌ফা=[ম]—বি. গাঁঠরী ।। টুলফাডা গারিত্‌তনে আরাইয়া হালাইসি । [<পোঁটলা ; বর্ণ বিপর্যয়] ।

টুল্‌লি=[সি]—বি. ঘরের চূড়া ।।

টুল্‌হা=[ম]—বি. পোঁটলা ।। তোমার্‌ টুল্‌হাত্‌ কি ? [<টোপলা<পোঁটলা ; বর্ণ বিপর্যয়] ।

টুশা=[চট্ট]—বি. ঘুষি ।। টুশা মাইর‍্যম্‌ ।

২ =[রং]—বি. কালা, বধির ।। এই বেটা বড় টুশা ।

টুশি=[রং]—বি. কালা, বধির (স্ত্রী) ।। মেয়েটা বড় টুশি ।

টুহাতি=[খু]—বি. ঘরের মটকা ।। ভাল করি ঘর্‌ সালে টুহাতিতে পানি দাঁড়াতে পারে না । [<টুই <টঙ্গ<তুঙ্গ সং+অতি প্র. ; কিংবা দেখ টুই₂+অতি প্র.] ।

টুহের্‌=[বা]—বি. চোঙ্গা ।। বোতলের্‌ মুখে টুহের্‌ দিয়া তেল্‌ ডাল্‌ । [টোপর<স্তূপ সং+র প্র. ; অর্থ প্র] ।

টৈ

টৈ=[রা]—অব্য. রে, ওরে (মেয়েদের ব্যবহার) ।। কিটে, শুনে জা ।

২ =[খু]—বি. টিয়া, তোতাপাখী ।। এক্‌ ঝাঁক্‌ টৈ ধান্‌ খেতে বযেসে । [< টিয়া] ।

৩ =[রং]—ক্রি. বিণ. ঠাঁই, স্থানে ।। কোন্‌টে জাবা বাহে । [<স্থানে] ।

টৈঅরি=[চট্ট]—বি.চুলা বিশেষ ।। টৈঅরিত্‌ রাইন্‌তে শুবিধা । [< তিহড়ী, তিযড়ি ম, বাং] ।

টৈই=[খু]—বি. প্রদীপ ।। তোর্‌ টৈই যেগ্‌টো হয়ে গেচে' নাকি । [<টেমি] ।

২ =[পা]—বি. জেদ, রাগ ।। বেটার্‌ কি টৈই ।

টৈইংশা=[রা, দি]—বিণ. খুঁতখুঁতে স্বভাবের, সহজে যাহাকে খুশী করা যায় না ।। বড় টৈইংশা মানুশি ।

টৈইক্‌ দিয়া=[ম]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ।। টৈইক্‌ দিয়া সেরাডা বর ঐয়া গেসে । [<টক্‌কা<টপকা হিং ; অর্থ প্র.] ।

টেই টেই=[ফ]—বি. বকাবকি ॥ হুদাহুদি টেই টেই কর ক্যা ? [ধ্বন্যা.]।

টেইন্যা=[ম]—বিণ. যাহা বাড়ে না ॥ হশাড়া টেইন্যা।

টেইয়া=[চট্ট]—বি. বাঁশের সরু শলাকার তৈরী লম্বা ত্রিকোণাকৃতি মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥ [<তে< ত্রি সং+কাঠি+আ প্র.]।

টেইয়া যাল্=[চট্ট]—বি. এক প্রকার জাল ॥ [দেখ টেইয়া+জাল]।

টেইল্যা=[চট্ট]—বি. ডালা ॥ গাসর্ টেইল্যা। [<ঠালা <ডালা]।

টেইল্=[চট্ট]—বি. জাল বুনিবার যন্ত্র বিশেষ ॥ [<টাকু <তর্কু সং+ল প্র.]।

টেইশ্যা=[চট্ট]—সর্ব. তাহার, তস্য॥ টেইস্যা পোয়ায় ইকাম্ করি গেইয়ে। [<তস্য (?)]।

টেইশ্যা মেইশ্যা=[চট্ট]—বি. নগণ্য, ক্ষুদ্র, অতিসাধারণ ॥ হিতে টেইশ্যা মেইশ্যা মানুশ্। [অনু.]।

টেইশ্=[পা]—বি. টিকেট ॥ ইশ্টিমারের্ টেইশ্ কব্সে ? [<টিকেট ticket ইং]।

টেউংরি=[রং]—বি. ছোট পাখী বিশেষ, চড়াই ॥

টেউক্ কানো=[বা]—ক্রি. ভাঙ্গিয়া যাওয়া ॥ আত্‌টা টেউক্কাইয়া গেসে। [টেউ+খাওন+ও প্র.]।

টেউটেউ=[সি]—বিণ. ছোট ছোট ॥ টেউ টেউ পোলাপান্। [অনু.]।

২=[য, খু]—বি. গালি বিশেষ॥ টেউ টেউ কলি মার্ খাবা।

৩=[য, খু]—বি. হরিণের ডাক ॥ [অনু.]।

টেউ টেউ করা=[বা]—ক্রি. পিছু পিছু কাঁদা ॥ টেউ টেউ কর্লে কি অব, আমি টেহা দিমু না।

টেউট্=[পা]—বি. শঠ ॥ লোক্‌টা বড় টেউট্। [<টাউট tout ইং]।

টেউয়া=[সি]—বি. মাংসের থলি ॥ গাইডার্ পেডে একটা টেউয়া ঐস্‌ছে। [<টাবুয়া=টাবা লেবুর ন্যায় গোল জিনিস]।

২=[চা]—বি. কানের ও দাঁতের গোড়া ফুলা রোগ ॥ অর্ দাতের্ গরে টেউয়া বার্ ঐসে। [পূর্বে দেখ]।

টেউরান্=[চট্ট]—ক্রি. বি. কুঞ্চিত করা বা হওয়া ॥ কোয়াল্ টেউরান্। [<তেওড় (নাম ধাতু)+আন প্র.]।

টেউরি কালাই=[রা]—বি. খেসারি কলাই ॥ [<তেওড়, তেওড়া<ত্রিপুট সং+ই প্র.]।

টেউরি ফেলা=[রা]—ক্রি. দড়িতে বা পাটে গিরো লাগা ॥ টেউরি ফেলাই দিলে দড়িত্ কি কাম্ হয় ? [<তেওড় +ই প্র.+ফেলা]।

টেউর্ বেউর্=[ব]—বি. ট্যারামি, ফাজলামি ॥ অত টেউর্ টেউর্ বালা না। [অনু.]।

টেংগি=[ম]—বি. কলাইর শুষ্ক গাছ ॥ গরু টেংগি খায়্।

২=[ফ]—বি. ছোট কোদাল ॥ তোমাগো টেংগি খান্ কোহানে ? [< টাঙ্গ<টঙ্গ সং+ই হ্রস্বার্থে]।

৩=[ফ]—বি. পাট খড়ি।

টেংগুইয়া=[কুম]—বি. তিন কাঁটা ওয়ালা মাছ ॥ টেংগুইয়া মাসের্ খুব বিশ্। [<টেঙ্গরা]।

টেংগুয়া=[দি]—বিণ. লাঠি পিটা করে যে ॥ তোর্ বাপ্ খুব্ টেংগুয়া। [<ঠেঙ্গা (=লাঠি)+উয়া প্র.]।

টেংগুরিয়া=[পা]—বি. ধানের নাম ॥ আশিন্ মাশে টেংগুরিয়া দান্ পাহে।

টেংগুশ্=[পা]—ক্রি. বিণ. উঁচু ॥ একটু টেংগুশ্ হলেই আম্‌ডা পাড়া যাবি। [<তুঙ্গ সং+স প্র.]।

২=[পা]—ক্রি. বিণ. ল্যাংচা ॥ টেংগুশ্ পাড়্যা হাট্‌তে নেই। [অনু.]।

টেংরি=[রা]—বি. সামর্থ্য ॥ বাপের্ চেয়ে ছেলের্ টেংরি বেশি।

২=[চা, পা]—বি. ঠ্যাং, পা ॥ [< ঠ্যাং <টাঙ্গ সং+রি প্র. ; তুং টংড়ী হিং]।

৩=[খু, ফ]—বি. গাছের নতুন গজানো ডাল বা পাতা ॥ কদু গাসের্ টেংরিত্ কদু হয়া ভরি আসে।

টেংরি বাংগা=[চা]—ক্রি. জব্দ করা ॥ তার্ টেংরি বাংলে ঐত না ? [দেখ টেংরি২+ভাঙ্গা ; অর্থ প্র.]।

টেংরি বাঘি করা=[পা]—ক্রি. সুবিধানুযায়ী কাজ করা ॥ শে আইয়্ কাল্ টেংরি বাঘি কৈরা খায়্।

টেঁইট্যা=[চট্ট]—বি. দা ছুরি ইত্যাদি ঠেস দিয়া রাখার কাঠের তৈরী তাক ॥ টেঁইট্যায় দা রাখে বেত তোল্। [<ত্রি +কাইঠ্যা ; তিন কাঠি+আ প্র.]।

টেঁইয়া=[চট্ট]—বি. টিয়া পাখী ॥ টেঁইয়াডারে খাঁচা'র্ ভিতে বঁরিএর্। [<টিয়া]।

টেঁইয়া নাচ'ন্=[চট্ট]—বি. ছেলে মেয়েদের খেলা বিশেষ ॥ [<টিয়া নাচন ; টিয়া পাখীর মত নাচিয়া খেলা করা]।

টেঁইরা=[নো]—বি. একপ্রকার ঘাস ॥ টেঁইরা ঘাশ্ গরু খুব্ খায়্।

টেঁইর্=[চট্ট]—বি. বেড়া মাদুর ইত্যাদির মুড়ির ঘন ও শক্ত বেতের বুনন ॥ ঝ'লির্ টেঁইর্ ন বাইন্‌লে বেত্ খুলি যাইব।

টেঁউরি=[রং]—বি. পাখী বিশেষ॥

টেঁউরিয়া=[রং]—বি. যে ভিন্ন হওয়া পছন্দ করে ॥ তুই বড় টেঁউরিয়া।

টেকরিয়া=[সি]—বি. বক্রোক্তি করে এমন, কড়ামেজাজী ॥ লোক্‌টা বড় টেকরিয়া। [<তিখ<তীক্ষ্ণ সং+রিয়া প্র.]।

টেকি=[সি]—বি. স্তূপ ॥ গবরের্ টেকি।

টেকৈ পৈথর্ সা=[সি]—বি. ছোট মন ॥

টেকৈর্=[সি]—বি. বেত বিশেষ ॥ টেকৈর্ দিয়া উরা মযবুত্ করা বান্।

টেটিয়া=[সি]—বিণ. যাহার বুদ্ধি ঠিক-মত হয় নাই ॥ [<টেড়া ; তুং টেঢ়া হিং]।

২=[দি]—বিণ. খুব চতুর ॥ তুই ভারি টেটিয়া ছোড়া ? [<টেটন ম.বাং]।

টেটিয়া বজর্=[রং]—বি. ঠেঁটা, হাড় বজ্জাত ॥ চেংড়াটা বড় টেটিয়া বজর্। [<দেখ টেটিয়া,+বজর<বজ্র কিংবা বজ্জাত]।

টেটুয়া=[সি]—বি. আঁকশি ॥ টেটুয়া দিয়া গাসের্ পাক্যা লাউ পার্।

টেট্‌টুয়া=[সি]—বি. চিকণ বাঁশ বিশেষ॥ টেট্‌টুয়ার্ আগা।

টেডিয়া=[রং]—বিণ. বাঁকা। ॥ টেডিয়া পথ্। [দেখ টেটিয়া]।

টেড়ি=[রং]—বিণ. বাঁকা॥ লাইন্ গুলি টেড়ি হয়েছে। [দেখ টেটিয়া]।

টেড়িয়া=[রা, দি]—বিণ. বাঁকা ॥ [দেখ টেটিয়া]।

টেনি=[বা]—বি. টুনটুনি পাখী ॥ টেনির্ বাশা। [<টুনি]।

২=[খু]—বি. প্রদীপ ॥ তোর্ টেনি ফোটো হয়া গেসে নাকি ? [টিন tin ইং ; তুং টেমি]।

টেনিয়া=[সি]—বিণ. যে শিশু খুব কম বাড়ে॥ তার্ পোরাডা টেনিয়া। [<টুনিয়া কিংবা টেনী হিং]।

টেন্যা=[ম]—বিণ. অধিকতর ভাল ॥ তর্‌তে টেন্যা বৌ বিয়া কর্‌মু দেহিস্।

টেন্‌ডিয়া চ'ংগা=[নো]—বি. এক-হালে দেওয়া মই ॥ টেন্‌ডিয়া চ'ংগার্ মৈ বালা অয় না।

টেপি=[পা]—বি. পেট ফুলা (জরের পর প্লীহা হইলে পেট ফুলিয়া যায়, তাহাকে টেপি বলে)॥

২=[চট্ট]—বি. ছোট মেয়ে ॥

৩=[য, খু]—বিণ. ছোট, মেনি ॥ টেপি গাইয়েও অনেক্ দুধ্ দেয়। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৪=[সি]—বি. ছোট এক জাতের হাঁস ॥

৫=[সি কুম]—বি. ধান বিশেষ ॥

টেপি দরা=[সি]—ক্রি. মাছ চুরি করা॥ তারা উডি গেলে আম্‌রা টেপি দরি এক্ খালৈ মাস্ নিতাম্ পার্‌মু।

টেপি হাইল্=[ঢা]—বি. মোটা বোরো ধান বিশেষ॥ [টেপি=ছোট +হাইল<শালি সং=ধান্য]।

টেপুইর্‌রা=[বা]—বিণ. খাটো ॥ সেরাডা বর টেপুইর্‌রা।

টেপুয়া=[রং, দি]—বি. পেটমোটা ॥ [<পেটুয়া ; বর্ণ বিপর্যয় ; পেটুক]।

টেব্‌রি=[রা]—বি. পাটের শ্রেণী বিশেষ ॥

টেমি=[বা]—বি. হাতনা, পাতিল বিশেষ ॥ টেমি সারা মাস্ লোটাইবাম্ কি দ্যা ?

টেরন্=[ম]—ক্রি. মান্য করা, ভয় করা ॥ আমি তারে টেরি না।

২=[ঢা]—ক্রি. দমা ॥ আমি এই কাম্‌ডা কর্‌তে টেরি নাই।

টেরি=[চট্ট]—বিণ. অল্পবয়স্ক, ক্ষীণ দেহ ॥

টেরিবেরি=[রা]—অব্য. এদিক্ ওদিক্ ॥ পড়তে বশে টেরিবেরি কর ক্যান্। [অনু.]।

টেল্‌কি=[কুম]—বি. ফাঁকি ॥ টেল্‌কি দিয়া বৈ থাক্‌লে কাম্ ঐব কিবায়।

টেল্‌হি=[ম]—বি. ঠাণ্ডা ॥ বর টেল্‌হি পৈর্‌সে।

টেশ্‌কিয়া=[নো]—বিণ. নগণ্য, সাধারণ ॥ এইডা টেশ্‌কিয়া মাইন্‌শের্ কাম্ না।

ট্যা

ট্যাআ=[কুম]—বি. ছোট মাছ বিশেষ॥

ট্যাআঅলা=[চট্ট]—বি. টাকাওয়ালা, ধনী ॥ হিতার্ হৌর্ খুব ট্যাআঅলা। [<টাকাওয়ালা]।

ট্যাইল্যা=[ঢা]—বিণ. তরল, পাতলা ॥ [<তেল<তৈল+ইয়া প্র.]।

ট্যাও করা=[য]—ক্রি. রাগ করা ॥ কথায় কথায় ট্যাও কর কেন্ ?

ট্যাং=[খু]—বি. গাঁট ॥ ট্যাংএ আর্ পয়্‌শা নাই। [<ট্যাক]।

২=[দি]—বি. পা ॥ তোর্ ট্যাং ভাংগি দিম্। [<ঠ্যাং ম. বাং; তুং টাং হিং]।

ট্যাংগন্=[ঢা]—বি. মারপিট ॥ ট্যাংগনে পোলাডা কান্‌তাসে। [ঠেংগা (লাঠি) নামধাতু+আন প্র.]।

ট্যাংগর্=[ফ, য]—বি. চালাক, পাকা বুদ্ধি ॥ অত ট্যাংগর্ বালা না। [< তাঁদড়]।

২=[ম]—বি. পাজি ছেলে ॥ ট্যাং-গর্‌ডা খেতের্ তর্‌মুয্ চুরি কর্‌সে। [পূর্বে দেখ]।

৩=[ঢা, কুম]—বিণ. পাহাড়িয়া, উচ্চ ॥ ট্যাংগর্ যমিত্ কাড়ান্ গাস্ বালা অয়। [<তুঙ্গ সং+র প্র.]।

ট্যাংগর্ ট্যাংগর্=[ম]—ক্রি. বিণ. ছটফট ॥ বশনা মিয়া ট্যাংগর্ ট্যাংগর্ কর কেন্ ? [অনু.]।

২=[নো]—ক্রি. বিণ. আস্তে আস্তে॥ ট্যাংগর্ ট্যাংগর্ আইয়ন্ টিক্ অয় না।

ট্যাংগর্ বলাই=[চট্ট]—বি. আপদ ॥ ট্যাংগর্ বলাই কৈতুন্ আইসে ? [< ঠ্যাং+এর+বলাই<বলা ’ ও, আং]।

ট্যাংগর্ ব্যাংগর্=[রং]—বিণ. কিঞ্চিৎ সুস্থ ॥ ব্যারাম্ হতে উঠে একটু ট্যাংগর্ ব্যাংগর্ হচে। [অনু.]।

ট্যাংগা=[রা, ক, বা]—বিণ. টক ॥ [<টেঙ্গা অ.]।

২=[রা]—বি. ধানের শীষ।। ট্যাংগা গুলো তুলে আন্।
৩=[পা, চট্ট]—বি.<টাকা।।

ট্যাংগানো=[ঢা]—ক্রি. জ্বালাতন করা।। পাগল্‌ডারে ট্যাংগাইস্ না। [<ঠেঙ্গান : <ঠেঙ্গা+আনো প্র.]।

ট্যাংগা পোড়া=[য]—বিণ. কর্কশ, কটু।। ট্যাংগাপোড়া কথা। [দেখ ট্যাংগানো+পোড়া=দগ্ধ]।

ট্যাংগো=[বা]—বি. টক, অম্বল।। ডাল্ ট্যাংগো হয়ে গেছে। [<টেঙ্গা অ.]।

ট্যাংগোড়্=[বা, দি]—বি. গালে শুকানো মুখের লালা।। মুখের্ ট্যাংগোড় ধুতে পারিল্ না।

ট্যাংগোর্=[খু]—বি. কোমরের নিকটে কাপড়ের অস্থায়ী পকেট।। টিংগেড়া ট্যাংগেরে রাখ্। [<ট্যাঁক+র প্র.]।

ট্যাংটেইংগা=[চট্ট]—বিণ. লিক্‌লিকে।। [অনু.]।

ট্যাংট্যাইংগা=[ম, কুম]—বিণ. কন্‌কনে।। ট্যাংট্যাইংগা যাব্ পদ্‌সে। [অনু.]।

ট্যাংট্যাং করা=[ম]—ক্রি. এক পা উঁচু করিয়া হাঁটা।। আবুদ্ উবুদে ট্যাংট্যাং কৈরা খেল্‌তাসে।

ট্যাংগা মাছ্=[বা]—বি. ট্যাংরা মাছ।। [<টেঙ্গরা<ত্রিকণ্টক সং+মাছ]।

ট্যাংয়া=[কু]—বি. টক।। ট্যাংয়া আম্। [<টেঙ্গা অ.]।

ট্যাংরা=[বা]—বি. তেঁতুল।। [দেখ ট্যাংয়া]।
২=[চট্ট]—বি. বাঁশের শলাকার বেড়া।। ট্যাংরা ভাংগি গরু ধান্ খাইল্। [<তুঙ্গ সং+রা প্র.]।
৩=[রা]—বি. খোঁড়া।। ট্যাংরা মানুশ্ খুব্ দুশ্‌ট। [<টঙ্গ+রা; অর্থ প্র.]।
৪=[সি]—বিণ. ইঁচড়ে পাকা।। ট্যাংরা মাত্ মাতিস্ না। [<টেড়া; অর্থ প্র.]।
৫=[সি]—বিণ. কর্কশভাষী।। পুয়াডা বর ট্যাংরা। [পূর্বে দেখ; অর্থ প্র.]।

ট্যাংরা কপালি=[সি]—বিণ. ইঁচড়ে পাকা।। ট্যাংরা কপালি সুরি। [<টেড়া+কপালি; অর্থ প্র.]।

ট্যাংরা গলা=[রা]—বিণ. যাহার নাক মুখ দিয়া শ্লেষ্মা নির্গত হয়।। ট্যাংরা গলা ছোয়াটাক্ বিয়া করেচে। [ট্যাংরা+গলা=গলিত হওয়া]।

ট্যাংরা বাইদ্যা=[কুম]—বি. যাহাদের নির্দিষ্ট ঘর বাড়ী নাই।।

ট্যাংরা বেড়া=[কুম]—বি. অনুচ্চ ফাঁক ফাঁক বেড়া।। [<তুঙ্গ বেড়া]।

ট্যাংরামি=[সি]—বি. দুষ্টামি।। ট্যাংরামি কৈরো না। [<টেড়া+মি প্র.; অথবা দেখ ট্যাংগর্‌২+আমি প্র.]।

ট্যাংরি=[ফ]—বি. ঠ্যাং, পা।। ট্যাংরিত্ যোর্ নাই? [<ঠ্যাং+রি প্র.; তুং টংড়ী হিং]।

ট্যাংলা=[ম, পা, কু]—বি. কুপরামর্শ।। ট্যাংলা দেওন্ খারাপ্।

ট্যাংলানো=[পা]—ক্রি. তোষামোদ করা, অনুরোধ করা।। তারে ট্যাংলায়ে কৈ নিয়া যাও?
২=[ম, পা]—ক্রি. বিরক্ত করা।। গরুডারে বেশি টেংলাইস্ না।
৩=[রং]—বিণ. খোঁড়ানো।। লোক্‌টা ট্যাংলিয়ে হাঁটে।

ট্যাংশা=[বা]—বিণ. খাইতে অনিচ্ছুক।। ছেলেটা বড় ট্যাংশা।

ট্যাঁও=[কু]—বিণ. রাগ, ক্ষুব্ধ।। একটু কথাতেই ট্যাঁও হয়ে গেল্।

ট্যাঁওর্=[রা]—বি. ট্যাঁক।। অনেকে ট্যাঁওরে টাকা পয়শা রাখে। [<ট্যাঁক+র প্র.]।

ট্যাঁকন্=[চট্ট]—ক্রি. গুঁড়া হইতে বড় কনা বাহির করার জন্য কুলা দিয়া ঝাকানি দেওয়া।। চৌলর্ গুরি ট্যাঁকি কনা বাইর্ কর্।

ট্যাঁকানো=[রং]—ক্রি. অনুমান করা, পরিমাণ করা।। ট্যাঁকাই দেখ্ এই খেতে কয় মন্ ধান হবো। [<তাক (অনুমান)+আনো প্র.]।
২=[রং]—ক্রি. অঙ্কুর বাহির হওয়া।। ধান ট্যাঁকায়েছে। [দেখ ট্যাঁক্‌২ (নামধাতু)+আনো প্র.]।

ট্যাঁক্=[ব, রা]—বি. রাগ, বদরাগ।। এতটুকু সেলের্ আবার্ ট্যাঁক্ যে (ব)।
২=[ব, রা]—বি. অঙ্কুর।। আলুর ট্যাঁক্ দেখা দিসে (ব)।
৩=[ব, রং]—বি. রাস্তার বাঁক।। ট্যাঁকের্ কাসে আস্‌তে গাড়ি চালাইও (ব)।

ট্যাঁটা=[ফ]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ।।

ট্যাঁটে=[চট্ট]—বি. দুই হাত লম্বা দণ্ড।।

ট্যাঁড়ানি=[চট্ট]—বি. হা করিয়া ক্রন্দন।। তার্ ট্যাঁড়ানিতে মৈল্‌লাম্। [<টা টা ধ্বন্যা.+আনি প্র.]।

ট্যাঁড়ানো=[নো, চট্ট]—ক্রি. চিৎকার করা।। ট্যাঁড়াস্‌কিল্লাই ঘুইন্‌লাম্ না। [দেখ ট্যাঁড়ানি]।

ট্যাঁপানো=[কু]—বি. গোলাকার বাখারী বিশেষ।।

ট্যাঁমা=[ব]—বি. অসন্তোষজনক কথা।।

ট্যাঁয়র্=[চট্ট]—বি. পাহাড়ী অঞ্চল।। ট্যাঁয়রে ধান্ কম্ হয়। [<টিঙ্কর<তুঙ্গ+র প্র.]।

ট্যাঁয়া=[চট্ট, নো]—বি. <টাকা।।

ট্যাঁয়াঅলা=[চট্ট]—বি. টাকাওয়ালা, ধনী।। ইতার্ চৌর্ খুব্ ট্যাঁয়াঅলা। [<টাকাওয়ালা]।

ট্যাঁয়ানো=[চট্ট]—ক্রি. বার বার তাগাদা করা, বিরক্ত করা।। [অনু.]।

ট্যাঁয়ারা=[চট্ট]—বি. ফাঁক ফাঁক করিয়া তৈরী বেড়া।।

ট্যাঁয়্‌রা=[চট্ট]—বি. পাহাড়ের অধিবাসী।।

ট্যাঁরা=[চট্ট]—বি. বাঁশের শলাকার তৈরী বড় খোপ বিশিষ্ট ক্ষেতের বেড়া।।

ট্যাঁশা=[দি]—বি. হিংসুটে॥ লোক্‌টা বড় ট্যাঁশা।

ট্যাকন্‌=[সি, ঢা, কুম]—ক্রি. গুড়া হইতে অধিকতর বড় কিছু বাহির করা॥

ট্যাকর্‌=[সি]—ক্রি. ঠোকা, ঠোকর॥ মুরগায় ট্যাকর্‌ দিসে। [<ঠোকর; অনু.]।

ট্যাকর্‌ ট্যাকর্‌=[বা]—অব্য. ভ্যান-ভ্যান॥ পেসনে ট্যাকর্‌ ট্যাকর্‌ না কর্‌লে টাহা আদায়্‌ অয়্‌ না। [অনু.]।

ট্যাকা=[খু]—বি. ডাঙ্গা॥ [<ডাঙ্গা]।

২=[রা, বা]—বি. <টাকা॥

ট্যাকাট্‌কি=[সি]—বি. একপ্রকার মিষ্ট ফল॥

ট্যাকামান্‌কি=[ম]—বি. থানকুনি গাছ॥ ট্যাকামান্‌কির্‌ যোল্‌ পেটের্‌ অশুখে উপ্‌কারি।

ট্যাকা মাস্‌=[কুম]—বি. সাদা গোল মাছ॥ [<টাকা+মাছ]।

ট্যাকারা=[পা]—বি. ছোট ঢোলক॥

ট্যাকারি=[বা]—বি. কাঠের ছোট পাত্র বিশেষ॥ [<টুকরি; তুং টোকরি হিং, অর্থ প্র.]।

ট্যাকে=[য, খু]—বি. মাছ ধরিবার সরঞ্জাম॥

ট্যাকো=[রা]- বি. যে অনর্থক তর্ক করে॥ তার্‌ সমান্‌ ট্যাকো নাই। [<তার্কিক]।

ট্যাক্‌=[ঢা, কুম]—বি. অসমতল জায়গা, উচুস্থান॥ ধনিনের্‌ কোনাত্‌ ট্যাক্‌ রাহন্‌ ঠিক্‌ না। [<টেক হিং; তুঙ্গ সং]।

২=[ব, রা]—বি. চারা॥ যমিতে ধানের্‌ ট্যাক্‌ বড় হয়েসে (ব)।

৩=[ঢা, কুম]—বি. মোড়॥ ট্যাক্‌ ঘুরতে শময়্‌ লাগে।

৪=[রং, রা]—বি. রাগ, অভিমান॥ ছাওয়াটার্‌ ট্যাক্‌ খুব্‌ বেশি।

ট্যাক্‌কা দেওয়া=[চট্ট]—ক্রি. ঠকান॥ হিতো আঁরে ট্যাক্‌ক্যা দিয়ে। [টেক্কা দেওয়া; অর্থ প্র.]।

ট্যাক্‌কোর্‌=[খু]—বি. বদমেজাজী॥ লোক্‌টা বড় ট্যাককোর্‌। [ট্যাক<তীক্ষ্ণ+কোর<খোর خور ফা.]।

ট্যাক্‌ চ'াইন্‌দা=[ঢা]—বি. টাকার মত সাদা ও গোলাকার মাছ বিশেষ॥ ট্যাক্‌চ'াইন্‌দার্‌ কুরি কত কৈরা? [<টাকা চাঁদ+আপ্র.]।

ট্যাক্‌টেকি=[সি]—বিণ. টিকটিকির মত হালকা॥ ট্যাক্‌টেকি পুয়া। [অনু.]।

ট্যাক্‌ট্যাকা=[খু]—বি. পাখী বিশেষ।

ট্যাক্‌ ট্যাক্‌=[নো]—ক্রি. বিণ. বার-বার তাগাদা॥ পৈশার্‌ লাগি ট্যাক্‌ ট্যাক্‌ কৈরো না। [অনু.]।

ট্যাক্‌ট্যাকান্‌=[ঢা]—বি. বাজে অনু-রোধ, আলাপ প্রলাপ॥ তর্‌ ট্যাক্‌-ট্যাকান্‌ আর্‌ বালা লাগে না॥ [অনু.]।

ট্যাক্‌ট্যাকি=[ঢা]—বি. বাজে কথা, বাজে আলাপ বা অনুরোধ॥ তর্‌ ট্যাক্‌ট্যাকি আর্‌ বালা লাগে না। [অনু.]।

ট্যাক্‌দান্‌=[বা]—বি. লম্বাকৃতি চুলা বিশেষ॥ [<দেগ্‌দান دیگدان ফা.]।

ট্যাক্‌শ=[পা]—বি. মূল্য॥ তোমার কথার্‌ কোন ট্যাকশ নাই। [ট্যাক্স tax ইং]।

ট্যাগা=[ঢা]—বি. পাঙ্গাস মাছের পোনা॥

ট্যাগোন্‌=[বা]—বি. ট্যাঁক, কোমরের কাপড়॥ [<ট্যাঁক+অন প্র.]।

ট্যাগ্‌রা=[কুম, নো]—বিণ. আড়-চোখা, টেরা॥ [<টেরা<তির্যক সং]।

ট্যাটন্‌=[পা, ফ, ম, য, খু]—বিণ. সেয়ানা, চালাক॥ লোকটা বড় ট্যাটন্‌। [দেখ টেটিয়া₂]।

২=[বা]—বিণ. মুখরা॥ [পূর্বে দেখ]।

ট্যাটা=[রা]—বিণ. খুব ছোট॥

২=[পা]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ॥

৩=[ম]—ক্রি. বিণ. বরবর, তড়বড়॥ [অনু.]।

৪=[ঢা, সি, ম]—বি. কোনকিছুর জন্য আবদার॥ ট্যাট্যা করিস্‌ না। [অনু.]।

ট্যাট্যাংগা=[খু]—বি. রক্তচোষা, গিরগিটি॥

ট্যাট্‌টারা=[রা]—বি. ঘুঘুর ন্যায় পাখি বিশেষ॥

ট্যাট্‌টুয়া=[সি]—বি. চিকণ বাঁশ বিশেষ॥ ট্যাট্টুয়ার্‌ আগা।

ট্যাট্‌না=[রা, কুম]—বিণ. চালাক। উট্‌টানি সেরা কি ট্যাট্‌না (কুম)। [<টেটেন্‌ ম. বাং; দেখ ট্যাডন্‌]।

ট্যাট্‌লামি=[ঢা]—বিণ. চাতুরী॥ ট্যাট্‌লামি দরা পর্‌সে। [দেখ ট্যাট্‌না+আমি প্র.]।

ট্যাট্‌লার্‌=[কুম]—বি. বিড়ি বিশেষ

ট্যাঠা=[ফ]—বি. মাছ ধরিবার যন্ত্র বিশেষ॥ [তে< ত্রি সং+কাঠি+আ প্র.]।

ট্যাডন্‌=[নো]—বি. ঠগ॥ এইডা ট্যাডনের্‌ দেশ্‌। [<টেটন (ধূর্ত) ম. বাং]।

২=[কুম, ঢা]—বিণ. চালক, চতুর॥ সেরাডা বরর্‌ ট্যাডন্‌। [পূর্বে দেখ]।

ট্যাডা=[ফ, ঢা, চট্ট]—বি. মাছ-ধরিবার যন্ত্র বিশেষ॥ [দেখ ট্যাঠা]।

ট্যাডাকা=[কুম]—বি. আঁকশি॥ বাশের আগাত্‌ ট্যাডাক্যা বাইন্‌দা গাসের্‌ আগার্‌ হুক্‌না লাক্‌রি পারে। [দেখ ট্যাডা; অর্থ প্র.]।

ট্যাডানো=[কুম]—ক্রি. চিৎকার করা॥ [ট্যাঁ্যাট্যাঁ অনু.+আনো প্র.]।

ট্যাডাম্‌ই=[না]—বি. মই দিবার বিশেষ পদ্ধতি॥

ট্যাডার্‌ ব্যাডার্‌=[ঢা]—ক্রি. বিণ. তালবাহানা, ফাঁকি বাজি॥ ট্যাডার্‌ ব্যাডার্‌ করস্‌ ক্যান্‌। [অনু.]।

ট্যাড্‌ভ্যাট্‌=[ব]—বি. ছল, প্রবঞ্চনা॥ তার্‌ ট্যাড্‌ ভ্যাঁট্‌ বুঝি' না। [অনু.]।

ট্যানা=[পা]—বি. উচ্চ আলি ॥
২=[চট্ট]—বি. চারাগাছ ॥ মাদারের্ ট্যানা। [পরে দেখ; অর্থ প্র.]।
৩=[চট্ট]—বি. গাছের ডাল ॥ [টহ্‌না হিং]।
৪=[চট্ট]—বি. নিকৃষ্ট ॥ ট্যানা আম্‌গান্ কেম্‌নে দিলি ?
৫=[চট্ট]—বি. ছোট খুঁটি, মাছের বাচ্চা ॥ বেড়ার্ ট্যানা।

ট্যানাই=[রং]—বি. মাছ মারার এক প্রকার যন্ত্র ॥

ট্যান্=[দি]—বি. ট্রেণ ॥ এড়া কয়্‌ডার্ ট্যান্। [<ট্রেন train ইং]।
২=[খু]—অব্য. নিকটে ॥ কার্ ট্যান্ টাকা চাঁলি ? [<স্থান সং]।

ট্যান্‌টনি=[সি] –বি. অবাড়ন্ত শিশু ॥

ট্যান্‌টালি=[সি] –বিণ. ছোটখাটো ॥ লোক্‌টা একেবারে ট্যান্‌টালি।
২=[চট্ট]—বি. দুই জোড়া লম্বা ডানা-বিশিষ্ট পতঙ্গ ॥ সোট পোনা ট্যান্‌টালি ধরে।

ট্যান্‌টেইনা মাত্‌বর্=[ম]—বিণ. যে অনর্থক মাতব্বরী করে ॥

ট্যান্‌টেনি=[ম]—বি. পেঁচাল ॥ ওর্ ট্যান্‌টেনি হুনে কে ? [অনু.]।

ট্যান্‌ট্যানা=[বং]—ক্রি. বিণ. টনটনে, ভরপেট ॥ গরুটা গাশ্ খাযা ট্যান্‌-ট্যানা হচে। [অনু.]।
২=[সি]—বিণ. শক্ত ॥ ট্যান্‌ট্যানা বাশ্।

ট্যান্‌ট্যানানো=[বং]—ক্রি. অপরের পক্ষ লইয়া ঝগড়া করা ॥ [ট্যানট্যান অনু.+আনো প্র.]।

ট্যান্‌ট্যানিয়া=[বা]—ক্রি. বিণ. জীর্ণশীর্ণ অবস্থায় ॥ লাউগাস্ ট্যান-ট্যানিয়া উঠ্‌তাসে।
২=[ফ]—ক্রি. বিণ. ধীরে ধীরে ॥ ঘরের্ তনে ট্যান্‌ট্যানিয়া বালা ঐসি।

ট্যান্‌ট্যানে=[রং]—বিণ. সেয়ানা চালাক ॥ লোক্‌টা ট্যান্‌ট্যানে। [= টনটনে]।

ট্যান্ ট্যান্=[রা]—বি. কথা কাটা-কাটি ॥ ট্যান্‌ট্যান্ করিছ্ না। [অনু.]।

ট্যান্‌ট্যায়ালি=[চট্ট] – বি. এক প্রকার পাখী ॥

ট্যান্‌ট্যাল্=[রং]—বিণ. চতুর ॥ [দেখ ট্যান্‌ডল্]।
২=[রং]—বিণ. স্বার্থপর ॥

ট্যান্‌ডলি=[কুম]—বি. গঙ্গা-ফড়িং ॥

ট্যান্‌ডল্=[ম. নো]—বিণ. ধূর্ত, ফন্দিবাজ ॥ হিতে বর ট্যান্‌ডল্। [<জণ্ডিল হিং; general ইং; অর্থ প্র. কিংবা দেখ টান্‌ডল্; তুং টন্‌ডইল হিং]।

ট্যান্‌ডা=[নো]—বি. লগি ॥ আম্ হাডেন্নো ট্যান্‌ডা !

ট্যান্‌ডাবাযি=[য]—বি. দাঙ্গা-হাঙ্গমা ॥ লোক্‌টা ট্যান্‌ডাবাযি করতে ভালবাশে।

ট্যান্‌ড্যাল্=[পা]—বি. খেজুর ॥

ট্যাপন্=[ফ. ব. পা]—বি. আঁটন, বাঁশের চিকন বাখারি ॥
২=[য]—বি. টিপসহি ॥ ট্যাপন্‌টা একটু ভাল করে দাও। [<টিপ+-অন প্র.]।

ট্যাপা=[য]—বি. ক্ষুদ্র মিষ্ট ফল বিশেষ ॥
২=[সি]—বি. মাছের পেটি বা তেল ॥
৩=[চট্ট]—বি. ছোট ছেলে ॥
৪=[ব]—বি. বামন আকৃতির লোক ॥
৫=[ফ]—বিণ. গোলগাল ॥ গরুডা গাশ্ খাইয়া ট্যাপা ঐসে।
৬=[পা]—বি. ক্ষুদ্র মাছ বিশেষ ॥
৭=[নো]—বি. এক প্রকার টক ফল ॥
৮=[ব, রা]—বিণ. পেটমোটা ॥ ট্যাপা লোক্ বেশি কাম্ করতে পারে না। [অনু.]।
৯=[দি, রা, ঢা]—বি. ঝাঁপি, মোরগ রাখিবার খাঁচা ॥ কুক্‌ড়াগুলি ট্যাপার্ ভিতর্ ভর্ (রা)। [টাপা হিং]।

ট্যাপাই=[রং]—বি. মাছ ধরার বাঁশের যন্ত্র বিশেষ ॥ [দেখ ট্যাপ্৩]।

ট্যাপাটুপা=[ম]—বিণ. মোটা সোটা ॥ গাইডা বর ট্যাপাটুপা।

ট্যাপা ট্যাপা=[ফ]—বিণ. নাদুস নুদুস ॥ এই ট্যাপাট্যাপা পোলাগুলি কার্ ? [অনু.]।

ট্যাপানো=[পা]—ক্রি. অনুরোধ করা ॥ আমি তাকে ট্যাপাতি পার্‌ব না।

ট্যাপারি=[ম, য]—বি. মুরগী ধরার খাঁচা ॥ [দেখ ট্যাপা৯+রি প্র. (স্বার্থে)]।
২=[ম]—বি. কঞ্চি বা বাঁশের তৈরী পাত্র ॥ ট্যাপারিগান্ নাই। [পূর্বে দেখ]।

ট্যাপাশাইল্=[য. খু]—বি. এক প্রকার ধান ॥

ট্যাপা শ্যাওলা=[খু]—বি. এক প্রকার শ্যাওলা ॥ ট্যাপা শ্যাওলায় পুকুর ভরি গেসে।

ট্যাপি=[ব]—বি. বামন আকৃতির স্ত্রীলোক ॥

ট্যাপু=[ম]—বিণ. পেটফুলা ॥ ব্যারামি লোক্‌টা ট্যাপু ঐয়া গেসে।

ট্যাপুয়া=[দি]—বিণ. ভুঁড়ি-ওয়ালা ॥

ট্যাপ্=[ম, ঢা, ব]—বিণ. বাঁকা, টোল খাওযা ॥ গড়িডারে আসার্ দিয়া ট্যাপ্ কৈরা ফ্যালাইসে।
২=[সি]—বি. নাডি ভুঁড়ি ॥ পারা মার্যা ট্যাপ্ বাইর্ কৈরা লাইসে।
৩=[ঢা]—বি. গর্ত ॥ লোডাডাত্ ট্যাপ্ পৈরা গেসে।

ট্যাপ্‌কা=[রা]—অস. ক্রি. লাফ দিয়া, টপকাইয়া ॥ দেবাল্ ট্যাপ্‌কা চোরে দৌড় দিল্। [<টপকাইয়া]।

ট্যাপ্ গালা=[সি]—ক্রি. অন্যের কথায় তাল দেওয়া ॥ আর্ ইন ট্যাপ্ গাইল্যানা বা।

ট্যাপ্‌ট্যাইপা=[কুম]—বিণ. সুপক্ক ॥ কাডল্‌ডা পাক্যা ট্যাপ্‌ট্যাইপা ঐসে। [অনু.]।

ট্যাপ্‌ট্যাপা=[সি]—বিণ. ভরপুর ॥ খাইয়া ট্যাপট্যাপা এসে।

ট্যাপ্‌ট্যাপানি=[সি]—বি. লোভ ॥ আমারে ট্যাপ্‌ট্যাপানি দেহাইয়া লাব্‌ নাই। [অনু.]।

ট্যাপ্‌ দেওয়া=[সি]—ক্রি. বড়শীর ছিপ দিয়া দিয়া জল নাড়াচাড়া করা ॥ মাসে না দর্‌লে ট্যাপ্‌ দাও।

ট্যাপ্‌পোনা=[খু, বা]—বি. পানা ॥ পুকুরের্‌ ট্যাপ্‌ পোনা শাফ্‌ কর্‌।

ট্যাপ্‌রা=[রা]—বি. মাছ বিশেষ ॥

২=[সি]—বি. ফোঁটা ॥ মেগের ট্যাপ্‌রা।

৩=[সি]—বি. বাঁশ ও গাছ হইতে চুয়াইয়া পড়া কুয়াশা বা বৃষ্টির জল ॥ বাগ্‌ ট্যাপ্‌রাকে খুব্‌ ডরায়্‌। [<টপ +রা প্র ; অনু.]।

৪=[রা]—বিণ. যাহার স্বাস্থ্য ভাল নহে ॥ লোক্‌টা একেবারে ট্যাপ্‌রা।

৫=[রং]—বি. খর্বাকৃতি, বৃহৎ উদর-বিশিষ্ট ॥ এই যে এক্‌না ট্যাপ্‌রা মানুষ।

ট্যাফল্‌=[খু]—বি. কাউ ফল ॥

ট্যাফান্যা পানি=[রং]—বি. ফোঁটায় ফোঁটায় পড়া পানি ॥ গাছের্‌ তলাত্‌ ট্যাফান্যা পানি পড়ে। [<টপ্‌+আন্যা প্র.+পানি]।

ট্যাফ্‌রি=[ম]—বি. খাঁচা ॥ ট্যাফ্‌রিত্‌ মুর্‌গির্‌ বাচ'চ্যা ডাইক্যা রাখে। [দেখ ট্যাপারি]।

ট্যাবর্‌, ট্যাবর্‌=[চট, ম]—ক্রি. বিণ. ফোঁটায় ফোঁটায় ॥ ট্যাবর্‌ ট্যাবর্‌ পানি পর্‌তাসে। [তুঃ টপটপ ; অনু.]।

ট্যাবা=[চট, বা]—বি. বড় ও টক লেবু, টক জাম্বুরা ॥ ট্যাবা খাইলে বমি অয়।

২=[পা]—বি. গাল বা মুখের গহ্বর ॥ সাওয়াটা ট্যাবা ফুলাইয়া বস্যা রৈচে।

ট্যাবাইন্‌না=[ঢা]—বিণ. টিপটিপ বা গুঁড়ি গুঁড়ি ॥ ট্যাবাইন্‌না মেগে বাইর্‌ অওন্‌ যায়্‌ না। [দেখ ট্যাফান্যাপানি]।

ট্যাব্যানো=[কুম]—ক্রি. খিট খিট করা ॥ [অনু.]।

২=[চট]—ক্রি. বিন্দু বিন্দু করিয়া পড়া ॥ ভিযা কন্দত্‌তুন্‌ পানি ট্যাব্যাই পড়ের্‌ ॥ [অনু.]।

ট্যাব্‌=[সি]—বি. জল নাড়া ॥ যোরে যোরে ট্যাব্‌ দেও।

ট্যাব্‌রা=[রা]—ক্রি. দাঁতের গোড়ার ফুলা ॥

ট্যাব্‌রানি=[ম, কুম]—ক্রি. বি. গাছের নীচে ফোঁটা ফোঁটা পানি পড়া ॥ [দেখ ট্যবাইন্‌না ; অনু.]।

ট্যাব্‌লা=[রং]—ক্রি. আঙুল দ্বারা টোকা, স্পর্শ ॥ ট্যাব্‌লা না দিলে উঠ্‌বে না। [<টিপ সং]।

ট্যামক্‌=[ফ, রং]—বি. গর্ব, অভিমান, গোস্‌সা ॥ [টিমাক হিং]।

ট্যামর্‌=[পা]—বি. কোমর, ট্যাঁক, মাজার কাপড় ॥ [<ট্যাঁক+র]।

ট্যামা=[ম]—বি. ছোট কাঁঠাল ॥

২=[সি]—বিণ. গুঁজ আছে যাহার ॥ ই ট্যামা কাটল্‌টার্‌ দাম্‌ কত ? [টেম+আ প্র.]।

৩=[রং]—বি. কৌটা ॥ ট্যামাটা হতে তামাক্‌ আন্‌।

৪=[বা]—বি. নারিকেলের ডাব হইবার পূর্বাবস্থা ॥

ট্যামাটুমা=[কুম]—বি. ছোট ছোট ॥ বাগানের ট্যামাটুমা গাস্‌কড়ি কাইট্যালা।

[অনু.]।

ট্যাম্যাটেমি=[কুম, সি]—বি. ছেলে মেয়ে ॥ তার্‌ টেম্যাটেমি অনেক্‌। [অনু.]।

ট্যামো=[য]—বি. জল মাপার পাত্র বিশেষ।

ট্যাম্‌=[ক]—বিণ. উঁচা ॥ ট্যাম্‌ যমিনে দান্‌ বালা অয়্‌ নাই। [<টীবা (উঁচু জমি) হিং]।

২=[বা]—বি. ছিপি ॥ ট্যামের্‌ উপ্‌রে পিম্‌ গাস্‌ লাগায়্‌ না। [পূর্বে দেখ]।

৩=[য,খু,কুম]—বি. বাঁশের কঞ্চির তৈরী লেখার উপকরণ বিশেষ ॥ পোলা পানে ট্যাম্‌ দিয়া খেলে।

৪=[সি,পা,বা]—বি. গুটি, ফোলা ॥ এহানে কিয়ের্‌ ট্যাম্‌ ?

৫=[কুম]—বি. টোল, বাঁক ॥ যগের্‌ পেডো ট্যাম্‌ পর্‌সে।

ট্যাম্‌কা=[রং]—বি. রাগ ॥ ও বাহে, হামার্‌ কতাতে কি তুমি ট্যাম্‌কা অলে ?

ট্যাম্‌কুরাইল্যার্‌ নাতি=[ঢা]—বি. বাজে লোক ॥ কিরে ট্যাম্‌কুরাইল্যার্‌ নাতি, কিয়ের্‌ লাইগ্যা আইসত্‌ ?

ট্যাম্‌কো=[পা]—বিণ. থ্যাবড়া ॥ হাড়িটা চাপ্‌ লেগে ট্যাম্‌কো হয়ে গেসে।

ট্যাম্‌টম্‌=[সি]—বি. টুকরা টাকরা ॥ লোয়ার্‌ ট্যাম্‌টম্‌ কামে লাগে। [অনু.]।

ট্যাম্‌টিমে=[খু, য]—বি. ছোট পাখী বিশেষ ॥

২=[খু]—বি. ছোট ঢোলক ॥ ট্যাম্‌-টিমে বাযায়্‌ কে রে ?

ট্যাম্‌টুম্‌=[সি]—বি. টুকরা টাকরা ॥ ট্যাম্‌টুম্‌ কে নিত্ত ?

ট্যাম্‌ট্যামা=[রং, ম]—বিণ. পূর্ণ উদর, ভরাপেট ॥ গরুডা ঘাশ্‌ খায়্যা ট্যাম্‌ট্যামা হচে (রং)। [অনু.]।

ট্যাম্‌ট্যামি=[পা]—বি. শঠ ॥

২=[বা]—বি. আমোদ, আহলাদ ॥ সেলে পেলে নিয়া বেশি ট্যাম্‌ট্যামি কর্‌লে তাগো মানুশ্‌ করা যায়্‌ না। [অনু.]।

ট্যাম্‌ট্যাম্‌=[সি]—ক্রি. বিণ. ফোঁড়া ফোঁড়া, ফোলা ফোলা ॥

২=[সি]—বি. উঁচুনীচু ॥ ট্যাম্‌ট্যাম্‌ কাটি মিল্‌ কর্‌। [অনু.]।

ট্যাম্‌ট্যাম্‌ করা=[প্যা]—ক্রি. রূঢ় ভাবে কাহাকেও কিছু বলা ॥ লোকের্‌ শাতে ট্যাম্‌ট্যাম্‌ করা তার্‌ অব্যাশ্‌।

ট্যাম্‌না=[সি]—বিণ. আকারে ছোট ॥ ট্যাম্‌না বেডির্‌ ঘর কত।

২=[রা, দি, রং]—বি. কুঁজো ॥

ট্যাম্‌প্‌=[রা]—বি. স্ট্যাম্প ॥ [< stamp ইং]।

ট্যাম্‌বারি করা=[পা]—ক্রি. পরের ধনে পোদ্দারী করা ॥ ট্যাম্‌বারি কর্‌্যা গুর্‌লেই কি বাত্‌ যুটবো ?

ট্যাম্‌রা=[ম]—বি. গুটিকা ॥ ফোরা হুগাইলেজ যায়্‌গাডায়্‌ ট্যাম্‌রা বাইন্দা রৈসে।

ট্যায়র্‌=[চট্ট]—বিণ. টেরা ॥ হিতার্‌ মাইয়্যাউয়্যা ট্যায়র্‌।

ট্যায়া=[খু]—বি. উঁচু স্থান ॥ [টিবা হিং]।

২=[বা]—বি. <টাকা ॥

ট্যায়াইট্যা=[কুম]—বি. তেতালা ॥ পৈক্‌ড়া ট্যায়াইট্যাত্‌ বাশা বান্‌সে। [<তিন+কাঠি+আ প্র.; অর্থ প্র.]।

ট্যার=[রং]—বিণ. তির্যক্‌, ট্যারা, বাঁকা ॥ লাইন্‌ ট্যার ঐচে'। [< টেরা<টের সং]।

ট্যারশ্‌ ব্যারশ্‌=[নো]—বি. মনোমালিন্য ॥ তার্‌ লগে আমার্‌ ট্যারশ্‌ ব্যারশ্‌ নাই। [অনু.]।

ট্যারা=[ম, পা]—বি. ছিদ্র ॥ ট্যারাডা বন্দ কর্‌।

২=[রা]—বিণ. কানা ॥ লোক্‌টার্‌ এক্‌ চোখ্‌ ট্যারা। [<টেরা<তির্যক সং; অর্থ প্র.]।

ট্যারাং=[কুম, চা]—বি. সুটকেশ ॥ আমার্‌ ট্যারাঙে কাপর্‌ আসে। [< ট্রাঙ্ক trunk ইং]।

ট্যারাটেরি=[বা]—ক্রি. বিণ. রেষারেষি ॥ এত ট্যারাটেরি ক্যা ?

ট্যারানো=[সি]—ক্রি. দোষ ধরা ॥ হরুতারে খালি ট্যাইর্‌্যা না।

ট্যারে কানা=[পা]—বিণ. এক চক্ষুবিশিষ্ট ॥ লোক্‌টা ট্যারে কানা। [দেখ ট্যারা+কানা]।

ট্যারেটুরে==[রা]—ক্রি. বিণ. আভাসে ইঙ্গিতে ॥ [অনু.; সাধু ঠারে ঠোরে]।

ট্যারেন্‌ডা=[ম, সি]—বি. ফাৎনা ॥ বরির্‌ ট্যারেন্‌ডা।

ট্যার্‌=[ব, রা, পা]—বি. কাপড়ের খুঁট ॥ ট্যারে কয়্‌ পয়্‌শা আসে ?

ট্যার্‌কাশ্‌=[রা]—বি. পাটের সুতা পাকানোর কাঁটাযুক্ত যন্ত্র বিশেষ ॥ [<তর্‌কশ ترکش ফা.]।

ট্যার্‌গ্যাশ্‌=[পা]—বি. যাহা দ্বারা রশি পাকানো হয় ॥ [দেখ ট্যার্‌কাশ্‌]।

ট্যার্‌ চোক্‌=[রং]—বি. আড়চোখ ॥ ট্যারচোকে বেকিকোনার্‌ দিক চাও কেনে? [<টের<তির্যক সং+চোখ]।

ট্যার্‌টুর্‌=[সি]—বি. উপলব্ধি ॥ [<টের+টুর অনু:]।

ট্যার্‌ট্যারা=[রা]—বি. পাখী বিশেষ ॥ [অনু.]।

ট্যার্‌পাল্‌=[চা]—বি. কাপড়ের তৈরী চাঁদোয়া ॥ আয়্‌গা ওয়ায়্‌ ঐব, ট্যার্‌পাল্‌ টানাইসে। [<টারপল<tarpualin ইং]।

ট্যার্‌সা=[কু, পা]—বিণ. বাঁকা ॥ ওর্‌ একটা চো'খ ট্যার্‌সা। [<তের্‌ছা <তির্যক্‌; তির্যক্‌ সং]।

ট্যার্‌হা=[রা]—বিণ. বাঁকা ॥ লোক্‌টা বড় ট্যার্‌হা। [হিং]।

ট্যালক্‌=[ম]—বি. ঠাণ্ডা ॥ বড় ট্যালক্‌ পর্‌সে।

ট্যালা=[ফ, পা, বা]—বি. বেখেয়াল ॥ ট্যালার্‌ মত খাবাইযা বৈসত্‌ কিযারে ?

২=[চা]—বিণ. সোজা ॥ মাইয়াডা এক্‌কেলে ট্যালা।

৩=[য]—বি. বিড়া, খড় বা বেত দিয়া তৈরী হাড়িপাতিল রাখিবার গোলাকার উপকরণ ॥

ট্যালাটেলি চ'াওয়া=[সি]—ক্রি. একদৃষ্টে চাহিয়া থাকা ॥

ট্যালা পানি=[দা]—বি. কমস্রোত ও কম ঢেউবিশিষ্ট পানি ॥ এই গাংগের্‌ ট্যালা পানি।

ট্যাল্‌=[য]—অব্য. নিকট ॥ আমার্‌ ট্যাল্‌ তোমার্‌ কলম্‌ডা আসে। [<স্থান, স্থল সং]।

ট্যাল্‌খা=[চা, কুম]—বিণ. ঠাণ্ডা ॥ পানি যবর্‌ ট্যাল্‌খা লাগে।

ট্যাল্‌লানো=[কুম]—ক্রি. দোলা ॥ ডেউয়ের্‌ তালে তালে নাওডা ট্যাল্‌লায়্‌।

ট্যাল্‌হা=[কুম]—বিণ. ঠাণ্ডা ॥

ট্যাশানো=[খু, বা]—ক্রি. হিংসা করিয়া কাহাকেও লাবাইয়া রাখা ॥ তারা খালি আমাগে ট্যাশে। [<ঠাসা+আনো প্র.]।

ট্যাশো=[কু]—বিণ. ঠাণ্ডা ॥ শিতের্‌ শময় ট্যাশো ভাত্‌ খাওয়া যায়্‌না।

ট্যাশ্‌=[সি]—বি. অহঙ্কার ॥ টেহার্‌ ট্যাশ্‌ দেখ। [ঠেস; অর্থ প্র.]।

ট্যাশ্‌কানো=[চা]—ক্রি. দ্বিধাবোধ করা, স্তিমিত হওয়া ॥ এই যে কতখন্‌ দৈর্‌্যা কৈতাসি, একটু নি ট্যাশ্‌কাইল্‌। [<টস্কান<টসকনা হিং; অর্থ প্র.]।

ট্যাশ্‌টেশে=[খু]—বি. নীলকণ্ঠ পাখী ॥ ট্যাশ্‌টেশে পোকা খায়্‌। [অনু.]।

ট্যাশ্‌ট্যাশা=[রং]—ক্রি. পূর্ণোদর ॥ মশাটা অক্ত খাইয়া ট্যাশ্‌ট্যাশা হছে।[অনু.]।

ট্যাশ্‌ট্যাশ্‌ করা=[পা]—ক্রি. মন্দ দেখা ॥ যাকে দেখ্‌তে ভালা না লাগে তাকে দেখ্‌লেই ট্যাশ্‌ট্যাশ্‌ করে। [অনু.]।

ট্যাহা=[ফ, চা, পা, কুম]—বি. টাকা ॥ দশ্‌ ট্যাহার্‌ বাবার্‌ কবুলি।

ট্যাহা ট্যাহা=[চা]—ক্রি. বিণ. প্রত্যেকটি এক টাকা করিয়া ॥ মালদৈয়া আম্‌ ট্যাহাট্যাহা কৈরা বেচ্‌'তাসে। [<টাকা টাকা]।

ট্যাহাপাতা=[চা]—বি. টাকার ন্যায় গোলাকার পাতা বিশেষ ॥ ট্যাহাপাতার্‌ রশ্‌ খাইলে পেটের্‌ অসুখ্‌ সারে। [< টাকা পাতা]।

ট্যাহারা=[ফ]—বি. ঢেঁড়া ॥ ঐ গয়না নায়ে ট্যাহারা নার্‌সে আর্‌ দেরি নাই। [অনু.]।

ট্যাহৈশা=[নো]—বি. টাকা পয়সা ॥ হেতে ট্যাহৈশা লুচ্‌'চ'ামি করি উড়াইল্‌। [<টাকা পয়সা]।

টৈ

টৈক্কা যাওয়া=[ঢা]—ক্রি. কাহাকে জোরে শোরে আক্রমণের জন্য ধমকি দেওয়া ॥ অক্কে নক্কে টৈক্কা যায়।

টৈটৈ=[রং]—বি. নারিকেলের মালা দিয়া তৈরী হাতা বিশেষ ॥

টৈটৈ করা=[ঢা, ম]—ক্রি. ভবঘুরের মত বেড়ানো ॥ খালি টৈটৈ কৈরা বেরাও ক্যা। [ময়ু]।

টৈনা=[ফ, রা]—বি. বাঁশের কঞ্চি ॥ টৈনা দিয়া সিম্ গাসের্ যাকা দেও। [দেখ **ট্যানা** ; অর্থ প্র.]।

টৈন্=[চট্ট, নো]—বি. টিন ॥ টৈনর্ ঘর্ চাঁটিগা যেলাত্ কম্। [<টিন tin ইং]।

টৈন্না=[কুম]—বি. বাঁশের ছড়কা ॥ দেখ টৈনা]।

২=[কুম]—বি. বাঁশের দণ্ড ॥ টৈন্না দা গাসের্ আম্ড়ি পার্।

টৈয়া টৈয়া=[ফ]—বিণ. পাতলা পাতলা ॥ খেতে এইবার্ টৈয়া টৈয়া দান্ ঐসে। [অনু.]।

টৈয়্যা=[রা]—বি. আগা ॥ একেবারে টৈয়্যায় উঠা শোজা না।

টৈর্=[কুম]—বি. লগি ॥ টৈর দিয়া আম্ পারে।

টৈর‍্যামি=[ফ]—বি. ধোকাবাজী ॥ টৈর‍্যামি কৈরা আর্ কয়্দিন্ চ'লবা ?

টৈল্=[পা]—বি. অঙ্গুলি ॥

টৈল্ টুক্‌রা কাম্=[ম]—বি. ছোট খাট কাজ ॥ বারিত্ থাক্‌লে টৈল টুক্‌রা কাম্ একটু করন্ লাগে।

টৈশানো=[রং]—ক্রি. মরা ॥ তুই যাতে যাতে তোর্ বাপ্ টৈশাবে।

টৈশ্যা লাগা=[রং]—ক্রি. কাঁদিতে কাঁদিতে দম আটকাইয়া যাওয়া ॥ ছাওয়াডা কাঁদ্‌তে কাঁদ্‌তে টৈশা লাগচে।

টৌ

টৌ=[খু]—বি. ইঙ্গিত, টৌকা ॥ **তারে টৌ দিয়া** লৈয়া আয়্। [ধ্বন্যা.]।

টৌং=[ব, রা]—বি. কবুতরের ছোট কাঠের ঘর। [<টঙ্গ<তুঙ্গ সং]।

২=[খু]—বি. ঘরের ভিতরের মাচা ॥ টৌংগের্ উপ্‌রে গুড়্ আসে। [পূর্বে দেখ]।

৩ =[পা, ফ]—বি. বড়শির ফাতনা ॥

৪=[রং]—বি. চৌকি ॥ কাছারি ঘরে টৌং আছে। [দেখ টৌং]।

৫=[রা, দি]—বি. উঁচু ॥ অমন্ টৌং ডাংগা তার্ আবার্ এত দাম্। [দেখ টৌং]।

৬=[কু]—বি. ফসল কিংবা অন্য কিছু পাহারা দিবার জন্য ব্যবহৃত ঘর বিশেষ ॥ রহিম্ রাত্‌রে টৌংএ থাকে। [দেখ টোং ; অর্থ প্র.]।

টৌংগর্=[বা]—বিণ. দুষ্ট ॥ লোক্‌টা বর টৌংগর্। [<তুঙ্গ+র ; অর্থ প্র.]।

২=[ফ]—বিণ. যে একের কথা অন্যের কাছে লাগাইয়া ঝগড়া বাধায় ॥ বৌড়া যবর্ টৌংগর্। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

টৌংগশ্ টৌংগশ্=[রা]—অব্য. খোঁড়াইয়া হাঁটার শব্দ বিশেষ ॥ খুঁড়ি আল্ টৌংগশ্ টৌংগশ্ করে। [অনু.]।

টৌংগা=[য]—বি. আম পাড়িবার ছোট থলি ॥ টৌংগা কোটা আন্ আম্ পাড়ুম্। [<ঠোংগা<তুঙ্গ সং]।

২=[ম]—বি. বাঁকা ॥ বৈদে তক্‌তা গুলি টৌংগা ঐসে।

৩=[রা, দি]—বি. উঁচু ॥ অমন্ টৌংগার্ ডাংগা তার্ আবার্ এত দাম্। [দেখ টৌং]।

টৌংগি=[রা]—বি. বৈঠকখানা ॥ বড় বড় বাড়িতে টৌংগি আছে।

টংগুর্=[ঢা]—বিণ. ধুরন্ধর ॥ বেডাডা টৌংগুর্ দেইখ্যা এম্‌নে কতা কয়্। [দেখ টৌংগর্]।

টৌংটৌংগত্=[রা]—ক্রি. বিণ. উঁচুতে ॥ টৌংটৌংগত্ কাপড় পিন্‌দে কাচু আট্ ?

টৌংরাল্=[কু]—বি. দড়ির কাজে ব্যবহৃত বাঁশের বেত ॥

টৌংরা=[ফ]—বি. সুতার বীজ ॥

২ =[রং]—বি. হাড় ॥ তোর্ মতন্ টৌংরাচাটা দুনিয়াত্ নাই।

৩=[রা]—বিণ. ঘন ঘন মত পরিবর্তন কারী ॥ টৌংরা লোকের্ কথায় আস্থা রাখা ঠিক্ না।

৪=[ম]—বিণ. খণ্ড ॥ কুত্তায় এক্ টৌংরা গোস্ লৈগেসে। [<টুমরা< স্তোম সং+রা প্র]।

৫ =[রা]—বিণ. নড়বড়ে ॥ টৌংরা ঘর্‌টা তুফান্ এলেই পড়ে জাবে।

টৌংরামি=[ফ]—বি. একের কথা অন্যের কাছে লাগাইয়া ঝগড়া সৃষ্টি করণ ॥ বৌড়া যবর্ টৌংরামি করে। [তুং নোংরামি]।

টৌক্=[রা]—বি. রাগ ॥ টৌক্ করলে নাকি ?

টৌক্‌কো=[রা]—বি. জীব বিশেষ ॥

টৌক্ খিলা=[রা]—বি. খেলা বিশেষ ॥

টৌডা=[চট্ট]—বি. গলদেশ ॥ পুয়াউয়ার্ টৌডায় মাসর্ কাঁডা লাইগ্‌গে। [<টুঁটি<টেঁটি হিং ; ত্রোটি সং]।

টৌয়া=[চট্ট]—বি. ছোট কূপ বা জলাশয় ॥ টৌয়াউয়ার্ পানি হেকাষতে রাইক্য।

টৌয়াটুই=[চট্ট]—বি. খেলা বিশেষ॥ পোয়ান্ টৌঁয়াটুই খেলে। [<টোকা-টুকি]।

টৌয়ানো=[চট্ট]—ক্রি. খোঁজ করা, তালাশ করা॥ হিতারে কয়দিন্ ধরি টৌঁয়াই পাওয়া ন যায়ের্।

টৌয়ালা=[চট্ট]—বি. বেতের ছড়া॥

টৌয়ানো=[চট্ট]—ক্রি. খোঁচান॥ ঘা ন টৌঁয়াইশ্।

টৌর্=[রা]—বি. অড়হর॥

টৌকর্=[রা]—বি. ছই॥ নায়ের্ টৌকর্। [<টোপর<স্তূপ সং+র প্র.]।

২=[খু, রা]—বি. কোচড়॥ বেডিডার্ টৌকরে শাক্ আসে (খু)। [<টুকরী<টৌকরী হিং; অর্থ প্র.]।

৩=[রং]—ক্রি. টোকা॥ আংগুল্ দিয়া টৌকর্ মারেক্। [<ঠোকর; অনু.]।

টৌকল্=[ফ]—বি. ধানের তুষ॥ দশ্শের্ দানে টৌকল্ ঐল একশের্।

টৌকা=[ব]—বি. পোঁটলা, ঝুড়ি॥ তার্ টৌকাত্ কিরে? [টুকরী; তুং টোকরী হিং]।

টৌকাটুকি=[পা, চট্ট]—ক্রি. খোঁজা-খুঁজি॥ [<টোকা+টুকি; অনু.]।

টৌকা দেওয়া=[ব]—ক্রি. ঝাড়া॥ ধান্ টৌকা দেও।

টৌকানো=[পা, চট্ট]—ক্রি. খোঁজ করা॥ [দেখ টৌকাটুকি; নামধাতু]।

টৌকোর্=[ফ]— বি. কাপড়ের থলি॥ আমগুলা টৌকোর্ পাইত্যা লও। [<টোকরী হিং; অর্থপ্র.]।

টৌক্=[ঢা]—বি. বোলতার ডিম॥ টৌক্ দিয়া কৈ মাস্ দর্। [<টোপ]।

২=[রং]—ক্রি. কুদৃষ্টি॥ শাবার্ শময় টৌক্ দিলে প্যাটে অশুখ্ হয়্।

৩=[কুম]—বি. খোঁজ॥ চোঁরের্ টৌক্ পাইসি।

টৌক্কর্=[চট্ট]—বি. ঠোকর॥ পাইগর্ টৌক্করে বিশ্ কম্ নম্।
[<ঠোকর হিং; অনু.]।

টৌক্কা=[বা, কুম]—ক্রি. টোকা॥ মাইয়াডা এত শুন্দরি যে মনে অয় টৌক্কা দিলে লৌ পর্ব॥

টৌক্মা পাড়া=[পা]—ক্রি.বি. ভিখা-রীর ন্যায় প্রার্থনা করা॥ মান্শির্ কাসে টৌক্মা পাড়ার্ টক্টা তোর্ গেল্ না।

টৌক্রা=[ফ]—বি. এক প্রকার আগাছার বীজ॥ মুশুরিত্ বহুত্ টৌক্রা আসে, বাইচ্যা ফালাও।

২=[রা]—বি. গাছ বা চারা ঢাকিয়া রাখিবার সরঞ্জাম বিশেষ। [<টোপর +আ প্র.; টোপ হিং]।

৩=[ব,রা]—বি. গরুকে পানি খাও-য়াইবার ধামা জাতীয় পাত্র॥ [টোকরা হিং; অর্থ প্র.]।

৪=[ঢা, রা]—বি. দোষ, বাধা॥ ভাল কাজে টৌক্রা পড়ে বেশি (রা)।

টৌক্রাই=[রং]—বি. শামুক॥ ছাওয়াটা টৌক্রাই দিয়া ঠ্যাঙ্ কাটিছে।

টৌক্রা করা=[রা]—ক্রি. অসন্তোষ বশতঃ খুঁতখুঁত করা॥ এত্তোদিন্ ভল তাও টৌক্রা কর্ছিশ?

টৌক্রা কাটন্=[বা]—ক্রি. ছল ধরা। তুই টৌক্রা কাটিছ না ভাই।

টৌক্রা দেওয়া=[রা]—ক্রি. বি. ফোড়ন দেওয়া॥ শব্ কিছুতেই টৌক্রা দেওয়া ওর্ অভ্যাশ্।

টৌগা=[কুম]—বি. খোঁজ॥ টৌগা নৈ চাঁইলাম্, তার্তন্ টৌয়া নাই।

টৌগানো=[কু]—ক্রি. খোঁজ করা॥ হাডে টৌগাঁই কি মানুশ্ বার্ করন্ যায়্। [দেখ টৌপা+নো প্র.]।

টৌগ্লামি=[ম]—বি. দুষ্টামি॥ বেশি টৌগ্লামি কৈর্লে মাইর্ খাবি। [অনু.]।

২=[ঢা]—বি. চোগলখুরি, নিন্দা॥ হেয়্ খবর্ টৌগ্লামি যানে।

টৌটা ফাটা=[পা]—বি. ছিঁড়াফাড়া॥ কাপড়ে টৌটাফাটা নাইতো? [টুটা ফুটা হিং]।

টৌটামি=[ম]—বি. দুষ্টামি, ঠগবাজি॥ টৌটামি কৈরা কয়দিন্ চ'লবায়্।

টৌটি=[ঢা]—বি. বদনার নল॥ টৌটি বাংলা কেব্নে। [<টুঁটি<ত্রোটি সং=চঞ্চু; অর্থ প্র.]।

টৌট্=[ম]—বিণ. দুষ্ট, ঠগ॥ লোক্টা বড় টৌট্। [<টাউট tout ইং]।

টৌট্কা=[চট্ট]—বি. কণ্ঠা॥ মাসের্ টৌট্কাড়া হালাইদে। [দেখ টৌটি]।

টৌট্কা টাট্কি=[রং]—বিণ. খুঁটি-নাটি, এটাসেটা॥ শে খুব্ টৌটকা-টাটকি কাম্ জানে। [অনু.]।

টৌট্কা নাট্কি=[ঢা]—বি. ঝাড়ফুঁক॥ টৌট্কা নাট্কি কৈর্লেই বালা ঐব। [অনু.]।

টৌট্কা পুঁজি=[রা]—বি. সামান্য তহবিল॥ [<টুটকা হিং; তোটক সং]।

টৌট্ টেইংরা=[চট্ট]—বি. বৃক্ষ-কোঠরবাসী চ্যাপ্টা মুখওয়ালা সরীসৃপ বিশেষ॥

টৌট্ টেং=[কুম]—বি. এক প্রকার বিষাক্ত প্রাণী॥ টৌট্টেঙে কামুর্ দিলে মানুশ্ বাচে' না।

টৌট্রা=[ম]—বি. গরুর চোয়ালের নীচের অংশ॥ [টুঁটি<ত্রোটি সং+রা প্র; অর্থ প্র.]।

টৌট্লা=[ঢা]—বি. রসের ভারে ফোলা॥ তার্ গলাত্ টৌটলা নাম্সে।

টৌঠা=[রা]—বি. গলার টন্সিল॥ ঠান্ডা লেগে টৌঠা বাড়লে গলা ব্যাথা করে। [<টুঁটি<ত্রোটি সং; অর্থপ্র.]।

টৌডা=[ফ]—বি. লোকসান, ঘাটতি॥ এই মাশে বড় টৌডা গেসে। [<টৌটা <টুটা হিং; ত্রুট্ সং]।

২=[ঢা, কুম]—বি. ফল ফুল পাড়ি-বার আঁকশি॥

টৌড়া=[রা]—বি. কর্তিত ধানের গোড়া হইতে উদ্গত চারা॥

২=[রং, দি]—বি. লগি॥ টৌড়া দিয়া আম্ পাড়॥

টৌড়ৈ=[রং]—বি. মুরগী॥

টৌনক্=[পা]—বিণ. জেদি, তেজি, কর্মী॥ গরুটা বড় টৌনক্। [<টনক <টঙ্ক; অর্থ প্র.]।

২=[ফ]—বিণ. শক্ত ॥ তোমার হস্ত পাও লোহার্ মতন্ টোনক্। [পূর্বে দেখ]।

টোনা=[পা]—বি. চশমা ॥ পুরা মানুশির্ টোনা লাগে।

২ =[ফ, রা]—বি. খেজুর গাছ কাটিবার সময় দা রাখিবার জন্য কোমরে বাঁধা থলি ॥ [<টোন ম. বাং <তূন সং=বাণাধার ; অর্থ প্র.]।

৩=[ঢা]—বি. যাদু, স্বামী বশ করিবার মেয়েলি প্রক্রিয়া ॥ [<টোনা হিং]।

৪ =[ম]—বি. আঁচল ॥ টোনা পাইত্যা মুরি লও।

৫=[ব, র]—বি. জালের কোণ ॥

৬=[ফ, রা]—বি. মাছ রাখিবার বাঁশের তৈরী পাত্র ॥ মাগুর্ মাসের টোনা। [দেখ টোনা, ; অর্থ প্র.]।

৭=[রা, দি]—বি. মাছ ধরার যন্ত্র বিশেষ ॥ নালার্ মুখে টোনাটা বসাই দে। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৮=[কুম, পা. ফ]—বি. গরুর মুখোশ বিশেষ ॥ [পূর্বে দেখ ; অর্থপ্র.]।

৯=[চট্ট]—বি. টুনটুনি পাখী ॥ টোনা পৈকে খালি ফুরুত্ ফুরুত্ করে। [অনু.]।

টোনা বাল্=[পা]—বি. এক প্রকার জাল ॥ টোনাবালে ইলুশা মাস্ উঠে।

টৌনি=[ফ]—বি. বাঁশের কঞ্চি ॥ [দেখ টনি <টহ্নী হিং=ছোট ডাল]।

টৌন্=[পা]—বি. বড়শির ফাৎনা ॥ টৌন্ ডুবলে বড়শি টান্ দিতে হয়।

২ =[রা]—বি. ইশারা, ইঙ্গিত ॥ টৌন্ করলে হাজির্ হব।

৩ =[রং]—বি. পাত্র বিশেষ ॥ টোনত্ কি ? [দেখ টোনা]।

টৌন্কো=[কু]—বিণ. শক্ত ॥ ছেলেটা বেশ্ টৌনুকো। [<টনক <টঙ্ক+ও প্র.]।

টৌন্ভরা=[রং]—বি. কণ্ঠ দেশ ॥ তোমার্ টৌন্ভরা ফুলা। [<টটি< ত্রোটি+রা প্র.]।

টৌন্ডা=[কুম]—বি. কুটা, বাঁশের লম্বা সরু দণ্ড বিশেষ ॥ টৌনডা দিয়া আম্ পার ॥ [টহ্না হিং=ডাল ; অর্থ প্র.]।

টৌপর্=[রা]—বি. ছৈ ॥ তাদের্ টৌপর্ খানা হামাগ দেবে না ? [< টোপ হিং+র ; স্তূপ সং]।

টৌপা=[রা]—বি. শুকনা কুল ॥ টৌপার্ চাট্নি বড় শাদ্।

২=[রং]—বি. সুন্দরী ॥ এইকন্যা টোপা কনে ॥ [<তোফা <তুহ্‌ফ: تحفہ আ:]।

৩=[রং]—বি. গরুর মুখের ঢাকনি ॥ গরুর মুখত্ টোপা দে। [<টৌপর ; অর্থপ্র.]।

৪=[ম]—বি. হ্যাটের আকৃতিবিশিষ্ট বাঁশের ছাতা ॥ [<টোপ+আ প্র. ; স্তূপ সং]।

৫=[রা, দি]—বি. চারাগাছ ঘিরিবার জন্য বাঁশের তৈরী গোলাকার বেড়া ॥ আমের্ চারাটাত্ টোপা দেও। [পূর্বে দেখ]।

৬=[পা, ব. রা]—বি. ঘাস লইবার পাত্র বিশেষ ॥ এক টোপা ঘাস আইনা। [পূর্বে দেখ ; অর্থ প্র.]।

৭=[খু]—বি. ঝুড়ি ॥ [পূর্বে দেখ]।

টৌপা টাঁপির্ খেলা=[ঢা]—বি. তামাশা ॥ [টেপাটেপির খেলা ; বাগ্ধারা]।

টৌপানো=[রং]—ক্রি. ঢুলু ঢুলু হওয়া ॥ ছাওয়াটা নিন্দে টৌপে।

টৌপা থাকা=[চট্ট]—ক্রি. সুযোগ সন্ধান করা ॥ বাগ্‌দাশুঁরা মুরুগির্ লাগি টোপে রৈয়ে।

টৌপ্=[ঢা, চট্ট, কুম]—বি. সাহেবী টুপি, হ্যাট্ ॥ বিলাতি শাবেরা টৌপ্ মাথাত্ দেয়্। [দেখ টৌপা ৪]।

২ =[খু]—বি. বিন্দু ॥ পানির টৌপ্। [ফোট<ফোটা ; বর্ণ বিপর্যয়]।

টৌপ্কো=[সি]—বিণ. সংক্ষিপ্ত ॥ টৌপ্কা কথাডা বুঝ্লাম্ না।

টৌপ্কালো=[ঢা]—ক্রি. কভবান ব্যথা করা, লাফ দিয়া পার হওয়া ॥ গাওডা পাক্সে বুঝি, এলুলেগা টৌপ্কায়্। [<টপকান হিং]।

টৌপ্পা=[রা]—বিণ. সুন্দর ॥ কি টৌপ্পা ফুল্ ফুইট্চে। দেখ টৌপা]।

টৌপ্লা=[রং, ব, ম, রা, দি, খু]—বি. পুঁটলি, পোঁটলা, বস্তা ॥ [<পোঁটলা ; বর্ণ বিপর্যয়]।

টৌপ্লা টুপ্লি=[সি, ফ, খু]—বি. পোঁটলা পুঁটলি ॥ বুরি টৌপ্লা টুপ্লি লৈয়া বাগ্সে। [পূর্বে দেখ]।

টৌপ্লা বাঁধা=[রং]—ক্রি. গুপ্ত তহবিল করা ॥ মুই জানো তুঁইতো টৌপ্লা বাঁধ্চিস্। [দেখ টৌপ্লা+ বাঁধা]।

টৌপ্রা=[রা]—বি. গাছ বা চারা আবৃত করিবার সরঞ্জাম বিশেষ ॥ [টৌপরা +আ.প্র.]।

টৌপ্রি=[পা]—বি. মাটি কাটার ঝুড়ি ॥ [<টৌকরি হিং]।

টৌফা=[ঢা]—বি. খেলিবার ছোট হাঁড়িকুড়ি ॥ খুকির্ টোফা বাংগসে কেডা ? [টোপা]।

টোব্=[ম]—বি. খণ্ডদ্বীপ সদৃশ স্থান ॥ পাইকপাড়ায় টোবে আমরার্ খেওয়া নাও বিরায়্।

টোবা=[কুম]—বি. বড়শি ফেলিবার জায়গা ॥

২=[কুম]—অব্য. মাছ আহ্বানের শব্দ ॥ টোবা দিলে মাস্ আইয়ে। [ধ্বন্যা.]।

৩=[কুম, পা]—বি. মাটির পাত্র ॥ টোবায় গুর্ রাখে।

৪=[নো]—বি. ছোট জমি ॥

৫=[ব, পা]—বি. জামির লেবু ॥ [টাবা]।

৬=[ব, রা]—ক্রি. তন্দ্রা হওয়া ॥ পড়াশুনা রেখে সেলেরা টোব্সে (ব)।

টোবা টোবা=[পা]—ক্রি বিণ. ফোলা ফোলা ॥ মশাটা রক্ত খায়া টোবা টোবা হসে। [অনু.]।

টোবা দেওয়া=[কুম]—ক্রি. আওয়াজ করা ।। চাঁইতুন্ মাসে টোবা দেয়্ ।

টোবানো=[রা]—ক্রি. উপরে নীচে উঠানামা করা ।।

টোব্যা=[কুম]—অব্য. বড়শী দিয়া পানিতে মাছ আহ্বানের শব্দ বিশেষ।। টোব্যা দাও। [ধ্বন্যা.]।

টোব্=[কুম]—বি. ছোট পোকা, বোলতার ডিম ।। বর্‌লার্ টোব্‌দি বর্‌শি ফালাইলে মাস্ আর্ ফিরে না। [<টোপ]।

২=[ফ]—বি. বড়শির ফাৎনা ।। বর্‌শির্ টোব্ দিতে এক্‌টা হর্‌মাইল্ লৈয়া আয়্।

টোব্‌বর্=[রা]—বি. গাড়ির আবরণ।। [<টোপর<টোপ হিং +র; অর্থ প্র.]।

টোব্‌লা=[ম]—বি. পোঁটলা ।। তোমার্ টোব্‌লাত্ কি? [<পোঁটলা; বর্ণ বিপর্যয়]।

টোব্‌লা দেওয়া=[কুম] — ক্রি. ফোলা ।। তার্‌পায়ের্ কোরাড়া টোব্‌লা দিয়া উঠ্‌সে। [<টোপ<স্তূপ +লা প্র.+-দেওয়া]।

টোয়া=[খু]—বি. খাদ্যস্থলী ।। মটর্ খাইলে টোয়া ফুলে।

টোম্=[চা]—বি. বড়শির ফাৎনা ।। সিপ্ দিয়া মাস্ দরতে টোম্ লাগে।

টোয়ঁর্=[চট্ট]—বি. ঠোকর ।। হাপে টোয়ঁর্ দিয়ে। [<ঠোকর হিং]।

টোয়ঁরা টোয়ঁরি=[চট্ট]—বি. মনো মালিন্য ।। টোঁয়রা টোঁয়রি ন গরিশ্। [দেখ টোয়ঁর্; অর্থ প্র.]।

টোয়ঁলা=[চট্ট]—বি. খোসা ।। আমর্ টোঁয়লা।

টোয়া=[ম, ফ]—বি. কল্কির ছিদ্রের ব্যবহৃত মাটির ছোট টুকরা ।।

২=[পা]—বি. পানি মাপার উপকরণ বিশেষ ।।

৩=[কুম, চট্ট]—বি. ডোবা ।। পচা টোয়াত্ মশা বরা।

৪=[ফ]—বি. চিহ্ন, নিশানা ।। গাংগে আইড়্ মাসের্ গাদে টোয়া দিয়া রাইখ্যা পরে কো'চ্‌দিয়া কোপাইয়া মাস্ পাওয়া যায়্। [<টোকা; অনু.]।

৫=[রা]—বি. ইসারা, ইঙ্গিত ।। [<টোকা]।

টোয়াটুয়ি=[চট্ট]—বি. অনুসন্ধান, খোঁজাখুঁজি ।। হাঁযাইল্যা সোট পোয়াউয়ার্ লাগি টোয়াটুয়ি লাগি গৈ।

টোয়া ধরা=[পা]—বিণ. ফুলিয়া যাওয়া ।। বিম্‌রুলের্ কাম্‌রে শরিরে টোয়া ধের্‌চে'।

টোয়ানো=[পা, চট্ট]—ক্রি. কুড়ান ।। আম্ টোয়াই আন্। [<টোহ্‌না হিং]।

২=[রা]—ক্রি. ছলে বলে আকৃষ্ট করা ।। তুই অমন্ কর্‌যা টুয়াচ্‌চু' ক্যা?

টোয়াবান্=[কুম]—বি. বেতের বাঁধন ।। বেরার্ টোয়াবান্ টিহে বেশি। [<টোয়া+বাঁধ]।

টোয়াল্=[নো, চট্ট]—বি. নারিকেল গাছের খোল ।। কাম্‌লা টোয়াল্‌দি চা'লের্ কুয়া বান্‌দে।

টোয়া হালানো=[চা]—ক্রি. মাপা ।। টোয়া ফালাই দেহ এহ্যানে কতহানি পানি।

২=[চা]—বি. কোন উদ্দেশ্যমূলক কথা বা মনস্কামনার অপেক্ষায় থাকা ।। মোল্‌লা বাড়ি যাইয়্যার্ বিয়ার্ টোয়া হালাইসি। [<টোপ+ফেলানো; অর্থ প্র.]।

টোরা=[পা]—বি. কর্তিত ধান গাছের গোড়া হইতে নির্গত চারা ।।

২=[কুম]—বিণ. যাহা সিদ্ধ হয় নাই ।। কচুঁড়া টোরা রৈসে।

টোরাটারি=[চা]—বিণ. ছোট খাট ।। টোরাটারি লোক্। [অনু.]।

টোরা মাছ্=[রং]—বি. কচ্ছপ ।। চাড়ালেরা টোরা মাছ্ খায়্।

টোরি=[চা—বিণ. ছোট বা কচি ।। টোরি আর্ কপ্‌টি লাগে।

টোরো মোরো করা=[রং]—ক্রি. না বাড়া ।। রশ্ অভাবে লাউ গাছে টোরো মোরো করে।

টোর্‌কি=[ফ]—বি. নারিকেলের কড়া ।। নাইর্‌কলের্ টোর্‌কিগুলা কডায় (=ইঁদুর) কাইট্যা হালাইসে।

টোলা=[খু]—বি. চাক ।। ভিম্‌রুলের্ টোলায় যা পড়্‌লে তার্ রখ্যা নাই। [দেখ টোলা৪]।

২=[ম]—বি. উকুন ।।

৩=[কুম]—বি. জীব বিশেষ, বন-বিড়াল ।।

৪=[বা]—বি. পাড়া ।। মুই উত্তর্ টোলা যাও। [<টোলা হিং]।

টোলানো=[চা]—ক্রি. দোলা, ঝুল খাওয়া ।। কোশাটা খালি টোলে। [< তুং দোলা]।

টোলা বেড়ানো=[পা]—ক্রি. পাড়ায় পাড়ায় বেড়ান ।। এত টোলা বেড়াইলে কাম্ কর্‌বে কে? [দেখ টোলা৪+বেড়ান]।

টোল্=[ক]—বি. আস্তানা ।। বেদ্-নৈরা মাগুরার্ টোল ফেলিসে। [দেখ টোলা]।

টোশা=[দি]—বি. বধির ।। তোর্ টোশা কান্‌গুলা দি শুনা পাইছিল্।

টোশ্=[রং]—বি. রাগ ।। কি কনু মুই জে অমন্ টোশে জলে গেলু।

২=[কুম]—অব্য. অস্পষ্ট আওয়াজ ।।

টোশ্‌কানি=[চট্ট]—বি. ঠমক, গর্ব, ভাবভঙ্গি ।। হিতে কত টোশ্‌কানি দেখাইব?

টোশ্ খাওয়া=[পা]—ক্রি. আঘাত লাগিয়া দাবিয়া যাওয়া ।। কল্‌সিডা টোশ্ খাইসে।

টোহর্=[বা]—বি. কোচড়, পরণের কাপড়ে কৃত্রিম থলি ।। টোহর্ পাইত্যা সেরিডা ফুল আন্‌তাসে। [<টোপরা; টোপলা (বর্ণ বিপর্যয়; পোঁটলা); অর্থ প্র.]।

টোহা=[নো, ফ]—বি. মাটির ছোট পাত্র ।। দৈ পাড়তে টোহা লাগে।

টোহানো=[কুম বা]—ক্রি. কুড়ান ।। আম্ টোহাইয়া আন্।

টৌহোর্=[ফ]—বি. পরনের কাপড় গুছাইয়া প্রস্তুত করা থলি ॥ আম্গুলা টৌহোরে পাইত্যা লও। [দেখ টৌহর্]।

টৌ=[নো]—বি. গামলা ॥ টৌটাত্ আগ্রাও।

২=[রং]—বি. ছুই ॥ [<টুই < তুঙ্গ সং]।

৩=[সি,রং]—বি. ভাতের ডেকচি ॥ ঐ টৌটাতে কি থুচিশ্ (রং)?

টৌটাইলা=[ম]—বি. লক্ষ্মীছাড়া. ভবঘুরে ॥ টৌটাইলা মানৈশের্ উন্নতি নাই।

টৌ টৌ=[রং]—অব্য. টৌ টৌ ॥ চ্যাংরাটা শারাদিন টৌটৌ করি বেড়ায়। [অনু.]।

টৌয়্যান্=[ঢা]—ক্রি. ভেংচান ॥ তুই এত টৌয়্যাশ্ ক্যান্।

টৌয়্যা লাগা=[ঢা]—ক্রি. কোন জীব বা গাছ বর্ধিত না হওয়া ॥ হব্যা আম্গুলি টৌয়্যা লাগ্যা রৈসে।

টৌর্য়া=[কুম]—বিণ. সিদ্ধ করা সত্ত্বেও যাহা শক্ত থাকে ॥ বাগুন্ডি হিবে নাই, টৌর্য়া ঐয়া রৈসে।

টৌলা=[খু]—বি. মৌচাক ॥ মৌমাসির টৌলায় হা পড়্লে বিপদ্। [<টৌলা' হিং; অর্থ প্র.]।

টৌল্ডা=[বা]—বিণ অকালপক্ক ॥ টৌল্ডা আম্ মযা না।

টৌল্লানো=[ঢা]—ক্রি. মুখ ভ্যাংচানো ॥ কতায় কতায় টৌললাও ক্যা'।

ঠ

ঠঅক্=[চট্ট]—বি. ঠমক ॥ সোট বৌয়ের্ ঠঅক্ দেখ্লে কেন্ কেন্ লায়ের্। [<ঠমক <ঠিমাথ; কিংবা ঠুমক হিং]।

ঠওশ্ ঠওশ্=[সি]—অব্য. শব্দ বিশেষ ॥ ফাডা বাশ্টা ঠওশ্ ঠওশ্ কর্তাসে। [ধ্বন্যা.]।

ঠং=[নো]—বি. ভান ॥ ঠং দৈন্সে। [<ঢং]।

ঠংঠংগিয়া=[রং]—বিণ. লম্বা ॥ ঠংঠংগিয়া লোক্টা ন্যাড়ুবেড়িয়া হাটে। [<ঠংঠং (অনু.)+ইয়া প্র.]।

ঠক্=[চট্ট]—বি. ছল, ছুতা, আবদার ॥ মাইয়ালা কত ঠঁক্ যানে। [দেখ ঠঅক্]।

ঠক্কর্ দরা=[ঢা]—ক্রি. রাগ করা ॥ [<ঠোক্কর+ধরা]।

ঠক্কোর্=[খু]—বি. টক্কর ॥ হাড়িতে হাড়িতে ঠক্কোর্ লাগ্যে। [<ঠোক্কর, ঠোকর]।

ঠক্ঠকানো=[নো]—ক্রি. জিজ্ঞাসা করা, পারোয়া করা ॥ [<ঠক্ ঠক্ (অনু.)+আনো প্র.]

ঠক্ঠকে=[খু]—বিণ. কষ্টসাধ্য ॥ কাম্টা বড় ঠক্ঠকে। [<দেখ ঠক্ঠকানো; ঠক্ঠক্+এ প্র.]।

ঠক্ পিডা=[ঢা]—বি. এক প্রকার পিঠা ॥ ঠক্পিডা নামেও ঠক্ কামেও ঠক্।

ঠক্ বিচি'=[চট্ট]—বিণ. নিকৃষ্ট।

ঠগর্ ঠগর্=[কুম]—অব্য. এক প্রকার আওয়াজ ॥ বাশের্ বিতর্ ঠগর ঠগর্ কৈরা পানি নরে। [ধ্বন্যা.]।

ঠগা=[রা]—বি. বক ধরিবার ফাঁদ বিশেষ ॥

২=[খু]—বিণ. ক্ষতিকারক ॥ ঠগা কাযে যায় কে? [<ঠকা]।

ঠগাঠগি=[সি]—বি. প্রতারণা, প্রবঞ্চনা ॥ কেঐর্ লগে ঠগাঠগি কৈরো না। [<ঠগ্ (<স্থগ সং) হিং+আ প্র.+ঠগ+ই প্র.]।

ঠগামি=[সি]—বি. বেচাকেনায় কম দেওয়া ॥ [<ঠকামি, ঠগামি; ঠগ, ঠক+আমি প্র.]।

ঠগি=[সি]—বি. মাছ মারার যন্ত্রাদির কাঠের বাট ॥

ঠগ্ঠগামি=[সি]—বি. প্রবঞ্চনা ॥ [দেখ ঠগাঠগি]।

ঠগ্বগ্==[সি]—ক্রি. বিণ. অল্প, কম ॥ যা আশা করসি তার্ ঠগ্বগ্ পাইসি। [অনু.]।

ঠটিবটি=[ম]—বিণ. অনুল্লেখযোগ্য তরকারী ॥ এই ঠটিবটি দিয়া কি বাত্ খাওন্ যায়? [অনু.]।

ঠটে=[খু]—বিণ. ধূর্ত ॥ ঠটে লোকের্ পাল্লায় পর্লে বিপদ্।

ঠট্কা=[রা]—বি. দ্বিধা, বাধা। কোনো ঠট্কা করো না। [<খটকা হিং; বর্ণ বিপর্যয়]।

ঠট্টরি=[রা]—বি. ঠোঁট কাঁটা হাড় ইত্যাদি ॥ হামার্ ভাগত্ থুচে মাছের্ ঠট্টরি।

ঠঠ্ঠরানো=[কুম]—ক্রি. শীতে কাঁপা ॥ সেরাডা যারে খালি ঠঠ্ঠরাইয়া তাসে। [<ঠর্ঠর্ (অনু.)+আনো প্র.]।

ঠডিবডি=[ঢা]—বি. অখাদ্য, কুখাদ্য ॥ ঠডিবডি খাইয়া আর্ বান্ বাচে' না। [দেখ ঠটিবটি]।

ঠড়া=[ব]—বিণ. কৃশ ॥ ঠড়া গাই।

ঠড়ানো=[চট্ট]—ক্রি. স্থায়ী হওয়া, বাঁচিয়া থাকা ॥ [তুং টৈরনা হিং]

ঠড়্ মরা=[ব,রা]—বিণ. হাড্ডিসার, দুর্বল ॥ [অনু.]।

ঠনা=[কুম]—বিণ. শক্ত ॥ ঠনা মাটি। [দেখ ঠন্ঠন২]।

২=[কুম]—বিণ. পরিষ্কার, ফটফটে ॥ ডাবের মদ্যে ঠনা পানি ॥ [দেখ ঠন্ঠনা]।

৩=[কুম]—বিণ. এক প্রকার গাছ ॥ ঠনা গাসে বোয়াল্ অয়।

৪=[সি]—বি. ছাল ॥ লেবুর ঠনা।

৫=[কুম]—বি. যাহার উপর কুপি রাখা হয় ॥ দোয়াত্‌রা ঠনার্ উপ্‌রে রাখ্। [<টহ্‌না হিং]।

৬=[কুম]—বি. মাটির নীচের পোকা বিশেষ ॥ ঠনা গাসের্ গোরা কাডে।

৭=[সি]—বি. তাক ॥ বৈখানা ঠনাতে রাখি দাও। [দেখ ঠনা ; অর্থ প্র.]।

৮=[সি]—বি. কলস রাখিবার মাটির মাচা ॥ ঠনা উচু' কৈরা বানান্ লাগে। [দেখ ঠনা]।

৯=[চট]—বি. 'ডুপ' নামক মাছ ধরিবার ফাঁদের পশ্চাদ্‌ভাগ ॥

ঠনাঠন্=[কুম]—অব্য. আওয়াজ বিশেষ ॥ টিনে টিনে গশা লাগ্‌লে ঠনাঠন্ আওয়াষ্ অয়্। [ধ্বন্যা.]।

ঠনাত্=[রং]—ক্রি. বিণ. হঠাৎ ॥ চ্যাংরাটা ঠনাত্ করি টাকাটা হারেয়া আশিল্। [অনু.]।

ঠনা মাটি=[কুম]—বি. এঁটেল মাটি ॥ ঠনা মাটি গায়া কায্ ঐত না। [দেখ ঠন্‌ঠনা₁]।

ঠনে=[ম]—অব্য. থেকে ॥ কার্ ঠনে নিবি ? [<থনে=হইতে]।

ঠন্=[সি]—বি. কলসাদি রাখিবার জন্য তৈরী উঁচু তাক ॥ ঠনের্ উপ্‌রে ঠিল্‌লা রাখে। [দেখ ঠনা]।

২=[বা]—অব্য. এক প্রকার শব্দ ॥ ঠন্ কৈরা শব্দ ঐল্। [ধ্বন্যা.]।

ঠন্‌কা=[সি]—ক্রি. বিণ. অনায়াসে, বিনা পরিশ্রমে ॥ ঠন্‌কা ট্যাহা পাইলে খরচ' কর্‌তে মায়া লাগে না। [< ঠুনকা ; অর্থ প্র.]।

২=[ঢা]—বি. চুক্তি, আনুমানিক হিসাব ॥ ঠন্‌কা কামে লাব্ নাই।

ঠন্‌ঠনা=[পা]—বিণ. খালি ॥ [< ঠন্‌ঠন্(অনু.)+আ প্র.]।

২=[সি]—বিণ. কাদাশূন্য ॥ ঠন্‌ঠনা পথ। [অনু.]।

ঠন্‌ঠনাই=[চট]—ক্রি. বিণ. দ্রুত ॥ হিতে ঠন্‌ঠনাই চ'লি গেইয়ে। [< ঠন্‌ঠন্ (অনু.)+আ+ইয়া প্র.]।

ঠন্‌ঠনিয়া=[বা]—বিণ. শক্ত, যাহাতে ঠনঠন শব্দ হয় ॥ মাটি ঠন্‌ঠনিয়া ঐসে ॥ [দেখ ঠন্‌ঠৈন্যা]।

ঠন্‌ঠনে=[খু]—বিণ. চালাক ॥ সেলেটা বর ঠন্‌ঠনে। [<ঠন্‌ঠন্ (অনু.)+এ প্র.]।

২=[রা]—বিণ. খরখরে, শুষ্ক, কাদাহীন ॥ ঠন্‌ঠনে ঘাট্। [অনু.]।

ঠন্‌ঠন্=[ঢা]—অব্য. কিছুই না ॥ মুখে বর ফাযিল্ কামের্ নামে ঠন্‌ঠন্। [অনু.]।

২=[কুম, পা]—বি. শূন্যতাজ্ঞাপক আওয়াজ ॥ চ'উলের গরা ঠন্‌ঠন্ কর্‌তাসে। [ধ্বন্যা.]।

ঠন্‌ঠন্ গন্‌ডা=[ঢা]—ক্রি. বিণ. কিছুই না ॥ তুমি যান ঠন্‌ঠন্ গন্‌ডা। [দেখ ঠন্‌ঠন্=গণ্ডা (<গণ্ডক সং]।

ঠন্‌ঠৈন্যা=[বা, ঢা]—বিণ. বেশী, যথেষ্ট ॥ এই পথ্‌টা এক্‌কেলে ঠন্-ঠৈন্যা হগ্‌না। [দেখ ঠন্‌ঠনা + ইয়া প্র.]।

ঠন্‌মনে=[খু]—বিণ. দুর্বল ॥ সেলেটা বর ঠন্‌মনে। [<ঠন্‌মন্ (অনু. + এপ্র.]।

ঠবর্ ঠবর্ =[সি]—বি. ফাজলামি ॥ বেডা ঠবর্‌ঠবর্ করিস্ না। [অনু.]।

ঠব্‌গা=[ফ]—বি. হাতা, যাহা দিয়া ভাত নাড়া হয় ॥

ঠবঠবাঠব্=[কুম]—ক্রি. বিণ. কিছুইনা ॥ [অনু.]।

ঠব্‌লা=[ফ]—বি. হাতা, ভাত না'ড়ি-বার উপকরণ ॥ [দেখ ঠব্‌গা]।

ঠমোক্=[রং]—বি. দেমাক ॥ মায়্যা-কোনার্ ঠমোক্ কত। [ঠমক ; দেখ ঠঁক্]।

ঠয়র্=[চট]—বি. ঠাহর ॥ ওবা ঠয়র্ পাও না ?

ঠরা=[নো]—বিণ. শক্ত ॥ [দেখ ঠক্কা]।

২=[রং]—ক্রি. থামা ॥ এক্‌বরা ঠৈর্যা কায্ কর্। [দেখ ঠড়ানো]।

৩=[ব]—বিণ. কৃশ ॥ ঠরা গাই। [দেখ ঠরা]।

৪=[নো]—বি. বাদ বিবাদ ॥ সেলেগুলা খালি ঠরা করে। [অনু.]।

ঠর্‌ঠরাই=[নো]—ক্রি. বিণ. থর থর করিয়া ॥ শিতে ঠর্‌ঠরাই কাপ্‌সে। [<ঠরঠর(অনু.)+আইয়া]।

ঠর্‌ঠর্=[রা]—ক্রি. বিণ. ঠনঠন ॥ খালি হাড়িডা ঠর্‌ঠর্ করোচে। [ধ্বন্যা.]

ঠলক্=[ম]—বি. ধাঁধা ॥ হেইতে যবর্ ঠলক্ যানে। [দেখ ঠমোক্ ; অর্থ প্র.]।

ঠলোক্ পারা=[প]—ক্রি. নাড়ানো, ফাঁকি দেওয়া ॥

ঠল্‌কানো=[পা]—ক্রি. উছলাইয়া উঠা ॥ দুধের্ বাড়্ থেকে দুদ্ ঠল্‌কে ওঠ্‌সে। [তুং ঝলকানো]।

ঠল্‌ঠৈল্যা=[ঢা]—বিণ. হালকা, কম ওজনবিশিষ্ট ॥ কাডল্‌টা এক্‌কেরে ঠল্‌ঠৈল্যা। [<ঠল্‌ঠল্ (অনু.)+ ইয়া প্র.]।

ঠল্‌বৈল্যা=[ফ]—বিণ. যে কথা গোপন রাখিতে জানে না ॥ ঠল্‌বৈল্যা মাইন্‌শের্ কাসে কোনু কতা কৈস না। [<ঠল্‌বল্ (অনু.)+ইয়া প্র.]।

ঠল্‌লা=[রা]—বিণ. ভাঁড় ॥ লোক্‌টা এক্‌নম্বরের্ ঠল্‌লা।

ঠল্‌ল্যা=[রা]—বিণ. মিথ্যাবাদী ॥ [দেখ ঠল্‌লা]।

ঠল্‌ঠল্=[কু]—বি. মাল্লা ॥

ঠল্‌ঠল করা=[ঢা]—ক্রি. পাকিয়া হাল্কা হওয়া ॥ ঝিংগাটা পাইক্যা ঠল্‌ঠল্ করে। [<ঠলঠল (অনু.)+ করা]।

ঠশক=[কুম]—বি. কুটামি, বাবুয়ানা ॥ পোলার্ যবর্ ঠশক্ হিক্‌সে।

ঠশা=[ঢা]—বি. কোষা ॥ বুগুর্ দা ইডা বাইংগা আডে ঠশা পর্‌সে। [<ঠশ্ (অনু.)+আ প্র.]।

২=[রং, রা, পা, ম]—বিণ. কালা, বধির ॥ এমন্ ঠশা মোটে শুনে না।

ঠশোক্=[রং]—বি. আত্মগৌরব ॥ উয়ার্ ঠশোক্ আর্ দেখ্বার্ না মনায়্। [দেখ ঠশক্]।

ঠশ্=[ম]—বিণ. ঢিলা ॥ হে কামে ঠশ্।

ঠশ্ঠশা=[ব]—বিণ. হালকা ॥ বোঝাটা ঠশ্ঠশা। [<ঠশ্ ঠশ্ (অনু.) +আ প্র.]।

ঠশ্ঠাশি=[সি]—বি. সংঘর্ষ ॥ [< ঠাসঠাস (ধ্বন্যা.)+ই প্র.]।

ঠশ্ঠশ্যা=[চট্ট]—বিণ. শুষ্ক, নীরস, স্বাদহীন। আযিয়া ঠশ্ঠশ্যা ভাত্ খাওন যাইত ন। [<ঠশ্ঠশ্ (অনু.) +ইয়া প্র.]।

ঠশ্বশ্=[কুম]—ক্রি. বিণ. বৃথা ॥ ঠশ্বশ্ খাইট্যা মর্লাম্। [অনু.]।

ঠশ্মশ্=[য]—বি. অভাব ॥ আমার্ খোরাকির্ ঠশ্মশ্। [অনু.]।

ঠশ্শাবটা=[খু]—বিণ. কমসিদ্ধ ॥ বেগুন্টা ঠশ্শাবটা হয়েসে।

ঠহর্=[ম]—বি. অপেক্ষা ॥ এক্টু ঠহর্ কৈর্যা যাও। [দেখ ঠহ্রানো]।

ঠহর্ ঠহর্=[রং]—বি. ঠমক, গর্ব ॥ ই ঠহর্ ঠহরে কাম্ না হবো। [অনু.]।

ঠা

ঠাঅর্=[চট্ট]—বি. টের ॥ ঠাঅর্ ন পাইয়ে। [<ঠাহর্]।

ঠাই=[ব, বা]—বি. থৈ ॥ ঠাই পাওয়া যায়্ না।

২=[ফ]—বি. ঠিকানা ॥ নিযের্ নাই ঠাই, পরের্ লাইগ্যা কান্দে। [<ঠাঁই]।

ঠাইট্=[চট্ট]—ক্রি. বিণ. তৎক্ষণাৎ, যেখানে আছে সেখানেই ॥ তোঁয়ারে ঠাইট্ মারি ফেলাইয়ম্। [দেখ ঠাই২ +ত বিভক্তি ; অর্থ প্র.]।

ঠাইট্ পার্তল্=[ঢা]—অব্য. ঠিক পায়ের তলে (চাষের সময় গরু তাড়াইবার শব্দ) ॥ এই গরু ঠাইট্ পার্তল্। [দেখ ঠাইট্+পা (<পদ সং)+এর (বিভক্তি)+তল্]।

ঠাইট্ বেঠাইট্=[ঢা]—ক্রি. বিণ. খেয়াল খুশী মত ॥ ঠাইট্ বেঠাইট্ কাম্ কর্তে নাই। [দেখ ঠাইট্ ; বে ফা.+ঠাইত=স্থানে অস্থানে]।

ঠাইঠান্ডা=[ঢা]—বিণ. শান্ত ॥ দুদ্ খাইয়া পোলাডা এতক্খনে ঠাই ঠানডা ঐসে। [<ঠাই (অনু:)+ ঠাণ্ডা<স্তব্ধ সং]।

ঠাইঠুই=[সি]—বি. থাকিবার স্থান ॥ [দেখ ঠাই২ ; ঠুই অনু:]।

ঠাইত্=[ম]—ক্রি. বিণ. নির্ঘাত ॥ এই রোইদে বাইর্ ঐলে ঠাইত্ মর্বি। [দেখ ঠাইট্]।

ঠাই দেওয়া=[ঢা]—ক্রি. প্রশ্রয় দেওয়া, জায়গা দেওয়া ॥ চো'রেরে ঠাই দিও না। [ঠাঁই দেওয়া ; অর্থ প্র.]।

২=[ঢা]—ক্রি. গলা পর্যন্ত ভেজা, সাঁতার দেওয়ার উপযুক্ত পানি না হওয়া ॥ খাল্ডাত্ ঠাই দেয়্নি ? [দেখ ঠাই+দেওয়া=পাওয়া]।

ঠাইন্=[ঢা,সি]—বি. প্রতিমা, মূর্তি ॥ ঠাইন্ আইসে। [<ঠাকুরাইন< ঠাকুর+আনী প্র.]।

ঠাইয়া=[ঢা, সি]—ক্রি. বিণ. ঠাসিয়া, পূর্ণ করিয়া ॥ পেট্ ঠাইয়া খাইস্ না। [<ঠাসিয়া]।

২=[সি]—ক্রি. বিণ. জাপটাইয়া, জড়াইয়া ॥ লোক্টারে ঠাইয়া দর্সে। [অর্থপ্র.]।

ঠাইর্কন্=[ঢা]—বি. প্রতিমা ॥ বাবুগ বাইত্ ঠাইর্কন্ দেখ্তাম্ যামু। [দেখ ঠাইন্]।

ঠাইরন্=[বা]—বি. ব্রাহ্মণী ॥ ঠাইরন্ গরে আসে ? [দেখ ঠাইন্]।

২=[বা]—বি. প্রতিমা ॥ কালীর্ ঠাইরন্ দেখ্তাম্ যামু। [দেখ ঠাইন্]।

ঠাইল্ পাক্রা=[ঢা]—বি. ডালা পালা ॥ গাসের্ ঠাইল্পাক্রাগুলি কাইটা দাও। [<ডালি<ডাল+ই প্র.+পাকরা(=পালা)]।

ঠাইশা=[পা]—ক্রি. বিণ. দ্রুত ॥ ঠাইশা আইটা যা। [দেখ ঠাইয়া]।

ঠাইশ্যা=[ঢা]—ক্রি. বিণ. খুব জোরে, বেশী করিয়া ॥ ঠাইশ্যা কাম্ কর্। [দেখ ঠাইশা]।

ঠাউক্রা=[কুম]—বি. ঘরের চাল ঠেস দেওয়ার ছোট খুঁটি ॥ চো'চা'লা গরে চা'ইর্ডা ঠাউক্রা না দিলে চা'ল্ নাম্যা যায়্।

ঠাউক্রাইন্=[ঢা]—বি. প্রতিমা, মূর্তি ॥ [দেখ ঠাইন্]।

ঠাউট্যা লাগা=[ঢা]—ক্রি. খুব রৌদ্র হেতু ক্ষেতের ফসল জ্বলিয়া যাওয়া ॥ আমার্ দুই পাখি খেত্ ঠাউট্যা লাইগ্যা গেসেগা। [ঠাঠ্(<ঠাঠা<ঠিটু তামিল) +ইয়া প্র.=বজ্র+লাগা]।

ঠাউঠ্যা দেওয়া=[ঢা]—ক্রি. শক্ত বা কঠিন হওয়া ॥ এই খেতের্ মাডিগুলি ঠাউঠ্যা দিয়া গেসে। [দেখ ঠাউট্যা লাগা]।

ঠাউড উয়া=[কুম]—বিণ. রসহীন, শুষ্ক, অর্থহীন ॥ তে বর ঠাউড্উয়া মানুশ্। [দেখ ঠাউট্যা লাগা]।

ঠাউড্গা=[কুম]—বিণ. অনুর্বর ॥ যামিন্ডা ঠাউড্গা ॥ [দেখ ঠাউট্যা লাগা]।

ঠাউয়া=[সি]—বি. ঘাড়ে ধরিয়া ধাক্কা। পুয়াগুলিরে ঠাউয়া দিয়া বাইর্ কৈর্যা দ্যা। [দেখ ঠাউয়া২ ; অর্থ প্র.]।

২=[সি]—বি. ঢেলা ॥ আমারে ঠাউয়া মারি কালাই দিলো।

ঠাউরাইয়া=[সি]—ক্রি. বিণ. অনিচ্ছার সহিত॥ বেটায় খায় না, তেও ঠাউরাইয়া খাওয়াইসে। [দেখ ঠাউরা, +ইয়া প্র.]।

ঠাউরানো=[সি]—ক্রি. ঠাসিয়া ধরা॥ পানিত্ ঠাউরায়। [<ঠাস্(<ঠাসা +উয়া প্র.)+আনো প্র.]।

ঠাউর্যার্=[ঢা]—বি. ভাবভংগি, কৌতুক, আদর॥ মাইয়াডায় ঠাউর্যায় কত। [<ঠেকার]।

ঠাউরা=[কুম]—বি. ঘরের চাল ঠেস দেওয়ার খুঁটি॥ চৌচা'লা গরে চা'ইর্ডা ঠাউরা না দিলে চা'ল্ লাম্যা যায়। [দেখ ঠাউক্রা]।

ঠাউরাইন্=[চট্ট]—বি. ঠাকুরানী॥ মা ঠাউরাইন্ আমার অগ্গুয়া কথা হুনি যান্। [দেখ ঠাইন্]।

ঠাউরালি=[চট্ট]—বি. ঠাকুরের কাজ॥ ঠাউরালি করে ঠাউর্। [<ঠাকুর+ আলি প্র.]।

ঠাউরিয়া=[নো]—বি. ঠাকুর॥ ঠাউরিয়া আইসে। [<ঠাকুর+ইয়া প্র.]।

ঠাউর্=[চট্ট]—বি. <ঠাকুর॥ ঠাউরের্ পুত্ যান্ কৈ?

২=[খু]—বি. ঠাকুর, সম্মানিত ব্যক্তি॥ ওরে আমার্ গুশ্টির্ ঠাউর্ রে। [অর্থ প্র.]।

ঠাউল্যা=[নো]—বি. চাপড়॥ পোয়াডার্ মাথাত্ ঠাউল্যা দ্যাও কিয়ারে? [দেখ ঠাউয়া]।

ঠাউল্লা=[নো]—বি. টোকা, চাপড়॥ তার্ মাথায় ঠাউল্লা দিলাইন্ তাও শে ফিরা্যা চা'ইয়ে না। [দেখ ঠাউয়া]।

২=[চা]—বিণ. নেড়া॥

ঠাউল্লা দেওয়া=[কুম]—ক্রি. ঠোকর মারা॥ কাউয়ায় ঠাউল্লা দিব। [দেখ ঠাউল্লা+দেওয়া]।

ঠাওরা=[নো]—বি. জলজ আগাছা, ঘাস বিশেষ॥

ঠাওরানো=[রং]—ক্রি. অনুমান করা। এই বাসুটার দাম্ ঠাওরাও তো কত হয়? [<ঠাহর+আনো প্র. ; নামধাতু]।

২=[রং,পা]—ক্রি. বি. থামা॥ ছাওয়াটা এমন্ জোরত্ ঘুরিছে যে তাক ঠাওরানো যায় না (রং)। [দেখ ঠড়ানো]।

ঠাওর্=[ম,খু]—বি. উপলব্ধি॥ [< ঠাহর]।

২=[চা]—ক্রি. বিণ. লক্ষ্য বা ঠিক॥ বুরা হৈয়া গেসি কিসু ঠাওর্ কর্তাম্ পারি না। [পূর্বে দেখ]।

৩=[রা]—বিণ. ক্লান্ত॥

ঠাওর্ করা=[খু]—ক্রি. মনে করা॥ আমাকে ঠাওর্ করেন? [<ঠাহর করা]।

ঠাওল্যা=[কুম]—বি. আংগুল দ্বারা আঘাত॥ ঠাওল্যা মারো কেরে? [দেখ ঠাউল্লা]।

ঠাংগা=[ফ]—বি. গাছ॥ ধানের্ ঠাংগা।

২=[বা]—বি. কাষ্ঠখণ্ড, ছড়কা॥ [<ঠেঙ্গা]।

ঠাংগা গাস্=[ফ]—বি. গাছ বিশেষ, তেতুঁল গাছ॥

ঠাংগি=[নো]—বি. ফাঁকি॥ ঠাংগি দেওনের্ আর্ যায়্গা পাওনা বুঝি?

ঠাংঠিংগে=[খু]—বিণ. খাটো॥ ঠাংঠিংগে কাপড় লম্বা মানুশের হয় নাকি? [অনু.]।

ঠাঁরি=[রা]—বিণ. অবিবাহিতা ও বদরাগী॥ ঠাঁরি মেয়ে ঘরে রাখা দায়।

ঠাঁশা=[চট্ট]—বি. চাপ॥ তরে এক্কুই ঠাঁশায় পানির্তলে ভরি হালাইউম্। [<ঠাসা]।

ঠাঁশি=[চট্ট]—ক্রি. বিণ. জোরে, শক্তভাবে॥ ইতারে ঠাঁশি ধর্। [দেখ ঠাইয়া]।

ঠাকা=[রং]—বি. স্থান॥ এ আবার্ কোন্ ঠাকার্ মানশি?

ঠাকু বাই=[সি]—বি. বড় ভাই॥ [< ঠাকুর+ভাই]।

ঠাকুরা=[কুম]—বি. ঘরের চাল ঠেস দেওয়ার খুঁটি॥ চৌচা'লা গরে চা'ইর্ডা ঠাকুরা না দিলে চা'ল্ নাম্যা যায়। [দেখ ঠাউক্রা]।

ঠাকুরালি=[ম]—বি. পদমর্যাদা॥ [দেখ ঠাউরালি]।

ঠাকুর্=[খু]—বি. সম্মানিত ব্যক্তি (ব্যঙ্গার্থে)॥ ওরে আমার্ গুশ্টির্ ঠাকুর্রে। [অর্থ প্র.]।

ঠাকুর্ চে'নানো=[কুম]—ক্রি. অন্যকে প্রহার করিয়া নিজের তেজস্বিতা প্রমাণ করা॥ তরে ঠাকুর্ চি'নাইয়া দিমু। [<ঠাকুর (দেবমূর্তি) +চেনানো ; অর্থ প্র.]।

ঠাকুর্ ধান্=[চট্ট]—বি. মোটা ধান বিশেষ॥

ঠাকৈ=[নো]—বি. <ঠাকুর॥

ঠাক্ঠুক্=[রং]—বি. তদবীর, ঝাড়ফুঁক॥ পির শাবের্ কাস্ থোনে ঠাক্ঠুক্ কৈরা ন্যাও। [<তাকতুক =তুকতাক]।

ঠাক্রান্=[র, রা]—বি. প্রতিমা॥ [দেখ ঠাইন্]।

ঠাক্রি কলাই=[রং, রা]—বি. মাষ কলাই॥ [<ঠক্রী হিং+কলায় সং]।

ঠাটা=[রা]—ক্রি.বি. মারা॥ চো'র্কে খুব্ ঠাটাইছে।

২=[ফ]—বি. ক্ষেতের পাখী তাড়ানোর যন্ত্র॥ খেতের্ মদ্যে এক্টা ঠাটা পোত্। [অনু.]।

ঠাটাডেঁহি=[ম]—বি. যে ঢেঁকিতে বেশী শব্দ হয়॥ ঠাটা ডেহির্ বারাম্ অয় না। [<ঠাঠা+ঢেঁকি]।

ঠাটাপড়া=[নো]—বিণ. অভিশপ্ত॥ ঠাটাপড়া যিন্দেগি। [<ঠাঠা+পড়া =যাহার উপর ঠাঠা (বজ্র) পড়িয়াছে]।

ঠাটাপরা রোইদ=[ম, কুম]—বি. খুব কড়া রোদ॥ এই ঠাটাপরা রোইদে বাইরে যাইও না। [দেখ ঠাটা পড়া+ রৌদ্র সং]।

ঠাটাপেড্ডা=[সি]—বিণ. ভারী দুষ্ট॥ ঠাটাপেড্ডা পুয়া আমার্ ইয়্যত্ খুয়াইসে।

ঠাটারি=[রা]—বি. কামারের মজুর॥ [<ঠঠেরা হিং]।

ঠাটার=[পা]—বি. যাহারা পিতল তামা কাঁসার ঘটি কলসী তৈরী করে ॥ [দেখ ঠাটারি]।

ঠাটি=[পা]—বি. বাজ, বজ্র ॥ [< ঠাট (<ঠাঠা)+ই প্র.]।

ঠাটুরি=[ম]—বি. ধাঁধা ॥ নতুন বাবাইরে অনেক্ ঠাটুরি ঝিগায়্। [< চটুরী সং]।

ঠাটে মাটে=[সি]—ক্রি. বিণ. জাঁকজমকের সহিত ॥ শাদি বর ঠাটেমাটে ঐল্। [<ঠাট (<ঠাট হিং)+এ+মাটে (অনুঃ)]।

ঠাট্ করা=[রা]—ক্রি. মস্করা করা ॥ অমন্ ঠাট্ করো কেন্? [ঠাট (< ঠাট্টা; দেখ ঠাটুরি)+করা]।

ঠাট্কি=[ম]—বি. ফাঁদ ॥

২=[সি]—ক্রি. বিণ. আন্দাজে, অনুমানে ॥ ঠাট্কি কেওইরে দোশ্ দেওন্ ঠিক্ না।

ঠাট্টাগিরি=[সি]—বিণ. যাহার সহিত ঠাট্টা করা যায় (যেমন—শালা ভগ্নীপতি ইত্যাদি)॥ তুই কি আমারে ঠাট্টাগিরি পাইলি? [<ঠাট্টা +গীরী گیری ফা. প্র.]।

ঠাট্পাট্=[কুম]—বি. জাঁকজমক ॥ হে খুব্ ঠাট্পাটে চ'লে। [দেখ ঠাটে মাটে; পাট (অনুঃ)]।

২=[চা]—ক্রি. বিণ. স্পষ্ট ভাষায় ॥ ঠাট্পাট্ কৈলাম্ আমি যাইমু না। [অর্থ প্র.]।

ঠাট্বুট্=[কুম]—বি. ইসারা ॥ বেকার্ ঠাট্বুট্ বেকিই বুযে। [দেখ ঠাটে মাটে; বুট (অনুঃ)।

ঠাঠা=[ম]—বি. বাজ, বজ্র ॥ ইশ্ কি ঠাঠা পর্তাসে। [ঠিটু তামিল]।

ঠাঠানো=[রা]—ক্রি. দারুণ পরিশ্রম করা ॥ এত ঠাঠাছি, তবু কুলায় না। [<টাটা (অনু.)+নো প্র.]।

ঠাঠারি=[রা]—বি. স্বর্ণকার ॥ [দেখ ঠাটারি]।

ঠাঠারু=[নো]—বিণ. গোপনে সংবাদ নেয় যে ॥ ঠাঠারুর্ দিকে খেয়াল্ রাইখা।

ঠাঠি=[রা]—বিণ. যে গরু পালে চরে ॥ ঠাঠি গরুতে ধান্ খেয়েছে।

ঠাঠিয়া=[রা]—ক্রি. বিণ. পুরাদমে প্রহার করিয়া ॥ সে একাই ঠাঠিয়া চলে গেল্।

ঠাঠোর্=[রা]—বিণ. যে গরু পালে চরে ॥ ঠাঠোর্ গরুর দাম্ নাই।

ঠাঠ্=[পা]—বি. সৌন্দর্য ॥ বা গর্টার্ কি ঠাঠ্। [<ঠাট]।

২=[চট্, পা]—বি. বড়াই ॥ মামাডা বড় ঠাঠ্ দেখায়। [অর্থ প্র.]।

ঠাডা=[চা, বা]—বি. বজ্র ॥ তোর্ মাথাত্ ঠাডা পরুক্। [দেখ ঠাঠা]।

ঠাডাই=[কুম]—ক্রি. বিণ. জোরে ॥ ঠাডাই অগ্গা চো'কার্ দিম্। [দেখ ঠাডাইয়া]।

ঠাডাইয়া=[কুম]—ক্রি. বিণ. জোরের সহিত ॥ [<ঠাঠা (নাম ধাতু)+ইয়া প্র.]।

ঠাডানি=[নো]—বি. চোখ রাঙানি ॥ তার্ ঠাডানিতে পরান্ কাঁপে। [< টাটা (অনু.)+নি প্র.]।

ঠাডা পরা=[চা]—ক্রি. বজ্রপাত হওয়া, সর্বনাশ হওয়া ॥ তর্ উপরে আব্গাই ঠাডা পরুক্। [দেখ ঠাঠা +পড়া]।

ঠাডাপুরা=[ম]—বিণ. প্রখর ॥ ঠাডাপুরা রৈদ্। [দেখ ঠাঠা+পোড়া]।

ঠাডাপোরা=[চা]—বিণ. খুব প্রখর ॥ এই ঠাডাপোরা রৈদে কোম্বে যাবি? [দেখ ঠাডাপুরা]।

ঠাডা বাংগা রৈদ্=[নো]—বি. প্রখর রোদ ॥ এই ঠাডা বাংগা রৈদে দি গেলে মাতা ছাড়ি যাইবনে। [<ঠাঠা +ভাঙা+রৌদ্র]।

ঠাডার্=[চট্]—বি. ঠাটা, বজ্র ॥ তোর্রীর্ মাথাত্ ঠাডার্ পড়ুক্। [দেখ ঠাঠা+র প্র.]।

ঠাডালি=[চা]—বি. ধমক, অযথা রাগারাগি ॥ তর্ ঠাডালি আর্ হুনতে ইস্সা করে না। [দেখ ঠাঠা+লি প্র.]।

ঠাডি=[চট্]—বিণ. অনুর্বর ॥

ঠাডুরা=[নো]—বিণ. প্রাণহীন, শুকনা ॥ গাসগা ঠাডুরার্ মতন্ খাড়াই রৈসে।

ঠাডে পাডে=[কুম]—ক্রি. বিণ. সাজিয়া, বাবুগিরি করিয়া ॥ বেশি ঠাডে পাডে চ'লন্ বালা না। [দেখ ঠাটে মাটে]।

ঠানা=[পা]—বি. বজ্র, বিদ্যুৎ ॥ [দেখ ঠাঠা; ঠ=ন]।

ঠানামানা=[সি]—বি. গোছগাছ ॥ ঠানামানার্ বেটি। [<টানা+মানা (অনুঃ)]।

ঠান্কি=[ম]—বি. ধাঁধা ॥ এই ঠান্কিটার্ মানে কি? [<ঠাট্ (দেখ ঠাটুরি)+কি প্র.]।

ঠান্কুনি=[চা]—বি. এক প্রকার গাছ, থানকুনি ॥ ঠান্কুনির্ পাতা অনেক্ কামে লাগে। [<থানকুনি]।

ঠান্ ঠাওর্=[পা]—বিণ. ধীর স্থির ॥ [<ঠাণ্ডা+স্থাবর কিংবা স্থান ঠাহর]।

ঠান্ঠাহরে=[পা]—ক্রি. বিণ. ধীরে সুস্থে, অবসর সময়ে ॥ কাম্টা ঠান্ঠাহরে কর্লি বালো ঐবনে। [দেখ ঠান্ঠাওর্+এ বিভক্তি]।

ঠান্ডাআরে=[পা]—ক্রি. বি. ধীরে স্থিরে ॥ ঠান্ডাআরে যাও, সময় আসে। [দেখ ঠান্ঠাহরে]।

ঠান্ডা আলু=[চট্]—বি. কেশুর ॥ [ঠান্ডা(=শীতল)<স্তব্ধ সং(অর্থপ্র.) +আলু]।

ঠান্ডা করা=[কুম]—ক্রি. জব্দ করা ॥ বেশি ইত্রাবি কর্লে ঠান্ডা কৈরা দিমু। [<ঠাণ্ডা+করা; অর্থ প্র.]।

ঠান্ডা হওয়া=[সি]—ক্রি. মরিয়া যাওয়া ॥ লোক্টা ঠান্ডা হৈ গেল্। [<ঠাণ্ডা+হওয়া; অর্থ প্র.]।

ঠান্ডি=[নো]—বি. সর্দিকাশি ॥ আমার্ ঠান্ডি লাইগ্গসে। [ঠাণ্ডা+ই প্র.; <ঠণ্ডী হিং]।

ঠান্‌দুশ্‌=[য]—অব্য. ঠুনঠুন শব্দ ॥ শক্ত মাডিত্‌ কোদাল্‌ পর্‌লে ঠান্‌দুশ্‌ কৈরা কিয়া আহে। [ধ্বন্য.]।

ঠাপর্‌=[খু]—বি. অনুমান ॥ আমিতো কিসু ঠাপর্‌ কর্‌তে পারি না। [< ঠাহর]।

ঠাপা=[খু]—ক্রি. অলস ভাবে ঘোরা ॥

২=[পা]—বি. ছোট নৌকার হাল ধরার বৈঠা ॥ ঠাপা দিয়ে হাল্‌ ধর্‌তে বেশ্‌ আরাম্‌।

ঠাপানি=[ক]—বি. মাছ ধরার উপকরণ বিশেষ ॥

২=[বা]—বি. ধমকানি ॥ কাম্‌ না কর্‌লে ঠাপানি খাওন্‌ লাগে।

ঠাপানো=[য]—ক্রি. চীৎকার করা ॥ অত ঠাপাও কেন্‌ ?

২=[চা]—ক্রি. বদমায়েসী করা, কুকর্ম করা ॥ হেয়্‌ খালি ঠাপাইতে পারে।

৩=[কু]—ক্রি. বি. মারপিট ॥ লোক্‌টাকে খুব্‌ ঠাপানো দিয়েসে।

ঠাপের্‌ আটাল্‌=[পা]—বিণ. আঘাত সহ্যকারী ॥ লোক্‌টা বয়ানক্‌ ঠাপের্‌ আটাল্‌।

ঠাপ্‌=[পা]—বি. মার, পিটুনী ॥

২=[বা]—বি. প্রভাব ॥ তার্‌ ঠাপে হারা পৌট্টা কাপে।

৩=[চা]—বি. ধমক ॥ তারে এক্‌ ঠাপে ঠান্‌ডা করন্‌ যায়্‌।

৪=[চা]—বি. ফাঁকি ॥ বেটারে দিলাম্‌ এক্‌টা ঠাপ্‌ দিয়া।

ঠাপ্‌ মারা=[য, ক]—ক্রি. লাঠি দিয়া আঘাত করা ॥ সেলেটা ওকে ঠাপ্‌ মেরেসে।

ঠাপ্‌লামি=[চা]—বি. অপ্রাসংগিক কথা বলা ॥ ঠাপ্‌লামির্‌ আর্‌ যাগা পাও না ?

ঠাক্‌ দেওয়া=[বা]—ক্রি. বেইজ্জতি করা ॥ তরে আমি ঠাক্‌ দিমু।

ঠাবর্‌=[খু]—বি. অনুমান ॥ আমি তো কিসু ঠাবর্‌ কর্‌তে পারি না। [দেখ ঠাপর্‌]।

ঠাবল্‌=[ব]—বিণ. বাঁকা ॥ বায়্‌গাটা বড় ঠাবল্‌।

ঠাবানো=[সি]—ক্রি. সামলানো ॥ আম্‌গুইন্‌ ঠাবাইয়া থও।

ঠাবান্‌=[কুম]—ক্রি. বি. রতিক্রিয়া করা ॥

ঠাবুল্‌=[কুম]—বি. করতাল ॥ আমাগো ঠাবুল্‌ বালা না।

ঠাব্‌=[ম]—বি. আঘাত ॥ ঠাব্‌ দিয়া মাথা বাইংগা দিমু। [দেখ ঠাপ্‌]।

২=[খু]—বি. যৌন মিলন ॥ [দেখ ঠাবান্‌ ; অর্থ প্র.]।

ঠাব্‌কি=[নো]—বি. চালাকি ॥ ঠাব্‌কি করিস্‌ না।

ঠাব্‌কুয়োরা=[খু]—বি. তামাসা ॥ ঠাব্‌কুয়োরা দেখ্‌লে কায্‌ কর্‌বে কে ?

ঠাম্‌ঠিত্‌=[রা]—ক্রি. বিণ. ইতস্তত: ॥ আতে ভাত্‌ আন্‌বা গেলে ঠামঠিত্‌ লাগে। [অনু.]।

ঠাম্মা=[ফ]—বি. দাদী ॥ ঠাম্মা বহুত্‌ কিসসা যানে। [<ঠাকুমা<ঠাকুর মা<ঠাকুরানী+মাতা]।

ঠামাইল্‌=[সি]—বিণ. গোছানো ॥ [দেখ ঠামানো]।

ঠামানো=[কুম, চা]—ক্রি. ঠিক করা ॥ তোমাদের্‌ যিনিশ্‌ ঠামাও। [দেখ ঠাবানো]।

২=[সি]—ক্রি. শান্ত করা ॥ বাচ্‌'চ'া ঠামায়্‌ কে ? [<থামানো]।

ঠামুর্‌=[কুম]—বি. কীর্তন ॥ আইয্‌ রাইতে ঠামুর্‌ ঐব।

ঠামর্‌=[চা]—বি. নির্ণয়, ঠিক ॥ লোক্‌টাকে ঠামর্‌ কর্‌তাম্‌ পারি না। [দেখ ঠাপর্‌]।

ঠামাঠিক=[সি]—বিণ. পুরাপুরি ॥ ঠামাঠিক্‌ দর্‌ কত ? [<ঠাঁই+ঠিক]।

ঠাদুর্‌ দাদা=[য]—বি. <ঠাকুর দাদা ॥

ঠায়্‌=[খু]—অব্য. গরু তাড়ানোর সংকেত ॥ ঠায়্‌, দাঁড়া ঠায়্‌। [অনু.]।

ঠায়্‌ঠিকানা=[ফ]—বি. খোঁজ খবর ॥ তোমার্‌ কোনু ঠায়্‌ ঠিকানা পাই না কেরে ? [<ঠাঁই+ঠিকানা]।

ঠারা=[রং]—বি. খুব ঠাণ্ডা ॥ ঠারা পানিতে গাও ধুলে কষ্ট্‌ লাগে। [< ঠাণ্ডা]।

ঠারাঠুরি=[সি]—বি. আকার ইংগিত ॥ তোমার্‌ ঠারাঠুরি আমি বুঝি না। [ঠার=ইশারা ; ব্যতীহারে]।

ঠারাশ্‌=[পা]—অব্য. উচ্চ শব্দ ॥ বাশ ঠারাশ্‌ কয়ে ফুট্‌লো। [ধ্বন্যা.]

ঠারে=[বা]—ক্রি. বিণ. সংকেতে ॥ হে খুব্‌ ঠারে কথা কয়্‌ ॥ [ঠার+এ বিভক্তি]।

ঠারে ঠারে=[সি]—ক্রি. বিণ. ইশারাতে ॥ ঠারে ঠারে কিতা কও ? [দেখ ঠারে]।

ঠারো=[চা, কুম]—বি. <আঠারো ॥ [আ লোপ]।

ঠার্‌=[পা]—বি. গালি বিশেষ ॥ বেশি ঠার্‌ পাইর না। [অর্থ প্র.]।

২=[নো]—বি. টের, ঠাহর ॥ আমি চোখে ঠার্‌ কর্‌তাম্‌ ন পারি। [< ঠাহর]।

৩=[বা]—বিণ. ঠাণ্ডা, শীতল ॥ ঠার্‌ পানি দ্যাও। [দেখ ঠারা]।

৪=[নো]—বি. চিহ্ন, খেয়াল ॥ ঠার্‌ মতো হিয়ানে যাইস্‌। [দেখ ঠার্$_2$]।

ঠার্‌কন্‌নে=[খু]—বি. ননদ ॥ [< ঠাকুর+কন্যা]।

ঠার্‌ করা=[কুম]—ক্রি. টের পাওয়া ॥ ঠার্‌ কর্‌সনি, কেডা নিসে ? [দেখ ঠার্$_2$ +করা]।

ঠার্‌কান্‌=[রা]—বি. প্রতিমা। [দেখ ঠাইন্‌]।

ঠার্‌ লাগা=[বা]—ক্রি. শীত লাগা ॥ বর ঠার্‌ লাগ্‌সে। [দেখ ঠার্$_3$+লাগা]।

ঠার্‌হি=[ম]—বি. ডাল বিশেষ ॥ ঠার্‌হি কালাই। [দেখ ঠাক্‌রি কলাই]।

ঠালা=[বা]—বিণ. নীচু জায়গা ॥ ঠালায়্‌ পানি যম্‌সে। [<ঢালা< ঢালু(<ঢাল+উ)]।

ঠালি=[সি]—বি. নারিকেল মালা ॥

ঠালিঠালি=[সি]—বি. হাঁড়ি পাতিল জাতীয় শিশুদের খেলার সরঞ্জাম ॥

ঠালৈ=[সি]—বি. নারিকেল মালা দিয়া তৈরী পাত্র বিশেষ ॥ এক্‌ ঠালৈ তেল্‌ দ্যাও।

ঠাল্‌=[ম]—বি. স্তূপ ॥ ধানের্‌ ঠাল্‌। [<টাল হিং]।

২=[সি,ঝা]—বি. <ডাল ॥ আমের্‌ ঠাল্‌।

ঠাল্‌কি=[ব]—বি. আলাপ ॥ অত ঠাল্‌কি ভালো লাগে না।

ঠাল্‌লুর্‌, ঠুল্‌লুর্‌=[চা]—ক্রি. বিণ. চটপট ॥ হেইতে ঠাল্‌লুর্‌ ঠুল্‌লুর্‌ কতা কয়্‌। [অনু.]।

ঠাশন্‌=[ফ,পা]—বি. চাপ, আঘাত ॥ এক্‌ ঠাশনে তোমার্‌ হাড্‌ গুড়া করে দেম্‌। [<ঠাস(ঠাসা)+অন প্র.]।

ঠাশা=[ফ]—বি, হিংসা ॥ এত ঠাশা করন্‌ বালা না। [<ঠাসা ; অর্থ প্র.]।

ঠাশাঠাশি=[রং]—বি. জেদ ॥ [< ঠাসাঠাসি]।

ঠাশান্‌=[ব]—বি. বকুনি ॥ তাকে খুব ঠাশান্‌ ঠেশেছি। [দেখ ঠাশন্‌ ; অর্থ প্র.]।

ঠাশিয়া করা=[সি]—ক্রি. মরিয়া হইয়া কোন কিছু করা ॥ সে কাম্‌ডা ঠাশিয়া কর্‌তাসে। [<ঠাসিয়া করা]।

ঠাশে ধরা=[খু]—ক্রি. বলপূর্বক ধরণ করা ॥ [<ঠাসিয়া ধরা]।

ঠাশ্‌ করা=[চা]—ক্রি. উচ্চ শব্দ করা ॥ এত ঠাশ্‌ কৈরা কতা কস্‌ কেরে? [<ঠাস(ধ্বন্যা.)+করা]।

ঠাশ্‌কি=[ম]—বি. ফাঁকি ॥ ঠাশ্‌কি দিয়া চৈ'লা গেল্‌। [<ঠসক্‌+ই প্র.]।

২=[ম]—বি. ধাঁধাঁ ॥ এই ঠাশ্‌কি-টার্‌ অর্‌তো কি? [অর্থ প্র.]।

ঠাশ্‌কি মারা=[ম]—ক্রি. ঠাট্টা করিয়া কিছু বলা ॥ [দেখ ঠাশ্‌কি+মারা]।

ঠাশ্‌ ঠাশ্‌=[ফ]—অব্য. এক প্রকার শব্দ ॥ ঠাশ্‌ঠাশ্‌ কৈরা বাশ্‌ ফাট্‌তাসে। [ধ্বন্যা.]।

ঠাশ্‌ঠুশ্‌=[কুম]—ক্রি. বিণ. কিছু নয়, তুচ্ছ ॥ আমার্‌ কথা ঠাশ্‌ঠুশ্‌ কৈরা উরাইয়া দ্যাও ক্যেন্‌? [অনু.]।

ঠাশ্‌মা=[কুম]—বি. ঠাট্টা ॥ এডেরে ঠাশ্‌মা না করিস্‌।

ঠাশ্‌শা=[ফ,সি]—ক্রি.বিণ. চাপিয়া ॥ আমার্‌ ঘর আইসে, ক্যাথা দিয়া ঠাশ্‌শা দর্‌ (ফ)। [<ঠাসিয়া]।

ঠাহুর্‌=[ঝা]—বি. ঠাকুর, পুরোহিত ॥

ঠাহোর্‌=[খু, ঝা]—বি. দৃষ্টি ॥ চো'হে ঠাহোর্‌ পাই। [<ঠাহর]।

ঠাহ্‌রে ঠাহ্‌রে=[রা]—ক্রি. বিণ. ধীরে, আস্তে। ঠাহ্‌রে ঠাহ্‌রে হাট্‌। [=ঠাহর+এ (বিভক্তি) কিংবা< ঠাহরিয়া অস. ক্রি.]।

ঠি

ঠিঅটি=[রা]—বি. সাহায্যকারী খুঁটি ॥ ঘরটা হেলে গেছে, ঠিঅটি না দিলে পড়ি জাবে। [<ঠেকা+কাঠি]।

ঠিইলে=[খু]—বি. মাটির পাত্র বিশেষ ॥ ঠিইলেতে গুড় থাকে। [<ঠিল্‌য়া হিং]।

ঠিং=[রং]—বি, ছাতা ॥

ঠিংগা=[রা]—বিণ. দীর্ঘকায় ॥ এমন্‌ ঠিংগা মানু দেহি নাই। [<ঠ্যাং (টঙ্গ সং)+ইয়া প্র.]।

ঠিংশি=[রা]—বি. ছোট লাঠি, মুগুর ॥ ঠিংশি মারিছ্‌ না, মুরগি মরবে।

ঠিঁয়্য=[ঝা]—ক্রি.বিণ. ঠিক ঐখানে ॥ [<ঠিকঠাঁই+এ বিভক্তি]।

ঠিকনি=[রা]—বি. দুই ফুট লম্বা লাঠি ॥ ঠিকনি মারি আর্‌ পার ক্যান্‌? [<ঠেকা+নি প্র.]।

ঠিকরের্‌ ডাল্‌=[খু]—বি. কলাই, ডাল ॥ কিসু ঠিকরের্‌ ডাল্‌ এনো। [দেখ ঠাক্‌রি কলাই]।

ঠিকর্‌=[সি]—বিণ. খাঁটি। [< ঠাকুর]।

ঠিকা=[ম, কুম]—বি. ঠেকা, ঠেস ॥ বাশ্‌টা দিয়া গর্‌ডাত্‌ ঠিকা দ্যাও। [<ঠেকা]।

২=[ঝা]—ক্রি. বিণ. মোটামুটি, গড়, একত্রে ॥ আরে হগল্‌ডি ঠিকা দে।

ঠিকাচ'ারা=[ম]—ক্রি. বিণ. কোন প্রকারে ॥ ঠিকাচ'ারায়্‌ এই কর্‌ডা মাশ্‌ চ'ালাও। [<ঠেকা+চাড়া(< চাড়<চেষ্টা সং)]।

ঠিকি=[রা, ব]—বি. স্তূপ, ঢিবি ॥ ইটের্‌ ঠিকি।

ঠিকিন্‌=[রা]—বি. প্রকার, মত ॥ একৈ ঠিকিন্‌ দুটো লোক্‌ রাস্‌তায়্‌ দাঁড়িয়ে আছে। [<ঠিক+ইন প্র.]।

ঠিকির্‌=[সি]—বি. হুকার ছিলিমের গোলাকার মাটির গুটি ॥ [<ঠিকরী হিং]।

ঠিকে=[খু]—বি. পিপাসা ॥ আমার্‌ পানি ঠিকে লেগেসে। [<ঠেকা ; অর্থ প্র.]।

ঠিকে ঠাকে=[সি]—ক্রি. বিণ. যথার্থ ॥ ঠিকে ঠাকে যাইও। [<ঠিক+এ (বিভক্তি) ; ঠাকে অনু:]।

ঠিক্‌=[ব]—বি. স্তূপ ॥ এক্‌ ঠিক্‌ মাটি।

ঠিক চ'াওয়া=[সি]—ক্রি. গণক দিয়া গণনা করান ॥ ঠিক্‌ চ'াইয়া দেখো চ'াইন্‌, কৈন্যার্‌ বিয়া ই বাগাত্‌ ঐ বোনি? [<ঠিক+চাওয়া=দেখা]।

ঠিক্‌চ'ার্‌=[ম]—বি. ভূত প্রেতাদি হইতে রক্ষা পাইবার ব্যবস্থা ॥

ঠিক্‌না=[ফ]—বি. লাঠি, যাহার সহিত কোন জিনিস বাঁধিয়া দেওয়া হয় ॥ [<ঠেক (<ঠেকা)+না প্র.]।
২=[খু]—বি. পথে ফেলিয়া রাখা কোন বস্তু ॥ পথের্‌ মোড়ে কে যেন্‌ ঠিক্‌না ফেলেসে।
৩=[খু]—বিণ. পরশ্রীকাতর, দুষ্ট প্রকৃতির ॥
৪=[য]—বি. ঢেঁকি উঁচু করিয়া রাখার খুঁটি ॥ [দেখ ঠিক্‌না]।

ঠিক্‌ পাওয়া=[পা]—ক্রি. টের পাওয়া, দিশা পাওয়া ॥ ঠিক্‌ পাবে বাপ্‌ কয়দিন্‌ যায়্‌? [<ঠিক+পাওয়া; অর্থ প্র.]।

ঠিক্‌রা=[য]—বি. ছোট ঢিল ॥ উঠানে অনেক্‌ ঠিক্‌রা। [দেখ ঠিকির্‌]।

ঠিক্‌রি=[রা]—বি. খড়মে আংগুল রাখার কাঠ বিশেষ ॥ ঠিক্‌রিটা খুলে গেসে। [<ঠেক্‌ (ঠেকা)+রি প্র.]।
২=[পা]—বি. কল্কির ভিতরের মাটির গুটি ॥ ঠিক্‌রিটো কোনে পৈড়ল তামুক্‌ বৈর্‌বার্‌ পাইর্‌ত্যাসি না। [দেখ ঠিক্কির্‌]।

ঠিখা=[কুম]—বি. ঠেকাইয়া রাখার খুঁটি ॥ ঠিখা না দিলে তুফানে গর্‌ডা পৈরা যাইব। [<ঠেকা; অর্থ প্র.]।

ঠিগা=[ফ]—বি. চুক্তি ॥ [<ঠিকা]।

ঠিগে=[খু]—বি. তৃষ্ণা ॥ পানি ঠিগে লেগেসে। [দেখ ঠিকে]।

ঠিটি=[কু]—বি. খড়ের চালার বাঁশের কাঠি, শলাকা ॥ খড়্‌ দিয়ে চা'লা সাইতে ঠিটি লাগে।

ঠিত্‌ পাওয়া=[ঢা]—ক্রি. চেনা ॥ বায়্‌গাডা ঠিত্‌ পাইসত্‌নি। [দেখ ঠিক্‌ পাওয়া]।

ঠিত্‌ ঠিত্‌=[ঢা]—বি. স্থিরতা, জ্ঞান, হুশ ॥ হের্‌ কোন্‌ ঠিত্‌ঠিত্‌ নাই। [<থিত(<স্থিতি); অতিশয্যে শব্দ দ্বিত্ব]।

ঠিত্‌ রাখা=[ঢা]—ক্রি. চিনিয়া রাখা। পত্‌টা ঠিত্‌ রাখিস্‌। [দেখ ঠিত্‌ঠিত্‌]।

ঠিনি=[বা]—অব্য. হইতে ॥ তোমাত্‌ ঠিনি টেকা পাবু। [<থনি, থনে=হইতে]।

ঠিন্‌=[পা]—অব্য. কাছে ॥ আমার ঠিন্‌ একট্‌া পয়্‌শাও নাই। [<ঠাইন <ঠাঁই(<স্থান)]।

ঠিন্‌ডায়্‌=[খু]—ক্রি. বিণ. স্থানে, জায়গায় ॥ এই ঠিন্‌ডায়্‌ আমার্‌ মায়্‌ কবর্‌। [<ঠান্‌ (<স্থান)+টা+য়(বিভক্তি)]।

ঠিপা দেওয়া=[সি]—ক্রি. লগি ঠেলিয়া নৌকা চালানো ॥ যোরে ঠিপা দ্যাও।

ঠিপানো=[সি]—ক্রি. লগি ঠেলিয়া নৌকা চালানো।

ঠিপ্‌=[ব]—বি. স্তূপ ॥ এক্‌ ঠিপ্‌ মাটি। [<ঢিপি]।

ঠিপ্‌শি=[য]—বি. ইসারা, টিপ্পনী ॥ এত টিপ্‌শি কও ক্যা? [<টিপ+শি প্র.]।

ঠিম্‌ঠাম্‌=[সি]—বি. অবজ্ঞা। [অনু.]।

ঠিয় কাঁটি=[রা]—বি. খাড়া পাড় ॥ ঠিয় কাঁটিতে নাম্‌বা পার্‌বু না।

ঠিয়া=[নো]—বি. বিপদ॥ [<ঠেকা]।
২=[চট্ট]—বি. চুক্তি ॥ ঠিয়া কাম্‌। [<ঠিকা]।
৩=[চট্ট]—বিণ. বেতনভোগী ॥ ঠিয়া চা'কর্‌। [অর্থ প্র.]।

ঠিয়াটা=[য]—বি. থিয়েটার॥ ঠিয়াটা দেখ্‌মু। [<থিয়েটার theatre ইং]।

ঠিয়াডার=[ঢা]—বি. থিয়েটার ॥ লখিরে ঠিয়াডার্‌ দেইখ্যা আইগা। [দেখ ঠিয়াঠা]।

ঠিয়ার্‌=[খু, য]—বি. ইয়ার্কি ॥ অত ঠিয়ার্‌ ভাল না। [<ঠেকার]।

ঠিরি=[য]—বি. উনান ॥ ঠিরির্‌ উপ্‌রে বাতের্‌ হারি।

ঠির্‌ঠির্‌ করা=[কুম]—ক্রি. শীতে কাঁপা ॥ আমার্‌ দাত্‌ ঠির্‌ঠির্‌ কর্‌তাসে। [ঠির্‌ঠির্‌ (অনু.)+করা]।

ঠির্‌হাবায্‌=[পা]—বিণ. অতিশয় চতুর ॥ সেলেটা ঠির্‌হাবায্‌। [<টচ্ছু হা (তীর্যক সং)+ বাব ১৮ কা.]।

ঠির্‌হি=[পা]—বি. কল্কির ছিদ্রে ব্যবহৃত মাটির গুলি ॥ কল্‌কির্‌ ঠির্‌হি। [দেখ ঠিক্‌রি২]।

ঠিলা=[য]—বি. হাঁড়ি ॥ ঠিলা বর্‌যা পানি আন্‌। [দেখ ঠিইলে]।

ঠিলি=[যি]—বি. কলি ॥ [দেখ ঠিইলে]।

ঠিলিয়া=[রং]—বি. মাটির কলসী ॥ ঠিলিয়া ভরি পানি আন্‌। [দেখ ঠিইলে]।

ঠিলু=[সি]—বি. মাথার খুলি ॥ বারিদিয়া ঠিলু ফাডাইলামু।

ঠিল্যা=[ঢা, খু, য]—বি. কলসী ॥ ঠিল্যাত্‌ পানি নাই। [দেখ ঠিইলে]।

ঠিল্‌ক্যা=[ফ]—বি. কলসী ॥ এক্‌ ঠিল্‌ক্যা পানি। [দেখ ঠিইলে]।

ঠিল্‌লা=[বা]—বি. কলসী ॥ ঠিল্‌লা বাংলো কে? [দেখ ঠিইলে]।

ঠিল্‌লাশি=[রা]—বি. ঠাট্টা, বিদ্রূপ।

ঠিশা=[রং]—ক্রি. বিণ. ভর্তি করিয়া ॥ জিনিশ্‌গুনা ছালার্‌ ভিতর্‌ ঠিশা থো। [<ঠাসিয়া]।
২=[পা]—বি. পিপাসা ॥ খুব্‌ ঠিশা লাইগ্‌চে। [<তৃষা]।

ঠিশানো=[রং]—ক্রি. ধরিতে চায় না তবু জোর করিয়া পুরিয়া দেওয়া ॥ [<ঠাসা+নো]।

ঠিশারা=[কুম]—বি. ঠাট্টা ॥ শব্‌ শময়্‌ ঠিশারা বালা না।

ঠিশি=[রা]—বি. কল্কিতে ব্যবহৃত মাটির গুলি ॥

ঠিশে=[য]—বি. পিপাসা ॥ ঠিশে লাগ্‌সে, এক্‌ গেলাশ্‌ পানি দাও। [দেখ ঠিশা২]।

ঠিশ্‌কা=[বা]—বি. ঠোংগা ॥ ঠিশ্‌কাত্‌ শদাই দেয়্‌।

ঠিহা কাম্‌=[ঢা]—বি. চুক্তির কাজ॥ ঠিহা কাম্‌ কর্‌তাম্‌ না। [<ঠিকা+কাম(<কর্ম সং)]।

ঠিহাঠাহা=[ঢা]—বিণ. মোটামুটি, সঠিক ॥ এই মাস্টির্ ঠিহাঠাহা দাম কত? [<ঠিক+আ ; ঠাক (অনু:)+আ]।

ঠিহ্যাদার্=[পা]—বি. ঠিকাদার ॥ [<ঠিকা+দার ১৷১ ফা.]।

ঠিহ্রি=[পা]—বি. কল্কিতে ব্যবহৃত মাটির চেলা ॥ [দেখ ঠিকুরি১]।

ঠু

ঠুই=[ব, রা]—বি. গরুর মুখে ব্যবহৃত আবরণ (যাহাতে ফসলাদি নষ্ট করিতে না পারে) ॥ [<ঠুলি]।

২=[কুম]—বি. আম পাড়িবার আঁকশি ॥

ঠুইক্যা=[ম]—বিণ. সামান্য ॥ এই ঠুইক্যা বিশয় লৈয়া চিন্তা কর কেন্? [<টুক্ (=একটুক)+ইয়া=টুকিটাকি]।

ঠুইট্যা=[চট্ট]—বি. ঘূর্ণী ॥

ঠুইয়া=[সি]—অস. ক্রি. গুজিয়া ॥ বেরাত্ ঠুইয়া রাখ্। [<ঠুসিয়া]।

ঠুইল্যা=[কুম]—বিণ. খালি।

ঠুইল্=[কুম]—বি. মাথার খুলি ॥ রাড়িব্ চোঁডে মাথার্ ঠুইল্ বাত্তি গেসে। [<তুলি<তালি(=তালু)]।

২=[কুম]—বি. লাউয়ের খোল ॥

ঠুউনি=[চট্ট]—বি. খুঁটি ॥ [দেখ ঠুনি]।

ঠুও দেওয়া=[ফ]—ক্রি. চুক্তিতে দেওয়া ॥ ঠুও দিয়া যমিনের্ দান্ কাটাতে হবে। [<থোক(<স্তবক সং)+দেওয়া]।

ঠুংকি=[য]—বিণ. ঠুনকো, তুচ্ছ ॥ ঠুংকি কথা নিয়ে আবার্ ঝগড়া। [<ঠুনকো]।

ঠুংগি=[রং, রা]—বি. নারিকেলের মালা ॥ ঠুংগিত্ করে চাল্ মাপা হয়্। [<ঠোঙ্গা ; ক্ষুদ্রার্থে]।

ঠুংরো=[সি]—বি. কোমরের কাপড় ॥ তার্ ঠুংরোত্ টেকা থাকে।

ঠুঁই=[নো]—ক্রি. বিণ. প্রত্যক্ষভাবে ॥ হেত্তে ঠুঁই আমারে চোঁর্ কৈয়ে।

ঠুঁটা=[রং]—বিণ. শাখাহীন ॥ গাছটা ঠুঁটা করে কাটল কে? [<ঠুঁটো (<টুংটো প্রা:) ; তু: ঠুন্ঠ্ হিং]।

২=[রা]—বিণ. খালি ॥ ঠুঁটা হাতে থাকতে নাই। [অর্থ প্র.]।

৩=[কু]—বি. নদীর মধ্যবর্তী চরের প্রান্তমুখ ॥ [ঠোঁট+আ প্র.]।

ঠুড্ডা=[চট্ট]—বিণ. ডাল বা পাতা ছাঁটা ॥ [দেখ ঠুঁটা]।

ঠুশ্যা=[চট্ট]—বি. ঘুষি ॥ [<ঠুসা]।

ঠুকা=[য]—বি. মৃদু আঘাত ॥ মাথায় ঠুকা দিল্ কেরে? [<ঠোকা]।

২=[রং]—ক্রি. লাভ হওয়া ॥ [অর্থ প্র.]।

৩=[সি]—বি. মাথাল ॥ ঠুকা মাথাত্ দিয়া কাম্ কর্। [<টোকা(< touca পোর্তু.)]।

৪=[ম]—বিণ. চুক্তিকৃত ॥ ঠুকা কামে লাব্ লোক্শানের্ ঠিক্ নাই। [থোক (<স্তবক সং)+আ প্র.]।

ঠুকি=[ব]—বিণ. তুচ্ছ ॥ ঠুকি ব্যাপার নিয়া কাইয্যা ভাল না। [<টুকিটাকি]।

ঠুকির্ বিবি=[খু]—বিণ. যে সামান্য আঘাতে চীৎকার করে ॥ [ঠোকা+র (সম্বন্ধে)+বীবী হিং/উর্দু]।

ঠুকুরি=[রং]—বি. অড়হর ডাল ॥

ঠুকো=[রা, ফ]—বিণ. সামান্য, অল্প ॥ ঠুকো কাম্টা তাড়াতাড়ি কর্ (ফ)। [দেখ ঠুকি]।

ঠুকোই করা=[রা]—বিণ. অল্প সময়ে করা ॥ ঠুকোই করা কাজ্ আর্ কত ভাল হবে? [দেখ ঠুকোমারি করা]।

ঠুকোমারি করা=[রা]—ক্রি. যেমন তেমন করিয়া করা ॥ কাজ্টা ঠুকোমারি করে দাও। [<ঠোকা+মারিয়া+করা]।

ঠুকোর্ উপর্=[রা]—ক্রি. বিণ. অল্পের জন্য ॥ সেদিন্ ঠুকোর্ উপর্ বেঁচে গেছি। [<ঠোকা+র+উপর]।

ঠুক্ কথা=[রা]—বি. সামান্য কথা। ঠুক্ কথা নিয়া ঝগড়া কর কেন্? [<টুক+কথা]।

ঠুক্ঠাক্=[পা]—বিণ. সামান্য ॥ ঠুক্ঠাক্ কাম্। [অনু.]।

ঠুক্ঠাক্ জানা=[রা]—ক্রি. সামান্য কিছু জানা ॥ আমি ঝাড়াফিকা ঠুক্ঠাক্ জানি। [দেখ ঠুক্ঠাক্+জানা]।

ঠুক্ঠুকান্=[রা]—ক্রি. ধীরে ধীরে শব্দ করা ॥ মাথার্ কাছে ঠুক্ঠুকাও কেন্? [<ঠুকঠুক (অনু.)+আন প্র.]।

ঠুক্ দরা=[কুম]—বি. দৃষ্টি করা ॥ হে আমার্ খাওনের্ দিকে ঠুক্ দরে। [ঠুক+ধরা]।

ঠুক্না=[রা]—বিণ. সামান্য ॥ ঠুক্না কথা নিয়ে এত ঝগড়া কেন্? [দেখ ঠুক্+না প্র.]]।

ঠুক্না ঠুক্নি=[ঢা]—বিণ. টুকিটাকি ॥ তার্ কাসে গেলে ঠুক্নাঠুক্নি বানতে পারবা। [অনু.]।

ঠুক্মুক্=[রা]—বিণ. সামান্য ॥ [অনু.]।

ঠুক্রি=[রা]—বি. চুবড়ি ॥ এক্ ঠুক্রি মাছ। [<টুক্রী হিং]।

ঠুখ্না=[কুম]—বিণ. চৌটকা ॥ ঠুখ্না অওদেই কাম্ ঐবো। [< চৌকাস+ইয়া প্র.]।

ঠুপি=[খু, নো]—বি. সুপারি গাছের খোল দিয়া তৈয়ারী পাত্র ॥ [দেখ ঠুংগি]।

ঠুটা=[ক]—বিণ. অপক্ব, শুষ্ক ॥ এ ঠুটা আম্ কিন্‌বিয়্যানে কিতা ॥

ঠুট্যা=[সি]—বিণ. ঠোঁটপাতলা ॥ ঠুট্যা লোকের্ কাসে কোনু কথা কৈয়ো না। [<ঠোঁট+ইয়া প্র.]।

ঠুট্‌টা=[বা]—বিণ. চোগলখোর ॥ মাইয়া লোক্‌টা ববর্ ঠুট্‌টা। [দেখ ঠুট্যা]।

ঠুট্‌নি=[সি]—বি. নদী পুকুর ইত্যাদির কিনারা ॥ ঠুট্‌নিত্ নাও বান্‌দো। [<ঠোঁট+নি প্র.]।

ঠুটলা ঠুট্‌লি=[সি.]—বি. কথা কাটাকাটি ॥ দুই বাইয়ে শারাদিন্ ঠুটলাঠুট্‌লি কইরেন্। [<ঠোঁট+লা +ঠোঁট+লি]।

ঠুডা=[চা]—বি. প্রান্ত ভাগ ॥ গাংগের্ ঠুডায় নাও রাইখ্য। [ঠোঁট+আ প্র.]।

ঠুডামি করা=[চা]—ক্রি. একের দোষ অন্যের নিকট বলা ॥ ঠুমাডি কৈরা ইশ্‌টির্ গর্ নশ্‌টো করন্ বালা না। [<ঠোঁট+আমি প্র.+করা]।

ঠুডি=[চা]—বিণ. পরনিন্দাকারী ॥ [<ঠোঁট+ই প্র.]।

ঠুডিয়া কেলা=[নো]—বি. অপুষ্ট কলা ॥ ঠুডিয়া কেলাগুন্ কাটি আন্ ॥ [<ঠোঁট+ইয়া প্র.+কলা]।

ঠুডে=[পা]—বিণ. নিন্দুক ॥ ঠুডে লোক্ কোথাও আদর্ পায় না। [< ঠোঁট+এ প্র.]।

ঠুড্‌ডা=[ফ]—বিণ. মুখরা, যে একের কথা অন্যের কানে লাগায় ॥ মাইয়াডা বড় ঠুড্ডা ॥ [<ঠোঁট+উয়া প্র.]।

ঠুড্‌ডি=[কুম]—বি. থুতনি, দাড়ির নীচের অংশ ॥ মাইয়া লোকের ঠুড্ডিত্ চু'ল্ উডে না। [<থুড্ডি<ত্রোটি সং]।

২=[চা]—বি আংগুলের টোকা ॥ সেরাডার্ মাথায় ঠুড্ডি দিল্ কেডায়রে?

ঠুনি=[কুম, চট্ট]—বি. খুঁটি ॥ গরের্ ঠুনিত্ উমু দয়্‌সে (কুম)। [<স্থূনা সং]।

ঠুনিগুনি=[সি]—বি. মন্ত্র ॥ যে বৌত্ ঠুনিগুনি হিকুসে। [অনু.]।

ঠুনো=[খু]—বি. হাতের আঙ্গুল দিয়া আঘাত ॥ গালে ঠুনো মারসে।

ঠুন্‌কা=[রং]—ক্রি. বিণ. একটুকু ॥ মাইওঁটা বড় ভাল নোয়ায়, ঠুন্‌কাতে গোশা হয়।

২=[নো]—বি. চুক্তি ॥ ঠুন্‌কা কাম্ হবরে করে।

ঠুন্‌কাত্=[রা]—ক্রি. বিণ. হঠাৎ, দৈবাৎ, আকস্মিকভাবে ॥ আরে তুই ঠুন্‌কাত মার্‌লি? [দেখ ঠুন্‌কা+ত (বিভক্তি)]।

৩=[রা]—ক্রি. বি. অল্পতেই ॥ ঠুন্‌কাত্ রাগ্ হলে চল্‌বে না। [ঠুন্‌কা +৩ বিভক্তি]।

ঠুন্‌কি=[পা]—বি. পড় পড় অবস্থা, অসচ্ছল অবস্থা ॥ ঠুন্‌কির্ পার রৈচে', আরেট্‌টু ঠ্যালা দিলেই পৈরা যাবো।

২=[পা]—বি. মোটা রশি ॥ এক্ গাস্ ঠুন্‌কি পাকাও।

ঠুন্‌খা=[কুম]—বিণ.আলাদা, স্বতন্ত্র ॥ তোমারে ঠুন্‌খা দুদ্ দিতে পার্‌মু না।

ঠুন্‌ডা=[কুম.]—বি. হোঁচট ॥ ঠুন্‌ডা খাইসে।

২=[রা]—বিণ. খোঁড়া ॥ ফকির্‌ডা একেবারে ঠুন্‌ডা। [দেখ ঠুটা]।

৩=[বা]—বিণ. যে গাছের শাখা প্রশাখা কাটিয়া দেওয়া হইয়াছে ॥ [অর্থ প্র.]।

৪=[ক]—বিণ. ভোঁতা ॥ ঠুন্‌ডা কাচিঁ। [অর্থ প্র.]।

৫=[কুম]—বিণ. রসহীন ॥ তোমার্ ঠুন্‌ডা কথা বাল্য লাগে না। [অর্থ প্র.]।

৬=[কুম]—বি. চাটি ॥ মাথাত্ ঠুন্‌ডা মারে কেডায়রে?

৭=[নো]—বি. গালি বিশেষ ॥ ঠুন্‌ডার্ হত্ ঠুন্‌ডা হিতার্ বাত্ কাবর্ নো দিতে হাইল্‌লে আইন্‌সত্ কিল্‌লাই?

ঠুন্‌ডা ঐয়া বহা=[চা]—ক্রি. অর্থ সামর্থ্য সব হারাইয়া বসা ॥ তুইত এক্‌কেলে ঠুন্‌ডা ঐয়া বৈসত্। [দেখ ঠুন্‌ডা, +হইয়া বসা]।

ঠুন্‌ডানো=[কুম]—ক্রি. ছাটিয়া ফেলা ॥ মাথা ঠুন্‌ডাইয়া কালাইলে। [দেখ ঠুন্‌ডা, +আনো প্র.; নামধাতু]।

ঠুন্‌ডা-মুন্‌ডা=[চা]—বিণ. ডাল-পালাহীন, সর্ব্বহারা ॥ শব খুয়াইয়া অহনে ঠুন্‌ডামুন্‌ডা ঐয়া বৈসে। [দেখ ঠুন্‌ডা, +মুন্‌ডা(অনু:)]।

ঠুন্‌ডি=[ব, রা]—বি. অঙ্কুর ॥ [< ঠোঁটি<ঠোঁট+ই প্র.]।

ঠুন্‌না=[ব]—বি. হাতের মুষ্টি আঘাত ॥ গালে ঠুন্‌না দিল্ কেরে? [<ঠোনা]।

ঠুন্‌নি=[রা]—বি. ভুট্টার খই ॥ ঠুন্‌নি খায়্যা জা।

ঠুন্‌হা=[বা]—বিণ. ক্ষণভঙ্গুর ॥ কাচে'র্ জিনিশ্ ঠুন্‌হা। [<ঠুন্‌কা]।

ঠুম্মা=[সি]—বি. কোষ্কা ॥ হাত ঠুম্মা উঠ্‌সে।

ঠুম্=[সি, কুম, রং]—বি. খণ্ড ॥ বাশ্‌টা কাটিয়া ঠুম্ দেও (কুম)]।

ঠুমকা ঠুমকি=[চা]—বি. রেষা-রেষি ॥ বেশি ঠমকা ঠুমকি করিস্ না। [<ঠমক+আ প্র.+ঠমক +ই]।

ঠুম্‌বা=[রা]—বি. টুকরা ॥ মোরে এক্‌টা মাছের্ ঠুম্‌বা দে।

ঠুয়া=[চা]—বি.হোঁচট ॥ [<ঠোকা]।

২=[কুম]—বি. মুষ্টাঘাত ॥ তারে এক্‌টা ঠুয়া দে। [অর্থ প্র.]।

ঠুয়া দেওয়া=[চা]—ক্রি. মাথার উপর হাত রাখিয়া নীচের দিকে ধাক্কা দেওয়া ॥ পরুত বৈয়া ওংগাইলে ঠুয়া দিমু। [<ঠোকা দেওয়া]।

ঠুলা=[সি]—বি. নারিকেলের মালা ॥ [<ঠুলি; বৃহদার্থে]।

ঠুলি=[রা]—অস. ক্রি. একদিকে বেগে দৌড়াইয়া ॥ [<ঠেলি< ঠেলিয়া]।

২=[কুম]—বি. ছোট হাঁড়ি পাতিল ॥

৩=[ম]—বিণ. ছোট ॥ তার্ এক্‌টা ঠুলি গরু আসে। [অর্থ প্র.]।

ঠুলিঠালি=[চা]—বি. সাধারণ আসবাব পত্র ॥ ঠুলিঠালি শব্ লৈয়া নও। [<ঠুলি+ঠালি (অনু:)]।

ঠুলৈ=[ক]—বি. খেজুর গাছ ছোলার সময়ে দা কাটারী প্রভৃতি রাখার পাত্র বিশেষ ॥ খেজুর গাস্ সোলুতে এক্টা ঠুলৈ বানাইতে ঐবো। [< ঠুলি]।

ঠুল্=[কু, য]—বি. এক মাথার সংগে অন্য মাথার আঘাত ॥ [অনু.]।

২=[সি]—বি. খোল, বহিরাবরণ ॥ দিশলাইয়ের্ ঠুল্।

৩=[সি]—বি. নারিকেলের মালা ॥ [<ঠুলি]।

ঠুলঠুইলা=[য]—বিণ. নেড়া ॥ ঠুলঠুইলা মাথা বেলের্ লাহান্। [< ঠুলঠুল্ (অনু.)+ইয়া প্র.]।

ঠুলঠুইলো=[কুম]—বিণ. অতিশয় ॥ ঠুলঠুইলা বুরা। [<ঠুল ঠুল (অনু.)+ইয়া প্র.]।

ঠুলঠুলি=[সি]—বি. কাগজের ঠোঙা ॥

ঠুলা=[কুম]—বিণ. নেড়া ॥ ঠুলা মাথা। [দেখ ঠুলঠুইলা]।

২=[ময়]—বিণ. মূল্যহীন ॥ উপুরা ঠুলা কতা মোর্ এটেই না খাটে।

ঠুলি=[চট্ট]—বি. খুলি ॥ বেটা তোর্ মাথার্ ঠুলি উড়াই দির্। [দেখ ঠুইল্]।

ঠুলু=[রা]—বিণ. যে একের কথা অন্যের কাছে বলিয়া বেড়ায় ॥

২=[রং]—বিণ. মূল্যহীন ॥

ঠুশা=[কুম, য]—বিণ. বলহীন, দুর্বল ॥ অত ঠুশা ঐলা কবে থিকা ? [<ঠোস্ +আ প্র.]।

২=[চট্ট]—বি. ঘুষি ॥ হিতে আঁরে ঠুশা মাইর্‌গে। [<ঠুসা]।

৩=[য]—বিণ. ভঙ্গুর ॥ কাচের্ গেলাস্ এহাবারে ঠুশা। [দেখ ঠুশা]।

ঠুশানো=[কুম]—ক্রি. লুকাইয়া রাখা ॥ [<ঠোসা+নো প্র.]।

ঠুশি=[সি]—বি. ঘুষি ॥ নাকারি বায় ঠুশি মারি কাডাই দিসে। [দেখ ঠুশা]।

২=[রা]—বি. আঁকশি ॥

৩=[রং, রা, সি, ব]—বি. মাছ ধরার ফাঁদ বিশেষ ॥ ঠুশিতে কি মাস্ পড়্‌সে (ব)।

৪=[রং, খু]—বি. গরুর মুখোস ॥ [=ঠুশি]।

৫=[খু]—বি. বোতলে তৈল বা তরল পদার্থ ঢালিবার জন্য ব্যবহৃত পাত্র ॥

৬=[পা]—বি. চশমা ॥ চোখে ঠুশি লাগাও। [দেখ ঠুশি২]।

৭=[ক]—বি. থলি ॥

৮=[রা]—বি. সরিষার ভুষি ॥ চাট্যা ঠুশি দিও।

ঠুস্=[কুম]—অব্য. শব্দ বিশেষ ॥ বেলনুডা ঠুস্ কৈরা ফাইট্যা গেসে। [ধ্বন্যা.]।

২=[কুম]—বিণ. বাজে, ঢিলা ॥ তার্ খালি কথার্ বাহার্, কামে কামে ঠুস্।

ঠুশকি=[সি]—বি. উসকানি ॥

ঠুহা=[য]—বি. <টোকা, মৃদু আঘাত ॥ দর্‌বার্ ঠুহা দেও।

ঠে

ঠে=[রা]—ক্রি. বিণ. স্থানে, খানে ॥ যে ঠে ইচ্ছা সে ঠে জা। [<ঠাঁই (< স্থান সং)]।

ঠেই=[য, ফ]—ক্রি. বিণ. আড়ি ॥ সাগলে পানি দেখ্‌লে ঠেই দিয়া দাড়ায়। [<ঠেগ+ই প্র.]।

২=[খু]—বি. তল ॥ ঠেই পাওয়া যায় না। [<থৈ(<স্থল)]।

ঠেইংগা=[য,রং]—বি. ঠেলিয়া রাখিবার জন্য ব্যবহৃত লাঠি ॥ গাস্টা ঠেইংগা দিয়া ঠেলা দিয়া থো। [<ঠেঙ্গা]।

ঠেইট্‌ঠেলাম্=[চট্ট]—বি. অস্থিরতা, কাতরতা, ইতস্ততঃ করা ॥ অনেক্ ঠেইট্‌ঠেলামের্ পর্ হিতে চলি গেল্। [অনু.]।

ঠেই দেওয়া=[ক]—ক্রি. ধমক দেওয়া। [<ঠেস+ই প্র.+দেওয়া]।

ঠেইয়ে=[য]—বি. নাগাল ॥ [দেখ ঠেই২+এ]।

ঠেইর্=[নো]—বি. গাছের সহিত শাখার মিলিত অংশ ॥

ঠেইলা=[রং, চট্ট]—বি. ডাল, শাখা ॥ গাসর্ ঠেইলা। [<ডালিয়া<ডাল+ ইয়া প্র.]।

২=[পা]—ক্রি. বিণ. জোরে ॥ ঠেইলা ঘর্ আইতাসে। [<ঠেলিয়া]।

ঠেউংগা=[রং]—বি. ঠেলিয়া রাখিবার জন্য ব্যবহৃত লাঠি ॥ [দেখ ঠেইংগা]।

২=[ঢা]—বিণ. মাঝে ভাংগা ॥ [<ত্রিভঙ্গ]।

ঠেউকা=[রং]—বি. গরুর গাড়ীর সম্মুখভাগ উঁচু করিয়া রাখার জন্য বাঁশের দুইটি টুকরা দ্বারা তৈরী ঠেকা বিশেষ ॥ [<ঠেক্(<ঠেকা) +উয়া প্র.]।

ঠেউঙা=[ফ]—বিণ. দুই তিনটি ডাল বিশিষ্ট ॥ [দেখ ঠেউংগা]।

ঠেউড্যা=[বা]—বিণ. অন্যায় ভাবে যে নিজের কথা ঠিক রাখিতে চায় ॥ [<ঠেঁট(<ঠেঁটা<ধৃষ্ট সং)+উয়াপ্র.]।

ঠেউরানো=[চট্ট]—ক্রি. টিটকারি দেওয়া ॥ [<ভেওড়ানো]।

ঠেংগি=[সি]—বি. মাছ প্রভৃতি কাটিবার বড় দা ॥ [<ঠ্যাং+ই প্র.; ঠ্যাং বিশিষ্ট দা]।

২=[কুম]—বি. গরু ঘোড়া ইত্যাদির দুই পায়ের বাঁধন ॥ গরুরে ঠেংগি লাগাও। [অর্থ প্র.]।

ঠেংগদ্=[রং]—বি. বোঝাই বড় ডেকচি-উনুন হইতে নামাইবার বা উঠাইবার বাঁশ নির্মিত বেড়ি ॥ [দেখ ঠেংগি; বৃহদার্থে]।

ঠেংগয়োবাথি=[ব]—ক্রি. বিণ. খাটিয়া খুঁটিয়া ॥ ঠেংওয়াবাথি কৈরা দিন্ কাটাই। [<ঠ্যাং+উয়া প্র.+বাথী বাজী ফা.]।

ঠেংচি'য়া=[ব]—বি. পায়জামা, হাফ পেণ্ট, ফুল পেণ্ট ॥ পুলিশ্যা ঠেংচি'য়া পিনদ্যা ডিউটি দেয়্। [<ঠ্যাং+চীর +আ প্র.]।

ঠেংরিটানা=[ক]—ক্রি. বি. গোপ্তা করা ॥ ঠেংরিটানা দিলা কিয়ারে? [ঠেংরি<টংগ্রী হিং=পা+টানা]।

ঠেংঅর্ দাড়ি=[চট]—বি. পায়ের লোম ॥ তোঁয়ার ঠেঁঅর্ দাঁরি গিড়ি ফেলাইব্। [<ঠ্যাং+র(সম্বন্ধে)+দাড়ি(<শ্মশ্রুকা সং)]।

ঠেঁওত্=[রা]—ক্রি.বিণ. এক জায়গায় থাকিয়া ॥ ঠেঁওত্ ঘুরে আগা গরুটার অভ্যাস্ নাই। [<ঠাঁই+ত(বিভক্তি)]।

ঠেঁটু=[রা]—বি. ক্ষমতা ॥ তার কি ঠেঁটুইবা আছে? [<ঠাট+উ প্র.]।

ঠেকি=[কু]—ক্রি. বিণ. একঘরে ॥ গাঁয়ের শকলে তাকে ঠেকি করেসে। [<ঠেক্(<ঠেকা=বিপদে ঠেকা) +ই প্র.]।

ঠেকি দেওয়া=[রা]—ক্রি. বি. এক-ঘরে করা ॥ সমাজে তাকে ঠেকি দেওয়া হয়েছে। [দেখ ঠেকি+দেওয়া =করা]।

ঠেক্নি=[খু]—বি. ঠিকা ॥ ঠেঁকিন্ ঠেক্নি। [<ঠেক্(<ঠেকা)+নি]।

ঠেটি=[রা]—বিণ. অকেজো, যে দুধ দেয় না ॥ ঠেটি গাই হাম্বায় বেশি। [ঠেঁটা, ঠেঁটি]।

২=[বা, কুম]—বি. শাড়ি ॥ বৌয়ের্ লাগি একটা ঠেটি আন্তে ঐবো। [<ঠেঁটি]।

ঠেটিয়া=[বা]—বিণ. অকালপক্ব ॥ সেলেটা কি ঠেটিয়ারে। [দেখ ঠেটি+আ প্র.]।

ঠেম্শি=[সি]—বি. জেদ, এক-গুঁয়েমি ॥

ঠেলি=[রা]—বি. ছোট কলসী ॥ ঠেলিত্ কৈরা পানি আন্। [দেখ ঠিলা +ই প্র. ; হ্রস্বার্থে]।

ঠ্যা

ঠ্যাজা=[কুম]—বি. বিপদ, ঠেকা ॥ আর্ ঠ্যাজার্ সময় কেঐ সাহায্য করলে না। [<ঠেকা]।

ঠ্যাজান্=[চট]—ক্রি.মার দেওয়া, আঘাত করা ॥ হিতারে এত ঠ্যাজাইনা ক্যা? [<ঠেজা+ন প্র.]।

ঠ্যাওয়ানো=[ব]—ক্রি. সাজানো ॥ বৈডি ঠেওয়াও। [দেখ ঠাবানো]।

ঠ্যাওরান্=[চট]—ক্রি. বি. ঠাট্টা করা ॥ বেশি ঠ্যাওরান্ ভালা না। [<টাট্রান<টটর্(<টট্টরী সং) আন প্র.]।

ঠ্যাংগা=[চট]—বি. হুড়কা, দরজা আটকাইবার লাঠি ॥ দুয়ারে ঠ্যাংগা দি রাগো। [<ঠেজা]।

২=[নো]—বি. গাছ গাছড়ার কাটা টুকরা ॥ ঠ্যাংগা দি বাড়ু বান্দ।

৩=[খু, চা]—বি. লাঠি ॥ হালারে ঠ্যাংগা দা কড়ুডা বাথি দে (চা)।

ডাপা=[প]—বি. বাঁশের বাখারীর তৈরী নৌকার পাটাতন ॥

ডাপিডুপি=[পা]—বি. আস্ফালন ॥ বেশি ডাপিডুপি কৈর না। [অনু.]।

ডাপুশ্, ডুপুশ্=[পা]—ক্রি. বিণ. তাড়াতাড়ি ॥ ডাপুশ্ ডুপুশ্ দুইতিন্টা ডুব্ দিয়ে আয়্। [অনু.]।

ডাপে ডুপে=[চা]—ক্রি. বিণ. গয়েসয়ে ॥ কামে কিস্সুই না খালি ডাপেডুপে দিন্ কাডায়্ ॥ [অনু.]।

ডাপ্=[ক, বা, পা]—বি. বাঁশ বা সুপারি গাছের তৈরী রুয়া বিশেষ ॥
২=[চট্ট]—বি. গাঁথুনি ॥
৩=[সি]—বি. প্রতাপ ॥ মনুশ্টার্ খুব্ ডাপ্ আসে। [<দাপ<দর্প সং]।
ডাপ্টা=[কু, পা]—বি. ছোট মেয়ের পরিধেয় বস্ত্র বিশেষ ॥ ডাপ্টা পরা গেন্দি।
২=[রা]—বি. তালি, পট্টি ॥ জামাতে আর্ কত ডাপ্টা দিবি ?
ডাপ্টানো=[রং]—ক্রি. পাঠানো ॥ বাড়িতে চিঠি ডাপ্টাইলাম্ কোনও উত্তর্ পাইলাম্ না।
ডাপ্ দেওয়া=[ফ]—ক্রি. মাছের পানি ছিটানো ॥ পুগেরে বড় একটা মাস্ ডাপ্ দিসে। [<দাপ (দর্প সং) +দেওয়া]।
ডাফা=[পা]—বি. বাঁশ বা কাঠের আড়া বিশেষ ॥ গরের্ ডাফের্ তক্তা ফেলো।
২=[ব]—বি. শুটকী মাছ ॥ ডাফা দৈয়া বাত্ খাইসি।
ডাফ্=[খু]—বি. বাঁশের বাখারি ॥ ডাফের্ বেড়া।
ডাফ্না=[সি]—বি. পাখির ডানা ॥ পাখির্ ডাফ্না বাংগি গেসে। [< দাবনা ; অর্থ প্র.]।
ডাবর্=[ফ]—বি. পেটমোটা মাটির কলস ॥ ডাবর্ডাত্ দান্ থো।
ডাবর্=[রং, রা, ম]—বি. চাউল রাখার মাটির বড় পাত্র ॥
২=[পা]—বি. পানের পাত্র, গামলা ॥ [অর্থ প্র.]।
৩=[সি]—বি. মাটির পেয়ালা ॥ পানির্ ডাবর্ডা বাইংগা গেসে।
৪=[কুম]—বি. মেটে বাসন ॥
৫=[ক]—বি. চিলমচি ॥ ডাবরে কুলি ফেলাও।
৬=[খু]—বি. নীচু জায়গা ॥ ওদের্ বাড়ি একেবারে ডাবরে।
৭=[খু]—বি. মাটির ছোট ভাঁড় ॥ এক্ ডাবর্ পানি খো।
ডাবা=[খু]—বি. ধরের আড়া ॥ [<দাওয়া (<দার্বট সং)]।
২=[খু, য, কুম]—বি. হুকা (নারিকেলের মালার তৈরী)॥ ডাবাডা লৈয়া আয় ॥ [<ডাব+আ]।
৩=[রং, খু]—ক্রি. বিণ. সমুখের দিকে বেশী বোঝাই ॥ গাড়ি ডাবা হোলো যে (খু)। [<দাবা]।
৪=[ব]—বিণ. প্রখর, প্রচুর ॥
৫=[খু, য]—বি. মাটির ছোট কলস বিশেষ ॥
ডাবাইয়া=[চা]—ক্রি. বিণ. বেশী করিয়া ॥ আইযগা খুব্ ডাবাইয়া খাইসি। [<দাবাইয়া]।
ডাবানি=[চা]—বি. ক্ষতি ॥ এই ডাবানির্ চো'ড্ হারতে দেরি আসে। [<দাবানি]।
ডাবানো=[ব]—ক্রি দাবাইয়া রাখা ॥ মাডি ডাবাও ॥ [<দাবানো]।
২=[ম]—ক্রি. শীর্ণ হওয়া ॥ [অর্থ প্র.]।
৩=[কুম]—ক্রি. বড বড় কথা বলা ॥ এত বেশি ডাবাইস্ না। [<দাবড়ানো]।
৪=[খু]—ক্রি. মাটির নীচে পোঁতা ॥ খুঁটিটা মাটির্ নিচে' ডাবাও। [দেখ ডাবানো]।
৫=[চা]—ক্রি. কৌশলে বিপদে ফেলা ॥ এইবার্ শোনারে ডাবাইসে। [অর্থ প্র.]।
৬=[রং]—ক্রি. চাবানো ॥ [অর্থ প্র.]
ডাবান্=[খু]—ক্রি. ভিতরে প্রবিষ্ট হওয়া ॥ গাড়িকান্ কাদায়্ ডাবে গেচে' ॥ [<দাবান]।
ডাবারে ডুবা=[রং]—বি. কানামাছি খেলা ॥ চ্যাংরাজে ডাবারেডুবা খেলোচে।
ডাবি=[পা, কু]—বি. চপেটাঘাত ॥ সাওয়াল্টাক ডাবি দাও। [<দাবড়ি]।
২=[রা]—বি. লাথি ॥ এক্ ডাবি লাগিয়ে দেবো। [অর্থ প্র.]।
ডাবি মারা=[ক, কু]—ক্রি. ধমক দেওয়া ॥ বেটাকে এক্ ডাবি মার্ ॥ [দেখ ডাবি+মারা]।
ডাবু₁=[সি]—বি. নারিকেলের হুকা ॥ [দেখ ডাবা₂]।
২=[ব, রং, দি, পা]—বি. ডাল ও তরকারী উঠাইবার হাতা ॥ এক্ ডাবু দে (ব)। [<দবি সং]।
ডাবুইর্=[কুম]—বি. মেটে বোতল ॥ ডাবুইরে কৈরা তেল্ আনো। [ডাবর]।
ডাবুক্=[রা]—বি. বড় চামচ ॥ ডাবুক্ দি তরকারি দেও। [দেখ ডাবুইর্ ; ডাব+ক]।
ডাবুয়া=[সি]—বি. নারিকেলের হুকা ॥ [দেখ ডাবা₂]।
ডাবুর্=[কুম]—বি. মাটির তৈরী পাত্র বিশেষ ॥ ডাবুরত্ পানি রাখ্ ॥ দেখ ডাবুইর্]।
২=[খু, কু]—বি. ছোট কলস ॥ এক্ ডাবুর পানি আনো। [অর্থ প্র.]।
ডাবুশ্=[১]—ক্রি. বিণ. পলকহীন, অবাক ॥ [অনু.]।
ডাবের্=[চা]—বি. মাটির পাত্র ॥ [<ডাবর]।
২=[রা, ফ]—বি. পিকদান ॥ ডাবেরে থুথু ফেলাও। [অর্থ প্র.]।
৩=[রা]—বি. এক মাল্লাই নৌকা ॥ একটা ডাবের্ ভাড়া কর্ ॥
ডাবো=[খু]—বি. টক ফল বিশেষ ॥
ডাবোইর্=[বা]—বি. কলসি, হাঁড়ি॥ বাতের্ ডাবোইর্ থুইচে'। [দেখ ডাবুইর্]।
ডাবোর্=[য]—বি. হাঁড়ি ॥ এক্ ডাবোর্ পানি নে মাঠে যা। [দেখ ডাবুইর্]।
২=[পা]—বি. পানের পাত্র ॥ [দেখ ডাবর্₂]।
ডাবোর্ দান্=[চা]—বি. কিছু সাদা কিছু লাল রঙের আমন ধান বিশেষ ॥
ডাব্=[চা]—বি. অতিরিক্ত কাদা ॥ খেতে বর ডাব্ হৈসে। [<দাব (< দাবা) ; অর্থ প্র.]।
২=[খু]—বি. ধাক্কা ॥ গাড়ির্ ডাব্ লাগে পড়ে গেল্ ॥ [অর্থ প্র.]।

৩=[খু, বা]—বিণ. বোকা ॥ সোড়াডায় মাথাত্ কিস্যু নেই একেবারে ডাব্ (খু)। [অনু.]।

৪=[চা]—বি. ওত্থার (মাছ ধরিবার উপকরণ) মধ্যস্থলের বাঁশ ॥ ডাব্ডা বাইংগা গেসে।

৫=[বা, কু, পা]—বি. কড়ি কাঠ ॥ গরের ডাব্ মজবুত করে দাও।

৬=[রা]—বি. বেতের তৈরী পানি সেঁচিবার উপকরণ ॥

৭=[বা]—বি. সুপারি গাছের মজবুত বাখারি।

৮=[কু, পা]—বি. কাপড় রাখিবার ঝুলন্ত বাঁশ ॥

ডাব্কুয়া=[রা]—বিণ. পাটহীন মেটে কুয়া ॥ [<দাব (<দাবা)+কুয়া (<কূপ সং)]।

ডাব্গি=[ফ]—বিণ. বড় মানুষি ॥ ডাব্গি কথা সাইরা দে। [<দাপ (<দর্প সং)+কি প্র.]।

ডাব্গি মালা=[চট্ট]—বি. আগুন তোলার নারিকেলের মালা ॥

ডাব্ঠি=[রা]—বি. মাছ ধরিবার জাল বিশেষ ॥

ডাব্ঠি লাগা=[রা]—বি. ময়লা বা মাটি লাগিয়া থাকা ॥

ডাব্দান্=[পা]—বি. ভুট্টা ॥

ডাব্না=[খু]—বি. গালি বিশেষ ॥ তুই আমারে ডাব্না কৈয়ে গালি দিলি। [দেখ ডাব্না৪]।

২=[বা]—বিণ. দুশ্চরিত্রা ॥ [< দাওনা<দেৱানহ্ دیوانه ফা.]।

৩=[খু]—বি. যে বেশী খায় ॥ [অর্থ প্র.]।

৪=[রা]—বি. পাখনা ॥ বেশি বাড়াবাড়ি করলে তোর্ ডাব্না ভেংগে দেবো। [<দাবনা]।

ডাব্বশ্ গুড্ডি=[চট্ট]—বিণ. চাউশ ঘুড়ি ॥ [ডাব্বশ্<চব্বুস+গুড্ডী হিং]।

ডাব্বো=[চট্ট,কুম.]—বি. নারিকেলের মালার তৈরী বড় চামচ ॥ এক্ ডাব্বা তর্কারি দ্যাও (কুম)। [<দর্বিক সং ; দেখ ডাবু]।

২=[কুম]—বি. মুঠি, আঁজলা ॥ এক্ ডাব্বা মুরি আনো। [অর্থ প্র.]।

ডাব্বোইশ্=[নো]—বি. এক প্রকার ঘুড়ি ॥ ডাব্বাইশ্ গুড়ির সুতা শক্তো লাগে। [দেখ ডাব্বশ্ গুড্ডি]।

ডাব্রি=[রা]—বি. টোনা, টোকা ॥ [দেখ ডাব্বে]।

ডাব্বুয়া=[চট্ট]—বি. তরল বস্তু তুলিবার হাতা বা পাত্র ॥ [দেখ ডাব্বা]।

ডাব্বুর্=[ম]—বি. জিনিষ রাখিবার পাত্র বিশেষ ॥ [<ডাবর]।

ডাব্বশ্=[পা]—বি. চাউশ ঘুড়ি ॥ [দেখ ডাব্বশ্ গুড্ডি]।

ডাব্বৈ=[বা]—ক্রি. বিণ. সাঁতার কাটিবার সময় পা ছোঁড়া ॥ [<দাব্ (<দাবা)+ই প্র.]।

ডাব্ মারা=[ম]—ক্রি. ডুব মারা, চাটু দেওয়া ॥ লোক্টা বর ডাব্ মার্তো যানে ॥ [ডাব্ (অনু.)+মারা]।

২=[সি]—ক্রি. পানিতে শব্দ করা ॥ মাসে ডাব্ মার্সে। [<ডাব ধ্বন্যা. +মারা]।

ডাব্রা=[কুম]—বি. মাটির পাত্র ॥ এক্ ডাব্রা দুদ্ ॥ [দেখ ডাব্বুর্]।

ডাব্রি=[রা]—বি. হুকার জন্য আগুন রাখার পাত্র বিশেষ ॥ [দেখ ডাব্বুর্]।

ডাব্লা=[ম]—বি. ছেঁড়া কাপড় ॥ ডাব্লা দিয়া কুপ্পিড়া মুসো।

ডাব্লানো=[ঢা]—ক্রি. চোটপাট করা ॥ ওয় হারা মুলুক্ ডাব্লাইয়া-লৈচে'। [<দাবড়ানো]।

২=[ঢা]—ক্রি. ঘোলা করা ॥ পানি ডাব্লাইস্ না। [অর্থ প্র.]।

ডাব্লো=[রা]—বি. হাতা, চামচ ॥ [<ডাব্বা]।

ডাভ্রু=[কু]—বিণ. চোর ॥ [< খাজড়]।

ডামশ্=[পা]—বি. বিল ॥ ডামশে মাস্ থাকে।

ডামাটি=[কু, পা]—বি. অস্ত্রের হাতল ॥ [দেখ ডাটি]।

ডামাট্=[পা]—বি. দা কাস্তে ইত্যাদির হাতল বা বাঁট ॥ [দেখ ডাট্ ৫]।

ডামাট্টা=[পা]—বিণ. রাগী, দুষ্ট ॥ সাওয়াটা বড় ডামাট্টা ॥ [দেখ ডাট্+আ প্র.]।

ডামিশা=[বা]—বি. অকৃতকার্যতা ॥ [<ড্যামেজ damage ইং]।

ডামিশ্=[পা]—ক্রি. বিণ. বিনষ্ট ॥ মাল্গুলি ডামিশ্ হয়ে গেসে। [দেখ ডামিশা]।

২=[খু, ফ, বা]—বি. তাঁরকাটা ॥

ডামিশ্ দেওয়া=[বা]—ক্রি. ঠকানো ॥ তোরে এমন্ কৈরা ডামিশ্ দিমু। [দেখ ডামিশ্+দেওয়া]।

ডামশি=[নো]—ক্রি. বিণ. অত্য-ধিক পরিমাণ ॥ [দেখ ডামিশা]।

ডামেশ্=[ম]—ক্রি. বিণ. নষ্ট ॥ গরুডায় দান্খেত্টা খাইয়া ডামেশ্ কর্তাসে। [দেখ ডামিশ্]।

ডাম্=[সি]—বি. ধান শুকাইবার চাটাই ॥ দান্গুলি ডামে দিয়া হুকাও।

২=[সি]—বি. মোটা কাগজ ॥ সৈয়া বানাইতে ডাম্ লাগে। [<ডেমি demy ইং]।

৩=[পা]—বি. তিন (গুলিবাড়ি খেলায়) ॥

ডাম্পাই করা=[পা]—ক্রি. ক্ষমতার বড়াই করা ॥ [দেখ ডম্ফাই+করা]।

ডাম্পু=[রা]—বিণ. বেকার, বোম্বাটে, বিলাসী ॥ ঐ ডাম্পুর্ সংগে দেবো, মেয়ের বিয়ে। [<ডেঁপো]।

ডাম্বুল্=[দি]—বিণ. মোটা সোটা ॥ [চব্বুস হিং]।

ডাম্রা ডোল্=[রং]—বি. কোলা-হল, কলরব ॥ [দেখ ডামাডোল]।

ডাম্শো=[খু]—বি. ফল বিশেষ ॥

ডায়া=[পা]—বি. বড় কালো পিঁপড়া ॥ [দেখ ডাইয়া]।

ডায়োর্=[বা]—বি. বর্ষা ॥ [< ধার<ধারা সং]।

ডায়্=[খু]—অব্য. গরু তাড়াইবার সঙ্কেত ॥ ডায় গরু ডায়্। [অনু.]।

ডারা=[সি]—বি. শাড়ি বা ধুতির পাড় ॥ [<ডোর সং+আ প্র.]।

ডারি ঘর্=[রং]—বি. বৈঠকখানা ॥ ডারিঘরে বশে তাংও খায়া আও বাহে। [দেখ ডারিয়া ঘর্]।

ডারি মাজি=[রং]—বি. <দাঁড়ী মাঝি ॥

ডারিয়া ঘর্=[রং]—বি. বাহিরের বসিবার ঘর ॥ ডারিয়া ঘরত্ বৈছে।

ডারুয়া=[রং]—বিণ. লক্ষ্মীছাড়া ॥ [<ধার (ঋণ)+উয়া প্র.]।

ডার্=[খু]—বি. রাস্তা ॥ [<ধার <ধারা সং]।

২=[নো]—বি. বাদলা, অবিরাম বৃষ্টি ॥ [অর্থ প্র.]।

৩=[খু]—বি. <দাঁড় ॥

ডার্কি=[দি]—বি. মাছ ধরিবার বাঁশের তৈরী যন্ত্র ॥ [দেখ ডাঁড়্কি]।

২=[রং]—বিণ. মূল, গোড়া ॥ তুই ই কামের্ ডার্কি।

ডার্কিনি=[দি]—বি. মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥ [দেখ ডার্কি+নি প্র.]।

ডার্হা=[ফ]—বিণ. বড় ॥

ডালন্=[বা, য, খু—বি ছোট কলসী, ভাণ্ড ॥ ডালন্ বৈরা পানি আনো।

ডালম্=[কুম]—বি. ডালিম ফল ॥

ডালা=[চা]—বি. নূতন বিবাহিতার সঙ্গে আনীত মিষ্টি ॥ [<ডল্লক সং; অর্থ প্র.]।

২=[বা, চা, ফ, খু]—বি. ডাল পালায় তৈরী মাছের আশ্রয় ॥ ডালা পর্লে বিলে মাস্ ধরা যায়। [< ডাল+আ প্র.]।

৩=[রা]—বি. উৎকোচ, ঘুষ ॥ [দেখ ডালা; অর্থ প্র.]।

৪=[চট]—বি. মাটি কাটার ঝুড়ি ॥ [দেখ ডালা; অর্থ প্র.]।

৫=[সি, খু, পা]—বি. বাঁশের তৈরী প্রশস্ত পাত্র ॥ ডালার মধ্যে মরিচ্ শুকায়্। [দেখ ডালা]।

৬=[ক, পা]—বি. টুই, টিনের ঘরের ফাঁকা কোণগুলি আবৃত করিবার টিন ॥ [দেখ ডালা; অর্থ প্র.]।

৭=[কুম]—ক্রি. অর্পণ করা, বর্জন করা ॥ পাতের্ শব্ বাত্ তারে চাইল্যা দিল্। [<ঢালা]।

৮=[সি, পা]—বি. স্রোত ॥ [অর্থ প্র.]।

ডালা উব্‌রা=[চা]—বি. এক পাত্র হইতে অন্য পাত্রে নাড়া চাড়া ॥ মাস্‌টা ডালা উব্‌রা কর। [দেখ ডালা, +উবরা (উদ্বৃত্ত সং)]।

ডালা উব্‌রি=[চা]—বি. নামাইয়া পুনরায় গুদামজাত করা ॥ পাটগুলি ডালা উব্‌রি কৈরা রাখো। [দেখ ডালা উব্‌রা]।

ডালা ডালা=[সি]—বিণ. প্রশস্ত, বড় ॥ [অনু.]।

ডালা বরা=[কুম]—বি. বিয়ের সরঞ্জাম ॥ পাল্‌কি দিয়া ডালাবরা পাডাইসে। [দেখ ডালা+ভরা]।

ডালা শিকার্=[কুম, চা]—বি. রাত্রে বাতি জ্বালাইয়া মাছ শিকার ॥ লও ডালা শিকার্ কর্‌তে যাইমু।

ডালা হালানি=[চট]—বি. মাছের জন্য কোন জলাভূমিতে ডালপালা ইত্যাদির সমাবেশ করা ॥ [দেখ ডালা +ফালানি=ফেলানো]।

ডালি=[রং, ম, কুম]—বি. ডালা, ধামা ॥ মাছের্ ডালি(রং)। [<ডালা; (ক্ষুদ্রার্থে) ই প্র.]।

২=[ফ]—বি. নৌকার উপরের পুরু তক্তা ॥

ডালি কচু=[কুম]—বি. ছড়া কচু ॥ [ডাল+ই প্র.]।

ডালু=[সি]—বি. গুড় রাখার মাটির হাঁড়ি ॥ ডালু বরা মিঠাই খাবার্ দিস্ গেসে গ্যা।

ডালু মালু=[চা]—ক্রি, বিণ. হতাশ, কিংকর্তব্যবিমূঢ় ॥ ডালমালু কৈরা তাহা ইলে কি ঐবো, আমার্ লগে যাইতেই ঐবো। [অনু.]।

ডালুয়া=[সি]—বিণ..ডালে উৎপন্ন ॥ ডালুয়া কাঠাল্ বর অয়্ না। [< ডাল+উয়া প্র.]।

২=[সি]—বি. শাখা নদী ॥ ডালুয়াটা বিলে গিয়া পর্‌সে ॥ [অর্থপ্র.]।

ডালেম্=[চা]—বি. <ডালিম ফল ॥

ডালোব্=[রা]—বি. কৌতুক ॥ শশ্ শমর্ ডালোব্ ভালো নয়। [অনু.]।

ডাল্=[রা]—বি. নাকের অলংকার বিশেষ ॥ [<ডাল(<ডালী প্রাং)এর আকৃতি বিশিষ্ট]।

২=[কুম, চট]—বি. ললাট ॥ বৈয়ের ডাল্ পিরা গ্যাসে গ্যা (কুম)।

৩=[পা]—বি. সহায় ॥ যার্ কেউ নাই খোদাই তার্ ডাল্। [<ঢাল; অর্থপ্র.]।

৪=[ঢা]—বি গুটির চাল ॥ অহন্ তোমার্ ডাল্।

ডাল্ কূল্=[চা]—বি. উপায় ॥ এতিম মাইয়াডার্ কোন ডাল্‌কূল্ নাই। [দেখ ডাল্৩+কূল=কিনারা]।

ডাল্‌গন্‌ধেয়া=[রা, দি]—বি. বন বিড়াল জাতীয় চতুষ্পদ প্রাণী ॥ [< ডাল(শালা)+গন্ধ+আ; অর্থপ্র.]।

ডাল্‌চিনি=[রা]—বি. ডালপালা ॥ [<ডাল(শাখা)+চিনি] ॥

ডাল্‌ডুল্=[সি]-বি.ডালপালা ॥ [< ডাল(শাখা)+ডুল(অনুং)]।

ডাল্‌লা=[ম]—বিণ. প্রশস্ত, বড় ॥ আতৃতির্ কান্ পলাশ্ পাতার্ মতন্ ডাল্‌লা। [<ঢাল+আ প্র.]।

ডাল্‌লা ডাল্‌লা=[পা]—বিণ. ড্যাব-ডেবে ॥ ডাল্‌লা ডাল্‌লা চৌ'ক্ কৈরা চা'য়া আসস্ ক্যা? "[দেখ ডাল্‌লা; আতিশয্যে শব্দদ্বিত্ব]।

ডাপা=[খু, ফ]—বি. খাট বা চৌকির আড়াআড়ি কাঠ ॥ চ'হির্ ডাপাডা বাইংগা গেসে গ্যা (ফ)। [<টাঁচ হিং]।

২=[য]—বিণ. চমৎকার ॥ তোমার্ মেয়েটি খুব্ ডাশা। [তুং খাসা]।

৩=[খু]—বিণ. আধপাকা ॥ ডাশা আম্। [<ডাঁশা]।

৪=[ম]—বি. ছাতা ॥ ডাশা মাথে যামাই যায়্। [দেখ ডাশা]।

৫=[রা]—বিণ. জাগ্রত, ভাসা ॥ ডাশা চখু।

৬=[রং]—বিণ. কঠিন, হৃদয়হীন, নির্দয় ॥ লোক্‌টা বড় ডাশা।

ডাশা ডাশা=[পা]—বিণ. বড় বড় ॥ [অনু.]।

ডাশ্=[পা]—বি. মাছির ন্যায় আকৃতির পোকা বিশেষ ॥ [ডাঁশ <দংশ সং]।

ডাশ্ কাইনা=[য]—বিণ. বিশ্রী ॥ সাপর্ কাট্টা দেখ্‌তে ডাশ্‌কাইনা।

ডাশ্‌কাইলা=[য]—বিণ. বড় ॥ ঘরের্ দর্‌খাটা ডাশ্‌কাইলা ॥

ডাহর্=[ম]—বিণ পোক্ত ॥ [দেখ ডাকর্]।

২=[রা,রং]—বি. মহরমের তাজিয়া ॥ [দেখ ডাশা]।

৩=[রং]—বি. মায়া, মমতা ॥ [< দাহা <দাহ ; অর্থ প্র.]।

ডাহাইত্=[পা]—বি. দুরন্ত ॥ কি ডাহাইত্ সেলে॥ [<ডাকাইত]।

ডাহাইল্‌লা=[চা]—বিণ. ঢাকার তৈরী ॥ ডাহাইল্‌লা পাইলা। [<ঢাকা (শহরের নাম বিশেষ)+ই+লা প্র.]।

ডাহাডা=[পা]—বি. হাতা, মালার তেরী চামচ ॥

ডাহাডাহি=[পা]—বি. ঝগড়া ॥ ডাহাডাহি কর ক্যা ? [<ডাকাডাকি; অর্থ প্র.]।

ডাহাডোহা=[কুম, নো]—বি. ওল কচুর মত বনজ কচু বিশেষ ॥

ডাহাতি=[পা]—বি. সর্বনাশ ॥ একেক্করে ডাহাতি আর্ কি। [< ডাকাতি]।

ডাহাত্=[য]—বিণ. <ডাকাত ॥

ডাহানো=[কুম]—ক্রি. তাড়ানো ॥ [ধাককানো<ধাক্কা+আনো প্র.]।

ডাহাবাযি=[চা]—বি. শঠতা ॥ পরের লগে ডাহাবাযি করা ভালা না। [<ডাকা (<ডাকাত)+বাযী ফা. প্র.]।

ডাহাবারি=[চা]—বি. ঢাকাও বাড়ি যাতায়াত ॥ আইয় তিন্‌দিন্ দরিয়া ডাহাবারি লরালরি কর্‌ত্যাসি। [<ঢাকা (শহর বিশেষের নাম)+বাড়ি]।

ডাহারিয়া=[য]—বিণ. বড় ॥ আম্‌গুলো ডাহারিয়া এসে। [দেখ ডাকর্ +ইয়া প্র.]।

ডাহি=[খু, ফ, চ, কুম, ম]—বি. বেতের তৈরী ধামা ॥ এক্ ডাহি চাউল্। [< ঢাক+ই প্র.]।

ডাহিন্=[রা]—বি. বড় টিকটিকি ॥ ডাহিন্‌ডিঠি টিক্‌টিক্ কর্‌ছে। [দেখ ডাহিন্]।

ডাহু=[পা]—বি. <ডাহুক ॥

ডাহুকি=[দি]—বি. ক্ষেত নিড়াইবার কাস্তে ॥

ডাহুন্=[ফ]—বি. মাটির সরা ॥ পাইল্যার্ মুখের্ ডাহুন্ কৈ। [< ঢাকুন<ঢাকা+উন প্র.]।

ডাহুন্ পিডা=[পা]—বি. এক প্রকার পিঠা ॥ [দেখ ডাহুন্+পিঠা]।

ডাহের্ কতা=[চা]—বি. প্রবাদ ॥ [দেখ ডাকের্ কথা]।

ডাহৈ=[বা]—বি. চাকনি ॥ ডাহৈ দিয়া খাওয়ার্ জিনিস্ ডাহিয়া থোও। [< ঢাকনৈ<ঢাকনি]।

ডাহৈন্=[কুম]—বি. দল, পাল ॥ এই ডাহৈনে দশ্‌টা গরু আসে।

ডাহোনি=[ফ]—বি. <ঢাকনি ॥ বাতের্ পাইল্যার্ ডাহোনি কৈ ? [< ঢাক (<ঢাকা)+নি প্র.]।

ডাহোন্=[ফ]—বি. সরা বা ঢাকনি ॥ ডাহোন্ দিয়া বাত্‌গোন্ গুড়িয়া থোত। [দেখ ; ডাহুন্]।

ডি

ডি=[সি]—বি. জোট ॥ হক্‌কল্ পাখিয়ে ডি বান্‌সে।

ডিঅল্=[চট]—বিণ. <দীঘল, লম্বা ॥ [<দীঘ্ (<দীর্ঘ সং)+অল প্র.]।

ডিইল্যা=[চট]—বিণ. দীর্ঘদেহী বক বিশেষ ॥ [দেখ ডিঅল্+ইয়া প্র. ; অর্থ প্র.]।

ডিঙলগা=[বা]—বি. তাল নারিকেল ইত্যাদি গাছের পাতার বৃন্ত ॥ [দেখ ডাইগ্যা]।

ডিউট্টা=[ম]—বি. লোভী ॥ বেটা বর ডিউট্টা। [দেখ ডিট্+উয়া প্র.]।

ডিং=[চট]—বি. <ঢিল ॥ ব্যাং দেখ্‌লে পোয়াউয়া ডিং মারে।

ডিংগর্=[রা]—বি. এক প্রকার গালি ॥ [<ডিঙ্গর সং]।

ডিংগা=[রা]—বি. কলা গাছের ভেলা ॥ [<ডিঙা]।

ডিংগা মানিক্=[সি]—বি. সুমিষ্ট কলা বিশেষ ॥

ডিংগারিয়া=[বা]—বি. নবমী ও দশমীর মরা জোয়ার ॥

ডিংগার্=[বা]—বিণ. পেটুক ॥ সেরাডা বর ডিংগার্। [দেখ ডিংগর্ ; অর্থ প্র.]।

ডিংগি=[ব.]—বি. ডিমপাড়ে নাই এমন ডাগর মুরগী ॥ [<ধিঙি কিংবা ডেগি]।

২=[খু]—বি. ছোট নৌকা বিশেষ ॥ [<ডিঙি ; তুং ডেংগী হিং]।

ডিংগ্‌ইর্‌যা=[চট্ট]—বি. চর অঞ্চলের বৃহদাকার পাখী বিশেষ ॥

ডিংগে মারা=[খু]—ক্রি. পায়ের আঙুলের উপর দাঁড়ান ॥ [<ডিংগা (<ডিঙান)+মারা]।

ডিংগোনি=[য]—বি. ব্রণ, ফুস্কুড়ি ॥ ডিংগোনিতে ওর মুখ ভরে গেসে।

ডিংডিংগা=[সি]—বিণ. লম্বা ॥ ডিংডিংগা বেটার্ গতর্ নাই। [<ডিং ডিং (অনু.)+আ প্র.]।

ডিঁ=[চট্ট]—বি. দীঘি ॥ ডিঁর্ ইন্‌দি ক্যা আনর্ তুয়া ॥ [<দিহি <দীঘি (<দীর্ঘিকা সং)]।

ডিঁইল্যা=[চট্ট]—বি. দীর্ঘদেহী বলাকা বিশেষ ॥ [দেখ ডিইল্যা]।

ডিঁইয়ান্=[চট্ট]—বি. গুঁতা দেওয়া ॥ দেখ ডিঁয়ানো,]।

ডিঁকি=[রা]—বিণ. ডাগর, বড় ॥ ডিঁকি মুর্‌গির্ গোস্‌তো ভাল। [দেখ ডিংগি]।

ডিঁড়ে=[দি]—বি. মাছ ধরিবার অস্ত্র ॥

ডিঁয়া=[চট্ট]—বি. বাছুর ॥ [< ডেকরা]।

২ =[চট্ট]—বি. ঘুষি ॥ [দেখ ডাহা-ডাহি]।

ডিঁয়ানো=[চট্ট]—ক্রি. খেদানো ॥ [দেখ ডিঁয়া+নো প্র. ; নামধাতু]।

২ =[রং]—ক্রি. গুঁতা দেওয়া, ঠোকনা মারা ॥

ডিঁহুরন=[চট্ট]—ক্রি. বি. পশুকে রশি দ্বারা বাঁধিয়া চরিতে দেওয়া ॥ [দেখ ডিগ্‌রা]।

ডিকা=[সি]—বি. ভর, ঠিকা ॥ গরে ডিকা না লাগাইলে তুফানে গর্ পৈরা যাইবো। [<ঠকা, ঠেকা]।

ডিকুর=[ঢা]—বি. নীচমনা ॥ লোক্‌টা বর ডিকুর্। [দেখ ডিংগর্]।

ডিকোমড়া=[নো]—বি. কচি কুমড়া ॥ [দেখ ডিক্ + কুমড়া (কুষ্মাণ্ড সং)]।

ডিক্=[চট্ট]—বিণ. কাঁচা ॥ ডিক্ বাঁশ্। [দেখ ডিগা]।

২=[সি]—বি. ঠেস ॥ গর্‌ডা কাইত্ ঐ গেসে, বাশের্ ডিক্ দেও। [দেখ ডিকা]।

ডিক্‌কিরি=[দি]—ক্রি. বিণ. গর্জন করিয়া ॥ ষাঁড়টা ডিক্‌কিরি বেড়াচ্ছে। [<ডুকরানিয়া (<ডুকরান)]।

ডিক্‌রানো=[ঢা]—ক্রি. চীৎকার করা ॥ [<ডুকরানো]।

ডিগা=[সি]—বিণ. অপক্ব ॥ ডিগা বাশ্ কাট্‌লে কেরে? [<ডগা (< উদগ্র সং)]।

ডিগি=[রা]—বি. <দীঘি ॥ ডিগিত্ খুব্ মাছ্ আছে।

২ =[নো, চট্ট]—বি. কচু কলা সুপারি প্রভৃতি গাছের সদ্য নির্গত কুঁড়ি ॥ [দেখ ডিগা]।

ডিগ্=[য]—বি. কলাগাছের অগ্র-ভাগের পাতা ॥ [দেখ ডিগা]।

ডিগ্ ডিগাইয়া=[সি]—ক্রি. বিণ. হাঁটু কাঁপাইয়া ॥ লোক্‌টা ডিগ্‌ডি-গাইয়া আডে। [<ডিগ্‌ডিগ্ (অনু.) +আ+ইয়া প্র.]।

ডিগ্‌ডিগি=[সি]—বি. পায়ের উপর ভর দিয়া দাঁড়াইতে পারা ॥ [দেখ ডিগ্ ডিগাইয়া]।

ডিগ্‌ডিগ্ করা=[ঢা]—ক্রি. বেশী খাওয়ার দরুন অস্বস্থি বোধ করা। [দেখ ডিগ্ ডিগাইয়া]।

ডিগ্‌দারা=[সি]—বি. লম্বা দড়ি, খুঁটা ॥ ডিগ্‌দারা দি গরু কত পাল্‌বার্ [<দিগ(<দীর্ঘ সং)+দড়া]।

ডিগ্‌রা দেওয়া=[সি]—বি. খুঁটিতে বাঁধিয়া পশুকে ঘাস খাইত দেওয়া ॥ সাগলটারে ডিগ্‌রা দেও। [দেখ ডিগ্‌দারা]।

ডিগ্‌রিবালা=[য]—বিণ. ক্রোধ উদ্রেককারী ॥ হের্ কথাই ডিগ্‌রিবালা। [<জিগর جگر ফা.+ই+অলা]।

ডিগ্‌লা=[কুম]—বি. গরুকে ঘাস খাওয়াইবার সময় খুঁটিতে বাঁধিয়া রাখিবার দড়ি ॥ [দেখ ডিগ্‌রা দেওয়া ; অর্থপ্র.]।

ডিগ্‌লি পারা=[পা]—ক্রি. লাফা-লাফি করা, এদিক ওদিক দৌড়া-দৌড়ি করা। সাওয়াটা বড় ডিগ্‌লি পাড়ে। [দেখ ডিগ্‌বি+পাড়া]।

ডিঘি=[রা]—বি. <দীঘি, পুকুর ॥

ডিটা=[সি]—বিণ. অলস, কুড়ে ॥ মাইয়াডা বর ডিটা।

ডিটান্=[সি]—বি. প্রবাদ ॥ [দৃষ্টান্ত]।

ডিটান্ দেওয়া=[সি]—ক্রি. প্রবাদ বাক্য বলা, দৃষ্টান্ত দেওয়া ॥ বৌডা কথায় কথায় ডিটান্ দেয়্। [<দৃষ্টান্ত +দেওয়া]।

ডিটুয়া=[সি]—বিণ. কুদৃষ্টি দেয় যে, লোভী ॥ [দেখ ডিট্+উয়া প্র.]।

ডিট্=[সি, ঢা, য]—বি. অশুভ দৃষ্টি, কুনজর ॥ কার্ ডিট্ লাইগ্যা বানি অশুখ্ কর্‌সে। [<দিঠ(দৃষ্টি সং)]।

ডিট্ পোরানো=[সি]—ক্রি. কুনজর লাগিলে পানে তেল মাখিয়া পেটে মালিশ করিয়া পোড়ানো ॥ [দেখ ডিট্+পোড়ানো]।

ডিট্ লাগা=[সি]—ক্রি. কুনজর লাগা ॥ [দেখ ডিট্+লাগা]।

ডিট্‌টা=[কুম]—বিণ. পেটুক ॥ ডিট্‌টাদের্ শরির্ বালো অয়্ না। [দেখ ডিটুয়া]।

ডিভানো=[চট্ট]—ক্রি. পাঠানো ॥

ডি ডি=[খু]—অব্য. গরু তাড়াইবার ইঙ্গিত ॥ [ধ্বন্যা.]।

ডিড়েই=[দি]—বি. বাঁশের কাঠির তৈরী মাছ ধরিবার উপকরণ বিশেষ ॥

ডিড্=[ঢা]—বি. অশুভ দৃষ্টি ॥ [দেখ ডিট্]।

ডিন্=[কুম]—বিণ. সকল, সমস্ত ॥

ডিপা=[বা, ঢা, কুম]—বি. ছিপি ॥ বোতলের্ ডিপা লাগা।

২=[ক]—বিণ. মুখ বন্ধ, ভর্তি ॥ ডিপা ওক্কায় তামুক্ খাওন্ যায় না। [অর্থপ্র.]।

ডিপাডিপি=[পা]—বি. মাথায় মাথায় আঘাত ॥ গরু দুটো ডিপাডিপি কর্‌সে। [অনু.]।

২ =[সি]—বি. গড়াগড়ি ॥ [অর্থপ্র.]।
ডিপানি=[পা]—বি. আঘাত ॥ [দেখ ডিপাডিপি]।
ডিপ্‌লা=[ম]—বি. ছিপি ॥ শিশিডাত্‌ ডিপ্‌লা দে। [দেখ ডিপা+লা প্র.]।
২=[চা]—বি. জোড়াতালি ॥ নাও-ডাত্‌ ডিপ্‌লা দিয়া লও। [অর্থপ্র.]।
ডিপ্‌=[বা]—বি. স্তূপীকৃত পানা বা শেওলা ॥ খেতের্‌ ডিপ্‌ শাফ্‌ কর্‌ ॥ [<চিপি, ঢিবি]।
২=[পা]—বি. গর্ত ॥ [<ডোবা]।
ডিপ্‌ডি=[রং]—বি. স্কুলের সাব ইনস্‌পেক্‌টর ॥ [<ডিপুটি deputy ইং]।
ডিপ্‌শি=[খু]— ছিপি, কাক ॥ [দেখ ডিপা+শি]।
ডিফা=[সি, কুম]—বি. ছিপি, কাক ॥ বোতল্‌ডাত্‌ ডিফা লাগা। [দেখ ডিপা]।
ডিবি=[বা]—বি. প্রদীপ, কুপি ॥ [<দিপ(<দীপ)+ই]।
২=[সি]—বি. কৌটা, বাটা ॥ ডিবিত্‌ গুপারি রাখ্‌। [<ডিবা]।
ডিব্‌=[কুম, পা]—বি. গর্ত ॥ [দেখ ডিপ্‌$_{২}$]।
ডিব্‌রি=[য]—বি. চেরাগ, টেমি ॥ [দেখ ডিবি+রি প্র.]।
ডিব্‌লা=[ম]—বি. পুঁটুলি ॥ [দেখ ডিপ্‌লা]।
ডিমক্‌=[ম]—বি. বাহাদুরি ॥ লোক্‌টা বর ডিমক্‌ দেহায়্‌। [<ঠিমক<ঠমক অথবা দিমাগ دماغ ফা.; তুং ঠুমক হিং]।
ডিমা=[নো]—বি. খুব তিতা এক-প্রকার শাক ॥ হেডেন্‌ অশুখে ডিমার্‌ হাগ্‌ খাওন্‌ লাগে।
২=[চট্ট, ঢা, কুম]—বি. ডিম ॥ কাইলার্‌ ডিমা বৌত্‌ হোয়াদ্‌। [<ডিম (<ডিম্ব সং)+আ প্র.]।
৩=[ম]—বি. গুটি, কঠিন পদার্থের চাকা ॥ এক্‌ ডিমা শাবান্‌ আনো। [অর্থপ্র.]।
৪=[পা]—বি. কাপড় কাচা সাবান ॥ ডিমার্‌ শের্‌ কত ? [দেখ ডিমা$_{৩}$; অর্থ প্র.]।
৫=[সি, ম]—বিণ. ধীর, গম্ভীর ॥ তার্‌ চ'ল্‌তি বর ডিমা। [<ঢিমা, ঢিমে; তুং ধিমা, ধিমে]।
ডিমাগ্‌=[কুম]—বি. অহঙ্কার ॥ ডিমাগের্‌ ঠেলায় কথা কওনা যে। [<দিমাগ دماغ ফা.; দেখ ডিমক্‌]।
ডিমা তেতালা=[সি]—বি. অলস ॥ [দেখ ডিমা$_{৫}$+তে (<ত্রি)+তাল+আ প্র.]।
ডিমার্‌ হাগ্‌=[কুম]—বি. একপ্রকার শাক ॥ [দেখ ডিমা+র(সম্বন্ধে)+শাক]।
ডিমাল্‌=[সি]—বিণ. ডিমওয়ালা ॥ [<ডিম(<ডিম্ব)+আল প্র.]।
ডিমি=[চট্ট]—বি. ফল বিশেষ (চাল কুমড়া) ॥
ডিমিক্‌গিরি=[ঢা]—বি. অহঙ্কার ॥ বেশি ডিমিক্‌গিরি বালা না। [দেখ ডিমাগ্‌+গীরী گیری ফা. প্র.]।
ডিম্যাক্‌=[রা]—বি অহঙ্কার ॥ অত ডিম্যাক্‌ ভাল না। [দেখ ডিমাগ্‌]।
ডিয়=[সি]—বি.ঠেস, হেলান ॥ [দেখ ডিকা]।
ডিয়রন্‌=[চট্ট]—ক্রি. বি. পশুকে দড়ি দিয়া বাঁধিয়া চরিতে দেওয়া ॥ [দেখ ডিঁহরন্‌]।
ডিয়রি=[ঢা]—বি. মরাকান্না, চীৎকার ॥
ডিয়ল্‌=[চট্ট]—বিণ. <দীঘল, দীর্ঘ।ডিয়ল্‌ রাইত্‌ ॥ [দেখ ডিঅল্‌]।
ডিয়া=[কুম]—বি. বাছুর ॥ গরুর্‌ ডিয়া দুদ্‌খায়্‌।
২=[ম]—বি. হালের সামনের আব-র্জনা ॥ ডিয়া ফালাইয়া দ্যাও। [দেখ ডিপা$_{২}$]।
৩=[রং, সি]—বি. ঠোনা, ঠেলা, ধাক্কা ॥ ডিয়া না দিলে গুমেত্‌তন্‌ উঠ্‌তো না। [দেখ ডিকা]।
ডিয়াই=[চট্ট]—অস. ক্রি. ধরিয়া ॥ আঁই তোয়ারে ডিয়াই পড়াইবার্‌ ন পাইতাম্‌।
ডিয়ানো=[সি]—ক্রি. কোনও কিছুর উপর দিয়া চলিয়া যাওয়া, ডিংগানো ॥ [<ডিঙ্গানো (<ডিঙ্গা+নো)]।
২=[কুম, সি]—ক্রি. প্রহার করা ॥ [<ঠেঙ্গানো]।
৩=[পা]—ক্রি. চপেটাঘাত করা ॥ কেনে ডিয়ালু তুই। [অর্থ প্র.]।
ডিয়াবাতি=[ম]—বি. দেয়াশালাই ॥ [<দিয়া হিং <দীপ সং+বাতি (বর্তিকা সং)]।
ডিয়ি=[খু]—বি. <ডিঙ্গি, ছোট নৌকা ॥
ডিয়ো=[খু]—বি. ফল বিশেষ ॥ [<ডেউয়া (<ডহু সং)]।
ডির্‌টানো=[কুম]—ক্রি. উঠানামা করানো ॥ তারে শয়্‌তানে ডির্‌টায়্‌।
ডিলা=[কুম]—বিণ. অলস ॥ এইডা ডিলা মাইন্‌শের কাম্‌ না। [<ঢিলা]।
২ =[কুম]—বি. কলস ॥ [<ঠিলা <ঠিল্‌য়া হিং]।
ডিলা লওয়া=[ঢা, কুম, ম]—ক্রি. মাটি বা পাথরের টুকরা (কুলখ) দিয়া শৌচ ক্রিয়া করা ॥ [<ঢিলা লওয়া]।
ডিলিক্‌=[ফ]—বি. স্ফূর্তি ॥ সেড়া-ডায়্‌ বড় ডিলিক্‌ করে।
ডিলিক্‌ ডিলিক্‌=[ঢা]—বি. অতি-রিক্ত স্ফূর্তি জনিত ভাব ॥ [দেখ ডিলিক্‌ আতিশয্যে শব্দদ্বিত্ব]।
ডিলিপ্‌ দেওয়া=[ফ]—ক্রি. দুই পায়ের বৃদ্ধাঙ্গুলীর উপর ভর দিয়া দাঁড়ানো। [<ডিংগি; দেখ ডিল্‌কি +দেওয়া]।
ডিলির্‌ ডিলির্‌=[ঢা]—বি. অতি-রিক্ত স্ফূর্তি জনিত নাচ ॥ [অনু.]।
ডিল্যা=[পা]—বি. অলস প্রকৃতির, ঢিমে তেতালা ॥ তোর্‌ মত ডিল্যা বেটা আমি আর্‌ দেহি না। [<ঢিল
ডিল্‌=[পা, য]—বি. ডৌল, গঠন ॥ মাইয়াডার্‌ ডিল্‌ মন্দ না। [ডৌল হিং]।
ডিল্‌কি=[পা]—বি. আহ্লাদ ॥

২=[চা]—ক্রি. বি. পায়ের আঙুলের উপর ভর দিয়া দাঁড়ান। [দেখ ডিলিগ্ দেওয়া]।

ডিল্‌কোচ'া=[বা]—বি. গাফিলতি॥ পরাশুনায় ডিল্‌কোচ'া দিও না॥ [<ঢিল (<ঢিল্ল প্রাঃ <শিথিল সং)+কাছা (কচ্ছ সং); বাগ্‌ধারা]।

ডিল্‌খি=[কুম]—ক্রি. লাফ॥ ডিল্‌খি দিয়া পর্‌সে। [দেখ ডিল্‌কি]।

ডিল্‌ডাল্=[সি]—বি. বিলাসিতা॥ [অনু.]।

২=[পা]—বি. চেহারা ছবি॥ ম্যায়া-ডায় ডিল্‌ডাল্ বাবাই। [ডীল ডৌল হিং]।

ডিল্‌ডিলা=[ম]—ক্রি. বিণ. ঢিলা॥ গরুডা ডিল্‌ডিলা কৈর‍্যা বাইন্‌দো না। [<ঢিল (দেখ ডিল্‌কোচ'া)+ঢিলা]।

ডিল্‌লা=[কুম]—বি. কলস॥ [দেখ ডিলা২]।

ডিল্‌শুদ্দ=[ক]—বিণ. মানান সই॥ মাওডা বড় ডিল্‌শুদ্দ। [দেখ ডিল্‌কি+শুদ্ধ]।

ডিল্‌হি=[চা]—বি. হাঁকডাক, নাম-ডাক॥

ডিশ্‌বাদ্=[চা]—বি. [দেখ ডিল্‌খি]।

ডিশানো=[খু]—ক্রি. শিং দ্বারা আঘাত করা॥ শাড়্‌টা ডিশায়্। [<ঢুসানো]।

ডিশ্‌না=[পা]—বি. আন্দাজ, বরাদ্দ॥

ডিশ্‌নে=[কু]—বি. জ্ঞান, 'আক্কেল॥ [দেখ ডিশ্‌না]।

ডিহা=[কুম]—বি. খোঁচা॥ কিয়ের্ যানি ডিহা লাগ্‌সে। [দেখ ডিকা]।

ডিহার্=[রা]—বি. প্রদীপ॥ [<দিয়া হিং<দীপ সং+র প্র.]।

ডু

ডুইন্‌ডা=[ম]—বিণ. ঝগড়াটে॥ মাইয়াডা যব্‌র্ ডুইন্‌ডা। [<দন্দ্(<দ্বন্দ্ব সং)+ইয়া প্র.]।

ডুইর্=[চট্ট]—বি. <ডুমুর॥

ডুইর্‌গ্যা=[চট্ট]—বি. মাছ রাখিবার পাত্র॥ ডুইর্‌গ্যাত্ মাস ন আসে।

ডুংকর্=[খু]—বি. কাঁটা গাছ বিশেষ॥

ডুংগা=[ম, বা]—বিণ. ভবঘুরে, চরিত্রহীন॥ সেরাটা ডুংগা ঐয়া গেসে।

২=[সি]—বি. কাগজ বা খোলের তৈরী ঠোঙা॥ ডুংগাত্ কৈর‍্যা কিস্ আলু আইনো। [<ঠোংগা]।

৩=[ম]—বি. পূজার উপকরণ সহ কুলা॥ [অর্থপ্র.]।

৪=[খু]—বি. তালগাছ ফাঁপা করিয়া তৈরী ডিঙ্গি॥ ডুংগায় করে খালে যা, দড়্ দেখে আয়্। [দেখ ডোংগা, ডিংগা]।

৫=[পা]—বিণ. হাস্যরসিক॥ [<চং+ইয়া প্র.; ডুং ঢোং হিং]।

ডুংগি=[কুম]—বি. ডাঁটা, তরকারী॥

২=[ব, রা]—বি. মাটির তৈরী দৈ এর পাত্র॥ এহ্ ডুংগি দৈ॥

৩=[সি]—বি. শস্যভাণ্ডার॥ ডুংগির্ চ'াউল্ খাইয়া বেটার্ ফুটানি দেহো॥

ডুংগ্যা=[পা]—বিণ. যে বেশী হাসিতে পারে॥ [দেখ ডুংগা৫]।

ডুং দেওয়া=[সি]—ক্রি. মাঝখানে বাঁকিয়া যাওয়া॥

ডুংরা=[সি]—বি. <ডুমুর॥ ডুংরার্ পাতা দি শিং মাস্ মবা॥

ডুংলা=[কু, পা]—বিণ. ফাঁপা॥ ডুংলা বাশ্॥ [<ঢোল+আ প্র.]।

ডুঁড়=[রা]=বি. তাগা, কোমরের সুতা॥ ছাওয়াল্‌টার্ কোমরে ডুঁড় নাই। [<ডুর(<ডোর সং)]।

ডুকি=[কুম, পা]—বি. ভাত রাখার ছোট হাঁড়ি॥ বাবাই বৌ দুইজনের্ লাইগ্যা এক্‌টা ডুকিই ঐবো।

ডুকুল্=[রা]—বি. অনুরূপ, সমান॥ তোমার্ ডুকুল্ খারাপ্ মানুশ্ আর্ দেখি না। [<চক+উল প্র.]।

ডুক্‌কাইর্=[ম]—বি. চীৎকার॥ বেডিডা ডুক্‌কাইর্ পাইরা কান্‌তাসে। [<ডুকার=ডুক্‌রান]।

ডুক্‌কার্=[সি]—বি. হুংকার॥ হারুটা ডুক্‌কার্ দিতাসে। [দেখ ডুক্‌কাইর্]।

ডুক্‌কি=[কুম, চট্ট]—বি. ডুব॥ ঠান্‌ডা পানিত্ বেশি ডুক্‌কি মারিস্ না। [<ডুব+কি]।

ডুক্ ডুক্=[চা]—অব্য. কপাটী খেলার বুলি বিশেষ॥ অয়্ ডুক্‌ডুক্ কৈরা ডাক্ দেয়্। [ধ্বন্যা.]।

ডুক্‌না=[পা]—বি. বালতি॥

ডুক্‌রানো=[সি, কুম]—ক্রি. হুংকার দেওয়া॥

ডুক্‌রিয়া=[সি]—ক্রি. বিণ. উচ্চৈঃ-স্বরে॥ [দেখ ডুক্‌রানো]।

ডুক্‌লা=[ব, সি]—বি. অসভ্য, নিকৃষ্ট জাতি বা সম্প্রদায়॥ [<দোগলা হিং]।

ডুক্‌শা=[ক]—বি. মাটির বাসন॥

ডুখা=[পা]—বি. ঘুষি॥ ডুখা মাইর‍্যা হালাই দে।

ডুখ্‌লা=[রা]—বিণ. অসভ্য॥ [দেখ ডুক্‌লা]।

ডুগা=[রা, ম]—বি. পাটের তৈরী রশি॥

ডুগানো=[ম]—ক্রি. কচুকাটা করা॥ আগাসাগুলো ডুগিয়ে আয়্। [<ডগা (<উদগ্র সং)+নো প্র.; নাবধাতু]।

ডুগি=[সি]—বি. লাউয়ের ডাঁটার তরকারী ।। [দেখ ডুগানো] ।

ডুগডুগ, ডুগডুগ করা=[পা]—ক্রি. চুগচুগ শব্দ করা ।। [ডুগুর ডুগুর (ধ্বন্যা.)+করা] ।

ডুগল=[ম]—বি. ডগা ।। লাউ গাসের্ ডুগুল্ । [দেখ ডুগানো ; ডগা +উল প্র.] ।

ডুগ্গি দেওয়া=[বা]—ক্রি. উঁকি মারা ।। ওখানে ওভাবে ডুগ্গি দেয় কে? [দেখ ডুক্কি] ।

ডুগ, ডুগ=[বা]—বি. হাডুডু ।। [ধ্বন্যা.] ।

ডুগডুগি=[দি, রা]—বি. পান সুপারী পিষিবার লোহার হামান দিস্তা ।। [দেখ ডুগডুগ+ই] ।

২=[পা]—বি. উদ্বিগ্নতা, জানার আগ্রহ ।। [অর্থ প্র.] ।

৩=[পা]—বি. বাদ্যযন্ত্র বিশেষ ।। [অর্থ প্র.] ।

ডুগরা কাঁদা=[খু]—ক্রি. চীৎকার করিয়া কাঁদা ।। [<ডুকরিয়া+ কাঁদা] ।

ডুডু খেলা=[কুম]—বি. হাডুডু খেলা ।। [<হাডুডু খেলা] ।

ডুডুয়া=[দি]—বিণ. মেঘে ঢাকা ।। আশ্মান্টা ডুডুয়া করিচে । [<ধুধু+ আ প্র.] ।

ডুনি=[খু]—বি. পানি সেঁচার পাত্র বিশেষ ।।

২=[চট্ট]—বি. মৎস্যজীবিনী ।। [দেখ ডুমুনি] ।

৩=[নো]—বিণ. অনাহূত, রবাহূত ।। এই বাড়িতে ডুনি দৈর্‌তা আইসো ক্যা?

ডুনডুনি=[পা]—বিণ. অকেজো ।। [অনু.] ।

ডুপাট্টি=[ম]—বি. গায়ের চাদর ।। [<দুপাট্টি ; তুং দোপট্টা হিং] ।

ডুপান=[চট্ট]—ক্রি. <ডুবান ।।

ডুপি=[কুম]—বি. কবুতরের ন্যায় পাখি বিশেষ ।।

২=[পা]—বিণ. খুব মোটাসোটা, অলস প্রকৃতির ।।

ডুপি পিডা=[কুম]—বিণ. পিঠা বিশেষ ।। বারের্ দিন ডুপি পিডা খাইতে বালা ।।

২=[চট্ট]—বি. মাছ ধরিবার ফাঁদ ।।

ডুপ দেওয়া=[রা]—ক্রি, গোসল করা ।। [=ডুব+দেওয়া ; অর্থ প্র.] ।

ডুপ=[সি]—বি. গাছের বৃহৎ খণ্ড ।।

ডুফি=[ম]—বি. ঘুঘু পাখি ।। [দেখ ডুপি] ।

২=[ম]—বি. দই রাখিবার পাত্র বিশেষ ।।

ডুফি পিডা=[ঢা]—বিণ. গোলাকার পিঠাবিশেষ ।। ডুফি পিডা শিতকালে খায় । [দেখ ডুপি পিডা] ।

ডুবাওরা=[সি]—বি. ডুবায় যে, ডুবুরি ।। [<ডুবা (<ডুবানো)+ উরা প্র.] ।

ডুবানি=[কুম]—বি. নারিকেলের মালার তৈরী হাতা ।। [<ডুব+আনি প্র.] ।

ডুবানো=[রং]—ক্রি. ঢুকানো ।। অর্থ প্র.] ।

ডুবা পিডা=[ঢা]—বি. তেলে ভাজা একপ্রকার মিষ্ট পিঠা ।। [ডুব+আ প্র.] ।

ডুবি=[কুম]—বি. ঘুঘু ।। [দেখ ডুপি] ।

ডুবে ডুবেই শুদি শালুক=[পা]— প্রত্যেক বারেই লাভবান ।। [<ডুব+ এ (বিভক্ত) + ডুবেই + শুঁদি(< সুগন্ধি) শালুক] ।

ডুব=[চট্ট]—বি. মাছ ধরিবার ফাঁদ বিশেষ ।।

ডুব অওয়া=[ঢা]—ক্রি. পানিতে হাত ডুবাইয়া জমির ফসল কাটা ।। [ডুব +হওয়া] ।

ডুবডুবা=[রং]—বিণ. লাল টুক-টুকে ।। ওয়া খায়া মুখ্ ডুবডুবা হচে । [অনু.] ।

ডুবদি হতুতৈর=[কুম]—বি. কথার পুনরাবৃত্তি ।। [<ডুবদিয়া সাঁতার] ।

ডুবা=[ঢা]—বি. বড় নৌকার প্রয়োজনীয় ছিদ্র বিশেষ ।। ডুবকা সাইরা নাওডা বুয়াইয়া থোও । [<ডুব+আ প্র.=যাহা দ্বারা ডুবানো যায়] ।

ডুবরি—[ব]—বি. গর্ত ।। ডুবরি ভরাই কর ।। [<ডুব+রি প্র.] ।

ডুমন=[সি]—বি. নাম বিশেষ (বিশেষত: সন্তানদি না বাঁচিলে, বাঁচিবার জন্য রাখা নিম্ন শ্রেণীর হিন্দুদের অনুসারে মুসলমানদের নাম) ।। [<ডোম+অন] ।

ডুমশা=[য]—বিণ. শক্ত ।।

ডুমা=[ঢা, নো, পা]—বি. টুকরা কাপড় ।।

২=[ফ]—বি. রুমাল ।। [< (কাপড়ের) ডুমা] ।

৩=[ব, রা]—বি. টুকরা ।। গাছের্ ডুমা ।

৪=[পা]—বি. আঘাত ।। তারে ডুমা মার্‌লো কে?

৫=[ফ]—বিণ. নির্বোধ ।। পোলাডা এক্করে ডুমা । [< ডোম+আ প্র.] ।

ডুমাই=[সি]—বি. নাম বিশেষ (বিশেষত: সন্তানাদি না বাঁচিলে বাঁচিবার জন্য রাখা মুসলমানদের নাম) ।। [<ডোম+আই প্র.] ।

ডুমাইলা ডেউক=[কুম]—বি. চুকা ঢেঁকুর ।। শিন্নি খাইলে আমার ডুমাইল্লা ডেউক্ আইয়ে । [<দম ? ফা.+জলিয়া+ঢেঁকুর] ।

ডুমাডুমা=[রং]—বিণ. টুকরা টুকরা ।। [দেখ ডুমা ; আতিশয্যে শব্দদ্বিত্ব] ।

ডুমা দেওয়া=[কুম]—ক্রি. শিং দিয়া গুঁতা দেওয়া ।। [দেখ ডুমা, + দেওয়া] ।

ডুমালো=[কুম]—ক্রি. ষাড় ধরিয়া ধাক্কা মারা । [দেখ ডুমা,+লো প্র.] ।

২=[কুম]—ক্রি. শিং দিয়া আঘাত করা ।। গরুডায় ঘর ডুমায় । [অর্থ প্র.] ।

৩=[চট্ট]—ক্রি. <ডুবানো ॥

ডুবাল্‌=[চট্ট]—বি. ডুবুরী ॥ [< ডুব+আল্‌ প্র.]।

ডুবানি=[চট্ট]—বি. জেলেনী ॥ [<ডোম+নি প্র.; অর্থ প্র.]।

ডুবৈল্ল=[ঢা]—বি. <ডুবুর, জংলী গোটা বিশেষ ॥

ডুমো=[য, খু]—বি. গামছা, শাড়ি বিশেষ ॥ ডুমো পরা মো [দেখ ডুমা]।

ডুম্‌=[চট্ট]—বি. <ডুব ॥ 'ডুব মারি পানি খাই হারা দিন্ রোযা থাই' —প্রবাদ।

২=[বা, পা, ব, রা]—বি. টুকরা, অংশ, খণ্ড ॥ [দেখ ডুমা]।

৩=[সি]—বি. নাম বিশেষ ॥ (বিশেষতঃ সন্তানাদি না বাঁচিলে, বাঁচিবার জন্য রাখা মুসলমানদের নাম) ॥ [<ডোম]।

ডুম্‌ করা=[রা]—ক্রি. মারিয়া ফেলা ॥ ডাকাতুরা ওকে ডুমু করেছে ॥ [দেখ ডুম্৩+করা]।

ডুমড়ো গাল্‌=[ফ]—বি. একপ্রকার গাছ ॥ [ডুমুরা গাছ]।

ডুমনি=[ম]—বিণ. ভালজাতের ॥ বাবায় থাইক্যা ডুমনি পান্ আইন্যো।

২=[ঢা]—বি. চৌকাঠের লোহা ॥

ডুম্বর=[রা]—বি. বাঘ ॥

ডুম্বল=[পা]—বি. ডুমুর ॥ [< উদুম্বর সং]।

ডুম্বশ=[ঢা]—বিণ. অতিরিক্ত ফুলা ॥ মরা মানুশটা ফুইলা ডুম্বুশ্ ঐয়া গেসে। [<চব্বুস হিং]।

ডুম্‌ মারা=[রা]—ক্রি. চুপ থাকা ॥ লোক্টা এক্কেবারে ডুমু মেরে গেছে ॥ [দেখ ডুম্+মারা]।

ডুমুরা=[কুম]—বি. একপ্রকার গাছ ॥

ডুম্হোর=[রা]—বি. <ডুমুর ॥

ডুরা=[য, ফ]—বি. ঘরের চারিদিকের উঁচু মাটির সিঁড়ি, দাওয়া ॥ [<দাওয়া (<দার্বট সং)।

২=[চট্ট]—বি. শিম লতা চারা গবাদি পশুর উৎপাত হইতে রক্ষা করিবার জন্য দেওয়া বেড়া ॥

৩=[চট্ট]—বি. চারি হাত লম্বা কাপড় বিশেষ ॥ [দেখ ডুমা]।

৪=[চট্ট]—বি. ঝাঁড়, গুচ্ছ ॥

ডুরানো=[রা]—ক্রি. খাওয়া ॥ কি ডুরালু রে। [<চুকানো; অর্থ প্র.]।

ডুরো ঢোক্‌না=[রা]—বি. হাঁড়ি ॥ ঘর্টায় ডুরো ঢোক্না রাখার জায়গা নেই। [সাধু ডেরো ঢাকনা]।

ডুরল্‌=[য]—বিণ. ফাঁপা, খোলা ॥ গাস্টার্ গোরা দ্যা ডুরল্।

ডুরা=[রং]—বি. কচ্ছপ ॥ [< ডুলা<ডুলি সং]।

২=[পা]—বি. গরুর গাড়ির দুই চাকার মধ্যের কাঠ ॥ গাড়ির্ ডুরা বাইংগা গেসে। [<ধুরা<ধুর্ সং]।

ডুরি=[বা]—বি. বৃহদাকার সেঁউতি ॥

২=[কু, ঢা, ফ]—বি. লম্বা সুতা ॥ [<ডুর(<ডোর সং)+ই প্র.]।

৩=[সি]—বি. চিংড়ি মাছ ধরিবার উপকরণ ॥ ডুরি পাতাইসনি বা?

৪=[কুম]—বি. কোঁচের শলাকা ॥ ডরি দিয়া মাস্ দর্তে বালা লাগে।

৫=[নো]—ক্রি. বিণ. সশব্দে, আর্তনাদ করিয়া ॥ [<ডুকরিয়া]।

ডুরিয়া=[সি]—বিণ. ডোরাযুক্ত ॥ ডুরিয়া শাড়ি ॥ [<ডোর সং+ইয়া প্র.; সাধু ডুরে]।

ডুরিয়াম্‌=[সি]—বি. কাঁঠালের মত কোষযুক্ত সুমিষ্ট দুর্গন্ধ ফল ॥

ডুর্‌য়া=[ঢা]—বিণ. ডোরা কাটা ॥ [দেখ ডুরিয়া]।

ডুরুল্‌=[সি]—বি. মাছ ধরিবার উপকরণ ॥ ডুরুদি গুরা মাস্ দরে।

২=[ঢা]—বি. সুতা বা দড়ি ॥ [ডোর সং]।

৩=[য]—বি. গর্ত, অপূরণীয় পেট ॥

ডুর্গি=[নো]—বি. ডাঁটা ॥

ডুলা=[ঢা, কুম]—বি. মাছ ধরিবার বাঁশের তৈরী ছিদ্রওয়ালা পাত্র বিশেষ, খালুই ॥ [<ডোল+আ প্র.]।

২=[সি]—বি. ঝুড়ি ॥ ই ডুলার্ কতগুরা দান্ দরে? [অর্থ প্র.]।

৩=[সি]—বি. ধনিয়া ॥ ডুলার্ বিস্‌রা (ক্ষেত)।

ডুলা ধরা=[চট্ট]—ক্রি. থাবা ধরা ॥ হিতে থালি তাঁআর্ মাইন্‌শের্ ডুলা ধরে। [দেখ ডুলা২+ধরা]।

ডুলানি=[ঢা]—বি. দোলনা ॥ [< দোলা+নি প্র.]।

ডুলানো=[সি]—ক্রি. স্থানান্তরিত করা ॥ গুয়া গাস্টা ডুলাই দাও। [<দোলানো; অর্থ প্র.]।

২=[ফ]—ক্রি. নাড়াচাড়া করা ॥

৩=[সি]—ক্রি. মুণ্ডানো ॥ মাথা ডুলাই দাও। [<ধোলানো(<ধোলা <ধোলাই+নো প্র.)]।

ডুলি=[চট্ট]—বি. দোলনা ॥ [< দোলী সং]।

২=[কুম, নো]—বি. বাঁশ বিশেষ ॥

৩=[কুম, দি, য]—বি. ধানের গোলা ॥ ডুলিত্ দান্ বরা। [দেখ ডুলা+ই প্র.]।

৪=[নো]—ক্রি.বিণ. হেলিয়া, কাৎ-হইয়া ॥ [<ঢল+ইয়া প্র.]।

ডুলিঝারা=[সি]—বিণ. সর্বশেষ ॥ এইডা তার্ ডুলিঝারা মাইয়া। [দেখ ডুলি৩+ঝাড়া]।

ডুলুয়া=[ম]—বি. যে ঢোল বাজায় ॥ [ঢোল+উয়া প্র.]।

২=[ফ]—বি. লাল শাক বিশেষ ॥

ডুল্যা=[নো]—বি. লাল শাক বিশেষ ॥

ডুল্‌=[সি]—বি. গেছো পিঁপড়ার বাসা ॥ ডুল্ পাইলায় কৈ? [< ঢোল; অর্থ প্র.]।

২=[কুম]—বি. ধান রাখার পাত্র ॥ [দেখ ডুলা]।

ডুল্‌ডাল্‌=[সি]—ক্রি. পরিবর্তন ॥ [অনু.]।

ডুল্‌ডুলা=[সি]—বিণ. ফাঁপা ॥ [<ডুল্‌ডুল্ (অনু.)+আ প্র.]।

ডুল্‌ডা=[কুম]—বি. ঢোল বাদক ॥ [<ঢোল+উয়া প্র.]।

ডুলুলি=[সি]—বি. কাপড়ের ঘেরাও দেওয়া পালকী ॥ ডুলুলিত্ চ'রি নাইয়র্ যায়্। [<ডুলি<দোলী সং]।

ডুলুলুর্ হাগ্=[নো]—বি. লাল রং-এর শাক বিশেষ ॥ [<ডুলুয়া₂+র (সম্বন্ধে)+শাক]।

ডুলুলুনি=[না]—বি. দোলনা ॥ [<দোল(<দোলা)+উনি প্র.]।

ডুলুহা=[কুম]—বিণ. ভবঘুরে ॥

ডুশা=[কুম, নো]—বি. ঝাঁটা ॥

২=[পা]—বি. মোটা অথচ শক্তি-হীন ॥ ই বব ডুশা লোক্। [<ঢোশা]।

ডুশাডুশি=[চা]—বি. মাথায় মাথায় আঘাত ॥ [<চুসাচুসি]।

ডুশ্=[পা]—বি. শিং দ্বারা আঘাত ॥ [<চুস]।

ডুশ্‌কি=[বা]—বি. বসিবার ছোট চৌকী ॥

২=[ম]—বি. পাতার তৈরী ব্যাগ ॥

৩=[য]—বি. অন্যের জিনিস দেখিয়া লোভ ॥

ডুশ্ দেওয়া=[সি]—ক্রি. বাহ্যদ্বারে কিছু ঢুকাইয়া পায়খানা করানো ॥ [<ডুশ douche ইং ফরাসী হইতে +দেওয়া]।

ডুহা=[রা]—ক্রি. বহন করা ॥ [<ঢোনা হিং]।

ডুহা দেওয়া=[কুম]—ক্রি. গরুর গুঁতা মারা ॥ [<চুস+আ প্র.]।

ডুহি=[কুম]—বি. পিঠা বিশেষ ॥ ডহি পিঠা ধবর্ মধা।

২=[পা, রা]—বি. ভাঁড়, ভাণ্ড ॥

৩=[কুম]—বি. ডুপি পাখি ॥ [দেখ ডুপি]।

ডুহুলা=[পা]—বিণ. বাপ মা মরা, অভিভাবকহীন, দুষ্ট ॥

ডুহের্ গোটি=[য]—বি. ছলছুতা ॥ ডুহের্ গোটি কৈরা আর্ কয়্‌দিন্ চ'ল্‌বো?

ডে

ডে=[রা]—অব্য. সম্বোধনে ব্যবহৃত ॥ কৈডে তোকজি কচুনু কথাডা।

২=[নো]—ক্রি, বিণ. নিকটে, কাছে ॥ মোর্‌ডে আহো। [<ঠে<ঠাঁই]।

ডেঅরি=[চট্ট]—বি. বৈঠকঘর ॥ [<দেউড়ী(<দেহলী সং)]।

ডেই=[কুম]—বি. <ঢেঁকি, ধান ভানিবার যন্ত্র বিশেষ ॥

ডেইওয়া=[চট্ট]—বিণ বিস্বাদ ॥ ডেইওয়া আউখ্।

ডেইং=[চট্ট]—বি. <ঢিল ॥ ডেইং ন দিঅ।

ডেইক্=[পা, কুম]—বি. <ঢেকুর ॥ আমার্ চু'না ডেইক্ দিতাসে।

ডেই ডেই করা=[কুম]—ক্রি. দুয়ারে দুয়ারে ঘুরা ॥ অত ডেই ডেই কর্‌লে লেহাপরা অয়্ না। [<ধেইধেই (অনু.)+করা]।

ডেইরা=[চট্ট]—বি. ঘরের বাহিরের চারিদিকের অংশ ॥ ঘরর্ ডেইরাত্ ন বৈঅ। [<দাওয়া(<দার্বট সং)]।

ডেইরা=[রা]—বিণ. যে বাপমার কথা মত চলে না ॥ [<ডেকরা(<ডিক্কর সং); অর্ধপ্র.; দেখ ড্যাংগরা]।

ডেইল্যা=[চট্ট]—বি. ঘরের দাওয়া ॥ [<দেহলী সং+আ প্র.]।

ডেইল্=[চট্ট]—বি. বাঁধ বা রাস্তার দুই পার্শ্বের জায়গা ॥ ডেইলত্ গরু বাঁধি আয়্। [ঢাল<ঢালু]।

ডেউ=[পা]—বি. পায়ের উপর ভর দিয়া দাঁড়ান ॥ [<ডিংগি]।

ডেউও=[খু]—বি. একপ্রকার টক ফল ॥ 'হাবাতের্ দেশ্ কাউও না পাক্‌লে খায়্ ডেউও।' [<ডেওয়া (<ডহু সং)]।

ডেউংরা=[সি]—বি. <ডুমুর ॥

ডেউক্=[কুম]—বি. মুলার ফুল ॥ [<ডুগ<ডগা(<উদ্গ্র সং)]।

২=[বা, চা, কুম]—বি. <ঢেকুর ॥ বেশি খাওয়ানে ডেউক্ আইতাসে।

ডেউকরো=[বা, ফ]—বি, বাতি রাখার কাঠের তৈরী উচচ উপকরণ বিশেষ ॥ [<দেওরখা<দীপরক্ষ সং; সাধু দেরকো, দেলকো]।

ডেউখরো=[কুম]—বিণ. পরমুখাপেক্ষী, অকর্মণ্য ॥ ডেউখ্‌রা বেডার্ কাসে মাইয়া বিয়া দিব কে? [<ডেকরা (<ডিক্কর সং)]।

ডেউগ্যা=[ফ]—বি. ডাল ॥ [দেখ ডাইগ্যা]।

ডেউগ্‌গা=[ফ]—বি. খেজুর কলা নারিকেল সুপারি প্রভৃতি গাছের শাখা ॥ [দেখ ডাইগ্যা]।

ডেউটি=[রা]—বি. বেড়া ॥ [<দেউড়ি (<দেহলী সং)]।

২=[পা]—বি. কাপড়ের টুকরা ॥ [দেখ ডুপাটি]।

ডেউট্যা=[চট্ট]—বি. ডাঁটা ॥ [<ডাঁট (<দণ্ড সং)+ইয়া প্র.]।

ডেউ দেওয়া=[পা]—ক্রি. পায়ের উপর ভর দিয়া দাঁড়ানো ॥ [দেখ ডেউ+দেওয়া]।

ডেউয়া=[কুম, ঢা]—বি. এক প্রকার টক ফল ॥ [ডহু সং]।

২=[কুম]—বি. কাঠের তৈরী চামচ ॥ ডেউয়া দিয়া বাত্ নারে ॥ [<দর্বিক সং; তুং ডব্বা হিং]।

ডেউয়ানো=[সি]—ক্রি. ঢেউ তোলা ॥ [<ঢেউ+আনো প্র.; নামধাতু]।

ডেউরি=[চট্ট]—বি. বৈঠকখানা ॥ ডেউরিত্ বৈঅ। [দেখ ডেঅরি]।

২=[ম, রা,]—বি. দরজা ॥ [অর্থ প্র.]।

৩=[খু]—বিণ. অতিরিক্ত ॥ ডেউরি ভাত্ এত খাবে কেডা। [<দেড়ি<দেড় (<দ্ব্যর্ধ সং)+ই প্র.]।

ডেংগি=[ফ]—বি. লাফ ॥ গোড্ডু খাল্ এক্ ডেংগিতে পার্ হওন্ যায়্। [<ডিংগা+ই প্র. ; ডিংগান]।

ডেংগর্‌রা=[রা]—বিণ. যে কাজ কর্ম না করিয়া ঘুরিয়া বেড়ায় ॥ [<ডিঙ্গর সং+আ প্র.]।

ডেঁই=[নো]—বি. ডিম পাড়ে নাই এমন মুরগী ॥ ডেঁইডা হিয়ালে লৈ গেসে।

ডেঁইয়া=[চট্ট]—বি. লাল বিষাক্ত পিঁপড়া ॥ [দেখ ডাইয়া]।

ডেঁউংগা=[চট্ট]—বিণ. বহুরূপী ॥ মেলাতে বহুত্ ডেঁউংগা আইয়ে। [চং +উয়া প্র. ; চোং হিং]।

ডেঁউয়ানো=[রা]—ক্রি. ডিঙানো ॥

ডেঁউরা=[চট্ট]—বিণ. দেউলিয়া ॥ ই বেডা ডেঁউরা ঐ গেইয়ে। [দেখ ডেইয়া]।

ডেঁকি=[ব, রা]—বি. ডিম পাড়ে নাই অথচ ডাগর মুরগী ॥ [দেখ ডিঁকি]।

ডেঁড্‌ড়=[রং]—বি. মাছ মারার ফাঁদ বিশেষ ॥

ডেকি=[সি]—বিণ. কম বয়সের, যুবা ॥ ডেকি গরু বাগ্ চি'নে না। [দেখ ডিঁকি]।

২=[রা]—বিণ. ডিম পাড়িবার বয়স হইয়াছে এমন ॥ ˋডেকি মুরগিতে খুব্ তেল্ হয়্। [দেখ ডিঁকি]।

ডেকিমারা=[ম]—বিণ. মস্ত বড় ॥ ডেকিমারা সেরিডার্ বিয়া অয়্ না। [<ঢেঁকি+মারা]।

ডেকিয়াল্=[সি]—বি. ঢেঁকিশালা ॥ [<ঢেঁকি+আল প্র.]।

ডেকিলতা=[চা]—বি. লতা বিশেষ ॥ [ঢেঁকি+লতা]।

ডেকুইয়া=[ম]—বিণ. ভবঘুরে ॥ পোলাড়া বর ডেকুইয়া। [দেখ ডেইয়া]।

ডেকুয়া=[রং]—বিণ. কিশোর, যুবক ॥ চেংড়িডা ডেকুয়ারে পছন্দ করিছে।

ডেকুর্‌নি=[ম]—বিণ. ধান ভানে যে ॥ [<ঢেঁক(<ঢেঁকি)+উর+নি প্র.]।

ডেকৈর্=[সি]—<ঢেকুর, উদ্‌গার, হিক্কা ॥

ডেক্=[ম]—বি. হিক্কা, ঢেকুর ॥ [<ঢেঁকুর]।

ডেখা=[কুম, সি, ম]—বি. বাছুর ॥

ডেখ্‌রানি=[কুম]—বি. ভবঘুরে মেয়ে লোক ॥ ডেখুরানি বিশ্‌খা করে। [< ডেকুয়া (দেখ ডেইয়া)+নি প্র.]।

ডেগি=[চট্ট]—বি. এখনও ডিম বা বাচচা দেয় নাই এইরূপ মুরগী ॥ [দেখ ডিঁকি]।

ডেগ্‌রা=[ম]—বি. কুড়েঘর ॥ [তুং ঢোব্‌ড়া হিং]।

ডেঙ্গ্‌ইয়া=[ম]—বিণ. গোলমাল সৃষ্টি কারী ॥ তুই যবর্ ডেঙুইয়া। [দেখ ডেংগুয়া]।

ডেঙ্গ্‌র্=[ম, সি]—বি. গোলমাল, বিড়ম্বনা ॥ কি ডেঙুর্ তুই লাগাইসত্। [<ডিঙ্গর সং]।

ডেচ'কি=[পা]—বি. ডেকচি ॥ এ্যাক্‌টা এ্যাল্‌মিনির্ ডেচ্'কি কেনা দর্‌কার্। [<ডেকচি(<দেগচী دیگچی ফা.) ; বর্ণবিপর্যয়]।

ডেট্‌ু=[কুম, সি, ম,]—বি. বোঁটা, ডাঁটা ॥ পানের ডেটু। [<ডাঁট(< দণ্ড সং)+উ প্র.]।

ডেড্‌ু=[কুম, ম, সি,]—বি. ডাঁটা, বোঁটা ॥ পানের্ ডেডু। [দেখ ডেটু]।

ডে ডে=[খু]—অব্য. হালের গরু তাড়াইবার সংকেত ॥ [ধ্বন্যা.]।

ডেড়ি=[রা]—বি. বাড়ীর ভিতরে ঢুকিবার দরজা ॥ [দেখ ডেঅরি]।

ডেড়ি=[খু, রা]—বিণ. উদ্‌বৃত্ত ॥ [দেখ ডেউরি ৩]।

২=[রা]—বিণ. দেড়গুণ ॥ [দেখ ডেউরি২]।

ডেড়ি ধান্=[ম]—বি. উদ্‌বৃত্ত ধান ॥ এবার্ খুব্ ডেড়িধান্ থাক্‌লো। [দেখ ডেড়ি+ধান]।

ডেড়্=[রং]—বি. চেলা পুঁটি ইত্যাদি মাছ ধরিবার বাঁশের তৈরী যন্ত্র ॥

ডেন্‌ড্‌রা=[সি]—বি. অনর্থক হয়রানি ॥ সে আমারে ডেন্‌ড়ুরা কৈরা মার্‌লো।

ডেবিড্‌বি=[ম]—বি. উঁচু নীচু ॥ ডেবিড্‌ুবি দেইখ্যা আহ্। [অনু.]।

ডেব্‌রি=[ম]—বিণ. যে বাম হাত কাজ করে ॥ [<ড্যাবরা ; স্ত্রী]।

ডেমি=[ম]—বি. পাটশাক ॥ ডেমি বাষি কর্।

২=[সি, ম]—বি. শাখা ॥ ডেমি কাট্।

৩=[সি]—বি. ছোট মুরগী ॥ [দেখ ডিঁকি]।

ডেম্=[রং]—বি. কুঁড়ি, কচি শাখা ॥ তামাউকের্ ডেমি ভাংতে হয়্।

ডেম্‌নি=[সি]—বিণ. অতিরিক্ত ॥

২=[বা, ম]—বিণ. ব্যভিচারিণী, পর পুরুষের সঙ্গে থাকে যে, রক্ষিতা ॥ [<ঢেমনি]।

ডেম্‌বল্=[পা]—বি. <ডুমুর ॥ ডেম্বুল গাসে চি'লের্ বাশা।

ডেয়ে=[কুম]—বি. বড় পিঁপড়া ॥ [দেখ ডাইয়া]।

ডেরি=[সি]—বি. স্তূপ ॥ [<ঢের হিং]।

ডেরিক্=[কুম]—বি. অগ্রভাগ, মুলার ফুল ॥

ডেরি দেওয়া=[চা]—ক্রি. প্রচার করা, মিথ্যা অথবা দোষ ছড়ান ॥ [দেখ ডেরি পিডানো]।

ডেরি পিডানো=[চা]—ক্রি. ঢোল পিটানো ॥ [< ঢ্যাড়া (<ঢণ্ডুরা হিং)+পিটানো]।

ডের্=[রং]—বি. বাঁশের তৈরী মাছ ধরিবার উপকরণ ॥

ডের্‌রা=[ম]—বিণ. প্রচণ্ড ॥

ডেল্=[কুম]—বি. ঢেলা ॥ [<ঢ্যালা (<ঢিল্লিল সং) ; তুং ঢেলা হিং]।

ডোলি=[চা, কুম]—বি. একপ্রকার ছোট মাছ ॥

ডোলিমেলি=[ম]—ক্রি. বিণ. অযথা বিলম্ব ॥ ডেলিমিলি কৈর না। [< ঢিল(<ঢিলা)+ই+মেলি (অনু:)]।

ডোলিয়া=[দি]—বি. ডালি ॥ গরুটা এক্ ডেলিয়া ধান্ খায়া ফেল্ছে। [<ডালি+আ. প্র.]।

ডেল্=[চট্ট]—বি. বাঁশের ধারালো ছিলকা ॥

ডেল্‌ংগা=[সি]—বি. বাঁশের ধারালো আঁশ ॥

ডেল্‌কু=[ম]—বিণ. নরম ॥ ডেলুক্ কাদা দিয়া বেরা লেপে ॥ [<ঢিল+উক প্র.]।

ডোহি=[ম, চা, কুম]—বি. < ঢেঁকি ॥

২=[কুম]—বি. গাইবাছুর ॥ আইর্ গাইয়ে এক্টা ডেহি বিয়াইসে ॥ [দেখ ডিঁকি]।

৩=[ম]—বি. মুরগী ॥ ডেহিডা যব কর্। [দেখ ডিঁকি]।

ডোহির অকৃত=[ম]—বি. অসম্ভব জিনিস ॥ ডেহির অকৃত ও দেহ নাই, গোড়ায় আন্ডাও খাও নাই'—প্রবাদ। [<ঢেঁকি+র(সম্বন্ধে)+অক্ত]।

ডোহিহাগ=[ক]—বি. সুস্বাদু শাক বিশেষ ॥ [দেখ ডেহি+শাক]।

ডেহ্‌ইরা=[চা]—বিণ. ভবঘুরে ॥ [দেখ ডেহরা]।

ডেহ্‌রা=[চা, কুম]—বি. বখাটে যুবক, গালি অর্থে ॥ ডেহরার্ লাহান্ ওইরা বেরাস্ ক্যা ? [দেখ ডেইঁরা]।

ডেহ্‌রনি=[চা]—বি. ভবঘুরে মেয়ে ॥ [দেখ ডেহরা+নি প্র.; স্ত্রী]।

ড্যা

ড্যাঙা=[চট্ট]—বি. <ডাঙ্গা ॥

ড্যাঙাই=[চট্ট]—অস.ক্রি. ডিঙাইয়া ॥ [<ডিঙ্গাইয়া (<ডিঙ্গানো)।

ড্যাআনো=[চট্ট]—ক্রি. তাড়ানো ॥ [<ঠেঙ্গানো]।

ড্যাও=[রং]—বি. আহ্লাদ ॥ [দেখ ডেউ ; অর্থ প্র.]।

২=[র]—বি. উত্তেজনা ॥ অনেক্ মেয়ের্ ড্যাও বেশি থাকে। [অর্থ প্র.]।

৩=[ব, রা]—বি. লাফ ॥ [<ডিং <ডিঙ্গান]।

ড্যাওডা=[কুম]—বি. গায়ের চাদর ॥ [দেখ ডুপাটি]।

ড্যাও দেওয়া=[ফ]—ক্রি. পায়ের আঙুলের উপর ভর দিয়া দাঁড়ান ॥ ড্যাও দিয়া খাড়াইয়া তুই আমার্ সমান্ হবি না। [দেখ ড্যাও৩+দেওয়া]।

ড্যাওন=[চা]—ক্রি. বি. কোনও কিছু ডিংগাইয়া যাওয়া ॥ [দেখ ড্যাও+অন প্র.=ডিঙ্গান]।

ড্যাওয়া=[রা]—বি. ঘরের চারিদিকের উচ্চ স্থান ॥ চোর্ ড্যাওয়া দিয়ে সিদ্ কেটে চুরি করেছে ॥ [<দাওয়া (<দাৰ্বট সং)]।

২=[রা]—অব্য. ঢেঁকির শব্দ ॥ [ধ্বন্যা.]।

৩=[রা]—বি. মাছ ধরিবার গর্ত ॥

ড্যাওয়াটি=[রং]—বি. চৌকাট ॥

ড্যাওরি=[ম]—বি.<ঢেঁড়স ॥ খেতে ড্যাওরি ঐসে ।। [দেখ ডের্]।

ড্যাওর=[চা]—বি. ঘুমের মধ্যে শিশুদের হাসি অথবা কান্না ॥ [দেখ দেঅল্<দেয়ালা (<দেবলীলা সং)]।

ড্যাং=[চট্ট]—বি. ছোট ছেলে মেয়েদের বায়না ধরিয়া কাঁদা ॥ [<ঢং ; অর্থ প্র.]।

২=[বা]—বিণ. সাধু বেশে চোর ॥ অর্থ প্র.]।

৩=[রা]—বিণ. ভাঁড়, রসিক ॥ ড্যাং এর্ কথা বড় মজা ॥ [<ঢং ; তুং চোং হিং]।

৪=[সি]—বি. বাঁক, ঘুরপ্যাঁচ ॥ এই রাস্তায় বহত্ ড্যাং আসে।

৫=[সি]—ক্রি. বি. মাটিতে পড়িয়া লাফান ॥ [<ডিং <ডিঙ্গান]।

ড্যাংগরা=[রা]—বিণ. ধূর্ত, ইচঁড়ে পাকা ॥ [দেখ ডেইরা]।

ড্যাংগর=[কুম]—বিণ. বড় ॥ ড্যাংগর্ মাইয়াডার্ বিয়া অয় না ক্যান্ ? [< ডাগর (<দীর্ঘ সং)]।

২=[খু, কু]—বি. বড় উকুন ॥ [অর্থ প্র.]।

ড্যাংগর ড্যাংগর কৈরা=[চা]—অস. ক্রি.—পা এদিক সেদিক ফেলিয়া ॥ ড্যাংগর্ ড্যাংগর্ কৈরা আডিস্ না। [<ড্যাংগর ড্যাংগর (অনু.)+ করিয়া]।

ড্যাংগর পারা=[রং]—ক্রি. নাছোড় বান্দা হওয়া ॥ ড্যাংগর্ পারয়া টাকাটি নিলে। [<ড্যাংগর (অনু.)+পারা]।

ড্যাংগা=[পা, ম, ফ, রা]—বিণ. লম্বা ॥ [<ঢেঙ্গা হিং]।

২=[সি, কুম]—বিণ. বাঁকা হাত পা ওয়ালা ॥

৩=[খু]—বি. জলাশয়ের তীর বা পাড় ॥ [<ডাঙ্গা]।

৪=[কুম]—বি. জংগল ॥ ড্যাংগাত্ হিয়াল্ থাহে। [দেখ ড্যাংগা৩ ; অর্থ প্র.]।

৫=[নো]—বি. বাগান ॥

৬=[চা]—বিণ. বোকাটে ॥ তার্ মত ড্যাংগার্ এই কাম্ হাবে না। [দেখ ড্যাংগা]।

৭=[চা]—বি. পুকুর ॥ ড্যাংগাত্ খুব্ মাস্ আসে।

৮=[চট্ট]—বি. আবর্জনা ফেলিবার স্থান, আস্তাকুঁড় ॥

৯=[কুম]—বি. আইল ॥ খেতের ড্যাংগা লৈয়া মারামারি লাগ্সে।[দেখ ড্যাংগা৩]।

১০=[সি]—বি. পাত্রের আংটা বা ধরিবার স্থান ॥ ডুলাডার্ ড্যাংগা সিরা গেসে;

১১=[ফ, নো, বা]—বিণ. গলায় পালক নাই ও পা বড় বড় এমন ॥ মুরগির্ বাচ্চা'চাডা ড্যাংগা। [দেখ ড্যাংগা]।

ড্যাংগানো=[ঢা]—ক্রি. ডিঙ্গাইয়া যাওয়া ॥ [ডিঙ্গানো]।

২=[বা]—ক্রি. লাফাইয়া পার হইয়া যাওয়া ॥ সোডু খাল ড্যাংগাইয়া পার্ হওন্ যায়। [<ডিঙ্গানো]।

৩=[কুম]—ক্রি. ঢিল মারা ॥ ড্যাং-গাইয়া আম্ পাইব না। [দেখ ডেইং+আনো প্র.]।

ড্যাংগরা=[সি]—বি. শাস্তি বা জরিমানা ॥ [<দণ্ড+উরা প্র.]।

ড্যাংগে যাওয়া=[ঢা]—ক্রি. অকারণে যাওয়া, বিফলে যাওয়া ॥ এই ট্যাকাডা তোর্ ড্যাংগে যাইবো ॥ [<ঢং+এ (বিভক্তি)+যাওয়া]।

ড্যাংড্যাংগি=[সি]—বি. বাজেকাজ ॥ [অনু.]।

ড্যাংরে=[রা]—বি. শ্বেতসারসহ খোসা (ফলের) ॥

ড্যাঙ্গা=[চট্ট]—বি. <ডাঙ্গা ॥

ড্যাওয়া=[রা]—বি. মুখের ঘা বিশেষ ॥ ড্যাওয়া হলে আলু খাওয়া জায়্ না।

ড্যাকানি=[কু]—বি. ভাত উথলানোর আগেকার ময়লাযুক্ত গরম পানি ॥

ড্যাক=[চট্ট]—বি. ভেট, পদ্মকলি ॥ ড্যাকের্ খৈ বড় ফোয়াদ্ ॥

ড্যাগা=[কু]—বি. পায়খানা ॥ ড্যাগাত্ গেসে। [দেখ ড্যাংগা৪]।

ড্যাঠা=[রা]—বি. <ডাঁটা ॥

ড্যাডা=[চট্ট]—বি. <ডাঁটা (তরকারী) ॥

ড্যাড়া=[দি]—বি.<ডাঁটা (তরকারী) ॥

২=[রা]—বিণ. বাঁকা ॥ লাইনটা ড্যাড়া হোয়েছে।

ড্যাপ=[রা]—বি. কচি ডাল, অঙ্কুর ॥ গাছ থেকে ড্যাপ্ বেরুচ্ছে। [<ডেব <ডেম]।

ড্যায়া=[চট্ট]—বি. অনুচ্চ বাঁধ বা পাড় ॥ [<ডাঙ্গা]।

২=[নো]—বি. <ডাঙ্গা ॥

ড্যায়ালা=[চট্ট]—বি. শেওলা ॥

ড্যারকা দেওয়া=[রা]—ক্রি. গরু ছাগল ইত্যাদি দড়ি খুঁটা সহ চরিতে দেওয়া ॥ গরুটা ড্যার্কা দিয়া আয়্। [দেখ ডিগ্দারা+দেওয়া]।

ড্যারকা শাইল=[রা]—বি. একটি ধানের নাম।

ড্যাকর=[রং]—বিণ. দুষ্ট, পাজি ॥ [দেখ ডেইরা]।

২=[ম]—বিণ. নিহত ॥ নদিডায় পুল্ দিতে অনেক্ লোক্ ড্যাকর্ ঐল্।

ড্যাকর ড্যাকর করা=[ঢা]—ক্রি. আস্তে আস্তে আসা ॥ ড্যাকর্ ড্যাকর্ কৈরা কৈত্তে আইলি। [অনু.]।

ড্যাকা=[সি]—বি. বাছুর, অল্পবয়স্ক ষাঁড় ॥

২=[কুম]—বিণ. অপক্ব ॥ ড্যাকা কাডল্ পাইর না।

৩=[পা]—বি. কলুর ঘানির অংশ বিশেষ ॥

ড্যাকানো=[কুম]—ক্রি. উপর দিয়া অতিক্রম করা ॥ [<ডিঙ্গানো]।

ড্যাকাপারা=[কুম]—বিণ. কোথাও স্থান হয় না যাহার ॥ ড্যাকাপারাডায় বুঝি এহানে আইয়া ঠাই লৈসে।

ড্যাকা বেটা=[সি]—বি. উচ্ছৃংখল যুবক ॥ ড্যাকা বেটায় খালি গুইরা বেরায় ॥ [দেখ ড্যাকা+বেটা]।

ড্যাকানো=[চট্ট]—ক্রি. পশু তাড়ানো ॥

ড্যাকি=[ফ]—বি. মাদি বাছুর ॥

ড্যাকেশাল=[কু]—বি. বিপদ ডেকে আনা ॥

ড্যাকো=[খু]—বিণ. ইঁচড়েপাকা ॥ [ডেঁপো]।

ড্যাক=[চট্ট]—বি. টিনের হাঁড়ি ॥

২=[সি]—বি. কলা গাছের থোড় ॥

ড্যাককর=[খু]—বি. গলার ভিতর গ্যাৎ গ্যাৎ শব্দ ॥ তার্ ড্যাক্কর্ উঠ্সে। [<ঢেঁকুর]।

ড্যাককা=[ঢা]—বি. <ধাক্কা ॥ ড্যাক্কা দিল্ ক্যাডায় ॥

ড্যাককানো=[কুম]—ক্রি.<ধাক্কানো। দাওরান্ লোক্টারে ড্যাক্কাইয়া বাইর্ কৈরা দিল্।

ড্যাকরা=[খু, রা, ঢা, কু]—বিণ. দুর্দান্ত, জোয়ান, পূর্ণ যৌবনপ্রাপ্ত ॥ ড্যাক্রা পোলাডার্ শভাব্ বালা না। (ঢা)। [দেখ ডেইরা]।

ড্যাকশা=[পা]—বি. পাতলা কাঠের তৈরী ছোট নৌকা ॥

ড্যাকশেল=[কু]—বি. ঢেঁকিঘর ॥ [<ঢেঁকি শালা]।

ড্যাকশো=[ম]—বি. বড় বাক্স ॥ ড্যাক্শোত্ থাইক্যা কাপর্ বাইর্ কর্ ॥ [<desk ইং]।

ড্যাথ=[সি]—বি. কলার থোড় ॥

ড্যাগা=[কুম]—বিণ. জলা ॥ ড্যাগা যমিনে দান্ হয়্ বালা ॥ [<দিগ্(<দীঘি)+আ প্র.]।

২=[বা]—বি. নারিকেল সুপারি কলা কচু প্রভৃতির ডাটা ॥ [দেখ ডাইগ্যা]।

৩=[কুম]—বিণ. কচি ॥ ড্যাগা আমের্ আচার্ হয়্। [<ডগা]।

ড্যাগোর=[খু]—বিণ. মুরগিটা বেশ্ ড্যাগোর্ ॥ [<ডাগর]।

ড্যাগ=[কুম]—বি. এ্যালুমিনিয়মের পাতিল ॥ ড্যাগ্ কৈরা ভাত্ রান্সি। [<দেগ دیگ ফা.] ॥

২=[ফ]—বি. খেলার কড়ি বিশেষ ॥

৩=[ক]—বি. শস্যাদি রাখিবার বৃহৎ মেটে পাত্র বিশেষ ॥ ধানডুন্ ড্যাগে না দর্লে ফোনায়্ খো। [দেখ ড্যাগ্]।

ড্যাগ্‌কুরা=[বা]—বিণ. অকর্মণ্য ॥ ড্যাগ্‌কুরা লোক্‌ মাইন্‌ষের্‌ উপ্‌কার্‌ কর্‌তে পারে না। [দেখ ডেইরা]।

ড্যাগ্‌ডা=[রা]—বি. তালগাছের ডাল ॥ [দেখ ডাইগ্যা+ডা প্র.]।

ড্যাগ্‌না=[খু]—বি. বাজু, ডানা ॥ হাঁশ্‌টার্‌ ড্যাগ্‌না ভাংলো কিডা? [<ডানা]।

ড্যাগ্‌ মাশ্‌টার্‌=[দি]—বি. পাচক ॥ [দেখ ড্যাগ্‌+মাষ্টার master ইং]।

ড্যাটা=[সি]—বি. বৃন্ত, বোঁটা ॥ কম্‌লার্‌ ড্যাটা বর নরম্‌ ॥ [<ডাঁটা (<দণ্ড সং)]।

ড্যাট্‌=[নো]—বিণ. দুর্বল ॥ [<ঢিটি (<ধৃষ্ট সং) ; অর্থ প্র.]।

ড্যাডা=[কুম, চা]—বি. <ডাঁটা, তরকারী ॥ ড্যাডা দিয়া ইসা রান্‌লে খবর্‌ মধা অয়।

২=[বা]—বিণ. যে অন্যায় গালিগালাজ করে ॥ [দেখ ড্যাট্‌+আ প্র.]।

ড্যা ড্যা করা=[সি]—ক্রি. প্রচার করা ॥ [ড্যাড্যা (অনু.)+করা]।

ড্যাড়্‌ডো ড্যাড়্‌ডো=[ম]—ক্রি. বিণ. কোনও রকম ॥ ড্যাড়্‌ডো ড্যাড়্‌ডো কৈরা কাম্‌ডা শাবো। [অনু.]।

ড্যাড়াহি খাইব্‌বা=[রা]—বি.উঠান॥

ড্যাড়েশ্‌=[ফ]—বি. <ঢ্যাঁড়শ ॥ গাসের্‌ থিকা ড্যাড়েশ্‌ আন্‌।

ড্যাড়্‌ডোর্‌=[রা]—বিণ. পেটুক ॥

ড্যানা=[দি]—বি. <ডানা ॥ তোর্‌ ড্যানা গজিছে নারে।

২=[পা, চা, ম]—বি. হাত ॥ [অর্থ প্র.]।

৩=[চা]—বি. মোরগের শ্রেণী বিশেষ ॥ [দেখ ড্যাংগা১১]।

ড্যানাপিটান্‌=[বা]—ক্রি. অল্প উপার্জনে ব্যয় সংকুলান করা ॥ শে ড্যানাপিটাইয়া শংশার্‌ চালায়্‌। [দেখ ড্যানা+পিটান]।

ড্যানার্‌ জোর্‌=[রা]—বি. শারীরিক পরিশ্রমের ক্ষমতা ॥ ড্যানার্‌ জোরে শংশার চলে। [দেখ ড্যানা+র(সম্বন্ধে) +যোর زور ফা.]।

ড্যান্‌=[রা]—বিণ. যে রাক্ষসের মত প্রচুর খায় ॥ [দেখ ডাইন্‌]।

ড্যান্‌ড্‌রা=[সি]—বি. বদনাম, অখ্যাতি ॥ [দেখ ড্যান্‌ডেরা১]।

ড্যান্‌ডেইশ্‌রা=[ঢা]—ক্রি. বিণ. অকৃতকার্য হইয়া, হেলিয়া দুলিয়া ॥ ঐ যে দেহা যায়্‌ ড্যান্‌ডেইশ্‌রা আহে। [<ডাণ্ডি (<দণ্ড১+হইয়া সারা]।

ড্যান্‌ডেরা=[বা]—বি. ঢেঁড়া, ঢোল ॥ আইয়্‌ হাটে ড্যান্‌ডেরা দিসে। [< ঢণ্ডুরা হিং]।

২=[ম]—বি. চুনকালি ॥ বাপে ড্যান্‌ডেরা দিয়া বাহর্‌ কৈরা দিসে। [অর্থ প্র.]।

ড্যাপা=[রা]—বি. ঢেউ ॥ [<ঢেউ +আ প্র.]।

২=[পা]—বি. ধান বিশেষ ॥

৩=[পা]—বি. বিল, হাউর ॥

ড্যাপের্‌ গন্‌নেশ্‌=[ঢা] — বি. আদুরে ছেলেমেয়ে ॥ তোমার্‌ ড্যাপের্‌ গন্‌নেশ্‌ লৈয়া ঘরে বৈয়া থাক। [< ঢাক+এর(সম্বন্ধে)+গনেশ]।

ড্যাপের্‌ ডাল্‌ ফুটান্‌=[পা]—ক্রি. প্রতিপত্তি দেখানো ॥ [দেখ ড্যাপ+এর (সম্বন্ধে) + ডাল ফুটান =অসম্ভব সম্ভব করা]।

ড্যাপ্‌=[পা,ফ]—বি. শাপলার ফল ॥ ড্যাপের্‌ খোয়া খাবি না?

২=[সি]—বিণ. নিশ্চল, শান্ত, স্রোতহীন ॥

ড্যাপ্‌ড্যাপা=[সি]—বিণ. পরিপূর্ণ ॥ [অনু.]।

ড্যাপ্‌ লাগা=[সি]—ক্রি. জমিয়া থাকা ॥ [দেখ ড্যাপ্‌২+লাগা]।

ড্যাপ্‌শা=[সি]—বিণ. জবেজো, মোটাসোটা ॥

ড্যাপ্‌শানো=[ঢা]—ক্রি. পূর্ণ মাত্রায় বোঝাই করা ॥ এত ড্যাপ্‌শাইয়া খাইচ্‌ না অশুক্‌ কর্‌বো।

ড্যাফল্‌=[কুম]—বি. এক প্রকার ফল ॥ বৈশ্‌টি মাশে ড্যাফল্‌ পাহে।

ড্যাফা=[কুম]—বিণ. প্রচুর ॥ এখন্‌ বাযারে তর্‌কারি ড্যাপা। [দেখ ডিপা২]।

ড্যাবর্‌=[ম]—ক্রি.বিণ. বাদ ॥ হেয়্‌তো ড্যাবর্‌ পর্‌সে।

২=[ঢা]—বি. ফাঁক, তফাৎ ॥ তাগ মৈদ্যে অনেক্‌ ড্যাবর্‌।

ড্যাবর্‌ ড্যাবর্‌=[পা]—ক্রি. বিণ. আস্তে আস্তে ॥ ড্যাবর্‌ ড্যাবর্‌ কর্‌যা চ'ল ক্যা? [অনু.]।

ড্যাবল্‌=[কু]—বি. মিষ্টি ফল বিশেষ ॥ [দেখ ড্যাফল্‌]।

ড্যাবা=[চট্ট]—বি. ছোট জলাশয় ॥ ই ড্যাবার্‌ পানি বালা। [<ডোবা]।

ড্যাবাইল্‌ল্যা=[চট্ট]—বিণ. প্রেমে পাগল ॥ ই ডাবাইল্‌ল্যা পোলায়্‌ কন্‌ কাম্‌ ন করে। [দেওয়ান (< দেবানহ্‌ دیوان ফা.)+ইয়া প্র.]।

ড্যাবাইল্‌লা=[চট্ট]—বিণ. দেউলিয়া ॥ ই বেডা ড্যাবাইল্‌লা হৈ গেইয়ে। [<দেউলিয়া(<দেব কুলিকা সং)]।

ড্যাবালি=[চট্ট]—বি. দেওয়ালী পর্ব ॥ [<দীপাবলি<দীপ+আবলি প্র.]।

ড্যাবাল্‌=[চট্ট]—বি. দেওয়াল ॥ ঘরের ড্যাবাল্‌ ভাংগি গেইয়ে। [< দেওয়াল(<দেবার دیوار ফা.)]।

ড্যাবো=[ব,রা]—বিণ. সিদ্ধ ॥ ড্যাবো চাউল্‌ (রা) ॥

ড্যাব্‌=[ম]—বি. ঢোল ॥ লুডাডা ড্যাব্‌ খাইল্‌ কেম্‌নে ॥

ড্যাব্‌ডেইবা=[ঢা,কুম]—বিণ. নরম ॥ কাডল্‌ডা পাইকা ড্যাব্‌ডেইবা ঐসে। [<ড্যাব্‌ ড্যাব্‌ (অনু.)+ইয়া প্র.]।

ড্যাব্‌ডেবা=[ম]—বিণ. মোটা, ফোলা ॥ কি ড্যাব্‌ডেবা পেট্‌রে বাবা। [দেখ ড্যাব্‌ডেইবা]।

২=[ম]—বিণ. বড় বড় ॥ ড্যাব্‌ডেবা চৌখ্‌।

